প্রথম পত্র

অধ্যায় ১

হিসাববিজ্ঞান পরিচিতি
[Introduction to Accounting]

Chapter Outlook Map

হিসাববিজ্ঞান পরিচিতি

- Type-1 : হিসাববিজ্ঞানের প্রাথমিক আলোচনা
- Type-2 : লেনদেন
- Type-3 : হিসাব সমীকরণ
- Type-4 : হিসাব
- Type-5: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
  - Step-4 : বিগত বছরের লিখিত প্রশ্নোত্তর
- Type-6: গাণিতিক সমস্যাবলি
  - Step-1 : প্রয়োজনীয় সূত্রাবলি
  - Step-2 : গাণিতিক সমস্যা ও সমাধান
  - Step-3 : সকল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত গাণিতিক প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে

- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

JOYKOLY — অধ্যায়টির কোন টপিককে গুরুত্ব দিবো ???

টপিকসমূহ	অতি গুরুত্বপূর্ণ (৯০% +)	গুরুত্বপূর্ণ (৮০% +)	কম গুরুত্বপূর্ণ (৭০% +)	জানা জরুরি (৫০% +)
	■ হিসাববিজ্ঞানের প্রাথমিক আলোচনা ■ হিসাব সমীকরণের গাণিতিক সমস্যা ■ হিসাব সমীকরণ	■ লেনদেন (আক্ষ, অনগদ, অদৃশমান লেনদেন) ■ হিসাব (বিপরীত হিসাব) ■ Accounting Bodies, Organizations & Degrees	■ লেনদেন লিপিবদ্ধকরণের ভিত্তি	■ হিসাবের শ্রেণিবিভাগ

Type 1 — হিসাববিজ্ঞানের প্রাথমিক আলোচনা

Step 1 — BASIC INFORMATION

হিসাববিজ্ঞানের প্রাথমিক আলোচনা (Introductory Discussion on Accounting) :

হিসাববিজ্ঞান হচ্ছে একটি তথ্য ব্যবস্থা যা একটি ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক ঘটনাসমূহকে চিহ্নিতকরণ, লিপিবদ্ধকরণ এবং সংশ্লিষ্ট ব্যবহারকারীদের সাথে আর্থিক তথ্যসমূহ আদান প্রদানের সাথে সংশ্লিষ্ট। "Accounting is an information system that identifies, records and communicates the economic events of an organization to the interested users." **-Weygandt; Kieso & kimmel**


হিসাববিজ্ঞান হলো একটি তথ্য ব্যবস্থা এবং একটি ধারাবাহিক প্রক্রিয়া যা একটি সুনির্দিষ্ট ও সুবিন্যস্ত পদ্ধতিতে একটি প্রতিষ্ঠানের (সত্তার) আর্থিক তথ্যাবলি (লেনদেন) শনাক্তকরণ, বিশ্লেষণ (ডেবিট-ক্রেডিট নির্ণয়), লিপিবদ্ধকরণ (জাবেদাভুক্তকরণ), শ্রেণীবিন্যাসকরণ (খতিয়ানে স্থানান্তরকরণ) ও সংক্ষিপ্তকরণ (রেওয়ামিল প্রস্তুতকরণ) করে এবং আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত, বিশ্লেষণ ও ব্যাখ্যা করে, সংশ্লিষ্ট পক্ষসমূহকে প্রয়োজনীয় আর্থিক তথ্য সরবরাহ করাই যার প্রধান উদ্দেশ্য, যাতে করে তারা সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। সুতরাং বলা যায়-

- হিসাববিজ্ঞান হচ্ছে একটি তথ্য ব্যবস্থা।
- একটি কার্যকরি সত্তার অর্থনৈতিক তথ্যের সাথে সংশ্লিষ্ট।
- একটি প্রক্রিয়া যার মধ্যে অন্তর্ভুক্ত থাকে তথ্য চিহ্নিতকরণ/শনাক্তকরণ, পরিমাপ, লিপিবদ্ধকরণ, শ্রেণীবিন্যাসকরণ ও সংক্ষিপ্তকরণ যার মাধ্যমে সংশ্লিষ্ট পক্ষ বা ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণ উপযোগী তথ্য সরবরাহ করা হয়।

CamScanner

হিসাববিজ্ঞান প্রক্রিয়া (Accounting Process) :

নিম্নে হিসাববিজ্ঞান প্রক্রিয়াটি ছক আকারে উপস্থাপন করা হলো :



- উপরের ছকটি লক্ষ করলে দেখা যায়, যে হিসাববিজ্ঞানের **প্রথম কাজ** হলো **লেনদেন শনাক্তকরণ/চিহ্নিতকরণ** এবং **দ্বিতীয় কাজ** হলো **লেনদেন লিপিবদ্ধকরণ**। আবার **লিপিবদ্ধকরণের প্রথম ধাপ লেনদেন বিশ্লেষণ, দ্বিতীয় ধাপ জাবেদাভুক্তকরণ** এবং **তৃতীয় বা সর্বশেষ ধাপ** হলো **খতিয়ানে স্থানান্তরকরণ**। লিপিবদ্ধকরণ প্রক্রিয়ার অপর নাম হলো হিসাবরক্ষণ।
- হিসাববিজ্ঞানের মূল উপাদান বা ইনপুট হলো লেনদেন এবং প্রদত্ত তথ্য/আউটপুট হলো আর্থিক বিবরণী।
- হিসাববিজ্ঞান ব্যবসায় সম্পর্কিত আর্থিক তথ্য সরবরাহ করে বলে একে ব্যবসায়ের ভাষা বলা হয়।
- তথ্য সরবরাহকরণের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো হিসাবরক্ষকের সরবরাহকৃত তথ্যের বিশ্লেষণ ও ব্যাখ্যা করার ক্ষমতা। তথ্য বিশ্লেষণ বলতে অনুপাতের ব্যবহার, শতকরা, গ্রাফ এবং চার্টের মাধ্যমে গুরুত্বপূর্ণ আর্থিক ধারা এবং সম্পর্ক উপস্থাপন করাকে বুঝায়। তথ্যের ব্যাখ্যা হলো সরবরাহকৃত আর্থিক ব্যবহারিক উপযোগিতা এবং সীমাবদ্ধতা সম্পর্কিত আলোচনা।

Super Tips :

- মনে রাখবে লেনদেনসমূহ যাচাইকরণ/ভুলের তদন্তকরণ, আর্থিক তথ্যের অস্তিত্ব যাচাইকরণ হিসাববিজ্ঞান প্রক্রিয়ার অন্তর্ভুক্ত নয়।
- রেওয়ামিল প্রস্তুতকরণ হিসাবচক্রের একটি আবশ্যিক পালনীয় ধাপ কিন্তু এটি লিপিবদ্ধকরণ অংশ (হিসাবরক্ষণ) এর অন্তর্ভুক্ত নয়।

হিসাববিজ্ঞানের উদ্দেশ্য (Purpose of Accounting) :

প্রাথমিক উদ্দেশ্য	আর্থিক **লেনদেন চিহ্নিতকরণ** এবং **লিপিবদ্ধ করা**।
মূল/প্রধান/মুখ্য উদ্দেশ্য	সংশ্লিষ্ট পক্ষ বা ব্যবহারকারীদের **সিদ্ধান্ত গ্রহণ উপযোগী তথ্য সরবরাহ করা**।

হিসাবরক্ষণ (Bookkeeping) :

আর্থিক ঘটনা বা লেনদেনসমূহ হিসাবনিকাশের বইসমূহে লিপিবদ্ধ করার প্রক্রিয়া বা কার্যাবলিকে হিসাবরক্ষণ বলে। আধুনিক কালে হিসাবরক্ষণকে হিসাববিজ্ঞানের একটি অংশ হিসেবে গণ্য করা হয়। এই অংশের নাম লিপিবদ্ধকরণ, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকে লেনদেনসমূহ বিশ্লেষণ, লেনদেনসমূহ জাবেদাভুক্তকরণ এবং লেনদেনসমূহ খতিয়ানে স্থানান্তরকরণ।

হিসাবরক্ষণ ও হিসাববিজ্ঞান এর তুলনামূলক বিশ্লেষণ :

হিসাবরক্ষণ (Bookkeeping)	হিসাববিজ্ঞান (Accounting)
■ হিসাবরক্ষণের প্রধান কাজ হলো লেনদেনগুলোকে প্রাথমিকভাবে হিসাবের বইতে লিপিবদ্ধ করা এবং লিপিবদ্ধকৃত লেনদেনসমূহকে শ্রেণিবদ্ধ করা।	■ হিসাববিজ্ঞানের প্রধান কাজ হলো হিসাবের বইতে লিপিবদ্ধকৃত লেনদেন হতে হিসাব বিবরণী তৈরি করা এবং লিপিবদ্ধকৃত হিসাবের বিশ্লেষণ ও ব্যাখ্যাদান করা এবং এ হতে প্রাপ্ত তথ্যাদি সংশ্লিষ্ট ব্যবহারকারী/পক্ষের নিকট সরবরাহ করা।
■ প্রধান উদ্দেশ্য সঠিক ভাবে হিসাব রাখা।	■ প্রধান উদ্দেশ্য তথ্য সরবরাহ করা।
■ সাধারণত অভ্যন্তরীণ ব্যক্তিবর্গ হিসাবরক্ষণের তথ্য ব্যবহার করে থাকে।	■ অভ্যন্তরীণ ও বাহ্যিক উভয় ধরণের ব্যক্তিবর্গ হিসাববিজ্ঞানের তথ্য ব্যবহার করে থাকে।
■ হিসাবরক্ষণ হলো প্রাথমিক স্তর এবং হিসাববিজ্ঞানের একটি অংশ মাত্র।	■ হিসাববিজ্ঞান হলো চূড়ান্ত স্তর।
■ হিসাবরক্ষণ নিম্নোক্ত তিনটি কার্য সম্পাদন করে (i) লেনদেনসমূহ সংগ্রহ ও বিশ্লেষণ (ii) লেনদেনসমূহ জাবেদাভুক্তকরণ (iii) লেনদেনসমূহ স্থানান্তরকরণ বা খতিয়ানভুক্তকরণ।	■ হিসাবরক্ষণের কাজ যেখানে শেষ হয়, হিসাববিজ্ঞানের কাজ সেখানে শুরু হয়।
■ হিসাববিজ্ঞানের লিপিবদ্ধকরণ ধাপ (Record Keeping Part) হলো হিসাবরক্ষণ।	■ হিসাববিজ্ঞান হলো একটি ব্যবহারিক শাস্ত্র।

CamScanner

হিসাববিজ্ঞানের শাখাসমূহ (Branches of Accounting) :

• কোনো কোনো হিসাববিজ্ঞানীদের মতে হিসাববিজ্ঞানের শাখা তিনটি; যথা :	(১) আর্থিক হিসাববিজ্ঞান (Financial Accounting) (২) ব্যবস্থাপকীয় হিসাববিজ্ঞান (Managerial Accounting) (৩) উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান (Cost Accounting)
• আবার, কতিপয় হিসাববিজ্ঞানীদের মতে হিসাববিজ্ঞানের প্রধান শাখা দুইটি; যথা :	(১) আর্থিক হিসাববিজ্ঞান (Financial Accounting) (২) ব্যবস্থাপকীয় হিসাববিজ্ঞান (Managerial Accounting) [এক্ষেত্রে, উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানকে ব্যবস্থাপকীয় হিসাববিজ্ঞানের অংশ হিসেবে গণ্য করা হয়।]
• হিসাববিজ্ঞানের অন্যান্য কিছু শাখার উদাহরণ : • নিরীক্ষা হিসাববিজ্ঞান (Auditing) • কর হিসাববিজ্ঞান (Taxation) • সরকারি হিসাববিজ্ঞান (Governmental Accounting) • বাজেট হিসাববিজ্ঞান (Budgeting) • প্রজেক্ট হিসাববিজ্ঞান (Project Accounting)	• আদালতি হিসাববিজ্ঞান (Forensic Accounting) • জিম্মাদারি হিসাববিজ্ঞান (Fiduciary Accounting) • ফান্ড হিসাববিজ্ঞান (Fund Accounting) [অব্যবসায়ী প্রতিষ্ঠানে] • আন্তর্জাতিক হিসাববিজ্ঞান (International Accounting) • হিসাববিজ্ঞান তথ্য ব্যবস্থা (Accounting Information Systems) • মানবসম্পদ হিসাববিজ্ঞান (Human Resource Accounting) • সামাজিক হিসাববিজ্ঞান (Social Accounting)

পেশা হিসাবে হিসাববিজ্ঞান (Accounting as a Profession) :

হিসাববিজ্ঞান বিষয়ে উচ্চতর ডিগ্রি নিয়ে যেসব কাজকে পেশা হিসেবে গ্রহণ করা যায় সেগুলো হলো :

পেশার নাম/ক্ষেত্র	কাজ
• পাবলিক হিসাববিজ্ঞান (Public Accounting)	স্বাধীন পেশাজীবী Chartered Accountant (CA), Certified Public Accountant (CPA), Chartered Financial Analyst (CFA) হিসেবে পাবলিক হিসাববিজ্ঞানীদের কাজ হলো : বিভিন্ন প্রতিষ্ঠানের আর্থিক বিবরণী নিরীক্ষা, করের হিসাব, ব্যবস্থাপনা পরামর্শ প্রদান ইত্যাদি।
• প্রাইভেট/একান্ত হিসাববিজ্ঞান (Private Accounting)	অভ্যন্তরীণ কর্মকর্তা হিসেবে প্রাইভেট হিসাববিজ্ঞানীদের কাজ হলো : আর্থিক ও উৎপাদন ব্যয় হিসাব, বাজেটিং, হিসাববিজ্ঞান তথ্য ব্যবস্থা, কর পরিকল্পনা ও প্রস্তুতি, আন্তঃনিরীক্ষা ইত্যাদি।
• সরকারি হিসাববিজ্ঞান (Governmental Accounting)	কর কর্তৃপক্ষ, আইন প্রয়োগকারী ও নিয়ন্ত্রক সংস্থার হিসাব কর্মকর্তা হিসেবে কাজ করা।
• আদালতি হিসাববিজ্ঞান (Forensic Accounting)	ব্যাংক-বিমাসহ সরকারি-বেসরকারি বিভিন্ন সংস্থার পক্ষে জালিয়াতি উদ্ঘাটনের কাজ করা।

হিসাববিজ্ঞান তথ্যের ব্যবহারকারী (Users of Accounting Information) :

ব্যবসায় প্রতিষ্ঠান সম্পর্কিত আর্থিক তথ্য সরবরাহ করে বিধায় হিসাববিজ্ঞানকে 'ব্যবসায়ের ভাষা (Language of Business)' বলা হয়। সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে ভিন্নতার কারণে আর্থিক তথ্য ব্যবহারকারীদের মধ্যে শ্রেণিবিভাগ লক্ষ করা যায়। তথ্য ব্যবহারের দিক থেকে হিসাববিজ্ঞান তথ্য ব্যবহারকারীদের ২ ভাগে ভাগ করা হয়।

যথা : ১. অভ্যন্তরীণ ব্যবহারকারী এবং ২. বহিঃস্থ ব্যবহারকারী।

অভ্যন্তরীণ ব্যবহারকারী	বহিঃস্থ ব্যবহারকারী
যারা ব্যবসায় প্রতিষ্ঠান পরিচালনা, ব্যবস্থাপনা এবং ব্যবসায়িক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রত্যক্ষ ভূমিকা পালন করে তারা হলো অভ্যন্তরীণ ব্যবহারকারী। হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী হলো ব্যবস্থাপকগণ যারা একটি ব্যবসায়ের পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, নীতি প্রণয়ন ও সিদ্ধান্ত গ্রহণসহ বিভিন্ন কাজে হিসাব তথ্য ব্যবহার করে থাকেন।	হিসাববিজ্ঞান তথ্যের বহিঃস্থ ব্যবহারকারীগণ হচ্ছে ব্যবসায়ের তৃতীয় পক্ষ। যারা ব্যবসায়ের সিদ্ধান্ত গ্রহণে প্রত্যক্ষ ভূমিকা রাখে না এবং ব্যবসায় পরিচালনায় সরাসরি বা প্রত্যক্ষভাবে অংশগ্রহণ করে না তাদেরকে বহিঃস্থ ব্যবহারকারী বলা হয়। হিসাববিজ্ঞান তথ্যের বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য বাহ্যিক প্রতিবেদন (External Report) সরবরাহ করা হয়।
• ব্যবস্থাপক (Manager) • উৎপাদন পরিদর্শক (Production Supervisor) • অর্থ পরিচালকগণ (Finance Directors) • কোম্পানির কর্মকর্তাগণ (Company Officers) • সারি ব্যবস্থাপক (Line Manager) • পরিচালনা পর্ষদ (Board of Directors) • উচ্চ পদস্থ কর্মকর্তাবৃন্দ (Top Level Officers) • প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO/Chief Executive Officer) • মহা ব্যবস্থাপক (GM/General Manager) • বিপণন ব্যবস্থাপক (Marketing Manager) • উৎপাদন ব্যবস্থাপক (Production Manager) • আন্তঃনিরীক্ষক (Internal Auditors) • ট্রেজারার (Treasurer)	• বিনিয়োগকারী (Investors)/শেয়ারহোল্ডার/কোম্পানির মালিকগণ (Share or Stockholders) • পাওনাদার/সরবরাহকারী/বিক্রেতা (Suppliers) • দেনাদার/ক্রেতাগণ/গ্রাহকগণ (Customers) • আর্থিক প্রতিষ্ঠানসমূহ (Financial Institutions) • প্রতিযোগী প্রতিষ্ঠান (Competitor Company) • অর্থনৈতিক পরিকল্পনাকারীগণ (Economic Planners) • নিরীক্ষক (Auditor) • গবেষকগণ (Researchers)/ বিশ্ববিদ্যালয় শিক্ষকগণ (Academicians) • নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানসমূহ (Regulatory Agencies) যেমন : Bangladesh Securities Exchange Commission (BSEC); Federal Trade Commission (FTC) • কর কর্তৃপক্ষ (Taxing Authorities) যেমন : National Board of Revenue (NBR) • শ্রমিক সংঘ (Labor Union) যেমন : Collective Bargaining Agent (CBA)

CamScanner

অভ্যন্তরীণ ব্যবহারকারী	বহিঃস্থ ব্যবহারকারী
• প্রধান হিসাবরক্ষক (Chief Accountant)	• সম্ভাব্য ক্রেতা (A Prospective Buyer)
• একমালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে মালিক (Proprietor)	• কোম্পানির কর্মচারীগণ (Employess)
• সুপারভাইজারগণ (Supervisors)	• সম্ভাব্য অংশীদার (A Prospective Partner)
• ভাণ্ডার বা স্টোর ব্যবস্থাপক (Store Manager)	• সম্ভাব্য ক্রেতা (A Prospective Buyer)
• মানব সম্পদ ব্যবস্থাপনা (Human Resource Management)	• অন্য যে-কোনো ব্যক্তি বা সাধারণ জনগণ (General Public)

Super Tips:

- মনে রাখবে মালিক/শেয়ারহোল্ডার/অংশীদার হিসাববিজ্ঞান তথ্যের বহিঃস্থ ব্যবহারকারী (একটি কোম্পানির অনেক শেয়ারহোল্ডার থাকে, যে কোনো ব্যক্তিই শেয়ারহোল্ডার হতে পারে। কিন্তু শেয়ারহোল্ডার হলেই যে সে কোম্পানির Management-এর অংশ হবে তা নয়। তাই এরা বহিঃস্থ ব্যবহারকারী।
- কিন্তু একমালিকানা প্রতিষ্ঠানের মালিক হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী। কারণ একমালিকানা প্রতিষ্ঠানের মালিক একাই ব্যবসায় নিয়ন্ত্রণ, ব্যবস্থাপনা, পরিচালনা এবং সিদ্ধান্ত গ্রহণ করে থাকে।
- আর্থিক প্রতিবেদন সমূহ প্রস্তুত করা হয় মূলত বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য।

হিসাববিজ্ঞান তথ্যের ব্যবহারকারীদের কিছু গুরুত্বপূর্ণ জিজ্ঞাসা (Frequently Asked Questions of Users of Accounting Information) :

ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে **অভ্যন্তরীণ ব্যবহারকারীদেরকে** বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর প্রদান করতে হয়। যেমন :

১. শেয়ারহোল্ডারদেরকে লভ্যাংশ দেওয়ার জন্য পর্যাপ্ত নগদ অর্থ আছে কিনা?	২. প্রতিষ্ঠানের কর্মচারীদের বেতন বৃদ্ধির সামর্থ্য আছে কিনা?
৩. আমাদের পণ্য কোন মূল্যে কোম্পানির নিট আয় সর্বোচ্চ করবে?	৪. কোন উৎপাদন পন্থা সর্বোচ্চ মুনাফাজনক?

- উপরোক্ত প্রশ্নসমূহের উত্তর প্রদানের জন্য ব্যবস্থাপকীয় হিসাববিজ্ঞান (Mangerial Accounting) অভ্যন্তরীণ ব্যবহারকারীদের জন্য প্রয়োজনীয় অভ্যন্তরীণ প্রতিবেদন (Internal Report) সরবরাহ করে। যেমন: বিকল্প পরিচালনার আর্থিক তুলনা, নতুন বিক্রয় কার্যক্রম হতে আয় উদ্ভাবন এবং আগামী বছরের জন্য নগদ প্রয়োজনের পূর্বাভাস। এছাড়াও আর্থিক বিবরণীসমূহে সংক্ষিপ্ত আর্থিক তথ্য পরিবেশন করে হিসাববিজ্ঞান অভ্যন্তরীণ ব্যবহারকারীদের সহায়তা করে থাকে।

ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে অভ্যন্তরীণ ব্যবহারকারীদের মত **বহিঃস্থ ব্যবহারকারীদেরকেও** বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর প্রদান করতে হয়। যেমন :

১. বিনিয়োগকারী ও ঋণদাতাগণ জানতে চায় যে, কোম্পানি এই বছর সন্তোষজনক মুনাফা অর্জন করেছে কিনা।	২. কর কর্তৃপক্ষ (Taxing Authorities) জানতে চায় যে, কোম্পানি কর আইন (Tax Law) মেনে চলছে কি না।
৩. নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানসমূহ (Regulatory Agencies) যেমন: Bangladesh Securities & Exchange Commision (BSEC) জানতে চায় যে, কোম্পানি নির্দেশিত আইন অনুযায়ী পরিচালিত হচ্ছে কি না।	৪. কর্মচারীরা জানতে চায় যে কোম্পানি এই বছর পেনশন তহবিলে অবদান রাখছে কিনা।
৫. পাওনাদারগণ (যেমন: সরবরাহকারী, ব্যাংকার ইত্যাদি) তাদের অর্থ ঋণের নিশ্চয়তার ঝুঁকি পরিমাপের জন্য হিসাববিজ্ঞান তথ্য ব্যবহার করে।	৬. বিনিয়োগকারীগণ (মালিকগণ) শেয়ার ক্রয়, অধিকারে রাখা অথবা বিক্রয় করার সিদ্ধান্ত গ্রহণের জন্য হিসাববিজ্ঞান তথ্য ব্যবহার করে।
*** আর্থিক হিসাববিজ্ঞান (Financial Accouting) বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য আর্থিক বিবরণী (Financial Statements) প্রস্তুতের মাধ্যমে উপর্যুক্ত প্রশ্নাবলি সম্পর্কিত তথ্য সরবরাহ করে থাকে।	

হিসাববিজ্ঞানের জনক, প্রথম গ্রন্থ ও গ্রন্থকার সম্পর্কিত তথ্যাবলি (First Book and Author of Accounting) :

হিসাববিজ্ঞানের প্রথম প্রকাশিত গ্রন্থের নাম "সুম্মা ডি এরিথমেটিকা, জিওমেটরিয়া, প্রপোরশনিয়েট প্রপোরশনালিটা (Summa de Arithmetica, Geometria, Proportione et Proportionalita)"। গ্রন্থটি ১৪৯৪ সালে ইতালীয় ভাষায় ইতালিতে প্রকাশিত হয়। মূলত গণিতের উপর লিখিত পাঁচটি অংশে বিভক্ত বইটির একটি অংশে আধুনিক হিসাববিজ্ঞানের ভিত্তি হিসেবে স্বীকৃত দুতরফা দাখিলা পদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয়। যাতে জাবেদা ও খতিয়ান সংরক্ষণের উপায়ও উল্লেখ করা হয়। গ্রন্থটিতে Bookkeeping-এর উপর ৩৬টি অধ্যায় ছিল। এগুলোর নাম ছিল "De Computis et Scripturis"।

গ্রন্থটির লেখক ইতালির ভেনিস শহরের অধিবাসী গণিতশাস্ত্রবিদ পাদ্রি ফাদার লুকা প্যাসিওলি (Luca Pacioli) (জন্ম-১৪৪৫, মৃত্যু-১৫১৭), যিনি সেন্ট ফ্রান্সিসের মতাবলম্বী একজন পাদ্রি ছিলেন। লুকা প্যাসিওলির পূর্ণ নাম Fra Luca Bartolomeo de pacioli (Sometimes Paciolo)। তিনি ছিলেন বিখ্যাত চিত্রকর লিওনার্দো দ্য ভিঞ্চির ঘনিষ্ট বন্ধু ও শিক্ষক এবং ক্রিস্টোফার কলম্বাস এর সমসাময়িক।

হিসাববিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশ (The Evolution of Accounting) :

হিসাববিজ্ঞানের বয়স চার হাজার বছরের মতো যা মানব সভ্যতার মতো প্রাচীন ও বৈচিত্র্যময়। হিসাববিজ্ঞানের এই ইতিহাসকে চার ভাগে ভাগ করা যায়।

ক. উন্মেষকাল/উৎপত্তিকাল : মানব সভ্যতার শুরু হতে ১৪৯৪ সাল পর্যন্ত। যাকে চারটি ভাগে ভাগ করা যায়।

১. প্রস্তর যুগ : পর্বতের গুহায়, পাথরে দাগ কেটে বা চিহ্ন করে আহরণকৃত পশুপাখি ও ফলমূলের হিসাব রাখা হতো।

২. প্রাচীন যুগ : সামাজিক জীবন শুরু হয়। দেয়ালে দাগ কেটে, রশিতে গিট দিয়ে এবং প্যাপিরাস নামক গাছের পাতায় হিসাব রাখা হতো।

৩. বিনিময় যুগ : বিনিময় প্রথা চালু হয়, মাটির ঘরের দেয়ালে ও দরজায়, কপাটের অভ্যন্তরে রং দিয়ে দাগ কেটে হিসাব রাখা হতো। **এই যুগকে বিনিময় যুগ বলা হয়।**

৪. মুদ্রা যুগ : এ যুগে বিনিময়ের মাধ্যম হিসেবে মুদ্রার উদ্ভব ঘটে। কৃষি, শিল্প ও ব্যবসায় বাণিজ্যের প্রসার ঘটে।

খ. প্রাক-বিশ্লেষণ কাল/মধ্য যুগ (১৪৯৪-১৮০০) : লুকা প্যাসিওলি দুতরফা দাখিলা পদ্ধতি সম্বলিত Summa de Arithmetica, Geometria, Proportione et Proportionalita গ্রন্থের আবিষ্কার করেন।

গ. বিশ্লেষণ কাল (১৮০১-১৯৫০) : শিল্প বিপ্লব ঘটে, কোম্পানির নিরীক্ষা শাস্ত্র, কোম্পানি আইন, আয়কর প্রভৃতির আবিষ্কার হয়।

ঘ. আধুনিক কাল (১৯৫১-বর্তমান) : আন্তর্জাতিক হিসাবমান কমিটি ১৯৭৩ সালে গঠিত হয় এবং ব্যবস্থাপনা/আর্থিক/উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের উদ্ভব হয়।

CamScanner

Some Accounting Bodies , Organizations, Standards, and Principles :

AAA	American Accounting Association [Established in 1916]
ACCA	Association of Chartered Certified Accountants [Eastablished in November 30, 1904] → (Provide CCA → ACCA → FCCA Degrees and CAT Degree in UK)
AICPA	American Institute of Certified Public Accountants [Established in 1887] → [Provide Certified Public Accountant (CAP) Degree in USA]
APB	Accounting Principles Board [Established in 1959]
CASB	Cost Accounting Standards Board
FRC	Financial Reporting Council [Established in 2015]
ICAB	Institute of Chartered Accountants of Bangladesh [Established in 1973] → (Provides CA = Chartered Accountants→ ACA = Associate of Chartered Accountants → FCA = Fellow of Chartered Accountants Degrees in Bangladesh) বাংলাদেশে এই ডিগ্রিগুলো প্রদান করা হয় ICAB হতে।
ICMAB	Institute of Cost and Management Accountants of Bangladesh [Established in 1977] → (Provides CMA = Cost & Management Accountants → ACMA = Associate of Cost & Management Accountants → FCMA = Fellow of Cost & Management Accountants Degrees in Bangladesh) বাংলাদেশে এই ডিগ্রিগুলো প্রদান করা হয় ICMAB হতে।
IMA	Institute of Manangment Accountants [Established in October 13, 1919] → (Provides CAP Degree in USA)
CIMA	Charterd Institute of Management Accountant [Established in April 18, 1919] → (Provides CMA → ACMA → FCMA Degrees in UK)
FASB	Financial Accounting Standards Board [Established in 1973] [Successor of Accounting Principles Board (APB), USA [Established in 1973]
IASB	International Accounting Standards Board [Established in 2001] [Successor of International Acounting Standards Committee (IASC)] → (UK, 1973 সালে প্রতিষ্ঠিত।)
IAASB	International Auditing and Assurance Standards Board (প্রতিষ্ঠিত হয় 1978 সালে)
BIBM	Bangladesh Institute of Bank Management (প্রতিষ্ঠিত হয় 1974 সালে বাংলাদেশে) MBM = Masters of Bank Management বাংলাদেশে এই ডিগ্রিটি প্রদান করা হয় BIBM হতে।

Other Organizations & Bodies :

BSEC	Bangladesh Securities and Exchange Commission	শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী সংস্থা → 1993 সালে প্রতিষ্ঠিত।
NBR	National Board of Revenue	জাতীয় রাজস্ব কর্তৃপক্ষ যা সরকারের রাজস্ব আদায় সুনিশ্চিত করে।
DSE	Dhaka Stock Exchange	বাংলাদেশের প্রথম শেয়ার বাজার যা মাধ্যমিক বাজার (Secondary Market) নামে পরিচিত। প্রতিষ্ঠিত হয় ১৯৫৪ সালে।
CSE	Chittagong Stock Exchange	এটি বাংলাদেশের অন্যতম দ্বিতীয় শেয়ার বাজার। প্রতিষ্ঠিত হয় ১৯৯৫ সালে।
IDRA	Insurance Development and Regulatory Authority	একমাত্র সরকারী সংস্থা যেটি গত ২০১০ সাল থেকে বাংলাদেশকে বিমা খাতকে নিয়ন্ত্রণ ও উন্নয়ন করার দায়িত্ব পালন করছে।
MPD Circular	Monetary Policy Department Circular	সকল তফসিলি ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান সমূহ নিয়ন্ত্রণ করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সার্কুলার।
BRPD Circular	Banking Regulation and Policy Department Circular	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিয়ন্ত্রণ করার জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত সার্কুলার।
AIA	Association of International Accountants American Institute of Accountants	এটি একটি পেশাগত হিসাবরক্ষণ সংস্থা যেটি প্রতিষ্ঠিত হয় ১৯২৮ সালে (যুক্তরাজ্যে)।
ICAEW	Institute of Chartered Accountants in England and Wales	একটি পেশাদার সনদপ্রদান সংস্থা যা সারা বিশ্বের চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ও শিক্ষার্থীদের প্রচার, উন্নয়ন ও সমর্থন করে। এটি প্রতিষ্ঠিত হয় ১১ মে ১৮৮০ সালে যার সদরদপ্তর যুক্তরাজ্যের লন্ডনে।
SAFA	South Asian Federation of Accountants	South Asian অঞ্চলে হিসাবরক্ষণ পেশাকে সেবাদানের জন্য ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয়।

Accounting Standards & Principles:

BAS	Bangladesh Accounting Standards	ICAB কর্তৃক প্রণীত।
BFRS	Bangladesh Financial Reporting Standards	বাংলাদেশ আর্থিক বিবরণী প্রস্তুতের জন্য রচিত মান যা ICAB কর্তৃক প্রণীত হয়।
GAAP	Generally Accepted Accounting Principles	সর্বজন স্বীকৃত হিসাববিজ্ঞান নীতিমালা।
IFRS	International Financial Reporting Standards	আন্তর্জাতিকভাবে আর্থিক বিবরণী প্রস্তুত করার জন্য রচিত মান যা IASB কর্তৃক প্রণীত হয়।
IAS	International Accounting Standards	আন্তর্জাতিকভাবে আর্থিক বিবরণী প্রস্তুত করার জন্য রচিত মান যা IASB কর্তৃক প্রণীত হয়। IAS এর বর্তমান নাম IFRS।

CamScanner

Auditing Standards & Bodies :

GAAS	Generally Accepted Auditing Standards	সাধারণ স্বীকৃত হিসাব নিরীক্ষণ/অডিটিং মান।
ISA	International Standards on Auditing	হিসাব নিরীক্ষণ/অডিট করার ক্ষেত্রে রচিত আন্তর্জাতিক মান।
BSA	Bangladesh Standards on Auditing	বাংলাদেশে হিসাব নিরীক্ষণ/অডিট করার ক্ষেত্রে রচিত মান।
SAB	Standards on Auditing in Bangladesh	FRC কর্তৃক গৃহিত নতুন Audit and Assurance Standards।

New Accounting Body & Principles in Bangladesh

Financial Reporting Council (FRC) :

ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল হল একটি সরকারী নিয়ন্ত্রক সংস্থা যা নিরীক্ষা এবং নিরীক্ষা সংস্থাগুলিকে নিয়ন্ত্রণ করার জন্য দায়িত্বপ্রাপ্ত। বর্তমানে বাংলাদেশে ব্যবহারযোগ্য হিসাবনিকাশের মান/নীতিমালা নির্ধারণের দায়িত্ব পালন করছে FRC (Financial Reporting Council) সংস্থাটি । ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল 'ফাইন্যান্সিয়াল রিপোর্টিং আইন-২০১৫' (Financial Reporting Act 2015) অনুযায়ী অর্থমন্ত্রণালয়ের অধীনে ৯ সেপ্টেম্বর ২০১৫ সালে প্রতিষ্ঠিত হয়। কাউন্সিলটি ১২ সদস্য বিশিষ্ট গভর্নিং বডি দ্বারা নিয়ন্ত্রিত হয়। ২০২০ সালে FRCB চুক্তি সম্পাদন করে International Valuation Standards Council, International Federation of Accountants, and IFRS Foundation এর সাথে।

বাংলাদেশে ব্যবহৃত হিসাববিজ্ঞানের মান বা নীতিমালা :

পূর্বে বাংলাদেশে হিসাববিজ্ঞানের মান/নীতিমালা নির্ধারণের কাজটি করতো ICAB। অবশ্য, ICAB নিজে হিসাববিজ্ঞানের মান/নীতিমালা প্রণয়ণ না করে IFRS-গুলোকেই বাংলাদেশে ব্যবহারযোগ্য হিসাবনিকাশের মান/নীতিমালা হিসাবে ঘোষণা করতো। বাংলাদেশে ব্যবহারের ক্ষেত্রে IFRS-এর নাম দেওয়া হতো BFRS (Bangladesh Financial Reporting Standards)। ২০১৫ সালে 'Financial Reporting Act 2015' নতুন আইন প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ সরকার হিসাবনিকাশ ও আর্থিক প্রতিবেদনের সাথে জড়িত পেশাকে নিয়ন্ত্রণের উদ্দেশ্যে স্বাধীন নিয়ন্ত্রক সংস্থা গঠন করে, যার নাম FRC (Financial Reporting Council)। ICAB-এর ন্যায় FRC-ও নিজেরা হিসাববিজ্ঞানের মান/নীতিমালা প্রণয়ন না করে IFRS-গুলোকেই বাংলাদেশে ব্যবহারযোগ্য হিসাবনিকাশের মান/নীতিমালা হিসেবে গ্রহণ করে। তবে, বর্তমানে আগের মতো নাম পরিবর্তন করে BFRS (Bangladesh Financial Reporting Standards) নামটি ব্যবহার করা হয় না; বরং, সরাসরি IFRS নামেই বাংলাদেশে হিসাববিজ্ঞানের মান/নীতিমালা ব্যবহার করা হয়। কিন্তু বর্তমানে FRC সংস্থাটি **আর্থিক প্রতিবেদনের মান হিসেবে Financial Reporting Standards of Bangladesh (FRSB) প্রণয়নে কাজ করছে।** FRC কর্তিক গৃহীত পদক্ষেপসমূহ নিম্নে দেওয়া হলো :

S.I. No	Types of standards	Discussion, feedback from Stakeholders	End product – FRC approved and issued Standards
1.	Financial Reporting Standards	ICAB, ICMAB, FBCCI, RJSC, BB, BSEC, NBR, BIDA, Association of Bankers, Bangladesh, CFO Forum. Academicians.	**Financial Reporting Standards of Bangladesh (FRSB)**
2.	Audit and Assurance Standards	ICAB, ICMAB, FBCCI, RJSC, BB, BSEC, NBR.	Standards on Auditing in Bangladesh (SAB)
3.	Code of Corporate Governance	ICAB, ICMAB, FBCCI, RJSC, BB, BSEC, NBR, BIDA, Association of Bankers, Bangladesh, CFO Forum, Academicians	Code of Corporate Goverance

বাংলাদেশের আর্থিক প্রতিবেদন মান (IFRS) নির্ধারণ করে কোন সংস্থা?

A. ICMAB B. BSEC C. ICAB D. FRC

সমাধান : বর্তমানে বাংলাদেশের আর্থিক প্রতিবেদন মান (IFRS) নির্ধারণ করে Financial Reporting Council (FRC)। যা পূর্বে Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) কর্তৃক নির্ধারণ করা হতো। এবং FRC সংস্থাটি আর্থিক প্রতিবেদনের মান হিসেবে Financial Reporting Standards of Bangladesh (FRSB) প্রণয়নে কাজ করছে।

বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সাথে সম্পর্কিত গুরুত্বপূর্ণ IAS/IFRS সমূহ :

List of IAS	Related with	Issued year	List of IAS	Related with	Issued year
IAS: 01	আর্থিক বিবরণী বা প্রতিবেদন সম্পর্কে বলা হয়েছে।	2007	IAS: 13	চলতি সম্পত্তি ও চলতি দায় সম্পর্কে (Superseded by IAS-1 effective 1 July 1998)	1998
IAS: 02	মজুদ পণ্য	2005	IAS: 16	প্রপার্টি, প্ল্যান্ট এন্ড ইক্যুইপমেন্ট	2003
IAS: 05	হিসাববিজ্ঞানের পূর্ণপ্রকাশ নীতি (Superseded by IAS-1 effective 1 July 1998)	1976	IAS: 17	ইজারাকৃত সম্পত্তি (Will be superseded by IFRS-16 as of 1 January 2019)	2003
IAS: 07	নগদ প্রবাহ বিবরণী	1992	IAS: 18	আয় স্বীকৃতি নীতি	1993
IAS: 08	অনুমান বা পদ্ধতির পরিবর্তন	2003	IAS: 33	শেয়ার প্রতি আয়	2003
IAS: 09	গবেষণা ও উন্নয়ন ব্যয় (Superseded by IAS-38 effective 1 July 1999)	1999	IAS: 37	সম্ভাব্য দায় ও সম্ভাব্য সম্পত্তি	1998
IAS: 10	প্রতিবেদন সময়ের পরের ঘটনা	2003	IAS: 38	অস্পর্শনীয় সম্পত্তি	2004

CamScanner

Step ② At a Glance : Most Important Information

- হিসাববিজ্ঞানের প্রাথমিক উদ্দেশ্য হলো– প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনসমূহ চিহ্নিতকরণ ও লিপিবদ্ধকরণ।
- হিসাববিজ্ঞানের প্রধান/মূল উদ্দেশ্য হলো– আগ্রহী ব্যবহারকারীদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা।
- হিসাববিজ্ঞান প্রক্রিয়ায় ৩ টি ধাপ রয়েছে– লেনদেন শনাক্তকরণ, লিপিবদ্ধকরণ এবং তথ্য সরবরাহকরণ।
- হিসাববিজ্ঞান প্রক্রিয়ার ১ম ধাপ হলো– লেনদেনসমূহ চিহ্নিতকরণ বা শনাক্তকরণ।
- লিপিবদ্ধকরণ বা হিসাবরক্ষণ প্রক্রিয়ার ১ম ধাপ হলো– লেনদেনসমূহ বিশ্লেষণ।
- রেওয়ামিল প্রস্তুতকরণ হিসাবচক্রের একটি আবশ্যিক পালনীয় ধাপ কিন্তু ইহা লিপিবদ্ধকরণের (হিসাবরক্ষণ) অংশ নয়।
- হিসাববিজ্ঞানের মূল উপাদান হলো– লেনদেন এবং আউটপুট হলো– আর্থিক বিবরণী।
- ব্যবস্থাপকীয় হিসাববিজ্ঞান (Managerial Accounting) অভ্যন্তরীণ ব্যবহারকারীদের জন্য– **অভ্যন্তরীণ প্রতিবেদন (Internal Report) সরবরাহ করে।**
- হিসাববিজ্ঞান তথ্যের বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য– **বাহ্যিক প্রতিবেদন (External Report) সরবরাহ করা হয়।**
- আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় মূলত– **বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য**
- শেয়ারহোল্ডার ও বিনিয়োগকারীগণ হিসাববিজ্ঞান তথ্যাবলির– **বহিঃস্থ ব্যবহারকারী।** [বি.দ্র. একমালিকানা ব্যবসায়ের ক্ষেত্রে মালিককে হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী হিসেবে গণ্য করা হয়।]
- নিরীক্ষকগণ (Auditors) হিসাববিজ্ঞান তথ্যের– **বহিঃস্থ ব্যবহারকারী।**
- অভ্যন্তরীণ নিরীক্ষকগণ (Internal Auditors) হিসাববিজ্ঞান তথ্যের– **অভ্যন্তরীন ব্যবহারকারী।**
- কর্মচারীগণ (যেমন: উৎপাদন কাজে নিয়োজিত মজুরি ভিত্তিক কর্মচারী) হিসাববিজ্ঞান তথ্যের– **বহিঃস্থ ব্যবহারকারী।**
- উচ্চপদস্থ কর্মচারীগণ (যেমন: CEO, CFO, Director) হিসাববিজ্ঞান তথ্যের– **অভ্যন্তরীণ ব্যবহারকারী।**
- অর্থ পরিচালকগণ (Finance Directors) হিসাববিজ্ঞান তথ্যের– **অভ্যন্তরীণ ব্যবহারকারী।**
- অর্থনৈতিক পরিকল্পনাকারীগণ (Economic Planners) হিসাববিজ্ঞান তথ্যের– **বহিঃস্থ ব্যবহারকারী।**
- হিসাববিজ্ঞানের প্রধান শাখা হলো– **আর্থিক হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপকীয় হিসাববিজ্ঞান।**
- পেশাগত হিসাববিজ্ঞানী কর্তৃক সম্পাদিত ৩টি কাজ হলো– **হিসাব নিরীক্ষণ, ব্যবস্থাপকীয় পরামর্শ, কর ব্যবস্থাপনা।**
- হিসাব সমীকরণ বা উদ্বৃত্ত সমীকরণ আবিষ্কার করেন– **আমেরিকার হিসাববিজ্ঞানীগণ/American Accounting Association (AAA).**
- হিসাববিজ্ঞানের ধারণা সংক্রান্ত কাঠামো (Conceptual Framework) প্রদান করে– **FASB, যা প্রতিষ্ঠিত হয় ১৯৭৩ সালে।**
- IASB (International Accounting Standard Board) গঠিত হয়– **২০০১ সালের ১লা এপ্রিল;** এর পূর্বনাম IASC (International Accounting Standard Committee)। IASC অবস্থিত যুক্তরাজ্যে– **প্রতিষ্ঠিত ১৯৭৩ সালে।**
- বাংলাদেশে আর্থিক প্রতিবেদনের মান নির্ধারণ করে ICAB যা প্রতিষ্ঠিত হয়– **১৯৭৩ সালে। ICAB বাণিজ্য মন্ত্রনালয়ের অধীনে/অন্তর্ভুক্ত এবং এটি ঢাকা কারওয়ান বাজার অবস্থিত।**
- বাংলাদেশে ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানে মান নির্ধারণ করে ICMAB যা প্রতিষ্ঠিত হয়– **১৯৭৭ সালে।**
- সর্বজন স্বীকৃত হিসাববিজ্ঞান নীতিমালাসমূহ হলো– **GAAP।**
- আর্থিক বিবরণীকে সর্বজনগ্রাহ্য করার জন্য রচিত মান– **IFRS।**
- বাংলাদেশের বর্তমানে হিসাববিজ্ঞানে মান হিসেবে **IFRS** অনুসরণ করা হয় পূর্বে যা **BFRS** নামে ব্যবহৃত হতো।
- IAS এর বর্তমান নাম– **IFRS।**

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় মূলত: [DU : 17-18]

Ⓐ অভ্যন্তরীণ ব্যবহারকারীদের জন্য Ⓑ বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য
Ⓒ নিরীক্ষকদের জন্য Ⓓ ব্যবসায়ের ব্যবস্থাপকদের জন্য

Solve (B) হিসাববিজ্ঞান তথ্যের ব্যবহারকারীদের ২ ভাগে ভাগ করা হয়। যথা : ১. অভ্যন্তরীণ ব্যবহারকারী এবং ২. বহিঃস্থ ব্যবহারকারী

অভ্যন্তরীণ ব্যবহারকারী	ব্যবস্থাপক/ম্যানেজার, উৎপাদন পরিদর্শক, অর্থ পরিচালক, উচ্চপদস্থ কর্মকর্তা, পরিচালনা পর্ষদ, সুপারভাইজার ও ট্রেজারারগণ। অভ্যন্তরীণ ব্যবহারকারীগণ আর্থিক বিবরণী প্রস্তুত করে বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য।
বহিঃস্থ ব্যবহারকারী	মালিক/বিনিয়োগকারী, নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান, কর কর্তৃপক্ষ, নিরীক্ষক, পাওনাদার/বিক্রেতা, দেনাদার/ক্রেতা, ব্যাংক ও অন্যান্য নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান।

আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় মূলত বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য। তবে আর্থিক বিবরণীর প্রস্তুতকারী হচ্ছে অভ্যন্তরীণ ব্যবহারকারী।

02. আর্থিক বিবরণীকে সর্বজনগ্রাহ্য করার জন্য ব্যবহৃত মান হলো : [DU : 17-18]

Ⓐ GAAP Ⓑ GAAS
Ⓒ IFRS Ⓓ GAAT

Solve (C) সর্বজনগ্রাহ্য মান হলো IFRS (International Financial Reporting Standards) এবং সর্বজনগ্রাহ্য নীতি হলো GAAP (Generally Accepted Accounting Principles).

03. হিসাব বিজ্ঞানের প্রধান উদ্দেশ্য হচ্ছে : [DU : 16-17]

Ⓐ সকল লেনদেন সঠিকভাবে রেকর্ড করা
Ⓑ একটি প্রতিষ্ঠানের নগদানের অবস্থা সম্পর্কে তথ্য দেয়া
Ⓒ আগ্রহী ব্যবহারকারীদের প্রয়োজনীয় তথ্য দেয়া
Ⓓ প্রতিষ্ঠানের লাভজনক দফাসমূহ চিহ্নিত করা
Ⓔ সরকারকে প্রদেয় করদায় নির্ণয় করা

Solve (C) হিসাববিজ্ঞান হলো একটি তথ্য ব্যবস্থা (Information System)। হিসাববিজ্ঞানের মূল/প্রধান/মুখ্য উদ্দেশ্য সংশ্লিষ্ট পক্ষ বা ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণ উপযোগী তথ্য সরবরাহ করা/আগ্রহী ব্যবহারকারীদের প্রয়োজনীয় তথ্য দেয়া।

CamScanner

04. নিচের কোনটি হিসাববিজ্ঞানের উদ্দেশ্য? [DU : 15-16]
Ⓐ লেনদেনের শ্রেণিবিন্যাস Ⓑ ব্যবসায়ের উন্নতি ঘটানো
Ⓒ ব্যয় সংকোচনের জন্য Ⓓ মুনাফা বৃদ্ধির জন্য
Ⓔ সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে তথ্য সরবরাহ করা
Solve হিসাববিজ্ঞানের উদ্দেশ্য হচ্ছে সংশ্লিষ্ট পক্ষসমূহকে বা যাদের তথ্য প্রয়োজন তাদের নিকট সিদ্ধান্ত গ্রহণে উপযোগী তথ্য সরবরাহ করা।

05. নিচের কোনটি হিসাব লিপিবদ্ধকরণের সঠিক ক্রম? [DU : 15-16; DU 7 College : 21-22]
Ⓐ স্থানান্তরকরণ, জাবেদাকরণ, বিশ্লেষণ Ⓑ জাবেদাকরণ, বিশ্লেষণ, স্থানান্তরকরণ
Ⓒ বিশ্লেষণ, স্থানান্তরকরণ,জাবেদাকরণ Ⓓ বিশ্লেষণ, জাবেদাকরণ, স্থানান্তরকরণ
Ⓔ জাবেদাকরণ, স্থানান্তরকরণ, বিশ্লেষণ
Solve লিপিবদ্ধকরণের সঠিক ক্রমটি হচ্ছে = বিশ্লেষণ, জাবেদা প্রস্তুতকরণ, খতিয়ান প্রস্তুতকরণ (স্থানান্তরকরণ), রেওয়ামিল প্রস্তুতকরণ, আর্থিক বিবরণী প্রস্তুতকরণ।

06. নিম্নের কোন প্রতিষ্ঠানটি বাংলাদেশের আর্থিক প্রতিবেদন মান (BFRS) নির্ধারণ করে? [DU : 15-16]
Ⓐ ICMAB Ⓑ BSEC Ⓒ BMA Ⓓ BIBM Ⓔ ICAB
Solve (A) ICMAB হতে CMA/ACMA/FCMA ডিগ্রি দেওয়া হয়। (B) BSEC (Bangladesh Securities and Exchange Commission) হলো বাংলাদেশে শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান। (D) BIBM হতে দেওয়া হয় MBM ডিগ্রি, (E) ICAB (Institute of Chartered Accountants of Bangladesh) হতে দেওয়া হয় CA/ACA/FCA ডিগ্রি এবং ICAB বাংলাদেশে আর্থিক প্রতিবেদনের মান নির্ধারণ ও ইস্যু করে।

07. নিচের কোনটি হিসাব চক্রের একটি ধাপ নয়? [DU : 14-15; CU : 20-21]
Ⓐ নির্বাচন Ⓑ লিপিবদ্ধকরণ Ⓒ যাচাইকরণ
Ⓓ শ্রেণিকরণ Ⓔ পরিবেশন
Solve লেনদেন নির্বাচন বা চিহ্নিতকরণ, জাবেদায় লিপিবদ্ধকরণ, খতিয়ানের মাধ্যমে শ্রেণিবদ্ধকরণ, রেওয়ামিলে সংক্ষিপ্তকরণ লেনদেনসমূহ যাচাইকরণ/ভুলের তদন্তকরণ, আর্থিক তথ্যের অস্তিত্ব যাচাইকরণ হিসাববিজ্ঞান চক্রের ধাপ নয়।

08. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী (Internal User) কে? [DU : 11-12]
Ⓐ শেয়ারহোল্ডার Ⓑ কর্মচারী Ⓒ ব্যবস্থাপনা Ⓓ ট্রেড ইউনিয়ন Ⓔ সরকার
Solve হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারীগণ হলেন- ব্যবস্থাপকগণ, বিপণন ব্যবস্থাপকগণ, উৎপাদন পরিদর্শকগণ, অভ্যন্তরীণ নিরীক্ষকগণ ইত্যাদি। অর্থাৎ যারা প্রত্যক্ষভাবে ব্যবসায় পরিচালনার সাথে জড়িত।

09. বাংলাদেশে আর্থিক বিবরণী প্রস্তুতের ক্ষেত্রে নিচের কোন্‌টি অনুসরণ করা হয়? [DU : 10-11]
Ⓐ বাংলাদেশ অডিটিং স্টান্ডার্ডস Ⓑ ইন্টারন্যাশনাল একাউন্টিং স্টান্ডার্ডস
Ⓒ বাংলাদেশ ফিন্যানশিয়াল রিপোর্টিং স্টান্ডার্ডস
Ⓓ এস.ই.সি. রুলস-১৯৮৭ এবং এস.ই.সি. অর্ডিন্যান্স- ১৯৬৯
Ⓔ বি.আর.পি.ডি সার্কুলার
Solve আর্থিক বিবরণীকে সর্বজনগ্রাহ্য করার জন্য Generally Accepted Accounting Principles (GAAP) অনুসরণ করা হয়। আর আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতের ক্ষেত্রে অনুসরণ করা হয় Bangladesh Financial Reporting Standards (BFRS). এটি না থাকলে IFRS বা International Financial Reporting Standards কে উত্তর ধরতে হবে।

10. হিসাববিজ্ঞান তথ্যের ব্যবহারকারী সম্বন্ধে কোন বিবৃতিটি ভুল? [DU : 09-10]
Ⓐ ব্যবস্থাপনা হলো অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓑ কর কর্তৃপক্ষ হলো বহিঃস্থ ব্যবহারকারী
Ⓒ কর্মচারী হলো অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓓ কোম্পানির শেয়ারহোল্ডার বহিঃস্থ ব্যবহারকারী
Ⓔ পাওনাদার হলো বহিঃস্থ ব্যবহারকারী
Solve হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারীগণ হলো ব্যবস্থাপকগণ, বিপণন ব্যবস্থাপকগণ, উৎপাদন পরিদর্শকগণ, অভ্যন্তরীণ নিরীক্ষকগণ ইত্যাদি এবং বাহ্যিক ব্যবহারকারীগণ হলো-বিনিয়োগকারী, শেয়ারহোল্ডারগণ, পাওনাদারগণ, কর্মচারী, কর কর্তৃপক্ষ ইত্যাদি। সুতরাং এখানে 'C' নং এর বিবৃতিটি ভুল।

11. হিসাব তথ্যের ব্যবহারকারী সম্পর্কে নিচের কোন তথ্যটি সঠিক? [DU : 08-09]
Ⓐ যৌথ মূলধনি কারবারের মালিকগণ অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓑ নিরীক্ষকগণ অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓒ পাওনাদারগণ অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓓ ব্যবস্থাপনা অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓔ বিধিবদ্ধ সংস্থাসমূহ বাহ্যিক ব্যবহারকারী
Solve হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারীগণ হলো ব্যবস্থাপকগণ, বিপণন ব্যবস্থাপকগণ, উৎপাদন পরিদর্শকগণ, অভ্যন্তরীণ নিরীক্ষকগণ ইত্যাদি। এবং বাহ্যিক ব্যবহারকারীগণ হলো বিনিয়োগকারী, শেয়ারহোল্ডারগণ, পাওনাদারগণ, ঋণদানকারী, কর কর্তৃপক্ষ ইত্যাদি। সুতরাং প্রদত্ত তথ্যগুলোর মধ্যে D এর তথ্যটি সঠিক।

12. বাংলাদেশে সি.এ. (C.A.) ডিগ্রি প্রদান করে– [DU : 05-06]
Ⓐ ICMAB Ⓑ SEC Ⓒ BIBM Ⓓ BMA Ⓔ ICAB
Solve (A) ICMAB হতে দেওয়া হয় CMA ডিগ্রি। (B) SEC হলো শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান (Securities and Exchange Commission)। (C) BIBM হতে দেওয়া হয় MBM ডিগ্রি, (E) ICAB (Institute of Chartered Accountants of Bangladesh) হতে দেওয়া হয় C.A. ডিগ্রি।

13. হিসাববিজ্ঞান : [DU : 02-03, 97-98]
Ⓐ একটি প্রক্রিয়া যার মধ্যে অন্তর্ভুক্ত থাকে তথ্য শনাক্তকরণ, পরিমাপ, লিপিবদ্ধকরণ ও সরবরাহকরণ
Ⓑ একটি কারবারি সত্তার অর্থনৈতিক তথ্যের সাথে সংশ্লিষ্ট
Ⓒ আর্থিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে তথ্য প্রদান করে
Ⓓ উপরের সবগুলি উত্তর সঠিক Ⓔ উপরের কোনো উত্তর সঠিক নয়
Solve হিসাববিজ্ঞান হচ্ছে একটি তথ্য ব্যবস্থা যা একটি ব্যবসায় প্রতিষ্ঠান বা কারবারি সত্তার আর্থিক ঘটনাসমূহকে শনাক্তকরণ/চিহ্নিতকরণ, লিপিবদ্ধকরণ এবং সংশ্লিষ্ট ব্যবহারকারীদের সাথে আর্থিক তথ্যসমূহ আদান প্রদানের সাথে সংশ্লিষ্ট। সুতরাং এ সংজ্ঞাটি বিশ্লেষণ করলে আমরা উপরের (A), (B), এবং (C) Option গুলো পেয়ে থাকি।

14. আধুনিক কারবার জগতে হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য হলো : [DU : 00-01, 94-95, 92-93]
Ⓐ সংশ্লিষ্ট পক্ষসমূহকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা
Ⓑ বৎসর শেষে আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা
Ⓒ সকল তথ্যের লিপিবদ্ধকরণ Ⓓ মুনাফা অর্জন
Solve হিসাববিজ্ঞানের মূল/প্রধান/মুখ্য উদ্দেশ্য সংশ্লিষ্ট পক্ষ বা ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণ উপযোগী তথ্য সরবরাহ করা/আগ্রহী ব্যবহারকারীদের প্রয়োজনীয় তথ্য দেয়া।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. IAS-2 অনুসারে সমাপনী মজুদপণ্যের মূল্যায়নে কী নিয়ম অনুসারে করা উচিত? [DU 7 College : 22-23]
Ⓐ ক্রয়মূল্যে Ⓑ নিট আদায়যোগ্য
Ⓒ ক্রয়মূল্য ও বাজারমূল্যের মধ্যে যেটি কম
Ⓓ ক্রয়মূল্য ও নিট আদায়যোগ্য মূল্যের মধ্যে যেটি কম
Solve IAS-2 অনুসারে সমাপনী মজুদ পণ্যের মূল্যায়নে ক্রয়মূল্য ও নিট আদায়যোগ্যমূল্যের মধ্যে যেটি কম সেই মূল্যে মজুদ পণ্য লিপিবদ্ধ করতে হবে। যখন নিট আদায়যোগ্যমূল্য মজুদ পণ্যের ক্রয়মূল্যের নিচে নেমে আসে তখন ঐ সময়ের মূল্য হ্রাসের ক্ষতিকে ব্যয় হিসাবে স্বীকৃত করতে হয়। নিট আদায়যোগ্যমূল্য = প্রত্যাশিত বিক্রয় মূল্য – বিক্রয় সংক্রান্ত খরচ

02. এফ আর সি-এর পূর্ণরূপ কী? [DU 7 College : 20-21]
Ⓐ ফান্ড রিপোর্টিং কমিটি Ⓑ ফাইন্যানসিয়াল রেগুলেটিং কাউন্সিল
Ⓒ ফ্রেমওয়ার্ক রিপোর্টিং কাউন্সিল Ⓓ ফাইন্যানসিয়াল রিপোর্টিং কাউন্সিল
Solve এফ আর সি (FRC) এর পূর্ণরূপ হলো- ফাইন্যানসিয়াল রিপোর্টিং কাউন্সিল। এটি ২০১৫ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বাংলাদেশে আর্থিক প্রতিবেদনের মান নির্ধারণ করে FRC পূর্বে আর্থিক প্রতিবেদনের মান নির্ধারণ করতো ICAB

CamScanner

03. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে? [BHEC : 19-20]

Ⓐ বিনিয়োগকারী Ⓑ পাওনাদার
Ⓒ ব্যবস্থাপক Ⓓ আয়কর কর্তৃপক্ষ

Solve ব্যবস্থাপক, কর্মকর্তা, বিপণন পরিদর্শক, উৎপাদন পরিদর্শক- হচ্ছে অভ্যন্তরীণ ব্যবহারকারী। বিনিয়োগকারী, পাওনাদার এবং আয়কর কর্তৃপক্ষ হচ্ছে বহিঃস্থ ব্যবহারকারী।

04. হিসাব সমীকরণের সঠিক রূপ কোনটি? [BHEC : 19-20]

Ⓐ দায় = মালিকানাস্বত্ব + সম্পদ Ⓑ সম্পত্তি = দায় + স্বত্বাধিকার
Ⓒ মূলধন = সম্পত্তি + দায় Ⓓ সম্পত্তি = পরিশোধিত মূলধন + দায়

Solve আমরা জানি, সম্পদ = দায় + স্বত্বাধিকার /মালিকানাস্বত্ব।

05. হিসাববিজ্ঞান কী? [BHEC : 19-20]

Ⓐ লেনদেন চিহ্নিত করার প্রক্রিয়া।
Ⓑ ব্যবসায়ের লাভলোকসানের নির্ণয়ের পদ্ধতি।
Ⓒ একটি তথ্য ব্যবস্থা
Ⓓ কোনো প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার উপস্থাপনের পদ্ধতি।

Solve হিসাববিজ্ঞান একটি তথ্য ব্যবস্থা। সংশ্লিষ্ট পক্ষসমূহকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করাই এর মূল কাজ।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি হিসাববিজ্ঞান প্রক্রিয়ার ধাপ নয়? [RU : 22-23]

Ⓐ চিহ্নিতকরণ Ⓑ যাচাইকরণ
Ⓒ লিপিবদ্ধকরণ Ⓓ যোগাযোগ

Solve যাচাইকরণ/লেনদেনের অস্তিত্ব যাচাইকরণ হিসাববিজ্ঞান প্রক্রিয়ার কোনো ধাপ নয়।

02. IAS-১০ কোনটির সাথে সংশ্লিষ্ট? [RU : 22-23]

Ⓐ মূল্য সংযোজন কর Ⓑ আয়
Ⓒ শুল্ক Ⓓ আর্থিক অবস্থা

Solve IAS-১০ প্রতিবেদন সময়ের পরের ঘটনা (Events After The Reporting Period) সাথে সংশ্লিষ্ট যা মূলত আর্থিক অবস্থার সাথে সম্পর্কিত।

03. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী- [RU : 19-20]

Ⓐ কর্মচারী Ⓑ পাওনাদার
Ⓒ বিনিয়োগকারী Ⓓ সবগুলো

Solve কর্মচারী, পাওনাদার এবং বিনিয়োগকারী সকলেই বাহ্যিক ব্যবহারকারী। সঠিক উত্তর option এ নাই।

04. IFRS ইস্যুকারী সংগঠন কোনটি? [RU : 19-20]

Ⓐ FASB Ⓑ AICPA
Ⓒ IASB Ⓓ কোনোটিই নয়

Solve IFRS ইস্যু করে IASB। IFRS এর পূর্ণরূপ হলো International Financial Reporting Standards এবং IASB এর পূর্ণরূপ হলো International Accounting Standards Board.

05. নিচের কে হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী নয়? [RU : 19-20; JnU : 06-07, BSMRSTU 13-14]

Ⓐ পাওনাদার Ⓑ প্রধান নির্বাহী কর্মকর্তা
Ⓒ প্রধান আর্থিক কর্মকর্তা Ⓓ ভান্ডার ব্যবস্থাপক

Solve প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান আর্থিক কর্মকর্তা, ভান্ডার ব্যবস্থাপক- প্রত্যেকেই অভ্যন্তরীণ ব্যবহারকারী। শুধু পাওনাদার অভ্যন্তরীণ ব্যবহারকারী নয় অর্থাৎ বহিঃস্থ ব্যবহারকারী।

06. কোনটি হিসাব চক্রের ধাপ নয়? [RU : 17-18]

Ⓐ লেনদেনের বিশ্লেষণ Ⓑ যাচাইকরণ
Ⓒ জাবেদাভুক্তকরণ Ⓓ শ্রেণিবদ্ধকরণ

Solve লেনদেনসমূহ যাচাইকরণ/ভুলের তদন্তকরণ, আর্থিক তথ্যের অস্তিত্ব যাচাইকরণ হিসাববিজ্ঞান চক্রের ধাপ নয়।

07. বাংলাদেশে পেশাগত হিসাববিজ্ঞান শিক্ষায় বিশেষায়িত প্রতিষ্ঠান- [RU : 15-16]

Ⓐ APB Ⓑ ICMAB Ⓒ FASB Ⓓ IASB

Solve বাংলাদেশে পেশাগত হিসাববিজ্ঞান শিক্ষায় বিশেষায়িত প্রতিষ্ঠান হচ্ছে ICAB, ICMAB।

08. হিসাব তথ্যের ব্যবহারকারী নয়- [RU : 15-16]

Ⓐ সরকার Ⓑ জনগণ
Ⓒ ভোক্তা Ⓓ বি. এস. টি. আই Ans: Ⓓ

09. নিচের কোনটি হিসাববিজ্ঞান প্রক্রিয়ার ধাপ নয়? [RU : 13-14; CoU : 13-14; BU : 13-14; CU : 13-14; JnU : 08-09; DU : 08-09]

Ⓐ শনাক্তকরণ Ⓑ অস্তিত্ব-যাচাইকরণ
Ⓒ তথ্য আদান-প্রদান Ⓓ লিপিবদ্ধকরণ Ans: Ⓑ

10. যেটি লেনদেন লিপিবদ্ধকরণ প্রক্রিয়ার ধাপ নয়- [RU : 08-09]

Ⓐ জাবেদাকরণ Ⓑ লেনদেন বিশ্লেষণ
Ⓒ রেওয়ামিল প্রস্তুত Ⓓ খতিয়ানভুক্ত করা

Solve রেওয়ামিল প্রস্তুতকরণ লেনদেন লিপিবদ্ধকরণ প্রক্রিয়ার কোনো ধাপ নয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় মূলত ঃ —— । [CU : 22-23]

Ⓐ অভ্যন্তরীণ ব্যবহারকারীদের জন্য Ⓑ বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য
Ⓒ নিরীক্ষকদের জন্য Ⓓ ব্যবস্থাপকদের জন্য
Ⓔ উপরের কোনোটিই নয়

Solve আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় মূলত বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য। কারণ এটি প্রধানত বহিঃস্থ ব্যবহারকারীদের নিকট তথ্য সরবরাহের উদ্দেশ্য নিয়ে কাজ করে।

02. নিচের কোনটি আর্থিক হিসাববিজ্ঞানের অভ্যন্তরীণ ব্যবহারকারী? [CU : 22-23]

Ⓐ Potential Investor Ⓑ Creditor Ⓒ Banker
Ⓓ Government Official Ⓔ কোনোটিই নয়

Solve বিনিয়োগকারী (Potential Investor); পাওনাদার (Creditor); ব্যাংকার (Banker); সরকারী কর্মকর্তা (Government Official) প্রত্যেকেই হলো হিসাববিজ্ঞান তথ্যের বহিঃস্থ ব্যবহারকারী।

03. আর্থিক হিসাববিজ্ঞানের উদ্দেশ্য-[CU-C : 21-22]

Ⓐ মোট লাভ বৃদ্ধি করা Ⓑ নিট লাভ বৃদ্ধি করা
Ⓒ মোট সম্পদ বৃদ্ধি করা Ⓓ ওপরের সব কয়টি
Ⓔ ওপরের কোনোটিই নয়

Solve আর্থিক হিসাববিজ্ঞানের মূল/প্রধান/মুখ্য উদ্দেশ্য সংশ্লিষ্ট পক্ষ বা ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণ উপযোগী তথ্য সরবরাহ করা।

04. নিচের কোন প্রতিষ্ঠানটি বাংলাদেশের আর্থিক প্রতিবেদন মান (BFRS) নির্ধারণ করে? [CU-C : 20-21]

Ⓐ ICMAB Ⓑ BSEC Ⓒ BMA
Ⓓ ICB Ⓔ ICAB

Solve বাংলাদেশের আর্থিক প্রতিবেদনের মান (BFRS) নির্ধারণ করে ICAB। ICAB-এর পূর্ণরূপ হলো Institute of Chartered Accountants of Bangladesh। ICAB প্রতিষ্ঠিত হয় 1973 সালে। BFRS-এর পূর্ণরূপ হলো Bangladesh Financial Reporting Standards.

05. 'BFRS' শব্দটির পূর্ণরূপ কোনটি? [CU-C : 20-21; CU : 12-13; JnU : 13-14]

Ⓐ Bangladesh Financial Recording Standard
Ⓑ Bangladesh Functional Reporting Standards
Ⓒ Bangladesh Financial Reporting Standards
Ⓓ Bangladesh Functional Recording Standards
Ⓔ কোনোটিই নয়

Solve BFRS এর পূর্ণরূপ হলো– Bangladesh Financial Reporting Standards। এটি ICAB কর্তৃক ইস্যু করা হতো। BFRS অনুসারে বাংলাদেশে আর্থিক বিবরণী প্রস্তুত করা হতো **কিন্তু বর্তমানে FRC কর্তৃক ইস্যুকৃত IFRS অনুযায়ী বাংলাদেশে আর্থিক বিবরণী প্রস্তুত করা হয়।**

CamScanner

06. বাংলাদেশের IAS এর কয়টি মানদণ্ড অনুসরণ করা হয় না? [CU-C : 20-21]

Ⓐ ১১ টি Ⓑ ১০ টি Ⓒ ১৩ টি
Ⓓ ১৪ টি Ⓔ ১২ টি

Solve IAS পূর্ণরূপ International Accounting standard যা আন্তর্জাতিক হিসাবমান কমিটি IASC কর্তৃক জারিকৃত ও বাধ্যতামূলক অনুসরণকৃত নীতিমালা। ২০০২ সালের জুন পর্যন্ত সর্বমোট ৪১ টি হিসাবমান প্রণয়ন ও জারি করে IAS. প্রচলিত হিসাবমানগুলোর মধ্যে ১২ টি আইনগত ও অন্যান্য জটিলতার কারণে বাংলাদেশে পুরোপুরি অনুসরণ করা হয় না।

07. SFAC এর অর্থ হলো- [CU-C : 20-21]

Ⓐ Standard of Financial Accounting Concept
Ⓑ Standard of Financial and Accounting Concept
Ⓒ Statement of Financial and Accounting Concept
Ⓓ Statement of Financial Accounting Concept
Ⓔ Standard of Finance and Accounts Concept

Solve SFAC এর পূর্ণরূপ হলো Statement of Financial Accounting Concept। এর উদ্দেশ্য হলো হিসাববিজ্ঞানের ধারণা, সংজ্ঞা, নীতি ইত্যাদি সম্পর্কে সাধারণ ধারণা প্রদান করা।

08. লুকা প্যাসিওলি ছিলেন একজন- [CU-C : 20-21]

Ⓐ হিসাববিজ্ঞানী Ⓑ গণিতবিদ Ⓒ সমাজবিজ্ঞানী
Ⓓ অর্থনীতিবিদ Ⓔ ব্যবসায়ী

Solve লুকা প্যাসিওলি একজন গণিতবিদ এবং ধর্মযাজক ছিলেন। তিনি দু-তরফা দাখিলা পদ্ধতির ওপর একটি বই প্রকাশ করেন। লুকা প্যাসিওলির বইটি Summa de Arithmetica Geometria proportioniet proportionalita.

09. হিসাববিজ্ঞানের জনক Luca Pacioli কোন দেশের নাগরিক ছিলেন? [CU : 19-20]

Ⓐ আমেরিকা Ⓑ ব্রিটেন Ⓒ রাশিয়া
Ⓓ ইতালি Ⓔ জার্মানি

Solve লুকা প্যাসিওলি ইতালীয় ধর্মযাজক ও গণিতবিদ ছিলেন। ১৪৯৪ সালে যে গ্রন্থ রচিত করেছিলেন সেটিই ইতালীয় ভাষায় ছিলো।

10. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী নয় কে? [CU : 15-16]

Ⓐ ক্রয় ব্যবস্থাপক Ⓑ বিক্রয় ব্যবস্থাপক Ⓒ সরকার
Ⓓ চিফ একাউন্টেন্ট Ⓔ কোম্পানির প্রধান নির্বাহী

Solve যে সকল ব্যক্তি তথ্য তৈরি বা প্রক্রিয়ার সাথে জড়িত, তারা অভ্যন্তরীণ ব্যবহারকারী। সরকার তথ্য ব্যবহার করলেও তথ্য প্রক্রিয়ার সাথে জড়িত নয়। সুতরাং সরকার বহিস্থ ব্যবহারকারী।

11. দেনাদার এর American Term ..... [CU : 10-11]

Ⓐ Debtor Ⓑ Notes payable Ⓒ Notes receivable
Ⓓ Accounts payable Ⓔ Accounts receivable

Solve দেনাদার এর ব্রিটিশ বা পূর্বনাম Debtor এবং আমেরিকান বা বর্তমানে ব্যবহৃত নাম হলো Accounts receivable

12. হিসাব তথ্যের একটি সমালোচনা হচ্ছে- [CU : 09-10]

Ⓐ হিসাব তথ্য সাধারণত সঠিক হয় না
Ⓑ হিসাবরক্ষকগণ সাধারণ নিয়ম নীতি অনুসরণ করে না
Ⓒ হিসাব তথ্যে অতীতের বিষয় বিবেচনা করে না
Ⓓ হিসাব তথ্যে মুদ্রাস্ফীতি প্রতিফলিত হয় না
Ⓔ সব কয়টি

Solve হিসাব তথ্যের একটি অন্যতম সমালোচনা হচ্ছে এতে মুদ্রাস্ফীতি প্রতিফলিত হয় না।

13. সাধারণত গ্রহণযোগ্য হিসাববিজ্ঞান নীতিমালা প্রণয়ন করেন- [CU : 08-09]

Ⓐ আমেরিকান ইনস্টিটিউট অব সার্টিফাইড পাবলিক একাউনটেন্টস
Ⓑ ইন্টার্নাল রেভেনিউ সার্ভিসেস
Ⓒ ফাইন্যানসিয়্যাল একাউন্টিং স্টান্ডার্ড বোর্ড
Ⓓ ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউনটেন্টস
Ⓔ কোনোটিই নয়

Solve সাধারণত গ্রহণযোগ্য হিসাববিজ্ঞান নীতিমালা প্রণীত হয় GAAP দ্বারা। GAAP হচ্ছে Generally Accepted Accounting Principles. আর এই GAAP প্রণয়ন করেন Financial Accounting Standard Board (FASB).

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. লুকা প্যাসিওলি রচিত গ্রন্থটি সর্বপ্রথম কোন ভাষায় রচিত? [JKKNIU : 19-20]

Ⓐ ইংরেজি Ⓑ ল্যাটিন
Ⓒ গ্রিক Ⓓ ফরাসি

Solve হিসাববিজ্ঞানের জনক লুকা প্যাসিওলির রচিত গ্রন্থটি সর্বপ্রথম ১৪৯৪ সালে ইতালীয় ভাষায় ইতালিতে প্রকাশিত হয়। ইতালিয়ান ভাষা ইন্দো ইউরোপীয় ভাষা পরিবারের একটি রোমান ভাষা। ইতালীয় ভাষা রোমান সাম্রাজ্যের ভালগার ল্যাটিন থেকে আগত।

02. হিসাববিজ্ঞানকে ব্যবসায়ের কী বলা হয়? [BRUR : 19-20]

Ⓐ ভাষা Ⓑ জ্ঞান
Ⓒ ভূষণ Ⓓ প্রাণ

Solve ব্যবসায় প্রতিষ্ঠান সম্পর্কিত আর্থিক তথ্য সরবরাহ করে বিধায় হিসাববিজ্ঞানকে 'ব্যবসায়ের ভাষা (Language of Business)' বলা হয়।

03. হিসাববিজ্ঞান দিবস কবে পালন করা হয়? [JKKNIU : 19-20, 17-18]

Ⓐ ৯ নভেম্বর Ⓑ ১০ অক্টোবর
Ⓒ ১০ নভেম্বর Ⓓ ৯ অক্টোবর

Solve হিসাববিজ্ঞান দিবস ১০ নভেম্বর পালন করা হয়।

04. বর্তমান বিশ্বে 'আর্থিক বিবরণীতে' আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য করার জন্য ব্যবহৃত মান হলো- [JUST : 19-20]

Ⓐ GAAP Ⓑ GAAS
Ⓒ IFRS Ⓓ GAAT

Solve IFRS হলো International Financial Reporting Standards। এটি হলো আন্তর্জাতিক হিসাব মান। যার মাধ্যমে আর্থিক বিবরণী তৈরী করা হয়। কিন্তু প্রশ্নে IFRS দেওয়া না থাকলে উত্তর GAAP হতো।

05. নিচের কোনটি পেশাদার হিসাববিজ্ঞানী নয়? [IU : 19-20]

Ⓐ CPA Ⓑ ACMA
Ⓒ FCA Ⓓ ACCA

Solve ACMA এর পূর্ণরূপ হলো Associate of Cost and Management Accountants যেহেতু এরা Chartered বা সনদ প্রাপ্ত নয় তাই এদের পেশাদার বলা যাবে না।

06. GAAP কত সালে গঠিত হয়? [JKKNIU-C: 18-19]

Ⓐ ১৯২৫ Ⓑ ১৯৩০ Ⓒ ১৯৩৫ Ⓓ ১৯৪০

Solve GAAP- এর পূর্ণরূপ হচ্ছে Generally Accepted Accounting Principles বা সর্বজন স্বীকৃত হিসাববিজ্ঞান নীতিমালা, যা প্রতিষ্ঠিত হয় ১৯৩০ সালে USA তে।

CamScanner

07. জনাব রহমান একজন কস্ট অ্যান্ড ম্যানেজম্যান্ট অ্যাকাউন্টেন্ট। জনাব রহমানের পেশা নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম- [JUST : 17-18]
Ⓐ ICAB Ⓑ ICMAB Ⓒ BIBM Ⓓ ACCA Ans B

08. International Accounting Standard Board (IASB) কত সালে প্রতিষ্ঠিত হয়? [JnU : 16-17]
Ⓐ 1989 Ⓑ 1973 Ⓒ 2001 Ⓓ 2005
Solve C IASB, 2001 সালে প্রতিষ্ঠিত হয়।

09. বাংলাদেশে হিসাববিজ্ঞানের পেশাগত সংগঠন কোনটি? [IU : 16-17]
Ⓐ ICAB Ⓑ AICPA Ⓒ IBA Ⓓ ICMAB
Solve A বাংলাদেশে হিসাববিজ্ঞানের পেশাগত সংগঠন ICAB (Institute of chartered Accountants of Bangladesh) আর্থিক হিসাববিজ্ঞানের মান নির্ধারন করে। ICAB থেকে CA, ACA, FCA ডিগ্রিগুলো প্রদান করা হয়। এছাড়া ICMAB (Institute of Cost and Management Accountants of Bangladesh) উৎপাদন ব্যয় হিসাব এবং ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান পেশার নিয়ন্ত্রণ ও উন্নয়নকল্পে ১৯৭৭ সালে এটি বাংলাদেশে গঠিত হয়। এটি একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান যা আন্তর্জাতিক হিসাব মান বোর্ডের (IASB) সদস্য। বাংলাদেশে CMA, ACMA, FCMA এই ডিগ্রিগুলো প্রদান করা হয় ICMAB হতে।

10. আর্থিক বিবরণীকে সার্বজনীন করার জন্য রচিত মান হলো? [JKKNIU : 16-17]
Ⓐ GAAP Ⓑ GAAS Ⓒ IFRS Ⓓ GAAT
Solve C IFRS (International Financial Reporting Standards) হচ্ছে আর্থিক বিবরণীকে সর্বজনগ্রাহ্য করার জন্য রচিত মান।

11. আধুনিক কারবার জগতে হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য হলো: [JnU : 15-16]
Ⓐ সংশ্লিষ্ট পক্ষসমূহকে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করা
Ⓑ আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা
Ⓒ সকল তথ্যের লিপিবদ্ধকরণ
Ⓓ মুনাফা অর্জন
Solve A হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য সংশ্লিষ্ট পক্ষসমূহকে বা যাদের তথ্য প্রয়োজন তাদের সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে তথ্য সরবরাহ করা।

12. বাংলাদেশে হিসাববিজ্ঞান নীতিমালা ইস্যু করে কে? [MBSTU : 15-16; IU : 14-15]
Ⓐ ICAB Ⓑ IASB Ⓒ ICMAB Ⓓ IASC
Solve A বাংলাদেশে হিসাববিজ্ঞান নীতিমালা ইস্যু করে ICAB. ICAB এর পূর্ণরূপ হলো Institute of Chartered Accountants of Bangladesh.

13. আর্থিক বিবরণীকে সর্বজনগ্রাহ্য করার জন্য রচিত মান হলো- [BU : 15-16]
Ⓐ IASC Ⓑ GAAS Ⓒ IFRS Ⓓ GAAT
Solve C সর্বজনগ্রাহ্য করার মানগুলো হলো : IFRS, GAAP.

14. হিসাববিজ্ঞান আধুনিক বিশ্বে কোন নামে পরিচিত? [BRUR : 15-16]
Ⓐ Accounting Information Systems
Ⓑ Financial Accounting Systems
Ⓒ Financial Information Systems
Ⓓ American Information Systems
Solve A আধুনিক বিশ্বে হিসাববিজ্ঞানকে হিসাববিজ্ঞান ও তথ্য ব্যবস্থা বা Accounting Information Systems বলে।

15. ICMAB কোন মন্ত্রণালয়ের অধীনের পরিচালিত হয়? [JKKNIU : 15-16]
Ⓐ অর্থ Ⓑ শিল্প Ⓒ বাণিজ্য Ⓓ আইন Ans C

16. কোম্পানি রেজিস্টার হিসাব তথ্যের- [PUST : 15-16]
Ⓐ অভ্যন্তরীণ ব্যবহারকারী Ⓑ বাহ্যিক ব্যবহারকারী
Ⓒ ব্যবহারকারী নয় Ⓓ A ও B উভয়ই
Solve B যে সকল ব্যক্তি হিসাব তথ্য প্রক্রিয়ার সাথে জড়িত সে সকল ব্যক্তি অভ্যন্তরীণ ব্যবহারকারী। আর যারা তথ্য তৈরির সাথে জড়িত নয় তারা বাহ্যিক ব্যবহারকারী। সে দৃষ্টিকোণ থেকে কোম্পানির রেজিস্টার হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী।

17. আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি কোথায়? [MBSTU : 15-16]
Ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র Ⓑ যুক্তরাজ্য
Ⓒ ইটালি Ⓓ জার্মানি
Solve A সাধারণত হিসাববিজ্ঞানের উৎপত্তি হয় ইতালিতে। কিন্তু মার্কিন যুক্তরাষ্ট্রের হিসাববিজ্ঞানীগণ আধুনিক হিসাববিজ্ঞানের প্রবর্তন করেন। মার্কিন যুক্তরাষ্ট্রের আধুনিক হিসাববিজ্ঞানের উৎপত্তি হয়।

18. বাংলাদেশে গৃহীত হিসাবের আদর্শমানকে কী বলে? [MBSTU : 15-16]
Ⓐ BAS Ⓑ FASB
Ⓒ ICAB Ⓓ MSB
Solve A BAS এর পূর্ণরূপ Bangladesh Accounting Standards. বাংলাদেশে গৃহীত হিসাবের আদর্শ মানকে BAS বলা হয়।

19. হিসাব শাস্ত্রের ইতিহাস কোনটি? [IU : 14-15]
Ⓐ সনাতন Ⓑ মধ্যযুগীয়
Ⓒ আধুনিক Ⓓ মানব সভ্যতা সংশ্লিষ্ট
Solve D হিসাব শাস্ত্রের বা বিজ্ঞানের ইতিহাস মানব সভ্যতার মতোই পুরোনো।

20. প্রাচীন কালে চীন দেশের লোকেরা কীসের মাধ্যমে হিসাব রাখত? [IU : 14-15]
Ⓐ শ্লেট পাথর Ⓑ আইভরি প্লেট
Ⓒ এ্যাবাকাস Ⓓ রঙিন সুতায় গিট
Solve C প্রাচীনকালে চীন দেশের লোকেরা এ্যাবাকাসের মাধ্যমে হিসাব রাখত। এ্যাবাকাস এক প্রকার গণনা যন্ত্র।

21. IASC কত সালে এবং কোথায় গঠিত হয়? [IU : 14-15; MBSTU : 13-14]
Ⓐ ১৯৭৩ সালে; যুক্তরাজ্যে Ⓑ ১৭৮৩ সালে; ইতালিতে
Ⓒ ১৪৯৪ সালে; ভেনিস শহরে Ⓓ ১৯৭২ সালে; যুক্তরাষ্ট্রে
Solve A IASC ১৯৭৩ সালে যুক্তরাজ্যে গঠিত হয়।

22. GAAP এর পূর্ণরূপ কী? [BU : 14-15; MBSTU : 11-12; PUST : 12-13; BRUR : 12-13]
Ⓐ Generally Accepted Actuary Principles
Ⓑ Generally Applied Accounting Principles
Ⓒ Generally Accepted Accounting Principles
Ⓓ Generally Assisted Accounting Principles
Solve C GAAP এর পূর্ণ রূপ হলো- Generally Accepted Accounting Principles, এটি হলো হিসাববিজ্ঞানের সর্বজন স্বীকৃত মানদণ্ড।

23. ICMAB -এর সদস্যদের পদবি কোনটি? [CoU : 13-14]
Ⓐ ACMA Ⓑ FCMA
Ⓒ A + B Ⓓ কোনোটিই নয়
Solve C ICMAB -এর সদস্যদের পদবি হলো ACMA এবং FCMA।

24. হিসাববিজ্ঞানের জনক- [IU : 13-14; CoU : 08-09]
Ⓐ উইলিয়াম পিকল Ⓑ জে. আর. বাটলিবয়
Ⓒ এল. সি. ক্রুপার Ⓓ লুকা প্যাসিওলি
Solve D হিসাববিজ্ঞানের জনক হলো ইতালীয় ধর্মযাজক, গণিতবিদ লুকা-ডি প্যাসিওলি।

25. হিসাববিজ্ঞান প্রক্রিয়ার কোনটি ধাপ নয়- [MBSTU : 13-14]
Ⓐ শনাক্তকরণ Ⓑ লিপিবদ্ধকরণ
Ⓒ যাচাইকরণ Ⓓ যোগাযোগ
Solve D যাচাইকরণ হিসাববিজ্ঞান প্রক্রিয়ার কোনো ধাপ নয়। হিসাববিজ্ঞান প্রক্রিয়ার ধাপ হলো শনাক্তকরণ, লিপিবদ্ধকরণ, শ্রেনীবিন্যাসকরণ, যোগাযোগ (তথ্য সরবরাহ করা)।

CamScanner

26. CAPA-এর পূর্ণরূপ কী? [JnU : 13-14]

Ⓐ Cooperation of Asian and Pacific Accountants
Ⓑ Confederation of Asian and Pacific Accountants
Ⓒ Corporation of Asian and Pacific Accountants
Ⓓ Collaboration of Asian and Pacific Accountants

Solve CAPA এর পূর্ণরূপ: Confederation of Asian and Pacific Accountants.

27. কখন এবং কোথায় আন্তর্জাতিক হিসাব মান কমিটি গঠিত হয়েছিল? [JnU : 12-13]

Ⓐ যুক্তরাজ্যে, ১৯৭৩ সালে
Ⓑ যুক্তরাজ্যে, ১৯৯৩ সালে
Ⓒ যুক্তরাষ্ট্রে, ১৯৬৯ সালে
Ⓓ যুক্তরাষ্ট্রে, ১৯৭৩ সালে

Solve ১৯৭৩ সালে যুক্তরাজ্যে আন্তর্জাতিক হিসাব মান কমিটি (International Accounting Standard Committee) গঠিত হয়।

28. হিসাববিজ্ঞানের জনক প্যাসিওলি কত সালে মৃত্যুবরণ করেন? [JKKNIU : 12-13]

Ⓐ ১৫১৭ সালে
Ⓑ ১৪১৭ সালে
Ⓒ ১৪৯৪ সালে
Ⓓ ১৫৪৭ সালে

Solve হিসাববিজ্ঞানের জনক প্যাসিওলি জন্মগ্রহণ করেন ১৪৪৭ সালে এবং ১৫১৭ সালে মৃত্যুবরণ করেন।

29. হিসাববিজ্ঞানের ইনপুট ও আউটপুট কী? [PUST : 11-12; CU : 11-12; JnU : 05-06]

Ⓐ জাবেদা ও খতিয়ান
Ⓑ সুবিধা লাভ ও ত্যাগ
Ⓒ প্রাপক ও দাতা
Ⓓ লেনদেন ও আর্থিক বিবরণী

Solve (A) জাবেদা ও খতিয়ান হিসাবরক্ষণ কাজে ব্যবহৃত দুটি হিসাব বই (B) সুবিধা লাভ ও ত্যাগ কখনও ইনপুট ও আউটপুট হতে পারে না। (C) প্রাপক ও দাতা লেনদেনের দুটি পক্ষ (D) লেনদেন হিসাববিজ্ঞানের মূল উপাদান এবং পরিসমাপ্তি ঘটে আর্থিক বিবরণী তৈরির মাধ্যমে। সুতরাং, লেনদেন ও আর্থিক বিবরণী হলো সঠিক উত্তর।

30. হিসাব তথ্যের ব্যবহারকারী সম্পর্কে নিচের কোন কথাটি সঠিক নয়? [HSTU : 11-12]

Ⓐ পাওনাদার অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓑ ব্যবস্থাপনা অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓒ এক মালিকানা ব্যবসায়ীগণ অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓓ উপরের সবগুলো

Solve হিসাব তথ্যের বহিস্থ ব্যবহারকারী হলো পাওনাদার, কর কর্তৃপক্ষ, সরকার, বিশ্ববিদ্যালয় শিক্ষকগণ, BSEC, ঋণদানকারী প্রতিষ্ঠান ইত্যাদি।

31. হিসাব সংক্রান্ত বিভিন্ন নিয়মনীতি প্রণয়ন সংক্রান্ত মার্কিন যুক্তরাষ্ট্রে সর্বোচ্চ সংস্থার নাম কী? [HSTU : 11-12]

Ⓐ FASB
Ⓑ IASB
Ⓒ APB
Ⓓ IASC

Solve হিসাব সংক্রান্ত বিভিন্ন নিয়মনীতি প্রণয়ন সংক্রান্ত মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ সংস্থার নাম FASB।

32. কারা কীপু নামক রঙিন সুতায় গিট দিয়ে হিসাব রাখত? [MBSTU : 11-12]

Ⓐ পেরুর অধিবাসীরা
Ⓑ ইতালির অধিবাসীরা
Ⓒ ভারতের অধিবাসীরা
Ⓓ মিশরের অধিবাসীরা

Solve পেরুর অধিবাসীরা কীপু নামক রঙিন সুতায় গিট দিয়ে হিসাব রাখত।

33. লুকা প্যাসিওলি কত সালে Summa De Arithmetica Geometira Proportioniet Proportionalite. ইংরেজি গ্রন্থটি রচনা করেন? [MBSTU : 11-12]

Ⓐ ১৫৫৬ সালে
Ⓑ ১৪৯৪ সালে
Ⓒ ১৪৫৮ সালে
Ⓓ ১৬০৫ সালে

Solve ১৪৯৪ সালে হিসাববিজ্ঞানের জনক লুকা প্যাসিওলি Summa De Arithmetica Geometria Proportioniet Proportionalite. নামক গ্রন্থটি রচনা করেন।

34. FASB এর পূর্ণাঙ্গরূপ কোনটি? [JnU : 10-11]

Ⓐ ফাইনান্সিয়াল একাউন্টিং স্ট্যান্ডার্ডস বোর্ড
Ⓑ ফাইনান্সিয়াল একাউন্টিং স্ট্যান্ডার্ড বোর্ড
Ⓒ ফাইনান্সিয়াল একাউন্টিং এডভাইজরি বোর্ড
Ⓓ ফাউন্ডেশন অব একাউন্টিং স্ট্যান্ডার্ড বোর্ড

Solve FASB এর পূর্ণরূপ (Elaboration) হলো: Financial Accouting Standards Board.

35. হিসাবরক্ষণের মূল কাজ হলো- [SUST : 09-10]

Ⓐ ব্যবসায়ের আয় লিপিবদ্ধ করা
Ⓑ ব্যবসায়ের ব্যয় লিপিবদ্ধ করা
Ⓒ ব্যবসায়ের লেনদেন লিপিবদ্ধ করা
Ⓓ ব্যবসায়ের সম্পদ ও দায় লিপিবদ্ধ করা

Solve হিসাবরক্ষণের মূল কাজ হলো ব্যবসায়ের লেনদেনসমূহ সঠিকভাবে হিসাবের বইতে লিপিবদ্ধ করা।

36. কোনটি ডেবিট এর সংক্ষিপ্ত রূপ- [CoU : 08-09]

Ⓐ Dt.
Ⓑ Dbt.
Ⓒ Drc.
Ⓓ Dr.

Solve ডেবিট এর সংক্ষিপ্ত রূপকে বলা হয় Dr. এবং ক্রেডিট এর সংক্ষিপ্ত রূপ Cr.

37. হিসাববিজ্ঞান তথ্য সম্পর্কে নিচের কোনটি বাদে সবগুলো সঠিক? [JnU : 06-07]

Ⓐ হিসাববিজ্ঞান তথ্য প্রকৃতিগতভাবে পরিমাণগত
Ⓑ হিসাববিজ্ঞান তথ্য সম্ভাব্যভাবে আর্থিক
Ⓒ হিসাববিজ্ঞান তথ্যকে সিদ্ধান্ত গ্রহণের জন্য দরকারি হতে হবে
Ⓓ হিসাববিজ্ঞান তথ্য শুধু মালিক ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক ব্যবহৃত হয়

Solve প্রশ্নটির সঠিক উত্তরের জন্য প্রদত্ত Option গুলোর মধ্যে Option (D) সঠিক নয়। কারণ হিসাববিজ্ঞান তথ্য শুধু মালিক ও নিয়ন্ত্রণকারী পক্ষ ব্যতীত অন্যান্য পক্ষসমূহ, যেমন- বাহ্যিক ব্যবহারকারীগণ ও ব্যবহার করতে পারবে। অন্যান্য Options (A), (B) ও (C) সবগুলোই সঠিক।

38. হিসাববিজ্ঞানের প্রাথমিক উদ্দেশ্য কী? [JnU : 05-06]

Ⓐ সংস্থার কাজের কৃতিত্ব ও অবস্থান দেখিয়ে আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা
Ⓑ সংস্থার সাথে সম্পর্কিত লেনদেন সংগ্রহ ও লিপিবদ্ধ করা
Ⓒ তথ্য ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণের জন্য আর্থিক তথ্যাবলি সরবরাহ করা
Ⓓ সংস্থার সাথে সম্পর্কিত আর্থিক তথ্যের বিশ্লেষণ ও পর্যালোচনা করা

Solve হিসাববিজ্ঞানের উদ্দেশ্য দু'ধরনের (i) প্রাথমিক উদ্দেশ্য হলো ব্যবসায়ের সাথে সম্পর্কযুক্ত যেকোনো অর্থনৈতিক লেনদেন তথ্যের সংগ্রহ ও লিপিবদ্ধ করা (ii) প্রধান বা মূল উদ্দেশ্য হলো উক্ত তথ্যসমূহ পর্যালোচনা করে নির্ভরযোগ্য, নির্ভুল ও সঠিক এবং প্রয়োজনীয় তথ্যসমূহ সংশ্লিষ্ট ব্যবহারকারীদের সরবরাহ করা।

39. বাংলাদেশের শেয়ার বাজার নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নাম- [JnU : 05-06]

Ⓐ এস.ই.সি.
Ⓑ অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
Ⓒ বাংলাদেশ ব্যাংক
Ⓓ ডি.এস.ই

Solve (A) এস.ই.সি. (SEC) বা Securities and Exchange Commission 1993 সালে প্রতিষ্ঠিত হয় শেয়ার বাজার নিয়ন্ত্রণ করার জন্য। যার বর্তমান নাম BSEC (Bangladesh Securities and Exchange Commission)। (B) অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় দেশের অর্থনৈতিক কাজ পরিচালনা করে। (C) বাংলাদেশ ব্যাংকের প্রধান প্রধান কাজ হলো নোট ও মুদ্রার প্রচলন, মুদ্রামান সংরক্ষণ, ঋণ নিয়ন্ত্রণ প্রভৃতি। (D) ডি.এস.ই. (D.S.E) হলো Dhaka Stock Exchange যেখানে শেয়ার লেনদেন করা হয়।

40. নিচের কোনটি লিপিবদ্ধকরণ প্রক্রিয়ার অংশ নয়- [JnU : 05-06]

Ⓐ লেনদেন বিশ্লেষণ
Ⓑ রেওয়ামিল প্রস্তুতকরণ
Ⓒ লেনদেন জাবেদাভুক্তকরণ
Ⓓ লেনদেনের স্থানান্তর

Solve লেনদেন লিপিবদ্ধকরণ প্রক্রিয়ার অংশগুলো হলো- লেনদেন বিশ্লেষণ, লেনদেন জাবেদাভুক্তকরণ, লেনদেন খতিয়ানভুক্তকরণ বা স্থানান্তরকরণ।

CamScanner

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে? [DHA-22]
Ⓐ সরকার Ⓑ মালিক
Ⓒ পাওনাদার Ⓓ আয়কর কর্তৃপক্ষ — Ans Ⓑ

02. FASB-এর পূর্ণরূপ কী? [DHA-22; RAJ-17]
Ⓐ Financial Accounting Standard Board
Ⓑ Final Accounting Standard Board
Ⓒ Fundamental Accounting Standard Board
Ⓓ Financial Accounting Standard Bureau — Ans Ⓐ

03. হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে? [MYM-21; BAR-21; DHA-19]
Ⓐ বিনিয়োগকারী Ⓑ শ্রমিক সংঘ
Ⓒ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ Ⓓ ভোক্তা সংঘ — Ans Ⓒ

04. লুকা প্যাসিওলি ছিলেন- [SYL-21]
Ⓐ ব্যবসায়ী Ⓑ অর্থনীতিবিদ
Ⓒ হিসাবশাস্ত্রবিদ Ⓓ গণিতশাস্ত্রবিদ — Ans Ⓓ

05. নিজের কাজের জন্য অন্যের নিকট দায়বদ্ধতাকে কী বলে ? [DHA-19]
Ⓐ মূল্যবোধ Ⓑ নৈতিকতা
Ⓒ জবাবদিহিতা Ⓓ ভাবমূর্তি — Ans Ⓒ

06. হিসাববিজ্ঞানের আন্তর্জাতিক শীর্ষ সংস্থা কোনটি ? [DIN-19]
Ⓐ GAAP Ⓑ FASB
Ⓒ AICPA Ⓓ SEC — Ans Ⓑ

07. IAS-16 এ স্থায়ী সম্পদকে কী নামে অভিহিত করা হয়? [COM-19]
Ⓐ Asset and Property Ⓑ Property, Plant and Machinery
Ⓒ Land and Building Ⓓ Plant and Machinery — Ans Ⓑ

08. হিসাববিজ্ঞানের উৎপত্তি ও ক্রমবিকাশের প্রাক-বিশ্লেষণ কাল কোনটি? [COM-19]
Ⓐ শুরু থেকে ১৪৯৮ Ⓑ ১৪৯৫-১৭৯৯
Ⓒ ১৮০০-১৯৫০ Ⓓ ১৯৫১ থেকে বর্তমান পর্যন্ত — Ans Ⓑ

09. হিসাব তথ্যের বাহ্যিক ব্যবহারকারী হলো ? [RAJ-19]
Ⓐ মালিক পক্ষ Ⓑ অভ্যন্তরীণ নিরীক্ষক
Ⓒ বিনিয়োগকারী Ⓓ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ — Ans Ⓒ

10. হিসাববিজ্ঞানের উদ্দেশ্য নয় কোনটি? [CHI-19]
Ⓐ লেনদেন স্থায়ীভাবে লিপিবদ্ধ করা Ⓑ জাল ও জুয়াচুরি বের করা
Ⓒ আর্থিক ফলাফল নির্ণয় Ⓓ আর্থিক অবস্থা নির্ণয় — Ans Ⓑ

11. কোন শাস্ত্র থেকে হিসাববিজ্ঞান এর উৎপত্তি হয়েছে? [SYL-19]
Ⓐ গণিত শাস্ত্র Ⓑ রসায়ন শাস্ত্র
Ⓒ পদার্থ শাস্ত্র Ⓓ দর্শন শাস্ত্র — Ans Ⓐ

12. হিসাববিজ্ঞানের জনক কে? [CHI-16 ; DHA-17]
Ⓐ জে আর বাটলিবয় Ⓑ আর এন কার্টার
Ⓒ লুকা প্যাসিওলি Ⓓ হারমেনসন — Ans Ⓒ

13. পেশাদার হিসাব নিরীক্ষক তৈরি করে কোন প্রতিষ্ঠান? [DHA-17]
Ⓐ DSE Ⓑ IBA
Ⓒ BIBM Ⓓ ICAB — Ans Ⓓ

14. হিসাববিজ্ঞানকে কী নামে অভিহিত করা হয়? [BAR-17]
Ⓐ হিসাব ব্যবস্থা Ⓑ তথ্য ব্যবস্থা
Ⓒ নিরীক্ষা ব্যবস্থা Ⓓ বিবরণী ব্যবস্থা — Ans Ⓑ

15. AAA-এর পূর্ণরূপ কী? [JES-17]
Ⓐ American Accounting Association
Ⓑ Asian Accounting Association
Ⓒ Accounting Association of America
Ⓓ Accounting Association of Africa — Ans Ⓐ

16. IASC -এর পূর্ণরূপ কোনটি? [JES-17]
Ⓐ International Auditing Standards Committee
Ⓑ International Accounting Standards Committee
Ⓒ International Association of Standard Committee
Ⓓ International Acceptable Standard Committee — Ans Ⓑ

17. লুকা প্যাসিওলি পেশায় কী ছিলেন? [DIN-17]
Ⓐ ধর্মযাজক Ⓑ চিকিৎসক
Ⓒ বৈজ্ঞানিক Ⓓ জ্যোতির্বিদ — Ans Ⓐ

18. সর্বজন স্বীকৃত নীতিমালাসমূহ কী নামে পরিচিত? [COM-16]
Ⓐ AICPA Ⓑ GAAP
Ⓒ FASB Ⓓ IASB — Ans Ⓑ

19. কোন প্রতিষ্ঠান CA ডিগ্রি প্রদান করে? [DIN-16]
Ⓐ IBA Ⓑ ICAB
Ⓒ ICMAB Ⓓ ICS — Ans Ⓑ

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কে সর্বপ্রথম হিসাবরক্ষণের সুনির্দিষ্ট নীতির প্রয়োজন অনুভব করেন?
Ⓐ লুকা প্যাসিওলি Ⓑ এ ডাব্লিউ জনসন
Ⓒ এলসি ক্রুপার Ⓓ আর এন কার্টার — Ans Ⓐ

02. বাংলাদেশে পেশাগত হিসাববিজ্ঞানীদের সংগঠন কোনটি?
Ⓐ IBA Ⓑ ICAB
Ⓒ BMA Ⓓ BIBM — Ans Ⓑ

03. কোনটিকে বাংলাদেশে প্রচলিত হিসাবের আদর্শ মান বলা হয়?
Ⓐ BAS Ⓑ IAS
Ⓒ IFRS Ⓓ AICPA — Ans Ⓒ

04. প্রাচীন ভারতে ও ইউরোপে কীভাবে হিসাব সংরক্ষণ করা হতো?
Ⓐ খাতায় লিখে Ⓑ দরজার পেছনে দাগ কেটে
Ⓒ গাছের বাকলে দাগ কেটে Ⓓ মাটিতে দাগ কেটে — Ans Ⓑ

05. ICAB কত সালে প্রতিষ্ঠিত হয়?
Ⓐ ১৯৭৭ Ⓑ ১৯৭৪
Ⓒ ১৯৭২ Ⓓ ১৯৭৩ — Ans Ⓓ

06. হিসাববিজ্ঞানের সর্বশেষ সংযোজন কোনটি?
Ⓐ উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞান Ⓑ আর্থিক হিসাববিজ্ঞান
Ⓒ মুদ্রাস্ফীতি হিসাববিজ্ঞান Ⓓ মানব সম্পদ হিসাববিজ্ঞান — Ans Ⓒ

07. আধুনিক হিসাবশাস্ত্রের উৎপত্তি হয়েছে কেন?
Ⓐ ব্যবসায় প্রসারের জন্যে Ⓑ লেনদেনকে আর্থিক রূপ দেওয়ার জন্যে
Ⓒ অধিক মুনাফার জন্যে Ⓓ অপচয় হ্রাস করার জন্যে — Ans Ⓑ

08. প্রাচীন জনগোষ্ঠীর বিজ্ঞজনেরা কোন পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করত?
Ⓐ দুতরফা দাখিলা পদ্ধতিতে Ⓑ আধুনিক পদ্ধতিতে
Ⓒ একতরফা দাখিলা পদ্ধতিতে Ⓓ সম্পূর্ণ হিসাব ব্যবস্থায় — Ans Ⓒ

09. FASB কর্তৃক স্বীকৃত সর্বজনগ্রাহ্য নীতি কোনটি?
Ⓐ IAS Ⓑ IFA Ⓒ IRS Ⓓ GAAP — Ans Ⓓ

10. FASB কর্তৃক প্রদত্ত নীতির তাত্ত্বিক কাঠামোতে কয়টি স্তর আছে?
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ১২ — Ans Ⓑ

11. হিসাববিজ্ঞানের বিভিন্ন গবেষক ও সংস্থা হিসাববিজ্ঞানের উদ্দেশ্য সফল করার জন্যে কী প্রবর্তন করেন?
Ⓐ IASC Ⓑ GAAP Ⓒ IAS Ⓓ FASB — Ans Ⓑ

12. GAAP এর পূর্ণরূপ কোনটি?
Ⓐ Generally Accounting Accepted Principles
Ⓑ Generally Assumption Accounting Principles
Ⓒ Generally Accepted Accountants Principles
Ⓓ Generally Accepted Accounting Principles — Ans Ⓓ

CamScanner

Type 2

লেনদেন [Transaction]

Step 1

BASIC INFORMATION

লেনদেন (Transaction) : অর্থের মূল্যে পরিমাপযোগ্য যে কোনো ঘটনাকে লেনদেন বলে। লেনদেন হলো হিসাববিজ্ঞানের মৌলিক বা মূল উপাদান বা ইনপুট। যে আর্থিক ঘটনা কোন প্রতিষ্ঠানের সম্পত্তি, দায় এবং মালিকানা স্বত্বের এক বা একাধিক উপাদান তথা আর্থিক অবস্থাকে প্রভাবিত করে তাকে লেনদেন বলে।অনেকে হিসাব সমীকরণের (সম্পত্তি, দায় ও স্বত্বাধিকার) উপাদান তিনটির পরিবর্তনকারী ঘটনাকে লেনদেন বলেছেন।

লেনদেনের প্রধান শর্ত বা বৈশিষ্ট্যসমূহ (Characteristics of Transaction) :

১. আর্থিক অবস্থার পরিবর্তন। ২. অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য। ৩. সামঞ্জস্যতা ও স্বয়ংসম্পূর্ণতা।
৪. দ্বৈত সত্তা- প্রতিটি লেনদেনে কমপক্ষে দুটি পক্ষ থাকবে। ৫. প্রামাণ্য ঘটনা।

লেনদেনের প্রকারভেদ (Classification of Transaction) :

দৃষ্টিকোণ	লেনদেনের নাম	বর্ণনা	উদাহরণ
প্রাতিষ্ঠানিক সম্পর্কের ভিত্তিতে	১.আন্তঃ বা অভ্যন্তরীণ লেনদেন	যে সকল আর্থিক ঘটনা বাহিরের বা তৃতীয় পক্ষের কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে সম্পর্কিত নয় বরং প্রতিষ্ঠানের নিজস্ব নীতি ও সিদ্ধান্তের কারণে সৃষ্টি হয় তাকে আন্তঃলেনদেন বলে।	স্থায়ী সম্পত্তির অবচয় ধার্যকরণ, অস্পর্শনীয় সম্পত্তির অবলোপন ধার্যকরণ, প্রাকৃতিক সম্পত্তির (অবক্ষয়) বা শূণ্যীকরণ ধার্যকরণ, অর্জিত সুনাম লিপিবদ্ধকরণ/মূল্যায়ন, রাজস্ব বা মুনাফা জাতীয় সঞ্চিতি সৃষ্টি অথবা বৃদ্ধি (নিট মুনাফা হতে বিশেষ সঞ্চিতিতে কিংবা সাধারণ সঞ্চিতিতে স্থানান্তর), প্রধান ক্যাশিয়ার কর্তৃক খুচরা ক্যাশিয়ারকে প্রদান, অফিসে সম্ভার বা মনিহরি দ্রব্যের ব্যবহার, বোনাস শেয়ার (স্টক লভ্যাংশ) ইস্যু করা, দেনাদারে উপর কুঋণ সঞ্চতি ধার্যকরণ, দেনাদারের বাট্টা সঞ্চিতি ইত্যাদি।
	২. বহিঃলেনদেন	প্রতিষ্ঠানের বাহিরের কোনো পক্ষের সাথে যেসব লেনদেন সংঘটিত হয় সেগুলোকে বহিঃলেনদেন বলা হয়।	পণ্য ক্রয়, পণ্য বিক্রয়, সম্পত্তি ক্রয়, সম্পত্তি বিক্রয়, সেবা প্রদান, সেবা গ্রহণ, প্রাপ্য হিসাব থেকে আদায়, শেয়ার ইস্যু, দায় পরিশোধ, কর্মচারিদের বেতন প্রদান ইত্যাদি।
অর্থ প্রদানের ভিত্তিতে	১. নগদ লেনদেন	নগদে সম্পাদিত লেনদেন।	নগদে পণ্য ক্রয়, নগদে যন্ত্রপাতি ক্রয়, নগদে বিক্রয়, বেতন প্রদান, পাওনাদারকে পরিশোধ, দেনাদারের নিকট হতে নগদ আদায়, নগদে সেবা প্রাদন ইত্যাদি।
	২. ধারে লেনদেন	পণ্য দ্রব্য, সেবা ও সম্পদাদি বাকিতে ক্রয়-বিক্রয় হওয়াকে ধারে লেনদেন বলে।	শরৎ সরকারের নিকট বাকিতে মাল বিক্রয়, ধারে সেবা প্রদান।
	৩. অনগদ লেনদেন	যে সকল লেনদেনের সাথে নগদ অর্থের কোনো সম্পর্ক থাকে না।	স্থায়ী সম্পত্তির অবচয় ধার্যকরণ, অস্পর্শনীয় সম্পত্তির অবলোপন ধার্যকরণ, প্রাকৃতিক সম্পত্তির (অবক্ষয়) বা শূণ্যীকরণ ধার্যকরণ, কুঋণ অবলোপন, কু-ঋণের জন্য ভবিষ্যত ব্যবস্থা গঠন/সৃষ্টি, নগদ বাট্টা (ক্রয় বাট্টা বা প্রাপ্ত বাট্টা এবং বিক্রয় বাট্টা বা প্রদত্ত বাট্টা), স্থায়ী সম্পদের বিক্রয়জনিত লাভ/ক্ষতি, শেয়ার অবহার বা বাট্টা, ঋণপত্র অবহার বা বাট্টা, বোনাস শেয়ার (স্টক লভ্যাংশ) প্রদান ইত্যাদি।
দৃশ্যমানতার ভিত্তিতে	১. দৃশ্যমান লেনদেন	যেসব লেনদেন চোখে দেখা যায় তাকে দৃশ্যমান লেনদেন বলে।	নগদে সরঞ্জাম ক্রয়, ধারে পণ্য ক্রয়, নগদ প্রাপ্তি, নগদ পরিশোধ, নগদে বিক্রয়, ধারে পণ্য বিক্রয়, দালানকোঠা নির্মাণ, আসবাবপত্র ক্রয় ইত্যাদি।
	২. অদৃশ্যমান বা অস্পর্শনীয় লেনদেন	যেসব লেনদেন চোখে দেখা যায় না তাকে অদৃশ্যমান বা অস্পর্শনীয় লেনদেন বলে।	স্থায়ী সম্পত্তির অবচয় ধার্যকরণ, অস্পর্শনীয় সম্পত্তির অবলোপন ধার্যকরণ, প্রাকৃতিক সম্পত্তির (অবক্ষয়) বা শূণ্যীকরণ ধার্যকরণ, কুঋণ অবলোপন, কুঋণ সঞ্চিতি ধার্যকরণ, সুনাম ক্রয়, শেয়ার/ঋণপত্রের বাট্টা, ইত্যাদি।
উদ্দেশ্যের ভিত্তিতে	১.কারবারি লেনদেন	ব্যবসায় প্রতিষ্ঠান পরিচালনার জন্য সম্পাদিত লেনদেন।	ক্রয়- বিক্রয়, আয়-ব্যয় সংক্রান্ত লেনদেন ইত্যাদি।
	২.অ-কারবারি লেনদেন	মুনাফা অর্জনের সাথে সম্পর্কিত নয় এমন লেনদেন।	হাসপাতাল, স্কুল, কলেজ, মাদ্রাসায় দান এবং এসব প্রতিষ্ঠানের নিজস্ব যাবতীয় লেনদেন।
	৩. ব্যক্তিগত লেনদেন	ব্যক্তিগত ও পরিবার পরিজনের অন্ন-বস্ত্র, বাসস্থান, শিক্ষা, আনন্দ-বিনোদনের জন্য যে অর্থের আদান-প্রদান হয় তাকে ব্যক্তিগত লেনদেন বলে।	পরিবারের জন্য চাল ক্রয়, টিভি ক্রয়।

CamScanner

একনজরে গুরুত্বপূর্ণ আয় বা অভ্যন্তরীণ লেনদেনের উদাহরণ :

স্থায়ী সম্পত্তির অবচয়, অস্পর্শনীয় সম্পত্তির অবলোপন, প্রাকৃতিক বা ক্ষয়িষ্ণু সম্পত্তির অবক্ষয়/শূন্যীকরণ, নিট লাভের টাকা সঞ্চিতি তহবিলে স্থানান্তর, ছোট বা খুচরা বা পেটি ক্যাশিয়ারকে টাকা প্রদান, কুক্ষণ অবলোপন, কুক্ষণ সঞ্চিতি দার্যকরণ বা কু-ক্ষণ সঞ্চিতির ব্যবস্থাকরণ বা সম্ভাব্য কু-ক্ষণ খরচ হিসাবের জন্য বরাদ্দ, দেনাদারের বাট্টা সঞ্চিতি, বোনাস শেয়ার/শেয়ার লভ্যাংশ/স্টক লভ্যাংশ, অফিসে মনিহারি/সাধার ব্যবহার, সুনামের মূল্যায়ন ইত্যাদি।

একনজরে গুরুত্বপূর্ণ অনগদ লেনদেনের উদাহরণ :

স্থায়ী সম্পত্তির অবচয়, অস্পর্শনীয় সম্পত্তির অবলোপন, প্রাকৃতিক বা ক্ষয়িষ্ণু সম্পত্তির অবক্ষয়/শূন্যীকরণ, কুক্ষণ অবলোপন, কুক্ষণ সঞ্চিতি দার্যকরণ বা কু-ক্ষণ সঞ্চিতির ব্যবস্থাকরণ বা সম্ভাব্য কু-ক্ষণ খরচ হিসাবের জন্য বরাদ্দ, দেনাদারের বাট্টা সঞ্চিতি, শেয়ার বাট্টা বা অবহার, নগদ বাট্টা (বিক্রয় বাট্টা বা প্রদত্ত বাট্টা এবং ক্রয় বাট্টা বা প্রাপ্ত বাট্টা), বোনাস শেয়ার/শেয়ার লভ্যাংশ/স্টক লভ্যাংশ, অফিসে মনিহারি/সাধার ব্যবহার, সুনামের মূল্যায়ন ইত্যাদি।

যে সকল ঘটনা লেনদেন নয় :

ব্যবসায় প্রতিষ্ঠানে এমন অনেক ঘটনা ঘটে যা লেনদেন বলে গণ্য করা যায় না কারন তা ব্যবসায়ের আর্থিক অবস্থার কোনরূপ পরিবর্তন ঘটায় না। নিম্নে এ সকল ঘটনার উদাহরণ দেওয়া হল :

ব্যবস্থাপকের মৃত্যু, ফরমায়েশ প্রদান, অর্ডার গ্রহণ, ব্যবস্থাপক (Manager) নিয়োগ দেওয়া, আলমারি ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ, মূল্যতালিকা পাঠানো, ব্যক্তিগত গাড়ি ক্রয়ের জন্য ব্যক্তিগত তহবিল থেকে টাকা উত্তোলন, গত বছরের তুলনায় এ বছর বিক্রি কম হওয়া, মজুত পণ্যের মূল্য বৃদ্ধি, অবচয়ের হার ১৫%, ব্যবস্থাপকের অবসর, ব্যবস্থাপকের অপসারণ, ব্যবসায়ের সুনামের মূল্য যা হিসাবভুক্ত হয়নি ইত্যাদি।

হিসাব নিকাশের/লেনদেন লিপিবদ্ধকরণের ভিত্তি (Basis of Accounting) :

হিসাবনিকাশের ভিত্তির ভিন্নতার কারণে সমজাতীয় ঘটনা একটি প্রতিষ্ঠানে লিপিবদ্ধ করা হয় কিন্তু অন্য প্রতিষ্ঠানে লিপিবদ্ধ করা নাও হতে পারে। হিসাবনিকাশের ভিত্তি দুই প্রকার। যথা : (১) বকেয়া ভিত্তি/প্রাপ্য-প্রদেয় ভিত্তি/উপচিতি ভিত্তি এবং (২) নগদান ভিত্তি।

১. বকেয়া ভিত্তি (Accrual Basis Accounting) : হিসাবনিকাশের বকেয়া ভিত্তির নির্দেশনা হলো- যে সকল লেনদেনসমূহ প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় সেগুলো তখনই লিপিবদ্ধ করা হয় যখন ঘটনাগুলো সংঘটিত হয়। এই ভিত্তিতে যখন আয় অর্জিত (Earned) হয় (আয় বাবদ নগদ অর্থ গ্রহণ করা না হলেও) তখনই উহা আয় হিসেবে স্বীকৃত হয়। আবার যখন ব্যয় সংঘটিত (Incurred) হয় (ব্যয় বাবদ নগদ অর্থ পরিশোধ করা না হলেও) তখনই উহা ব্যয় হিসেবে স্বীকৃত হয়। অর্থাৎ বকেয়া আয়-ব্যয়কেও আয়-ব্যয় হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। উদাহরণ: পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা যার ২০,০০০ টাকা ধারে। এখানে বকেয়া ভিত্তিতে আয় হিসাবে সম্পূর্ণ ৫০,০০০ টাকা লিপিবদ্ধ করতে হবে। কারণ বকেয়া ভিত্তি নগদ অর্থ প্রাপ্তি এবং প্রদানের সাথে সম্পর্কযুক্ত নয়।

- বকেয়া ভিত্তিতে হিসাবনিকাশের ক্ষেত্রে যখন পণ্য বিক্রয় বা সেবা প্রদান করা হয় অর্থাৎ আয় অর্জিত (Revenue Earned) হয় এবং ব্যয় সংঘটিত (Expense Incurred) হয় তখনই লিপিবদ্ধ করা হয়।
- আধুনিক হিসাবনিকাশ বকেয়া ভিত্তির উপর প্রতিষ্ঠিত।
- সর্বজন গৃহীত হিসাববিজ্ঞানের নীতিমালা (GAAP) অনুযায়ী বকেয়া ভিত্তিতে হিসাবনিকাশ করা হয়।

২. নগদান ভিত্তি (Cash Basis Accounting) : হিসাবনিকাশের নগদান ভিত্তির নির্দেশনা হলো- আয় তখনই লিপিবদ্ধ করা হয় যখন আয় বাবদ নগদ অর্থ গ্রহণ করা হয় এবং ব্যয় তখনই লিপিবদ্ধ করা হয় যখন ব্যয় বাবদ নগদ অর্থ পরিশোধ করা হয়। এই ভিত্তিতে আয় অর্জিত (Earned) হলেও আয় বাবদ নগদ অর্থ গ্রহণ করা না হলে লিপিবদ্ধ করা হয় না এবং ব্যয় সংঘটিত (Incurred) হলেও ব্যয় বাবদ নগদ অর্থ পরিশোধ করা না হলে লিপিবদ্ধ করা হয় না। উদাহরণ: পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা যার ২০,০০০ টাকা ধারে। এখানে নগদান ভিত্তিতে আয় হিসাবে ৩০,০০০ টাকা লিপিবদ্ধ করতে হবে। কারণ নগদান ভিত্তিতে নগদ অর্থ গ্রহণ/প্রাপ্তির সাথে সম্পর্কযুক্ত।

- নগদান ভিত্তিতে হিসাবনিকাশের ক্ষেত্রে শুধু নগদ প্রাপ্তি ও নগদ প্রদানের ঘটনা ঘটলেই লিপিবদ্ধ করা হয়।
- কিছু ছোট প্রতিষ্ঠান এবং সরকারি প্রতিষ্ঠান নগদান ভিত্তিতে হিসাবনিকাশ সম্পাদন করে।
- নগদান ভিত্তিতে হিসাবনিকাশ সর্বজন গৃহীত হিসাববিজ্ঞানের নীতিমালা (GAAP) এর সাথে অসামঞ্জস্যপূর্ণ।

বকেয়া ভিত্তি ও নগদান ভিত্তির তুলনামূলক পার্থক্য :

বিষয়	বকেয়া ভিত্তি	নগদান ভিত্তি
আয় লিপিবদ্ধকরণ	যখন আয় অর্জিত হয়।	যখন আয় বাবদ নগদ পাওয়া যায়।
ব্যয় লিপিবদ্ধকরণ	যখন ব্যয় সংঘটিত হয়।	যখন ব্যয় বাবদ নগদ টাকা প্রদান করা হয়।
অন্যান্য লেনদেন লিপিবদ্ধকরণ	সংঘটিত/অর্জিত হওয়া মাত্র।	নগদ অর্থের প্রাপ্তি ও প্রদান সাপেক্ষে।
হিসাববিজ্ঞান নীতির অনুসরণ	বকেয়া ভিত্তি আয় স্বীকৃতি নীতি/ব্যয় স্বীকৃতি নীতি অনুসরণ করে।	নগদান ভিত্তি আয় স্বীকৃতি নীতি/ব্যয় স্বীকৃতি নীতি/মিলকরণ/সমন্বয় নীতি অনুসরণ করে না।
GAAP-এর সাথে	সামঞ্জস্যপূর্ণ।	সামঞ্জস্যপূর্ণ নয়।

Step ② At a Glance : Most Important Information

- লেনদেন এবং ঘটনা এক নয়। প্রত্যেক লেনদেন ঘটনা কিন্তু প্রত্যেক ঘটনা লেনদেন নয়। ঘটনা প্রধানত– **দুই প্রকার (i) আর্থিক (ii) অনার্থিক।**
- অর্থ বা অর্থের মাপকাঠিতে পরিমাপ করা যায় এমন কোনো ঘটনার দ্বারা যদি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন সাধিত হয়, তবে সেটি হবে – **লেনদেন।**
- 'লেন-দেন' এর আভিধানিক অর্থ হলো– **'গ্রহণ ও দান' বা 'আদান-প্রদান'**
- সাধারণত দুটি ভিত্তিতে হিসাবনিকাশের কাজ সম্পাদন করা যেতে পারে। যথা:- (১) বকেয়া ভিত্তি/প্রাপ্য-প্রদেয় ভিত্তি/উপচিতি ভিত্তি (Accrual Basis) (২) নগদান ভিত্তি (Cash Basis)।
- হিসাববিজ্ঞানের দুটি ভিত্তির মূল পার্থক্য– **আয় ও ব্যয়ের স্বীকৃতি প্রদানে।**
- লেনদেনের সাথে যে সকল লিখিত ও বৈধ প্রমাণাদি থাকে তাকে বলে লেনদেনের– **প্রামাণ্য দলিল বা প্রমাণ পত্র।**
- বিক্রেতা ধারে পণ্য বিক্রয়ের জন্য পণ্যের পূর্ণ বিবরণ ও মূল্য পরিশোধের শর্ত ইত্যাদির বিস্তারিত বিবরণ দিয়ে ক্রেতার নিকট যে পত্র পাঠায় তাই– **চালান।**
- নগদ অর্থের আদান-প্রদান সংক্রান্ত হিসাবরক্ষণ ও নিয়ন্ত্রণের জন্য দৈনন্দিন লেনদেনের যে বিবরণী প্রস্তুত করা হয় তা– **ভাউচার।**
- নগদ ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে প্রামাণ্য দলিল হিসেবে বিক্রেতা যে ছাপানো রসিদ প্রদান করে তাকে বলে– **ক্যাশমেমো।**

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- লেনদেন সংক্রান্ত ঘটনা– **নগদ অথবা অনগদ হতে পারে এবং কখনও দৃষ্টিগোচর হয়, আবার কখনও হয় না।**
- হিসাববিজ্ঞান/হিসাবরক্ষণের মূল উপাদান হলো– **লেনদেন/আর্থিক ঘটনা।**
- প্রতিটি লেনদেন প্রভাবিত করে– **হিসাব সমীকরণকে/উদ্বৃত্ত সমীকরণকে।**
- প্রতিটি লেনদেনের ফলে প্রভাবিত হয়– **আর্থিক অবস্থা/উদ্বৃত্তপত্র/আর্থিক অবস্থার বিবরণী।**
- প্রধান ক্যাশিয়ার কর্তৃক খুচরা ক্যাশিয়ারকে টাকা প্রদান– **আন্তঃলেনদেন।**
- প্রধান ক্যাশিয়ার কর্তৃক খুচরা ক্যাশিয়ারকে বেতন প্রদান– **বহিস্থ/বাহ্যিক লেনদেন।**
- যে আইটেম গুলোর জন্য নগদ অর্থ ব্যয় হয় না– **অবচয়, অবলোপন, কু-ঋণ অবলোপন, নগদ বাট্টা, স্টক লভ্যাংশ।**
- নগদ বাট্টা (ক্রয় বাট্টা এবং বিক্রয় বাট্টা- আমেরিকান) একটি– **অনগদ লেনদেন।**
- ক্রীত পণ্য মনিহারি হিসেবে ব্যবহার এবং পেটি ক্যাশিয়ারকে টাকা প্রদান– **আন্তঃ লেনদেন।**
- শুধু নগদ অর্থের প্রাপ্তি ও প্রদান লিপিবদ্ধ করা হয়– **নগদান ভিত্তিতে**
- আয় অর্জিত ও ব্যয় সংঘটিত হলেই লেনদেন লিপিবদ্ধ করা হয়– **বকেয়া ভিত্তিতে**
- GAAP অনুসরণ করে– **বকেয়া/উপচিতি ভিত্তি**
- আয় স্বীকৃত ও ব্যয় স্বীকৃত নীতি অনুসরণ করে হিসাবনিকাশের– **বকেয়া ভিত্তি**
- বকেয়া ভিত্তিতে আয়সমূহ লিপিবদ্ধ করা হয়– **আয় অর্জিত হলে**
- বকেয়া ভিত্তিতে ব্যয়সমূহ লিপিবদ্ধ করা হয়– **ব্যয় সংঘটিত হলে**
- IFRS ও GAAP সমর্থন করে না– **নগদান ভিত্তি**

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. কোনটি লেনদেন নয়? [DU : 17-18, 09-10]
Ⓐ বাকিতে মাল ক্রয় করা হলো
Ⓑ দালানকোঠার উপর ১০% হারে অবচয় ধার্য করা হলো
Ⓒ গত মাসের বেতন বর্তমান মাসে প্রদান করা হলো
Ⓓ গত বছরের তুলনায় এ বছর বিক্রি ৭০০০ টাকা কম হয়েছে
Solve অপশন (D) তে শুধু দুই বছরের বিক্রয়ের পার্থক্য প্রকাশ করা হয়েছে, ফলে ব্যবসায়ের আর্থিক অবস্থার কোন পরিবর্তন হয়নি বলে এটি লেনদেন হিসেবে বিবেচিত হবে না। উক্ত (D) অপশন ব্যতীত সবগুলো অপশন দ্বারাই ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন হয়েছে বলে এগুলো লেনদেন বলে বিবেচিত হবে।

02. নিচের কোন খরচটির জন্য নগদ অর্থ ব্যয় হয় না? [DU : 14-15, 04-05, 03-04, 01-02]
Ⓐ বিক্রয় কমিশন Ⓑ অগ্রিম প্রদত্ত বিমা Ⓒ বেতন
Ⓓ ভাড়া Ⓔ অবচয়
Solve অবচয় হচ্ছে সম্পত্তি ব্যবহার জনিত ক্ষতি এবং এটি একটি ব্যয় বন্টন/ক্রয় মূল্য বন্টন/অর্জন মূল্য বন্টন প্রক্রিয়া। অবচয় একটি আঙ্ক, অনগদ এবং অদৃশ্যমান লেনদেন এর জন্য কোন নগদ অর্থের ব্যয় হয় না।

03. বকেয়া আয় হলো- [DU : 13-14]
Ⓐ অর্জিত হওয়ার পূর্বে দায় হিসাবে গ্রহণ করা এবং লিপিবদ্ধ করা হয়
Ⓑ গ্রহণ করার পূর্বে দাম হিসাবে অর্জিত এবং লিপিবদ্ধ হয়
Ⓒ অর্জিত হিসেবে দেখানো হয়েছে এবং লিপিবদ্ধ হয়েছে যদিও এখনওগ্রহণ করা হয় নি
Ⓓ খরচ হিসেবে লিপিবদ্ধ করা হয়েছে
Ⓔ অর্জিত হিসাবে দেখানো হয় যা ইতোমধ্যে অর্জিত হয়েছে এবং লিপিবদ্ধ করা হয়েছে
Solve যে আয় অর্জিত হয়েছে এবং লিপিবদ্ধ হয়েছে কিন্তু এখনও নগদ গ্রহণ করা হয়নি তাই বকেয়া আয়।

04. নিচের কোন ঘটনাটি হিসাববিজ্ঞানে লিপিবদ্ধ হয় না? [DU : 13-14]
Ⓐ ধারে যন্ত্রপাতি ক্রয় Ⓑ একজন কর্মচারী চাকুরিচ্যুত হলে
Ⓒ ব্যবসায় নগদ বিনিয়োগ Ⓓ মালিক কর্তৃক ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন
Ⓔ ধারে বিক্রয়
Solve যে সকল ঘটনা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার সাথে সম্পর্কিত বা আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায়, সেগুলোকে লেনদেন বলা হয়। আর লেনদেনগুলো হিসাববিজ্ঞানে লিপিবদ্ধ করা হয়। একজন কর্মচারীকে চাকুরিচ্যুত করা হলে সরাসরি কোনরূপ আর্থিক অবস্থার পরিবর্তন সাধিত হয় না। ফলে এ ঘটনাটি হিসাববিজ্ঞানে লিপিবদ্ধ করা হয় না।

05. নিচের কোন ঘটনাটি লেনদেন নয়? [DU : 12-13]
Ⓐ হিসাবকালের অপরিশোধিত বেতন
Ⓑ সেবাদান হতে আয় যা অর্জিত হয়েছে, কিন্তু পাওয়া যায়নি
Ⓒ মজুতপণ্যের মূল্য বৃদ্ধি
Ⓓ দুর্ঘটনায় নষ্ট হওয়া পণ্য
Ⓔ হিসাবকালের জন্য-উপযোগমূলক কাজের বিল, যা পাওয়া গেছে কিন্তু পরিশোধ করা হয়নি
Solve এখানে, মজুতপণ্যের মূল্য বৃদ্ধিকে লেনদেন হিসেবে ধরা হয় না। একে Unrealized Gain হিসেবে দেখানো হয়ে থাকে। কারণ মজুতপণ্য মূল্যায়নে রক্ষণশীলতার নীতি অনুসারে ক্রয়মূল্য ও বাজার মূল্যের যেটি কম সেটি বিবেচনা করা হয়। মূল্য বৃদ্ধিকে হিসাবে দেখানো হয় না।

06. কোনটি লেনদেন নয়? [DU : 11-12]
Ⓐ গ্রাহকের নিকট হতে অগ্রিম গ্রহণ ৫০,০০০ টাকা
Ⓑ এই বছরে ৮,০০০ টাকার মালামাল অপব্যয়িত (Wastage)
Ⓒ মাসিক ৩০,০০০ টাকায় একজন ব্যবস্থাপক নিয়োগ করা হয়
Ⓓ ১০,০০০ টাকার সেবা প্রদান করা হলো কিন্তু বিল করা হয়নি
Ⓔ পরবর্তী মাসে পণ্য সরবরাহের জন্য চুক্তি সম্পন্ন করা হলো এবং ১,০০,০০০ টাকা জমা দেওয়া হলো
Solve কোনো ঘটনাকে লেনদেন হতে হলে একে লেনদেনের প্রধান বৈশিষ্ট্যগুলোর যে কোনোটির অন্তর্ভুক্ত হতে হয়। বৈশিষ্ট্যগুলো হলো, অর্থের অঙ্কে পরিমাপযোগ্য, আর্থিক অবস্থার পরিবর্তন, দ্বৈত সত্তা, স্বয়ংসম্পূর্ণ ও স্বতন্ত্র, দৃশ্যমানতা, অদৃশ্যমানতা প্রভৃতি। প্রদত্ত Option গুলোর মধ্যে 'C' Option এর লেনদেনের কোনো বৈশিষ্ট্যের আওতায় আসে না। অর্থাৎ, এর দ্বারা আর্থিক অবস্থার কোনো পরিবর্তন হয় নাই।

07. কোন আইটেমটির জন্য নগদ অর্থ প্রবাহ হবে না? [DU : 09-10]
Ⓐ লভ্যাংশ প্রদান Ⓑ পাওনাদারের দাবি পরিশোধ
Ⓒ বিমা প্রিমিয়াম প্রদান Ⓓ কু-ঋণ অবলোপন
Ⓔ অগ্রিম প্রদত্ত ভাড়া
Solve অনগদ লেনদেন সমূহ: স্থায়ী সম্পত্তির অবচয় ধার্যকরণ, অস্পর্শনীয় সম্পত্তির অবলোপন ধার্যকরণ, প্রাকৃতিক সম্পত্তির (অবক্ষয়) বা শূণ্যীকরণ ধার্যকরণ, **কুঋণ অবলোপন**, কু-ঋণের জন্য ভবিষ্যত ব্যবস্থা গঠন, নগদ বাট্টা, স্থায়ী সম্পদের বিক্রয়জনিত লাভ/ক্ষতি, শেয়ার অবহার বা বাট্টা, ঋণপত্র অবহার বা বাট্টা, বোনাস শেয়ার (স্টক লভ্যাংশ) প্রদান ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

08. ডিসেম্বর ১৫, ২০০৮ তারিখে উত্তরা কোম্পানি জনৈক খরিদ্দারের নিকট থেকে ডিসেম্বর ২৮, ২০০৮ তারিখে সম্পাদনের জন্য একটি কার্যাদেশ পেল। আগেই অনেক কার্যাদেশ জমা পড়ে থাকায় জানুয়ারি ৩,২০০৯ তারিখের পূর্বে কোম্পানি কার্যটি সম্পন্ন করতে পারল না। উক্ত খরিদ্দার সম্পাদিত কাজের জন্য জানুয়ারি ৬, ২০০৯ তারিখে একটি চেক পাঠাল, ৮ জানুয়ারি ২০০৯ তারিখে উত্তরা কোম্পানি চেকটি পেল এবং ১০ তারিখে তা ভাঙিয়ে নিল। এক্ষেত্রে উত্তরা কোম্পানি কখন সেবা-আয় হিসাবভুক্ত করবে? [DU : 09-10]

Ⓐ ডিসেম্বর ১৫, ২০০৮ Ⓑ ডিসেম্বর ২৮, ২০০৮ Ⓒ জানুয়ারি ৩, ২০০৯
Ⓓ জানুয়ারি ৮, ২০০৯ Ⓔ জানুয়ারি ১০, ২০০৯

Solve কার্যাদেশ পাওয়ার পর লেনদেন বা কাজটি যখন সম্পাদিত হয় তখন দেনা-পাওনার সৃষ্টি হয়। এ কারণে লেনদেনটি যখন সম্পাদিত হয় তখনই লিপিবদ্ধ করা হয় হিসাববিজ্ঞানের বকেয়া ভিত্তি অনুসারে। এখানে ৩ জানুয়ারি ২০০৯ তারিখে কার্যটি সম্পাদিত হয়েছে, তাই উক্ত তারিখেই কোম্পানিটি তার আয়-ব্যয় হিসাবে লেনদেনটি লিপিবদ্ধ করবে।

09. কোন খরচটির জন্য নগদ অর্থ ব্যয় হয় না? [DU : 08-09]

Ⓐ বেতন Ⓑ ভাড়া Ⓒ বিমা প্রিমিয়াম
Ⓓ কমিশন Ⓔ অবলোপন

Solve দৃশ্যমান স্থায়ী সম্পত্তির অবচয়, অদৃশ্যমান স্থায়ী সম্পত্তির অবলোপন এবং প্রাকৃতিক সম্পত্তির অবক্ষয় বা শূণ্যীকরণ অনগদ লেনদেন হিসেবে ধরা হয়।

10. কোনটি অভ্যন্তরীণ লেনদেনের উদাহরণ? [DU : 07-08]

Ⓐ সম্পত্তি ক্রয় Ⓑ দায় পরিশোধ Ⓒ সেবা প্রদান
Ⓓ অফিস মনিহারি দ্রব্য ব্যবহার Ⓔ খরচ পরিশোধ

Solve যে সকল লেনদেনের দুটি পক্ষের সাথে কোন বাহ্যিক পক্ষ জড়িত নয়, শুধু অভ্যন্তরীণ পক্ষ জড়িত তাদেরকে অভ্যন্তরীণ লেনদেন বলা হয়। যেমন: সম্পত্তির অবচয়, পূর্বে ক্রীত কোনো সম্পত্তি ব্যবহার ইত্যাদি।

11. নিচের কোনটি লেনদেনের বৈশিষ্ট্য নয়? [DU : 03-04]

Ⓐ অর্থের মূল্যে পরিমাপযোগ্য Ⓑ কেবল মুনাফা নির্দেশ করে
Ⓒ কমপক্ষে দুটি পক্ষ জড়িত Ⓓ আর্থিক অবস্থার পরিবর্তন সাধন করে
Ⓔ সবগুলোই

Solve অপশন (B) বাদে সবগুলো অপশনই (A, C, D) লেনদেনের বৈশিষ্ট্যের অন্তর্ভুক্ত। (B) কোনো বৈশিষ্ট্য হতে পারে না, কারণ- লেনদেন দ্বারা আর্থিক অবস্থার পরিবর্তন (লাভ বা লোকসান যে ভাবেই হোক) হতে পারে।

12. নিচের কোন ঘটনাটি লেনদেন নয়? [DU : 99-00]

Ⓐ আহমেদ ৫,০০,০০০ টাকা দিয়ে কারবার শুরু করল
Ⓑ সে ১০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করল
Ⓒ সে ২৫,০০০ টাকার পণ্য সরবরাহের ফরমায়েশ গ্রহণ করল
Ⓓ সে ম্যানেজারকে ১০,০০০ টাকা বেতন প্রদান করল

Solve কোনো ঘটনাকে লেনদেন হতে হলে একে লেনদেনের প্রধান বৈশিষ্ট্যগুলোর যে কোনোটির অন্তর্ভুক্ত হতে হয়। বৈশিষ্ট্যগুলো হলো, অর্থের অঙ্কে পরিমাপযোগ্য, আর্থিক অবস্থার পরিবর্তন, দ্বৈত স্বত্তা, স্বয়ংসম্পূর্ণ ও স্বতন্ত্র, দৃশ্যমানতা, অদৃশ্যমানতা প্রভৃতি। প্রদত্ত Option গুলোর মধ্যে (C) Option এর ঘটনাটি লেনদেনের প্রধান কোনো বৈশিষ্ট্যের আওতায় আসে না। অর্থাৎ এর দ্বারা আর্থিক অবস্থার কোনো পরিবর্তন হয় নাই।

13. নিচের কোনটিকে আন্তঃলেনদেন হিসেবে চিহ্নিত করা যায় [DU : 97-98]

Ⓐ ম্যানেজারকে বেতন প্রদান Ⓑ রহিমের নিকট হতে ধারে পণ্য ক্রয়
Ⓒ যন্ত্রপাতির অবচয় ধার্য করা Ⓓ সবগুলো

Solve যে সকল লেনদেনের সাথে বাহিরের কোনো পক্ষ জড়িত থাকে না সে সকল লেনদেনই আন্তঃ লেনদেনে যেমন- অবচয়, অবলোপন, অবক্ষয়, নিট মুনাফা হতে সঞ্চিতিতে স্থানান্তর, সঞ্চারের ব্যবহার, প্রধান ক্যাশিয়ার কর্তৃক খুচরা ক্যাশিয়ারকে প্রদান ইত্যাদি।

14. লেনদেন বলতে= [DU : 97-98, 91-92]

Ⓐ কোনো দেনা বুঝায়
Ⓑ কোনো পরিসম্পদ বুঝায়
Ⓒ অর্থের মাপকাঠিতে নিরূপণযোগ্য কোনো ঘটনা বুঝায়
Ⓓ কোনো ঘটনা বুঝায়

Solve লেনদেন বলতে অর্থ বা অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য ঘটনার দ্বারা আর্থিক অবস্থার পরিবর্তন সাধিত হওয়াকে বুঝায়।

15. হিসাবরক্ষণের বকেয়া পদ্ধতিতে [DU : 97-98]

Ⓐ প্রাপ্তি ও খরচ যখন সংঘটিত হয় তখনই লিপিবদ্ধ করা হয়
Ⓑ প্রাপ্তি ও খরচ যখন প্রদান করা হয় তখনই লিপিবদ্ধ করা হয়
Ⓒ যখন সেবা প্রদান বা দ্রব্য বিক্রয় এবং খরচ সংঘটিত হয় তখনই লিপিবদ্ধ করা হয়
Ⓓ যখন সেবা প্রদান অথবা দ্রব্য বিক্রয় হয় এবং খরচ প্রদান করা হয় তখন লিপিবদ্ধ করা হয়

Ans(C)

16. নগদান ভিত্তিতে হিসাবরক্ষণ বলতে বোঝায়= [DU : 97-98]

Ⓐ সকল লেনদেন নগদে সংঘটিত হবে
Ⓑ নগদ অর্থের আদান প্রদান হলেই লেনদেন হিসাবে লিপিবদ্ধ করা হবে
Ⓒ সকল লেনদেন কে নগদ অর্থে মূল্যায়ন করা
Ⓓ নগদান বহি সংরক্ষণ করা

Solve লেনদেন লিপিবদ্ধকরণের দুটি ভিত্তি বা পদ্ধতি প্রচলিত আছে (i) বকেয়া ভিত্তি অনুযায়ী লেনদেন সংঘটিত হওয়া মাত্রই লিপিবদ্ধ করতে হ এবং (ii) নগদান ভিত্তি অনুযায়ী কেবল নগদ অর্থের আদান-প্রদান বা বিনিম হলেই লেনদেনসমূহ হিসাবভুক্ত বা লিপিবদ্ধ করতে হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. অবচয় ধার্য করা ও কু-ঋণ সঞ্চিতি সৃষ্টি করা-লেনদেন দুটি কোন ধরনে লেনদেনের অন্তর্ভুক্ত? [JU : 19-20]

Ⓐ অদৃশ্যমান ও অব্যবসায়িক লেনদেন Ⓑ অদৃশ্যমান ও আন্তঃলেনদেন
Ⓒ অদৃশ্যমান ও ধারে লেনদেন Ⓓ দৃশ্যমান ও বহিঃলেনদেন

Solve অবচয় ধার্য এবং কু-ঋণ সঞ্চিতি সৃষ্টি দুটি লেনদেনই অদৃশ্যমান লেনদেন এবং যেহেতু এটি ব্যবসায়ের অভ্যন্তরীণ ঘটনা, সেহেতু এ দুটি লেনদেন আন্তঃলেনদেন।

02. কোন লেনদেনের জন্য নগদ অর্থ ব্যয় হবে? [JU : 19-20]

Ⓐ অবচয় Ⓑ পূর্বে প্রদত্ত ভাড়া Ⓒ অবলোপন Ⓓ নগদ বাট্টা

Solve অবচয়, অবলোপন, নগদ বাট্টা, কু-ঋণ ইত্যাদি অনগদ ব্যয় এর ফলে কোনো নগদ বহিঃপ্রবাহ ঘটে না। তাই option-গুলোর মধ্যে পূর্বে প্রদত্ত ভাড়া দ্বারা নগদ অর্থ ব্যয় বুঝায়।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. X- কোম্পানি ১০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ধারে ক্রয় করে। এই লেনদেনটি প্রভাবিত করে - [RU-B : 20-21]

Ⓐ কেবল আয়-বিবরণীতে
Ⓑ কেবল উদ্বৃত্তপত্রে
Ⓒ আয় বিবরণীতে ও মালিকের স্বত্ব বিবরণীতে
Ⓓ আয় বিবরণীতে, মালিকের স্বত্ব বিবরণীতে ও উদ্বৃত্তপত্রে

Solve ধারে মেশিন ক্রয়ের ফলে মেশিন নামক সম্পদ বাড়বে এবং মেশিন সরবরাহকারী (পাওনাদার) নামক দায় বাড়বে তাই এটি শুধু উদ্বৃত্তপত্রকে প্রভাবিত করবে।

02. কোনটি বহিঃলেনদেনের উদাহরণ নয়? [RU : 19-20]

Ⓐ কর্মচারীর বেতন প্রদান Ⓑ ইকুইপমেন্ট ক্রয়
Ⓒ ইকুপমেন্ট এর অবচয় Ⓓ প্রাপ্য হিসাব আদায়

Solve অবচয়, কু-ঋণ, সাপ্লাইজ বা মনিহারি ব্যবহার, প্রধান ক্যাশিয়ার কর্তৃক খুচরা ক্যাশিয়ারকে অর্থ প্রদান ইত্যাদি অভ্যন্তরীণ লেনদেনের উদাহরণ।

CamScanner

03. ঘটনা না হয়েও লেনদেন কোনটি? [RU : 17-18]
Ⓐ কারবারি বাট্টা Ⓑ পরিচালক নিয়োগ
Ⓒ কু-ঋণ সঞ্চিতি Ⓓ কোনোটিই নয় Ans Ⓒ

04. অবচয় কোন ধরনের লেনদেন- [RU : 14-15, 04-05]
Ⓐ দৃশ্যমান লেনদেন Ⓑ বহিঃলেনদেন
Ⓒ অনগদ লেনদেন Ⓓ ব্যক্তিগত লেনদেন
Solve C অবচয়ের দ্বারা নগদ কোন অর্থ ব্যয় হয় না তাই এটি একটি অনগদ লেনদেন। এছাড়াও অবচয়কে আন্তঃ এবং অদৃশ্যমান লেনদেন হিসাবে গণ্য করা হয়।

05. অ-নগদ (Non-Cash) লেনদেন- [RU : 12-13]
Ⓐ ধারে যন্ত্রপাতি ক্রয় Ⓑ অনাদায়ী দেনা
Ⓒ মাল ক্রয় Ⓓ বেতন প্রদান
Solve B এখানে অনাদায়ী দেনা অনগদ লেনদেন। কারণ দেনাদারের নিকট থেকে যে পরিমাণ অর্থ আর পাওয়া যাবে না সেটিই অনাদায়ী দেনা।

06. যন্ত্রপাতির অবচয় একটি– [RU : 11-12]
Ⓐ নগদ লেনদেন Ⓑ বহিঃলেনদেন
Ⓒ বাকি লেনদেন Ⓓ আন্তঃলেনদেন
Solve D যন্ত্রপাতির উপর অবচয় ধার্য করা হয়- এর মোট ব্যয়কে আয়ুকালের মধ্যে বণ্টন করার জন্য। এই লেনদেনের ফলে কোনো বহিঃপ্রবাহ হয় না। সুতরাং এটি একটি আন্তঃলেনদেন।

07. যে ঘটনাটি লেনদেন হিসেবে বিবেচিত হয় না- [RU : 11-12, 05-06]
Ⓐ পণ্য পরিবহন বাবদ ব্যয় ৫০ টাকা
Ⓑ বিজ্ঞাপন বাবদ অগ্রিম ব্যয় ১০০ টাকা
Ⓒ ২০০ টাকার পণ্য ক্রয়ের জন্য অর্ডার প্রদান Ⓓ ধারে পণ্য বিক্রয়
Solve C (C) অর্ডার প্রদান করলে কারবারে কোনো আর্থিক অবস্থার পরিবর্তন হয় না। এটি ছাড়া বাকিগুলো লেনদেনের বৈশিষ্ট্য অনুযায়ী সংঘটিত হয়েছে।

08. হিসাবরক্ষণের মূল উপাদান- [RU : 08-09; BRUR : 15-16]
Ⓐ জাবেদা Ⓑ লেনদেন
Ⓒ খতিয়ান Ⓓ চূড়ান্ত হিসাব
Solve B প্রতিষ্ঠানের যাবতীয় লেনদেনের সুষ্ঠু হিসাব রাখার জন্য হিসাবরক্ষণের উৎপত্তি। সুতরাং, হিসাবরক্ষণের মূল উপাদান লেনদেন।

09. নিচের কোনটি লেনদেন নয়- [RU : 08-09, 05-06]
Ⓐ যন্ত্রপাতির অবচয় ১,৫০০ টাকা
Ⓑ যন্ত্রপাতির মেরামত ব্যয় ১,৫০০ টাকা
Ⓒ যন্ত্রপাতির সংস্থাপন ব্যয় ১,৫০০ টাকা
Ⓓ যন্ত্রপাতির অবচয় হার ১৫%
Solve D (A) এর দ্বারা অবচয় (ব্যয়) বৃদ্ধি ও যন্ত্রপাতি (সম্পদ) হ্রাস বুঝায়। (B) এর দ্বারা মেরামত (ব্যয়) বৃদ্ধি পেয়েছে এবং নগদ (সম্পত্তি) হ্রাস পেয়েছে। (C) এর দ্বারা যন্ত্রপাতি (সম্পত্তি) বৃদ্ধি পেয়েছে এবং নগদ (সম্পত্তি) হ্রাস পেয়েছে। (D) এর দ্বারা আর্থিক অবস্থার কোনো পরিবর্তন হয়নি। সুতরাং যন্ত্রপাতির অবচয় হার ১৫% যা কোন লেনদেন নয় কিন্তু অবচয় ধার্য করা হলে তখন এটি লেনদেন হবে।

10. ঘটনা ও লেনদেন সম্পর্কে যে বিবরণটি সত্য নয়- [RU : 05-06]
Ⓐ সকল লেনদেন ঘটনা
Ⓑ সব ঘটনাই লেনদেন
Ⓒ সকল লেনদেন ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন করে
Ⓓ লেনদেনগুলো অর্থের মাপকাঠিতে পরিমাপ করা যায়
Solve B সব লেনদেন ঘটনা কিন্তু সব ঘটনা লেনদেন নয়। কারণ- ঘটনা অহরহ ঘটে এবং ঘটনাকে লেনদেন হতে হলে কিছু বৈশিষ্ট্য মেনে চলতে হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি লেনদেন নয়? [CU-C : 20-21]
Ⓐ বেতন ২,০০০ টাকা বকেয়া রয়েছে Ⓑ অগ্রিম বিমা প্রদান ৬০০০ টাকা
Ⓒ ব্যক্তিগত উত্তোলন ১,০০০ টাকা Ⓓ মজুতপণ্যের মূল্য বৃদ্ধি
Ⓔ সেবা দান থেকে আয় ৬০০ টাকা
Solve D অন্য সকল ঘটনার কারণে ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেছে এবং অর্থের অঙ্কে পরিমাপযোগ্য। কিন্তু মজুতপণ্যের মূল্য বৃদ্ধিতে কোনোরূপ আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেনি। এটি নিতান্তই একটি ঘটনা।

02. নিচের কোনটি লেনদেনের বৈশিষ্ট্য? [CU-C : 20-21]
Ⓐ অর্থের মূল্যে পরিমাপযোগ্য Ⓑ কমপক্ষে দু'টি পক্ষ জড়িত
Ⓒ আর্থিক অবস্থার পরিবর্তন সাধন করে Ⓓ A, B এবং C সবগুলো
Ⓔ কোনোটিই নয়
Solve D ব্যবসায়ে বা কারবারে লেনদেনের বৈশিষ্ট্যসমূহ হলো :
i. কমপক্ষে দুটি পক্ষ জড়িত ii. অর্থের মূল্যে পরিমাপযোগ্য
iii. আর্থিক অবস্থার পরিবর্তন সাধন iv. সামঞ্জস্যতা ও স্বয়ংসম্পূর্ণতা
v. প্রামাণ্য দলিল vi. ইতিবৃত্তীয় ঘটনা ইত্যাদি।

03. একটি ঘটনা লেনদেন হবে যখন–[CU : 19-20]
Ⓐ মোট সম্পদ বাড়লে এবং মোট দায় অথবা মালিকানাস্বত্ব কমলে
Ⓑ মোট সম্পদ কমলে এবং মোট দায় অথবা মালিকানাস্বত্ব বাড়লে
Ⓒ একটি সম্পদ বাড়লে এবং অপর একটি সম্পদও বাড়লে
Ⓓ একটি সম্পদ বাড়লে এবং অপর একটি সম্পদ কমলে
Ⓔ মোট সম্পদ মোট দায় কমলে এবং মালিকানাস্বত্ব বাড়লে
Solve D Option (D) ই কেবল লেনদেনের ফলাফল হতে পারে। কারণ Option (A) মোট সম্পদ বাড়লে অবশ্যই মোট দায় বা মালিকানা স্বত্ব বাড়বে। Option (B) মোট সম্পদ কমলে অবশ্যই মোট দায় বা মালিকানা স্বত্ব কমবে। Option (C) একইসাথে দুটি সম্পদ কখনও বৃদ্ধি পেতে পারে না। Option (E) মোট সম্পদ কমলে মোট দায় কমবে বা মালিকানা স্বত্ব কমবে।

04. নিচের কোনটি লেনদেন? [CU : 19-20]
Ⓐ ধন্যবাদ প্রদান Ⓑ মালের অর্ডার প্রদান Ⓒ চিঠি প্রদান
Ⓓ বার্ষিক প্রতিবেদন প্রদান Ⓔ কোনোটিই নয়
Solve E Option A, B, C, D কোনোটির ফলেই ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটেনি। যার ফলে কোনোটিই লেনদেন নয়।

05. বকেয়া ভিত্তি ধারণা (Accrual Concept) অনুযায়ী খরচ রেকর্ড করা হয়: [CU : 17-18]
Ⓐ যখন খরচের পরিকল্পনা করা হয় Ⓑ যখন চালান পাওয়া যায়
Ⓒ যখন খরচ সংঘটিত হয় (Incurred) Ⓓ যখন খরচ পরিশোধ করা হয়
Ⓔ সবক্ষেত্রে Ans Ⓒ

06. নিম্নের কোনটি লেনদেন? [CU : 17-18]
Ⓐ কাঁচামালের বাজারদর যাচাই
Ⓑ মাসিক ৫০০ টাকা বেতনে দুজন নিরাপত্তা প্রহরী নিয়োগ
Ⓒ কোম্পানির হিসাবরক্ষকের অকালমৃত্যু
Ⓓ শ্রমিক কর্মী ছাঁটাই
Ⓔ কর্মচারীদের বেতন পরিশোধ ১,০০০ টাকা
Solve E কর্মচারীদের বেতন পরিশোধ করার ফলে আর্থিক অবস্থার পরিবর্তন হয়েছে।

07. নিম্নের কোনটি লেনদেন নয়? [CU : 16-17]
Ⓐ রহিমের নিকট হতে ২,০০০ টাকার ধারে পণ্য ক্রয় করা হলো
Ⓑ মালিকের ছেলেকে ৫০০ টাকার উপহার দেওয়া হলো
Ⓒ সেলিমকে মাসে ২,০০০ টাকা বেতনে নিয়োগ দেওয়া হলো
Ⓓ অগ্রিম বিমা প্রদান করা হলো ৬,০০০ টাকা
Ⓔ বেতন ২,০০০ টাকা অবচয় কত হবে?
Solve C সেলিমকে ২,০০০ টাকা বেতনে নিয়োগের ফলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার কোনো পরিবর্তন হয়নি, তাই এটি লেনদেন নয়।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৬৪. নিচের কোনটি লেনদেন নয়? [CU : 15-16]

Ⓐ প্রতিষ্ঠানের জন্য যন্ত্রপাতি ক্রয় Ⓑ প্রদত্ত হিসাবের অনাদায়
Ⓒ বেতন পরিশোধ Ⓓ পুরাতন আসবাবপত্র বিক্রয়
Ⓔ হিসাব সহকারী পদের জন্য তিনজন প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ

Solve কোনো ঘটনা লেনদেন হতে হলে আর্থিক অবস্থার পরিবর্তন হতে হবে। কিন্তু হিসাব সহকারী পদের জন্য তিনজন প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ করলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার কোনো পরিবর্তন হয় না। সুতরাং এটি লেনদেন নয়।

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

৬১. কোনটি লেনদেন নয়? [CRPT : 21-22]

Ⓐ অফিস ভাড়া প্রদান Ⓑ মেসার্স ক্রয়ক একজন কর্মী নিয়োগ
Ⓒ গ্রাহকের নিকট অগ্রিম পণ্যদ্রব্য প্রদান Ⓓ অগ্রিম বীমার ১ মাস মেয়াদ উত্তীর্ণ

Solve মেসার্স ক্রয়ক একজন কর্মী নিয়োগ, পণ্য ক্রয়ের অর্ডারপত্র প্রদান, বিক্রয় বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ, ব্যাংক ম্যানেজারের মৃত্যু, সুদাম মূল্যায়ন এই ঘটনাগুলো লেনদেন নয়।

৬২. নিচের কোনটি অদৃশ্যমান লেনদেন? [BRUR : 19-20]

Ⓐ ইজারা সম্পত্তি অবলোপন Ⓑ অবচয় ধার্য
Ⓒ অনাদায়ী পাওনা ধার্য Ⓓ নগদে আসবাবপত্র ক্রয়

Solve অবলোপন, অবচয়, অনাদায়ী পাওনা ধার্য, সুনাম ক্রয়, অপব্যয়ের বীমা ইত্যাদি অদৃশ্যমান লেনদেন।

৬৩. প্রথম কাশিয়ার কর্তৃক দ্বিতীয় কাশিয়ারকে টাকা প্রদান করা হলে, উহা কী ধরনের লেনদেন? [JKKNIU : 17-18]

Ⓐ দৃশ্যমান Ⓑ নগদ
Ⓒ অদৃশ্যমান Ⓓ সবগুলোই **Ans(D)**

৬৪. কোনটি অদৃশ্য লেনদেন নয়? [JU : 16-17]

Ⓐ ছুটি সম্পর্কিত অবচয় Ⓑ প্রদত্ত বিলম্বের ধার্যকৃত
Ⓒ ব্যবসায়ে ৫,০০০ টাকা নগদ প্রদত্ত হলো Ⓓ বিজ্ঞাপন বাবদ পণ্য বিক্রয়

Solve ব্যবসায়ে ৫,০০০ টাকা নগদ প্রদানের ফলে প্রতিষ্ঠান থেকে ৫,০০০ টাকা নগদ সম্পদ হ্রাস পায়। যার জন্যে এটি অদৃশ্য লেনদেন নয়।

৬৫. নগদ অগ্রিম প্রদান- [JKKNIU : 16-17]

Ⓐ নগদ লেনদেন Ⓑ বাকি লেনদেন
Ⓒ লেনদেন নয় Ⓓ বহিস্থ লেনদেন

Solve নগদ অগ্রিম প্রদান একটি বাকি ও আন্তঃলেনদেন।

৬৬. ব্যয়ের জন্য যে দুটি দিকের সাথে সাথে হিসাবভুক্ত করা হয় হিসাববিজ্ঞানের কোন ভিত্তিতে? [JU : 16-17]

Ⓐ নগদ Ⓑ বাকি Ⓒ অর্থের Ⓓ অর্থিক

Solve হিসাববিজ্ঞানের বাকি ভিত্তি অনুসারে আয় ও ব্যয় যখন সংঘটিত হয় সাথে সাথে হিসাবভুক্ত করতে হয়। ব্যয় যদি বাকিতে থাকে তাহলে তা দায় হয়।

৬৭. যখনই নগদ টাকা গ্রহণ করা হয় তখনই আয় বলে গণ্য করা হয় কোন ধারণায়? [JU : 16-17]

Ⓐ Entity Concept Ⓑ Fund Concept
Ⓒ Cash Basis Account Ⓓ Accrual Basis Account

Solve যখন কোনো টাকা গ্রহণ করা হয় তখনই আয় বলে গণ্য করা হয় Cash Basis Account ধারণাতে। এ ধারণা অনুযায়ী লেনদেন হিসাবভুক্ত করা হয় কেবল তখনই যখন নগদ টাকা গ্রহণ বা প্রদান করা হয়। এটি হিসাববিজ্ঞানের নয় এবং GAAP কর্তৃক স্বীকৃত নয়।

৬৮. নিচের কোনটি লেনদেন? [JU : 15-16]

Ⓐ মূল হিসাবের অবলোপন ধার্য Ⓑ সম্ভাব্য দায়
Ⓒ প্রতিষ্ঠানের জন্য কর্মী নিয়োগ Ⓓ মূল ব্যয়ের জন্য অগ্রিম প্রদান

Solve কোনো ঘটনা লেনদেন হতে হলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হতে হবে। মূল ব্যয়ের জন্য অগ্রিম প্রদানের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হয়। সুতরাং এটি লেনদেন।

৬৯. নিচের কোনটি লেনদেন নয়? [BU : 15-16, 13-14]

Ⓐ পণ্য ক্রয় Ⓑ আসবাবপত্র ক্রয়
Ⓒ মালিকের মৃত্যু Ⓓ সাধারণ খরচ

Solve মালিকের মৃত্যু কোনো লেনদেন নয়। কারণ, এ ঘটনার ফলে প্রত্যক্ষ ভাবে ব্যবসায়ে কোনো আর্থিক অবস্থার পরিবর্তন হয় নাই।

১০. কোনটি অদৃশ্যমান লেনদেন নয়? [JKKNIU : 15-16]

Ⓐ অবলোপন Ⓑ বাট্টাকরণ
Ⓒ অবচয় Ⓓ A + C

Solve অবলোপন ও অবচয় অদৃশ্যমান লেনদেন। কিন্তু বাট্টাকরণ দৃশ্যমান লেনদেন।

১১. যে ঘটনাটি লেনদেন হিসেবে বিবেচিত হয় না- [MBSTU : 15-16]

Ⓐ ধারে পণ্য ক্রয় Ⓑ ধারে পণ্য বিক্রয়
Ⓒ অগ্রিম সেবা প্রদান Ⓓ ৫,০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ

Solve কোনো ঘটনা লেনদেন হতে হলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হতে হয়। ৫০০০ টাকা বেতনে একজন কর্মচারী নিয়োগ দিলে আর্থিক অবস্থার কোনো পরিবর্তন হয় না। সুতরাং এটি লেনদেন নয়।

১২. প্রতিটি লেনদেন কী দ্বারা পরিমাপযোগ্য? [JU : 13-14]

Ⓐ চেকে Ⓑ আর্থিক মূল্যে
Ⓒ কাল্পনিক মূল্যে Ⓓ ওজনে

Solve লেনদেনের একটি প্রধান বৈশিষ্ট্য হলো, যে কোনো ঘটনা লেনদেন হতে হলে আর্থিক মূল্যে পরিমাপযোগ্য হতে হয়।

১৩. মালিক কর্তৃক ব্যবসায়ে বিনিয়োগ- [BRUR : 13-14]

Ⓐ অচেনা লেনদেন Ⓑ অদৃশ্যমান লেনদেন
Ⓒ আন্তঃলেনদেন Ⓓ বহিস্থ লেনদেন

Solve মালিক কর্তৃক ব্যবসায়ে বিনিয়োগ একটি আন্তঃলেনদেনের উদাহরণ।

১৪. নিচের কোনটি ব্যবসায়িক লেনদেন নয়? [BU : 13-14]

Ⓐ মালিক কর্তৃক বিনিয়োগ Ⓑ ৫০,০০০ টাকা মূল্যের সম্পত্তি ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ
Ⓒ মালিক উপযোগ Ⓓ নিয়োগকৃত কর্মচারীকে অগ্রিম প্রদান

Solve ৫০,০০০ টাকা মূল্যের সম্পত্তি ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ কোনো ব্যবসায়িক লেনদেন নয়। কারণ, এ সিদ্ধান্ত গ্রহণের ফলে কোনো প্রকার আর্থিক অবস্থার পরিবর্তন হয় নাই।

১৪. হিসাববিজ্ঞানের ইনপুট ও আউটপুট কী? [PUST : 11-12; CU : 11-12; JnU : 05-06]

Ⓐ জাবেদা ও খতিয়ান Ⓑ সুবিধা লাভ ও ত্যাগ
Ⓒ প্রাপক ও দাতা Ⓓ লেনদেন ও আর্থিক বিবরণী

Solve (A) জাবেদা ও খতিয়ান হিসাবরক্ষণ কাজে ব্যবহৃত দুটি হিসাব বই (B) সুবিধা লাভ ও ত্যাগ কখনও ইনপুট ও আউটপুট হতে পারে না। (C) প্রাপক ও দাতা লেনদেনের দুটি পক্ষ অতএব (D) লেনদেন হিসাববিজ্ঞানের মূল উপাদান এর পরিসমাপ্তি ঘটে আর্থিক বিবরণী তৈরির মাধ্যমে। সুতরাং, লেনদেন ও আর্থিক বিবরণী হলো সঠিক উত্তর।

১৬. বাকিতে পণ্য ক্রয় একটি? [JU : 11-12]

Ⓐ আন্তঃলেনদেন Ⓑ বহিঃলেনদেন
Ⓒ নগদ লেনদেন Ⓓ ব্যক্তিগত লেনদেন

Solve বাকিতে পণ্য ক্রয় করা হলে, বিক্রেতার পক্ষটি প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ কোনো পক্ষ নয়। আর বাহিরের কোনো পক্ষের সাথে সংঘটিত লেনদেন একটি বহিঃলেনদেন।

১৭. নিচের কোনটি লেনদেনের বৈশিষ্ট্য নয়? [MBSTU : 11-12]

Ⓐ দ্বৈতসত্তা Ⓑ প্রামাণ্য দলিল
Ⓒ আর্থিক অবস্থার স্থিতিবস্থা Ⓓ আর্থিক মানে পরিমাপযোগ্যতা

Solve লেনদেনের প্রধান বৈশিষ্ট্যগুলো হলো- আর্থিক অবস্থার পরিবর্তন, অর্থের অঙ্কে পরিমাপযোগ্যতা, দ্বৈতসত্তা, স্বয়ংসম্পূর্ণ ও স্বতন্ত্র, দৃশ্যমান বা অদৃশ্যমান, প্রামাণ্য দলিল প্রভৃতি। সুতরাং আর্থিক অবস্থার স্থিতিবস্থা লেনদেনের কোনো বৈশিষ্ট্য নয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

18. নিচের কোনটিকে বিক্রয় বলা ঠিক নয়? [SUST : 11-12]

Ⓐ অফিস সরঞ্জাম বিক্রয় Ⓑ পূর্বে ক্রয়ের অন্তর্ভুক্ত বিক্রীত দ্রব্য
Ⓒ নগদে বিক্রীত দ্রব্য Ⓓ ধারে বিক্রীত দ্রব্য
Ⓔ কোনোটিই নয়

Solve অফিস সরঞ্জাম বিক্রয় করা হলে নগদ বা ব্যাংক হিসাব বৃদ্ধি পায় এবং অফিস সরঞ্জাম হ্রাস পায়। এর জন্য জাবেদা এন্ট্রি হবে, নগদ/ব্যাংক হিসাব ডে: অফিস সরঞ্জাম হিসাব কে: সুতরাং অফিস সরঞ্জাম বিক্রয়কে বিক্রয় বলা ঠিক নয়। কারণ বিক্রয় বলতে পণ্য বিক্রয় বোঝায়।

19. একটি লেনদেন সম্পত্তি ও দায় উভয়কেই ২০,০০০ টাকা দ্বারা বৃদ্ধি করলে লেনদেনটি কী হতে পারে? [JnU : 10-11]

Ⓐ নগদ ক্রয় Ⓑ আগুনে সম্পত্তি নষ্ট
Ⓒ রহিমের নিকট থেকে পণ্য ক্রয় Ⓓ নগদ টাকায় ফার্নিচার ক্রয়

Solve কোনো লেনদেন দ্বারা সম্পত্তি ও দায় উভয়ই বৃদ্ধি পাবে এরূপ লেনদেন হলো বাকিতে বা ধারে সম্পত্তি বা মাল ক্রয় (অবিরত মজুত পদ্ধতি)। এখানে রহিমের নিকট হতে পণ্য ক্রয় লেনদেনটির ফলে রহিম নামক পাওনাদার (দায়) পণ্য (সম্পদ) বৃদ্ধি পায়।

20. কোনটি লেন-দেনের আওতাভুক্ত না? [SUST : 10-11]

Ⓐ ব্যবসায়িক লেনদেন Ⓑ উপহারভিত্তিক লেনদেন
Ⓒ পরিশোধভিত্তিক লেনদেন Ⓓ ব্যক্তিগত লেনদেন

Solve এখানে উপহারভিত্তিক লেনদেন সাধারণত ব্যবসায়িক লেনদেনের আওতাভুক্ত নয়।

21. সম্পদের অবচয় একটি অদৃশ্যমান লেনদেন, কারণ- [SUST : 09-10]

Ⓐ সম্পদের মূল্য ক্রমান্বয়ে হ্রাস পায় যা দেখা যায়
Ⓑ সম্পদের মূল্য ক্রমান্বয়ে হ্রাস পায় যা দেখা যায় না
Ⓒ সম্পদের মূল্য ক্রমান্বয়ে হ্রাস পায় যা অনেক সময় হঠাৎ করে অদৃশ্য হয়ে যায়
Ⓓ কোনোটিই নয়

Solve সম্পত্তির অবচয় একটি অদৃশ্যমান লেনদেন। কারণ এটি একাধিক হিসাবকালের মধ্যে সম্পত্তি ব্যয় বণ্টনের প্রক্রিয়া, যা ধীরে ধীরে সম্পত্তির মোট মূল্য হ্রাস করে। ফলে এটি আপাতদৃষ্টিতে দেখা যায় না।

22. প্রতিটি লেনদেন– [CoU : 08-09]

Ⓐ ঘটনা নয় Ⓑ আর্থিক ঘটনা
Ⓒ অনার্থিক ঘটনা Ⓓ কোনোটিই নয়

Solve প্রতিটি লেনদেন আর্থিক ঘটনা। কিন্তু সব ঘটনা লেনদেন নয়।

23. লেনদেনের আভিধানিক অর্থ- [CoU : 08-09]

Ⓐ দেনা ও পাওনা Ⓑ গ্রহণ ও প্রদান
Ⓒ সম্পদ ও দায় Ⓓ সবগুলোই

Solve লেনদেনের আভিধানিক অর্থ হলো গ্রহণ ও দান বা আদান-প্রদান।

24. কোনটি লেনদেন নয়?

Ⓐ আগুনে বিনষ্ট পণ্য Ⓑ মালিকের অসুস্থতা
Ⓒ পণ্য ক্রয় Ⓓ পণ্য বিক্রয়

Solve কোনো ঘটনা লেনদেন হতে হলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হতে হবে। মালিকের অসুস্থতার ফলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার কোনো পরিবর্তন হয় না।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. কোনটি লেনদেনের বৈশিষ্ট্য নয়? [HEC : 22-23]

Ⓐ আর্থিক অবস্থার পরিবর্তন সাধন করে
Ⓑ কমপক্ষে দুটি পক্ষ জড়িত
Ⓒ অর্থের মূল্যে পরিমাপযোগ্য
Ⓓ কেবল মুনাফা নির্দেশ করে **Ans Ⓓ**

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. হিসাববিজ্ঞানের মূল ভিত্তি কোনটি? [MYM-22]
Ⓐ ঘটনা Ⓑ হিসাব Ⓒ লেনদেন Ⓓ জাবেদা **Ans Ⓒ**

02. সুনামের অবলোপন কোন ধরনের লেনদেন? [SYL-22]
Ⓐ অন্তঃলেনদেন Ⓑ বহিঃলেনদেন
Ⓒ নগদ লেনদেন Ⓓ দৃশ্যমান লেনদেন **Ans Ⓐ**

03. নিচের কোনটি অনগদ লেনদেন? [SYL-22]
Ⓐ প্রাপ্ত কমিশন Ⓑ প্রাপ্ত সুদ
Ⓒ প্রাপ্ত ভাড়া Ⓓ নগদ বাট্টা **Ans Ⓓ**

04. বাকিতে পণ্য বিক্রয় হলো কোন ধরনের লেনদেন ? [RAJ-19]
Ⓐ নগদ লেনদেন Ⓑ অদৃশ্য লেনদেন
Ⓒ আন্তঃ লেনদেন Ⓓ বহিঃ লেনদেন **Ans Ⓓ**

05. লেনদেনের উৎস কী ? [CHI-19]
Ⓐ ক্রয় Ⓑ বিক্রয়
Ⓒ অর্থ Ⓓ ঘটনা **Ans Ⓓ**

06. কোনটি লেনদেনের আবশ্যকীয় বৈশিষ্ট্য নয়? [COM-17]
Ⓐ অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য Ⓑ দুটি পক্ষ
Ⓒ আর্থিক অবস্থার পরিবর্তন Ⓓ দৃশ্যমানতা **Ans Ⓓ**

07. 'সকল লেনদেন ঘটনা, কিন্তু সকল ঘটনা লেনদেন নয়' উক্তিটি কার বৈশিষ্ট্য প্রকাশ করে? [COM-16]
Ⓐ জাবেদার Ⓑ খতিয়ানের
Ⓒ লেনদেনের Ⓓ ঘটনার **Ans Ⓒ**

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. প্রতিটি লেনদেনে কমপক্ষে কয়টি পক্ষ জড়িত থাকে?
Ⓐ ১টি পক্ষ Ⓑ ২টি পক্ষ Ⓒ ৩টি পক্ষ Ⓓ ৪টি পক্ষ **Ans Ⓑ**

02. "দুটি পক্ষ ব্যতীত লেনদেন হয় না" লেনদেনের এ বৈশিষ্ট্যকে কী বলে?
Ⓐ দাতা গ্রহীতা Ⓑ পরিপূর্ণতা
Ⓒ স্বয়ংসম্পূর্ণতা Ⓓ দ্বৈতসত্তা **Ans Ⓓ**

03. স্থায়ী সম্পত্তির অবিরত ব্যবহারের ক্ষয়-ক্ষতি কোন ধরনের লেনদেন?
Ⓐ নগদ লেনদেন Ⓑ বাকি লেনদেন
Ⓒ দৃশ্যমান লেনদেন Ⓓ অদৃশ্যমান লেনদেন **Ans Ⓓ**

04. ভবিষ্যতের কোনো তারিখে টাকা প্রদানের প্রতিশ্রুতি দেওয়া হলো। এটি কোন ধরনের লেনদেন?
Ⓐ নগদ লেনদেন Ⓑ আন্তঃলেনদেন
Ⓒ ধারে লেনদেন Ⓓ অদৃশ্য লেনদেন **Ans Ⓒ**

05. প্রভিডেন্ট ফান্ডে কোম্পানির দান ২০,০০০ টাকা কোন প্রকার লেনদেন?
Ⓐ বহিঃলেনদেন Ⓑ আন্তঃলেনদেন
Ⓒ নগদ লেনদেন Ⓓ অনগদ লেনদেন **Ans Ⓑ**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Type 3 হিসাব সমীকরণ [Accounting Equation]

Step 1 BASIC INFORMATION

হিসাব সমীকরণ (Accounting Equation) :

যে সমীকরণের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার উপাদানসমূহ তথা সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্বের মধ্যকার সম্পর্ক প্রকাশ করা হয়, তাকে হিসাব সমীকরণ বলে। হিসাব সমীকরণ একটি নির্দিষ্ট সময়বিন্দুতে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা প্রকাশ করে। হিসাব সমীকরণকে উদ্বৃত্তপত্র সমীকরণও বলা হয়ে থাকে। হিসাব সমীকরণের মূল ভিত্তি হলো **দু'তরফা দাখিলা পদ্ধতি**। প্রতিটি ব্যবসায়িক লেনদেন হিসাব সমীকরণকে প্রভাবিত করে।


মৌলিক হিসাব সমীকরণ	→	সম্পত্তি (Assets)	=	দায় (Liabilities)	+	মালিকানা স্বত্ব (Owners' Equity)										
বর্ধিত হিসাব সমীকরণ	→	সম্পত্তি (Assets)	=	দায় (Liabilities)	+	মালিকের মূলধন (Capital)	+	আয় বা রাজস্ব (Revenues)	−	ব্যয় বা খরচ (Expenses)	−	মালিকের উত্তোলন (Drawings)				
ডেবিট ও ক্রেডিটের প্রভাব	→	Dr. ↑ বৃদ্ধি	Cr. ↓ হ্রাস	Dr. ↓ হ্রাস	Cr. ↑ বৃদ্ধি	Dr. ↓ হ্রাস	Cr. ↑ বৃদ্ধি	Dr. ↓ হ্রাস	Cr. ↑ বৃদ্ধি	Dr. ↑ বৃদ্ধি	Cr. ↓ হ্রাস	Dr. ↑ (উত্তোলন করা হলে)				

- মৌলিক হিসাব সমীকরণটি হলো : সম্পত্তি = দায় + মালিকানাস্বত্ব (A = L + OE)।
- হিসাব সমীকরণের এই তিনটি উপাদানকে (সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব) ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার উপাদান বলে।
- হিসাব সমীকরণের বর্ধিত রূপ হলো : সম্পদ = দায় + মালিকের মূলধন- মালিকের উত্তোলন + আয় - ব্যয় [A = L + (C – D + R – E)] এখানে, A = Assets, L = Liabilities, C = Capital, D = Drawings, R = Revenue, E = Expense.
- প্রতিটি ব্যবসায়িক লেনদেন প্রভাবিত করে হিসাব সমীকরণকে।
- হিসাব সমীকরণের মূল ভিত্তি হলো দুতরফা দাখিলা পদ্ধতি।
- মৌলিক হিসাব সমীকরণের উপাদান ৩টি।
- বর্ধিত হিসাব সমীকরণের উপাদান ৬টি।

মৌলিক এবং সম্প্রসারিত (বর্ধিত) হিসাব সমীকরণ :

এক মালিকানা ব্যবসায়	মৌলিক সমীকরণ	সম্পত্তি = দায় + মালিকের স্বত্ব (Assets = Liabilities + Owner's Equity) **সংক্ষিপ্তরূপ :** A = L + OE
	সম্প্রসারিত সমীকরণ	সম্পত্তি = দায় + মালিকের মূলধন – মালিকের উত্তোলন + আয় – ব্যয় (Assets = Liabilities + Owner's Capital – Owner's Drawing + Revenue – Expense)
অংশীদারি ব্যবসায়	মৌলিক সমীকরণ	সম্পত্তি = দায় + অংশীদারদের স্বত্ব (Assets = Liabilities + Partners' Equity) **সংক্ষিপ্তরূপ :** A = L + PE
	সম্প্রসারিত সমীকরণ	সম্পত্তি = দায় + অংশীদারদের মূলধন – অংশীদারদের উত্তোলন + আয় – ব্যয় (Assets = Liabilities + Partners' Capital – Partners's Drawing + Revenue – Expense)
কোম্পানি	মৌলিক সমীকরণ	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (Assets = Liabilities + Shareholders' Equity) **সংক্ষিপ্তরূপ :** A = L+ SE
	সম্প্রসারিত সমীকরণ	সম্পত্তি = দায় + পরিশোধিত মূলধন + সংরক্ষিত আয় – ট্রেজারি স্টক – লভ্যাংশ + আয় – ব্যয় (Assets = Liabilities + Paid up Capital + Retained Earnings –Treasury Stock – Dividend + Revenue – Expense)

- মৌলিক হিসাব সমীকরণের মালিকানা স্বত্ব (Owner's Equity) উপাদানটি ৪টি উপাদান দ্বারা প্রভাবিত হয়। যেমন: মূলধন, উত্তোলন, আয়, ব্যয়।



মালিকানা স্বত্ব বৃদ্ধি		মালিকানা স্বত্ব হ্রাস	
• আয়/রাজস্ব বৃদ্ধি	• ব্যয়/খরচ/প্রচেষ্টা হ্রাস	• আয়/রাজস্ব হ্রাস	• ব্যয়/খরচ/প্রচেষ্টা বৃদ্ধি
• মূলধন/অতিরিক্ত মূলধন আনয়ন	• শেয়ার ইস্যু করলে	• উত্তোলন করলে	• লভ্যাংশ প্রদান করলে ও ট্রেজারি স্টক

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

হিসাব সমীকরণের পরিবর্তনসমূহ (Changes in Accounting Equation) :

প্রতিটি লেনদেনের ফলে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটে। আর এই পরিবর্তন ২ ধরনের হতে পারে। (i) পরিমাণগত বা নিট পরিবর্তন এবং (ii) গুণগত বা কাঠামোগত পরিবর্তন।

১. **পরিমাণগত বা নিট পরিবর্তন :** যখন কোনো লেনদেনের মাধ্যমে হিসাব সমীকরণের বা উদ্বৃত্তপত্রের দুই পাশের মোট যোগফল/মোট মূল্যের পরিবর্তন ঘটে, তখন এরূপ পরিবর্তনকে পরিমাণগত বা নিট পরিবর্তন বলে। যেমন : প্রতিষ্ঠানে মালিক কর্তৃক ৫,০০০ টাকা বিনিয়োগ করা হলো; এই লেনদেনটির ফলে নগদ নামক সম্পত্তি ৫,০০০ টাকা বৃদ্ধি পায় এবং মালিকানা স্বত্ব ৫,০০০ টাকা বৃদ্ধি পায়। অর্থাৎ হিসাব সমীকরণের বা উদ্বৃত্তপত্রের 'সম্পত্তি' পাশ এবং 'দায় ও মালিকানা স্বত্ব' পাশ উভয়ই বৃদ্ধি পায় বা পরিবর্তিত হয়। নিট পরিবর্তনের ফলে লেনদেনসমূহ-

- **হিসাব সমীকরণ বা আর্থিক অবস্থার বিবরণীর মোট যোগফলের পরিবর্তন ঘটায়।**
- **হিসাব সমীকরণের দুই পার্শ্বের কমপক্ষে দুইটি উপাদানকে প্রভাবিত করবে।**
- উদাহরণ : ধারে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।

সম্পদ (A)		দায় (L) + মালিকানা স্বত্ব (OE)	
প্রারম্ভিক জের	৮০,০০০	= ৩০,০০০ + ৫০,০০০	
	+ ২০,০০০	= + ২০,০০০	← দুই পার্শ্বকে প্রভাবিত করেছে
	১,০০,০০০	= ৫০,০০০ + ৫০,০০০	← মোট যোগফলের পরিবর্তন ঘটায়

পরিমাণগত বা নীট পরিবর্তনের উদাহরণ সমূহ :

A (+) = L + OE (+)	A (+) = L + OE (+)	A (−) = L + OE (−)	A (−) = L + OE (−)
* ধারে আসবাবপত্র ক্রয়।	* নগদে বিক্রয়।	* পাওনাদারকে পরিশোধ।	* বেতন প্রদান।
আসবাবপত্র হি: Dr.	নগদান হি: Dr.	পাওনাদার হি: Dr.	বেতন হি: Dr.
সরবরাহকারী/বিক্রেতা হি: Cr.	বিক্রয় হি: Cr.	নগদান হি: Cr.	নগদান হি: Cr.

২. **গুণগত বা কাঠামোগত পরিবর্তন :** যখন কোনো লেনদেনের মাধ্যমে হিসাব সমীকরণের বা উদ্বৃত্তপত্রের দুই পাশের মোট যোগফল/মোট মূল্যের পরিবর্তন না ঘটে শুধু সম্পত্তি পাশের অথবা শুধু 'দায় ও মালিকানা স্বত্ব' পাশের কাঠামোর পরিবর্তন ঘটে, তখন এরূপ পরিবর্তনকে গুণগত বা কাঠামোগত পরিবর্তন বলে। এরূপ পরিবর্তনের ফলে হিসাব সমীকরণের বা উদ্বৃত্তপত্রের 'সম্পত্তি' পাশ এবং 'দায় ও মালিকানা স্বত্ব' পাশ এর যে কোনো একটি পাশ সমপরিমাণ বৃদ্ধি ও হ্রাস পায়। যেমন : নগদে সরঞ্জাম ক্রয় ৩,৫০০ টাকা; এই লেনদেনটির ফলে নগদ নামক সম্পত্তি ৩,৫০০ টাকা হ্রাস পায় এবং সরঞ্জাম নামক সম্পত্তি ৩,৫০০ টাকা বৃদ্ধি পায়। অর্থাৎ শুধু সম্পত্তি পাশটিই বৃদ্ধি এবং হ্রাস পেয়ে কাঠামোর পরিবর্তন হচ্ছে। কাঠামোগত পরিবর্তনের ফলে লেনদেনসমূহ-

- হিসাব সমীকরণ বা আর্থিক অবস্থার বিবরণীর মোট যোগফলের পরিবর্তন ঘটায় না।
- হিসাব সমীকরণের যে কোন একটি উপাদান সমপরিমাণ টাকায় হ্রাস-বৃদ্ধি করে।
- উদাহরণ : নগদে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।

	সম্পদ (A)		দায় (L) + মালিকানা স্বত্ব (OE)
	প্রারম্ভিক জের	৮০,০০০	= ৩০,০০০ + ৫০,০০০
এক পার্শ্বকে প্রভাবিত করেছে →		+ ২০,০০০	=
		− ২০,০০০	
মোট যোগফলের পরিবর্তন ঘটায় না →		৮০,০০০	= ৩০,০০০ + ৫০,০০০

গুণগত বা কাঠামোগত পরিবর্তন উদাহরণসমূহ :

A = L + OE (+) (−)	A = L (+) (−) + OE	A = L + OE (+) (−)	A = L (+) OE (−)	A = L (−) OE (+)
* নগদে আসবাবপত্র ক্রয়।	* পাওনাদারকে প্রদেয় বিল ইস্যু।	* বিনামূল্যে পণ্য বিতরণ	* ধারে পণ্য ক্রয়।	* ক্রয় ফেরত।
আসবাবপত্র হি: Dr.	পাওনাদার হি: Dr.	বিজ্ঞাপন হি: Dr.	ক্রয় হি: Dr.	পাওনাদার হি: Dr.
নগদান হি: Cr.	প্রদেয় বিল হি: Cr.	ক্রয় হি: Cr.	পাওনাদার হি: Cr.	ক্রয় ফেরত হি: Cr.

নিট বা পরিমাণগত এবং গুণগত বা কাঠামোগত পরিবর্তন পরিবর্তনের মধ্যে পার্থক্য :

পরিমাণগত বা নিট পরিবর্তন (Quantitative)	গুণগত বা কাঠামোগত পরিবর্তন (Qualitative)
▪ যখন কোনো লেনদেনের দ্বারা সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্বের মধ্যে কম পক্ষে দুটি উপাদানের মোট মূল্যের পরিবর্তন ঘটে তাকে বলে পরিমাণগত/নিট পরিবর্তন।	▪ কোনো লেনদেন যখন সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্বের মোট মূল্যের পরিবর্তন না ঘটিয়ে শুধু সম্পদ, দায় ও মালিকানা স্বত্বের কাঠামোগত পরিবর্তন সাধন করে, তাকে গুণগত বা কাঠামোগত পরিবর্তন বলে।
▪ হিসাব সমীকরণ এর উভয়পাশে পরিবর্তন ঘটে।	▪ হিসাব সমীকরণ এর একপাশে পরিবর্তন ঘটে।
▪ উদাহরণ : ধারে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।	▪ উদাহরণ : নগদে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা।

A	= L + OE
৮০,০০০	= ৩০,০০০ + ৫০,০০০
+ ২০,০০০	+ ২০,০০০
১,০০,০০০	= ৫০,০০০ + ৫০,০০০

A	= L + OE
৮০,০০০	= ৩০,০০০ + ৫০,০০০
+ ২০,০০০	
− ২০,০০০	
৮০,০০০	= ৩০,০০০ + ৫০,০০০

CamScanner

নিম্নোক্ত লেনদেনসমূহের হিসাব সমীকরণে প্রভাব, আর্থিক অবস্থার পরিবর্তনের ধরণ এবং আর্থিক অবস্থার বিবরণীর যোগফলে পরিবর্তন নির্ণয় দেখানো হলো :

লেনদেন	হিসাব সমীকরণে প্রভাব	আর্থিক অবস্থা পরিবর্তনের ধরণ	আর্থিক অবস্থার বিবরণীর যোগফলে প্রভাব
১. মালিক কর্তৃক বিনিয়োগ	(A+) (OE+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
২. মালিক কর্তৃক নগদ উত্তোলন	(A–) (OE–)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
৩. নগদে সেবা গ্রহণ	(A–) (OE–)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
৪. ধারে বা বাকিতে সেবা গ্রহণ	(L+) (OE–)	কাঠামোগত (গুণগত)	পরিবর্তন হবে না
৫. নগদে সেবা প্রদান	(A+) (OE+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
৬. ধারে সেবা প্রদান	(A+) (OE+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
৭. দেনাদার/প্রাপ্য হিসাব/প্রাপ্য বিল আদায়	(A+) (A–)	কাঠামোগত (গুণগত)	পরিবর্তন হবে না
৮. প্রাপ্য নোট/প্রাপ্য বিল প্রত্যাখাত	(A+) (A–)	কাঠামোগত (গুণগত)	পরিবর্তন হবে না
৯. আদায়ের জন্য জমাকৃত চেক প্রত্যাখাত	(A+) (A–)	কাঠামোগত (গুণগত)	পরিবর্তন হবে না
১০. পাওনাদার/প্রদেয় হিসাব/প্রদেয় বিল পরিশোধিত	(A–) (L–)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
১১. প্রদেয় নোট প্রত্যাখাত	(L+) (L–)	কাঠামোগত (গুণগত)	পরিবর্তন হবে না
১২. আসবাবপত্রের উপর অবচয় ধার্য	(A–) (OE–)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
১৩. ধারে বা বাকিতে সম্ভার (মনিহারি মজুদ) ক্রয়	(A+) (L+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
১৪. প্রতিষ্ঠানের কর্মচারির নিকট হতে গৃহীত সেবা বাবদ অপরিশোধিত মজুরির জন্য দায় স্বীকার	(L+) (OE–)	কাঠামোগত (গুণগত)	পরিবর্তন হবে না
১৫. জমি বন্ধক রেখে ঋণ গ্রহণ করা হলো ৮০,০০০ টাকা	(A+) (L+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
১৬. ঋণ গ্রহণ করা হলো এবং দায় পরিশোধের জন্য নোটে স্বাক্ষর প্রদান	(A+) (L+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
১৭. রহমান লিমিটেড ২,০০,০০০ টাকা নগদ প্রদান করে এবং তিন মাসের মধ্যে পরিশোধ্য ৫,০০,০০০ টাকার একটি বিলে স্বাক্ষর করে, ৭,০০,০০০ টাকার একটি মেশিন ক্রয় করল।	(A+) (A–) (L+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
১৮. পূর্ণ পরিশোধিত হিসেবে শেয়ার ইস্যুর বিনিময়ে নগদ অর্থের প্রাপ্তি	(A+) (OE+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
১৯. সন্দেহজনক প্রাপ্য হিসাবের উপর কু-ঋণ সঞ্চিতি ধার্য	(A–) (OE–)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে
২০. বন্ড বা ঋণপত্র ইস্যু বা বিক্রয়	(A+) (L+)	পরিমাণগত (নিট)	পরিবর্তন হবে

শুধুমাত্র মালিকানা স্বত্বকে (OE) প্রভাবিতকারী সংশ্লিষ্ট হিসাবের পরিবর্তনসমূহ অর্থাৎ গুণগত পরিবর্তনসমূহ:

লেনদেন	সংশ্লিষ্ট পক্ষ	হিসাব সমীকরণে প্রভাব	হিসাব সমীকরণে পরিবর্তন
১. মালিক কর্তৃক পণ্য উত্তোলন	উত্তোলন হি: ক্রয় হি:	বিপরীত মূলধন→ মালিকানা স্বত্ব হ্রাস ব্যয় হ্রাস→ মালিকানা স্বত্ব বৃদ্ধি	গুণগত পরিবর্তন OE (+) OE (–)
২. বিনামূল্যে পণ্য বিতরণ	বিজ্ঞাপণ হি: ক্রয় হি:	ব্যয় বৃদ্ধি→ মালিকানা স্বত্ব হ্রাস ব্যয় হ্রাস→ মালিকানা স্বত্ব বৃদ্ধি	
৩. মুনাফাবিহীন পণ্য বিক্রয়	বিক্রয় হি: ক্রয় হি:	আয় হ্রাস→ মালিকানা স্বত্ব হ্রাস ব্যয় হ্রাস→ মালিকানা স্বত্ব বৃদ্ধি	
৪. মূলধনের সুদ ধার্য করা হলো	মূলধনের সুদ হি: মূলধন হি:	ব্যয় বৃদ্ধি→ মালিকানা স্বত্ব হ্রাস মূলধন বৃদ্ধি→ মালিকানা স্বত্ব বৃদ্ধি	
৫. উত্তোলনের সুদ ধার্য করা হলো	উত্তোলন হি: উত্তোলনের সুদ হি:	বিপরীত মূলধন→ মালিকানা স্বত্ব হ্রাস আয় বৃদ্ধি→ মালিকানা স্বত্ব বৃদ্ধি	
৬. আগুনে বিনষ্ট পণ্য	আগুনে বিনষ্ট পণ্য হি: ক্রয়/আয়-সারাংশ হি:	ব্যয় বৃদ্ধি→ মালিকানা স্বত্ব হ্রাস ব্যয় হ্রাস→ মালিকানা স্বত্ব বৃদ্ধি	
৭. বোনাস শেয়ার ইস্যু	জমাকৃত মুনাফা হি: শেয়ার মূলধন হি:	সংরক্ষিত আয় হ্রাস→ মালিকানা স্বত্ব হ্রাস মূলধন বৃদ্ধি→ মালিকানা স্বত্ব বৃদ্ধি	
৮. মুনাফা হতে সাধারণ সঞ্চিতিতে স্থানান্তর	জমাকৃত মুনাফা হি: সাধারণ সঞ্চিতি হি:	সংরক্ষিত আয় হ্রাস→ মালিকানা স্বত্ব হ্রাস সাধারণ সঞ্চিতি বৃদ্ধি→ মালিকানা স্বত্ব বৃদ্ধি	

কোনো নির্দিষ্ট লেনদেনের ফলে যা হতে পারে (Particular Transactions Effect on Accounting Equation) :

একটি লেনদেনের ফলে কমপক্ষে দুইটি প্রভাব পড়ে। এর মধ্যে একটি প্রভাব উল্লেখ করে দিলে অন্য কী কী প্রভাব পড়তে পারে তা লেনদেনের উদাহরণ ছাড়াই বলে দেওয়া সম্ভব কারণ, হিসাব সমীকরণের দুই পাশ সমান রেখেই প্রভাবটি পড়তে হবে। হিসাব সমীকরণের দুই পাশে প্রভাব পড়লে এক পাশে বৃদ্ধি পেলে অন্য পাশেও বৃদ্ধি পাবে; আবার এক পাশে হ্রাস পেলে অন্য পাশেও হ্রাস পাবে। অন্যদিকে, এক পাশে যদি দুইটি প্রভাব পড়ে তাহলে একটি বিষয় বৃদ্ধি পেলে অন্য একটি হ্রাস পাবে। এ বিষয়টি নিচে উপস্থাপন করা হলো :

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

*** একটি সম্পত্তি বৃদ্ধি পেলে → অন্য একটি সম্পত্তি হ্রাস, অথবা দায় বৃদ্ধি, অথবা মালিকানা স্বত্ব বৃদ্ধি পেতে পারে।**

সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (–)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (+)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (+)

*** একটি সম্পত্তি হ্রাস পেলে → অন্য একটি সম্পত্তি বৃদ্ধি, অথবা দায় হ্রাস, অথবা মালিকানা স্বত্ব হ্রাস পেতে পারে।**

সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (+)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (–)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (–)

*** একটি দায় বৃদ্ধি পেলে → অন্য একটি দায় হ্রাস, অথবা মালিকানা স্বত্ব হ্রাস, অথবা সম্পত্তি বৃদ্ধি পেতে পারে।**

সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (–)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (–)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (+)

*** একটি দায় হ্রাস পেলে → অন্য একটি দায় বৃদ্ধি, অথবা মালিকানা স্বত্ব বৃদ্ধি, অথবা সম্পত্তি হ্রাস পেতে পারে।**

সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (+)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (+)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (–)

*** একটি মালিকানা স্বত্ব বৃদ্ধি পেলে → অন্য একটি মালিকানা স্বত্ব হ্রাস, অথবা দায় হ্রাস, অথবা সম্পত্তি বৃদ্ধি পেতে পারে।**

সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (–)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (+)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (+)

*** একটি মালিকানা স্বত্ব হ্রাস পেলে → অন্য একটি মালিকানা স্বত্ব বৃদ্ধি, অথবা দায় বৃদ্ধি, অথবা সম্পত্তি হ্রাস পেতে পারে।**

সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (+)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (–)	সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (–)

*** মোট সম্পত্তি বৃদ্ধি পেলে → দায় অথবা মালিকানা স্বত্ব অবশ্যই বৃদ্ধি পাবে; তাই মোট 'দায় ও মালিকানা স্বত্ব' অবশ্যই বৃদ্ধি পাবে।**

মোট সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (+) (+) বা (+)	মোট সম্পত্তি = মোট "দায় ও মালিকানা স্বত্ব" (+) (+)

*** মোট সম্পত্তি হ্রাস পেলে → দায় অথবা মালিকানা স্বত্ব অবশ্যই হ্রাস পাবে; তাই মোট 'দায় ও মালিকানা স্বত্ব' অবশ্যই হ্রাস পাবে।**

মোট সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব (–) (–) বা (–)	মোট সম্পত্তি = মোট "দায় ও মালিকানা স্বত্ব" (–) (–)

হিসাব সমীকরণে একই রকম প্রভাব বিস্তারকারী বিভিন্ন ধরনের লেনদেন নির্ণয় :

হিসাব সমীকরণে প্রভাব	লেনদেনের উদাহরণ
সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি	১. ধারে স্থায়ী সম্পত্তি ক্রয়, ২. ধারে মনিহারি (সম্ভার ক্রয়), ৩. অগ্রিম আয়/অনুপার্জিত আয় গ্রহণ, ৪. কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান থেকে ঋণ গ্রহণ, ৫. ধারে পণ্য ক্রয় [অবিরত মজুত পদ্ধতির ক্ষেত্রে], ৬. ঋণপত্র/বন্ড বিলি ইত্যাদি।
সম্পত্তি হ্রাস ও দায় হ্রাস	যে-কোনো দায় পরিশোধ; যেমন ১. পাওনাদারকে পরিশোধ, ২. ধার বা ঋণ অথবা ঋণের কিস্তি পরিশোধ, ৩. ক্রয় ফেরত (ধারে ক্রীত পণ্য ফেরত) [অবিরত মজুদ পদ্ধতি ক্ষেত্রে], ৪.পূর্ব ঘোষিত নগদ লভ্যাংশ বা প্রদেয় লভ্যাংশ পরিশোধ ইত্যাদি।
সম্পত্তি বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি	১. মালিক কর্তৃক বিনিয়োগ, ২. নগদে সেবা প্রদান, ৩. ধারে সেবা প্রদান, ৪. কমিশন প্রাপ্য হওয়া, ৫. সুদ প্রাপ্য হওয়া, ৬. যেকোনো ধরনের আয় বকেয়া/প্রাপ্য হওয়া, ৭. শেয়ার ইস্যু (মুলধন সংগ্রহ) ইত্যাদি।
সম্পত্তি হ্রাস ও মালিকানা স্বত্ব হ্রাস	১. মালিক কর্তৃক উত্তোলন, ২. সম্ভার ব্যবহৃত হওয়া, ৩. নগদে পণ্য ক্রয় [কালীন মজুদ পদ্ধতির ক্ষেত্রে], ৪. নগদে সেবা বা যেকোনো নগদ ব্যয়, ৫. অবচয়, অবলোপন ও শূন্যীকরণ ধার্য ইত্যাদি।
দায় বৃদ্ধি ও মালিকানা স্বত্ব হ্রাস	১. ধারে পণ্য ক্রয় [কালীন মজুত পদ্ধতির ক্ষেত্রে], ২. ধারে সেবা গ্রহণ ২. ধারে সেবা গ্রহণ, ৩. যেকোনো ধরনের ব্যয় বকেয়া হওয়া,
দায় হ্রাস ও মালিকানা স্বত্ব বৃদ্ধি	১. ক্রয় ফেরত (ধারে ক্রীত পণ্য ফেরত) [কালীন মজুদ পদ্ধতির ক্ষেত্রে], ২. অগ্রিম আয় বা অনুপার্জিত আয় উপার্জিত হওয়া ইত্যাদি।
সম্পত্তি বৃদ্ধি ও হ্রাস	১. নগদ স্থায়ী সম্পত্তি ক্রয়, ২. নগদে মনিহারি (সম্ভার) ক্রয়, ৩. নগদে পণ্য ক্রয় [অবিরত মজুদ পদ্ধতির ক্ষেত্রে], ৪. অগ্রিম ভাড়া প্রদান, ৫. নগদে তিন বছরের জন্য বিমা পলিসি ক্রয়, ৬. বিক্রয়যোগ্য সিকিউরিটিজ ক্রয়, ৭. দেনাদারের নিকট থেকে আদায়, ৮. যে- কোনো প্রাপ্য আয়/রাজস্ব আদায়, ৯. দেনাদারের কাছ থেকে প্রাপ্য নোটে স্বীকৃতি গ্রহণ, ১০. প্রাপ্য বিলের/নোটের মূল্য আদায়, ১১. প্রাপ্য বিল/নোট প্রত্যাখ্যাত, ১২. আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যাত, ১৩. শেয়ারে বিনিয়োগ, ১৪. বন্ড/ঋণপ্রত্র ক্রয়, ১৫. সরকারি সঞ্চয়পত্র/ডাক সঞ্চয়পত্র/প্রাইজ বন্ড/লগ্নি ক্রয় ইত্যাদি।
দায় বৃদ্ধি ও হ্রাস	পাওনাদারকে ৮% সুদে ৫,০০০ টাকা মূল্যের ৯০ দিন মেয়াদি প্রদেয় নোটে স্বীকৃতি প্রদান ইত্যাদি।
মালিকানা বৃদ্ধি ও মালিকানা স্বত্ব হ্রাস	১. মালিক কর্তৃক পণ্য উত্তোলন, ২. বিনামূল্যে পণ্য বিতরণ, ৩. মুনাফাবিহীন পণ্য বিক্রয়, ৪. মূলধনের সুদ ধার্য করা হলো, ৫. উত্তোলনের সুদ ধার্য করা হলো, ৬. আগুনে বিনষ্ট পণ্য, ৭. বোনাস শেয়ার ইস্যু, ৮. মুনাফা হতে সাধারণ সঞ্চিতিতে স্থানান্তর, ৯. নিট মুনাফা থেকে যে কোনো বিশেষ সঞ্চিতিতে স্থানান্তর ইত্যাদি।
সম্পত্তি বৃদ্ধি, মালিকানা স্বত্ব হ্রাস এবং সম্পত্তি হ্রাস	১. দেনাদারের নিকট প্রাপ্য ২,০০০ টাকার মধ্যে ৫% নগদ বাট্টা বাদে অবশিষ্ট টাকা আদায়, ২. বইমূল্যের চেয়ে কম মূল্যে সম্পত্তি বিক্রয় (যেমন : যন্ত্রপাতি বিক্রি করা হলো ১,১০,০০০ টাকায়, যার ক্রয়মূল্য ছিল ২,০০,০০০ টাকা এবং পুঞ্জীভূত অবচয় ৮০,০০০ টাকা)।
সম্পত্তি বৃদ্ধি, সম্পত্তি হ্রাস, এবং মালিকানা স্বত্ব বৃদ্ধি	বইমূল্যের চেয়ে অধিক মূল্যে সম্পত্তি বিক্রয় (যেমন : যন্ত্রপাতি বিক্রি করা হলো ১,৪০,০০০ টাকায়, যার ক্রয়মূল্য ছিল ২,০০,০০০ টাকা এবং পুঞ্জীভূত অবচয় ৮০,০০০ টাকা)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

হিসাব সমীকরণে কোম্পানি সংক্রান্ত বিশেষ কিছু লেনদেনের প্রভাব :

লেনদেন	মৌলিক প্রভাব	হিসাব সমীকরণে প্রভাব
(১) শূন্য পরিশোধিত হিসেবে শেয়ার ইস্যু করা হলো।	* ব্যাংক জমা নামক সম্পত্তি বৃদ্ধি পায়। * শেয়ার মূলধন নামক শেয়ারহোল্ডারদের স্বত্ব বৃদ্ধি পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (+) (+)
(২) বন্ড (ঋণপত্র) ইস্যু করা হলো।	* ব্যাংক জমা নামক সম্পত্তি বৃদ্ধি পায়। * প্রদেয় বন্ড/ঋণপত্র নামক দায় বৃদ্ধি পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (+) (+)
(৩) ভূমির বিনিময়ে শেয়ার ইস্যু করা হলো।	* ভূমি নামক সম্পত্তি বৃদ্ধি পায়। * শেয়ার মূলধন নামক শেয়ারহোল্ডারদের স্বত্ব বৃদ্ধি পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (+) (+)
(৪) ঋণ পরিশোধের জন্য শেয়ার ইস্যু করা হলো।	* ঋণ নামক দায় হ্রাস পায়। * শেয়ার মূলধন নামক শেয়ারহোল্ডারদের স্বত্ব বৃদ্ধি পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (−) (+)
(৫) ট্রেজারি স্টক ক্রয় করা হলো (শেয়ার বাজার থেকে কোম্পানি নিজের শেয়ার নিজেই ক্রয় করা)।	* ট্রেজারি স্টক নামক 'বিপরীত শেয়ারহোল্ডারদের স্বত্ব' বৃদ্ধি পায় ফলে, শেয়ারহোল্ডারদের স্বত্ব হ্রাস পায়। * ব্যাংক জমা নামক সম্পত্তি হ্রাস পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (−) (−)
(৬) অন্য কোম্পানির শেয়ার ক্রয় করা হলো।	* শেয়ার বিনিয়োগ নামক সম্পত্তি বৃদ্ধি পায়। * ব্যাংক জমা নামক সম্পত্তি হ্রাস পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (+)(−)
(৭) শেয়ারে বিনিয়োগ থেকে লভ্যাংশ পাওয়া গেল।	* ব্যাংক জমা নামক সম্পত্তি বৃদ্ধি পায়। * লভ্যাংশ আয় নামক আয় বৃদ্ধি পায় ফলে, শেয়ারহোল্ডারদের স্বত্ব বৃদ্ধি পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (+) (+)
(৮) অন্য কোম্পানির বন্ড (ঋণপত্র) ক্রয় করা হলো।	* বন্ড/ঋণপত্রে বিনিয়োগ নামক সম্পত্তি বৃদ্ধি পায়। * ব্যাংক জমা নামক সম্পত্তি হ্রাস পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (+)(−)
(৯) অধিকার শেয়ার (রাইট শেয়ার) ইস্যু করা হলো।	* ব্যাংক জমা নামক সম্পত্তি বৃদ্ধি পায়। * শেয়ার মূলধন নামক শেয়ারহোল্ডারদের স্বত্ব বৃদ্ধি পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (+) (+)
(১০) নিট মুনাফা থেকে সাধারণ সঞ্চিতি বা বিশেষ সঞ্চিতি বা রিজার্ভ ফান্ডে স্থানান্তর করা হলো।	* সংরক্ষিত আয় নামক শেয়ারহোল্ডারদের স্বত্ব হ্রাস পায়। * সঞ্চিতি বা রিজার্ভ ফান্ড নামক শেয়ারহোল্ডারদের স্বত্ব বৃদ্ধি পায়।	সম্পত্তি = দায় + শেয়ারহোল্ডারদের স্বত্ব (+)(−)

লেনদেন থেকে হিসাব সমীকরণে প্রভাব নির্ণয় :

০১. জানুয়ারি ০১, ২০১৮ তারিখে মালিক ৮০,০০০ টাকা বিনিয়োগ করে ব্যবসায় আরম্ভ করা হলো।
০২. জানুয়ারি ০১, ২০১৮ তারিখে নগদ ১০,০০০ টাকায় অফিস সরঞ্জাম ক্রয় করা হলো।
০৩. জানুয়ারি ০২, ২০১৮ তারিখে ধারে সজার ক্রয় করা হলো ৫,০০০ টাকা।
০৪. জানুয়ারি ০৫, ২০১৮ তারিখে নগদে সেবা প্রদান করা হলো ১৫,০০০ টাকা।
০৫. জানুয়ারি ০৭, ২০১৮ তারিখে ধারে বিজ্ঞাপন দেওয়া হলো ২,০০০ টাকা।
০৬. জানুয়ারি ০৮, ২০১৮ তারিখে সেবা প্রদান করে নগদ গ্রহণ ১৬,০০০ টাকা এবং ৪,০০০ টাকা বকেয়া রইল।
০৭. জানুয়ারি ০৯, ২০১৮ তারিখে যন্ত্রপাতি মেরামত বাবদ প্রদান করা হলো ৩,০০০ টাকা।
০৮. জানুয়ারি ১২, ২০১৮ তারিখে ৫ নং লেনদেনের বিজ্ঞাপনের টাকা পরিশোধ করা হলো ২,০০০ টাকা।
০৯. জানুয়ারি ১৩, ২০১৮ তারিখে ৬ নং লেনদেনের ধারে প্রদত্ত সেবার মূল্য হতে ১,০০০ টাকা আদায় হলো।
১০. জানুয়ারি ১৫, ২০১৮ তারিখে মালিক কর্তৃক নগদ উত্তোলন করা হলো ৬,০০০ টাকা।
১১. জানুয়ারি ১৮, ২০১৮ তারিখে সানবিমের নিকট থেকে ধারে যন্ত্রপাতি ক্রয় করা হলো ৩৫,০০০ টাকা।
১২. জানুয়ারি ২০, ২০১৮ তারিখে দেনাদার রনির নিকট থেকে নগদ ৬,০০০ টাকা আদায় করা হলো।
১৩. জানুয়ারি ২১, ২০১৮ তারিখে ধারে ক্রীত যন্ত্রপাতির মূল্য পরিশোধিত হলো ২৫,০০০ টাকা।
১৪. জানুয়ারি ২৩, ২০১৮ তারিখে ধারে সেবা প্রদান করা হলো ১২,০০০ টাকা।
১৫. জানুয়ারি ২৬, ২০১৮ তারিখে অগ্রিম বাড়ি ভাড়া প্রদান করা হলো ৬,০০০ টাকা।

ক্রমিক নং	তারিখ	হিসাব সমীকরণে প্রভাব					
		সম্পত্তি		দায়	+	মালিকানাস্বত্ব	
০১	জানুয়ারি ১	৮০,০০০	=			৮০,০০০	মালিক কর্তৃক বিনিয়োগ
০২	জানুয়ারি ১	+ ১০,০০০ − ১০,০০০					
		৮০,০০০	=			৮০,০০০	
০৩	জানুয়ারি ২	+ ৫,০০০		৫,০০০			
		৮৫,০০০	=	৫,০০০	+	৮০,০০০	

PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ক্রমিক নং	তারিখ	হিসাব সমীকরণে প্রভাব					
		সম্পত্তি		দায়	+	মালিকানাস্বত্ব	
০৪	জানুয়ারি ৫	+ ১৫,০০০				+ ১৫,০০০	সেবা আয়
		১,০০,০০০	=	৫,০০০	+	৯৫,০০০	
০৫	জানুয়ারি ৭			+ ২,০০০		− ২,০০০	বিজ্ঞাপন খরচ
		১,০০,০০০	=	৭,০০০	+	৯৩,০০০	
০৬	জানুয়ারি ৮	+ ১৬,০০০				+ ২০,০০০	সেবা আয়
		+ ৪,০০০					
		১,২০,০০০	=	৭,০০০	+	১,১৩,০০০	
০৭	জানুয়ারি ৯	− ৩,০০০				− ৩,০০০	মেরামত খরচ
		১,১৭,০০০		৭,০০০	+	১,১০,০০০	
০৮	জানুয়ারি ১২	− ২,০০০		− ২,০০০			
		১,১৫,০০০	=	৫,০০০	+	১,১০,০০০	
০৯	জানুয়ারি ১৩	+ ১,০০০					
		− ১,০০০					
		১,১৫,০০০	=	৫,০০০	+	১,১০,০০০	
১০	জানুয়ারি ১৫	− ৬,০০০				− ৬,০০০	মালিক কর্তৃক উত্তোলন
		১,০৯,০০০	=	৫,০০০	+	১,০৪,০০০	
১১	জানুয়ারি ১৮	+ ৩৫,০০০		+ ৩৫,০০০			
		১,৪৪,০০০		৪০,০০০	+	১,০৪,০০০	
১২	জানুয়ারি ২০	+ ৬,০০০					
		− ৬,০০০					
		১,৪৪,০০০	=	৪০,০০০	+	১,০৪,০০০	
১৩	জানুয়ারি ২১	− ২৫,০০০		− ২৫,০০০			
		১,১৯,০০০	=	১৫,০০০	+	১,০৪,০০০	
১৪	জানুয়ারি ২৩	+ ১২,০০০				+ ১২,০০০	সেবা আয়
		১,৩১,০০০		১৫,০০০	+	১,১৬,০০০	
১৫	জানুয়ারি ২৬	+ ৬,০০০					
		− ৬,০০০					
		১,৩১,০০০		১৫,০০০	+	১,১৬,০০০	

Step ② At a Glance : Most Important Information

- সম্পত্তি, দায় ও মূলধন বা মালিকানা স্বত্বের মধ্যকার সম্পর্ককে প্রকাশ করা হয়- হিসাব সমীকরণের মাধ্যমে।
- আধুনিক এবং মূল হিসাব সমীকরণ (মৌলিক) হচ্ছে- **A = L + OE [Asset = Liabilities + Owners' Equity]**
- হিসাব সমীকরণের মূল উপাদান- ৩টি, যথা: সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব।
- হিসাব সমীকরণের ভিত্তি- **দু'তরফা দাখিলা পদ্ধতির ব্যবহার।**
- হিসাব সমীকরণের বর্ধিত রূপটি হলো- **সম্পত্তি = দায় + (মূলধন − উত্তোলন + আয় − ব্যয়)**, এতে ৬ টি উপাদান রয়েছে।
- হিসাব সমীকরণ একটি নির্দিষ্ট বিন্দুতে কি প্রকাশ করে- **আর্থিক অবস্থা (A = L + OE)**
- বন্ড বা ঋণপত্র ক্রয় করলে হিসাব সমীকরণে পরিবর্তন হবে- **সম্পদ বৃদ্ধি ও হ্রাস পাবে**
- প্রদেয় নোট প্রত্যাখ্যাত হলে হিসাব সমীকরণের উপর প্রভাব পড়বে- **দায় বৃদ্ধি (L+) ও দায় হ্রাস ঋ (L⁻) পাবে**
- বন্ড/ঋণপত্র ইস্যু বা বিক্রয় করলে হিসাব সমীকরণের উপর প্রভাব ফেলবে- **সম্পত্তি বৃদ্ধি (A +); দায় বৃদ্ধি (L +)**
- ABC কোম্পানি ১,০০,০০০ টাকা ঋণ পরিশোধের জন্য শেয়ার ইস্যু করল। এতে হিসাব সমীকরণে প্রভাব পড়বে- **মালিকানাস্বত্ব বৃদ্ধি (OE +); দায় হ্রাস (L −)**
- প্রদেয় বিলে স্বীকৃতি প্রদান করা হলে হিসাব সমীকরণের উপর প্রভাব পড়বে- **দায় হ্রাস (L −); দায় বৃদ্ধি (L +)**
- অনুপার্জিত আয় হিসাব সমীকরণের উপর প্রভাব ফেলবে- **সম্পত্তি বৃদ্ধি (A +); দায় বৃদ্ধি (L +)**
- যে ধরনের আর্থিক অবস্থার পরিবর্তনের ফলে উদ্বৃত্তপত্রের মোট পরিমান পরিবর্তন হয়- **নিট/পরিমাণগত পরিবর্তন**
- উদ্বৃত্তপত্রের মোট যোগফল পরিবর্তন হয় না যে ধরনের পরিবর্তনের ফলে- **গুণগত পরিবর্তন**
- ধারে পণ্য ক্রয় যে ধরনের আর্থিক অবস্থার পরিবর্তন হয়- **নিট/পরিমাণগত**
- নগদে যন্ত্রপাতি ক্রয় যে ধরনের আর্থিক অবস্থার পরিবর্তন হয়- **গুণগত/কাঠামোগত**
- ধারে আসবাবপত্র ক্রয় করলে হিসাব সমীকরণের পরিবর্তন হবে- **নিট/পরিমাণগত**
- দেনাদার হতে আদায় হলে আর্থিক অবস্থার পরিবর্তন ঘটবে- **কাঠামোগত/গুণগত পরিবর্তন**
- প্রদেয় নোট প্রত্যাখ্যাত হলে আর্থিক অবস্থার পরিবর্তন ঘটবে- **কাঠামোগত/গুণগত পরিবর্তন**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. বছরের শুরুতে ABC ট্রেডার্সের মোট সম্পদ ছিল ১০,০০,০০০ টাকা এবং দায় ছিল ৫,০০,০০০ টাকা। সারা বছরে সম্পদ বৃদ্ধি পায় ২,০০,০০০ টাকা এবং দায় হ্রাস পায় ১,৫০,০০০ টাকা। উক্ত বছরে আয় ২০,০০,০০০ টাকা, ব্যয় ১২,০০,০০০ টাকা এবং উত্তোলন ৩,০০,০০০ টাকা ছিল। বছর শেষে নিট সম্পদের পরিমাণ কত হবে? [DU : 21-22]

Ⓐ ৫,০০,০০০ টাকা Ⓑ ৮,৫০,০০০ টাকা
Ⓒ ১৩,৫০,০০০ টাকা Ⓓ ১৬,৫০,০০০ টাকা

Solve (B) মোট সম্পত্তি থেকে মোট দায়ের পার্থক্যকে বলা হয় নিট সম্পত্তি (Net Worth)। নিট সম্পদ = মালিকানা স্বত্ব

∴ প্রারম্ভিক মালিকানা স্বত্ব = (প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক দায়)
= (১০,০০,০০০ – ৫,০০,০০০) টাকা।
= ৫,০০,০০০ টাকা।

সম্পদ বৃদ্ধি পেলে এবং দায় হ্রাস পেলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।

∴ সমাপনী মালিকানা স্বত্ব = (৫,০০,০০০ + ২,০০,০০০ + ১,৫০,০০০) টাকা।
= ৮,৫০,০০০ টাকা।

নোট : এ গাণিতিক সমস্যা সমাধানের জন্য আয়, ব্যয় এবং উত্তোলনের কোনো প্রয়োজন নেই।

02. নিচের কোন লেনদেনটি করলে কোম্পানির মোট সম্পত্তি ১৫,০০০ টাকা বৃদ্ধি পাবে? [DU : 21-22]

Ⓐ নগদ ১৫,০০০ টাকার দায় পরিশোধ করা হলে
Ⓑ নগদ ১৫,০০০ টাকায় একটি গাড়ি ক্রয় করা হলে
Ⓒ ধারে ১৫,০০০ টাকায় আসবাবপত্র ক্রয় করা হলে
Ⓓ দেনাদারের কাছ থেকে ১৫,০০০ টাকা আদায় করা হলে

Solve (C) ধারে আসবাবপত্র ক্রয়ের ফলে জাবেদা দাখিলা:
আসবাবপত্র হিসাব – Dr.
আসবাবপত্র সরবরাহকারী/বিক্রেতা হিসাব – Cr.
যেহেতু হিসাব সমীকরণের সম্পদ পার্শ্বে "আসবাবপত্র" নামক সম্পদ বৃদ্ধি পাচ্ছে এবং "আসবাবপত্র সরবরাহকারী" নামক দায় বৃদ্ধি পাচ্ছে, সেহেতু হিসাব সমীকরণের মোট সম্পত্তি বৃদ্ধি পাবে অপরপক্ষে মোট দায়ের বৃদ্ধি ঘটায়। সুতরাং লেনদেনটি দ্বারা হিসাব সমীকরণের পরিমাণগত বা নিট পরিবর্তন হচ্ছে।

নোট: ব্যবসায় পাওনাদার দুই প্রকার। যথা:
১. ব্যবসায়িক পাওনাদার (Accounts/Trade Payable),
২. অন্যান্য পাওনাদার (Others Payable)
"আসবাবপত্র সরবরাহকারী/বিক্রেতা" অন্যান্য পাওনাদার (Others Payable) হিসাবের অন্তর্ভুক্ত হওয়ায় পাওনাদার বা প্রদেয় হিসাব নামক দায় হিসাবে লিপিবদ্ধ করার পরিবর্তে "আসবাবপত্র সরবরাহকারী/বিক্রেতা" নামক দায় হিসাবে দেখানো হয়েছে।

03. ২০২০ সালে রাসনা কোম্পানির সম্পত্তি ৭০,০০০ টাকা কমেছে এবং দায় ১০০,০০০ টাকা বেড়েছে। ফলশ্রুতিতে মালিকানা স্বত্ব ——— ? [DU : 20-21]

Ⓐ ১,৭০,০০০ টাকা বেড়েছে Ⓑ ১,৭০,০০০ টাকা কমেছে
Ⓒ ৩০,০০০ টাকা বেড়েছে Ⓓ ৩০,০০০ টাকা কমেছে

Solve (B) আমরা জানি, সম্পত্তি কমলে মালিকানা স্বত্ব কমে এবং দায় বাড়লেও মালিকানা স্বত্ব কমে।

∴ সুতরাং মালিকানা স্বত্ব কমবে = (৭০,০০০ + ১,০০,০০০) টাকা।
= ১,৭০,০০০ টাকা।

04. আলিফ কোম্পানি ১০,০০০ টাকার অফিস আসবাবপত্র স্বল্পমেয়াদি অঙ্গীকারপত্র ইস্যুর মাধ্যমে ক্রয় করেছে। আলিফ কোম্পানির হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে? [DU : 20-21]

Ⓐ সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস Ⓑ সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি
Ⓒ সম্পদ ও দায় উভয়ই বৃদ্ধি Ⓓ সম্পদ ও দায় উভয়ই হ্রাস

Solve (C) স্বল্পমেয়াদি অঙ্গীকারপত্র ইস্যুকারী প্রতিষ্ঠানের নিকট দায় এবং আসবাবপত্র একটি সম্পদ। ∴ সুতরাং উক্ত লেনদেনের জাবেদা হবে-
আসবাবপত্র হিসাব– Dr. স্বল্পমেয়াদি অঙ্গীকারপত্র হিসাব– Cr.
∴ সুতরাং, সম্পদ ও দায় উভয়ই বাড়বে।

05. নিচের কোন সমীকরণটি সঠিক নয়? [DU : 19-20]

Ⓐ A = L + O/E Ⓑ A – L = O/E
Ⓒ A = O/E Ⓓ A + O/E = L

Solve (D) সঠিক হিসাব সমীকরণ হচ্ছে, A = L + O/E, A – L = O/E, A – O/E = L, অর্থাৎ সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব। আবার L শূন্য হলে A = O/E সমীকরণটি সঠিক।
∴ A + O/E = L সমীকরণটি সঠিক নয়।

06. নিচের লেনদেনের কোনটি উদ্বর্তপত্রের সমষ্টিকে প্রভাবিত করবে না? [DU : 18-19, 98-99]

Ⓐ মালিক কর্তৃক ৮,০০০ টাকা উত্তোলন।
Ⓑ ৩,০০০ টাকার বকেয়া খরচ পরিশোধ করা।
Ⓒ দেনাদারের কাছ থেকে ৪,০০০ টাকা আদায় করা।
Ⓓ ধারে ৫০০ টাকার দ্রব্য ক্রয় করা হলো।

Solve (C) দেনাদারের কাছ থেকে নগদ আদায় হলে "দেনাদার" নামক সম্পত্তি হ্রাস পায় এবং "নগদ" টাকা নামক সম্পত্তি বৃদ্ধি পায়। ফলে এটি হিসাব সমীকরণের গুণগত পরিবর্তন ঘটায় যা উদ্বৃত্তপত্রের সমষ্টিতে কোনো প্রভাব ফেলবে না।

07. হিসাব বছরের শুরুতে একটি কোম্পানির দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ ছিল যথাক্রমে ৬,৫০,০০০ টাকা ও ৮,২৫,০০০ টাকা। উক্ত হিসাব বছরে কোম্পানির সম্পদ বৃদ্ধি পায় ২,০০,০০০ টাকা ও দায় হ্রাস পায় ১,০০,০০০ টাকা। মালিকানা স্বত্বে পরিবর্তন সৃষ্টিকারী কোন লেনদেন না হয়ে থাকলে উক্ত বছরের নিট মুনাফা বা নিট ক্ষতির পরিমাণ কত? [DU : 17-18]

Ⓐ নিট মুনাফা ১,০০,০০০ টাকা Ⓑ নিট ক্ষতি ১,০০,০০০ টাকা
Ⓒ নিট মুনাফা ৩,০০,০০০ টাকা Ⓓ নিট ক্ষতি ৩,০০,০০০ টাকা

Solve (C)

সম্পদ	=	দায়	+	মালিকানা স্বত্ব
বৃদ্ধি ২,০০,০০০	=	হ্রাস ১,০০,০০০	+	?

উপর্যুক্ত সমীকরণ থেকে মালিকানা স্বত্বের পরিবর্তন নির্ণয়ের জন্য, দায়ের পরিবর্তনকে সম্পদ পাশে নিতে হবে এবং চিহ্ন পরিবর্তন করতে হবে।

∴ মালিকানা স্বত্বের পরিবর্তন = (+ ২,০০,০০০ + ১,০০,০০০)
= + ৩,০০,০০০। অর্থাৎ, মালিকানা স্বত্ব বৃদ্ধি পেয়েছে ৩,০০,০০০ টাকা। নিট মুনাফা হলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায় এবং নিট ক্ষতি হলে মালিকানা স্বত্ব হ্রাস পায়। অতএব, উক্ত বছরে নিট মুনাফা হয়েছে ৩,০০,০০০ টাকা। এই প্রশ্নের সঠিক উত্তর হলো Option C।

08. XYZ কোম্পানি ১০০,০০০ টাকা ঋণ পরিশোধের জন্য শেয়ার ইস্যু করল। এতে হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে? [DU : 16-17]

Ⓐ সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি Ⓑ সম্পদ ও দায় বৃদ্ধি
Ⓒ দায় বৃদ্ধি ও দায় হ্রাস Ⓓ মালিকানাস্বত্ব বৃদ্ধি ও দায় হ্রাস
Ⓔ মালিকানাস্বত্ব বৃদ্ধি ও দায় বৃদ্ধি

Solve (D) শেয়ার ইস্যুর ফলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পেয়েছে এবং ঋণ পরিশোধের ফলে দায় হ্রাস পেয়েছে।

CamScanner

09. ১লা অক্টোবর তারিখে PQS কোম্পানি ৩৫,০০০ টাকা মালিকানা স্বত্ব প্রদর্শন করে। অক্টোবর মাসে মালিক ২,০০০ টাকার অতিরিক্ত বিনিয়োগ করে এবং কোম্পানি ৬,০০০ টাকার নিট মুনাফা অর্জন করে। যদি ৩১শে অক্টোবর তারিখে মালিকানা স্বত্ব ৪০,০০০ টাকা হয়, তবে অক্টোবর মাসে মালিকের উত্তোলিত টাকার পরিমান কত হবে? [DU : 15-16]

Ⓐ টা : ০ Ⓑ টা : ৩,০০০ Ⓒ টা : ৪,০০০
Ⓓ টা : ৫,০০০ Ⓔ টা : ৭,০০০

Solve B মালিকের উত্তোলন = (প্রারম্ভিক মালিকানা স্বত্ব + অতিরিক্ত বিনিয়োগ + নিট মুনাফা – সমাপনী মালিকানা স্বত্ব)
= (৩৫,০০০ + ২,০০০ + ৬,০০০ – ৪০,০০০) = ৩,০০০ টাকা।

10. নিম্নের কোন লেনদেনটি মালিকানাস্বত্বকে প্রভাবিত করবে না? [DU : 15-16]

Ⓐ বিক্রীত পণ্যের ব্যয় লিপিবদ্ধকরণ Ⓑ ধারে বিক্রয় লিপিবদ্ধকরণ
Ⓒ নগদ বিক্রয় লিপিবদ্ধকরণ Ⓓ নগদে মজুতমাল ক্রয়
Ⓔ ইউটিলিটি ব্যয় লিপিবদ্ধকরণ

Solve D অবিরত মজুদ পদ্ধতিতে, নগদে মজুত মাল ক্রয়ের ফলে মজুত (সম্পদ) বৃদ্ধি পায়, আবার নগদ (সম্পদ) হ্রাস পায়। এক্ষেত্রে মালিকানা স্বত্বে কোনো প্রভাব পড়ে না। সুতরাং সঠিক উত্তর D। এখানে হিসাবরক্ষণে নিত্য মজুদ পদ্ধতি ব্যবহার হয়েছে।

11. ABC কোম্পানি XYZ কোম্পানি থেকে ৬০০ টাকার সরঞ্জাম নগদে ক্রয় করেছে। ABC কোম্পানি হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে? [DU : 15-16; DU 7 College : 21-22]

Ⓐ সম্পদ এবং দায় বৃদ্ধি Ⓑ সম্পদ এবং দায় হ্রাস
Ⓒ মোট সম্পদে কোনো পরিবর্তন হবে না Ⓓ দায়ে কোনো পরিবর্তন হবে না
Ⓔ সম্পদ বৃদ্ধি এবং দায় হ্রাস

Solve C ABC কোম্পানি XYZ কোম্পানির নিকট হতে নগদে সরঞ্জাম ক্রয় করার ফলে, "সরঞ্জাম" নামক সম্পদ বৃদ্ধি পাবে ৬০০ টাকা এবং "নগদ" টাকা নামক সম্পদ হ্রাস পাবে। ফলে হিসাব সমীকরণের মোট সম্পদের কোন পরিবর্তন হবে না। সুতরাং এটি হিসাব সমীকরণের গুণগত/কাঠামোগত পরিবর্তন।

12. বাকিতে পণ্য ক্রয় করা হলে ক্রেতার হিসাব বহিতে সম্ভাব্য পরিবর্তন হবে- [DU : 14-15]

Ⓐ সম্পদ বৃদ্ধি এবং দায় বৃদ্ধি Ⓑ দায় বৃদ্ধি এবং পরিশোধিত মূলধন বৃদ্ধি
Ⓒ দায় বৃদ্ধি এবং সম্পদ হ্রাস Ⓓ সম্পদ বৃদ্ধি এবং ব্যয় বৃদ্ধি
Ⓔ দায় বৃদ্ধি এবং রাজস্ব হ্রাস

Solve A নিত্য মজুদ/অবিরত পদ্ধতিতে, বাকিতে পণ্য ক্রয় করা হলে মজুতপণ্য (সম্পদ) বৃদ্ধি পাবে, অপরদিকে অর্থ পরিশোধ না করার কারণে প্রদেয় হিসাব (দায়) বৃদ্ধি পাবে।

13. উত্তরা কোম্পানির ২০১৩ সালের সম্পত্তি হ্রাস পায় ৮০,০০০ টাকা এবং দায় বৃদ্ধি পায় ৩০,০০০ টাকা। তাহলে মালিকানা স্বত্ব: [DU : 14-15]

Ⓐ ৫০,০০০ টাকা বৃদ্ধি পায় Ⓑ ৫০,০০০ টাকা হ্রাস পায়
Ⓒ ১,১০,০০০ টাকা বৃদ্ধি পায় Ⓓ ১১০,০০০ টাকা হ্রাস পায়
Ⓔ ৮০,০০০ টাকা বৃদ্ধি পায়

Solve D সম্পদ হ্রাস এবং দায় বৃদ্ধি পেলে মালিকানাস্বত্ব হ্রাস পায়। সুতরাং এখানে মালিকানাস্বত্ব হ্রাস পাবে (৮০,০০০ + ৩০,০০০) টাকা = ১,১০,০০০ টাকা।

14. নিচের কোন লেনদেন মালিকানা স্বত্বকে প্রভাবিত করবে না? [DU : 13-14]

Ⓐ সম্পত্তির অবচয় Ⓑ লভ্যাংশ প্রদান Ⓒ বকেয়া খরচ প্রদান
Ⓓ অগ্রিম আয় Ⓔ অগ্রিম আয়কর সমন্বয় দাখিলা

Solve C বকেয়া খরচ প্রদান করা হলে, নগদ টাকা (সম্পদ) হ্রাস পায় এবং বকেয়া খরচ নামক দায় হ্রাস পায়। অগ্রিম আয়ের ফলে নগদ টাকা নামক (সম্পদ) ও দায় বৃদ্ধি পায়। অর্থাৎ মালিকানা স্বত্বে কোন প্রভাব পড়ে না।

15. নিচের কোনটি হিসাব সমীকরণের বর্ধিত প্রকাশ? [DU : 12-13]

Ⓐ সম্পত্তি + দায় = মালিকের মূলধন + মালিকের উত্তোলন + আয় + ব্যয়
Ⓑ সম্পদ = দায় + মালিকের মূলধন + মালিকের উত্তোলন + আয় - ব্যয়
Ⓒ সম্পদ = দায় - মালিকের মূলধন - মালিকের উত্তোলন - আয় - ব্যয়
Ⓓ সম্পদ = দায় + মালিকের মূলধন - মালিকের উত্তোলন + আয় - ব্যয়
Ⓔ সম্পদ + দায় = মালিকের মূলধন - মালিকের উত্তোলন + আয় - ব্যয়

Solve D হিসাব সমীকরণ হলো : সম্পত্তি = দায় + মালিকের মূলধন। হিসাব সমীকরণের বর্ধিত রূপ হলো : সম্পত্তি = দায় + মালিকের মূলধন - মালিকের উত্তোলন + আয় - ব্যয়।

16. ২০১১ সালে ক্ষয়ার ফার্মাসিউটিক্যালস লি. এর সম্পত্তি ৫০,০০০ টাকা কমেছে এবং দায় ৯০,০০০ টাকা কমেছে। এর ফলে মালিকানাস্বত্ব টাকায়: [DU : 12-13]

Ⓐ ৪০,০০০ বেড়েছে Ⓑ ১,৪০,০০০ কমেছে Ⓒ ৪০,০০০ কমেছে
Ⓓ ১,৪০,০০০ বেড়েছে Ⓔ অপরিবর্তিত রয়েছে

Solve A কোনো প্রতিষ্ঠানের সম্পত্তির পরিমাণ কমে গেলে মালিকানাস্বত্ব কমে যায়। অন্যদিকে দায় কমে গেলে মালিকানাস্বত্ব বেড়ে যায়। ফলে সম্পত্তি ৫০,০০০ টাকা কমে যাওয়া এবং দায় ৯০,০০০ টাকা কমে যাওয়ায় ২০১১ সালে ক্ষয়ার ফার্মাসিউটিক্যালস লি: এর মালিকানাস্বত্ব (৯০,০০০ – ৫০,০০০) = ৪০,০০০ টাকা বেড়ে গেছে।

A	= L	+ OE
(–) ৫০,০০০	= (–) ৯০,০০০	+ ৪০,০০০

17. একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের হিসাবকালের প্রারম্ভে মোট সম্পদের পরিমাণ ১২,০০,০০০ টাকা, সমাপনী দিনে দায়ের পরিমাণ ২,০০,০০০ টাকা বেড়ে মোট ৯,০০,০০০ টাকায় দাঁড়িয়েছে। সমাপ্তি দিনে মালিকানা স্বত্বের পরিমাণ হলো ৮,০০,০০০ টাকা। যদি ব্যবসায়টি উক্ত হিসাবকালে ২,০০,০০০ টাকা মুনাফা অর্জন করে থাকে এবং মালিক নতুন করে ১,৭৫,০০০ টাকা বিনিয়োগ করে থাকে তাহলে উক্ত হিসাবকালে মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ কত? [DU : 11-12]

Ⓐ শূন্য Ⓑ ৭৫,০০০ টাকা Ⓒ ১,৫০,০০০ টাকা
Ⓓ ২৫,০০০ টাকা Ⓔ ১,২৫,০০০ টাকা

Solve B প্রশ্নে দেওয়া আছে, হিসাবকালের প্রারম্ভে মোট সম্পদের পরিমাণ ১২,০০,০০০ টাকা। সমাপনী দিনে দায়ের পরিমাণ ২,০০,০০০ টাকা বেড়ে মোট ৯,০০,০০০ টাকায় দাঁড়িয়েছে। অর্থাৎ হিসাবকালের প্রারম্ভে দায়ের পরিমাণ ছিল (৯,০০,০০০ – ২,০০,০০০) = ৭,০০,০০০ টাকা। সুতরাং হিসাবকালের প্রারম্ভে মালিকানা স্বত্বের পরিমাণ ছিল = (১২,০০,০০০ – ৭,০০,০০০) = ৫,০০,০০০ টাকা। সমাপ্তি দিনে মালিকানা স্বত্বের পরিমাণ হলো ৮,০০,০০০ টাকা।

প্রারম্ভিক মালিকানা স্বত্ব + অতিরিক্ত বিনিয়োগ + মুনাফা – উত্তোলন = সমাপনী মালিকানা স্বত্ব
৫,০০,০০০ + ১,৭৫,০০০ + ২,০০,০০০ – উত্তোলন = ৮,০০,০০০
∴ উত্তোলন = (৫,০০,০০০ + ১,৭৫,০০০ + ২,০০,০০০ – ৮,০০,০০০)
= ৭৫,০০০ টাকা।

সুতরাং উক্ত হিসাবকালে মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ হলো ৭৫,০০০ টাকা। অতএব এই প্রশ্নের সঠিক উত্তর হলো B। অথবা,

A	= L	+ OE
১২,০০,০০০	৭,০০,০০০	+ ৫,০০,০০০
	(+) ২,০০,০০০	(+) ১,৭৫,০০০ [বিনিয়োগ]
		(+) ২,০০,০০০ [মুনাফা]
		(–) ৭৫,০০০ [উত্তোলন]
১৭,০০,০০০	৯,০০,০০০	+ ৮,০০,০০০

সুতরাং, মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ ৭৫,০০০ টাকা। কারণ প্রারম্ভিক মালিকানা স্বত্বের সাথে পরিবর্তনসমূহ যোগ করলে যোগফল ৮,৭৫,০০০ টাকা হয় কিন্তু সমাপনি দিনে মালিকানা স্বত্বের পরিমাণ দাড়ায় ৮,০০,০০০ টাকা। অতএব উক্ত বছরে মালিক (৮,৭৫,০০০ – ৮,০০,০০০) = ৭৫,০০০ টাকা ব্যবসা হতে উত্তোলন করেছে।

18. অভ্যন্তরীণ সত্তা হলো- [DU : 10-11]

Ⓐ দায় Ⓑ সম্পত্তি Ⓒ খরচ Ⓓ আয় Ⓔ মূলধন

Solve E অভ্যন্তরীণ সত্তা বলতে মালিকগণ কর্তৃক সরবরাহকৃত মূলধনসমূহকে বোঝায়।

19. ৩১ ডিসেম্বর ২০১০ স্টোনল্যান্ড কোম্পানির সম্পত্তি ৩,৫০০ টাকা এবং স্বত্বাধিকারী ২,০০০ টাকা। স্টোনল্যান্ড কোম্পানির ৩১ ডিসেম্বর ২০১০ এর দায় টাকায় কত হবে? [DU : 10-11]

Ⓐ ১,৫০০ Ⓑ ১,০০০ Ⓒ ২,৫০০ Ⓓ ২,০০০ Ⓔ ৩,০০০

Solve A এক্ষেত্রে দায় = সম্পত্তি – স্বত্বাধিকারী [A = L – OE] = (৩,৫০০ – ২,০০০) টাকা = ১,৫০০ টাকা।

CamScanner

20. যদি ব্যবসায় থেকে নগদ ১০০ টাকা চুরি হয়, তবে হিসাবে একটি প্রভাব কী হবে? [DU : 10-11]

Ⓐ নগদ কমবে, খরচ বাড়বে Ⓑ নগদ বাড়বে, খরচ রাড়বে
Ⓒ নগদ কমবে, খরচ কমবে Ⓓ নগদ বাড়বে, খরচ কমবে
Ⓔ কোনো প্রভাব পড়বে না

Solve নগদ ১০০ টাকা চুরি হওয়ার ফলে 'নগদ' টাকা নামক সম্পদ হ্রাস পায় এবং চুরি বা ক্ষতি হওয়ার ফলে 'খরচ' বৃদ্ধি পায় অর্থাৎ মালিকানা স্বত্ব হ্রাস পায়।

21. বাকিতে পণ্য বিক্রয় মৌলিক হিসাববিজ্ঞান সমীকরণের উপর নিচের কোন প্রভাব ফেলবে? [DU : 09-10]

Ⓐ সম্পদ বৃদ্ধি এবং মালিকের স্বত্ব হ্রাস Ⓑ সম্পদ বৃদ্ধি এবং মালিকের স্বত্ব বৃদ্ধি
Ⓒ সম্পদ হ্রাস এবং দায় বৃদ্ধি Ⓓ সম্পদ বৃদ্ধি এবং দায় বৃদ্ধি
Ⓔ সম্পদ, দায় এবং মালিকের স্বত্ব অপরিবর্তিত

Solve বাকিতে পণ্য বিক্রি করা হলে 'বিক্রয়' নামক আয় বৃদ্ধি পায়। ফলে মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়। অন্যদিকে, দেনাদার বৃদ্ধির ফলে সম্পত্তি বৃদ্ধি পায়।

22. সম্পত্তি, দায় এবং মূলধনের মধ্যকার সম্পর্ক প্রকাশ করা হয়- [DU : 08-09]

Ⓐ দ্বৈতসত্তার মাধ্যমে Ⓑ হিসাব সমীকরণের মাধ্যমে
Ⓒ উদ্বৃত্তপত্রের মাধ্যমে Ⓓ লাভ-ক্ষতি হিসাবের মাধ্যমে
Ⓔ ডেবিট-ক্রেডিট এর মাধ্যমে

Solve কারবার প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা জ্ঞাপক প্রধান তিনটি উপাদান হলো- সম্পত্তি, দায় ও মূলধন। এদের মধ্যকার সম্পর্ক প্রকাশ করা হয় হিসাব সমীকরণের মাধ্যমে।

23. একটি লেনদেন মোট সম্পত্তি ও মোট দায় উভয়ই ১০,০০০ টাকা হ্রাস করে। এই লেনদেনটি হতে পারে- [DU : 08-09]

Ⓐ নগদে ১০,০০০ টাকা মূল্যের একটি প্রিন্টার ক্রয়
Ⓑ ১০,০০০ টাকা মূল্যের সম্পত্তি আগুনে নষ্ট হয়েছে
Ⓒ ১০,০০০ টাকার ব্যাংক ঋণ পরিশোধ
Ⓓ দেনাদার থেকে ১০,০০০ টাকা পাওয়া গেল
Ⓔ বাকিতে পণ্য ক্রয়

Solve Option (C) তে, ব্যাংক ঋণ পরিশোধের ফলে 'নগদ' নামক সম্পত্তি ১০,০০০ টাকা হ্রাস পেয়েছে এবং 'ঋণ' নামক দায় ১০,০০০ টাকা হ্রাস পেয়েছে। ফলে মোট সম্পত্তি ও মোট দায় উভয়ই ১০,০০০ টাকা হ্রাস পেয়েছে।

24. নিচের কোন্ লেনদেনটি 'সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি' করে না? [DU : 07-08]

Ⓐ যন্ত্রপাতি ধারে ক্রয়
Ⓑ পণ্যসামগ্রী ধারে ক্রয়
Ⓒ পরবর্তী বর্ষের জন্য বেতন ও মজুরি আগাম প্রদান
Ⓓ আসবাবপত্র নগদে ক্রয়
Ⓔ অগ্রিম প্রাপ্ত আয় যার জন্য এখনো সেবা দেওয়া হয় নাই

Solve প্রশ্নটির Option গুলোর মধ্যে (A) যন্ত্রপাতি ধারে ক্রয় এর ফলে (সম্পত্তি) যন্ত্রপাতি এবং সরবরাহকারী (দায়) বৃদ্ধি পায়। (B) পণ্যসামগ্রী ধারে ক্রয় এ লেনদেনটির ফলে মজুত পণ্য অবিরত মজুদ পদ্ধতিতে মজুদ পণ্য (সম্পত্তি) এবং পাওনাদার (দায়) বৃদ্ধি পায়। (C) পরবর্তী বছরের জন্য বেতন ও মজুরি আগাম প্রদান লেনদেনটির ফলে অগ্রিম বেতন ও মজুরি (সম্পদ) বাড়ে এবং নগদ টাকা (সম্পত্তি) কমে। (D) আসবাবপত্র নগদে ক্রয় লেনদেনটির ফলে আসবাবপত্র (সম্পদ) বাড়ে এবং নগদ টাকা (সম্পদ) কমে। (E) লেনদেনটির ফলে অগ্রিম প্রাপ্ত আয় (দায়) এবং নগদ (সম্পদ) বেড়ে যায়।

25. মালিকানাস্বত্ব হ্রাসের সঠিক কারণ চিহ্নিত কর- [DU : 06-07]

Ⓐ উত্তোলন এবং নগদ কমে যাওয়া Ⓑ খরচ ও দায় বেড়ে যাওয়া
Ⓒ উত্তোলন ও খরচ বেড়ে যাওয়া Ⓓ খরচ ও দায় কমে যাওয়া
Ⓔ উত্তোলন ও দায় কমে যাওয়া

Solve উত্তোলন ও খরচ বেড়ে যাওয়া (C) Option টিতে উভয় কারণেই মালিকানাস্বত্ব হ্রাস পাবে। কারণ উত্তোলন করলে ও খরচ বাড়লে মালিকানাস্বত্ব হ্রাস পায়।

26. বছরের শেষ দিনে স্পেক্টর কোম্পানি ৯০,০০০ টাকার যন্ত্রপাতি ধারে ক্রয় করে। এই লেনদেনটি প্রভাবিত করবে [DU : 05-06]

Ⓐ শুধু লাভ-ক্ষতিকে। Ⓑ শুধু উদ্বৃত্তপত্র।
Ⓒ লাভ-ক্ষতি বণ্টন হিসাব। Ⓓ লাভ-ক্ষতি হিসাবে ও মালিকানাস্বত্ব বিবরণী।
Ⓔ ক্রয়- বিক্রয় হিসাব।

Solve ধারে যন্ত্রপাতি ক্রয় করার ফলে প্রতিষ্ঠানের মোট সম্পত্তি ও মোট দায় উভয়ই বৃদ্ধি পায়। যেহেতু সম্পত্তি এবং দায় দুইটি দফাই উদ্বৃত্তপত্রে দেখানো হয় সেহেতু এই লেনদেনটি শুধু উদ্বৃত্তপত্রকে প্রভাবিত করবে।

27. ধারে সেবা প্রদান করলে এর প্রভাব হবে : [DU : 05-06]

Ⓐ নগদ এবং মালিকের পুঁজি উভয়ই কমে
Ⓑ নগদ এবং মালিকের পুঁজি উভয়ই বাড়ে
Ⓒ প্রাপ্য বিল এবং মালিকের পুঁজি উভয়ই বাড়ে
Ⓓ দেয় বিল বাড়ে Ⓔ মালিকের পুঁজি কমে

Solve ধারে সেবা প্রদান করলে প্রাপ্য হিসাব নামক 'সম্পত্তি' বৃদ্ধি পায় এবং 'সেবা আয়' নামক আয় বৃদ্ধি পায় অর্থাৎ, মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।

28. কোন গ্রাহককে ধারে প্রদত্ত সেবা, হিসাব সমীকরণে নিম্নোক্ত প্রভাব ফেলবে- [DU : 05-06]

Ⓐ সম্পদ বাড়বে ও মালিকের স্থিতি হ্রাস পাবে
Ⓑ দেনা বাড়বে ও মালিকের স্থিতি বাড়বে
Ⓒ ফার্মের সম্পদ ও মালিকের স্থিতি বাড়বে Ⓓ ফার্মের সম্পদ ও দেনা বাড়বে

Solve নগদে ও ধারে সেবা প্রদান করলে প্রতিষ্ঠানের আয় বৃদ্ধি পায় ফলে আয় বৃদ্ধি পেলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়। এখানে গ্রাহককে ধারে সেবা প্রদান করায় আয় বৃদ্ধি পেয়েছে এবং দেনাদার নামক (সম্পদ) বৃদ্ধি পেয়েছে।

29. একটি ব্যবসায়িক লেনদেন সবসময় প্রভাবিত করে- [DU : 05-06]

Ⓐ হিসাব সমীকরণকে Ⓑ আয়- ব্যয় বিবরণীকে
Ⓒ রেওয়ামিলের উভয় দিককে Ⓓ নগদান হিসাবকে

Solve একটি ব্যবসায়িক লেনদেন সবসময় ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায়। আর আর্থিক অবস্থা প্রকাশ করা হয় উদ্বৃত্তপত্রের মাধ্যমে। উদ্বৃত্তপত্রকে সংক্ষেপে হিসাব সমীকরণ দ্বারা প্রকাশ করা হয়।

30. মৌলিক হিসাব সমীকরণ সাধারণত যে ভাবে প্রকাশ করা হয়- [DU : 03-04]

Ⓐ A – L = E Ⓑ L + E = A Ⓒ A – E = L
Ⓓ A = L + E Ⓔ A = E + L + I

Solve হিসাব সমীকরণ সাধারণত উদ্বৃত্তপত্রের সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্বকে প্রকাশ করে। উদ্বৃত্তপত্রে ডেবিট পাশে থাকে সম্পত্তিসমূহ এবং ক্রেডিট পাশে থাকে দায়সমূহ। (বহির্দায় ও মালিকানা স্বত্ব)। অর্থাৎ সমীকরণ হলো, A = L + E.

31. নিচের কোনটি সঠিক? [DU : 02-03]

Ⓐ লাভ মূলধনের পরিবর্তন করে না Ⓑ লাভ মূলধন কমায়
Ⓒ পুঁজি শুধু লাভ থেকে আসে Ⓓ পুঁজি শুধু পাওনাদারদের নিকট থেকে আসে
Ⓔ লাভ পুঁজি বৃদ্ধি করে

Solve আয়, নিট লাভ এবং বিনিয়োগ মালিকানা স্বত্ব বৃদ্ধি করে। পুঁজি বলতে ব্যবসায়ের সম্পদের উপর মালিকের দাবিকেই বুঝায়।

32. নিচের কোন লেনদেনটির ফলে কোম্পানির মোট সম্পত্তি ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে- [DU : 01-02]

Ⓐ নগদ ১০, ০০০ টাকায় একটি গাড়ি ক্রয় করা হলো
Ⓑ ধারে ১০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করলে
Ⓒ দেনাদারের কাছ থেকে ১০,০০০ টাকা আদায় করা হলো
Ⓓ নগদে ১০,০০০ টাকার দায় শোধ করা হলো Ⓔ কোনোটিই নয়

Solve (A) এ লেনদেনটির দ্বারা গাড়ি নামক সম্পত্তিটি বৃদ্ধি পায় ও নগদ টাকা (সম্পত্তি) কমে যায়। ফলে সম্পদ সমান থাকে। (B) এ লেনদেনটির কারণে আসবাবপত্র (সম্পত্তি) ১০,০০০ টাকা বৃদ্ধি এবং সরবরাহকারী ১০,০০০ টাকা বৃদ্ধি পায়। ফলে সম্পত্তি বৃদ্ধি পায় ১০,০০০ টাকা এবং দায় বৃদ্ধি পায় ১০,০০০ টাকা। (C) এ লেনদেনটির দ্বারা নগদ টাকা (সম্পদ) ১০,০০০ টাকা বৃদ্ধি পায়, অপরদিকে দেনাদার (সম্পদ) ১০,০০০ টাকা হ্রাস পায়। (D) এ লেনদেনটির কারণে নগদ টাকা (সম্পদ) ১০,০০০ হ্রাস পায়, পক্ষান্তরে দায়ও ১০,০০০ টাকা হ্রাস পায়। কিন্তু প্রশ্নে চাওয়া হয়েছে সম্পত্তি ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে। সুতরাং, অপশন (B) সঠিক উত্তর।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

33. **আর্থিক বছরের শুরুতে উদ্বৃত্তপত্রের সম্পত্তির পরিমাণ ছিল ৬৮২ টাকা এবং মালিকের ইক্যুইটি ছিল ৪১৮ টাকা। উক্ত বছরে সম্পত্তি বেড়েছে ৩৭ টাকা এবং দায় কমেছে ১৯ টাকা। বছর শেষে মালিকের ইক্যুইটির পরিমাণ-** [DU : 00-01]

Ⓐ ৪১৮ টাকা Ⓑ ৪৩৬ টাকা Ⓒ ৪৭৪ টাকা Ⓓ ৭১৯ টাকা

Solve আমরা জানি যে, সম্পত্তি বৃদ্ধি পেলে, ব্যয় হ্রাস পেলে, দায় হ্রাস পেলে, আয় বৃদ্ধি পেলে → মালিকানা স্বত্ব বৃদ্ধি পায় এবং সম্পত্তি হ্রাস পেলে, ব্যয় বৃদ্ধি পেলে, দায় বৃদ্ধি পেলে, আয় হ্রাস পেলে → মালিকানা স্বত্ব হ্রাস পায়। অতএব বছর শেষে মালিকের ইক্যুইটির পরিমাণ হবে = (৪১৮ + ৩৭ + ১৯) = ৪৭৪ টাকা।

34. **হিসাব সমীকরণ সব সময় প্রভাবিত হয়** [DU : 00-01]

Ⓐ লেনদেনের মাধ্যমে Ⓑ আয়-ব্যয় বিবরণীর মাধ্যমে
Ⓒ রেওয়ামিলের মাধ্যমে Ⓓ দাখিলার মাধ্যমে

Solve কোনো প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা নির্দেশক উপাদানসমূহ হলো সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব। হিসাব সমীকরণ এদের মধ্যে সম্পর্ক প্রকাশ করে। অতএব (A) লেনদেনের মাধ্যমেই প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা প্রভাবিত হয়। (B) আয়-ব্যয় বিবরণী, (C) রেওয়ামিল, (D) দাখিলার মাধ্যমে কখনও আর্থিক অবস্থার প্রভাব বিস্তার করে না। লেনদেনের দ্বারা আর্থিক অবস্থা প্রভাবিত হলে হিসাব সমীকরণ ও প্রভাবিত হয়।

35. **নিম্ন কোন লেনদেনটি উদ্বৃত্তপত্রের মোট যোগফলকে প্রভাবিত করবে না-** [DU : 98-99, 94-95]

Ⓐ পাওনাদারের কাছ থেকে ৫০০ টাকার পণ্য ক্রয়
Ⓑ ৩,০০০ টাকার দেনা কিস্তি পরিশোধ করা হয়
Ⓒ দেনাদারের কাছ থেকে ৪,০০০ টাকা আদায় করা হল
Ⓓ প্রতিষ্ঠানের মালিক কর্তৃক ৮০০ টাকা উত্তোলন

Solve অপশন (C) এ বর্ণিত লেনদেনটির কারনে দেনাদার নামক (সম্পদ) ৪,০০০ টাকা হ্রাস পায় এবং নগদ টাকা নামক (সম্পদ) ৪,০০০ টাকা বৃদ্ধি পাবে। ফলে উদ্বৃত্তপত্রের এক পাশে অর্থাৎ শুধু সম্পত্তির পাশে (সম্পদ কমবে ও বাড়বে) পরিবর্তন সাধিত হবে। অর্থাৎ উদ্বৃত্তপত্রের মোট যোগফলের কোনো পরিবর্তন হবে না।

36. **রহমানের নিকট থেকে ৫,০০০ টাকার পণ্য ধারে ক্রয় করা হলো- এই লেনদেনটি হিসাব সমীকরণকে কীভাবে প্রভাবিত করবে?** [DU : 97-98]

Ⓐ সম্পত্তি ও দায় বৃদ্ধি পাবে
Ⓑ সম্পত্তি বৃদ্ধি পাবে এবং মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
Ⓒ দায় হ্রাস পাবে এবং মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে
Ⓓ দায় বৃদ্ধি পাবে এবং মালিকানাস্বত্ব হ্রাস পাবে

Solve নিত্য মজুত পদ্ধতিতে উপর্যুক্ত লেনদেনটির জাবেদা হবে- মজুত পণ্য হিসাব ডেবিট ৫,০০০ টাকা; পাওনাদার/রহমান হিসাব ক্রেডিট ৫,০০০ টাকা। মজুত পণ্য হিসাব ডেবিট করায় মজুত পণ্য নামক সম্পত্তি বৃদ্ধি পাবে ৫,০০০ টাকা এবং পাওনাদার/রহমান হিসাব ক্রেডিট করায় পাওনাদার/রহমান হিসাব নামক দায় ৫,০০০ টাকা বাড়বে। অতএব লেনদেনটির ফলে (A) সম্পত্তি ও দায় বৃদ্ধি পাবে। অবর, কালীন মজুত পদ্ধতিতে ক্রয় হিসাব ডেবিট করায় ব্যয় বৃদ্ধি পায়। আর ব্যয় বৃদ্ধি পেলে মালিকানাস্বত্ব হ্রাস পায় এবং পাওনাদার/রহমান হিসাব ক্রেডিট করায় দায় বৃদ্ধি পায়। অর্থাৎ লেনদেনটির কারণে দায় বৃদ্ধি ও মালিকানাস্বত্ব হ্রাস পায়।

37. **নিম্নের কোন বক্তব্যটি সত্য?** [DU : 95-96]

Ⓐ কোন সম্পত্তি বৃদ্ধি করলে তোমাকে অবশ্যই কোন দায় অথবা মালিকানাস্বত্ব বৃদ্ধি করতে হবে
Ⓑ কোন সম্পত্তি বৃদ্ধি করলে তোমাকে অবশ্যই অপর একটি সম্পদ কমাতে হবে
Ⓒ কোন সম্পত্তি বৃদ্ধি করলে তোমাকে অবশ্যই অপর একটি সম্পত্তি বৃদ্ধি করতে হবে
Ⓓ উপরের কোনোটিই সঠিক নয়

Solve (A) এর বক্তব্যটি সম্পূর্ণ সত্য নয়। কারণ কোন সম্পত্তি বৃদ্ধি করলে দায় অথবা মালিকানাস্বত্ব না বৃদ্ধি করে অপর একটি সম্পদ হ্রাস করা যেতে পারে। (B) এর বক্তব্যটিও ঠিক নয় (A) এর মতো, কোন সম্পদ বৃদ্ধি করলে অপর একটি সম্পদ হ্রাস না করে মালিকানাস্বত্ব বা দায় বৃদ্ধি করা যেতে পারে। (C)এর বক্তব্যটি সম্পূর্ণ মিথ্যা। কারণ, কোনো সম্পত্তি বৃদ্ধি করলে, অপর একটি সম্পত্তি হ্রাস না করেও দায় অথবা মালিকানা বৃদ্ধি করা হয়। অতএব এখানে কোনো সঠিক উত্তর নেই।

38. **হিসাব সমীকরণের ভিত্তি হলো :** [DU : 95-96]

Ⓐ দুতরফা হিসাব পদ্ধতির ব্যবহার Ⓑ উদ্বর্তপত্র প্রস্তুতকরণ
Ⓒ বাণিজ্যিক সত্তা নীতির ব্যবহার Ⓓ বকেয়া ভিত্তিতে হিসাব লিপিবদ্ধকরণ

Solve হিসাব সমীকরণের ভিত্তি হলো দুতরফা হিসাব পদ্ধতি।

39. **বাকিতে কলকব্জা ক্রয়ের ফলে-** [DU : 93-94]

Ⓐ একটি সম্পত্তি বৃদ্ধি পাবে এবং অন্য একটি সম্পত্তি হ্রাস পাবে
Ⓑ একটি সম্পত্তি বৃদ্ধি পাবে এবং মূলধন বৃদ্ধি পাবে
Ⓒ একটি সম্পত্তি বৃদ্ধি পাবে এবং একটি দায় হ্রাস পাবে
Ⓓ একটি সম্পত্তি বৃদ্ধি পাবে এবং একটি দায় বৃদ্ধি পাবে

Solve বাকিতে কলকব্জা ক্রয়ের জন্য সম্পত্তি বৃদ্ধি পাবে এবং সরবরাহকারী বা দেয় হিসাব বৃদ্ধি পাবে।

40. **নিম্নোক্ত সমীকরণসমূহের মধ্যকার বিচ্যুতি সংখ্যাগুলো হবে-** [DU : 92-93]

সম্পত্তি = দায় + মালিকানা

১. ৪৬,৫০০ = ৯,৪০০ + ?
২. ৩৫,৬০০ = ? + ১৮,৬০০
৩. ? = ৮,৭০০ + ২৫,৮০০

Ⓐ (১) ৩৭,১০০ (২) ১৭,০০০ (৩) ৩৪,৫০০
Ⓑ (১) ৫৫,৯০০ (২) ৫৪,২০০ (৩) ৩৪,৫০০
Ⓒ (১) ৩৭,১০০ (২) ৩৪,৫০০ (৩) ৫৫,৯০০
Ⓓ (১) ৩৭,১০০ (২) ৩৪, ৫০০ (৩) ১৭,০০০

Solve
(১) মালিকানা = (সম্পত্তি – দায়) = (৪৬,৫০০ – ৯,৪০০) = ৩৭,১০০
(২) দায় = (সম্পত্তি – মালিকানা) = (৩৫,৬০০ – ১৮,৬০০) = ১৭, ০০০
(৩) সম্পত্তি = (দায় + মালিকানা) = (৮,৭০০ + ২৫,৮০০) = ৩৪,৫০০

41. **নিম্নোক্ত লেনদেনগুলোর মধ্যে কোনটির কারণে সম্পত্তি ও মালিকানা উভয়ই বৃদ্ধি পায়-** [DU : 92-93]

Ⓐ ১,০০,০০০ টাকার জমি ক্রয় করা হলো
Ⓑ ৫০,০০০ টাকায় ক্রীত মাল ৬০,০০০ টাকায় বিক্রয়
Ⓒ ৫০,০০০ টাকা মূল্যের ব্যক্তিগত গাড়ি ব্যবসার নামে হস্তান্তর করা হলো
Ⓓ কোনোটিই নয়

Solve ৫০,০০০ টাকার মূলধন বা ব্যক্তিগত গাড়ি ব্যবসায়ে হস্তান্তর করায় ৫০,০০০ টাকা সম্পদ (গাড়ি) বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বেড়েছে।

42. **এ লিমিটেড ব্যাংক হতে ৬০,০০০ টাকার ঋণ গ্রহণ করল এবং দায় পরিশোধের জন্য একটি নোটে স্বাক্ষর করল। হিসাব সমীকরণের সংখ্যায় কোন পরিবর্তনটি সংঘটিত হবে-** [DU : 91-92]

Ⓐ ৬০,০০০ টাকার সম্পত্তি হ্রাস পাবে এবং স্টক হোল্ডারদের দাবি ৬০,০০০ টাকায় বৃদ্ধি পাবে
Ⓑ সম্পত্তি ও স্টক হোল্ডারদের দাবি ৬০,০০০ টাকায় বৃদ্ধি পাবে
Ⓒ ৬০,০০০ টাকার দায় বৃদ্ধি পাবে এবং ৬০,০০০ টাকার সম্পত্তি হ্রাস পাবে
Ⓓ উপরের কোনোটিই নয়

Solve ব্যাংক হতে ঋণ গ্রহণ করায় নগদ টাকা (সম্পত্তি) বৃদ্ধি পাবে এবং দায় পরিশোধের জন্য নোটে স্বাক্ষর করায় প্রদেয় নোট নামক দায় বৃদ্ধি পাবে। (A), (B) ও (C)-তে সম্পত্তি ও দায় বৃদ্ধি না থাকায় সঠিক উত্তর কোনোটিই নয়।

43. **'এ' লিমিটেড অফিসের জন্য ১০,০০০ টাকার অতিরিক্ত উপকরণ ক্রয় করল এবং এর জন্য ৩০ দিনের মধ্যে টাকা পরিশোধের জন্য একটি নোটে স্বাক্ষর করল। হিসাব সমীকরণের সংখ্যায় কোন পরিবর্তনটি সংঘটিত হবে?** [DU : 91-92]

Ⓐ উদ্বৃত্তপত্রের মোট যোগফলের কোনো পরিবর্তন হবে না
Ⓑ সম্পত্তি বৃদ্ধি পাবে এবং ব্যয় হ্রাস পাবে
Ⓒ সম্পত্তি ও দায় উভয়ই বৃদ্ধি পাবে
Ⓓ দায় বৃদ্ধি পাবে ও সম্পত্তি হ্রাস পাবে

Solve উপকরণ ক্রয় করায় উপকরণ (সরঞ্জাম) নামক সম্পত্তি বৃদ্ধি পাবে এবং ক্রয়ের মূল্য পরিশোধের জন্য নোটে স্বাক্ষর করায় দেয়/প্রদেয় নোট নামক দায় বৃদ্ধি পাবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

44. 'A' লি. কোনো এক কর্মচারীর নিকট হতে প্রাপ্ত সেবার জন্য অপরিশোধিত মজুরি বাবদ ৫০০ টাকা দায় স্বীকার করল। এর ফলে - [DU : 91-92]

Ⓐ সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি পাবে Ⓑ স্টক হোল্ডারদের দাবি ও দায় বৃদ্ধি পাবে
Ⓒ দায় ও সম্পত্তি বৃদ্ধি পাবে Ⓓ স্টক হোল্ডারদের দাবি হ্রাস ও দায় বৃদ্ধি পাবে

Solve লেনদেনটির ফলে প্রাপ্ত সেবার জন্য মজুরি ব্যয় নামক ব্যয় বৃদ্ধি পাবে, ফলে স্টক হোল্ডারদের দাবি হ্রাস পাবে এবং ব্যয়টি অপরিশোধিত থাকায় অপরিশোধিত মজুরি বাবদ ৫০০ টাকা দায় বৃদ্ধি পাবে।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. নিচের কোনটি সঠিক? [DU 7 College : 22-23]

Ⓐ লভ্যাংশ প্রদান ব্যবসায়ের ইক্যুইটি মূলধনকে পরিবর্তন করে না।
Ⓑ উত্তোলন ব্যবসায়ের ইক্যুইটি মূলধনকে হ্রাস করে।
Ⓒ আয় ব্যবসায়ের ইক্যুইটি মূলধন কমায়।
Ⓓ ব্যয় ব্যবসায়ের ইক্যুইটি মূলধন বৃদ্ধি করে।

Solve উত্তোলন করলে মালিকের দাবী/অধিকার হ্রাস পায় কারণ উত্তোলন একটি বিপরীত মালিকানাস্বত্ব হিসাব। সুতরাং উত্তোলন ব্যবসায়ের ইক্যুইটি মূলধনকে হ্রাস করে।

02. কোন লেনদেনটি মালিকানাস্বত্বকে প্রভাবিত করে না? [HEC : 22-23]

Ⓐ নগদে বিক্রয় লিপিবদ্ধকরণ Ⓑ ধারে বিক্রয় লিপিবদ্ধকরণ
Ⓒ উপযোগ ব্যয় লিপিবদ্ধকরণ Ⓓ নগদে মজুদ মাল ক্রয়

Solve অবিরত পদ্ধতিতে নগদে মজুদ মাল ক্রয় করা হলে মজুদ পণ্য নামক সম্পত্তি বৃদ্ধি পাবে। অপরপক্ষে নগদ টাকা নামক সম্পদ হ্রাস পাবে। ফলে লেনদেনটি শুধুমাত্র সম্পত্তি হ্রাস-বৃদ্ধির সাথে জড়িত এটি মালিকানা স্বত্বকে প্রভাবিত করে না।

03. নিচের কোন লেনদেনটির ফলে উদ্বর্তপত্রের মোট যোগফলের পরিবর্তন হবে না? [DU 7 College : 21-22]

Ⓐ দেনাদারের নিকট বাকিতে পণ্য বিক্রয়
Ⓑ পাওনাদার কর্তৃক উপস্থাপিত প্রদেয় বিলে স্বীকৃতি প্রদান
Ⓒ চেকের মাধ্যমে বকেয়া বেতন প্রদান
Ⓓ মালিক কর্তৃক অতিরিক্ত মূলধন বিনিয়োগ

Solve পাওনাদার কর্তৃক উপস্থাপিত প্রদেয় বিলে স্বীকৃতি প্রদান করা হলে, প্রদেয় বিল নামক দায় বৃদ্ধি পায় এবং পাওনাদার নামক দায় হ্রাস পায়। ফলে লেনদেনটি হিসাব সমীকরণের ওণগত পরিবর্তন যা উদ্বর্তপত্রের মোট যোগফলের কোন পরিবর্তন ঘটায় না।

04. নিচের কোনটি ঠিক? [DU 7 College : 20-21]

	সম্পদ	দায়	ইক্যুইটি
Ⓐ	২,৫০,০০০ টাকা	২,০০,০০০ টাকা	৪,০০,০০০ টাকা
Ⓑ	৪,০০,০০০ টাকা	২,৫০,০০০ টাকা	১,৫০,০০০ টাকা
Ⓒ	৬,৫০,০০০ টাকা	১,৫০,০০০ টাকা	৪,০০,০০০ টাকা
Ⓓ	৫,০০,০০০ টাকা	১,০০,০০০ টাকা	৪,৫০,০০০ টাকা

Solve হিসাব সমীকরণে, সম্পত্তি = দায় + মালিকানাস্বত্ব

(a) ২,৫০,০০০ ≠ (২,০০,০০০ + ৪,০০,০০০)
(b) ৪,০০,০০০ = (২,৫০,০০০ + ১,৫০,০০০) সঠিক।
(c) ৬,৫০,০০০ ≠ (১,৫০,০০০ + ৪,০০,০০০)
(d) ৫,০০,০০০ ≠ (১,০০,০০০ + ৪,৫০,০০০)

05. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে এমবিএম কোম্পানি লিমিটেডের কিছু নির্বাচিত তথ্য নিচে উপস্থাপন করা হলো। অফিস সরঞ্জাম ২০,০০০ টাকা; ইউটিলিটি খরচ ৪,০০০ টাকা; নগদ টাকা ১০,০০০ টাকা; দেনাদার ১০,০০০ টাকা; সেবা রাজস্ব ৩৬,০০০ টাকা; মজুরি খরচ ৭,০০০ টাকা; ভাড়া ব্যয় ১১,০০০ টাকা; প্রদেয় নোটস ১৬,৫০০ টাকা; পাওনাদার ২,৫০০ টাকা। ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে ইক্যুইটির পরিমাণ কত? [DU 7 College : 20-21]

Ⓐ ৪০,০০০টাকা Ⓑ ১৪,০০০ টাকা
Ⓒ ১০,০০০ টাকা Ⓓ ২১,০০০ টাকা

Solve ইক্যুইটি = (সম্পত্তিসমূহ − দায়সমূহ)
= (৪০,০০০ − ১৯,০০০) = ২১,০০০ টাকা।
∴ মোট সম্পত্তি = (অফিস সরঞ্জাম + নগদ + দেনাদার)
= (২০,০০০ + ১০,০০০ + ১০,০০০) = ৪০,০০০ টাকা।
∴ মোট দায় = (প্রদেয় নোটস + পাওনাদার)
= (১৬,৫০০ + ২,৫০০) = ১৯,০০০ টাকা।

06. বছরের শুরুতে হুদা কোম্পানি লিমিটেডের মোট সম্পদ ছিল ৮,০০,০০০ টা এবং দায় ৫,০০,০০০ টাকা। বছরের মধ্যে মোট দায় ১,০০,০০০ টাকা বৃ পেয়েছে এবং ইক্যুইটি ৭০,০০০ টাকা হ্রাস পেয়েছে। বছর শেষে মে সম্পদের পরিমাণ কত? [DU 7 College : 20-21]

Ⓐ ৩,০০,০০০ টাকা Ⓑ ৬,০০,০০০ টাকা
Ⓒ ৮,৩০,০০০ টাকা Ⓓ ১০,০০,০০০ টাকা

Solve আমরা জানি,

	সম্পত্তি	=	দায়	+	মালিকানাস্বত্ব
বছরের শুরুতে	৮,০০,০০০	=	৫,০০,০০০	+	৩,০০,০০০
বছরে পরিবর্তন	৩০,০০০	= (+)	১,০০,০০০	+ (−)	৭০,০০০
মোট	৮,৩০,০০০	=	৬,০০,০০০	+	২,৩০,০০০

সুতরাং মোট সম্পদের পরিমাণ ৮,৩০,০০০ টাকা।

07. হিসাব সমীকরণের সঠিক রূপ কোনটি? [BHEC : 19-20]

Ⓐ দায় = মালিকানাস্বত্ব + সম্পদ Ⓑ সম্পত্তি = দায় + স্বত্বাধিকার
Ⓒ মূলধন = সম্পত্তি + দায় Ⓓ সম্পত্তি = পরিশোধিত মূলধন + দায়

Solve আমরা জানি, সম্পদ = দায় + স্বত্বাধিকার/মালিকানা স্বত্ব।

08. জনাব কামাল ব্যবসার জন্য ব্যক্তিগত তহবিল থেকে ২০,০০০ টাকা এব ব্যাংক থেকে ১০,০০০ টাকা ঋণ নিয়ে ব্যবসা শুরু করলেন, ঘটনাটি হিসা সমীকরণে কীরূপ প্রভাব ফেলবে? [BHEC : 19-20]

Ⓐ L ও OE বৃদ্ধি পাবে Ⓑ A, L এবং OE বৃদ্ধি পাবে
Ⓒ A ও L বৃদ্ধি পাবে Ⓓ A ও OE হ্রাস পাবে

Solve উক্ত লেনদেনের জাবেদা হয় :

নগদান Dr − ৩০,০০০, (২০,০০০ + ১০,০০০)
ব্যাংক ঋণ Cr − ১০,০০০
মূলধন Cr − ২০,০০০

সুতরাং সম্পদ (A), দায় (L) ও মূলধন (OE) সবগুলোই বৃদ্ধি পাবে।

09. স্বত্বাধিকার হ্রাসের সঠিক কারণ কোনটি? [BHEC : 19-20]

Ⓐ উত্তোলন ও নগদ কমে যাবে Ⓑ খরচ ও দায় বেড়ে যাবে
Ⓒ উত্তোলন ও খরচ বেড়ে যাবে Ⓓ খরচ ও দায় কমে যাবে

Solve স্বত্বাধিকারের ওপর আয়, খরচ ও উত্তোলনের প্রভাব থাকে। এর মধ্যে খরচ ও উত্তোলন বেড়ে গেলে এবং আয় কমে গেলে স্বত্বাধিকার কমে যায়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. ২০১৭ আর্থিক বছরে কোম্পানির সম্পদ ৭০,০০০ টাকা কমেছে এবং দায় ১০০,০০০ টাকা কমেছে। কোম্পানির মালিকানাস্বত্ব কত? [JU -E: 18-19]

Ⓐ ৩০,০০০ টাকা কমবে Ⓑ ১৩০,০০০ টাকা কমবে
Ⓒ ৩০,০০০ টাকা বাড়বে Ⓓ ১৩০, ০০০ টাকা বাড়বে

Solve মালিকানাস্বত্ব বৃদ্ধি পায় = (১,০০,০০০ − ৭০,০০০) টাকা = ৩০, ০০০ টাকা।

A	=	L	+ OE
−৭০,০০০		−১০,০০০	+৩০,০০০

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. কোন বিবৃতিটি সঠিক নয়? [RU-B : 21-22]
Ⓐ মুনাফা মূলধন বৃদ্ধি করে Ⓑ লোকসান মালিকানা স্বত্ব হ্রাস করে
Ⓒ আয় মালিকানা স্বত্ব হ্রাস করে Ⓓ সম্পদ ও দায়ের পার্থক্যই হচ্ছে মালিকানা স্বত্ব
Solve আয় মালিকানা স্বত্ব হ্রাস করে না বরং মালিকানা স্বত্ব বৃদ্ধি করে। সুতরাং, অপশন C এ প্রদত্ত বিবৃতিটি সঠিক নয়।

02. কোন ঘটনা কাঠামোগত পরিবর্তন সৃষ্টি করে? [RU-B : 21-22]
Ⓐ নগদ বৃদ্ধি এবং ইক্যুইটি বৃদ্ধি Ⓑ নগদ হ্রাস ও ইক্যুইটি হ্রাস
Ⓒ নগদ বৃদ্ধি ও বিবিধ দেনাদার হ্রাস Ⓓ নগদ ও বিবিধ পাওনাদার হ্রাস
Solve নগদ বৃদ্ধি দ্বারা নগদ টাকা নামক সম্পদ বৃদ্ধি পায় ও দেনাদার হ্রাস দ্বারা দেনাদার নামক চলতি সম্পত্তি হ্রাস পায়। অর্থাৎ, একই সাথে সম্পত্তি বৃদ্ধি ও সম্পত্তি হ্রাসের ফলে হিসাব সমীকরণের গুণগত বা কাঠামোগত পরিবর্তন ঘটে।

03. মূলধন হ্রাস পেলে - হয়. [RU-B : 20-21]
Ⓐ ডেবিট Ⓑ ক্রেডিট Ⓒ দায় বৃদ্ধি Ⓓ আয় বৃদ্ধি
Solve আয়, দায়, মূলধন ও মালিকানা স্বত্ব, বৃদ্ধি পেলে ক্রেডিট হয় এবং হ্রাস পেলে ডেবিট হয়। অন্যদিকে সম্পদ, ব্যয় ও উত্তোলন বৃদ্ধি পেলে ডেবিট হয় এবং হ্রাস পেলে ক্রেডিট হয়।

04. ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে, কোকো কোম্পানির ১৫,০০,০০০ টাকার সম্পদ ও ১১,০০,০০০ টাকার মালিকের স্বত্ব ছিল। ঐ তারিখে কোকো কোম্পানির দায় কত টাকা ছিল? [RU-B : 20-21]
Ⓐ ৪,০০,০০০ Ⓑ ২,০০,০০০ Ⓒ ২,৫০,০০০ Ⓓ ৭,০০,০০০
Solve দায় = (সম্পদ – মালিকানা স্বত্ব)
= (১৫,০০,০০০ – ১১,০০,০০০) = ৪,০০,০০০ টাকা।

05. X- কোম্পানি ১০,০০০ টাকা মূল্যের একটি মেশিন ধারে ক্রয় করে। এই লেনদেনটি প্রভাবিত করে - [RU-B : 20-21]
Ⓐ কেবল আয়-বিবরণীতে Ⓑ কেবল উদ্বৃত্তপত্রে
Ⓒ আয় বিবরণীতে ও মালিকের স্বত্ব বিবরণীতে
Ⓓ আয় বিবরণীতে, মালিকের স্বত্ব বিবরণীতে ও উদ্বৃত্তপত্রে
Solve ধারে মেশিন ক্রয়ের ফলে মেশিন নামক সম্পদ বাড়বে এবং পাওনাদার নামক দায় বাড়বে, তাই এটি শুধু উদ্বৃত্তপত্রকে প্রভাবিত করবে।

06. মোট সম্পত্তি হ্রাস পায় — দ্বারা [RU-B : 20-21]
Ⓐ স্টক লভ্যাংশ Ⓑ স্টক বিভাজন Ⓒ নগদ লভ্যাংশ Ⓓ বিক্রয় ফেরত
Solve নগদ লভ্যাংশ প্রদানের ফলে নগদ টাকা হ্রাস পায় এবং সংরক্ষিত আয় বা মালিকানাস্বত্ব হ্রাস পায়। ফলে মোট সম্পত্তি হ্রাস পায়।

07. X Ltd. এর দীর্ঘমেয়াদি ঋণ ২১,০০০ টাকা, নিট স্থায়ী সম্পদ ৪০,০০০ টাকা, চলতি দায় ৬,০০০ টাকা ও নিট চলতি মূলধন ৫,০০০ টাকা হলে মালিকানাস্বত্ব কত টাকা? [RU-B : 20-21]
Ⓐ ১৪,০০০ Ⓑ ২৪,০০০ Ⓒ ২৫,০০০ Ⓓ ৩২,০০০
Solve চলতি সম্পত্তি = (নিট চলতি মূলধন + চলতি দায়)
= (৫,০০০ + ৬,০০০) = ১১,০০০ টাকা।
মোট সম্পত্তি = (চলতি সম্পত্তি + নিট স্থায়ী সম্পত্তি)
= (১১,০০০ + ৪০,০০০) = ৫১,০০০ টাকা।
মোট দায় = (দীর্ঘমেয়াদি ঋণ + চলতি দায়)
= (২১,০০০ + ৬,০০০) = ২৭,০০০ টাকা।
মালিকানা স্বত্ব = (মোট সম্পত্তি – মোট দায়)
= (৫১,০০০ – ২৭,০০০) = ২৪,০০০ টাকা।

08. কোনটি সঠিক? [RU : 19-20]
Ⓐ মুনাফা মূলধন পরিবর্তন করে Ⓑ মুনাফা মূলধন হ্রাস করে
Ⓒ মূলধন কেবল মুনাফা হতে আসে Ⓓ মুনাফা মূলধনকে বৃদ্ধি করে
Solve হিসাবকাল শেষে নিট মুনাফা মূলধনের সাথে যোগ করা হয়। যার ফলে মুনাফা মূলধন বৃদ্ধি করে।

09. একটি লেনদেন মোট সম্পত্তি ও মোট দায় উভয়ই ১০,০০০ টাকা হ্রাস করে। এই লেনদেনটি হতে পারে- [RU : 18-19]
Ⓐ বাকিতে পণ্য ক্রয়
Ⓑ দেনাদারের নিকট হতে ১০,০০০ টাকা নগদ পাওয়া গেল
Ⓒ নগদে ১০,০০০ টাকা মূল্যের একটি প্রিন্টার ক্রয়
Ⓓ ১০,০০০ টাকার ব্যাংক ঋণ পরিশোধ
Solve (A) বাকিতে পণ্য ক্রয় করলে সম্পত্তি (মজুদ পণ্য) বাড়ে ও পাওনাদারের নিকট দায় বাড়ে, (B) দেনাদার থেকে টাকা পাওয়া গেলে নগদ সম্পত্তি বাড়ে এবং দেনাদার নামক সম্পত্তি কমে, (C) নগদে প্রিন্টার ক্রয় করা হলে প্রিন্টার নামে স্থায়ী সম্পত্তি (অফিস সরঞ্জাম) বাড়ে এবং নগদ টাকা কমে। কিন্তু (D) নগদে ঋণ পরিশোধ করা হলে নগদ সম্পত্তি কমে এবং পাওনাদার নামক ব্যবসায় প্রতিষ্ঠানের দায় কমে।

10. দেনাদারের নিকট থেকে ৫,০০০ টাকা আদায় করা হলো। এই লেনদেনে হিসাব সমীকরণে যে পরিবর্তন হবে- [RU : 18-19]
Ⓐ সম্পদ বৃদ্ধি ও সম্পদ হ্রাস Ⓑ সম্পদ বৃদ্ধি ও মূলধন বৃদ্ধি
Ⓒ সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস Ⓓ মূলধন বৃদ্ধি ও দায় হ্রাস **Ans Ⓐ**

11. মালিকের দ্বারা নগদ টাকা উত্তোলন ব্যবসায়ের- [RU : 17-18]
Ⓐ আয় বাড়ায় Ⓑ মালিকের স্বত্ব কমায়
Ⓒ সম্পদ কমায় Ⓓ B ও C **Ans Ⓓ**

12. কোনটি ভুল? [RU : 17-18]
Ⓐ সম্পত্তি = দায় + স্বত্বাধিকার
Ⓑ সম্পত্তি = দায় + মূলধন – আয় ও ব্যয়
Ⓒ মালিকানাস্বত্ব = মূলধন + আয় – ব্যয়
Ⓓ সম্পত্তি = দায় + মূলধন+আয় – ব্যয় **Ans Ⓑ**

13. সম্পত্তি, দায়, এবং মূলধনের মধ্যকার সম্পর্ক প্রকাশ করা হয়- [RU : 16-17]
Ⓐ দ্বৈতসত্তার মাধ্যমে Ⓑ হিসাব সমীকরণের মাধ্যমে
Ⓒ লাভ ক্ষতির মাধ্যমে Ⓓ উদ্বৃত্তপত্রের মাধ্যমে
Solve হিসাব সমীকরণ [A = L + OE যেখানে, A = সম্পত্তি, L = দায়, OE = মূলধন] দ্বারা সম্পত্তি, দায় ও মূলধনের মধ্যকার সম্পর্ক প্রকাশ করা হয়।

14. নিচের কোনটি কোম্পানির মালিকানাস্বত্বকে পরিবর্তন করবে না? [RU : 16-17]
Ⓐ বোনাস শেয়ার বিতরণ Ⓑ রাইট শেয়ার বিতরণ
Ⓒ লভ্যাংশ প্রদান Ⓓ প্রস্তাবিত লভ্যাংশ
Solve বোনাস শেয়ার বিতরণ করলে জমাকৃত মুনাফার হ্রাসের ফলে মালিকানা স্বত্ব কমে, আর মূলধন বৃদ্ধির ফলে মালিকানা স্বত্ব বাড়ে। অর্থাৎ মোট মালিকানা স্বত্ব অপরিবর্তিত থাকে।

15. করিম তার ব্যবসায়ে ২০,০০০ টাকা আনয়ন করল, লেনদেনটির ব্যাখ্যা হবে- [RU : 16-17]
Ⓐ সম্পত্তি বৃদ্ধি, দায় বৃদ্ধি Ⓑ সম্পত্তি বৃদ্ধি, দায় হ্রাস
Ⓒ সম্পত্তি বৃদ্ধি, মালিকানাস্বত্ব বৃদ্ধি Ⓓ সম্পত্তি হ্রাস, দায় হ্রাস
Solve ব্যবসায়ে মূলধন আনয়ন করলে নগদ সম্পত্তি বৃদ্ধি পায় এবং মূলধন নামে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।

16. হিসাব সমীকরণের উপাদান নয়- [RU : 15-16]
Ⓐ প্রদেয় খরচ Ⓑ চুক্তি সম্পাদন
Ⓒ মূলধন Ⓓ উত্তোলন **Ans Ⓑ**

17. যে লেনদেনের ফলে সম্পত্তির ক্রেডিট উদ্বৃত্ত হয়- [RU : 14-15]
Ⓐ অতিরিক্ত হারে অবচয় ধরলে Ⓑ অতিরিক্ত সম্পত্তি ক্রয় করলে
Ⓒ ক্ষতিতে সম্পত্তি বিক্রয় করলে Ⓓ কোনোটিই নয়
Solve সম্পত্তি কখনোই ক্রেডিট উদ্বৃত্ত হয় না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

18. ১৭,০০০ টাকার যন্ত্রপাতি ১০,০০০ টাকা নগদে এবং ৭,০০০ টাকা বাকিতে ক্রয় করা হলে হিসাব সমীকরণে (A = L + OE) যে উপাদানে পরিবর্তন হবে- [RU : 14-15]

Ⓐ A ও L Ⓑ L ও OE Ⓒ A ও OE Ⓓ A

Solve ১৭,০০০ টাকার সম্পত্তি (যন্ত্রপাতি) ক্রয় করে কিছু অংশ নগদ ১০,০০০ টাকা এবং কিছু অংশ ৭,০০০ টাকা বাকি রাখায় যন্ত্রপাতি নামক সম্পত্তি ১৭,০০০ টাকা বৃদ্ধি; নগদ ১০,০০০ টাকার সম্পদ হ্রাস এবং সরবরাহকারীর নিকট দেনা (প্রদেয় হিসাব) ৭,০০০ টাকা বৃদ্ধি পায়। অর্থাৎ হিসাব সমীকরণে A ও L উপাদান দুটির পরিবর্তন হয়।

19. কোন সমীকরণটি সঠিক নয়? [RU : 13-14]

Ⓐ সম্পত্তি = স্বত্বাধিকার
Ⓑ সম্পত্তি = মালিকের স্বত্বাধিকার + পাওনাদার স্বত্বাধিকার
Ⓒ দায় = সম্পত্তি - মালিকের স্বত্বাধিকার
Ⓓ মালিকের স্বত্বাধিকার = সম্পত্তি + পাওনাদারের স্বত্বাধিকার

Solve মূল হিসাব সমীকরণ হলো, সম্পদ = দায় + মালিকানাস্বত্ব। সুতরাং, মালিকের স্বত্বাধিকার = সম্পত্তি + পাওনাদারের স্বত্বাধিকার। এটি সঠিক নয়।

20. হিসাব সমীকরণ অনুযায়ী 'বিক্রয় ফেরত'- [RU : 13-14]

Ⓐ সম্পত্তি হিসাব Ⓑ বিপরীত ব্যয় হিসাব
Ⓒ বিপরীত আয় হিসাব Ⓓ ব্যয় হিসাব

Solve হিসাব সমীকরণ অনুযায়ী বিক্রয় ফেরত বিপরীত আয় হিসাব। কারণ এটি বিক্রয় আয়কে হ্রাস করে।

21. মালিকানাস্বত্ব/ইক্যুইটি বলতে- [RU : 13-14; 12-13]

Ⓐ আয়ের উপর মালিকের অধিকার
Ⓑ সম্পদের উপর তৃতীয় পক্ষের অধিকার
Ⓒ শেয়ার মূলধনের উপর মালিকের অধিকার
Ⓓ সম্পদের উপর মালিকের অধিকার

Solve মালিকানা স্বত্ব বলতে ব্যবসায়ের মোট সম্পত্তির উপর মালিকের অধিকার বা দাবিকে বোঝায়।

22. বাড়ি ভাড়া প্রদান ৳ ১০,০০০। প্রভাব কোনটি? [RU : 13-14, 09-10; HSTU : 11-12]

Ⓐ সম্পত্তি কমবে দায় কমবে Ⓑ সম্পত্তি বাড়বে ও মালিকানাস্বত্ব কমবে
Ⓒ সম্পত্তি কমবে ও মালিকানাস্বত্ব কমবে Ⓓ কোনোটিই নয়

Solve বাড়িভাড়া প্রদান করা হলে, নগদ টাকা নামক সম্পত্তি হ্রাস পায় এবং ভাড়া নামক ব্যয় বৃদ্ধি পায়। আর ব্যয় বৃদ্ধি পেলে মালিকানা স্বত্ব হ্রাস পাবে। সুতরাং ভাড়া প্রদানের ফলে সম্পত্তি কমবে এবং মালিকানা স্বত্ব কমবে।

23. বাকিতে মাল বিক্রয় ও অর্থ আদায় লিপিবদ্ধ করার ক্ষেত্রে যে হিসাবটি সম্পর্কিত নয়- [RU : 12-13]

Ⓐ পাওনাদার হিসাব Ⓑ দেনাদার হিসাব
Ⓒ নগদান হিসাব Ⓓ বিক্রয় হিসাব

Solve বাকিতে মাল বিক্রয় করলে দেনাদার ও বিক্রয় হিসাব প্রভাবিত হয়। অর্থ- আদায় কালে নগদান ও দেনাদার হিসাব প্রভাবিত হয়।

24. হিসাব সমীকরণ অনুযায়ী 'ক্রয়ফেরত'- [RU : 12-13]

Ⓐ বিপরীত ব্যয় হিসাব Ⓑ দায় হিসাব
Ⓒ সম্পত্তি হিসাব Ⓓ আয় হিসাব

Solve ক্রয় হলো ব্যয়বাচক হিসাব। ক্রয় ফেরত হিসাব ক্রয় নামক ব্যয়কে হ্রাস করে। সুতরাং, এটি বিপরীত ব্যয়বাচক হিসাব।

25. বকেয়া প্রাপ্য ভাড়া আদায় হলে হিসাব সমীকরণে - [RU : 12-13]

Ⓐ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস Ⓑ সম্পত্তি বৃদ্ধি ও সম্পত্তি হ্রাস
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি Ⓓ দায় হ্রাস ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়

Solve এখানে, প্রাপ্য ভাড়া সম্পত্তি। সুতরাং প্রাপ্য ভাড়া আদায় হলে, নগদ টাকা (সম্পত্তি) বৃদ্ধি পাবে এবং প্রাপ্য ভাড়া (সম্পত্তি) হ্রাস পাবে।

26. হিসাব সমীকরণ অনুযায়ী 'উত্তোলন' - [RU : 12-13; PUST : 13-14]

Ⓐ সম্পত্তি হিসাব Ⓑ বিপরীত মালিকানাস্বত্ব হিসাব
Ⓒ ব্যয় হিসাব Ⓓ আয় হিসাব

Solve হিসাব সমীকরণ অনুযায়ী উত্তোলন হলো বিপরীত মালিকানা স্বত্ব হিসাব। কারণ উত্তোলন মালিকানা স্বত্ব কমিয়ে দেয়।

27. অনুপার্জিত আয় হিসাব সমীকরণকে যেভাবে প্রভাবিত করে- [RU : 11-12]

Ⓐ সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি Ⓑ সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি Ⓓ দায় বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি

Solve যখন অনুপার্জিত আয় পাওয়া যায় তখন জাবেদা দাখিল দেওয়া হয়- নগদান হিসাব ডেবিট ও অনুপার্জিত আয় হিসাব ক্রেডিট। নগদান হিসাব সম্পত্তি বাচক হিসাব যা ডেবিট দ্বারা সম্পত্তির বৃদ্ধি নির্দেশ করে অপরদিকে অনুপার্জিত আয় দায়বাচক যা ক্রেডিট দ্বারা দায় হিসাবের বৃদ্ধি নির্দেশ করে। সুতরাং হিসাব সমীকরণে এর প্রভাবে সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি পাবে।

28. নগদ টাকায় ব্যবসায়ের কাজে ব্যবহারের জন্য মেশিন ক্রয় করা হলে নিচের কোনটি সত্য? [RU : 10-11]

Ⓐ মোট খরচ বৃদ্ধি পায় Ⓑ মোট সম্পত্তি বৃদ্ধি পায়
Ⓒ মোট মালিকানা স্বত্ব একই থাকে Ⓓ মোট দায় হ্রাস পায়

Solve ব্যবসায়ের কাজে ব্যবহারের জন্য কোনো সম্পদ (আসবাবপত্র, মেশিন, যন্ত্রপাতি, সরঞ্জাম প্রভৃতি) নগদ টাকায় ক্রয় করলে একদিকে উক্ত সম্পত্তি বৃদ্ধি পায়, অপরদিকে বিনিময়ে নগদ টাকা প্রদান করায় নগদ নামক সম্পত্তি হ্রাস পায়। এতে খরচ, দায় এবং মালিকানা স্বত্ব কোনোটি সরাসরি প্রভাবিত হয় না।

29. কোনটি হিসাব সমীকরণের সঠিক রূপ? [RU : 10-11]

Ⓐ সম্পত্তি + দায় = মালিকানা স্বত্ব + (আয়-ব্যয়)
Ⓑ সম্পত্তি - দায় = মালিকানা স্বত্ব + (আয়-ব্যয়)
Ⓒ সম্পত্তি - দায় = মালিকানা স্বত্ব - (আয়-ব্যয়)
Ⓓ সম্পত্তি + আয় + ব্যয় = দায় + মালিকানা স্বত্ব

Solve মূল হিসাব সমীকরণ : সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব
বর্ধিত হিসাব সমীকরণ : সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব + (আয় − ব্যয়)
বা, সম্পত্তি − দায় = মালিকানা স্বত্ব + (আয় − ব্যয়)

30. বাকিতে ১২,০০,০০০ টাকায় একটি গাড়ি ক্রয় করা হলে, হিসাব সমীকরণে কোন প্রভাব পড়বে [RU : 09-10]

Ⓐ সম্পত্তি বাড়বে এবং দায় বাড়বে Ⓑ সম্পত্তি বাড়বে এবং সম্পত্তি কমবে
Ⓒ সম্পত্তি বাড়বে এবং মালিকানাস্বত্ব বাড়বে
Ⓓ সম্পত্তি বাড়বে এবং মালিকানাস্বত্ব কমবে

Solve বাকিতে গাড়ি ক্রয় করলে গাড়ি নামক সম্পত্তি বৃদ্ধি পাবে অন্যদিকে সরবরাহকারী নামক দায়ও বেড়ে যাবে।

31. ৭,০০০ টাকার সেবা প্রদান করে ৪,০০০ টাকা নগদে পাওয়া গেল এবং অবশিষ্ট অংশ বকেয়া রইল। নিচের কোন পরিবর্তনটি সংঘটিত হবে? [RU : 08-09]

Ⓐ দায়বৃদ্ধি পাবে ও সম্পত্তি হ্রাস পাবে Ⓑ সম্পত্তি বৃদ্ধি পাবে ও ব্যয় হ্রাস পাবে
Ⓒ সম্পত্তি ও মালিকানাস্বত্ব উভয়ই বৃদ্ধি পাবে
Ⓓ উদ্বৃত্তপত্রের মোট যোগফলের কোনো পরিবর্তন হবে না

Solve লেনদেনটির জাবেদা হবে -
নগদান হিসাব ডেবিট ৪,০০০
প্রাপ্য/দেনাদার হিসাব ডেবিট ৩,০০০
সেবা আয় হিসাব ক্রেডিট ৭,০০০
নগদান ও দেনাদার উভয়ই সম্পত্তিবাচক হিসাব এবং সেবা আয় হিসাব ক্রেডিট হলে তা বৃদ্ধি বুঝায়। আর আয় বৃদ্ধি পেলে মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়। সুতরাং লেনদেনটির ফলে সম্পত্তি ও মালিকানা স্বত্ব উভয়ই বৃদ্ধি পাবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS

32. বছরের শুরুতে লেহা শিয় এর মোট সম্পত্তি ও দায় ছিল যথাক্রমে ১০,০০০ টাকা ও ২,০০০ টাকা। উক্ত বছরে যদি দায় ৩,০০০ টাকা বৃদ্ধি পায় এবং মালিকানাস্বত্ব ৫,০০০ টাকা হ্রাস পায় তবে বছর শেষে সম্পত্তির পরিমাণ কত? [RU : 08-09; MBSTU : 12-13]

Ⓐ ১০,০০০ টাকা Ⓑ ৯,০০০ টাকা Ⓒ ১৪,০০০ টাকা Ⓓ ৮,০০০ টাকা

Solve আমরা জানি,

	সম্পত্তি	=	দায়	+	মালিকানা স্বত্ব
বছরের শুরুতে	১০,০০০	=	২,০০০	+	৮,০০০
বছরে পরিবর্তন	.....	=	+ ৩,০০০	+	(–) ৫,০০০
	৮,০০০	=	৫,০০০	+	৩,০০০

অর্থাৎ, সম্পত্তি ২,০০০ টাকা কমেছে, সুতরাং বছর শেষে সম্পত্তি হবে (১০,০০০ – ২,০০০) = ৮,০০০ টাকা।

33. একটি মেশিন ক্রয় করে আংশিক মূল্য পরিশোধ করা হলে হিসাব সমীকরণে একটি সম্পদ বৃদ্ধি এবং- [RU : 08-09]

Ⓐ মূলধন হ্রাস Ⓑ দায় বৃদ্ধি

Ⓒ অপর একটি সম্পত্তি হ্রাস Ⓓ অপর একটি সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি ঘটে

Solve মেশিন ক্রয় করে আংশিক মূল্য পরিশোধ করায় মেশিন নামক সম্পত্তিটি বৃদ্ধি পাবে, বিনিময়ে আংশিক মূল্য পরিশোধ করায় ঐ অংশের জন্য নগদ অথবা ব্যাংক নামক সম্পত্তি কমে যাবে এবং বাকি অংশ বাবদ দায় বৃদ্ধি পাবে।

34. আর্থিক বছর শেষে অনিক অ্যান্ড কোং ১,০০,০০০ টাকায় ধারে মেশিন ক্রয় করে। লেনদেনটি প্রভাবিত করবে- [RU : 08-09]

Ⓐ শুধু উদ্বৃত্তপত্রের Ⓑ লাভ-ক্ষতি হিসাবকে

Ⓒ ক্রয়-বিক্রয় হিসাবকে Ⓓ লাভ-ক্ষতি আবণ্টন হিসাবকে

Solve ধারে মেশিন ক্রয়ের ফলে মেশিন নামক সম্পত্তি ও মেশিন সরবরাহকারী নামক দায় বৃদ্ধি পেয়েছে। আর সম্পত্তি ও দায় উভয়ই উদ্বৃত্তপত্রের বিষয়। সুতরাং লেনদেনটি শুধু উদ্বৃত্তপত্রকে প্রভাবিত করবে।

35. হিসাব সমীকরণের ক্ষেত্রে যেটি সত্য নয়- [RU : 08-09]

Ⓐ মূলধন বৃদ্ধির অর্থ সমপরিমাণ দায় হ্রাস বা সম্পত্তি হ্রাস

Ⓑ দায় বৃদ্ধির অর্থ সমপরিমাণ মূলধন হ্রাস বা সম্পত্তি বৃদ্ধি

Ⓒ সম্পত্তি হ্রাসের অর্থ সমপরিমাণ মূলধন বা দায় হ্রাস

Ⓓ দায় হ্রাসের অর্থ সমপরিমাণ সম্পত্তি হ্রাস বা মূলধন বৃদ্ধি

Solve যদি কোনো লেনদেনের দ্বারা মূলধন বৃদ্ধি পায় তবে তার বিপরীতে সমপরিমাণ দায় হ্রাস পাবে অথবা সমপরিমাণ সম্পত্তি বৃদ্ধি পাবে। কারণ হিসাব সমীকরণ, সম্পত্তি = দায় + মালিকানাস্বত্ব, যার একটির হ্রাস বা বৃদ্ধিতে অপর যেকোনোটি হ্রাস বা বৃদ্ধি ঘটতে পারে। সুতরাং প্রদত্ত বিকল্পগুলোর মধ্যে 'A' বিকল্পটি সঠিক নয়।

36. নগদান ভিত্তিতে হিসাবরক্ষণ বলতে বোঝায় [RU : 05-06]

Ⓐ সকল লেনদেন নগদে সংঘটিত হবে

Ⓑ নগদ অর্থের আদান প্রদান হলেই লেনদেন হিসাবে লিপিবদ্ধ করা হবে

Ⓒ সকল লেনদেনকে নগদ অর্থে মূল্যায়ন Ⓓ নগদান বই সংরক্ষণ করা

Solve হিসাব রক্ষণের দুটি ভিত্তি প্রচলিত আছে। (১) বকেয়া ভিত্তি অনুসারে লেনদেন সংঘটিত (বাকিতে/নগদ) হলেই লিপিবদ্ধ করতে হবে। (২) নগদান ভিত্তি অনুসারে লেনদেনকে কেবল তখনই হিসাবভুক্ত করা হয়, যখন নগদ অর্থের আদান প্রদান হবে।

37. ব্যবসায়ের কোন দায় বাড়লে অবশ্যই – [RU : 05-06]

Ⓐ অন্য দায় বাড়বে, সম্পত্তি বাড়বে, মালিকানাস্বত্ব কমবে

Ⓑ অন্য দায় কমবে, সম্পত্তি কমবে, মালিকানাস্বত্ব কমবে

Ⓒ অন্য দায় কমবে, সম্পত্তি বাড়বে, মালিকানাস্বত্ব বাড়বে

Ⓓ অন্য দায় কমবে, সম্পত্তি বাড়বে, মালিকানাস্বত্ব কমবে

Solve আমরা জানি যে, সম্পত্তি = দায় + মালিকানাস্বত্ব। অতএব, যদি ব্যবসায়ের দায় বাড়ে, তবে তার জন্য অন্য একটি দায় কমবে, বা মালিকানাস্বত্ব কমবে অথবা সম্পত্তি বাড়বে।

38. ধারে সেবা প্রদান করলে হিসাব সমীকরণের যে উপাদানগুলোতে পরিবর্তন ঘটে- [RU : 05-06]

Ⓐ একটি সম্পদ বৃদ্ধি ও একটি সম্পদ হ্রাস Ⓑ সম্পদ বৃদ্ধি ও মূলধন বৃদ্ধি

Ⓒ সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস Ⓓ দায় হ্রাস ও মূলধন বৃদ্ধি পাবে

Solve সেবা প্রদান করলে আয় বাড়ে। আয় বাড়লে মূলধন/মালিকানা স্বত্ব বাড়ে। আয় বকেয়া থাকলে বা নগদে পাওয়া না গেলে সম্পদ বাড়ে। অতএব লেনদেনটি দ্বারা সম্পদ ও মূলধন বাড়বে।

39. দেনাদারের নিকট হতে ৭০০/= টাকা আদায় হলো। এই লেনদেনটির ফলে হিসাব সমীকরণে যে পরিবর্তন হবে [RU : 05-06]

Ⓐ একটি সম্পদ বৃদ্ধি ও আরেকটি সম্পদ হ্রাস Ⓑ সম্পদ বৃদ্ধি ও মূলধন বৃদ্ধি

Ⓒ সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস Ⓓ দায় হ্রাস ও মূলধন বৃদ্ধি পাবে

Solve দেনাদার হলো এক ধরনের সম্পদ। আর দেনাদার থেকে আদায় হলে নগদ টাকা পাওয়া যায়। নগদ টাকাও সম্পদ। ফলে দেনাদার থেকে আদায় হলে একটি সম্পদ বৃদ্ধি (নগদ টাকা) পাবে এবং আরেকটি সম্পদ (দেনাদার) হ্রাস পাবে।

40. বকেয়া বেতন ২০০ টাকা। এই লেনদেনটি মূল হিসাব সমীকরণে কী প্রভাব ফেলবে- [RU : 04-05]

Ⓐ বেতন খরচ বৃদ্ধি, বকেয়া বেতন বৃদ্ধি Ⓑ সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি

Ⓒ মালিকানাস্বত্ব বৃদ্ধি Ⓓ মালিকানাস্বত্ব হ্রাস ও দায় বৃদ্ধি

Solve বেতন ব্যয়, বকেয়া বেতন দায়। ফলে বকেয়া বেতনের কারণে দায় বৃদ্ধি পাবে এবং যেহেতু এটা এক ধরনের ব্যয়, অতএব এটির দ্বারা অপরদিকে মালিকানাস্বত্ব হ্রাস পাবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. বাকিতে পণ্য ক্রয় করা হলে ক্রেতার হিসাব বইতে সম্ভাব্য পরিবর্তন হবে ——। [CU : 22-23]

Ⓐ সম্পদ বৃদ্ধি এবং ব্যয় বৃদ্ধি Ⓑ দায় বৃদ্ধি এবং ব্যয় হ্রাস

Ⓒ দায় বৃদ্ধি এবং আয় হ্রাস Ⓓ সম্পদ বৃদ্ধি এবং দায় বৃদ্ধি

Ⓔ কোনোটিই নয়

Solve বাকিতে পণ্য ক্রয় করা হলে, অবিরত মজুদ পদ্ধতিতে মজুদ পণ্য নামক (সম্পদ) বৃদ্ধি পাবে। অপরদিকে অর্থ পরিশোধ না করায় প্রদেয় হিসাব নামক দায় বৃদ্ধি পাবে।

02. নিচের কোন সমীকরণটি ভুল? [CU : 22-23]

Ⓐ Net Assets = Total Assets (–) Outside Liabilities

Ⓑ Total Assets = Liabilities (+) Owner's Equity

Ⓒ Owner's Equity = Total Assets (–) Liabilities

Ⓓ Production in Units = Sales in Units (+) Closing Stock in Units (–) Opening Stock in Units

Ⓔ উপরের কোনোটিই নয়

Solve অপশন A, B, C, D তে প্রদত্ত সকল সমীকরণই সঠিক।

03. শেষ হিসাব দিবসে Otto কোম্পানি ধারে $ ৯০০ মেশিন ক্রয় করে। এই লেনদেনটি প্রভাব ফেলবে- [CU-C : 21-22]

Ⓐ আয়-ব্যয় বিবরণী, মালিকানাস্বত্ব বিবরণী ও স্থিতিপত্রে

Ⓑ শুধু আয়-ব্যয় বিবরণী, মালিকানাস্বত্ব বিবরণীতে

Ⓒ শুধু আয়-ব্যয় বিবরণীতে

Ⓓ শুধু স্থিতিপত্রে Ⓔ উপরের কোনোটিই নয়

Solve ধারে মেশিন ক্রয় করা হলে মেশিন নামক সম্পত্তি বৃদ্ধি পায় এবং মেশিন সরবরাহকারী/বিক্রেতা নামক দায় বৃদ্ধি পায়, ফলে শেষ হিসাব দিবসে লেনদেনটি শুধু স্থিতিপত্রে প্রভাব ফেলবে।

04. কোনটি আর্থিক অবস্থার নিট পরিবর্তন নির্দেশ করে? [CU-C : 20-21]

Ⓐ নগদ ক্রয় Ⓑ ধারে ক্রয় Ⓒ ব্যাংকে জমা

Ⓓ ব্যাংক থেকে উত্তোলন Ⓔ নগদ বিক্রয়

Solve নিট পরিবর্তন বলতে বোঝায় হিসাব সমীকরণের উভয় পার্শ্বে পরিবর্তন। নগদে বিক্রয়ের ফলে সম্পদ এবং মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে ফলে এটি হিসাব সমীকরণে নিট পরিবর্তন। অন্যদিকে নগদ ক্রয়ের ফলে মজুতপণ্য বা সম্পদ বাড়বে (অবিরত পদ্ধতি) এবং নগদ বা সম্পদ কমবে। সুতরাং এটি নিট পরিবর্তন নয়।

BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS • BOYEOLY PUBLICATIONS

05. হিসাব বছরের শুরুতে একটি কোম্পানির সম্পত্তি ও মালিকানাস্বত্ব ছিল যথাক্রমে ১৪,৭৫,০০০ টাকা ও ৮,২৫,০০০। উক্ত হিসাব বছরে কোম্পানির সম্পদ বৃদ্ধি পায় ২,০০,০০০ টাকা ও দায় হ্রাস পায় ১,৫০,০০০ টাকা। মালিকানাস্বত্বে পরিবর্তন সৃষ্টিকারী কোনো লেনদেন না হয়ে থাকলে উক্ত বছরের নিট মুনাফা বা নিট ক্ষতির পরিমাণ কত? [CU-C : 20-21]

Ⓐ নিট মুনাফা ১,৫০,০০০ টাকা Ⓑ নিট ক্ষতি ১,৫০,০০০ টাকা
Ⓒ নিট মুনাফা ৩,৫০,০০০ টাকা Ⓓ নিট ক্ষতি ৩,৫০,০০০ টাকা
Ⓔ কোনোটিই নয়

Solve প্রারম্ভিক মালিকানাস্বত্ব = ৮,২৫,০০০ টাকা।
আমরা জানি, সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস পেলে মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়,
সুতরাং সমাপনী মালিকানাস্বত্ব = (৮,২৫,০০০ + ২,০০,০০০ + ১,৫০,০০০)
= ১১,৭৫,০০০ টাকা।
নিট মুনাফা = (সমাপনী মালিকানাস্বত্ব – প্রারম্ভিক মালিকানাস্বত্ব)
= (১১,৭৫,০০০ – ৮,২৫,০০০) = ৩,৫০,০০০ টাকা।

06. পাওনাদারকে বিল ইস্যু করা হলো; লেনদেনটির ফলাফল হবে–[CU : 19-20]

Ⓐ যুগপৎভাবে সম্পত্তি ও দায় হ্রাস পাবে
Ⓑ যুগপৎভাবে সম্পত্তি ও দায় বৃদ্ধি পাবে
Ⓒ একটি সম্পদ বৃদ্ধি পেয়ে আর একটি সম্পদ হ্রাস পাবে
Ⓓ একটি দায় বৃদ্ধি পেয়ে আর একটি দায় হ্রাস পাবে
Ⓔ সম্পত্তি ও দায়ের কোন পরিবর্তন হবে না

Solve পাওনাদারকে বিল ইস্যু করা হলে জাবেদা হবে:
পাওনাদার হিসাব – ডেবিট; প্রদেয় বিল হিসাব – ক্রেডিট
একটি দায় হ্রাস পাবে এবং অন্য আরেকটি দায় বৃদ্ধি পাবে।

07. নগদে আসবাবপত্র ক্রয় করা হলো ১০,০০০ টাকা- এ লেনদেনের অন্তর্ভুক্ত দুটি হিসাব- [CU : 19-20, 10-11]

Ⓐ নামিক হিসাব Ⓑ ব্যক্তিবাচক হিসাব Ⓒ সম্পত্তিবাচক হিসাব
Ⓓ একটি সম্পত্তিবাচক ও অপরটি ব্যক্তিবাচক হিসাব

Solve নগদে আসবাবপত্র ক্রয় করা হলে লেনদেনে অন্তর্ভুক্ত হিসাব দুটি হলো, একটি সম্পত্তি (নগদান হিসাব) ও অপরটি আসবাবপত্র। লেনদেনটির ফলে, নগদ টাকা হ্রাস পেয়েছে এবং আসবাবপত্র বৃদ্ধি পেয়েছে।

08. ব্যাংকে জমাকৃত ১০,০০০ টাকার চেক প্রত্যাখ্যাত হয়ে ফেরত আসে। হিসাব সমীকরণে এর প্রভাব কী হবে? [CU : 16-17]

Ⓐ সম্পত্তি বৃদ্ধি ও হ্রাস পাবে Ⓑ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস পাবে
Ⓒ সম্পত্তি ও দায় বাড়বে Ⓓ সম্পত্তি হ্রাস পাবে
Ⓔ কোনোটিই নয়

Solve ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যাত হলে: দেনাদার বৃদ্ধি পায় এবং ব্যাংক জমা হ্রাস পায়। অর্থাৎ সম্পত্তি বৃদ্ধি ও হ্রাস পায়।

09. স্টক লভ্যাংশ প্রদান করা হলে কোম্পানির স্থিতিপত্রে কী পরিবর্তন হয়? [CU : 15-16]

Ⓐ কোনো আইটেমের কোনো পরিবর্তন হয় না
Ⓑ সম্পত্তি ও মূলধন বৃদ্ধি পায় Ⓒ সম্পত্তি ও দায় হ্রাস পায়
Ⓓ শুধু মূলধন বৃদ্ধি পায় Ⓔ মূলধন বৃদ্ধি পায় কিন্তু জমাকৃত আয় হ্রাস পায়

Solve লভ্যাংশ প্রদান করা হয় জমাকৃত মুনাফা থেকে। ফলে জমাকৃত মুনাফা হ্রাস পায়। আবার স্টকের মাধ্যমে লভ্যাংশ দেওয়ার কারণে শেয়ার মূলধন নামক মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়।

10. ধারে বিক্রয় ৫,০০০ টাকা বিক্রয় হিসাব এবং প্রাপ্য হিসাবে ক্রেডিট করা হয়েছে। এর প্রভাব কী? [CU : 15-16]

Ⓐ প্রাপ্য হিসাবের জের ৫,০০০ টাকা কম হয়েছে
Ⓑ প্রাপ্য হিসাবের জের ১০,০০০ টাকা কম হয়েছে
Ⓒ বিক্রয় ৫,০০০ টাকা বেশি ধরা হয়েছে
Ⓓ বিক্রয় ১০,০০০ টাকা বেশি ধরা হয়েছে
Ⓔ বিক্রয় হিসাবের এবং প্রাপ্য হিসাবের জের অপরিবর্তিত রয়েছে

Solve ধারে বিক্রয় করে প্রাপ্য হিসাবকে ডেবিট করার পরিবর্তে ক্রেডিট করা হয়েছে। ফলে প্রাপ্য হিসাব = (৫,০০০ + ৫,০০০) = ১০,০০০ টাকা হ্রাস পেয়েছে।

11. জনাব X ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা, ৩০,০০০ টাকার আসবাবপত্র ও ২০,০০০ টাকা ঋণ নিয়ে কারবার শুরু করেন। ৩১ ডিসেম্বর তারিখে জনাব X এর মূলধনের পরিমাণ কত? [CU : 15-16]

Ⓐ ১ লক্ষ টাকা Ⓑ ৮০,০০০ টাকা Ⓒ ৬০,০০০ টাকা
Ⓓ ৯০,০০০ টাকা Ⓔ কোনোটিই নয়

Solve মূলধন = (নগদ + আসবাবপত্র) = (৫০,০০০ + ৩০,০০০) টাকা = ৮০,০০০ টাকা।

12. ১০,০০০ টাকার সেবা প্রদান করে ৭,০০০ টাকা নগদে পাওয়া গেল এবং অবশিষ্ট অংশ বকেয়া রইল। নিচের কোন পরিবর্তনটি সংঘটিত হবে? [CU : 14-15]

Ⓐ দায় বৃদ্ধি ও সম্পত্তি হ্রাস Ⓑ সম্পত্তি বৃদ্ধি ও ব্যয় হ্রাস
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস Ⓓ সম্পত্তি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি
Ⓔ উদ্বৃত্তপত্রের মোট যোগফলের কোনো পরিবর্তন হবে না

Solve সেবা প্রদানের ফলে আয় বৃদ্ধি পাবে, অর্থাৎ মালিকানাস্বত্ব বৃদ্ধি পাবে। নগদ টাকা প্রাপ্তির ফলে সম্পদ (নগদ) বাড়বে এবং আয় বকেয়া থাকার ফলে সম্পদ (প্রাপ্য হিসাব) বৃদ্ধি পাবে।

13. কোনটি হিসাব বিজ্ঞানের সঠিক সূত্র? [CU : 13-14]

Ⓐ মোট সম্পত্তিসমূহ = মোট দায়সমূহ Ⓑ মূলধনস্বত্ব = মোট সম্পত্তি – বহিঃস্থ
Ⓒ নিট চলতি মূলধন = চলতি সম্পত্তি – চলতি দায়
Ⓓ দায়সমূহ = মোট সম্পত্তি – মূলধনস্বত্ব Ⓔ সবগুলো

Solve এখানে, A, B, C ও D সবগুলোই সঠিক হিসাববিজ্ঞানের সূত্র।

14. 'বাকিতে আসবাবপত্র ক্রয়' লেনদেনটির চূড়ান্ত ফলাফল- [CU : 12-13]

Ⓐ সম্পত্তি ও দায় হ্রাস Ⓑ সম্পত্তি ও দায় বৃদ্ধি
Ⓒ সম্পত্তি হ্রাস এবং দায় বৃদ্ধি Ⓓ সম্পত্তি বৃদ্ধি এবং দায় হ্রাস
Ⓔ একটি সম্পত্তি হ্রাস এবং আরেকটি সম্পত্তি বৃদ্ধি

Solve বাকিতে আসবাবপত্র ক্রয় এর জাবেদা হবে। আসবাবপত্র হিসাব ডেবিট, টু আসবাবপত্র সরবরাহকারীর হিসাব ক্রেডিট। ফলে আসবাবপত্র নামক সম্পত্তি ও আসবাবপত্র সরবরাহকারী নামক দায় বৃদ্ধি পায়।

15. সাধারণ শেয়ারের উপর ৭.৫% নগদ লভ্যাংশ ঘোষণা করা হলে আর্থিক অবস্থার কী ধরনের পরিবর্তন ঘটে? [CU : 11-12]

Ⓐ কাঠামোগত Ⓑ গুণগত Ⓒ পরিমাণগত
Ⓓ A এবং B উভয় সঠিক Ⓔ আর্থিক অবস্থার কোনো পরিবর্তন ঘটে না

Solve নগদ লভ্যাংশ ঘোষণা করা হলে পরিশোধের পূর্ব পর্যন্ত দায়ের সৃষ্টি হয় এবং জমাকৃত মুনাফা হ্রাস পায়। অর্থাৎ হিসাব সমীকরণের একদিকে পরিবর্তন সাধিত হয়। আর হিসাব সমীকরণের একদিকের (সম্পত্তি অথবা মালিকানা ও দায়) পরিবর্তনকে কাঠামোগত বা গুণগত পরিবর্তন বলা হয়।

16. 'নগদে আসবাবপত্র ক্রয়' লেনদেনটির চূড়ান্ত ফলাফল- [CU : 10-11]

Ⓐ সম্পত্তি ও দায় হ্রাস Ⓑ সম্পত্তি ও দায় বৃদ্ধি
Ⓒ দায় হ্রাস এবং সম্পত্তি বৃদ্ধি Ⓓ সম্পত্তি হ্রাস এবং দায় বৃদ্ধি
Ⓔ একটি সম্পদ বৃদ্ধি এবং অন্য একটি সম্পদ হ্রাস

Solve আসবাবপত্র ক্রয়ের ফলে আসবাবপত্র নামক সম্পদ বৃদ্ধি পায় এবং নগদ টাকা প্রদানের ফলে নগদান নামক সম্পত্তি হ্রাস পায়।
অর্থাৎ লেনদেনটির ফলে একটি সম্পদ বৃদ্ধি এবং অন্য একটি সম্পদ হ্রাস পায়।

17. নিচের কোনটি লেনদেনের চূড়ান্ত ফলাফল নহে? [CU : 10-11]

Ⓐ দায় বৃদ্ধি ও সম্পত্তি হ্রাস Ⓑ দায় ও সম্পত্তি বৃদ্ধি
Ⓒ দায় ও সম্পত্তি হ্রাস Ⓓ আয় বৃদ্ধি ও সম্পত্তি বৃদ্ধি
Ⓔ আয় হ্রাস ও সম্পত্তি হ্রাস

Solve যেকোনো লেনদেনের ফলাফল নিচের যেকোনো একটিকে অবশ্যই নির্দেশ করবে–

1. দায় বৃদ্ধি পেলে সম্পত্তি বৃদ্ধি পাবে অথবা মালিকানা স্বত্ব হ্রাস পাবে।
2. আয় বৃদ্ধি পেলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে ফলে সম্পত্তি বৃদ্ধি পাবে।
3. ব্যয় বৃদ্ধি পেলে সম্পত্তি হ্রাস পাবে ও মালিকানা স্বত্ব হ্রাস পাবে।
4. দায় হ্রাস পেলে সম্পত্তি হ্রাস পাবে অথবা মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে।
5. আয় হ্রাস পেলে মালিকানা স্বত্ব হ্রাস পাবে ফলে সম্পত্তি হ্রাস পাবে।
6. ব্যয় হ্রাস পেলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পাবে ও সম্পত্তি বৃদ্ধি পাবে।

CamScanner

কোন সমীকরণটি ভুল? [CU : 07-08]
Ⓐ অন্তর্দায় = মোট সম্পত্তি – বহির্দায় Ⓑ মোট সম্পত্তি = অন্তর্দায় + বহির্দায়
Ⓒ অন্তর্দায় = নিট সম্পত্তি Ⓓ বিক্রয় একক = প্রারম্ভিক মজুত একক + উৎপাদন একক- সমাপনী মজুত একক
Ⓔ নিট সম্পত্তি = স্থায়ী সম্পত্তি – চলতি সম্পত্তি

Solve নিট সম্পত্তি মূলত মোট সম্পত্তি ও মোট দায়ের মধ্যে পার্থক্য নির্দেশ করে। অর্থাৎ নিট সম্পত্তি = মোট সম্পত্তি – মোট দায়।

কোনটি লেনদেনের যুগপৎ ফলাফল নহে? [CU : 07-08]
Ⓐ দায় বৃদ্ধি ও সম্পত্তি বৃদ্ধি Ⓑ দায় হ্রাস ও সম্পত্তি হ্রাস
Ⓒ একটি দায় হ্রাস ও অন্য একটি দায় বৃদ্ধি
Ⓓ একটি সম্পত্তি হ্রাস ও অন্য একটি সম্পত্তি বৃদ্ধি
Ⓔ একটি দায় হ্রাস ও একটি সম্পত্তি বৃদ্ধি

Solve কোনো লেনদেনের ফলে একটি দায় হ্রাস এবং একটি সম্পত্তি বৃদ্ধি হতে পারে না। কারণ এক্ষেত্রে হিসাব সমীকরণ, A = L + OE সত্য হবে না।

সাধারণত কোনটি প্রাপ্য বিল দ্বারা প্রভাবিত হয়- [CU : 07-08]
Ⓐ বিক্রয় Ⓑ দেনাদার Ⓒ পাওনাদার
Ⓓ নগদ Ⓔ ক্রয়

Solve দেনাদারের বরাবর প্রস্তুতকৃত বিলে স্বীকৃতি পেলে দেনাদার হ্রাস পায়। অর্থাৎ, প্রাপ্য বিলের মাধ্যমে প্রভাবিত হয় দেনাদার।

নতুন যন্ত্রপাতি সংযোজন লেনদেনটিকে কীভাবে হিসাবে দেখানো হয়? [CU : 02-03]
Ⓐ রাজস্ব Ⓑ মেরামত ব্যয় Ⓒ ক্রয় হিসাব Ⓓ মূলধনি ব্যয়

Solve মূলধনি ব্যয় হলো কোনো যন্ত্রপাতি নতুন করে ক্রয়, এর পরিবহন খরচ, এর সাথে খুচরা যন্ত্রপাতি ক্রয়, সংযোজন, বসানো খরচ, আমদানি শুল্ক, ভ্যাট, নতুন যন্ত্রের মেরামত ইত্যাদি যা মূলত দীর্ঘকাল ধরে সুবিধা দিবে। নতুন যন্ত্রপাতি সংযোজন ব্যয় করা হয় যন্ত্রপাতিটি থেকে দীর্ঘদিন সুবিধা পাবার জন্য।

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

1. 'বকেয়া বেতন' পরিশোধ করা হলে হিসাব সমীকরণে এর প্রভাব কী? [GST-C : 21-22; RSTU-B : 18-19; BRUR : 12-13]
Ⓐ সম্পত্তি ও দায় বাড়বে Ⓑ সম্পত্তি ও দায় কমবে
Ⓒ সম্পত্তি কমবে ও দায় বাড়বে Ⓓ সম্পত্তি ও মালিকানাস্বত্ব কমবে

Solve 'বকেয়া বেতন' পরিশোধ করা হলে বকেয়া বেতন নামক দায় (L) হ্রাস পায় এবং নগদ টাকা নামক সম্পদ (A) হ্রাস পায়। সুতরাং সম্পত্তি ও দায় কমবে।

2. ABC কোম্পানির ১ জানুয়ারি ২০২০ তারিখে সম্পত্তির পরিমাণ ছিল ১,০০,০০০ টাকা ও দায় ছিল ৫০,০০০ টাকা এবং ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে ১,৩০,০০০ টাকার সম্পত্তি ও ৩৪,০০০ টাকার দায় ছিল। ABC কোম্পানি উক্ত বৎসরে মুনাফা অর্জন করে? [GST-C : 20-21]
Ⓐ ৫০,০০০ টাকা Ⓑ ১৬,০০০ টাকা
Ⓒ ৪৬,০০০ টাকা Ⓓ ১,৪৬,০০০ টাকা

Solve প্রারম্ভিক মূলধন = (১,০০,০০০ – ৫০,০০০) = ৫০,০০০ টাকা
∴ সমাপনী মূলধন= (১,৩০,০০০ – ৩৪,০০০) = ৯৬,০০০ টাকা
∴ মুনাফা = (সমাপনী মূলধন – প্রারম্ভিক মূলধন) = (৯৬,০০০ – ৫০,০০০) = ৪৬,০০০ টাকা।

03. ২০১৮ সালে XYZ Company -এর সম্পদ হ্রাস পেল ৫০,০০০ টাকা, এবং দায় হ্রাস পেলো ৯০,০০০ টাকা। তাহলে কোম্পানির Owner's equity -তে কী পরিবর্তন আসবে? [GST-C : 20-21]
Ⓐ ৪০,০০০ টাকা বৃদ্ধি পাবে Ⓑ ৪০,০০০ টাকা হ্রাস পাবে
Ⓒ ১,৪০,০০০ টাকা হ্রাস পাবে Ⓓ ১,৪০,০০০ টাকা বৃদ্ধি পাবে

Solve সম্পদ হ্রাস পেলে মালিকানা স্বত্ব হ্রাস পায় এবং দায় হ্রাস পেলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।

∴ সুতরাং মালিকানা স্বত্ব = (– ৫০,০০০ + ৯০,০০০) = ৪০,০০০ টাকা বৃদ্ধি পাবে।
অন্যদিকে সম্পদ বৃদ্ধি পেলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায় এবং দায় বৃদ্ধি পেলে মালিকানা স্বত্ব হ্রাস পায়।

A	=	L	+ OE
– ৫০,০০০		– ৯০,০০০	+ ৪০,০০০

04. নগদ টাকায় ব্যবসায়ের কাজে ব্যবহারের জন্য মেশিন ক্রয় করা হলে নিচের কোনটি সত্য? [CoU : 19-20]
Ⓐ মোট খরচ বৃদ্ধি পায় Ⓑ মোট সম্পত্তি বৃদ্ধি পায়
Ⓒ মোট মালিকানাস্বত্ব একই থাকে Ⓓ মোট দায় হ্রাস পায়

Solve নগদ টাকায় ব্যবহারের জন্য মেশিন ক্রয় করলে মেশিন নামক সম্পত্তি বৃদ্ধি পায় এবং নগদ টাকা নামক সম্পদ হ্রাস পায়। ফলে মোট সম্পদ একই থাকে এবং মালিকানাস্বত্ব ও অপরিবর্তিত থাকে।

05. নিচের কোন লেনদেনের ফলে দায় বাড়বে, একটি সম্পত্তি বাড়বে এবং একটি সম্পত্তি কমবে? [CoU : 19-20]
Ⓐ একটি সম্পত্তি ধারে ক্রয় Ⓑ আংশিক নগদ টাকায় যন্ত্রপাতি ক্রয়
Ⓒ আসবাবপত্র ধারে ক্রয় Ⓓ পুরোনো আসবাবপত্র নগদে বিক্রয়

Solve আংশিক নগদ টাকায় যন্ত্রপাতি ক্রয় করলে জাবেদা হবে–
যন্ত্রপাতি হিসাব– ডেবিট
প্রদেয় হিসাব– ক্রেডিট
নগদ হিসাব– ক্রেডিট
সুতরাং এর ফলে সম্পত্তি বাড়বে ও কমবে এবং দায় বাড়বে।

06. ১৫,০০০.০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৪,৫০০.০০ টাকা প্রদান করা হলে হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে? [JUST : 19-20]
Ⓐ সম্পদ হ্রাস, দায় হ্রাস এবং মালিকানাস্বত্ব বৃদ্ধি
Ⓑ সম্পদ হ্রাস, দায় হ্রাস এবং মালিকানাস্বত্ব হ্রাস
Ⓒ সম্পদ হ্রাস, দায় বৃদ্ধি এবং মালিকানাস্বত্ব হ্রাস
Ⓓ সম্পদ হ্রাস, দায় বৃদ্ধি এবং মালিকানাস্বত্ব বৃদ্ধি

Solve ১৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১৪,৫০০ টাকা প্রদান করা হলে জাবেদা হবে :

পাওনাদার হিসাব	ডেবিট	১৫,০০০ (দায় হ্রাস)
নগদান হিসাব	ক্রেডিট	১৪,৫০০ (সম্পদ হ্রাস)
প্রাপ্ত বাট্টা	ক্রেডিট	৫০০ (মালিকানা স্বত্ব বৃদ্ধি)

07. কোনটি একসাথে সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস করে? [BSMRSTU F: 18-19]
Ⓐ ৫,০০০ টাকার মেশিন ক্রয় Ⓑ স্থায়ী সম্পদের ব্যয় ৫০,০০০ টাকা
Ⓒ ধারে পণ্য বিক্রয় ২০,০০০ টাকা Ⓓ ৫% কু-ঋণ সঞ্চিতি ধার্য হল

Solve কু-ঋণ ধার্যের ফলে একদিনে কু-ঋণ ব্যয় বৃদ্ধি পাবে বা মালিকানাস্বত্ব হ্রাস পাবে এবং দেনাদার বা সম্পদ হ্রাস পাবে।

08. ৫,০০০ টাকা নগদ লভ্যাংশ ঘোষণা করা হলে হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে? [IU-C : 18-19]
Ⓐ মালিকানাস্বত্ব হ্রাস ও বৃদ্ধি Ⓑ মালিকানাস্বত্ব হ্রাস ও দায় বৃদ্ধি
Ⓒ দায় হ্রাস ও সম্পদ হ্রাস Ⓓ মালিকানাস্বত্ব বৃদ্ধি ও দায় হ্রাস

Solve নগদ লভ্যাংশ ঘোষণা করা হলে– কোম্পানির দায় সৃষ্টি হয় এবং জমাকৃত মুনাফা হ্রাস পায়। যেমন– ৫,০০০ টাকা নগদ লভ্যাংশ ঘোষণা করা হলো, ফলে হিসাব সমীকরণ নিম্নোক্ত ভাবে পরিবর্তিত হবে।

A	=	L	+ OE
		+ ৫,০০০	– ৫,০০০

হিসাবসমীকরণ বা উদ্বৃত্তপত্রের মোট যোগফল পরিবর্তিত না হওয়ার এটি একটি কাঠামোগত পরিবর্তন।

09. ধারে ২০,০০০ টাকার আসবাবপত্র ক্রয়ের দ্বারা কী বৃদ্ধি পাবে? [JKKNIU-C : 18-19]
Ⓐ মূলধন ও দায় Ⓑ মূলধন ও সম্পত্তি Ⓒ সম্পত্তি ও দায় Ⓓ সম্পত্তি ও আয়

Solve ধারে আসবাবপত্র ক্রয়ের দ্বারা সম্পত্তি ও দায় উভয়ই বৃদ্ধি পাবে। এক্ষেত্রে হিসাব সমীকরণের দুই দিকেরই আর্থিক পরিবর্তন (পরিমাণগত/নিট পরিবর্তন) সাধিত হবে।

CamScanner

10. নিচের কোন উদ্বৃত্তপত্রের সমীকরণটি ভুল? [RSTU-B : 18-19]
Ⓐ সম্পত্তি + দায় = মূলধন Ⓑ সম্পত্তি - দায় = মূলধন
Ⓒ সম্পত্তি - মূলধন = দায় Ⓓ দায় + মূলধন = সম্পত্তি
Solve সঠিক হিসাব সমীকরণ হলো: সম্পত্তি = দায় + মূলধন।

11. সম্পত্তি, দায় ও মূলধনের সম্পর্কে যেরূপে প্রকাশ করা হয়; [RSTU-B : 18-19]
Ⓐ দ্বি-নীতি Ⓑ উদ্বৃত্ত পত্র
Ⓒ হিসাব সমীকরণ Ⓓ ডেবিট ও ক্রেডিট
Solve সম্পত্তি, দায় ও মালিকানাস্বত্ব এই তিনটি উপাদানকে ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার উপাদান বলে। ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার এই তিনটি উপাদানের মধ্যে বিদ্যমান সম্পর্ককে সমীকরণ আকারে প্রকাশ করা যায়। তিনটি উপাদানের মধ্যে বিদ্যমান সম্পর্কটি হলো : সম্পত্তি = দায় + মালিকানাস্বত্ব।

12. কোনটির মাধ্যমে দায় হ্রাস ও বৃদ্ধি উভয়ই ঘটে? [BSMRSTU : 18-19]
Ⓐ পাওনাদারকে পরিশোধ করলে Ⓑ বাকিতে ক্রয় করলে
Ⓒ প্রদেয় বিল প্রত্যাখ্যান হলে Ⓓ কোনোটিই নয়
Solve প্রদেয় বিল প্রত্যাখ্যান করা হলে দায় হ্রাস-বৃদ্ধি উভয়ই ঘটে।

13. নিট স্বত্ব হলো- [PUST : 17-18]
Ⓐ বহিঃদায় Ⓑ নিট লাভ Ⓒ নিট ক্ষতি Ⓓ মূলধন **Ans Ⓓ**

14. আর্থিক বছরের শুরুতে সম্পত্তির পরিমাণ ছিল ১,০০,০০০ টাকা, মালিকের ইক্যুইটি ছিল ৬০,০০০ টাকা। উক্ত বছরের সম্পত্তি বেড়েছে ১০,০০০ টাকা এবং দায় কমেছে ৫,০০০ টাকা। বছর শেষে মালিকের ইক্যুইটির পরিমাণ কত? [JKKNIU : 16-17]
Ⓐ ৭৫,০০০ টাকা Ⓑ ৬৫,০০০ টাকা Ⓒ ৫৫,০০০ টাকা Ⓓ ৮০,০০০ টাকা
Solve আমরা জানি, সম্পত্তি বাড়লে এবং দায় কমলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।
∴ বছর শেষে মালিকানা স্বত্ব = (৬০,০০০ + ১০,০০০ + ৫,০০০)
= ৭৫,০০০ টাকা।

15. ব্যবসায়ের সম্পত্তির উপর অভ্যন্তরীণ ব্যয়ের যে অধিকার রয়েছে তাকে কী বলে? [IU : 16-17]
Ⓐ দায় সত্তা Ⓑ মালিকানা সত্তা Ⓒ ব্যবসায়িক সত্তা Ⓓ দ্বৈত সত্তা
Solve ব্যবসায়ের সম্পত্তির উপর অভ্যন্তরীণ কর্তৃপক্ষের যে অধিকার থাকে, তাকে মালিকানা স্বত্ব বলে। মালিকানা স্বত্বের বলেই কর্তৃপক্ষ অভ্যন্তরীণ সম্পত্তির মালিকানা লাভ করে।

16. কোনটি পরিমাণগত পরিবর্তন? [IU : 16-17]
Ⓐ সম্পত্তি, দায় এবং ইক্যুইটির মূল্য পরিবর্তিত হওয়া
Ⓑ এক সম্পত্তি বৃদ্ধি ও অপর সম্পত্তি সমপরিমাণে হ্রাস পাওয়া
Ⓒ সম্পত্তি বৃদ্ধি, দায় হ্রাস
Ⓓ দায় বৃদ্ধি সম্পত্তি হ্রাস
Solve হিসাব সমীকরণের উভয় পাশে পরিবর্তন হওয়াকে বলে পরিমাণগত বা নিট পরিবর্তন। এক্ষেত্রে অবশ্যই সম্পত্তি, দায় ও ইক্যুইটির মূল্য পরিবর্তিত হতে হবে।

17. যখনই নগদ টাকা গ্রহণ করা হয় তখনই আয় বলে গণ্য করা হয় কোনো ধারণাতে? [IU : 16-17]
Ⓐ Entity Concept Ⓑ Fund Concept
Ⓒ Cash Basis Account Ⓓ Accrual Basis Account
Solve যখন কোনো টাকা গ্রহণ করা হয় তখনই আয় বলে গণ্য করা হয়.Cash Basis Account ধারণাতে। এ ধারণা অনুযায়ী লেনদেন লিপিবদ্ধ করা হয় কেবল তখনই, যখন নগদ টাকা গ্রহণ বা প্রদান করা হয়। এটি বিজ্ঞানসম্মত নয় এবং GAAP কর্তৃক স্বীকৃত নয়।

18. ধারে কম্পিউটার ক্রয় ৫০,০০০ টাকা, হিসাব সমীকরণের কোন কোন উপাদানে প্রভাব পড়বে? [IU : 16-17]
Ⓐ সম্পদ ও মালিকানাস্বত্ব Ⓑ দায় ও মালিকানাস্বত্ব
Ⓒ সম্পদ ও দায় Ⓓ আয় ও দায়
Solve ধারে সম্পত্তি ক্রয়ের ফলে স্থায়ী সম্পত্তি বৃদ্ধি পেয়েছে এবং যেহেতু ধারে ক্রয় করা হয়েছে সেহেতু দায় বৃদ্ধি পেয়েছে।
সুতরাং সম্পদ ও দায় এর উপর প্রভাব পড়েছে।

19. এবি লিমিটেড অফিসের জন্য ২০,০০০ টাকার অতিরিক্ত উপকরণ ক্রয় করে এবং এর জন্য ৩০ দিনের মধ্যে টাকা পরিশোধ সম্মত হলো। নিম্নের কোন পরিবর্তনটি সংঘটিত হবে? [IU : 16-17]
Ⓐ উদ্বৃত্তপত্রের মোট যোগফলের কোনো পরিবর্তন হবে না
Ⓑ সম্পত্তি বৃদ্ধি পাবে এবং ব্যয় হ্রাস পাবে
Ⓒ সম্পত্তি ও দায় উভয়ই বৃদ্ধি পাবে
Ⓓ দায় বৃদ্ধি পাবে এবং সম্পত্তি হ্রাস পাবে
Solve অফিসের জন্যে ২০,০০০ টাকার উপকরণ ক্রয়ের ফলে সম্পত্তির পরিমাণ বৃদ্ধি পেয়েছে এবং যেহেতু টাকা বকেয়া সেহেতু দায়ও বৃদ্ধি পেয়েছে।

20. একজন ইলেকট্রিশিয়ান ২,৫০০ টাকার কাজ করল কিন্তু মালিক টাকা পরিশোধ করল না। হিসাব সমীকরণে এর প্রভাব- [PUST : 15-16]
Ⓐ নগদ কমবে দেনাদার বাড়বে Ⓑ নগদ বাড়বে দেনাদার বাড়বে
Ⓒ দেনাদার কমবে মালিকানাস্বত্ব বাড়বে Ⓓ পাওনাদার বাড়বে মালিকানাস্বত্ব কমবে
Ans Ⓓ

21. ২০১৫ সালের ১লা মার্চ জনাব আরিফ ৮০,০০০ টাকার মূলধন নিয়ে ব্যবসা আরম্ভ করেন। তিনি মার্চ-৫ তারিখে তমালের নিকট হতে ৫০,০০০ টাকার পণ্য ক্রয় করেন, মার্চ-১০ তারিখে আফজালের নিকট ধারে পণ্য বিক্রয় করেন ৪০,০০০ টাকার এবং মার্চ-২২ তারিখে তমালকে ১৫,০০০ টাকার পণ্য ফেরত প্রদান করেন। বর্তমানে জনাব আরিফের মালিকানাস্বত্ব কত? [CoU : 15-16]
Ⓐ ৮০,০০০ টাকা Ⓑ ১,২০,০০০ টাকা
Ⓒ ১,০০,০০০ টাকা Ⓓ ১,৪০,০০০ টাকা
Solve অবিরত মজুদ পদ্ধতি অনুসরন করলে পণ্যকে সম্পদ হিসেবে গণনা করা হয়। তাই পণ্য ক্রয় এবং ক্রয় ফেরত মালিকানাস্বত্বকে প্রভাবিত করবে না। তাই মালিকানাস্বত্ব = (৮০,০০০ + ৪০,০০০) = ১,২০,০০০ টাকা।

22. কোনটি একসাথে সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস করে? [BRUR : 15-16]
Ⓐ ৫০০০ টাকার মেশিন ক্রয় Ⓑ স্থায়ী সম্পদ অর্জন ব্যয় ৫০০০ টাকা
Ⓒ ধারে পণ্য বিক্রয় ২০০০ টাকা Ⓓ ৫ % কুঋণ সঞ্চিতি ধার্য করা
Solve ৫% কু-ঋণ সঞ্চিতি ধার্য করায় সম্পদ (দেনাদার) হ্রাস পায় আবার খরচ বৃদ্ধি পাওয়ায় মালিকানাস্বত্বও হ্রাস পায়।

23. নিম্নের কোনো লেনদেন মালিকানাস্বত্বকে প্রভাবিত করবে না- [BU : 15-16]
Ⓐ নগদ বিক্রয় লিপিবদ্ধকরণ Ⓑ ধারে বিক্রয় লিপিবদ্ধকরণ
Ⓒ ইউটিলিটি ব্যয় লিপিবদ্ধকরণ Ⓓ নগদে মজুতমাল ক্রয়
Solve নিত্য বা অবিরত মজুত পদ্ধতিতে নগদে মজুতমাল ক্রয়ে মজুতপণ্য নামক সম্পত্তি বৃদ্ধি পায় ও নগদ টাকা হ্রাস পায় যা মালিকানাস্বত্বকে প্রভাবিত করে না।

24. বই মূল্যের চেয়ে অধিক মূল্যে সম্পত্তি বিক্রয় করা হলে- [HSTU : 15-16]
Ⓐ সম্পত্তি বৃদ্ধি ও সম্পত্তি হ্রাস
Ⓑ সম্পত্তি বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও মালিকানা হ্রাস
Ⓓ সম্পত্তি বৃদ্ধি, সম্পত্তি হ্রাস ও মালিকানা হ্রাস
Solve বই মূল্যের থেকে অধিক মূল্যে সম্পদ বিক্রয় করা হলে লাভ হয়। তাই মালিকানাস্বত্ব বৃদ্ধি পায় এবং বিক্রয় থেকে প্রাপ্ত অর্থ দ্বারা নগদ টাকা বা সম্পদ বৃদ্ধি পায়।

25. রাইট শেয়ার ইস্যুর কারণে কী প্রভাব পড়বে? [MBSTU : 15-16]
Ⓐ মুনাফা হ্রাস ও নগদান বৃদ্ধি Ⓑ মুনাফা বৃদ্ধি ও নগদান হ্রাস
Ⓒ মুনাফা বৃদ্ধি ও নগদান বৃদ্ধি Ⓓ শেয়ার মূলধন বৃদ্ধি ও নগদানবৃদ্ধি
Solve বর্তমান শেয়ারহোল্ডারদের মধ্যে টাকার বিনিময়ে যে শেয়ার বন্টন করা হয় তাকে রাইট শেয়ার বা অধিকারযোগ্য শেয়ার বলে। এই শেয়ারের মাধ্যমে কোম্পানির নগদ টাকা বৃদ্ধি পায় এবং শেয়ারহোল্ডারদের শেয়ার মূলধন বৃদ্ধি পায়।

26. ইক্যুইটি কী? [IU : 15-16]
Ⓐ সম্পত্তির উপর মালিকের অধিকার Ⓑ মূলধন
Ⓒ দায়ের উপর মালিকের অধিকার Ⓓ সবগুলো **Ans Ⓐ**

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

27. প্রস্তাবিত নগদ লভ্যাংশ হিসাব সমীকরণের কোন দিক প্রভাবিত করে? [PUST : 14-15]
Ⓐ ডান দিক Ⓑ বাম দিক Ⓒ উভয় দিক Ⓓ কোনো দিকই নয়
Solve Ⓐ প্রস্তাবিত নগদ লভ্যাংশের কারণে হিসাব সমীকরণের ডান দিক (দায় ও মালিকানাস্বত্ব) প্রভাবিত হবে।

28. অগ্রিম আয় গ্রহণ করা হলে– [PUST : 14-15]
Ⓐ সম্পত্তি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায় Ⓑ মালিকানাস্বত্ব হ্রাস ও দায় বৃদ্ধি পায়
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি পায় Ⓓ মালিকানাস্বত্ব ও দায় বৃদ্ধি পায়
Solve Ⓒ অগ্রিম আয় গ্রহণ করলে নগদ (সম্পদ) বৃদ্ধি পায় এবং অগ্রিম আয় (দায়) বৃদ্ধি পায়।

29. ১৫,০০০ টাকা মূল্যের আসবাবপত্র ক্রয় করে নগদে ১০,০০০ টাকা পরিশোধ ও ৫,০০০ টাকা বাকি থাকলে হিসাব সমীকরণে কী প্রভাব পড়বে? [BRUR : 13-14]
Ⓐ সম্পদ বৃদ্ধি, মালিকানাস্বত্ব ও দায় হ্রাস
Ⓑ সম্পদ বৃদ্ধি, দায় বৃদ্ধি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি
Ⓒ সম্পদ বৃদ্ধি, সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি Ⓓ কোনোটিই নয়
Solve Ⓒ উপর্যুক্ত লেনদেনটির ফলে, আসবাবপত্র (সম্পদ) বৃদ্ধি, নগদ (সম্পদ) হ্রাস এবং কিছু অংশ পরিশোধ না করায় দায় বৃদ্ধি পাবে।

30. প্রাপ্য হিসাবের আদায় কী ফলাফল ঘটাবে? [BSMRSTU : 13-14]
Ⓐ সম্পত্তি বাড়াবে এবং সম্পত্তি কমবে Ⓑ সম্পত্তি বাড়াবে এবং দায় কমাবে
Ⓒ সম্পত্তি বাড়াবে এবং মূলধন বাড়াবে Ⓓ সম্পত্তি বাড়াবে এবং নগদ বাড়াবে
Solve Ⓐ প্রাপ্য হিসাবের আদায়ের ফলে, নগদ (সম্পত্তি) বৃদ্ধি পাবে এবং প্রাপ্য হিসাব (সম্পত্তি) হ্রাস পাবে।

31. বোনাস শেয়ার ইস্যুর প্রভাব কোনটি? [BU : 13-14]
Ⓐ শেয়ার মূলধন হিসাব হতে রক্ষিত আয়ের হিসাবে অর্থ স্থানান্তর হয়।
Ⓑ রক্ষিত আয়ের হিসাব হতে শেয়ার মূলধনে টাকা স্থানান্তর হয়।
Ⓒ রক্ষিত আয়ের হিসাব হতে সম্পত্তিতে টাকা স্থানান্তর হয়।
Ⓓ শেয়ার মূলধন হিসাব হতে সম্পত্তিতে টাকা স্থানান্তর হয়।
Solve Ⓑ বোনাস শেয়ার ইস্যুর ফলে কোনো কোম্পানির রক্ষিত আয়ের হিসাব হতে শেয়ার মূলধন হিসাবে অর্থ স্থানান্তর করতে হয়। ফলে মালিকানা স্বত্ব অপরিবর্তিত থাকে।

32. নিচের কোন সমীকরণটি ভুল? [JnU : 12-13; CU : 15-16; RU : 08-09]
Ⓐ সম্পদ = দায় + মালিকানা স্বত্ব Ⓑ সম্পদ – দায় = মালিকানা স্বত্ব
Ⓒ সম্পদ – মালিকানা স্বত্ব = দায় Ⓓ সম্পদ + মালিকানা স্বত্ব = দায়
Solve Ⓓ সঠিক হিসাব সমীকরণটি হলো, সম্পদ = দায় + মালিকানা স্বত্ব এ থেকে পাওয়া যায় :
(১) সম্পদ – দায় = মালিকানা স্বত্ব
(২) সম্পদ – মালিকানা স্বত্ব = দায়।
সুতরাং সম্পদ + মালিকানা স্বত্ব = দায় এটি ভুল।

33. স্পাইসি রেস্তোরাঁ ৫০০০ টাকার দুধ আড়ৎ থেকে বাকিতে কিনেছে এবং ব্যাংক অ্যাকাউন্ট থেকে আরও ৫০০০ টাকা উত্তোলন করেছে। এতে রেস্তোরাঁর- [SUST : 12-13]
Ⓐ দায় যা বেড়েছে সম্পদ তার চেয়ে বেশি বেড়েছে
Ⓑ সম্পদের চেয়ে দায় বেশি বেড়েছে
Ⓒ উভয়ে সমান বেড়েছে Ⓓ উভয়ে স্থির থেকেছে
Ⓔ দায় বেড়েছে কিন্তু সম্পদ কমেছে।
Solve Ⓒ বাকিতে ক্রয়ের ফলে দায় বেড়েছে ও পণ্য (সম্পদ) বেড়েছে এবং ব্যাংক থেকে উত্তোলনের ফলে ব্যাংক হিসাব (সম্পত্তি) কমেছে ও নগদান হিসাব (সম্পত্তি) বেড়েছে। ফলে উভয়ই (সম্পদ ও দায়) সমান বেড়েছে।

34. A = L+P/OE, এখানে A = Assets; L = Liabilities হলে P/OE হলো: [BSMRSTU : 12-13]
Ⓐ Profit/others equity Ⓑ Prize/operational equipment
Ⓒ Proprietorship/Owner's equity Ⓓ Proprietorship/other equipments
Solve Ⓒ A = L + P/OE এখানে, P/OE = Proprietorship/Owner's equity

35. যখন মালিক তাঁর ব্যক্তিগত প্রয়োজনে নগদ টাকা উত্তোলন করে তখন হিসাব সমীকরণে কী প্রভাব সৃষ্টি করে। [JnU : 11-12]
Ⓐ সম্পদ ও মালিকানা স্বত্ব উভয়ই বৃদ্ধি পায়
Ⓑ সম্পদ ও মালিকানা স্বত্ব উভয়ই হ্রাস পায়
Ⓒ সম্পদ ও দায় উভয়ই বৃদ্ধি পায়
Ⓓ মালিকানা স্বত্ব একই সাথে বৃদ্ধি ও হ্রাস পায়
Solve Ⓑ মালিক ব্যক্তিগত প্রয়োজনে কারবার হতে নগদ টাকা উত্তোলন করলে এর জাবেদা দাখিলা হবে উত্তোলন হিসাব ডেবিট এবং নগদান হিসাব ক্রেডিট। উত্তোলন হিসাব ডেবিট করা হলে মালিকানা স্বত্ব হ্রাস পায় এবং নগদান হিসাব ক্রেডিট করা হলে নগদ টাকা (সম্পত্তি) হ্রাস পায়। সুতরাং হিসাব সমীকরণে এর প্রভাবে সম্পদ ও মালিকানা স্বত্ব উভয়ই হ্রাস পায়।

36. পাওনাদারকে আংশিক দায় পরিশোধ করলে হিসাব সমীকরণের কী পরিবর্তন হয়? [BRUR : 11-12]
Ⓐ দায় ও সম্পত্তি হ্রাস Ⓑ দায় ও সম্পত্তি বৃদ্ধি
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস Ⓓ কোনোটিই নয়
Solve Ⓐ পাওনাদারকে দায় শোধ করলে, নগদ নামক সম্পত্তি হ্রাস পায় ও পাওনাদার নামক দায় হ্রাস পায়।

37. কোনটির ফলে মালিকানাস্বত্ব হ্রাস পায়? [SUST : 11-12]
Ⓐ প্রদেয় বিল প্রত্যাখ্যাত Ⓑ প্রদেয় বিল পরিশোধ
Ⓒ ধারে সরঞ্জাম ক্রয় Ⓓ প্রদেয় হিসাব পরিশোধ
Ⓔ বিক্রয় ফেরত
Solve Ⓔ (A) প্রদেয় বিল প্রত্যাখ্যাত হলে, পাওনাদার নামক দায় বৃদ্ধি পায় ও প্রদেয় বিল নামক দায় হ্রাস পায়, (B) প্রদেয় বিল পরিশোধ করা হলে, প্রদেয় বিল নামক দায় হ্রাস ও নগদান নামক সম্পত্তি হ্রাস পায়; (C) ধারে সরঞ্জাম ক্রয় করা হলে, সরঞ্জাম নামক সম্পত্তি বৃদ্ধি পায় ও প্রদেয় হিসাব বা পাওনাদার নামক দায় বৃদ্ধি পায়; (D) প্রদেয় হিসাব পরিশোধ করা হলে, প্রদেয় হিসাব নামক দায় ও নগদ বা ব্যাংক নামক সম্পত্তি হ্রাস পায়; (E) বিক্রয় ফেরত এর ফলে, বিক্রয় নামক আয় ও প্রাপ্য হিসাব (দেনাদার) অথবা নগদ হ্রাস পায়। আয় হ্রাস পেলে মালিকানাস্বত্ব হ্রাস পায়।

38. নিচের কোনটির ফলে মোট সম্পত্তি অপরিবর্তিত থাকে? [SUST : 11-12]
Ⓐ শেয়ার ক্রয় বাবদ নগদ প্রদান Ⓑ বন্ড ক্রয় বাবদ নগদ প্রদান
Ⓒ দেনাদারের নিকট হতে আদায় Ⓓ প্রাপ্য নোটের মূল্য আদায়
Ⓔ উপরের সবগুলো সঠিক
Solve Ⓔ শেয়ার ক্রয় করা হলে ও বন্ড ক্রয় করা হলে বিনিয়োগ (সম্পত্তি) বৃদ্ধি পায় ও নগদ (সম্পত্তি) হ্রাস পায়। দেনাদারের নিকট থেকে আদায় ও প্রাপ্য নোটের মূল্য আদায় করা হলে, নগদ (সম্পত্তি) বৃদ্ধি পায় এবং দেনাদার ও প্রাপ্য নোট (সম্পত্তি) হ্রাস পায়। অর্থাৎ এখানের সবগুলো ঘটনার দ্বারা মোট সম্পত্তি অপরিবর্তিত থাকে।

39. যখন শেয়ার হোল্ডার ব্যবসায়ে নগদ অর্থ বিনিয়োগ করে, তখন হিসাব সমীকরণে কী প্রভাব সৃষ্টি হয়? [JnU : 10-11]
Ⓐ দায় বৃদ্ধি পায় এবং স্টক হোল্ডারদের ইক্যুইটি বৃদ্ধি পায়
Ⓑ সম্পদ এবং দায় উভয় বৃদ্ধি পায়
Ⓒ সম্পদ এবং মালিকানাস্বত্ব উভয় বৃদ্ধি পায়
Ⓓ উপরের কোনোটিই নয়
Solve Ⓒ শেয়ার হোল্ডার বা মালিক ব্যবসায়ে নগদ অর্থ বিনিয়োগ করলে ব্যবসায়ে নগদ টাকা (সম্পদ) ও মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।

40. একটি লেনদেন সম্পত্তি ও দায় উভয়কেই ২০,০০০ টাকা দ্বারা বৃদ্ধি করলে লেনদেনটি কী হতে পারে? [JnU : 10-11]
Ⓐ নগদ ক্রয় Ⓑ আগুনে সম্পত্তি নষ্ট
Ⓒ রহিমের নিকট থেকে পণ্য ক্রয় Ⓓ নগদ টাকায় ফার্নিচার ক্রয়
Solve Ⓒ কোনো লেনদেন দ্বারা সম্পত্তি ও দায় উভয়ই বৃদ্ধি পাবে এরূপ লেনদেন হলো বাকিতে বা ধারে সম্পত্তি বা মাল ক্রয়। এখানে রহিমের নিকট হতে পণ্য ক্রয় লেনদেনটির ফলে রহিম নামক পাওনাদার (দায়) এবং পণ্য (সম্পদ) বৃদ্ধি পায় (**অবিরত মজুদ পদ্ধতি বিবেচনা করা হয়েছে**)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS

41. হিসাববিজ্ঞানের মৌলিক সমীকরণ কোনটির ফলস্বরূপ? [JnU : 09-10]

Ⓐ দ্বৈত হিসাবরক্ষণ ব্যবস্থা Ⓑ উদ্বৃত্তপত্র
Ⓒ রেওয়ামিল Ⓓ সম্পদ, দায় ও মালিকানাস্বত্ব

Solve (B) হিসাব সমীকরণ হলো উদ্বৃত্তপত্রের সংক্ষিপ্ত ও আনুষ্ঠানিক প্রকাশ। সুতরাং হিসাব সমীকরণ উদ্বৃত্তপত্রের ফলস্বরূপ।

42. একটি হিসাবকালের প্রারম্ভে একটি কোম্পানির মোট মালিকানাস্বত্ব ছিল ৭,২০,০০০ টাকা ও দায় ছিল ৬,০০,০০০ টাকা। উক্ত হিসাবকালে সম্পদ ৪,২০,০০০ টাকায় ও দায় ১,৮০,০০০ টাকায় বৃদ্ধি পায়। উক্ত বর্ষে নতুন করে ১,২০,০০০ টাকা মূলধন সংগৃহীত হয় ও ১,০০,০০০ টাকা লভ্যাংশ বিতরণ করা হয়। উক্ত হিসাবকালে কত টাকা মুনাফা অর্জিত হয়েছে? [JnU : 09-10]

Ⓐ ২,৪০,০০০ টাকা Ⓑ ৭,২০,০০০ টাকা Ⓒ ৯,৬০,০০০ টাকা Ⓓ ১,২০,০০০ টাকা

Solve (D) বিষয়টি আমরা হিসাব সমীকরণের সাহায্যে খুব সহজে সমাধান করতে পারি।

	সম্পত্তি	=	দায়	+	মালিকানা স্বত্ব
বছরের প্রারম্ভে	১৩,২০,০০০	=	৬,০০,০০০	+	৭,২০,০০০
বছরের পরিবর্তন (+)	৪,২০,০০০	= (+)	১,৮০,০০০	(+)	১,২০,০০০
				(−)	১,০০,০০০
				(+)	১,২০,০০০
বছরের শেষে	১৭,৪০,০০০	=	৭,৮০,০০০	+	৯,৬০,০০০

⇒ সমাপনী মালিকানা স্বত্ব = প্রারম্ভিক মালিকানা স্বত্ব + অতিরিক্ত বিনিয়োগ + মুনাফা − লভ্যাংশ

⇒ ৯,৬০,০০০ = ৭,২০,০০০ + ১,২০,০০০ + মুনাফা − ১,০০,০০০

∴ মুনাফা = (৯,৬০,০০০ − ৭,৮০,০০০) = ২,৯০,০০০ টাকা।

43. চৌধুরী সাহেব ৫০,০০০ টাকার মাল ক্রয় করলেন এবং ৮০,০০০ টাকার মাল বিক্রয় করলেন। ভিক্ষুককে কারবার প্রতিষ্ঠান থেকে ১০ টাকা ভিক্ষা দিলেন এবং বছর শেষে ব্যাংক জমা টাকার উপর ১০০ টাকা সুদ পেলেন। চৌধুরী সাহেবের লেনদেন হিসাবে কত টাকা অন্তর্ভুক্ত হবে? [SUST : 09-10]

Ⓐ ১,৩০,১১০ টাকা Ⓑ ১,৪০,১১০ টাকা
Ⓒ ৩০,১১০ টাকা Ⓓ কোনোটিই নয়

Solve (C) [illegible]

44. [illegible] [illegible]

Ⓐ [illegible] Ⓑ [illegible]
Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve (D) [illegible]

45. [illegible]

Ⓐ [illegible] Ⓑ [illegible]
Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve (C) [illegible]

46. কোনো একটি কাজের ৫ কোম্পানির হিসাব সমীকরণের সমন্বিত পরিমাণ ৫৫,৫০০/- এবং মালিকানাস্বত্ব ৯,৮০,০০০/- হলে কোম্পানির দায় কত হবে?

Ⓐ ৯,৩০,০০০ Ⓑ ৯,৪০,০০০ Ⓒ ৯,৫০,০০০ Ⓓ ৯,৬০,০০০

Solve (D) দায় = (সম্পত্তি − মালিকানাস্বত্ব)
= (৫৫,৫০০ − ৯,৪০,০০০) = ৯,৬০,০০০ টাকা

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ সমাধান

01. যদি কর্মচারীর বেতন পরিশোধ করা হয় তাহলে হিসাব সমীকরণের ওপর কী প্রভাব পড়ে? [DHA-22]

Ⓐ সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায় Ⓑ দায় ও মূলধন বৃদ্ধি পায়
Ⓒ সম্পদ ও মালিকানাস্বত্ব হ্রাস পায় Ⓓ দায় ও মূলধন হ্রাস পায় **Ans C**

02. A = L + OE সমীকরণটিতে OE কী নির্দেশ করে? [DHA-22]

Ⓐ সম্পদ Ⓑ মালিকানা স্বত্ব
Ⓒ দায় Ⓓ মুনাফা **Ans B**

03. ধারে ক্রয়ের ফলে কালান্তিক মজুত পদ্ধতিতে হিসাব সমীকরণের (A = L + OE) কোন উপাদানের পরিবর্তন ঘটে? [RAJ-22]

Ⓐ A ও OE Ⓑ A ও L
Ⓒ L ও OE Ⓓ A, L ও OE **Ans C**

04. সম্পত্তি, দায় ও মূলধনের মধ্যে সম্পর্ক প্রকাশ করে– [CU-22]

Ⓐ ডেবিট এবং ক্রেডিট Ⓑ ডেবিট এবং ক্রেডিট
Ⓒ উদ্বৃত্তপত্র Ⓓ হিসাব সমীকরণ **Ans D**

05. মালিকানাস্বত্ব হ্রাসের কারণ হচ্ছে– [CU-22]

Ⓐ উত্তোলন ও লভ্যাংশ কমে যাওয়া Ⓑ উত্তোলন ও খরচ বেড়ে যাওয়া
Ⓒ খরচ ও দায় কমে যাওয়া Ⓓ খরচ ও দায় বেড়ে যাওয়া **Ans B**

06. হিসাব সমীকরণে (A = L + OE) 'OE' এর বর্ধিত অংশের সঠিক রূপ কোনটি? [MYM-21]

Ⓐ C + D + R − E Ⓑ C − D − R + E
Ⓒ C − D − R − E Ⓓ C − D + R − E **Ans D**

07. হিসাব সমীকরণের সঠিক বর্ধিত রূপ নিম্নের কোনটি? [JnU-21]

Ⓐ সম্পত্তি = দায় − মূলধন + আয় + উত্তোলন − ব্যয়
Ⓑ সম্পত্তি = দায় + মূলধন + আয় − ব্যয় − উত্তোলন
Ⓒ সম্পত্তি = দায় + মূলধন − আয় + ব্যয় − উত্তোলন
Ⓓ সম্পত্তি = দায় − মূলধন − আয় + ব্যয় − উত্তোলন **Ans C**

08. ধারে বিক্রয়ের ফলে হিসাব সমীকরণ (A = L + OE) এর কোন উপাদান পরিবর্তন ঘটে? [JnU-19; DHA-19]

Ⓐ A ও L Ⓑ A ও OE
Ⓒ L ও OE Ⓓ A, L ও OE **Ans C**

09. নিট লাভ দ্বারা কী বৃদ্ধি পায়? [JnU-19]

Ⓐ আয় Ⓑ সম্পত্তি
Ⓒ স্বত্বাধিকার Ⓓ দায় **Ans C**

10. খরচের হিসাবের টাকা পরিশোধ করলে, হিসাব সমীকরণ এর প্রভাব কী? [CU-19]

Ⓐ সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস Ⓑ সম্পদ হ্রাস ও দায় হ্রাস
Ⓒ সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি Ⓓ সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি **Ans B**

11. হিসাব বছরের শুরুতে ব্যবসায়ের সম্পত্তির পরিমাণ ছিল ৬০,০০ টাকা এবং স্বত্বাধিকার ছিল ৮,৮ টাকা। সারা বছরে সম্পত্তি বৃদ্ধি পেয়েছে ৬০ টাকা এবং দায় হ্রাস পেয়েছে ৯০ টাকা। বছর শেষে স্বত্বাধিকারের পরিমাণ কত? [CU-19]

Ⓐ ৮,৮ টাকা Ⓑ ৬০ টাকা
Ⓒ ৬৬ টাকা Ⓓ ৯০ টাকা **Ans C**

12. মালিকানাস্বত্ব হ্রাসের কারণ হচ্ছে– [RAJ-19]

Ⓐ উত্তোলন ও খরচ বেড়ে যাওয়া Ⓑ খরচ ও দায় বেড়ে যাওয়া
Ⓒ খরচ ও দায় কমে যাওয়া Ⓓ উত্তোলন ও লভ্যাংশ কমে যাওয়া **Ans A**

BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS • BOYKOLY PUBLICATIONS

13. নগদ ২৫,০০০ টাকা ও ৫,০০০ টাকা ব্যক্তিগত ঋণ নিয়ে ব্যবসায় শুরু করলে, মূলধন হিসাবে কত টাকা ক্রেডিট হবে ? [DIN-19]
Ⓐ ৩০,০০০ টাকা Ⓑ ২৫,০০০ টাকা
Ⓒ ২০,০০০ টাকা Ⓓ ৫,০০০ টাকা Ans Ⓑ

14. ব্যবসায়ের সম্পদের ওপর মালিকের অধিকারকে বলে - [DIN-19]
Ⓐ মালিকানাস্বত্ব Ⓑ সম্পদ Ⓒ দায় Ⓓ আয় Ans Ⓐ

15. হিসাব সমীকরণের সঠিক রূপ কোনটি? [SYL-16 ; COM-17; CHI-17]
Ⓐ A – L = OE Ⓑ A = L + OE
Ⓒ A – OE = L Ⓓ L + OE = A Ans Ⓑ

16. নিচের কোন লেনদেনের ফলে স্বত্বাধিকার বাড়বে এবং দায় হ্রাস পাবে? [SYL-17]
Ⓐ পাওনাদারকে পরিশোধ করা হলে
Ⓑ কারবারে অতিরিক্ত মূলধন বিনিয়োগ করা হলে
Ⓒ অনুপার্জিত আয় উপার্জিত হলে
Ⓓ ধারে পণ্য বিক্রয় করা হলে Ans Ⓒ

17. নিচের কোন লেনদেনটি মালিকানাস্বত্ব বৃদ্ধি করে? [CHI-17]
Ⓐ বেতন প্রদান- ৫,০০০ টাকা Ⓑ আসবাবপত্রের অবচয়- ৪,০০০ টাকা
Ⓒ বিনিয়োগের সুদ- ২,০০০ টাকা Ⓓ ঋণের সুদ- ২,০০০ টাকা Ans Ⓒ

18. বছরের শুরুতে একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মোট সম্পদের পরিমাণ ছিল ১২,০০,০০০ টাকা এবং মোট বহির্দায় ছিল ৭,০০,০০০ টাকা। বছর শেষে মোট সম্পদ ২,০০,০০০ টাকা বেড়ে গেলে এবং মোট বর্হিদায় ১,০০,০০০ টাকা কমে গেলে সমাপনী মালিকানাস্বত্ব কত হবে? [DHA-16]
Ⓐ ৫,০০,০০০ টাকা Ⓑ ৬,০০,০০০ টাকা
Ⓒ ৮,০০,০০০ টাকা Ⓓ ১০,০০,০০০ টাকা Ans Ⓒ

19. নগদ মূল্যে স্থায়ী সম্পত্তি ক্রয়ের ফলে হিসাব সমীকরণে কী পরিবর্তন ঘটে? [JES-16]
Ⓐ খরচ বৃদ্ধি পাবে Ⓑ দায়ের পরিমাণ বৃদ্ধি পাবে
Ⓒ সম্পত্তির পরিবর্তন হবে Ⓓ স্বত্বাধিকার বৃদ্ধি পাবে Ans Ⓒ

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. প্রতিটি লেনদেন কীভাবে হিসাব সমীকরণকে প্রভাবিত করে?
Ⓐ সম্পদের হ্রাস-বৃদ্ধি ঘটিয়ে
Ⓑ দায়ের হ্রাস-বৃদ্ধি ঘটিয়ে
Ⓒ স্বত্বাধিকারের হ্রাস-বৃদ্ধি ঘটিয়ে
Ⓓ সম্পদ, দায় ও স্বত্বাধিকারের হ্রাস-বৃদ্ধি ঘটিয়ে Ans Ⓓ

02. কোনটি গুণগত পরিবর্তনের উদাহরণ?
Ⓐ দায় পরিশোধ Ⓑ অবচয় ধার্য
Ⓒ ধারে সম্পত্তি ক্রয় Ⓓ নগদে সম্পত্তি ক্রয় Ans Ⓓ

03. 'যন্ত্রপাতির অবচয়' হিসাব সমীকরণের কোন দুটির পরিবর্তন ঘটায়?
Ⓐ A ও Z Ⓑ A ও OE
Ⓒ L ও OE Ⓓ OE ও I Ans Ⓑ

04. বিনিয়োগের অনাদায়ী সুদ হিসাব সমীকরণে এর প্রভাব কী?
Ⓐ A বৃদ্ধি ও L বৃদ্ধি Ⓑ A হ্রাস ও OE হ্রাস
Ⓒ A বৃদ্ধি ও OE বৃদ্ধি Ⓓ A হ্রাস ও OE বৃদ্ধি Ans Ⓒ

05. স্ত্রীর গহনা বিক্রয়লব্ধ অর্থ দ্বারা অফিসের জন্যে আসবাবপত্র ক্রয় করলে সমীকরণের পরিমাণগত পরিবর্তন হওয়ার কারণ কী?
Ⓐ সমপরিমাণ টাকা দ্বারা একটি সম্পদ বাড়ে অপর একটি সম্পদ কমে
Ⓑ সমীকরণের একদিকে পরিবর্তন ঘটে
Ⓒ সমপরিমাণ টাকা দ্বারা সম্পত্তি ও মালিকানা স্বত্ব এর পরিবর্তন ঘটে
Ⓓ সমপরিমাণ টাকা দ্বারা সম্পত্তি ও দায় এর পরিবর্তন ঘটে Ans Ⓒ

06. সম্পত্তির ওপর মালিক ও পাওনাদারের দাবিকে দায় বলা হয় কেন?
Ⓐ মালিক ও পাওনাদার কারবারের মুনাফা পায়
Ⓑ প্রতিষ্ঠানের উন্নয়নে এদের ভূমিকা অতীব গুরুত্বপূর্ণ
Ⓒ মালিক ও পাওনাদারের নিকট প্রতিষ্ঠান ঋণী
Ⓓ প্রতিষ্ঠান মালিক ও পাওনাদারের নিকট টাকা পায় Ans Ⓒ

07. রেড লাইট একটি নতুন কলম উৎপাদনকারী প্রতিষ্ঠান। ব্যবসায়ের পরিচিতির জন্যে ১,০০০টি কলম বিনামূল্যে রাজের ডিগ্রি কলেজের ছাত্রদের মধ্যে বিতরণ করেন। হিসাব সমীকরণে এর প্রভাব কী?
Ⓐ A হ্রাস ও বৃদ্ধি Ⓑ A হ্রাস; OE বৃদ্ধি
Ⓒ A বৃদ্ধি; OE বৃদ্ধি Ⓓ OE হ্রাস ও বৃদ্ধি Ans Ⓓ

08. জয়কলি লাইব্রেরি বাংলাবাজার থেকে বই ক্রয় করে আনার জন্যে গাড়ি ভাড়া ১,০০০ টাকা প্রদান করে। জয়কলি লাইব্রেরি হিসাব সমীকরণে এর প্রভাব কী?
Ⓐ সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি Ⓑ সম্পত্তি বৃদ্ধি ও স্বত্বাধিকার বৃদ্ধি
Ⓒ স্বত্বাধিকার হ্রাস ও সম্পত্তি হ্রাস Ⓓ স্বত্বাধিকার হ্রাস ও দায় হ্রাস Ans Ⓒ

09. প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা প্রকাশ করার ব্যবহারিক সমীকরণকে বলে:
Ⓐ আয়-ব্যয় সমীকরণ Ⓑ হিসাব সমীকরণ
Ⓒ উদ্বৃত্তপত্র সমীকরণ Ⓓ B এবং C উভয়ই সঠিক Ans Ⓓ

10. প্রতিষ্ঠানের সম্পত্তি, দাবি ও স্বত্বাধিকারের মধ্যে বিদ্যমান সম্পর্ককে প্রকাশ করার মাধ্যমকে বলা হয় :
Ⓐ উদ্বৃত্তপত্র সমীরকণ Ⓑ হিসাব সমীকরণ
Ⓒ আয়-ব্যয় সমীকরণ Ⓓ আর্থিক অবস্থা Ans Ⓑ

11. হিসাব সমীকরণের মোট সম্পত্তি নামক উপাদানটি বৃদ্ধি পেলে:
Ⓐ মোট দাবি অবশ্যই বৃদ্ধি পাবে
Ⓑ দায় অথবা মালিকানা স্বত্ব অবশ্যই বৃদ্ধি পাবে
Ⓒ কোনো একটি সম্পত্তি অবশ্যই হ্রাস পাবে
Ⓓ A এবং B উভয়ই সঠিক Ans Ⓓ

12. নিচের কোনটির ফলে মোট সম্পত্তি বৃদ্ধি পায়?
Ⓐ ধারে সেবা প্রদান Ⓑ প্রাপ্য নোটের অর্থ আদায়
Ⓒ দেনাদারের নিকট হতে প্রাপ্তি Ⓓ নগদে সম্পত্তি বিক্রয় Ans Ⓐ

13. নিচের কোনটির ফলে মোট সম্পত্তি হ্রাস পায়?
Ⓐ নগদে যন্ত্রপাতি ক্রয় Ⓑ ধারে পণ্য বিক্রয়
Ⓒ বিক্রীত পণ্য ফেরত Ⓓ বিক্রীত পণ্যের অর্থ আদায় Ans Ⓒ

14. নিচের কোনটির ফলে মোট সম্পত্তি অপরিবর্তিত থাকে?
Ⓐ বন্ড ক্রয় বাবদ নগদ প্রদান Ⓑ পুরাতন আসবাবপত্র নগদে বিক্রয়
Ⓒ প্রাপ্য বিলের মূল্য আদায়করণ Ⓓ সবগুলোই সঠিক Ans Ⓓ

15. পাওনাদার কর্তৃক প্রস্তুতকৃত নোট পরিশোধ করা হলে:
Ⓐ সম্পত্তি ও দায় বৃদ্ধি পায় Ⓑ সম্পত্তি ও দায় হ্রাস পায়
Ⓒ দায় বৃদ্ধি ও হ্রাস পায় Ⓓ দায় হ্রাস ও সম্পত্তি বৃদ্ধি পায় Ans Ⓑ

16. পাওনাদার কর্তৃক প্রস্তুতকৃত নোটে স্বাক্ষর প্রদান কর হলে:
Ⓐ সম্পত্তি ও দায় বৃদ্ধি পায় Ⓑ সম্পত্তি ও দায় হ্রাস পায়
Ⓒ দায় বৃদ্ধি ও হ্রাস পায় Ⓓ দায় হ্রাস ও সম্পত্তি বৃদ্ধি পায় Ans Ⓒ

17. নিচের কোন লেনদেনটির ফলে ব্যবসায়ের মোট সম্পদের পরিমাণ অপরিবর্তিত থাকে?
Ⓐ বকেয়া মজুরি প্রদান Ⓑ নগদে যন্ত্রপাতি ক্রয়
Ⓒ বাকিতে সেবা প্রদান Ⓓ ধারে সরঞ্জাম ক্রয় Ans Ⓑ

18. মালিকানা স্বত্ব হ্রাস পায়:
Ⓐ প্রাপ্য বিল প্রত্যাখ্যাত হলে Ⓑ নগদে মালামাল বিক্রয় করা হলে
Ⓒ ফ্রানচাইজের অবলোপন ধার্য Ⓓ প্রদেয় হিসাব পরিশোধ করা হলে Ans Ⓒ

CamScanner

Step 1

BASIC INFORMATION

হিসাব ও হিসাবের শ্রেণিবিভাগ : লেনদেনের সংক্ষিপ্ত ও শ্রেণিবদ্ধ বিবরণীকে হিসাব বলে। আর্থিক ঘটনা বা লেনদেনের সমজাতীয় শ্রেণিকে উপযুক্ত শিরোনামে ও নি... হতে সংক্ষিপ্তাকারে প্রদর্শনের বিবরণীকে হিসাব বলে। অন্যভাবে বলা যায়, হিসাব হলো একটি নির্দিষ্ট সম্পত্তি, দায় অথবা মালিকানা স্বত্ব সম্পর্কিত বৃদ্ধি ও হ্রাসের ... হিসাবনিকাশ রেকর্ড।

- হিসাবের মূলরূপ ছক বা T ছকে তিনটি অংশ থাকে। যথা : (i) হিসাবের শিরোনাম, (ii) ডেবিট বা বাম পাশ এবং (iii) ক্রেডিট বা ডান পাশ।

হিসাবের জন্য সাধারণত দুইটি ছক প্রচলিত আছে।

ক. সাধারণ বা T ছক :

- এ ছকের তিনটি প্রধান অংশ থাকে : ১. হিসাবের শিরোনাম ২. ডেবিট (বাম দিক) ও ৩. ক্রেডিট (ডান দিক)।
- এ ছকে আটটি ঘর বা কলাম থাকে। (উভয়দিকে চারটি করে)

ডেবিট বা বাম পাশ হিসাবের শিরোনাম ক্রেডিট বা ডান পাশ

তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা	তারিখ	বিবরণ	জা. পৃ.	টাকা

খ. আধুনিক বা সমমান জের ছক : একে তিন কলাম হিসাব ছক বলা হয়। এটি হিসাবের আদর্শ ছক। এ ছকে প্রধানত ৬টি কলাম বা ঘর থাকে।

তারিখ	বিবরণ	জা. পৃ.	ডেবিট টাকা	ক্রেডিট টাকা	ব্যালেন্স	
					ডেবিট	ক্রেডিট

হিসাবের স্বাভাবিক ব্যালেন্স/জের :

- স্বাভাবিকভাবে যে সকল হিসাব ডেবিট ব্যালেন্স প্রকাশ করে : ১. সম্পত্তি ২. ব্যয় বা খরচ ৩. মালিকের উত্তোলন এবং ৪. লভ্যাংশ।
- সাধারণত যে সকল হিসাব ক্রেডিট ব্যালেন্স প্রকাশ করে : ১. দায় (বহিঃস্থ বা বহিঃস্থদাবি), ২. আয় বা রাজস্ব, ৩. মালিকানা স্বত্ব (অন্তর্দায় বা আন্তঃদাবি। মূলধ... জমাকৃত মুনাফা, সংরক্ষিত অর্থ, সম্পরক সঞ্চিতি এবং নিট লাভ)।

হিসাবের অস্বাভাবিক ব্যালেন্স/জের :

- বিশেষ লক্ষ্যে ব্যবহারের ফলে মাঝে মাঝে কিছু হিসাবের অস্বাভাবিক ব্যালেন্সের সৃষ্টি হতে পারে। যেমন :

১. অর্থ হিসাবের ডেবিট ব্যালেন্স (বকেয়া প্রদত্ত অর্থ-বকেয়া বিনিয়োগের সুদ) → নির্দেশ করে সম্পত্তি হিসাবকে।

২. ব্যয় হিসাবের ক্রেডিট ব্যালেন্স (বকেয়া প্রদেয় ব্যয়-বকেয়া বেতন → নির্দেশ করে দায় হিসাবকে।

আধুনিক পদ্ধতিতে হিসাব : আধুনিক কালে হিসাববিজ্ঞানীগণ হিসাবকে মূলত পাঁচ ভাগে ভাগ করেছেন–

১. **সম্পত্তি/সম্পদ হিসাব :** নগদ হিসাব, দেনাদার হিসাব, প্রদত্ত সুদ হিসাব, অগ্রদত্ত বিমা হিসাব, যন্ত্রপাতি হিসাব, সরঞ্জাম হিসাব ইত্যাদি।

২. **দায় হিসাব :** পাওনাদার হিসাব, প্রদেয় নোট হিসাব, প্রদেয় বেতন হিসাব, প্রদেয় সুদ হিসাব, ঋণপত্র বা প্রদেয় বন্ড হিসাব ইত্যাদি।

৩. **মালিকানা স্বত্ব হিসাব :** মালিকের মূলধন হিসাব, অংশীদারদের মূলধন হিসাব, শেয়ার মূলধন হিসাব, জমাকৃত মুনাফা হিসাব ইত্যাদি।


৪. **রাজস্ব/আয় হিসাব :** বিক্রয় হিসাব, সেবা আয় হিসাব, সুদ আয় হিসাব, ভাড়া আয় হিসাব ইত্যাদি।

৫. **খরচ/ব্যয় হিসাব :** বেতন ব্যয় হিসাব, বিমা ব্যয় হিসাব, ভাড়া ব্যয় হিসাব, সুদ ব্যয় হিসাব, অবচয় ব্যয় হিসাব, কু-ঋণ ব্যয় হিসাব ইত্যাদি।

বিদ্র. সম্পত্তি, ব্যয় ও উত্তোলন হিসাব ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে এবং দায়, আয় ও মালিকানা স্বত্ব হিসাব ক্রেডিট উদ্বৃত্ত বা জের প্রকাশ করে।

সনাতন পদ্ধতিতে হিসাব : সনাতন পদ্ধতিতে হিসাবকে প্রধানত দুভাগে বিভক্ত করা হয় : ক) ব্যক্তিবাচক হিসাব ও খ) অব্যক্তিবাচক হিসাব।

নিম্নে ছকের মাধ্যমে এটি উপস্থাপন করা হলো–



ক. **ব্যক্তিবাচক হিসাব :** ব্যক্তি বা প্রতিষ্ঠান সম্পর্কিত হিসাবকে বা শ্রেণিবদ্ধ বিবরণীকে ব্যক্তিবাচক হিসাব বলে। যেমন– আরিফ হিসাব, ব্যাংক হিসাব, কমার্স কলে... হিসাব। ব্যক্তিবাচক হিসাবের ডেবিট জের দেনাদার এবং ক্রেডিট জের হচ্ছে পাওনাদার। ব্যক্তিবাচক হিসাবকে ১) দেনাদার হিসাব ২) এবং পাওনাদার হিসাব, এ... দুই ভাগে ভাগ করা যায়।

১. **দেনাদার হিসাব :** কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট কারবারের পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান বা ব্যক্তিকে কারবারের দেনাদার বলা হয়। যেমন– আরিফের নিকট ধারে পণ্য বিক্রয় হলে আরিফ কারবারের দেনাদার।

২. **পাওনাদার হিসাব :** কোনো প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট কারবারের দেনা থাকলে উক্ত প্রতিষ্ঠান বা ব্যক্তিকে কারবারের পাওনাদার বলে। যেমন- সামাদের নিকট হতে... পণ্য ধারে ক্রয় করা হয়েছে। এক্ষেত্রে সামাদ কারবারের একজন পাওনাদার।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS


খ. অব্যক্তিবাচক হিসাব : ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে সম্পর্কিত নয় এমন সকল হিসাবকে অব্যক্তিবাচক হিসাব বলে। এ হিসাবকে দুই ভাগে ভাগ করা যায়।

১. সম্পত্তিবাচক হিসাব এবং ২. নামিক বা আয়-ব্যয়বাচক হিসাব।

নামিক হিসাব : কারবারের লাভ-লোকসান, আয়-ব্যয় ইত্যাদি হিসাবকে নামিক হিসাব বলে।

যেমন- মজুরি হিসাব, বেতন হিসাব, বিজ্ঞাপন হিসাব ইত্যাদি। নামিক হিসাবগুলোর বাস্তব কোনো অস্তিত্ব নেই, এগুলো নামমাত্র। আধুনিককালে এগুলো মালিকানা হিসাব নামে পরিচিত, কারণ এগুলো মালিকানাস্বত্বের হ্রাস-বৃদ্ধি ঘটায়।

প্রকৃতি অনুযায়ী ব্যক্তিবাচক হিসাবের শ্রেণিবিভাগ :



বিপরীত বা প্রতি হিসাব : যে হিসাব সংশ্লিষ্ট অন্য একটি হিসাবের ব্যালেন্সকে হ্রাস করে তাকে ঐ সংশ্লিষ্ট হিসাবের প্রতি হিসাব বলে।

যেমন : বিক্রয় ফেরত, বিক্রয় বাট্টা, ক্রয় বাট্টা, ক্রয় ফেরত, পুঞ্জীভূত অবচয়, প্রাপ্য বিলের বাট্টা সঞ্চিতি, ঋণপত্র বা বন্ডের অবহার বা বাট্টা ইত্যাদি।

প্রতি হিসাবসমূহ নিম্নরূপ :

১. বিপরীত বা কন্ট্রা বা প্রতি সম্পত্তি হিসাব (Contra Asset Account) : কোনো সম্পত্তি হিসাবের হ্রাস প্রদর্শন করার জন্য সম্পত্তি হিসাবটির বিপরীত অন্য একটি হিসাব প্রস্তুত করা হলে তাকে বিপরীত বা প্রতি সম্পত্তি হিসাব বলে। যেমন :

- পুঞ্জীভূত অবচয়/জমাকৃত অবচয়/অবচয় সঞ্চিতি/ক্রমযোজিত অবচয় (Accumulated Depreciation)
- পুঞ্জীভূত অবলোপন/জমাকৃত অবলোপন/অবলোপন সঞ্চিতি/ক্রমযোজিত অবলোপন (Accumulated Amortization)
- পুঞ্জীভূত অবক্ষয়/জমাকৃত অবক্ষয়/অবক্ষয় সঞ্চিতি/ক্রমযোজিত অবক্ষয় (Accumulated Depletion)
- কু-ঋণ সঞ্চিতি/সন্দেহজনক দেনাদারের জন্য ব্যবস্থা/সম্ভাব্য কু-ঋণ খরচ বরাদ্দ (Allowance for Doubtful Debts/Accounts)
- দেনাদারের বাট্টা সঞ্চিতি/প্রদেয় বাট্টা সঞ্চিতি (Provision for Discount Payable/Provision for Discount on Debtors)
- প্রাপ্য বিলের/নোটের বাট্টা সঞ্চিতি (Provision for Discount on Bills/Notes Receivable)

২. বিপরীত বা কন্ট্রা বা প্রতি দায় হিসাব (Contra Liability Account) : কোনো দায় হিসাবের হ্রাস প্রদর্শন করার জন্য দায় হিসাবটির বিপরীত অন্য একটি হিসাব প্রস্তুত করা হলে তাকে বিপরীত বা প্রতি দায় হিসাব বলে। যেমন :

- ঋণপত্র বা বন্ডের অবহার বা বাট্টা (Discount on Debenture)
- প্রদেয় বিলের/নোটের বাট্টা সঞ্চিতি (Provision for Discount Bills/Notes Payble)
- পাওনাদারের বাট্টা সঞ্চিতি/প্রাপ্য বাট্টা সঞ্চিতি (Provision for Discount on Accounts Payable/Creditors)

৩. বিপরীত বা কন্ট্রা বা প্রতি মালিকানাস্বত্ব হিসাব (Contra Equity Account) : কোনো মালিকানা স্বত্ব হিসাবের হ্রাস প্রদর্শন করার জন্য মালিকানা স্বত্ব হিসাবটির বিপরীত অন্য একটি হিসাব প্রস্তুত করা হলে তাকে বিপরীত বা প্রতি মালিকানা স্বত্ব হিসাব বলে। যেমন :

- উত্তোলন (Drawings) [একমালিকানা ও অংশীদারি কারবারের ক্ষেত্রে প্রযোজ্য]
- লভ্যাংশ (Dividend) [কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য] ■ ট্রেজারি স্টক (Treasury Stock) [কোম্পানির ক্ষেত্রে প্রযোজ্য]

৪. বিপরীত বা কন্ট্রা বা প্রতি আয় (রাজস্ব) হিসাব (Contra Revenue Account) : কোনো আয় বা রাজস্ব হিসাবের হ্রাস প্রদর্শন করার জন্য আয় হিসাবটির বিপরীত অন্য একটি হিসাব প্রস্তুত করা হলে তাকে বিপরীত বা প্রতি আয় (রাজস্ব) হিসাব বলে। যেমন :

- বিক্রয় বাট্টা (Sales Discount) ■ বিক্রয় ফেরত ও রেয়াত (Sales Return & Allowance)

৫. বিপরীত বা কন্ট্রা বা প্রতি ব্যয় (খরচ) হিসাব (Contra Expense Account) : কোনো ব্যয় বা খরচ হিসাবের হ্রাস প্রদর্শন করার জন্য ব্যয় হিসাবটির বিপরীত অন্য একটি হিসাব প্রস্তুত করা হলে তাকে বিপরীত বা প্রতি ব্যয় (খরচ) হিসাব বলে। যেমন :

- ক্রয় বাট্টা (Purchase Discount) ■ ক্রয় ফেরত ও রেয়াত (Purchase Return & Allowance)

Super Tips:

- হিসাববিজ্ঞানের রক্ষণশীলতার সীমাবদ্ধতা অনুযায়ী পাওনাদার বাট্টা সঞ্চিতি সৃষ্টি করা যায় না। যদি কোনো হিসাববিজ্ঞানী রক্ষণশীলতা নীতিকে অমান্য করে পাওনাদার বাট্টা সঞ্চিতি সৃষ্টি করেন, তবে পাওনাদার বাট্টা সঞ্চিতি হিসাবও 'বিপরীত/প্রতি দায় হিসাব'-এর উদাহরণ হিসেবে গণ্য হবে।

Step ② At a Glance : Most Important Information

- সাধারণভাবে আর্থিক ঘটনা বা লেনদেনের শ্রেণিবদ্ধ ও সংক্ষিপ্ত বিবরণীকে- **হিসাব বলে।**
- হিসাবের সাধারণ ছকে- **তিনটি অংশ থাকে। যথা: ১. হিসাবের শিরোনাম, ২. ডেবিট বা হিসাবের বাম পাশ এবং ৩. ক্রেডিট বা হিসাবের ডান পাশ**
- বিপরীত/প্রতি সম্পত্তি হিসাব- **পুঞ্জীভূত অবচয় হিসাব, কু-ঋণ সঞ্চিতি হিসাব, দেনাদারের বাট্টা সঞ্চিতি হিসাব।**
- বিপরীত/প্রতি দায় হিসাব- **বন্ডের অবহার, ঋণপত্রের অবহার, পাওনাদারের বাট্টা সঞ্চিতি হিসাব।**
- বিপরীত/প্রতি মালিকানা স্বত্ব হিসাব- **উত্তোলন হিসাব, লভ্যাংশ হিসাব, ট্রেজারি স্টক হিসাব।**
- বিপরীত/প্রতি আয় হিসাব- **বিক্রয় ফেরত হিসাব বা আন্তঃফেরত হিসাব, বিক্রয় বাট্টা হিসাব।**
- বিপরীত/প্রতি ব্যয় হিসাব- **ক্রয় ফেরত হিসাব বা বহিঃফেরত হিসাব, ক্রয় বাট্টা হিসাব।**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

- যে সকল হিসাবের সাধারণত ডেবিট উদ্বৃত্ত থাকে– **সম্পত্তি, ব্যয়, উত্তোলন, লভ্যাংশ, অগ্রিম ব্যয়, বকেয়া আয় ইত্যাদি।**
- যে সকল হিসাবের সাধারণত ক্রেডিট উদ্বৃত্ত থাকে– **দায়, মূলধন, সাধারণ সঞ্চিতি, অগ্রিম আয়, বকেয়া ব্যয়।**
- আয় হিসাবের ডেবিট জের নির্দেশ করে– **বকেয়া আয়কে (সম্পত্তিকে)।**
- ব্যয় হিসাবের ক্রেডিট জের নির্দেশ করে– **বকেয়া ব্যয়কে (দায়কে)।**
- একটি ব্যতিক্রমধর্মী নামিক হিসাব হলো– **উত্তোলন বা লভ্যাংশ।**
- সম্পত্তি হিসাবের যেই জের হতে পারে না– **ক্রেডিট**
- সম্পত্তি হিসাব জের প্রকাশ করতে পারে– **শূন্য ও ডেবিট জের**
- দায় হিসাব জের প্রকাশ করতে পারে– **শূন্য ও ক্রেডিট জের**
- দায় হিসাবের হতে পারে না– **ডেবিট জের**
- মূলধন হিসাবের হতে পারে না– **ডেবিট জের**
- বিপরীত সম্পত্তি হিসাবের স্বাভাবিক জের– **ক্রেডিট**
- বিপরীত দায় হিসাবের স্বাভাবিক জের– **ডেবিট**
- বিপরীত মূলধন হিসাবের স্বাভাবিক জের– **ডেবিট**
- বিপরীত ব্যয় হিসাবের স্বাভাবিক জের– **ক্রেডিট**
- বিপরীত আয় হিসাবের স্বাভাবিক জের– **ডেবিট**
- বিপরীত বা প্রতি মালিকানাস্বত্ব হিসাব– **১. উত্তোলন ২. লভ্যাংশ এবং ৩. ট্রেজারি স্টক**
- ট্রেজারি স্টক– **বিপরীত মালিকানাস্বত্ব**
- উত্তোলন/লভ্যাংশ হিসাবের হতে পারে না– **ক্রেডিট জের**
- ঋণপত্র বা বন্ডের অবহার– **বিপরীত দায় বা প্রতি দায় হিসাব**
- ক্রেতার নিকট ভ্যাট হলো– **ব্যয়**
- নামিক বা আয়-ব্যয় বাচক হিসাবের পূর্বে বা পরে প্রত্যয় অথবা উপসর্গ যোগ করলে যে হিসাবখাত পাওয়া যায় তাকে– **প্রতিনিধিত্বমূলক ব্যক্তিবাচক হিসাব বলে।**
- অগ্রিম/বকেয়া + নামিক হিসাব = প্রতিনিধিমূলক ব্যক্তিবাচক হিসাব। যেমন : বকেয়া বেতন, অগ্রিম ভাড়া ইত্যাদি।
- নামিক হিসাব বা অস্থায়ী হিসাব বলতে বুঝায়– **সকল প্রকার আয় ও ব্যয় বাচক হিসাব।**
- অগ্রিম ব্যয় = সম্পদ (আধুনিক), ব্যক্তিবাচক হিসাব (সনাতন) এবং অগ্রিম আয় = দায় (আধুনিক), ব্যক্তিবাচক হিসাব (সনাতন)।
- বকেয়া ব্যয় = দায় (আধুনিক), ব্যক্তিবাচক হিসাব (সনাতন) এবং বকেয়া আয় = সম্পদ (আধুনিক), ব্যক্তিবাচক হিসাব (সনাতন)।

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. বিপরীত সম্পত্তি কী ধরনের জের প্রকাশ করে? [DU : 19-20]
Ⓐ ক্রেডিট Ⓑ ডেবিট Ⓒ শূন্য Ⓓ ডেবিট এবং ক্রেডিট দুটোই

Solve কোন সম্পত্তি হিসাবের হ্রাস প্রদর্শন করার জন্য সম্পত্তি হিসাবটির বিপরীত অন্য একটি হিসাব প্রস্তুত করা হলে তাকে বিপরীত বা প্রতি সম্পত্তি হিসাব বলে। সাধারণত সম্পত্তি ডেবিট জের প্রকাশ করে এবং বিপরীত বা প্রতি সম্পত্তি ক্রেডিট জের প্রকাশ করে।

02. নিচের কোনটি অস্থায়ী হিসাব? [DU : 14-15]
Ⓐ লগদান হিসাব Ⓑ মজুত পণ্য হিসাব Ⓒ ব্যাংক হিসাব
Ⓓ পুঞ্জীভূত অবচয় Ⓔ ভাড়া হিসাব

Solve আর্থিক অবস্থার বিবরণী বিষয়ক হিসাবখাতসমূহ হলো স্থায়ী হিসাব এবং বিশদ আয় বিবরণী বিষয়ক হিসাবখাত সমূহ হলো অস্থায়ী হিসাব। এখানে ভাড়া হিসাব আয় বিবরণী বিষয়ক হিসাবখাত। অর্থাৎ এটি অস্থায়ী হিসাব খাত।

03. যে সকল হিসাবের ডেবিট জের থাকে, সেগুলো হলো- [DU : 14-15; RU : 12-13; CU : 10-11 BU : 11-12; JnU : 07-08; BRUR : 13-14; BSMRSTU : 13-14]
Ⓐ সম্পত্তি, ব্যয় ও রাজস্ব আয় Ⓑ সম্পত্তি, ব্যয় ও মালিকের মূলধন
Ⓒ সম্পত্তি, দায় ও মালিক কর্তৃক টাকা উত্তোলন
Ⓓ সম্পত্তি, মালিক কর্তৃক টাকা উত্তোলন ও ব্যয়সমূহ

Solve হিসাবের ডেবিট-ক্রেডিট নির্ণয়ের সূত্র থেকে আমরা জেনেছি যে, সম্পদ, ব্যয়, উত্তোলন প্রভৃতি ডেবিট নির্দেশক হিসাব এবং এগুলো সাধারণত ডেবিট জের প্রকাশ করে থাকে। আয়, দায় ও মূলধন এ হিসাবগুলো সাধারণত ক্রেডিট জের নির্দেশ করে।

04. পুঞ্জীভূত/জমাকৃত অবচিতির উদাহরণ হলো- [DU : 12-13, 01-02, 95-96; JnU : 09-10; RU : 11-12; CU : 14-15; JKKNIU : 19-20]
Ⓐ একটি ব্যয়ের Ⓑ একটি অর্লিখিত আয়ের
Ⓒ একটি দায়ের Ⓓ একটি প্রতি হিসাবের

Solve বচয় ব্যয়ের জন্য সরাসরি অর্থ ব্যয় হয় না। এটি হল প্রতি বছর লাভের বিপরীতে (ব্যয়) চার্জ মাত্র। অবচয় ব্যয় বাবদ প্রতিবছর নিট মুনাফা হতে একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ সঞ্চিতি হিসাবে রাখা হয়, যা পুঞ্জীভূত অবচয় নামে পরিচিত। কারণ অবচয় সমন্বয় এর জন্য কোন সম্পত্তিকে সরাসরি ক্রেডিট করা হয় না। সম্পত্তিটিকে ক্রেডিট করার পরিবর্তে উক্ত পুঞ্জীভূত অবচয়কে ক্রেডিট করা হয়। অর্থাৎ সম্পত্তির পরিবর্তে এ হিসাবটি ব্যবহার করা হয়। সুতরাং, পুঞ্জীভূত অবচিতি একটি প্রতি হিসাব।

05. নিচের কোন হিসাব সেট এর সাধারণত ক্রেডিট উদ্বৃত্ত থাকে- [DU : 13-14]
Ⓐ আয়, মূলধন, সম্পদ Ⓑ দায়, মূলধন, ব্যয়
Ⓒ আয়, দায়, মূলধন Ⓓ সম্পদ, মালিকের উত্তোলন, খরচ
Ⓔ বিক্রয়, মালিকের উত্তোলন, বাট্টা

Solve আয়, দায় ও মূলধন সম্পর্কিত হিসাবসমূহ সর্বদা স্বাভাবি অবস্থায় ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে। ব্যয়, সম্পত্তি ও উত্তোলনের স্বাভাবিক জের ডেবি

06. কোনটি দায় নয়? [DU : 09-10; RU : 14-15; CU : 14-15]
Ⓐ বকেয়া বেতন Ⓑ প্রদেয় বিল Ⓒ অনুপার্জিত আয়
Ⓓ অগ্রিম প্রদত্ত ভাড়া Ⓔ প্রদেয় হিসাব

Solve এখানে, বকেয়া বেতন, প্রদেয় বিল, অনুপার্জিত আয়, প্রদেয় হি সবগুলোই দায়ের উদাহরণ। ভাড়া প্রদান একটি খরচ হিসাব, আর এ খরচ অগ্রিম প্র করা হলে তা সম্পত্তি হিসেবে ধরা হয়। তাই অগ্রিম প্রদত্ত ভাড়া দায় নয়।

07. অনুপার্জিত আয় একটি? [DU : 05-06, 03-04]
Ⓐ আয় Ⓑ দায় Ⓒ সম্পদ Ⓓ ব্যয় Ⓔ মালিকানা স্বত্ব

Solve অনুপার্জিত আয় বলতে এমন আয়কে বুঝানো হয় যা নগ গ্রহণ করা হয়েছে কিন্তু তার জন্য কোন সেবা প্রদান করা হয়নি। উক্ত সে চলতি হিসাবকালের ভিতরই পরিশোধ করতে হবে। সুতরাং এটি একটি চলতি দায়

08. 'পুঞ্জীভূত অবচয় – যন্ত্রপাতি' হলো: [DU : 03-04]
Ⓐ সম্পত্তি Ⓑ খরচ Ⓒ দায়
Ⓓ বিপরীত সম্পত্তি Ⓔ মালিকানা স্বত্ব

Solve আধুনিক হিসাববিজ্ঞানে যন্ত্রপাতির অবচয় ধার্যের সময় যন্ত্রপা হিসাবকে ক্রেডিট করার পরিবর্তে 'পুঞ্জীভূত অবচয়-যন্ত্রপাতি' হিসাবকে ক্রেডি করা হয়। যেহেতু যন্ত্রপাতি নামক সম্পত্তির হ্রাস বুঝানোর জন্য যন্ত্রপাতি হিসাবে পরিবর্তে 'পুঞ্জীভূত অবচয়-যন্ত্রপাতি' হিসাবটি ব্যবহার করা হয়, সেহেতু এটি হ যন্ত্রপাতি নামক স্থায়ী সম্পত্তির বিপরীত হিসাব বা প্রতি সম্পত্তি হিসাব।

09. খরচ জাতীয় হিসাবসমূহ- [DU : 98-99]
Ⓐ জমাকৃত মুনাফা হিসাবের জেরকে অবশেষে বাড়ায়
Ⓑ একটি হিসাবকালে রেভিনিউ আয় অর্জনের সাথে সম্পৃক্ত ব্যয় নির্দেশ করে
Ⓒ সাধারণত ক্রেডিট জের থাকে Ⓓ উপরের সবকটি

Solve (A) ব্যয়/খরচ জাতীয় হিসাবসমূহ প্রতিষ্ঠানের ব্যয় নির্দে করে। ফলে এগুলো কখনও প্রতিষ্ঠানের মুনাফা বাড়ায় না, বরং কমায়। সুতর 'A' Option সঠিক নয়। (B) খরচ/ব্যয় বা খরচ জাতীয় হিসাবসমূহ স্বাভাবি অবস্থায় কখনও ক্রেডিট জের প্রকাশ করে না, ডেবিট জের প্রকাশ করে। ফ এটিও মিথ্যা। (C) মুনাফা বা আয়ের আশায় ব্যয় বা খরচ করা হয়ে থাকে সুতরাং এটি নির্দিষ্ট হিসাবকালের অর্জিত আয়ের বিপরীতে ব্যয় নির্দেশ ক এতএব এটিই সঠিক। (D) A ও B সঠিক না হওয়ায় (D) সঠিক নয়।

CamScanner

10. **হিসাব বলতে কী বুঝায়?** [DU : 07-08]
Ⓐ কারবারের মোট আয়-ব্যয়সমূহ Ⓑ কারবারের মোট সম্পদসমূহ
Ⓒ কারবারের সকল লেনদেনসমূহ Ⓓ লেনদেনের শ্রেণিবদ্ধ ও সংক্ষিপ্ত বিবরণী
Solve হিসাবের সংজ্ঞায় বলা হয়েছে যে, লেনদেনসমূহকে যৌক্তিকভাবে বিশ্লেষণ করে উপযুক্ত শিরোনামের অধীনে সাজিয়ে যে, শ্রেণিবদ্ধ ও সংক্ষিপ্ত বিবরণী প্রস্তুত করা হয়, তাকে হিসাব বলে।

11. **নিচের কোনটিকে স্থায়ী হিসাবে লেখা যায় না-** [DU : 05-06; RU : 04-05]
Ⓐ অবচয় Ⓑ রাখেয়া খরচ Ⓒ কু-ঋণ সঞ্চিতি Ⓓ কু-ঋণ
Solve (A) অবচয় হলো, কোনো সম্পত্তির নির্দিষ্ট সময় পর যে কার্যক্ষমতা লোপ পায় তার আনুমানিক আর্থিক মূল্য দ্বারা প্রকাশ, সুতরাং এটিকে ব্যয় হিসেবে ধরা হয়। (B) মুনাফা অর্জনের উদ্দেশ্যে ব্যয় করা হয়। ব্যয়/খরচ হলেও থাকলে তা আমাদের পরিশোধ করতে হবে। ফলে এটিকেও দায় হিসেবে ধরা হয়। (C) কু-ঋণ সঞ্চিতি হলো, রক্ষণশীলতার প্রথানুসারে দেনাদারের নিকট থেকে সম্পূর্ণ টাকা না পাওয়া যেতে পারে ধরে মুনাফা থেকে একটি অংশ সঞ্চিতি রাখা, তাই এটি কোনো ব্যয় বা খরচ নয়। (D) কু-ঋণ হলো, যে টাকা দেনাদারের কাছ থেকে আর পাওয়া যাবে না। এটিকে ব্যয় হিসেবে ধরা হয়।

12. **সাধারণভাবে হিসাবের তিনটি উপাদান থাকে। এইগুলো হলো-** [DU : 02-03; HSTU : 11-12]
Ⓐ দাতা, গ্রহীতা এবং টাকার অঙ্ক Ⓑ দাতা, গ্রহীতা এবং বিবরণী
Ⓒ নাম, দাতা ও গ্রহীতা Ⓓ তারিখ, বিবরণী ও টাকার অঙ্ক
Solve হিসাবের তিনটি উপাদান হলো নাম/শিরোনাম, গ্রহীতা বা ডেবিট এবং দাতা বা ক্রেডিটর।

13. **নামিক হিসাবের একটি উদাহরণ হচ্ছে-** [DU : 01-02]
Ⓐ ঘুচরা নগদান Ⓑ ব্যাংক জমা Ⓒ মূলধন Ⓓ বিক্রয় ফেরত
Solve বিক্রয় ফেরতকে নামিক হিসাব বলে গণ্য করা হয়, কারণ এর দ্বারা বিক্রয় আয়- হ্রাস পাওয়া বুঝায়। বিশদ আয় বিবরণীর হিসাবের সকল এটি নামিক হিসাবের অন্তর্গত।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/পার্শ্বস্থ অর্থনীতি কলেজ

01. **নিচের কোনটি একটি 'হিসাবের' উদাহরণ?** [DU 7 College : 21-22]
Ⓐ কার্যপত্র Ⓑ উদ্বর্তপত্র Ⓒ রেওয়ামিল Ⓓ আয় বিবরণী
Solve অপশন (A) অনুযায়ী, কার্যপত্র বা খসড়া বিবরণী (Worksheet) স্থায়ী হিসাবনিকাশ রেকর্ড নয়, এটি জাবেদা কিংবা খতিয়ানেরও অংশ নয়। এটি একটি খসড়া কাজ এবং হিসাব চক্রের প্রাথমিক ধাপ। অপশন (B) অনুযায়ী উদ্বর্তপত্র হচ্ছে একটি নির্দিষ্ট সময় বিন্দুতে বা নির্দিষ্ট তারিখে বা যে কোনো দিনে ব্যবসায়ের সম্পত্তি ও দায়ের তালিকা। অপশন (C) অনুযায়ী রেওয়ামিল কোন হিসাব নয় বা হিসাবের কোন অংশ হিসেবে গণ্য করা হয় না। অপশন (D) অনুযায়ী একটি হিসাবের তিনটি অংশ থাকে। যথা: ১. শিরোনাম ২. ডেবিট ৩. ক্রেডিট, সুতরাং আয় বিবরণী হচ্ছে একটি পরিপূর্ণ হিসাব কারণ এটি একটি নির্দিষ্ট হিসাব কালের আয়সমূহ এবং ব্যয়সমূহ প্রদর্শনের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল নির্ণয় বা প্রতিষ্ঠানের দক্ষতা নির্ণয়ের জন্য (নিট আয় অথবা নিট ক্ষতি) প্রস্তুত করা হয়।

02. **মি. এক্সকে ঋণ দেয়া হলে ঋণকে —— হিসেবে দেখানো হবে।** [DU 7 College : 20-21]
Ⓐ আয় Ⓑ দায় Ⓒ সম্ভাব্য দায় Ⓓ সম্পদ
Solve মি: এক্সকে ঋণ প্রদান করা হলে, প্রদত্ত ঋণ একটি সম্পত্তি হিসাব। কারণ প্রদত্ত ঋণ ব্যবসায়ের একটি বিনিয়োগ এবং প্রাপ্ত ঋণ ব্যবসায়ের একটি দায়। তাই মি: এক্সকে ঋণ প্রদানের জাবেদা হবে-
প্রদত্ত ঋণ হিসাব ডেবিট
নগদান হিসাব ক্রেডিট

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. **বিক্রয় বাট্টা কোন ধরনের হিসাব?** [JU : 19-20]
Ⓐ আয় হিসাব Ⓑ ব্যয় হিসাব Ⓒ বিপরীত আয় হিসাব Ⓓ দায় হিসাব
Solve বিক্রয় বাট্টা যেহেতু বিক্রয় হিসাবের বিপরীত দিকে দেখানো হয় তাই এটি বিপরীত আয় হিসাব। বিক্রয় ফেরতও বিপরীত আয় হিসাব।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. **কোন হিসাবসমূহের ডেবিট ব্যালেন্স হয়?** [RU : 22-23]
Ⓐ সম্পদ, খরচ ও আয় Ⓑ সম্পদ, খরচ ও মূলধন
Ⓒ সম্পদ, আয় ও উত্তোলন Ⓓ সম্পদ, উত্তোলন ও খরচ
Solve সাধারণত সম্পদ, ব্যয়, উত্তোলন হিসাবের ডেবিট ব্যালেন্স হয়।

02. **পুঞ্জিভূত অবচয় একটি-** [RU-B : 21-22]
Ⓐ খরচ হিসাব Ⓑ মালিকানা স্বত্ব হিসাব
Ⓒ আয় হিসাব Ⓓ কন্ট্রা সম্পত্তি হিসাব
Solve বিপরীত/প্রতি/কন্ট্রা সম্পত্তিসমূহ হলো: পুঞ্জীভূত অবচয়/অমর্যাদা অবচয়/অবচয় সঞ্চিতি/ক্রমযোজিত অবচয়; পুঞ্জীভূত অবলোপন/ক্ষয়কৃত অবলোপন/অবলোপন সঞ্চিতি/ক্রমযোজিত অবলোপন; পুঞ্জীভূত অবক্ষয়/ক্ষয়কৃত অবক্ষয়/অবক্ষয় সঞ্চিতি/ক্রমযোজিত অবক্ষয়; কু-ঋণ সঞ্চিতি/সংকুচনজনক দেনাদারের জন্য ব্যবস্থা/সংস্থান কু-ঋণ খরচ বরাদ্দ; দেনাদারের বাট্টা সঞ্চিতি/প্রদেয় বাট্টা সঞ্চিতি; প্রাপ্য বিলের/নোটের বাট্টা সঞ্চিতি ইত্যাদি।

03. **যে হিসাবটি কখনোই ক্রেডিট উদ্বৃত্ত হয় না -।** [RU-B : 20-21]
Ⓐ ব্যাংক Ⓑ নগদ Ⓒ দেনাদার Ⓓ A এবং B উভয়ই
Solve ব্যবসায়ের নগদ আয় হতে নগদ ব্যয় কখনোই বেশি হতে পারে না। তাই নগদের কখনও ক্রেডিট উদ্বৃত্ত হয় না। এটি একটি চলতি তথা তাৎক্ষণিক সম্পদ।

04. **কোনটি স্বাভাবিকভাবে ক্রেডিট জের হয়?** [RU-B : 20-21]
Ⓐ সম্পত্তি হিসাব Ⓑ ব্যয় হিসাব Ⓒ প্রাপ্যবিল হিসাব Ⓓ রাজস্ব হিসাব
Solve স্বাভাবিকভাবে ডেবিট জের হয় সম্পত্তি ও ব্যয় হিসাবের, যেমন: নগদ, প্রাপ্যবিল, খরচের অগ্রিম, রাখেয়া খরচ। অন্যদিকে ক্রেডিট জের হয় আয়, দায় ও মূলধন। এখানে রাজস্ব হিসাব একটি আয় তাই এর স্বাভাবিক জের/উদ্বৃত্ত ক্রেডিট হবে।

05. **আয় হিসাব -** [RU-B : 20-21]
Ⓐ ডেবিট দ্বারা বৃদ্ধি পায় Ⓑ ক্রেডিট দ্বারা হ্রাস পায়
Ⓒ ক্রেডিট দ্বারা বৃদ্ধি পায় Ⓓ সাধারণত ডেবিট ব্যালেন্স হয়
Solve হিসাব সমীকরণের আধুনিক পদ্ধতি অনুসারে আয় হিসাব, দায় হিসাব, মূলধন বা মালিকানাস্বত্ব হিসাব ক্রেডিট দ্বারা বৃদ্ধি পায় এবং ডেবিট দ্বারা হ্রাস পায়। অপরদিকে ব্যয় হিসাব, সম্পদ হিসাব ও উত্তোলন হিসাব ডেবিট দ্বারা বৃদ্ধি পায় এবং ক্রেডিট দ্বারা হ্রাস পায়।

06. **কন্ট্রা (বিপরীত) হিসাবের উদাহরণ কোনটি?** [RU : 19-20]
Ⓐ অবচয় খরচ হিসাব Ⓑ প্রাপ্য হিসাব
Ⓒ বিক্রয় হিসাব Ⓓ ক্রয় ফেরত হিসাব
Solve যে হিসাব অন্য কোনো হিসাবের বিপরীতে দেখানো হয় তাকে কন্ট্রা হিসাব বলে। ক্রয়ফেরত ক্রয় হিসাবের বিপরীত দেখানো হয় তাই এটি কন্ট্রা হিসাব।

07. **মালিকের দ্বারা নগদ টাকা উত্তোলন ব্যবসায়ের-** [RU : 17-18]
Ⓐ আয় বাড়ায় Ⓑ মালিকের স্বত্ব কমায়
Ⓒ সম্পদ কমায় Ⓓ B ও C Ans (D)

08. **অবচয় সঞ্চিতি হচ্ছে-** [RU : 17-18; JU : 19-20]
Ⓐ একটি কন্ট্রা সম্পদ হিসাব Ⓑ একটি খরচ হিসাব
Ⓒ একটি সম্পদ হিসাব Ⓓ একটি দায় হিসাব Ans (A)

09. **যে লেনদেনের ফলে সম্পত্তির ক্রেডিট উদ্বৃত্ত হয়-** [RU : 14-15]
Ⓐ অতিরিক্ত হারে অবচয় ধরলে Ⓑ অতিরিক্ত সম্পত্তি ক্রয় করলে
Ⓒ ক্ষতিতে সম্পত্তি বিক্রয় করলে Ⓓ কোনোটিই নয়
Solve সম্পত্তি কখনোই ক্রেডিট উদ্বৃত্ত হয় না।

10. **কোনটি স্থায়ী হিসাব?** [RU : 13-14]
Ⓐ বেতন হিসাব Ⓑ উত্তোলনের সুদ হিসাব
Ⓒ প্রাপ্য বিল হিসাব Ⓓ ঋণের সুদ হিসাব
Solve উদ্বৃত্তপত্রের সম্পদ ও দায় পার্শ্বে যে হিসাবসমূহ অন্তর্ভুক্ত হয়, সেগুলোকে স্থায়ী বা বাস্তব হিসাব বলা হয়। এখানে প্রাপ্য বিল হিসাব স্থায়ী হিসাব।

CamScanner

11. ভাড়া হিসাব নয়- [R: 13-14]
(A) প্রাপ্য বিল হিসাব (B) প্রদেয় বিল হিসাব
(C) পুঞ্জীভূত অবচয় হিসাব (D) ঋণ হিসাব
Solve বাণিজ্যিক হিসাবরক্ষণে যা আয় ব্যয় হিসাবটিকে প্রকৃতিক হিসাবরক্ষণে ও উৎপাদনকে অনুযায়ী হিসাব বা অবচয়ন হিসাব বলা হয়।

12. একটি হিসাব সমাহার যার হিসাবে মজা মূলধন সমান অর্থ প্রদান করতে হয় না [R: 13-14 MBUTI: 11-12]
(A) সংরক্ষিত মজা (B) অবচয় (C) দু ঋণ (D) সমস্যাগুলি
Solve এখানে সমস্যাগুলি অনেকটি সমান অর্থ প্রদান করতে হয় না।

13. বাকিতে মাল বিক্রয় ও অর্থ আদায় বিলিবন্ধ করার ক্ষেত্রে যে হিসাবটি সম্পর্কিত নয়। [R: 12-13]
(A) পাওনাদার হিসাব (B) দেনাদার হিসাব
(C) মালপত্র হিসাব (D) বিক্রয় হিসাব
Solve বাকিতে মাল বিক্রয় করলে দেনাদার ও বিক্রয় হিসাব প্রভাবিত হয়। অর্থ আদায় করলে মালপত্র ও দেনাদার হিসাব প্রভাবিত হয়।

14. হিসাবরক্ষণে 'ডেবিট' অর্থ [R: 12-13]
(A) হিসাবের ঋণ দিক (B) ঋণ বৃদ্ধি
(C) ঋণ হ্রাস (D) সম্পত্তির বৃদ্ধি
Solve হিসাবরক্ষণে ডেবিট অর্থের সাধারণত অধিকাংশ হিসাবের ঋণ দিকের এবং ডেবিট অর্থের ঋণ দিকের বোঝায়।

15. হিসাব শ্রেণীকরণ অনুযায়ী 'ব্যক্তিগত' [R: 12-13]
(A) বিশ্লীয় ঋণ হিসাব (B) ঋণ হিসাব (C) সম্পত্তি হিসাব (D) আয় হিসাব
Solve ব্যক্তি হলো ব্যবসায়ের হিসাব। ব্যক্তি বলতে ব্যক্তি নামক ঋণ হলে বোঝা। সুতরাং এটি বিশ্লীয় ব্যবসায়ের হিসাব।

16. স্থায়ী হিসাব [R: 12-13]
(A) অবচয় হিসাব (B) উৎপাদন হিসাব
(C) আসবাব দ্রব্য হিসাব (D) পুঞ্জীভূত অবচয় হিসাব
Solve পুঞ্জীভূত অবচয় হিসাবকে বিশ্লীয় সম্পত্তি হিসেবে গণ্য করা হয়। এটি স্থায়ী হিসাবের অন্তর্ভুক্ত কারণ এ হিসাবের জের পরে বহন করা হয় না।

17. যিনি মূলধনের জন্য ডেবিটি লিখন যে হিসাবের ডেবিটি দিকে লিখতে হয়- [R: 12-13]
(A) মূলধন হিসাব (B) নগদ ক্রয়ি হিসাব
(C) উৎপাদন হিসাব (D) ঋণ বিক্রয় হিসাব
Solve যিনি মূলধন সাধারণের মূলধনের সাথে যোগ করতে হয়। সুতরাং যিনি মূলধন জন্য ডেবিটি লিখন মূলধন হিসাবের ডেবিটি দিকে লিখতে হয়।

18. হিসাবরক্ষণে 'ডেবিটি অর্থ [R: 12-13]
(A) সম্পত্তির হ্রাস (B) ঋণ হ্রাস (C) ঋণ বৃদ্ধি (D) হিসাবের ঋণ দিক
Solve হিসাবরক্ষণে ডেবিটি অর্থের বাস্তবিক হিসাবের ঋণ দিকের বোঝানো হয়ে থাকে।

19. বিক্রয় ফেরত কোন শ্রেণির হিসাব? [R: 11-12]
(A) বাণিজ্যিক হিসাব (B) সম্পত্তিবাচক হিসাব
(C) ব্যক্তিবাচক হিসাব (D) কোনোটিই নয়
Solve সনাতন পদ্ধতিতে বিক্রয় ফেরত হিসাবকে সাধারণত বাণিজ্যিক হিসাব হিসেবে গণ্য করা হয় কিন্তু আধুনিক পদ্ধতিতে বিক্রয় ফেরত হিসাবকে বিশ্লীয় ঋণ হিসাবে গণ্য করা হয়।

20. উৎপাদন হিসাবের কোন ধরনের জের হয়? [R: 10-11]
(A) ডেবিট জের (B) ডেবিটি জের (C) শূন্য জের (D) সবগুলোই
Solve উৎপাদন একটি প্রকৃত মূলধন হিসাব। তাই এটি সাধারণত সবসময় ডেবিটি জের প্রকাশ করে।

21. অবচয়যুক্ত স্থায়ীসম্পদ একটি- [R: 10-11]
(A) বাস্তবিক হিসাব (B) ব্যক্তিবাচক হিসাব (C) অবচয়ক হিসাব (D) কোনোটিই নয়
Solve অবচয়যুক্ত স্থায়ীসম্পদ অবচয়যুক্ত মালিকানার অন্তর্ভুক্ত। অর্থাৎ এও মালিকানি সম্পত্তি হিসেবে গণ্য হয়।

22. ডেবিটি ডেবিটি লিখিবার কর্তৃত্ব কে অধিকার করেন? [R: 08-09]
(A) মূলধন অধিকারি (B) ইউনিয়ন নিয়ন্ত্রণ (C) লিমিটেড (D) অন্য কেউ
Solve হিসাবের ডেবিটি ও ডেবিটি লিখিবার কর্তৃত্বের মূলধন অধিকারি।

23. কে হিসাবটি সাধারণত ডেবিটি উদ্বৃত্ত দেখায়- [R: 08-09]
(A) উৎপাদন (B) অফিস ভাড়া (C) অফিস মূল্য (D) কমিশন আয়
Solve ব্যয়, মূলধন, মজুরি খরচ, অফিস ভাড়া প্রভৃতি সাধারণত ডেবিটি উদ্বৃত্ত প্রকাশ করে। এখানে মজুরি প্রভৃতি ব্যয় নয়। তাই এটি ডেবিটি উদ্বৃত্ত প্রকাশ করে।

24. মজুরি খরচ কোন প্রকারের হিসাব? [R: 07-08 09-10 12-13]
(A) ব্যয় প্রকার (B) লাভ প্রকার (C) মূলধন প্রকার (D) সম্পত্তি
Solve মজুরি খরচ ব্যয়। কারণ, উক্ত খরচের কারণে ব্যবসায় সুবিধা ভোগ করে থাকে। কিন্তু ব্যয় মূলধন খাতে ভোগ করিবার কারণে ব্যয় নয়। তাই এটি ব্যয়ের জন্য প্রযোজ্য।

25. ব্যক্তিবাচক হিসাবে ডেবিটি উদ্বৃত্ত কাকে বুঝায় [R: 07-08]
(A) পাওনাদার (B) দেনাদার (C) বাণিজ্যিক হিসাব (D) কর্তৃত্বিকার
Solve ব্যক্তিবাচক হিসাবে দুটি ভাগ থাকে। (১) পাওনাদার ও (২) দেনাদার। পাওনাদার ব্যক্তি হিসাবের অন্তর্ভুক্ত। কারণ এর উদ্বৃত্ত হয়ে ডেবিটি। দেনাদার ব্যক্তি হিসাবের অন্তর্ভুক্ত। কারণ এর উদ্বৃত্ত হয়ে ডেবিটি। সুতরাং কর্তৃত্বিকার একটি ব্যক্তিবাচক। এর সব সময় ডেবিটি উদ্বৃত্ত প্রকাশ করে।

26. সম্পত্তি হিসাব ও ব্যয় হিসাবের স্বাভাবিক জের পর্যায়ক্রমে [R: 07-08]
(A) ডেবিটি ও ডেবিটি উদ্বৃত্ত (B) ডেবিটি ও ডেবিটি উদ্বৃত্ত
(C) ডেবিটি ও ডেবিটি (D) ডেবিটি
Solve হিসাবের ডেবিটি ও ডেবিটি লিখিবার সনাতন পদ্ধতি অনুযায়ী সম্পত্তি, ব্যয়, উৎপাদন সবই ডেবিটি এবং এদের জের/উদ্বৃত্ত ডেবিটি।

১৯৯৯ বিশ্ববিদ্যালয়

01. নিচের কোন হিসাব সেটি এর সাধারণত ডেবিটি উদ্বৃত্ত থাকে [R: 11-12 13-14]
(A) আয়, মূলধন, সম্পদ (B) ব্যয়, মূলধন, ব্যয়
(C) সম্পদ, ব্যক্তিবাচক উৎপাদন, ব্যয় (D) আয়, ব্যয়, মূলধন
(E) বিক্রয়, ব্যয়, উৎপাদন
Solve সাধারণত সম্পত্তি, ব্যয় ও উৎপাদন হিসাবের ডেবিটি উদ্বৃত্ত থাকে এবং আয়, ব্যয় ও মূলধন ও ব্যক্তিবাচকদের হিসাবের ডেবিটি উদ্বৃত্ত থাকে।

02. নিচের কোন সেলসেলটির দুটি হিসাব 'সম্পত্তি' ধারক হিসাব? [R: 10-11]
(A) নগদে পণ্য ক্রয় (B) বাকিতে পণ্য ক্রয়
(C) নগদে আসবাবপত্র ক্রয় (D) বাকিতে আসবাবপত্র ক্রয়
(E) বাকিতে সম্পত্তি ক্রয়
Solve নগদে আসবাবপত্র ক্রয়ের ক্ষেত্রে হবে-
আসবাবপত্র হিসাব - ডেবিট
নগদ হিসাব - ক্রেডিট
এক্ষেত্রে এই সেলসেল এর দুটি হিসাব হলো সম্পত্তিবাচক হিসাব।

03. নগদে আসবাবপত্র ক্রয় করা হলো ১৬,০০০ টাকা- এ সেলসেলের অন্তর্ভুক্ত দুটি হিসাব- [R: 11-12 12-13 13-14]
(A) বাস্তবিক হিসাব (B) ব্যক্তিবাচক হিসাব
(C) সম্পত্তিবাচক হিসাব (D) একটি সম্পত্তিবাচক ও অপরটি ব্যক্তিবাচক হিসাব
Solve নগদে আসবাবপত্র ক্রয় করা হলে সেলসেলে অন্তর্ভুক্ত হিসাব দুটি হলো একটি সম্পত্তি (নগদ হিসাব) ও অপরটির সম্পত্তি (আসবাবপত্র হিসাব)। সেলসেলটির ফলে নগদ টাকা হ্রাস পেয়েছে এবং আসবাবপত্র বৃদ্ধি পেয়েছে।

04. অফিস ভাড়া কোন ধরনের হিসাব- [R: 11-12]
(A) সম্পত্তি হিসাব (B) ব্যয় হিসাব (C) বাণিজ্যিকানাবহু হিসাব
(D) আয় হিসাব (E) ব্যয় হিসাব
Solve অফিস ভাড়ার ফলে কোনো ধরনের সম্পত্তি সৃষ্টি হয়নি। এটি হিসাবের ফলে ভবিষ্যতে সুবিধা পাওয়া যাবে। তাই এটি সম্পত্তিবাচক হিসাব।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

05. হিসাবের ডেবিট-ক্রেডিট রুলের বিষয়ে নিচের কোন বক্তব্যটি সঠিক? [CU : 17-18]
Ⓐ সম্পদের বৃদ্ধি হলো ক্রেডিট Ⓑ দায়ের বৃদ্ধি হলো ডেবিট
Ⓒ মালিকের মূলধন হ্রাস হলো ডেবিট Ⓓ খরচের বৃদ্ধি হলো ক্রেডিট
Ⓔ মালিকের উত্তোলন বৃদ্ধি হলো ক্রেডিট Ans Ⓒ

06. নিচের কোন ব্যয়টি 'খরচ' নয়? [CU : 17-18]
Ⓐ পরিবহন ব্যয় Ⓑ প্রাথমিক ব্যয় Ⓒ আপ্যায়ন ব্যয়
Ⓓ বিজ্ঞাপন ব্যয় Ⓔ মেরামত ব্যয়
Solve প্রাথমিক ব্যয় একটি ভুয়া সম্পত্তি।

07. নিচের কোনটি সত্য- [CU : 13-14]
Ⓐ ডেবিট সম্পদ ও দায় দুটিই বৃদ্ধি করে Ⓑ ডেবিট সম্পদ ও দায় দুটিই হ্রাস করে
Ⓒ ডেবিট সম্পদ বৃদ্ধি ও দায় হ্রাস করে Ⓓ ডেবিট সম্পদ হ্রাস ও দায় বৃদ্ধি করে
Ⓔ কোনোটিই নয়
Solve ডেবিট দ্বারা সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস করা হয় না।

08. প্রাপ্য বিলের American Term– [CU : 12-13]
Ⓐ Creditor Ⓑ Notes payable Ⓒ Accounts receivable
Ⓓ Notes receivable Ⓔ Debtor
Solve প্রাপ্যবিলের American Term হলো Notes Receivable.

09. কোনটি হিসাব স্বত্ত্বা হিসেবে বিবেচিত হবে না? [CU : 12-13]
Ⓐ আলম লি: Ⓑ একটি মজুত পণ্য
Ⓒ আলম লি: এর উৎপাদন বিভাগ Ⓓ আলম লি: এর উৎপাদন বিভাগের মোড়ক
Ⓔ কোনোটিই নয়
Solve এখানে আলম লি: এর উৎপাদন বিভাগের মোড়ক কোনো হিসাব সত্তা হিসেবে বিবেচিত নয়। কারণ, পণ্য, মোড়ক চেক প্রভৃতির নামে কোনো আলাদা হিসাব সত্তা ধরা হয় না।

10. কোনটি হিসাব নহে? [CU : 11-12]
Ⓐ বিক্রয় রাজস্ব Ⓑ মজুত পণ্য Ⓒ নিট বিক্রয়
Ⓓ মজুরি ব্যয় Ⓔ সুদ খরচ
Solve এখানে, বিক্রয় রাজস্ব, মজুত পণ্য, মজুরি ব্যয়, সুদ খরচ সবগুলোর নামে আলাদা আলাদা হিসাব খোলা হয়। কিন্তু নিট বিক্রয় নামে কোনো হিসাব খোলা হয় না। কারণ, বিক্রয়ের জন্য বিক্রয় বা বিক্রয় রাজস্ব নামেই হিসাব খোলা হয়ে থাকে।

11. দেনাদার এর American Term ..... [CU : 10-11]
Ⓐ Debtor Ⓑ Notes payable
Ⓒ Notes receivable Ⓓ Accounts payable
Ⓔ Accounts receivable
Solve দেনাদার এর ব্রিটিশ বা পূর্বনাম Debtor এবং আমেরিকান বা বর্তমানে ব্যবহৃত নাম হলো Accounts Receivable

12. সাধারণত কোনটি প্রাপ্য বিল দ্বারা প্রভাবিত হয়- [CU : 07-08]
Ⓐ বিক্রয় Ⓑ দেনাদার Ⓒ পাওনাদার
Ⓓ নগদ Ⓔ ক্রয়
Solve দেনাদারের বরাবর প্রস্তুতকৃত বিলে স্বীকৃতি পেলে দেনাদার হ্রাস পায়। অর্থাৎ, প্রাপ্য বিলের মাধ্যমে প্রভাবিত হয় দেনাদার।

13. একটি আয় হিসাব- [CU : 06-07]
Ⓐ ডেবিট দ্বারা বৃদ্ধি পাবে Ⓑ ক্রেডিট দ্বারা হ্রাস পাবে
Ⓒ সাধারণত ডেবিট জের দেখায় Ⓓ ক্রেডিট দ্বারা বৃদ্ধি পাবে
Ⓔ কোনোটিই নয়
Solve আয় হিসাব সাধারণত ক্রেডিট দ্বারা বৃদ্ধি পায় এবং ক্রেডিট জের দেখায়।

14. সম্পত্তিবাচক হিসাব– [CU : 03-04; RU : 08-09; CoU : 08-09]
Ⓐ ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে Ⓑ ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে
Ⓒ ডেবিট ও ক্রেডিট উভয় উদ্বৃত্ত প্রকাশ করে Ⓓ কোনোটিই প্রকাশ করে না
Solve সম্পত্তিবাচক হিসাবে স্বাভাবিক অবস্থায় কখনও ক্রেডিট উদ্বৃত্ত হতে পারে না। কারণ সম্পদের চেয়ে দায় বেশি হতে পারে না। হয়তো বা শূন্য/(০) ব্যালেন্স হতে পারে।

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. বিপরীত সম্পত্তি কী ধরনের জের প্রকাশ করে? [GST : 22-23]
Ⓐ শূন্য Ⓑ ডেবিট Ⓒ ক্রেডিট Ⓓ ডেবিট ও ক্রেডিট দুটোই
Solve বিপরীত সম্পত্তি ক্রেডিট জের প্রকাশ করে তবে সম্পত্তি হিসাবের স্বাভাবিক জের ডেবিট।

02. কোনটি অস্থায়ী হিসাব? [GST-C : 21-22]
Ⓐ নগদান হিসাব Ⓑ মজুত পণ্য হিসাব Ⓒ অবচয় হিসাব Ⓓ ভাড়া হিসাব
Solve অপশন C ও D তে উল্লেখিত "অবচয় হিসাব" ও "ভাড়া হিসাব" হচ্ছে অস্থায়ী/নামিক/আয়-ব্যয় বাচক হিসাব।

03. নামিক হিসাবে ডেবিট ব্যালেন্স বলতে কী বুঝায়? [BRUR : 19-20]
Ⓐ দেনা Ⓑ সম্পত্তি Ⓒ ব্যয় Ⓓ লাভ
Solve নামিক হিসাব বলতে আয় ও ব্যয়বাচক হিসাবকে বোঝায়। ডেবিট উদ্বৃত্ত বলতে ব্যয় এবং ক্রেডিট উদ্বৃত্ত বলতে আয়কে বোঝায়।

04. বিক্রয়কারীর নিকট ভ্যাট কী? [BRUR : 19-20]
Ⓐ আয় Ⓑ ব্যয় Ⓒ দায় Ⓓ সম্পদ
Solve বিক্রয়কারীর নিকট ভ্যাট দায় এবং ক্রয়কারীর নিকট ভ্যাট সম্পদ।

05. নিচের কোনটি বিপরীত দায়ের উদাহরণ? [CoU : 19-20]
Ⓐ কুক্ষণ সঞ্চিতি Ⓑ কুক্ষণ
Ⓒ প্রাপ্য বিলের বাট্টা Ⓓ প্রদেয় বিলের বাট্টা
Solve যে হিসাব দায় হিসাবের বিপরীত, অর্থাৎ দায় হতে বাদ দেওয়া হয় তাকে বিপরীত দায় বলে। প্রদেয় বিল বাট্টা সঞ্চিতি প্রদেয় বিল হতে বাদ দেওয়া হয় তাই এটি বিপরীত দায়।

06. ব্যক্তিবাচক হিসাব কোন জের প্রকাশ করে? [JKKNIU : 18-19]
Ⓐ ডেবিট Ⓑ ক্রেডিট Ⓒ ডেবিট ও ক্রেডিট Ⓓ কোনোটিই নয়
Solve ব্যক্তিবাচক হিসাব ডেবিট ও ক্রেডিট জের প্রকাশ করে। যেমন : দেনাদার ও পাওনাদার। সুবিধা গ্রহীতা-Dr ও সুবিধা দাতা- Cr।

07. কু-ঋণ সঞ্চিতি কোন জাতীয় হিসাব? [BRUR : 17-18]
Ⓐ ব্যয় Ⓑ আয় Ⓒ সম্পদ Ⓓ স্বত্বাধিকার
Solve আধুনিক পদ্ধতিতে কু-ঋণ সঞ্চিতি হিসাব একটি বিপরীত সম্পদ অর্থাৎ কু-ঋণ সঞ্চিতির ফলে সম্পত্তি হ্রাস পায়।

08. নিট স্বত্ব হলো- [PUST : 17-18]
Ⓐ বহিঃদায় Ⓑ নিট লাভ Ⓒ নিট ক্ষতি Ⓓ মূলধন Ans Ⓓ

09. সেবা প্রদানকারী প্রতিষ্ঠানে নিচের কোন হিসাবটি রাখা হয় না? [PUST : 17-18]
Ⓐ দেনাদার Ⓑ মজুত Ⓒ বিনিয়োগ Ⓓ পাওনাদার Ans Ⓑ

10. অগ্রিম ভাড়া কোন ধরনের ব্যক্তিবাচক হিসাব? [PUST : 17-18]
Ⓐ প্রতিনিধিত্বমূলক ব্যক্তিবাচক হিসাব Ⓑ স্বাভাবিক ব্যক্তিবাচক হিসাব
Ⓒ কৃত্রিম ব্যক্তিবাচক হিসাব Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

11. আয়কর ব্যক্তির জন্য কী? [JKKNIU : 17-18]
Ⓐ সম্পত্তি Ⓑ আয় Ⓒ ব্যয় Ⓓ রাজস্ব Ans Ⓒ

12. নিচের কোন হিসাবসমূহের সাধারণত ডেবিট ব্যালেন্স হয়? [JnU : 16-17]
Ⓐ সম্পদ, খরচ এবং আয় Ⓑ সম্পদ, খরচ এবং মূলধন
Ⓒ সম্পদ, দায় এবং মালিকের উত্তোলন Ⓓ সম্পদ, মালিকের উত্তোলন এবং খরচ
Solve সম্পদ, খরচ এবং উত্তোলনের সাধারণত ডেবিট ব্যালেন্স হয়। অন্যদিকে, দায়, মালিকানা স্বত্ব এবং আয় এর ক্রেডিট ব্যালেন্স হয়।

13. পুঞ্জীভূত অবচয় কোন ধরনের হিসাব? [JnU : 16-17]
Ⓐ ব্যয় জাতীয় হিসাব Ⓑ আয় জাতীয় হিসাব
Ⓒ দায়বাচক হিসাব Ⓓ কোনোটিই নয়
Solve পুঞ্জীভূত অবচয় একটি প্রতি সম্পত্তি বা বিপরীত সম্পত্তি হিসাব।

14. আদায়কৃত ভ্যাট কী ধরনের হিসাব? [IU : 16-17]
Ⓐ ব্যয় হিসাব Ⓑ দায় হিসাব Ⓒ সম্পদ হিসাব Ⓓ আয় হিসাব
Solve আদায়কৃত ভ্যাট প্রতিষ্ঠানের জন্যে দায়। কেননা আদায়কৃত ভ্যাট সরকারকে পরিশোধ করতে হবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

15. কোনটি সুবিধা প্রদানকারী হিসাব? [IU : 16-17]
Ⓐ দেনাদার Ⓑ পাওনাদার Ⓒ মালিক Ⓓ শ্রমিক
Ans B Solve মূলত পাওনাদারের কাছে থেকে আমরা সুবিধা পেয়ে থাকি এবং দেনাদারকে সুবিধা প্রদান করি।

16. অনুমিত অনাদায়যোগ্য প্রাপ্য হিসাবের প্রকৃতি কী ধরনের? [JKKNIU : 16-17]
Ⓐ মুনাফার বণ্টন Ⓑ একটি ক্ষতি
Ⓒ একটি মুনাফা Ⓓ মুনাফার বিপরীত ব্যয়
Ans D Solve অনুমিত অনাদায়যোগ্য প্রাপ্য হিসাব, যেমন কু-ঋণ হলো একটি খরচ/ব্যয় যা মুনাফার বিপরীতে চার্জ করা হয়। তাই এটি মুনাফার বিপরীত ব্যয়।

17. Debit ও Credit শব্দ দুটি কোন ভাষা থেকে এসেছে? [JKKNIU : 16-17]
Ⓐ ইংরেজি Ⓑ রোমান Ⓒ ইতালীয় Ⓓ জার্মান
Ans C Solve Debit শব্দটি এসেছে ল্যাটিন/ ইতালীয় Debitum হতে। আর Credit শব্দটি এসেছে ল্যাটিন/ ইতালীয় Creditum শব্দ হতে।

18. ডেনিমস লি. কী ধরনের হিসাব? [BU : 15-16]
Ⓐ সম্পত্তিবাচক হিসাব Ⓑ নামিক হিসাব
Ⓒ ব্যক্তিবাচক হিসাব Ⓓ অব্যক্তিবাচক হিসাব
Ans C Solve কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে যে হিসাব খোলা হয় তা ব্যক্তিবাচক হিসাব হয়। ডেনিমস লি. একটি প্রতিষ্ঠান, তাই এটি ব্যক্তিবাচক হিসাব।

19. অভ্যন্তরীণ সত্তা হলো- [BU : 15-16]
Ⓐ দায় Ⓑ সম্পত্তি Ⓒ আয় Ⓓ মূলধন
Ans D Solve মূলধন হলো আত্তঃদায় তাই মূলধন এখানে অভ্যন্তরীণ সত্তা।

20. অনার্জিত ভাড়া- এর জের হলো- [JKKNIU : 15-16]
Ⓐ সম্পদ Ⓑ ব্যয় Ⓒ আয় Ⓓ দায়
Ans D Solve অনার্জিত ভাড়া হলো অগ্রিম ভাড়া আদায় বা প্রাপ্তি যা চলতি বছরের সাথে সম্পর্কিত নয় তাই এটিকে দায় বলে গণ্য করা হয়।

21. কোনটি নামিক হিসাব? [MBSTU : 15-16]
Ⓐ আসবাবপত্র Ⓑ নগদান Ⓒ সোনালী ব্যাংক Ⓓ বেতন
Ans D Solve আয় এবং ব্যয় জাতীয় হিসাবকে নামিক হিসাব বলা হয়। বেতন একটি ব্যয় জাতীয় হিসাব।

22. একটি প্রতিষ্ঠানের মোট সম্পত্তির উপর মালিকের দাবির পরিমাণকে কী বলে? [MBSTU : 15-16]
Ⓐ সম্পদ Ⓑ আয় Ⓒ মালিকানাস্বত্ব Ⓓ খরচ **Ans C**

23. আয়কর, মূল্য সংযোজন কর ও আবগারি শুল্ক ধার্যের ভিত্তি হলো- [MBSTU : 15-16]
Ⓐ অর্জিত মুনাফা Ⓑ মূলধন
Ⓒ সঠিক হিসাবরক্ষণ Ⓓ আর্থিক অবস্থা **Ans C**

24. আত্তঃফেরত যে ধরনের হিসাব– [HSTU : 15-16]
Ⓐ বিপরীত সম্পত্তি হিসাব Ⓑ বিপরীত আয় হিসাব
Ⓒ দায় হিসাব Ⓓ বিপরীত ব্যয় হিসাব **Ans B**

25. সাধারণত যে সকল হিসাবের ডেবিট জের থাকে– [HSTU : 15-16]
Ⓐ সম্পত্তি, ব্যয় ও রাজস্ব আয় Ⓑ সম্পত্তি, ব্যয় ও মূলধন
Ⓒ সম্পত্তি, আয় ও উত্তোলন Ⓓ সম্পত্তি, ব্যয় ও মালিক কর্তৃক উত্তোলন
Ans D Solve সম্পত্তি, ব্যয় ও মালিকের উত্তোলনের স্বাভাবিক জের ডেবিট। আয় ও দায়ের স্বাভাবিক জের ক্রেডিট।

26. ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ ব্যাংকের জন্য কোন ধরনের হিসাব? [BU : 15-16; 11-12]
Ⓐ খরচ Ⓑ আয় Ⓒ ঋণ Ⓓ সম্পদ
Ans D Solve ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ ব্যাংকের জন্য এক ধরনের সম্পদ, যা ব্যাংক বিনিয়োগ হিসাবে গণ্য করে। যে ব্যক্তি ঋণ গ্রহণ করে তার এটি দায় হিসাব।

27. ক্রেডিট- [PUST : 14-15, 11-12]
Ⓐ সম্পত্তি ও দায় উভয়ই বৃদ্ধি করে Ⓑ সম্পত্তি ও দায় উভয়ই হ্রাস করে
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস করে Ⓓ সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি করে
Ans D Solve হিসাবের ক্রেডিট দ্বারা সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি করে।

28. কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পাওনা হলে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের হিসাব হচ্ছে- [BSMRSTU : 13-14]
Ⓐ সম্পত্তিবাচক হিসাব Ⓑ পাওনাদার হিসাব
Ⓒ দেনাদার হিসাব Ⓓ নামিক হিসাব
Ans C Solve কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পাওনা হলে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের হিসাবের প্রাপ্য বা দেনাদার হিসাব বলা হয়।

29. শুধু ব্যক্তিবাচক হিসাব রাখা হয় কোন পদ্ধতিতে? [CoU : 13-14]
Ⓐ বিশুদ্ধ একতরফা দাখিলা পদ্ধতি Ⓑ সাধারণ একতরফা দাখিলা পদ্ধতি
Ⓒ উপ একতরফা দাখিলা পদ্ধতি Ⓓ দুতরফা দাখিলা পদ্ধতি
Ans A Solve বিশুদ্ধ একতরফা দাখিলা পদ্ধতিতে শুধু ব্যক্তিবাচক হিসাবসমূহ সংরক্ষণ করা হয়।

30. নিচের কোনটি খান এন্টারপ্রাইজ-এর একটি অস্থায়ী হিসাব? [BU : 13-14]
Ⓐ খানের মূলধন Ⓑ যন্ত্রপাতি Ⓒ পুঞ্জীভূত অবচয় Ⓓ অবচয় হিসাব
Ans D Solve অবচয় হিসাব হলো অস্থায়ী বা নামিক হিসাব।

31. কোনটিকে ব্যয় হিসাবে ধরা যায় না? [PUST : 13-14]
Ⓐ অবচয় Ⓑ বকেয়া খরচ Ⓒ কু-ঋণ সঞ্চিতি Ⓓ কু-ঋণ
Ans C Solve কু-ঋণ সঞ্চিতিকে ব্যয় হিসাবে ধরা হয় না।

32. হিসাবের T ছকে মোট কলাম সংখ্যা কতটি? [IU : 13-14]
Ⓐ ৬টি Ⓑ ৭টি Ⓒ ৮টি Ⓓ ১০টি
Ans C Solve হিসাবের T ছকে ডেবিট পাশে চারটি এবং ক্রেডিট পাশে চারটি, মোট আটটি ঘর বা কলাম থাকে।

33. উত্তোলন হিসাব অন্তর্ভুক্ত হবে কোনটি? [IU : 13-14]
Ⓐ মালিকের ব্যক্তিগত প্রয়োজনে অর্থ উত্তোলন
Ⓑ ব্যক্তিগত ব্যাংক হিসাব হতে উত্তোলন
Ⓒ ব্যাংক হতে ব্যবসায়ের প্রয়োজনে অর্থ উত্তোলন
Ⓓ গোপনে পণ্য উত্তোলন
Ans A Solve মালিকের ব্যক্তিগত প্রয়োজনে অর্থ বা পণ্য উত্তোলন হিসাব অন্তর্ভুক্ত হবে।

34. মি. শাহীন একটি ব্যবসায় প্রতিষ্ঠানের মালিক। তার মূলধন নিম্নলিখিতগুলো কোনটি নির্দেশ করে? [PUST : 12-13]
Ⓐ মালিকানাস্বত্ব Ⓑ বহির্দায় Ⓒ সম্পদ Ⓓ কোনোটিই নয়
Ans A Solve মালিক কর্তৃক বিনিয়োগ প্রতিষ্ঠানের মালিকানাস্বত্ব নির্দেশ করে।

35. নিচের কোনটি ক্রেডিট ব্যালেন্স নির্দেশ করে? [BRUR : 12-13]
Ⓐ প্রাপ্ত কমিশন Ⓑ বিনিয়োগের সুদ Ⓒ বিক্রয় হিসাব Ⓓ উপরের সবগুলো
Ans D Solve আয়, দায় ও মূলধন হিসাব সর্বদা ক্রেডিট ব্যালেন্স নির্দেশ করে। এখানে, প্রাপ্ত কমিশন, বিনিয়োগের সুদ, বিক্রয় সবই আয় বাচক হিসাব। সুতরাং সবগুলোই ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে।

36. মূলধন কী? [BU : 12-13]
Ⓐ কারবারে নগদের মোট পরিমাণ
Ⓑ ব্যাংক যে পরিমাণ কারবারে বিনিয়োগ করেছে
Ⓒ স্থায়ী সম্পত্তি ও চলতি সম্পত্তি সমষ্টি
Ⓓ মালিক মোট যে পরিমাণ কারবারে বিনিয়োগ করেছেন
Ans D Solve মূলধন হলো ব্যবসায় বা কারবারের মালিক কর্তৃক কারবারে বিনিয়োগকৃত অর্থ। অন্যভাবে বলা যায়, ব্যবসায়ের মোট সম্পত্তির উপর মালিকের দাবিকে মূলধন বলা হয়।

37. ব্যয়-এর মধ্যে অন্তর্ভুক্ত কোনটি? [BU : 12-13]
Ⓐ ক্রয় ও স্থায়ী সম্পত্তিসমূহ Ⓑ উত্তোলন ও মূলধন
Ⓒ ক্রয় ও খরচসমূহ Ⓓ মূলধন ও মুনাফা
Ans C Solve প্রদত্ত বিকল্পগুলোর মধ্যে ক্রয় ও খরচসমূহ ব্যয়ের অন্তর্ভুক্ত।

38. ব্যাংককে প্রদত্ত সুদ কীসের উদাহরণ? [BU : 12-13]
Ⓐ দায় Ⓑ খরচ Ⓒ উত্তোলন Ⓓ স্থায়ী সম্পত্তি
Ans B Solve ব্যাংককে প্রদত্ত সুদ ব্যবসায়িক খরচের উদাহরণ।

CamScanner

39. ডেবিট- [SUST : 12-13]
Ⓐ সম্পদ ও দেনা উভয়ই বৃদ্ধি করে Ⓑ সম্পদ ও দেনা উভয়ই হ্রাস করে
Ⓒ সম্পদ বৃদ্ধি ও দেনা হ্রাস করে Ⓓ সম্পদ হ্রাস ও দেনা বৃদ্ধি করে
Ⓔ কোনোটিই নয়।
Solve ডেবিট দ্বারা সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস হয়ে থাকে।

40. কোনটি নামিক হিসাব? [CoU : 12-13]
Ⓐ বিজ্ঞাপন হিসাব Ⓑ রাজিব হিসাব Ⓒ দালান হিসাব Ⓓ মিজান এন্ড কোং
Solve নামিক বা অস্থায়ী হিসাব বলতে মূলত আয়-ব্যয় বাচক হিসাবকে বোঝায়, এখানে বিজ্ঞাপন নামিক হিসাব।

41. অগ্রিম ভাড়া প্রদান কোন জাতীয় হিসাব? [IU : 11-12]
Ⓐ মুনাফা জাতীয় ব্যয় Ⓑ মূলধন জাতীয় ব্যয়
Ⓒ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় Ⓓ বিলম্বিত মূলধন জাতীয় ব্যয়
Solve অগ্রিম ভাড়া বা যেকোনো খরচ অগ্রিম প্রদান করা হলে তা বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় হিসাব হিসেবে গণ্য হয়।

42. আয়কর একটি– [BU : 11-12]
Ⓐ সম্পত্তি Ⓑ খরচ Ⓒ দায় Ⓓ রাজস্ব
Solve ব্যক্তি বা প্রতিষ্ঠান তার নিট আয়ের একটি অংশ আয়কর হিসেবে সরকারি কোষাগারে জমা দেন। সুতরাং এটি এক ধরনের খরচ।

43. নিচের বাক্যগুলোর কোনটি বাদে প্রতিটি সঠিক– [BU : 11-12]
Ⓐ হিসাববিজ্ঞান একটি সেবাকর্ম Ⓑ হিসাববিজ্ঞান কারবারের ভাষা হিসেবে পরিচিত
Ⓒ চার্টার্ড একাউন্ট্যান্সি একটি পেশা Ⓓ ডেবিট ও ডেটর (Debtor) এক
Solve এখানে প্রদত্ত Option গুলোর মধ্যে 'D' নং এর Optionটি বাদে সবগুলো বাক্য সঠিক। Option 'D' তে ডেবিট বলতে বোঝায় হিসাবের ডেবিট দিক কিন্তু ডেটর মানে হলো দেনাদার যা একই অর্থ বুঝায় না।

44. বকেয়া মজুরি হিসাব কোন ধরনের হিসাব? [MBSTU : 11-12]
Ⓐ ব্যক্তিবাচক হিসাব Ⓑ নামিক হিসাব
Ⓒ সম্পত্তি বাচক হিসাব Ⓓ কোনোটিই নয়
Solve মজুরি হিসাব বা ব্যয় হিসাব হলো– নামিক হিসাব। আর নামিক হিসাবের অগ্রিম বা বকেয়াকে ব্যক্তিবাচক হিসাব বলা হয়।

45. একটি আয় হিসাব- [SUST : 09-10]
Ⓐ ডেবিট দ্বারা বৃদ্ধি পায় Ⓑ ক্রেডিট দ্বারা হ্রাস পায়
Ⓒ স্বাভাবিক ডেবিট উদ্বৃত্ত দেখায় Ⓓ ক্রেডিট দ্বারা বৃদ্ধি পায়
Solve আয় হিসাব স্বাভাবিক অবস্থায় ক্রেডিট জের প্রকাশ করে এবং হিসাববিজ্ঞানের ডেবিট-ক্রেডিট নির্ণয়ের স্বর্ণসূত্র অনুসারে ইহার বৃদ্ধি দ্বারা ক্রেডিট নির্দেশ করে।

46. ডেবিট- [JnU : 08-09]
Ⓐ সম্পত্তি ও দায় উভয়ই বৃদ্ধি পায় Ⓑ সম্পত্তি ও দায় উভয়ই হ্রাস পায়
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস পায় Ⓓ সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি পায়
Solve হিসাবের ডেবিট - ক্রেডিট নির্ণয়ের স্বর্ণসূত্র অনুসারে ডেবিট দ্বারা, সম্পত্তি ও ব্যয় বৃদ্ধি, দায় ও আয় হ্রাস, মূলধন হ্রাস বুঝায়।

47. কোন হিসাবের স্বাভাবিক জের ক্রেডিট হতে পারে না? [JnU : 08-09, RU : 14-15]
Ⓐ অগ্রিম খরচ Ⓑ রাজস্ব হিসাব Ⓒ দায় হিসাব Ⓓ মালিকানাস্বত্ব হিসাব
Solve সাধারণত মূলধন, দায় ও আয় বাচক হিসাবের স্বাভাবিক জের ক্রেডিট নির্দেশ করে। আর সম্পত্তি, ব্যয় ও উত্তোলনের স্বাভাবিক জের ডেবিট হয়। সুতরাং অগ্রিম খরচ হিসাবের স্বাভাবিক জের ক্রেডিট নির্দেশ করে না। কারণ একে চলতি সম্পত্তি হিসেবে গণ্য করা হয়।

48. কোনটি ডেবিট এর সংক্ষিপ্ত রূপ– [CoU : 08-09]
Ⓐ Dt. Ⓑ Dbt. Ⓒ Dre. Ⓓ Dr.
Solve ডেবিট এর সংক্ষিপ্ত রূপকে বলা হয় Dr. এবং ক্রেডিট এর সংক্ষিপ্ত রূপ Cr.

49. একটি রাজস্ব হিসাব– [JnU : 05-06]
Ⓐ ডেবিটে বৃদ্ধি পায় Ⓑ ক্রেডিটে হ্রাস পায়
Ⓒ স্বাভাবিক ডেবিট ব্যালেন্স থাকে Ⓓ ক্রেডিটে বৃদ্ধি পায়
Solve রাজস্ব হিসাব হলো আয় জাতীয় হিসাব। হিসাবের ডেবিট-ক্রেডিট নির্ণয়ের সূত্রে বলা হয়েছে যে, আয় বৃদ্ধি পেলে ক্রেডিট ও আয় হ্রাস পেলে ডেবিট। সুতরাং রাজস্ব হিসাব ক্রেডিটে বৃদ্ধি পায়।

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. আধুনিক পদ্ধতিতে হিসাবকে কয় ভাগে ভাগ করা হয়? [DHA-22]
Ⓐ ২ Ⓑ ৪ Ⓒ ৫ Ⓓ ৩ **Ans Ⓒ**

02. নিচের কোনটি বিপরীত দায়ের উদাহরণ? [DIN-22]
Ⓐ কুক্ষণ সঞ্চিতি Ⓑ কুক্ষণ
Ⓒ প্রাপ্য বিলের বাট্টা সঞ্চিতি Ⓓ প্রদেয় বিলের বাট্টা সঞ্চিতি **Ans Ⓓ**

03. কোনটি বিপরীত সম্পদ? [RAJ-22; COM-19]
Ⓐ সুনাম Ⓑ পুঞ্জীভূত অবচয় Ⓒ প্রাথমিক খরচাবলি Ⓓ বিনিয়োগ **Ans Ⓑ**

04. সাপ্লাইজ কোন শ্রেণির হিসাব? [CHI-22]
Ⓐ দায় Ⓑ মালিকানাস্বত্ব Ⓒ সম্পদ Ⓓ ব্যয় **Ans Ⓒ**

05. কোনটি ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে? [RAJ-21]
Ⓐ সাধারণ সঞ্চিতি Ⓑ অনাদায়ী পাওনা সঞ্চিতি
Ⓒ প্রাপ্য হিসাব বাট্টা সঞ্চিতি Ⓓ প্রদেয় হিসাব বাট্টা সঞ্চিতি **Ans Ⓓ**

06. পুঞ্জীভূত অবচয় কোন জাতীয় হিসাব? [DIN-21]
Ⓐ খরচ Ⓑ দায়
Ⓒ মালিকানা স্বত্ব Ⓓ বিপরীত সম্পত্তি **Ans Ⓓ**

07. কোনটি কন্ট্রা সম্পত্তি ? [DHA-19, SYL-19]
Ⓐ বকেয়া ব্যয় Ⓑ অনাদায়ী পাওনা সঞ্চিতি
Ⓒ অগ্রিম আয় Ⓓ উত্তোলন **Ans Ⓑ**

08. প্রতিটি লেনদেনে কয়টি হিসাব খাত থাকে ? [JES-19]
Ⓐ দুটি Ⓑ তিনটি
Ⓒ চারটি Ⓓ দুই বা ততোধিক **Ans Ⓐ**

09. ক্রেডিট ব্যালেন্স সাধারণত নির্দেশ করে -[BAR-19]
Ⓐ সম্পদ ও খরচ Ⓑ আয় ও খরচ
Ⓒ সম্পদ ও দায় Ⓓ আয় ও দায় **Ans Ⓓ**

10. বিভিন্ন শ্রেণির হিসাবের ডেবিট- ক্রেডিট নির্ণয়ের স্বর্ণসূত্র বলা হয়? [BAR-19]
Ⓐ উদ্বৃত্ত পদ্ধতিকে Ⓑ আধুনিক পদ্ধতিকে
Ⓒ সমীকরণ পদ্ধতিকে Ⓓ সনাতন পদ্ধতিকে **Ans Ⓓ**

11. সনাতন পদ্ধতিতে বকেয়া বেতন কোন ধরনের হিসাব? [BAR-16]
Ⓐ সম্পত্তিবাচক Ⓑ ব্যক্তিবাচক Ⓒ নামিক Ⓓ দায়বাচক **Ans Ⓑ**

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. হিসাব ব্যবহার করা হয় কেন?
Ⓐ লেনদেন স্থায়ীভাবে সংরক্ষণ করতে Ⓑ লেনদেন অস্থায়ীভাবে সংরক্ষণ করতে
Ⓒ লেনদেন প্রাথমিকভাবে সংরক্ষণ করতে Ⓓ লেনদেন বিশ্লেষণ করতে **Ans Ⓐ**

02. আধুনিক পদ্ধতিতে কোনটির আলোকে হিসাবের শ্রেণিবিভাগ করা হয়েছে?
Ⓐ হিসাব সমীকরণ Ⓑ হিসাবের প্রকৃতি
Ⓒ হিসাবের ভিত্তি Ⓓ লেনদেনের প্রকৃতি **Ans Ⓐ**

03. আপাতদৃষ্টিতে মূলধন কোন জাতীয় হিসাব?
Ⓐ ব্যক্তিবাচক Ⓑ অব্যক্তিবাচক
Ⓒ সম্পত্তিবাচক Ⓓ নামিক **Ans Ⓐ**

04. সমীকরণ পদ্ধতিতে ফাইন্যান্স লিমিটেড কোন ধরনের হিসাব?
Ⓐ ব্যয় Ⓑ স্বত্বাধিকার
Ⓒ সম্পদ বা দায় Ⓓ আয় **Ans Ⓒ**

CamScanner

Type 5 লিখিত প্রশ্নোত্তর

Step 1 এক কথায় প্রশ্নোত্তর

- আর্থিক তথ্য সরবরাহ করে বলে হিসাববিজ্ঞানকে– **ব্যবসায়ের ভাষা বলা হয়।**
- হিসাবের ডেবিট ক্রেডিট নির্ণয়ের স্বর্ণসূত্র হলো– **সনাতন পদ্ধতি ।**
- অন্তর্দায়/নীট সম্পত্তি বলতে– **ব্যবসায়ের মালিকানা স্বত্বকে বোঝানো হয়।**
- বর্তমানে বাংলাদেশে আর্থিক বিবরণী প্রস্তুতের ক্ষেত্রে অনুসরণ করা হয়– **IFRS পূর্বে BFRS** অনুসরণ করা হতো।
- বাংলাদেশের আর্থিক প্রতিবেদন মান (IFRS) নির্ধারণ করে– **FRC যা পূর্বে ICAB কর্তৃক নির্ধারণ করা হতো।**
- অডিট করার ক্ষেত্রে বাংলাদেশে ব্যবহারযোগ্য মান হলো– **Bangladesh Standards on Auditing (BSA)।**
- বাংলাদেশে CA/ACA/FCA ডিগ্রি প্রদান করে– **ICAB (1973)।**
- বাংলাদেশে CMA/ACMA/FCMA ডিগ্রি প্রদান করে– **ICMAB (1977)।**
- হিসাববিজ্ঞানের ধারণাগত কাঠামো উপস্থাপন করে– **FASB (1976 সালে)।**
- IASC কে 2001 সালে– **IASB নামে রুপান্তর করা হয়।**
- IAS এর বর্তমান নাম– **IFRS।**
- IASC ও AICPA কোথায় অবস্থিত – **যুক্তরাজ্য (UK) ও যুক্তরাষ্ট্র (USA)।**
- লেনদেনের সংক্ষিপ্ত ও শ্রেণিবদ্ধ বিবরণী– **হিসাব বলে।**
- হিসাব খাতের মাধ্যমে লেনদেনসমূহ সংক্ষিপ্তাকারে– **স্থায়ী রেকর্ড রাখা হয়।**
- সঞ্চিতি/রিজার্ভ হিসাব– অবণ্টিত মুনাফার অংশ বলে এটিকে অনেকে নামিক হিসাবের অন্তর্ভুক্ত করে থাকে। আবার এর দ্বারা মালিকের নিকট কারবারের দায় বুঝ ফলে এটি ব্যক্তিবাচক এবং দায় সম্পর্কিত হিসাব।
- কোনো খরচ ও আয়ের আগে যদি বকেয়া বা অগ্রিম লেখা থাকে, তাকে– **ব্যক্তিবাচক হিসাব বা প্রতিনিধিত্বমূলক ব্যক্তিবাচক হিসাব বলে।**
- উদ্বৃত্তপত্রের দায় ও সম্পদ পাশে যত হিসাব যাবে সে সকল হিসাবের জের কখনো শূন্য হয় না এবং এগুলোকে– **বাস্তব হিসাব বলে।**
- যাবতীয় খরচ হিসাব যখন বকেয়া থাকে তখন– **দায় বৃদ্ধি পায় এবং মালিকানা স্বত্ব হ্রাস পায়।**
- যখন যাবতীয় আয় বকেয়া থাকে তখন– **সম্পদ ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায়।**
- যাবতীয় সম্পদ হিসাবে যখন নগদ টাকার লেনদেন করা হয় তখন শুধু হিসাব সমীকরণের সম্পদের উপর প্রভাব পড়বে অর্থাৎ– **সম্পদ বৃদ্ধি ও হ্রাস পাবে।**
- যাবতীয় দায় যখন পরিশোধ করা হয় তখন দায় ও সম্পদ হ্রাস পায়। কিন্তু মালিক কর্তৃক সরাসরি দায় পরিশোধ হলে– **দায় হ্রাস পায় ও মালিকানা বৃদ্ধি পায়।**

Step 2 গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

01. হিসাববিজ্ঞানের নগদান ভিত্তি ও বকেয়া ভিত্তি বলতে কী বুঝ? তোমার মতে কোন ভিত্তিতে হিসাবরক্ষণ অধিক যুক্তিযুক্ত?

বকেয়া ভিত্তি (Accrual Basis Accounting) :

- বকেয়া ভিত্তিতে হিসাবনিকাশের ক্ষেত্রে যখন পণ্য ক্রয়-বিক্রয় বা সেবা প্রদান করা হয় অর্থাৎ আয় অর্জিত (Revenue Earned) হয় এবং ব্যয় সংঘটিত (Expens Incurred) হয়, তখনই হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়।
- আধুনিক হিসাবনিকাশ বকেয়া ভিত্তির উপর প্রতিষ্ঠিত।
- সর্বজন গৃহীত হিসাববিজ্ঞানের নীতিমালা (GAAP) অনুযায়ী বকেয়া ভিত্তিতে হিসাবনিকাশ করা হয়।

নগদান ভিত্তি (Cash Basis Accounting) :

- নগদান ভিত্তিতে হিসাবনিকাশের ক্ষেত্রে শুধু নগদ প্রাপ্তি ও নগদ প্রদানের ঘটনা ঘটলেই হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়।
- কিছু ছোট প্রতিষ্ঠান এবং সরকারি প্রতিষ্ঠান নগদান ভিত্তিতে হিসাবনিকাশ সম্পাদন করে।
- নগদান ভিত্তিতে হিসাবনিকাশ সর্বজন গৃহীত হিসাববিজ্ঞানের নীতিমালা (GAAP) এর সাথে অসামঞ্জস্যপূর্ণ।

বকেয়া ভিত্তিতে একটি হিসাবকালের সম্পূর্ণ আর্থিক ফলাফল ও আর্থিক অবস্থা প্রকাশিত হয় এবং বকেয়া ভিত্তি সর্বজন গৃহীত হিসাববিজ্ঞানের নীতিমালা (GAAP) অনুসরণ করে বিধায়, বকেয়া ভিত্তিতে হিসাবরক্ষণ অধিক যুক্তিযুক্ত।

CamScanner

02. আর্থিক হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের মধ্যে পার্থক্য লিখ।

পার্থক্যের বিষয়	আর্থিক হিসাববিজ্ঞান (Financial Accounting)	ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান (Managerial Accounting)
সংজ্ঞা	হিসাববিজ্ঞান হচ্ছে একটি তথ্য ব্যবস্থা, যা একটি ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক ঘটনাসমূহকে চিহ্নিতকরণ, লিপিবদ্ধকরণ এবং সংশ্লিষ্ট ব্যবহারকারীদের সাথে আর্থিক তথ্যসমূহ আদান প্রদানের সাথে সংশ্লিষ্ট।	হিসাববিজ্ঞানের যে শাখা ব্যবস্থাপনাকে পরিকল্পনা প্রণয়ন, সিদ্ধান্ত গ্রহণ এবং নিয়ন্ত্রণ করার জন্য প্রাসঙ্গিক তথ্যাদি সংগ্রহ, লিপিবদ্ধকরণ, বিশ্লেষণ এবং উপস্থাপনে সাহায্য করে, তাকে ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান বলে।
তথ্যের ব্যবহারকারী	আর্থিক হিসাববিজ্ঞান হলো হিসাববিজ্ঞানের এমন একটি শাখা, যে শাখায় আর্থিক প্রতিবেদনসমূহ প্রস্তুত করা হয় হিসাববিজ্ঞানের বহিঃস্থ ব্যবহারকারীদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার জন্য।	ব্যবস্থাপনা হিসাববিজ্ঞান হলো অভ্যন্তরীণ ব্যবহারকারীদের (যেমন ব্যবস্থাপক, পরিচালক) প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে।
আর্থিক প্রতিবেদন	আর্থিক হিসাববিজ্ঞানের জন্য বাহ্যিক প্রতিবেদন প্রস্তুত বাধ্যতামূলক। যেমন : ১. বিশদ আয় বিবরণী, ২. মালিকানা স্বত্ব বিবরণী/জমাকৃত মুনাফা বিবরণী, ৩. আর্থিক অবস্থার বিবরণী, ৪. নগদ প্রবাহ বিবরণী, ৫. আর্থিক বিবরণীর সহায়ক গণনা ও টিকাকার্য।	এবং ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানে অভ্যন্তরীণ প্রতিবেদন সরবরাহ করতে হয় তবে তা বাধ্যতামূলক নয়।
তথ্যের ধরণ	আর্থিক হিসাববিজ্ঞানে অতীত লেনদেন বা সংঘটিত আর্থিক কর্মকাণ্ডের ফলাফল নির্ণয়ের উপর গুরুত্ব দেওয়া হয়।	ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানে ভবিষ্যৎ সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্যের উপর গুরুত্ব দেওয়া হয়।

03. "প্রতিটি লেনদেন আর্থিক অবস্থার বিবরণীকে প্রভাবিত করে" ব্যাখ্যা কর।

উত্তর : আর্থিক অবস্থার বিবরণীতে একটি প্রতিষ্ঠানের সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব প্রদর্শন করা হয়। প্রতিটি লেনদেন আর্থিক অবস্থার উক্ত তিনটি উপাদানের এক বা একাধিক উপাদানের উপর দুতরফা প্রভাব বিস্তার করে। যেমন : একটি লেনদেনের ফলে সম্পদ বৃদ্ধি ও দায় বৃদ্ধি; অথবা, সম্পদ হ্রাস ও দায় হ্রাস পেতে পারে। আবার অন্য একটি লেনদেনের ফলে একটি সম্পদ বৃদ্ধি ও অপর একটি সম্পদ হ্রাস পেতে পারে। যেমন : নগদ ২০,০০০ টাকা দিয়ে আসবাবপত্র ক্রয় করা হলে আসবাবপত্র নামক সম্পদ বৃদ্ধি পায় এবং নগদ নামক সম্পদ হ্রাস পায়। এভাবে, প্রতিটি লেনদেনই কোনো না কোনোভাবে আর্থিক অবস্থাকে তথা আর্থিক অবস্থার বিবরণীকে প্রভাবিত করে।

04. হিসাববিজ্ঞানকে ব্যবসায়ের ভাষা বলা হয় কেন? ব্যাখ্যা কর।

উত্তর : হিসাববিজ্ঞানের মাধ্যমে ব্যবসায়ের প্রকৃত আর্থিক অবস্থা তুলে ধরা হয়। একটি ব্যবসায়ের আর্থিক ফলাফল, সম্পদ ও দায়ের পরিমান, মালিকানা স্বত্বের বিবরণ ইত্যাদি প্রকাশ করে হিসাববিজ্ঞান। হিসাববিজ্ঞান দ্বারা প্রস্তুতকৃত বিবরণী ও প্রতিবেদনের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা জানা ও বোঝা যায় বলে হিসাববিজ্ঞানকে ব্যবসায়ের ভাষা বলা হয়।

Step 3 সকল বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের লিখিত প্রশ্নোত্তর

01. একটি ফার্মের মালিকানাস্বত্বে ব্যয়ের প্রভাব কী? [DU Written Part: 22-23]

উত্তর : ফার্মের মালিকানাস্বত্বে ব্যয়ের প্রভাব হচ্ছে, ব্যয় বৃদ্ধি → মালিকানাস্বত্ব হ্রাস এবং ব্যয় হ্রাস → মালিকানাস্বত্ব বৃদ্ধি

02. GAAP কি? [২ নম্বর] [রাবি:২০১৯-২০]

উত্তর : GAAP (Generally Accepted Accounting Principles) হলো সর্বজন স্বীকৃত হিসাববিজ্ঞানের নীতিমালা। GAAP ইস্যুকারী প্রতিষ্ঠান হলো FASB (Financial Accounting Standards Board).

03. লেনদেন বলতে কী বোঝায়? লেনদেনের প্রধান শর্ত বা বৈশিষ্ট্যসমূহ লেখ। [রাবিপ্রবি : ১৯-২০]

উত্তর : লেনদেন হলো হিসাববিজ্ঞানের মৌলিক বা মূল উপাদান বা ইনপুট। একাধিক পক্ষসমূহের মধ্যে সংঘটিত বিনিময় বা আদান প্রদান যা ঐ পক্ষসমূহের আর্থিক অবস্থার পরিবর্তন ঘটায় তাকে লেনদেন বলে। অনেকে হিসাব সমীকরণের (সম্পত্তি, দায় ও স্বত্বাধিকার) উপাদান তিনটির পরিবর্তনকারী ঘটনাকে লেনদেন বলেছেন। লেনদেনের প্রধান শর্ত বা বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ :

ক. আর্থিক অবস্থার পরিবর্তন
খ. অর্থের মাপকাঠিতে পরিমাপযোগ্য
গ. সামঞ্জস্যতা ও স্বয়ংসম্পূর্ণতা
ঘ. দ্বৈত সত্ত্ব- প্রতিটি লেনদেনে কমপক্ষে দুটি পক্ষ থাকবে
ঙ. প্রমাণ্য ঘটনা

04. ইতালীয় ধর্মযাজক ও গণিত শাস্ত্রবিদ সর্বপ্রথম দুতরফা দাখিলা পদ্ধতির ওপর যে বইটি প্রকাশ করেন তার নাম, প্রকাশের বছর ও লেখকের নাম লিখ। [রাবি: ১৯-২০]

উত্তর : ইতালীয় ধর্মযাজক ও গণিতবিদ লুকা প্যাসিওলি সর্বপ্রথম দুতরফা দাখিলা পদ্ধতির ওপর বই প্রকাশ করেন। বইটির নাম সুম্মা ডি এরিথমেটিকা জিওমেটরিয়া প্রপোরশনিয়েট প্রপোরশনালিটা। এটি ১৪৯৪ সালে প্রকাশিত হয়।

05. জনাব মনসুর ২,০০,০০০ টাকা নগদ পরিশোধ করে ২,৫০,০০০ টাকার পণ্য ক্রয় করেন। বকেয়া ভিত্তি (Accrual concept) ধারণা অনুসারে মোট ব্যয় কত হবে? [চবি : ১৬-১৭]

সমাধান : বকেয়া ভিত্তিতে হিসাবনিকাশের ক্ষেত্রে যখন পণ্য বিক্রয় বা সেবা প্রদান করা হয় অর্থাৎ আয় অর্জিত (Revenue Earned) হয় এবং ব্যয় সংঘটিত (Expense Incurred) হয় তখনই লিপিবদ্ধ করা হয়। এখানে ধারে ক্রয় করা হলেও হিসাবে পুরো ২,৫০,০০০ টাকাই আসবে যা মোট ব্যয় বলে চিহ্নিত হবে।

CamScanner

Type 6 গাণিতিক সমস্যাবলি

Step ① প্রয়োজনীয় সূত্রাবলি

- সঠিক হিসাব সমীকরণটি হলো, সম্পদ = দায় + মালিকানা স্বত্ব (Assets = Liabilities + Owner's Equity)

এ থেকে পাওয়া যায়, (১) সম্পদ − দায় = মালিকানা স্বত্ব (২) সম্পদ − মালিকানা স্বত্ব = দায়।

- সম্পত্তি = দায় + মালিকের মূলধন − মালিকের উত্তোলন + আয় − ব্যয় [A = L + (C − D + R − E)]
- মোট সম্পত্তি থেকে মোট দায়ের পার্থক্যকে বলা হয় নিট সম্পত্তি (Net Worth)। ∴ নিট সম্পদ = মালিকানাস্বত্ব
- প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক সম্পদসমূহ − প্রারম্ভিক দায়সমূহ।
- নগদ তহবিল/নগদ উদ্বৃত্তের পরিমাণ/সমাপনী নগদ = প্রারম্ভিক নগদ + নগদ প্রাপ্তি − নগদ প্রদান।

Step ② গাণিতিক সমস্যা ও সমাধান

01. আর্থিক বছরের শুরুতে সম্পত্তির পরিমাণ ছিল ১,০০,০০০ টাকা, মালিকের ইক্যুইটি ছিল ৬০,০০০ টাকা। উক্ত বছরের সম্পত্তি বেড়েছে ১০,০০০ টাকা এবং দ কমেছে ৫,০০০ টাকা। বছর শেষে মালিকের ইক্যুইটির পরিমাণ কত?

সমাধান : আমরা জানি, সম্পত্তি বাড়লে এবং দায় কমলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।

∴ বছর শেষে মালিকানা স্বত্ব = (৬০,০০০ + ১০,০০০ + ৫,০০০) = ৭৫,০০০ টাকা।

02. জনাব X ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা, ৩০,০০০ টাকার আসবাবপত্র ও ২০,০০০ টাকা ঋণ নিয়ে কারবার শুরু করেন। উক্ত তারি জনাব X এর মূলধনের পরিমাণ কত?

সমাধান : X এর মূলধনের পরিমাণ = (নগদ + আসবাবপত্র) = (৫০,০০০ + ৩০,০০০) = ৮০,০০০ টাকা।

03. ৩১শে ডিসেম্বর ২০১০ স্টোনল্যান্ড কোম্পানির সম্পত্তি ৩,৫০০ টাকা এবং স্বত্বাধিকারী ২,০০০ টাকা। স্টোনল্যান্ড কোম্পানির ৩১শে ডিসেম্বর ২০১০ এর দায় টাকায় কত হবে?

সমাধান : এক্ষেত্রে দায় = সম্পত্তি − স্বত্বাধিকারী [L = A − OE]

= (৩,৫০০ − ২,০০০) টাকা = ১,৫০০ টাকা।

04. সীর্পাল কোম্পানির ২০২২ সালের সম্পত্তি হ্রাস পায় ৮০,০০০ টাকা এবং দায় বৃদ্ধি পায় ৩০,০০০ টাকা। তাহলে মালিকানা স্বত্ব :

সমাধান : হিসাববিজ্ঞানের মৌলিক সমীকরণটি হলো : সম্পত্তি = দায় + মালিকানা স্বত্ব। প্রশ্নে দেয়া আছে, সম্পত্তি হ্রাস পায় ৮০,০০০ টাকা এবং দায় বৃদ্ধি প ৩০,০০০ টাকা। মালিকানা স্বত্বের পরিবর্তন নিচে নির্ণয় করে দেখানো হলো :

A	=	L	+	OE
(−) ৮০,০০০	=	(+) ৩০,০০০	+	(−) ১,১০,০০০

অর্থাৎ সারা বছরে মালিকানা স্বত্ব ১,০০,০০০ টাকা হ্রাস পেয়েছে।

05. বছর শুরুতে JPMorgan Chase & Co এর মোট সম্পদ ছিল ১০,০০,০০০ টাকা এবং দায় ছিল ৫,০০,০০০ টাকা। সারা বছরে সম্পদ বৃদ্ধি পায় ৪,০০,০ টাকা এবং দায় হ্রাস পায় ২,৫০,০০০ টাকা। উক্ত বছরে আয় ২০,০০,০০০ টাকা, ব্যয় ১২,০০,০০০ টাকা এবং উত্তোলন ৩,০০,০০০ টাকা ছিল। বছর শেষে নি সম্পদের পরিমাণ কত হবে।

সমাধান : আলোচ্য প্রশ্নে বছর শেষে নিট সম্পদের পরিমাণ অর্থাৎ বছর শেষে মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় করতে হবে।

হিসাব সমীকরণ :	সম্পত্তি	=	দায়	+	মালিকানা স্বত্ব
বছর শুরুতে :	১০,০০,০০০	=	৫,০০,০০০	+	৫,০০,০০০
সারা বছরের হ্রাস-বৃদ্ধি :	(+ ৪,০০,০০০)	=	(− ২,৫০,০০০)		
বছরের শেষে :	১৪,০০,০০০	=	২,৫০,০০০	+	১১,৫০,০০০

সুতরাং বছর শেষে নিট সম্পদের পরিমাণ (মালিকানা স্বত্ব) হলো ১১,৫০,০০০ টাকা। এ গাণিতিক সমস্যা সমাধানের জন্য আয়, ব্যয় এবং উত্তোলনের কো প্রয়োজন নেই।

06. হিসাব বছরের শুরুতে Eastern Housing কোম্পানির দায় ও মালিকানা স্বত্বের পরিমাণ ছিল যথাক্রমে ৬,৫০,০০০ টাকা ও ৮,২৫,০০০ টাকা। উক্ত হিসাব বছ কোম্পানির সম্পদ বৃদ্ধি পায় ২,০০,০০০ টাকা ও দায় হ্রাস পায় ১,০০,০০০ টাকা। মালিকানা স্বত্বে পরিবর্তন সৃষ্টিকারী কোন লেনদেন না হয়ে থাকলে উক্ত বছরে নিট মুনাফা বা নিট ক্ষতির পরিমাণ কত?

সমাধান : প্রশ্নে দেওয়া আছে, প্রারম্ভিক মালিকানা স্বত্ব ৮,২৫,০০০ টাকা এবং প্রারম্ভিক দায় ৬,৫০,০০০ টাকা।

	সম্পত্তি	=	দায়	+	মালিকানা স্বত্ব
হিসাবকাল শুরুতে :	১৪,৭৫,০০০	=	৬,৫০,০০০	+	৮,২৫,০০০
হিসাবকালের বৃদ্ধি-হ্রাস :	(+ ২,০০,০০০)	=	(− ১,০০,০০০)		৩,০০,০০০
হিসাবকাল শেষে :	১৬,৭৫,০০০	=	৫,৫০,০০০	+	১১,২৫,০০০

মালিকানা স্বত্বে পরিবর্তন সৃষ্টিকারী (অতিরিক্ত মূলধন, উত্তোলন) কোনো লেনদেন না থাকায় উক্ত বছরের নিট মুনাফা = (১১,২৫,০০০ − ৮,২৫,০০০) = ৩,০০,০০০ টাকা।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Step ③ সকল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত গাণিতিক প্রশ্নোত্তর

01. ব্যাংক ঋণ ৬০,০০০ টাকা; প্রারম্ভিক মূলধন ১,০০,০০০ টাকা; আয় ১০,০০০ টাকা; বেতন প্রদান ১৫,০০০ টাকা। উল্লিখিত তথ্য হতে হিসাব সমীকরণ ব্যবহার করে মোট সম্পত্তির পরিমাণ নির্ণয় কর। [রাবি : ১৯-২০]

সমাধান : আমরা জানি, সম্পদ = (দায় + মূলধন + আয় – ব্যয় – উত্তোলন)

⇒ সম্পদ = (৬০,০০০ + ১,০০,০০০ + ১০,০০০ – ১৫,০০০ – ০)

⇒ সম্পদ = ১,৫৫,০০০

∴ মোট সম্পদ = ১,৫৫,০০০ টাকা।

02. বছরের শুরুতে মালিকানা স্বত্ব ও মোট সম্পত্তি ছিল যথাক্রমে ৩৩,৪০০ টাকা ও ৮০,৫০০ টাকা। ঐ বছরে সম্পত্তি ৫০% বেড়ে গেল এবং দায় ৬০% কমে গেল। বছরের শেষে মালিকানা স্বত্ব কত? [রাবি : ১৭-১৮]

সমাধান : প্রারম্ভিক দায় (৮০,৫০০ – ৩৩,৪০০) = ৪৭,১০০ টাকা।

সম্পত্তির ৫০% বৃদ্ধি = (৮০,৫০০ × ৫০%) = ৪০,২৫০ টাকা।

দায়ের ৬০% হ্রাস = (৪৭,১০০ × ৬০%) = ২৮,২৬০ টাকা।

∴ সম্পত্তি বাড়লে মালিকানা স্বত্ব বাড়ে এবং দায় কমলে মালিকানা স্বত্ব বাড়ে।

∴ সমাপনী মালিকানা স্বত্ব = (৩৩,৪০০ + ৪০,২৫০ + ২৮,২৬০) = ১,০১,৯১০ টাকা।

03. যদি নাভানা লিঃ এর সম্পত্তি এবং দায় যথাক্রমে ৫০,০০০ টাকা এবং ৯০,০০০ টাকা হ্রাস পায়, তবে মালিকানা স্বত্বের উপর তার কী প্রভাব পড়বে? [জবি : ১৬-১৭]

সমাধান : আমরা জানি, সম্পত্তি হ্রাস পেলে মালিকানা স্বত্ব হ্রাস পায় এবং দায় হ্রাস পেলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।

এখানে, মালিকানা স্বত্বের হ্রাস/বৃদ্ধি = – ৫০,০০০ + ৯০,০০০ = ৪০,০০০ টাকা।

অর্থাৎ মালিকানা স্বত্ব বৃদ্ধ পাবে = ৪০,০০০ টাকা।

04. আর্থিক বছরের শুরুতে জনতা লিঃ এর সম্পত্তির পরিমাণ ছিল ৬৮২ টাকা এবং মালিকানা স্বত্ব ছিল ৪১৮ টাকা। উক্ত বছরে সম্পত্তি বেড়ে ৭২০ টাকা হলো এবং মালিকানা স্বত্ব কমেছে ১৮ টাকা। বছর শেষে দায়ের পরিমাণ কত? [মাওলানা ভাষানী : ১৩-১৪]

সমাধান : উক্ত বছরের শুরুতে প্রারম্ভিক দায় = (প্রারম্ভিক সম্পত্তি – প্রারম্ভিক মালিকানা স্বত্ব) = (৬৮২ – ৪১৮) = ২৬৪ টাকা।

সম্পত্তি বাড়েছে (৭২০ – ৬৮২) = ৩৮ টাকা এবং মালিকানা স্বত্ব কমছে ১৮ টাকা।

সম্পত্তি বাড়লে দায় বাড়ে, মালিকানা স্বত্ব কমলে দায় বাড়ে। সুতরাং সমাপনী দায় = (২৬৪ + ৩৮ + ১৮) = ৩২০ টাকা।

05. একটি হিসাব সমীকরণে সম্পদ ৯০,০০০ টাকা এবং দায় ৫০,০০০ টাকা। এখানে আর একটি দফা কী এবং তার পরিমাণ কত? [পাবিপ্রবি : ১২-১৩]

সমাধান : হিসাব সমীকরণ হলো, সম্পদ = দায় + মালিকানা স্বত্ব

⇒ ৯০,০০০ = ৫০,০০০ + মালিকানা স্বত্ব

⇒ মালিকানা স্বত্ব = ৯০,০০০ – ৫০,০০০ = ৪০,০০০ টাকা।

06. এবিসি কোম্পানির বৎসরের প্রারম্ভে মোট সম্পত্তি ও দায় ছিল যথাক্রমে ৮,০০,০০০ টাকা এবং ৫,০০,০০০ টাকা। যদি সংশ্লিষ্ট বৎসরে সম্পত্তি ১,৫০,০০০ টাকা বৃদ্ধি পায় এবং দায় ৮০,০০০ টাকা হ্রাস পায় তবে বৎসর শেষে মালিকানা স্বত্ব কত হবে? [জবি : ১১-১২]

সমাধান : বৎসরের প্রারম্ভিক মালিকানা স্বত্ব = প্রারম্ভিক সম্পত্তি – প্রারম্ভিক দায় = (৮,০০,০০০ – ৫,০০,০০০) = ৩,০০,০০০ টাকা

সম্পত্তি বৃদ্ধি পেলে মালিকানা স্বত্ব বৃদ্ধি পায় আবার, দায় হ্রাস পাওয়ায় মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়।

সুতরাং বৎসর শেষে মালিকানা স্বত্বের পরিমাণ = (৩,০০,০০০ + ১,৫০,০০০ + ৮০,০০০) = ৫,৩০,০০০ টাকা।

07. একটি প্রতিষ্ঠানের সম্পত্তি ও দায়ের উদ্বৃত্তগুলো হলো যথাক্রমে দালানকোঠা ২০,০০০ টাকা, বিবিধ দেনাদার ৫,০০০ টাকা নগদ ৯,০০০ টাকা, প্রদেয় বিল ১০,০০০ টাকা, পাওনাদার ৬,০০০ টাকা, বন্ধকী ঋণ ৮,০০০ টাকা। উক্ত প্রতিষ্ঠানের মালিকানা স্বত্ব কত টাকা? [হাজী দানেশ বি প্র বি : ১১-১২]

সমাধান : আমরা জানি যে, মোট সম্পত্তি = মোট দায় + মালিকানা স্বত্ব

অতএব, মালিকানা স্বত্ব = মোট সম্পত্তি – মোট দায়

এখানে, মোট সম্পত্তি = (দালানকোঠা + বিবিধ দেনাদার + নগদ) = (২০,০০০ + ৫,০০০ + ৯,০০০) = ৩৪,০০০ টাকা।

মোট দায় = (প্রদেয় বিল + পাওনাদার + বন্ধকী ঋণ) = (১০,০০০ + ৬,০০০ + ৮,০০০) = ২৪,০০০ টাকা।

∴ মালিকানা স্বত্ব = (৩৪,০০০ – ২৪, ০০০) টাকা = ১০,০০০ টাকা।

08. কোন একটি প্রতিষ্ঠানের নগদ অর্থ ১০,০০০ টাকা, পাওনাদার ৫০,০০০ টাকা, ব্যাংকে জমা ৩০,০০০ টাকা, প্রদেয় বিল ২৫,০০০ টাকা, নিট আয় ৭,০০০ টাকা ভাড়া ৩,০০০ টাকা। ব্যবসায়ে দায়ের পরিমাণ কত? [হাজী দানেশ বি প্র বি : ১১-১২]

সমাধান : এখানে, দায় = (পাওনাদার + প্রদেয় বিল) = (৫০,০০০ + ২৫,০০০) = ৭৫,০০০ টাকা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

Part-1 ▶ MCQ

01. নিম্নের কোনটি হিসাব লিপিবদ্ধকরণের সঠিক ক্রম?
Ⓐ হ্যানান্তরকরণ, জাবেদাভুক্তকরণ, বিশ্লেষণ Ⓑ জাবেদাভুক্তকরণ, বিশ্লেষণ, হ্যানান্তরকরণ
Ⓒ বিশ্লেষণ, হ্যানান্তরকরণ, জাবদোভুক্তকরণ Ⓓ বিশ্লেষণ, জাবেদাভুক্তকরণ, হ্যানান্তরকরণ

02. হিসাব তথ্যের একটি সমালোচনা হচ্ছে-
Ⓐ হিসাব তথ্য সাধারণত সঠিক হয় না
Ⓑ হিসাবরক্ষকগণ সাধারণ নিয়ম নীতি অনুসরণ করে না
Ⓒ হিসাব তথ্যে অতীতের বিষয় বিবেচনা করে না
Ⓓ হিসাব তথ্যে মুদ্রাস্ফীতি প্রতিফলিত হয় না

03. কোনটি অভ্যন্তরীণ লেনদেনের উদাহরণ?
Ⓐ সম্পত্তি ক্রয় Ⓑ দায় পরিশোধ
Ⓒ সেবা প্রদান Ⓓ অফিস মনিহারি দ্রব্য ব্যবহার

04. কোন লেনদেনের জন্য নগদ অর্থ ব্যয় হবে?
Ⓐ অবচয় Ⓑ পূর্বে প্রদত্ত ভাড়া Ⓒ অবলোপন Ⓓ নগদ বাট্টা

05. নিচের কোন বক্তব্যটি সত্য?
Ⓐ কোন সম্পত্তি বৃদ্ধি করলে তোমাকে অবশ্যই কোন দায় অথবা মালিকানাস্বত্ব বৃদ্ধি করতে হবে
Ⓑ কোন সম্পত্তি বৃদ্ধি করলে তোমাকে অবশ্যই অপর একটি সম্পদ কমাতে হবে
Ⓒ কোন সম্পত্তি বৃদ্ধি করলে তোমাকে অবশ্যই অপর একটি সম্পত্তি বৃদ্ধি করতে হবে
Ⓓ উপরের কোনোটিই সঠিক নয়

06. ট্রেজারি স্টক হিসাব হলো:
Ⓐ মালিকানা স্বত্ব হিসাব Ⓑ বিপরীত দায় হিসাব
Ⓒ বিপরীত সম্পত্তি হিসাব Ⓓ প্রতি স্টকহোল্ডারদের স্বত্ত্ব হিসাব

07. রাজস্ব বলতে কি বুঝায়?
Ⓐ নগদানের আন্তঃপ্রবাহ Ⓑ সম্পদের আন্তঃপ্রবাহ
Ⓒ সম্পদের আন্তঃপ্রবাহ কিন্তু অপরিহার্য ভাবে নগদানে নহে
Ⓓ ক্রেতাগণকে পণ্য অথবা সেবা প্রদানের বিনিময়ে সম্পদের আন্তঃপ্রবাহ কিন্তু অপরিহার্য ভাবে নগদানে নহে

08. আর্থিক বিবরণীকে সর্বজনগ্রাহ্য করার জন্য ব্যবহৃত মান হলো-
Ⓐ GAAP Ⓑ GAAS Ⓒ IFRS Ⓓ GAAT

09. ডিসেম্বর ১৫, ২০০৮ তারিখে উত্তরা কোম্পানি জনৈক খরিদ্দারের নিকট থেকে ডিসেম্বর ২৮, ২০০৮ তারিখে সম্পাদনের জন্য একটি কার্যাদেশ পেল। আগেই অনেক কার্যাদেশ জমা পড়ে থাকায় জানুয়ারি ৩,২০০৯ তারিখের পূর্বে কোম্পানি কার্যটি সম্পন্ন করতে পারল না। উক্ত খরিদ্দার সম্পাদিত কাজের জন্য জানুয়ারি ৬, ২০০৯ তারিখে একটি চেক পাঠাল, ৮ জানুয়ারি ২০০৯ তারিখে উত্তরা কোম্পানি চেকটি পেল এবং ১০ তারিখে তা ভাঙিয়ে নিল। এক্ষেত্রে উত্তরা কোম্পানি কখন সেবা-আয় হিসাবভুক্ত করবে?
Ⓐ ডিসেম্বর ১৫, ২০০৮ Ⓑ ডিসেম্বর ২৮, ২০০৮
Ⓒ জানুয়ারি ৩, ২০০৯ Ⓓ জানুয়ারি ৮, ২০০৯

10. নিচের কোনটি হিসাব প্রক্রিয়ার অন্তর্ভুক্ত নয়?)
Ⓐ শনাক্তকরণ Ⓑ যাচাইকরণ Ⓒ লিপিবদ্ধকরণ Ⓓ তথ্য আদান প্রদান

11. অভ্যন্তরীণ ব্যবহারকারীগণ নিম্নের কোন প্রশ্নের উত্তর চান?
Ⓐ আমাদের পণ্যের কোন মূল্য কোম্পানির নিট আয় সর্বোচ্চ করবে?
Ⓑ কোন উৎপাদন পন্থা সর্বোচ্চ মুনাফাজনক?
Ⓒ শেয়ারহোল্ডারদেরকে লভ্যাংশ দেয়ার জন্য পর্যাপ্ত নগদ অর্থ আছে কি?
Ⓓ প্রদত্ত সবগুলো দফাই সঠিক

12. হিসাববিজ্ঞান তথ্যের ব্যবহারকারী সম্পর্কে কোনটি সঠিক?
Ⓐ গ্রাহকগণ অভ্যন্তরীণ ব্যবহারকারী Ⓑ ব্যবস্থাপকগণ অভ্যন্তরীণ ব্যবহারকারী
Ⓒ শ্রমিকসংঘ অভ্যন্তরীণ ব্যবহারকারী Ⓓ করকর্তৃপক্ষ অভ্যন্তরীণ ব্যবহারকারী

OMR			
12. ⒶⒷⒸⒹ	11. ⒶⒷⒸⒹ	10. ⒶⒷⒸⒹ	09. ⒶⒷⒸⒹ
08. ⒶⒷⒸⒹ	07. ⒶⒷⒸⒹ	06. ⒶⒷⒸⒹ	05. ⒶⒷⒸⒹ
04. ⒶⒷⒸⒹ	03. ⒶⒷⒸⒹ	02. ⒶⒷⒸⒹ	01. ⒶⒷⒸⒹ

Answer					
12.B	11.D	10.B	09.C	08.C	07.D
06.D	05.D	04.B	03.D	02.D	01.D

Part-2 ▶ Written

01. হিসাববিজ্ঞানের প্রধান উদ্দেশ্য কী?
02. কোন প্রতিষ্ঠানটি বাংলাদেশের আর্থিক প্রতিবেদন মান (IFRS) নির্ধারণ করে?
03. হিসাববিজ্ঞানের নগদান ভিত্তি ও বকেয়া ভিত্তি বলতে কী বুঝ?
04. আর্থিক বিবরণী প্রস্তুত করা হয় মূলত কাদের জন্য?
05. একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানের হিসাবকালের প্রারম্ভে মোট সম্পদের পরিমাণ ১২,০০,০০০ টাকা, সমাপনী দিনে দায়ের পরিমাণ ২,০০,০০০ টাকা বেড়ে মোট ৯,০০,০০০ টাকায় দাঁড়িয়েছে। সমাপ্তি দিনে মালিকানা স্বত্বের পরিমাণ হলো ৮,০০,০০০ টাকা। যদি ব্যবসায়টি উক্ত হিসাবকালে ২,০০,০০০ টাকা মুনাফা অর্জন করে থাকে এবং মালিক নতুন করে ১,৭৫,০০০ টাকা বিনিয়োগ করে থাকে তাহলে উক্ত হিসাবকালে মালিক কর্তৃক উত্তোলনের পরিমাণ কত?
06. আর্থিক বছরের শুরুতে সম্পত্তির পরিমাণ ছিল ১,০০,০০০ টাকা, মালিকের ইক্যুইটি ছিল ৬০,০০০ টাকা। উক্ত বছরের সম্পত্তি বেড়েছে ১০,০০০ টাকা এবং দায় কমেছে ৫,০০০ টাকা। বছর শেষে মালিকের ইক্যুইটির পরিমাণ কত?
07. একটি হিসাবকালের প্রারম্ভে মেরিকো বাংলাদেশ কোম্পানির মোট মালিকানা স্বত্ব ছিল ৭,২০,০০০ টাকা ও দায় ছিল ৬,০০,০০০ টাকা। উক্ত হিসাবকালে সম্পদ ৪,২০,০০০ টাকায় ও দায় ১,৮০,০০০ টাকা বৃদ্ধি পায়। উক্ত বৎসরে নতুন করে ১,২০,০০০ টাকার মূলধন সংগৃহীত হয় ও ১,০০,০০০ টাকা লভ্যাংশ বিতরণ করা হয়। উক্ত হিসাবকালে কত টাকা মুনাফা অর্জিত হয়েছে।
08. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে LINDE BD কোম্পানি লি. এর সম্পত্তি ২,০০,০০০ টাকা বেড়ে ৯,০০,০০০ টাকায় উন্নীত হয় এবং মালিকানা স্বত্বের পরিমাণ দাঁড়ায় ৩,০০,০০০ টাকা। উল্লেখ্য উক্ত বছরে দায়ের পরিমাণ ৫০,০০০ টাকা হ্রাস পেয়েছিল। তাহলে ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে মালিকানা স্বত্বের জের কত টাকা ছিল?

ANSWER

01. সংশ্লিষ্ট পক্ষ বা ব্যবহারকারীদের সিদ্ধান্ত গ্রহণ উপযোগী তথ্য সরবরাহ করা।
02. বর্তমানে Financial Reporting Council (FRC) বাংলাদেশের আর্থিক প্রতিবেদন মান (IFRS) নির্ধারণ করে। পূর্বে যা Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) কর্তৃক নির্ধারণ করা হতো।
03. **বকেয়া ভিত্তি (Accrual Basis Accounting) :** বকেয়া ভিত্তিতে হিসাবনিকাশের ক্ষেত্রে যখন পণ্য বিক্রয় বা সেবা প্রদান করা হয় অর্থাৎ আয় অর্জিত (Revenue Earned) হয় এবং ব্যয় সংঘটিত (Expense Incurred) হয় তখনই লিপিবদ্ধ করা হয়।
নগদান ভিত্তি (Cash Basis Accounting) : নগদান ভিত্তিতে হিসাবনিকাশের ক্ষেত্রে শুধু নগদ প্রাপ্তি ও নগদ প্রদানের ঘটনা ঘটলেই হিসাবে লিপিবদ্ধ করা হয়।
04. বহিঃস্থ ব্যবহারকারীদের জন্য।
05. প্রারম্ভিক মূলধন = সমাপনী মূলধন + উত্তোলন – অতিরিক্ত মূলধন – নীট লাভ।
বা, উত্তোলন = প্রারম্ভিক মূলধন + নীট লাভ + অতিরিক্ত মূলধন – সমাপনী মূলধন
= ৫,০০,০০০ + ২,০০,০০০ + ১,৭৫,০০০ – ৮,০০,০০০ = ৭৫,০০০ টাকা।
এখানে, প্রারম্ভিক মূলধন = ১২,০০,০০০ – (৯,০০,০০০ – ২,০০,০০০) = ৫,০০,০০০ টাকা।
নীট লাভ = অর্জিত মুনাফা = ২,০০,০০০ টাকা এবং অতিরিক্ত মূলধন (নতুন বিনিয়োগ) = ১,৭৫,০০০ টাকা।
সমাপনী মূলধন = সমাপ্তি দিনে মালিকানা স্বত্ব = ৮,০০,০০০ টাকা।
06. আমরা জানি, সম্পত্তি বাড়লে এবং দায় কমলে মালিকানা সম্পত্তি বৃদ্ধি পায়।
∴ বছর শেষে মালিকানা স্বত্ব = (৬০,০০০ + ১০,০০০ + ৫,০০০) = ৭৫,০০০ টাকা।
07. ২,২০,০০০ টাকা।
08. ৫০,০০০ টাকা।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্রথম পত্র

অধ্যায় ২

হিসাবের বইসমূহ
[Books of Accounting]

Chapter Outlook Map

হিসাবের বইসমূহ

- Type-1 : দুতরফা দাখিলা পদ্ধতি
- Type-2 : হিসাব চক্র
- Type-3 : জাবেদা
- Type-4 : খতিয়ান
- Type-5 : নগদান বই
- Type-6 : বাট্টা সংক্রান্ত
- Type-7 : মূল্য সংযোজন কর (মূসক)
- Type-8: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Type-9: গাণিতিক সমস্যাবলি
  - Step-1 : প্রয়োজনীয় সূত্রাবলি
  - Step-2 : গাণিতিক সমস্যা ও সমাধান
  - Step-3 : সকল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত গাণিতিক প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে

- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

JOYKOLY — অধ্যায়টির কোন টপিককে গুরুত্ব দিবো ???

টপিকসমূহ	অতি গুরুত্বপূর্ণ (৯০% +)	গুরুত্বপূর্ণ (৮০% +)	কম গুরুত্বপূর্ণ (৭০% +)	জানা জরুরি (৫০% +)
	■ দুতরফা দাখিলা পদ্ধতি ■ জাবেদা ■ বাট্টা সংক্রান্ত	■ খতিয়ান ■ হিসাব চক্র	■ নগদান বই	■ মূল্য সংযোজন কর (মূসক)

Type 1 — দুতরফা দাখিলা পদ্ধতি (Double Entry System)

Step 1 — BASIC INFORMATION

দুতরফা দাখিলা পদ্ধতি (Double Entry System) :

আর্থিক ঘটনা বা লেনদেনসমূহের দ্বৈত প্রভাব বিশ্লেষণপূর্বক হিসাবের বইসমূহে প্রতিটি লেনদেনের দুইটি পক্ষে লিপিবদ্ধ করার পদ্ধতিকে দুতরফা দাখিলা পদ্ধতি বলা হয়। দুতরফা দাখিলা পদ্ধতি হিসাববিজ্ঞানের একমাত্র গ্রহণযোগ্য পদ্ধতি। তাই দুতরফা দাখিলা পদ্ধতিকে হিসাববিজ্ঞানের ভিত্তি হিসাবে গণ্য করা হয়। দুতরফা দাখিলা পদ্ধতিতে লেনদেন লিপিবদ্ধ করার সময় এক পক্ষকে ডেবিট করা হয় এবং অন্য পক্ষকে সমপরিমাণ অর্থ দ্বারা ক্রেডিট করা হয়। অবশ্য কোনো লেনদেনের একাধিক ডেবিট পক্ষ কিংবা ক্রেডিট পক্ষ থাকতে পারে, তবে মোট ডেবিট টাকার পরিমাণ এবং মোট ক্রেডিট টাকার পরিমাণ অবশ্যই সমান হবে।

- হিসাববিজ্ঞানের মূল ভিত্তি- দুতরফা দাখিলা পদ্ধতি।
- দুতরফা দাখিলা পদ্ধতির মূল ভিত্তি- লেনদেন।
- দুতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিটি লেনদেনে কমপক্ষে দুটি পক্ষ জড়িত।
- সুবিধা গ্রহণকারী পক্ষকে বলা হয় ডেবিট ও সুবিধা প্রদানকারী পক্ষকে বলা হয় ক্রেডিট।
- এই পদ্ধতিতে লেনদেনের দুটি পক্ষ সবসময় সমান (Dr. = Cr.) হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner


দুতরফা দাখিলা পদ্ধতির মূলনীতি বা বৈশিষ্ট্যসমূহ (Principles of Double Entry System) :

দুতরফা দাখিলা পদ্ধতি একটি বিজ্ঞানসম্মত, পূর্ণাঙ্গ ও স্বয়ংসম্পূর্ণ হিসাব পদ্ধতি। দুতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ :

১. লেনদেনের দ্বৈতসত্তা ২. কৃত্রিম ব্যক্তিসত্তা বা পৃথক সত্তা ৩. প্রত্যেক লেনদেনে দাতা গ্রহীতা সংশ্লিষ্ট
৪. বিজ্ঞানসম্মত ৫. পূর্ণাঙ্গ হিসাব ব্যবস্থা ৬. নির্ভরযোগ্য হিসাব লিখন ব্যবস্থা
৭. নির্ভুল হিসাব ব্যবস্থা ৮. সমমূল্যের লেনদেন ৯. সমপরিমাণ ডেবিট ও ক্রেডিট

হিসাবের স্বাভাবিক জের (Normal Balance of Accounts) :

হিসাবের স্বাভাবিক জের দুই প্রকার, যথা: ১. ডেবিট জের (Debit Balance) এবং ২. ক্রেডিট জের (Credit Balance)। হিসাবের ডেবিট পার্শ্বের যোগফল ক্রেডিট পার্শ্বের যোগফলের চেয়ে বেশি হলে তাকে ডেবিট জের (Debit Balance) বলে। আবার ক্রেডিট পার্শ্বের যোগফল ডেবিট পার্শ্বের যোগফলের চেয়ে বেশি হলে তাকে ক্রেডিট জের (Credit Balance) বলে। সকল প্রকার সম্পত্তি, ব্যয়, উত্তোলন হিসাবের স্বাভাবিক জের ডেবিট। সকল প্রকার দায়, মালিকানা স্বত্ব এবং আয় হিসাবের স্বাভাবিক জের ক্রেডিট।



হিসাবসমূহের ডেবিট ও ক্রেডিট নির্ণয় (Identifying Debit & Credit of Accounts) :

ডেবিট দ্বারা হিসাবের বাম দিক এবং ক্রেডিট দ্বারা হিসাবের ডান দিক বোঝায়। হিসাবের পরিবর্তন বা বৃদ্ধি-হ্রাস বোঝানোর জন্য নির্দিষ্ট হিসাবের দুই দিকে – ডেবিট এবং ক্রেডিট – লিপিবদ্ধ করা হয়। সম্পত্তি ও ব্যয় হিসাবের ক্ষেত্রে বৃদ্ধি পেলে বাম দিকে বা ডেবিটে এবং হ্রাস পেলে ডান দিকে বা ক্রেডিটে লিপিবদ্ধ করা হয়। অন্যদিকে, দায়, মালিকানা স্বত্ব ও আয় হিসাবের ক্ষেত্রে বৃদ্ধি পেলে ডান দিকে বা ক্রেডিটে এবং হ্রাস পেলে বাম দিকে বা ডেবিটে লিপিবদ্ধ করা হয়। ছকের মাধ্যমে বিষয়টি উপস্থাপন করা হলো :

সম্পদ		=	দায়		+	মালিকানা স্বত্ব	
ডেবিট	ক্রেডিট		ডেবিট	ক্রেডিট		ডেবিট	ক্রেডিট
↑	↓		↓	↑		↓	↑
বৃদ্ধি	হ্রাস		হ্রাস	বৃদ্ধি		হ্রাস	বৃদ্ধি

আয়		ব্যয়	
ডেবিট	ক্রেডিট	ডেবিট	ক্রেডিট
↓	↑	↑	↓
হ্রাস	বৃদ্ধি	বৃদ্ধি	হ্রাস

সাধারণত দুভাবে এ ডেবিট– ক্রেডিট নির্ণয় করা যায়। যথা:

১. হিসাবের প্রকৃতি অনুসারে/হিসাব শ্রেণিভিত্তিক (সনাতন পদ্ধতি)। ২. হিসাব সমীকরণ (আধুনিক পদ্ধতি)।

সনাতন পদ্ধতিতে ডেবিট-ক্রেডিট নির্ণয় : সনাতন পদ্ধতিতে হিসাব ৩ প্রকার। যথা :

হিসাবের ধরন	ডেবিট	ক্রেডিট	জের
ব্যক্তিবাচক	সুবিধা গ্রহণকারী	সুবিধা প্রদানকারী	ডেবিট জের হলে সম্পত্তি বোঝায়; ক্রেডিট জের হলে দায় বোঝায়।
সম্পত্তিবাচক	সম্পত্তি বাড়লে	সম্পত্তি কমলে	সবসময় ডেবিট জের হয়।
নামিক হিসাব	ব্যয় বা ক্ষতি বৃদ্ধি	আয় ও মুনাফা বৃদ্ধি	ব্যয়বাচক হিসাবের ডেবিট জের হয়; আয়বাচক হিসাবের ক্রেডিট জের হয়।

হিসাব সমীকরণের ভিত্তিতে ডেবিট-ক্রেডিট নির্ণয় : আধুনিক পদ্ধতিতে হিসাব ৫ প্রকার। যথা :

হিসাবের ধরন	ডেবিট	ক্রেডিট	স্বাভাবিক জের
১. সম্পত্তি	বৃদ্ধি পেলে	হ্রাস পেলে	ডেবিট জের
২. ব্যয়	বৃদ্ধি পেলে	হ্রাস পেলে	ডেবিট জের
৩. দায়	হ্রাস পেলে	বৃদ্ধি পেলে	ক্রেডিট জের
৪. আয়/রাজস্ব	হ্রাস পেলে	বৃদ্ধি পেলে	ক্রেডিট জের
৫. মালিকানা স্বত্ব	হ্রাস পেলে	বৃদ্ধি পেলে	ক্রেডিট জের

Step ② At a Glance : Most Important Information

- দুতরফা দাখিলা পদ্ধতি হচ্ছে হিসাববিজ্ঞানের– **মূল ভিত্তি**।
- দুতরফা দাখিলা হিসাব ব্যবস্থায় প্রতিটি লেনদেনের ডেবিট ও ক্রেডিট এই দ্বৈতসত্তাকে একই হিসাবের বইয়ে– **একটি ডেবিট এবং অন্যটি সমপরিমাণ টাকা ক্রেডিট করে লিপিবদ্ধ করা হয়।**
- ১৪৯৪ সালে ইতালীয় ধর্মযাজক ও গণিত শাস্ত্রবিদ লুকা ডি প্যাসিওলি (Luca de Pacioli) হিসাবরক্ষণের বিজ্ঞান ভিত্তিক দুতরফা দাখিলা পদ্ধতির উপর প্রথম বই প্রকাশ করে
- ১৪৯৪ সালে ইতালীয় ধর্মযাজক– **লুকা প্যাসিওলি** তার 'Summa De Arithmetica Geometrica Proportione et Proportionalite" নামক গ্রন্থে দুতরফা দাখিলা হিসাব পদ্ধতি সম্পর্কে আলোচনা করেন ।
- দুতরফা দাখিলা পদ্ধতিতে টাকা বা টাকায় পরিমাপযোগ্য প্রতিটি লেনদেনকে- **দ্বৈতসত্তায় প্রকাশ করা হয়।**
- দুতরফা দাখিলা হিসাব পদ্ধতিতে, ব্যক্তি, সম্পত্তি ও দায় জাতীয় হিসাব পৃথক পৃথক ভাবে সংরক্ষণ করা হয়। তাই সহজেই এ থেকে উদ্বৃত্তপত্র তৈরি করে কারবারি প্রকৃত আর্থিক অবস্থা জানা সম্ভব হয়।
- দুতরফা হিসাব পদ্ধতিতে লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের– **দুটি পদ্ধতি প্রচলিত আছে।** (১) সনাতন পদ্ধতি ও (২) আধুনিক পদ্ধতি।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Step 3

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. সাধারণত ডেবিট ব্যালেন্স থাকা হিসাবসমূহ হলো —। [DU : 21-22]
Ⓐ সম্পদ, ব্যয় এবং আয়
Ⓑ সম্পদ, দায় এবং মালিকের উত্তোলন
Ⓒ সম্পদ, ব্যয় এবং মালিকানা স্বত্ব
Ⓓ সম্পদ, মালিকের উত্তোলন এবং ব্যয়
Ans D Solve একমালিকানা ব্যবসায়ের হিসাবের বইতে ডেবিট উদ্বৃত্ত থাকে সম্পদ, ব্যয় ও মালিকের উত্তোলন হিসাবে; আর, ক্রেডিট উদ্বৃত্ত থাকে দায়, মালিকের মূলধন ও আয় হিসাবে। অন্যদিকে, কোম্পানির হিসাবের বইতে ডেবিট উদ্বৃত্ত থাকে সম্পদ, ব্যয় ও লভ্যাংশ হিসাবে; আর, ক্রেডিট উদ্বৃত্ত থাকে দায়, শেয়ার মূলধন, সংরক্ষিত আয় ও আয় হিসাবে।

02. একটি হিসাব কত ধরনের জের প্রকাশ করতে পারে? [DU : 19-20]
Ⓐ ডেবিট জের Ⓑ ক্রেডিট জের
Ⓒ ডেবিট এবং ক্রেডিট জের দুটোই Ⓓ ডেবিট, ক্রেডিট এবং শূন্য জের
Ans D Solve একটি হিসাব সাধারণত তিন ধরনের জের প্রকাশ করতে পারে। যেমন- ডেবিট জের, ক্রেডিট জের ও শূন্য জের।

03. অনুপার্জিত আয় নির্দেশ করে: [DU : 14-15]
Ⓐ আয় Ⓑ চলতি দায় Ⓒ ব্যয়
Ⓓ দীর্ঘমেয়াদী দায় Ⓔ চলতি সম্পদ
Ans B Solve অনুপার্জিত আয় বলতে এমন আয়কে বুঝানো হয় যা নগদে গ্রহণ করা হয়েছে, কিন্তু তার জন্য কোন সেবা প্রদান করা হয়নি। উক্ত সেবা চলতি হিসাবকালের ভিতরেই পরিশোধ করতে হবে। সুতরাং ইহা একটি চলতি দায়।

04. সাধারণত নিচের কোন হিসাব সেট এর ডেবিট উদ্বৃত্ত থাকে? [DU : 14-15]
Ⓐ আয়, মূলধন, সম্পদ Ⓑ দায়, মূলধন, ব্যয়
Ⓒ আয়, দায়, মূলধন Ⓓ সম্পদ, মালিকের উত্তোলন, খরচ
Ⓔ বিক্রয়, মালিকের উত্তোলন, বাট্টা
Ans D Solve সম্পদ, মালিকের উত্তোলন এবং খরচ সংক্রান্ত হিসাবসমূহের সাধারণত ডেবিট ব্যালেন্স হয়।

05. নিচের কোন হিসাব সেট এর সাধারণত ক্রেডিট উদ্বৃত্ত থাকে? [DU : 13-14]
Ⓐ আয়, মূলধন, সম্পদ Ⓑ দায়, মূলধন, ব্যয়
Ⓒ আয়, দায়, মূলধন Ⓓ সম্পদ, মালিকের উত্তোলন, খরচ
Ⓔ বিক্রয়, মালিকের উত্তোলন, বাট্টা
Ans C Solve আয়, দায় এবং মূলধন সংক্রান্ত হিসাবগুলোর সাধারণত ক্রেডিট উদ্বৃত্ত থাকে।

06. অভ্যন্তরীণ সত্তা হলো: [DU : 10-11]
Ⓐ দায় Ⓑ সম্পত্তি Ⓒ খরচ Ⓓ আয় Ⓔ মূলধন
Ans E Solve অভ্যন্তরীণ সত্তা (আন্তঃদাবি) বলতে 'মালিকের স্বত্ব' কে বুঝায়। মূলধন হলো মালিকের স্বত্ব।

07. সাধারণত কোন হিসাবটির ক্রেডিট উদ্বৃত্ত থাকে? [DU : 09-10]
Ⓐ নগদ তহবিল Ⓑ আসবাবপত্র Ⓒ যন্ত্রপাতি Ⓓ বকেয়া বেতন Ⓔ সুনাম
Ans D Solve দায় ও আয়বাচক হিসাব স্বাভাবিক অবস্থায় সবসময় ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে। বকেয়া বেতন এক প্রকার চলতি দায়বাচক হিসাব। সুতরাং এটি ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে। অপশনে প্রদত্ত অন্যান্য সকল হিসাব ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে।

08. কোনটি দায় নয়? [DU:09-10]
Ⓐ বকেয়া বেতন Ⓑ প্রদেয় বিল Ⓒ অনার্জিত আয়
Ⓓ অগ্রিম প্রদত্ত ভাড়া Ⓔ প্রদেয় হিসাব
Ans D Solve বকেয়া বেতন, প্রদেয় বিল, অনার্জিত আয় এবং প্রদেয় হিসাব প্রত্যেকটি হিসাব হলো চলতি দায়। অগ্রিম প্রদত্ত ভাড়া কোনো দায় নয়, বরং এটি হলো চলতি সম্পত্তি।

09. যে সকল হিসাবের সাধারণত ডেবিট উদ্বৃত্ত থাকে, তা হলো: [DU : 09-10]
Ⓐ সম্পদ, ব্যয় এবং আয় Ⓑ সম্পদ, ব্যয় এবং পরিশোধিত মূলধন
Ⓒ সম্পদ, দায় এবং লভ্যাংশ Ⓓ সম্পদ, ব্যয় এবং লভ্যাংশ
Ⓔ সম্পদ, লাভ-লোকসান আবণ্টন এবং ব্যয়
Ans D Solve সাধারণত যে সকল হিসাব ডেবিট উদ্বৃত্ত বা জের প্রকাশ করে তা হলো: সম্পদ, ব্যয় বা খরচ, উত্তোলন এবং লভ্যাংশ।

10. দুতরফা দাখিলা পদ্ধতি একটি- [DU: 07-08]
Ⓐ রিপোর্টিং পদ্ধতি Ⓑ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ পদ্ধতি
Ⓒ লিপিবদ্ধকরণ পদ্ধতি Ⓓ 'ডেবিট' ও 'ক্রেডিট' নির্ধারণ পদ্ধতি
Ⓔ লেনদেন চিহ্নিতকরণ পদ্ধতি
Ans C Solve দুতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিষ্ঠানে সংঘটিত লেনদেনসমূহের দ্বৈতসত্তা বিশ্লেষণ (একটি পক্ষকে ডেবিট এবং অপর পক্ষকে ক্রেডিট) করে হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়। সুতরাং, দুতরফা দাখিলা পদ্ধতি হলো প্রতিষ্ঠানে সংঘটিত লেনদেনসমূহকে লিপিবদ্ধ করার পদ্ধতি।

11. দুতরফা দাখিলা বলতে বোঝায়- [DU : 02-03]
Ⓐ সম্পত্তি বাচক এবং নামিক হিসাবসমূহ Ⓑ দুটি জাবেদার ব্যবহার
Ⓒ দুটি জাবেদার ও একটি খতিয়ানের ব্যবহার
Ⓓ প্রত্যেকটি লেনদেনকে দুটি পক্ষে লিপিবদ্ধকরণ
Ⓔ নগদান বহি ও জাবেদার ব্যবহার
Ans D Solve দুতরফা দাখিলা পদ্ধতির সংজ্ঞায় বলা হয়েছে, যে পদ্ধতিতে লেনদেনকে দ্বৈতসত্তায় বিভক্ত করে প্রতিটি পক্ষকে ডেবিট অথবা ক্রেডিট করে হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় তাকে দুতরফা দাখিলা পদ্ধতি বলে।

12. যে-সব হিসাবের ডেবিট জের থাকে সেগুলো হলো? [DU : 99-00]
Ⓐ সম্পত্তি, ব্যয় ও রাজস্ব আয় Ⓑ সম্পত্তি, ব্যয় ও মালিকের মূলধন
Ⓒ সম্পত্তি, দায় ও মালিক কর্তৃক টাকা উত্তোলন
Ⓓ সম্পত্তি, মালিক কর্তৃক টাকা উত্তোলন ও ব্যয়সমূহ
Ans D Solve একমালিকানা ব্যবসায়ের হিসাবের বইতে ডেবিট উদ্বৃত্ত থাকে সম্পদ, মালিকের উত্তোলন ও খরচ হিসাবে; আর, ক্রেডিট উদ্বৃত্ত থাকে দায়, মালিকের মূলধন ও আয় হিসাবে। অন্যদিকে, কোম্পানির হিসাবের বইতে ডেবিট উদ্বৃত্ত থাকে সম্পদ, লভ্যাংশ, ও খরচ হিসাবে; এবং ক্রেডিট উদ্বৃত্ত থাকে দায়, শেয়ার মূলধন, সংরক্ষিত আয় ও আয় হিসাবের।

13. ডেবিট দ্বারা? [DU : 97-98]
Ⓐ সম্পত্তি ও দায় উভয়ই বৃদ্ধি পায় Ⓑ সম্পত্তি ও দায় উভয়ই হ্রাস পায়
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস পায় Ⓓ সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি পায়
Ans C Solve সম্পত্তি বৃদ্ধি, ব্যয় বৃদ্ধি, দায় হ্রাস, আয় হ্রাস, উত্তোলন, লভ্যাংশ, বিপরীত আয়, বিপরীত দায় জাতীয় হিসাব ডেবিট জের প্রকাশ করে।

14. দুতরফা দাখিলা হিসাবরক্ষণ পদ্ধতি সর্বপ্রথম প্রবর্তিত হয়– [DU : 91-92; RU-11-12; CU-03-04; BSMRSTU-13-14]
Ⓐ ইংল্যান্ডে Ⓑ যুক্তরাষ্ট্রে Ⓒ ইতালিতে Ⓓ জাপানে
Ans C Solve দুতরফা দাখিলা হিসাবরক্ষণ পদ্ধতি সর্বপ্রথম প্রবর্তিত হয় ইতালিতে। ১৪৯৪ সালে ইতালীয় ধর্মযাজক – লুকা প্যাসিওলি তার 'Summa De Arithmetica Geometrica Proportione et Proportionalite" নামক গ্রন্থে দুতরফা দাখিলা হিসাব পদ্ধতি সম্পর্কে আলোচনা করেন।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. হিসাবের ক্রেডিট ব্যালেন্স বলতে কী বুঝায়? [HEC : 19-20]
Ⓐ ডেবিট দিকের যোগফল বেশি Ⓑ ক্রেডিট দিকের যোগফল কম
Ⓒ ক্রেডিট দিকের যোগফল বেশি Ⓓ ডেবিট ও ক্রেডিট দিকের যোগফল সমান
Ans C Solve ক্রেডিট ব্যালেন্স বলতে বোঝায় ডেবিট দিকের যোগফল অপেক্ষা ক্রেডিট দিকের যোগফল বেশি।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. নিম্নলিখিত কোন কারণে মালিকানাস্বত্ব বৃদ্ধি পেয়ে থাকে? [JU-E: 18-19]
Ⓐ খরচ ও দায় বৃদ্ধি পেলে Ⓑ খরচ ও উত্তোলন বৃদ্ধি পেলে
Ⓒ আয় ও মূলধন কমে গেলে Ⓓ আয় ও মূলধন বৃদ্ধি পেলে
Ans D Solve খরচ বৃদ্ধি পাবার ফলে, মালিকানাস্বত্বের হ্রাস হয়। খরচ ও উত্তোলন বৃদ্ধি পেলে, মালিকানাস্বত্ব হ্রাস পাবে। আয় ও মূলধন কমে গেলেও মালিকানাস্বত্ব হ্রাস পাবে। আয় ও মূলধন বৃদ্ধির ফলে মালিকানাস্বত্বের বৃদ্ধি হয়।

02. নিচের কোন হিসাবগুলোর স্বাভাবিক জের ডেবিট? [JU-E: 18-19]
Ⓐ সম্পদ, ব্যয় এবং মালিকের মূলধন Ⓑ সম্পদ, ব্যয় এবং আয়
Ⓒ সম্পদ, দায় এবং মালিকের উত্তোলন Ⓓ সম্পদ, ব্যয় এবং মালিকের উত্তোলন
Ans D Solve সম্পদ, ব্যয় এবং উত্তোলন হিসাবের স্বাভাবিক জের ডেবিট এবং আয়, দায় ও মূলধন হিসাবের স্বাভাবিক জের ক্রেডিট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. কোন বিবৃতিটি সঠিক নয়? [RU-B : 21-22]
Ⓐ মুনাফা মূলধন বৃদ্ধি করে
Ⓑ লোকসান মালিকানা স্বত্ব হ্রাস করে
Ⓒ আয় মালিকানা স্বত্ব হ্রাস করে
Ⓓ সম্পদ ও দায়ের পার্থক্যই হচ্ছে মালিকানা স্বত্ব
Solve আয় মালিকানা স্বত্ব হ্রাস করে না বরং মালিকানা স্বত্ব বৃদ্ধি করে সুতরাং, অপশন C এ উল্লিখিত বিবৃতিটি সঠিক নয়।

02. কোনটি সঠিক? [RU : 19-20]
Ⓐ মুনাফা মূলধন পরিবর্তন করে Ⓑ মুনাফা মূলধন হ্রাস করে
Ⓒ মূলধন কেবল মুনাফা হতে আসে Ⓓ মুনাফা মূলধনকে বৃদ্ধি করে
Solve হিসাবকাল শেষে নিট মুনাফা মূলধনের সাথে যোগ করা হয়। যার ফলে মুনাফা মূলধন বৃদ্ধি করে।

03. কোনটির ক্রেডিট উদ্বৃত্ত হয় না? [RU : 19-20]
Ⓐ পুঞ্জীভূত অবচয় ঃ আসবাবপত্র Ⓑ বিক্রয় রাজস্ব
Ⓒ সুদ প্রদান Ⓓ সুদ প্রাপ্তি
Solve সুদ প্রদান একটি ব্যয় হিসাব। ফলে এটির ডেবিট উদ্বৃত্ত হবে। (B), (D) রাজস্ব হিসাব যার উদ্বৃত্ত ক্রেডিট। (A) বিপরীত সম্পত্তি হিসাব এটিও ক্রেডিট উদ্বৃত্ত হবে।

04. যে সকল হিসাবে সাধারণত ডেবিট উদ্বৃত্ত থাকে তা হলো- [RU : B: 18-19]
Ⓐ সম্পদ, ব্যয় এবং আয় Ⓑ সম্পদ, ব্যয় এবং পরিশোধিত মূলধন
Ⓒ সম্পদ, দায় এবং লভ্যাংশ Ⓓ সম্পদ, ব্যয় এবং লভ্যাংশ
Solve সম্পদ, ব্যয় এবং লভ্যাংশ হিসাবের স্বাভাবিক জের ডেবিট এবং আয়, দায় মালিকানা স্বত্বের স্বাভাবিক জের ক্রেডিট।

05. দুই তরফা দাখিলা পদ্ধতি মতে কোনটি সঠিক? [RU-B : 18-19]
Ⓐ নগদ ডেবিট, নগদ ক্রেডিট Ⓑ ব্যাংক ডেবিট, ব্যাংক ক্রেডিট
Ⓒ ব্যাংক ডেবিট, দেনাদার ক্রেডিট Ⓓ ব্যাংক ডেবিট, লিপিবদ্ধকরণ ক্রেডিট
Solve দেনাদার থেকে চেক গ্রহণ করা হলে জাবেদা হবে ব্যাংক ডেবিট, দেনাদার ক্রেডিট। সমজাতীয় হিসাব কখনও একসাথে ডেবিট ও ক্রেডিট হতে পারে না।

06. দুতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিটি লেনদেন প্রভাবিত করে– [RU : 11-12]
Ⓐ দুইটি হিসাব খাত Ⓑ একটি হিসাব খাতের দুই দিকে
Ⓒ একই হিসাবখাত দুই তারিখের Ⓓ কোনোটিই নয়
Solve দুতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিটি লেনদেনে কমপক্ষে দুটি হিসাবখাত থাকতে হবে, যা হিসাব সমীকরণকে প্রভাবিত করবে।

07. জনাব রহিম ৫০,০০০ টাকা নগদ মূলধন নিয়ে ব্যবসা শুরু করলেন। এর হিসাব খাতগুলো: [RU : 09-10]
Ⓐ নগদ ও মূলধন হিসাব Ⓑ সম্পত্তি ও রহিম হিসাব
Ⓒ নগদ ও ব্যক্তিবাচক হিসাব Ⓓ নগদ ও রহিম হিসাব
Solve নগদ টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করা হলে হিসাব খাতগুলো হয় নগদান হিসাব ও মূলধন হিসাব। কারণ নগদ টাকা বেড়ে যায়, যা সম্পত্তিবাচক হিসাব এবং মূলধন বৃদ্ধি পায়, যা মালিকানা স্বত্বের বৃদ্ধি ঘটায়।

08. ধারে লেনদেনে ক্রেতার নাম উল্লেখ না থাকলে কোন হিসাব ডেবিট করা হয়? [RU : 04-05]
Ⓐ বিক্রয় হিসাব Ⓑ বিক্রেতার হিসাব
Ⓒ পাওনাদার হিসাব Ⓓ দেনাদার হিসাব Ans Ⓓ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. ডেবিট ক্রেডিটের স্বর্ণসূত্রসমূহের মধ্যে কোনটি সঠিক নয়? [CU : 15-16]
Ⓐ সম্পদের বৃদ্ধি পাওয়া হলো ডেবিট
Ⓑ ওনার্স ইক্যুইটি বৃদ্ধি পাওয়া হলো ক্রেডিট
Ⓒ দায় বৃদ্ধি পাওয়া হলো ডেবিট
Ⓓ রেভিনিউ বৃদ্ধি পাওয়া হলো ক্রেডিট
Ⓔ মালিকের উত্তোলন বৃদ্ধি পাওয়া হলো ডেবিট
Solve দায় হলো ক্রেডিট আর দায় বৃদ্ধি পেলে ক্রেডিট এবং হ্রাস পেলে ডেবিট। সুতরাং (C) নং অপশনটি সঠিক নয়।

02. দুতরফা দাখিলা পদ্ধতি বলতে বুঝায়- [CU : 14-15]
Ⓐ লেনদেন শনাক্তকরণ পদ্ধতি
Ⓑ লেনদেন দ্বৈতসত্তায় লিপিবদ্ধকরণ পদ্ধতি
Ⓒ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ পদ্ধতি
Ⓓ জাবেদা ও খতিয়ানের ব্যবহার Ⓔ ডেবিট ও ক্রেডিট নির্ধারণ পদ্ধতি
Solve দুতরফা দাখিলা পদ্ধতি বলতে লেনদেনকে দুটি হিসাব খা (ডেবিট ও ক্রেডিট নির্ণয় করে) লেখাকে বোঝায়।

03. A debit will reduce ..... ; but increase ..... [CU : 10-11]
Ⓐ accounts receivable; accounts payable
Ⓑ revenues; accounts payable
Ⓒ accounts payable; common stock
Ⓓ common stock; prepaid insurance
Ⓔ কোনোটিই নয়
Solve Common Stock হ্রাস পেলে Debit হয় এবং Prep Insurance বৃদ্ধি পেলে Debit হয়। ডেবিট দ্বারা সম্পদ বৃদ্ধি এবং মালিকানা হ্রাস পায়

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. দু'তরফা দাখিলা পদ্ধতির জনক হলেন– [GST : 22-23]
Ⓐ Luca De Pacioli Ⓑ David Jones
Ⓒ Henry Fayol Ⓓ F.W. Taylor Ans Ⓐ

02. হিসাববিজ্ঞানে ক্রেডিট দ্বারা বোঝায়– [RU : 22-23]
Ⓐ দায় হ্রাস Ⓑ ব্যয় বৃদ্ধি Ⓒ সম্পত্তি বৃদ্ধি Ⓓ আয় বৃদ্ধি
Solve হিসাববিজ্ঞানে ক্রেডিট দ্বারা বোঝায় ব্যয় হ্রাস, সম্পদ হ্র আয় বৃদ্ধি এবং দায় বৃদ্ধি।

03. কোনটি অস্থায়ী হিসাব? [GST : 21-22]
Ⓐ নগদান হিসাব Ⓑ মজুত পণ্য হিসাব Ⓒ অবচয় হিসাব Ⓓ ভাড়া হিসাব
Solve অপশন (C) ও (D) তে উল্লেখিত "অবচয় হিসাব" ও "ভ হিসাব" হচ্ছে অস্থায়ী/নামিক/আয়-ব্যয় বাচক হিসাব।

04. দুতরফা দাখিলা পদ্ধতি প্রথম কোথায় প্রবর্তিত হয়েছে? [IU : 18-19]
Ⓐ ইতালি Ⓑ ভারত Ⓒ ইংল্যান্ড Ⓓ জার্মানি
Solve হিসাববিজ্ঞানের জনক লুকা প্যাসিওলি। হিসাববিজ্ঞ সম্পর্কিত প্রথম গ্রন্থের নাম 'সুম্মা ডি এরিথমেটিকা, জিওমেট্রি প্রপোরশনিয়েট প্রপোরশনালিটা।' গ্রন্থটি ১৪৯৪ সালে ইতালীয় ভাষায় ইতালি প্রকাশিত হয়। এ গ্রন্থটিতে আধুনিক হিসাববিজ্ঞানের ভিত্তি হিসাবে দ্বৈ দুতরফা দাখিলা পদ্ধতি সম্পর্কে প্রথম আলোচনা করা হয়।

05. হিসাবের কোন পদ্ধতি ডেবিট, ক্রেডিট, ব্যালেন্স এবং হেডিং দেখায়? [SUST : 18-19]
Ⓐ নগদান বহি Ⓑ T হিসাব Ⓒ জাবেদা
Ⓓ খতিয়ান হিসাব Ⓔ সাধারণ খতিয়ান
Solve T হিসাব পদ্ধতি ডেবিট, ক্রেডিট, ব্যালেন্স এবং হেডিং দেখায়

06. দুতরফা দাখিলা পদ্ধতির জনক কে? [RSTU-B : 18-19]
Ⓐ লুকা প্যাসিওলি Ⓑ এফ. ডব্লিউ টেলর Ⓒ হেনরি মিনজবারি Ⓓ রবার্ট ব্রাউ
Solve ১৪৯৪ সালে ইতালীয় ধর্মযাজক লুকা প্যাসিওলি তার 'Summ De Arithmetica Geometria Proportioniet Proportionalite" নাম গ্রন্থে দুতরফা দাখিলা হিসাব পদ্ধতি সম্পর্কে আলোচনা করেন এবং লু প্যাসিওলিকেই দুতরফা দাখিলা পদ্ধতির জনক বলা হয়।

07. দুতরফা দাখিলা পদ্ধতি একটি- [RSTU-B : 18-19]
Ⓐ রিপোর্টিং পদ্ধতি Ⓑ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ পদ্ধতি
Ⓒ লিপিবদ্ধকরণ পদ্ধতি Ⓓ 'ডেবিট ও ক্রেডিট' নির্ধারণ পদ্ধতি
Solve আর্থিক ঘটনা বা লেনদেনসমূহের দ্বৈত প্রভাব বিশ্লেষণপূর্ব হিসাববিজ্ঞানের বইসমূহে প্রতিটি লেনদেনের দুইটি পক্ষ লিপিবদ্ধ কর পদ্ধতিকে দুতরফা দাখিলা পদ্ধতি বলা হয়। এটি একটি লিপিবদ্ধকরণ পদ্ধতি

08. দ্বৈত সত্তা বলতে কী বুঝায়? [IU : 16-17]
Ⓐ দুটি সত্তা Ⓑ দুজনের সত্তা Ⓒ দুটি পক্ষ Ⓓ দুবার লেখা
Solve দ্বৈত সত্তা বলতে বোঝায় প্রতিটি লেনদেনে দুটি পক্ষ থাকে একপক্ষ সুবিধা গ্রহণ করবে অন্য পক্ষ সুবিধা প্রদান করবে।

09. কোনটি নামিক হিসাব? [MBSTU : 15-16]
Ⓐ আসবাবপত্র Ⓑ নগদান Ⓒ সোনালী ব্যাংক Ⓓ বেতন
Solve আয় এবং ব্যয় জাতীয় হিসাবকে নামিক হিসাব বলা হয় বেতন একটি ব্যয় জাতীয় হিসাব।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

10. দুতরফা দাখিলা বলতে বুঝায়- [PUST: 15-16]
Ⓐ সম্পত্তি ও নামিক হিসাবসমূহ Ⓑ জাবেদা ও খতিয়ানের ব্যবহার
Ⓒ দুপক্ষে লিপিবদ্ধকরণ Ⓓ নগদান বই ও জাবেদার ব্যবহার
Solve দুতরফা দাখিলা পদ্ধতিতে প্রতিটি লেনদেনকে বিশ্লেষণ করে দুটি পক্ষে লিপিবদ্ধ করা হয়। দুতরফা দাখিলা পদ্ধতি একটি লিপিবদ্ধকরণ পদ্ধতি।

11. ডেবিট জের হলো- [JKKNIU: 15-16]
Ⓐ Cr > Dr Ⓑ Cr < Dr Ⓒ Dr > Cr Ⓓ Cr = Dr Ans Ⓒ

12. কোন ধরনের প্রতিষ্ঠানের জন্য দুতরফা দাখিলা পদ্ধতি ব্যয় সাপেক্ষ? [IU : 13-14]
Ⓐ একমালিকানা Ⓑ অংশীদারি Ⓒ যৌথমূলধনী Ⓓ সমবায়
Solve একমালিকানা কারবারের জন্য দুতরফা দাখিলা পদ্ধতি ব্যয় সাপেক্ষ ব্যাপার।

13. যদি পণ্যদ্রব্য দাতব্য প্রতিষ্ঠানে প্রদান করা হয় তাহলে কোনটি ক্রেডিট করতে হবে? [HSTU : 13-14]
Ⓐ নগদান হিসাব Ⓑ দাতব্য প্রতিষ্ঠান হিসাব Ⓒ ক্রয় হিসাব Ⓓ বিক্রয় হিসাব
Solve যদি পণ্যদ্রব্য প্রতিষ্ঠানে প্রদান করা হয় তবে ক্রয় হিসাব ক্রেডিট করা হয়। কারণ পণ্যদ্রব্য প্রদানের ফলে ক্রয়ের পরিমাণ হ্রাস পায়।

14. যেসব ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পাওনা বা প্রাপ্য থাকে তাকে বলে- [BSMRSTU : 12-13]
Ⓐ Personal account Ⓑ Debtors account
Ⓒ Creditors account Ⓓ Nominal account
Solve যে সব ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পাওনা বা প্রাপ্য থাকে তাকে বলে দেনাদার বা Debtors account।

15. কোন হিসাবের স্বাভাবিক জের ডেবিট হতে পারে না? [JnU : 16-17]
Ⓐ খরচ হিসাবের Ⓑ সম্পত্তির হিসাবের
Ⓒ অগ্রিম খরচ Ⓓ রাজস্ব হিসাবের
Solve Option (D) রাজস্ব হিসাবের জের সব সময় ক্রেডিট জের প্রকাশ করে। কখনও স্বাভাবিকভাবে এ হিসাবের জের ডেবিট হতে পারে না।

16. আয়-ব্যয় হিসাব রাখা হয়-
Ⓐ একতরফা দাখিলায় Ⓑ দুতরফা দাখিলায়
Ⓒ একতরফা ও দুতরফা দাখিলায় Ⓓ ব্যক্তিবাচক হিসেবে
Solve দুতরফা দাখিলায় আয়-ব্যয় হিসাব রাখা হয়।

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. সাধারণত নিচের কোন হিসাব সেটের ডেবিট উদ্বৃত্ত থাকে? [DIN-22]
Ⓐ আয়, মূলধন, সম্পদ Ⓑ দায়, মূলধন, ব্যয়
Ⓒ সম্পদ, উত্তোলন, খরচ Ⓓ বিক্রয়, উত্তোলন, বাট্টা Ans Ⓒ

02. দু'তরফা দাখিলা পদ্ধতিতে প্রথমে হিসাব রাখা শুরু হয় কোথায়? [SYL-21]
Ⓐ ইতালির রোম শহরে Ⓑ ইতালির ভেনিস শহরে
Ⓒ ইতালির মিলান শহরে Ⓓ জার্মানীর ফ্রাঙ্কফুট শহরে Ans Ⓑ

03. দু'তরফা দাখিলার উৎপত্তি কাল কোনটি? [RAJ-21]
Ⓐ ১৪৪৯ খ্রিস্টাব্দে Ⓑ ১৪৯৪ খ্রিস্টাব্দে
Ⓒ ১৯৩২ খ্রিস্টাব্দে Ⓓ ১৯৯৪ খ্রিস্টাব্দে Ans Ⓑ

04. দু'তরফা দাখিলা পদ্ধতি একটি- [DIN-21]
i. পূর্ণাঙ্গ পদ্ধতি ii. বিজ্ঞানসম্মত পদ্ধতি iii. ত্রুটিযুক্ত পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii Ans Ⓐ

05. দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করলে- [COM-21]
i. লেনদেনের পূর্ণাঙ্গ হিসাব রাখা সম্ভব
ii. লেনদেন লিপিবদ্ধকরণের ক্ষেত্রে পুনরাবৃত্তি ঘটে
iii. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায়
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii Ans Ⓑ

06. নিচের কোন হিসাবগুলো ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে? [BAR-21]
Ⓐ সম্পদ ও দায় Ⓑ দায় ও আয় Ⓒ সম্পদ ও আয় Ⓓ ব্যয় ও সম্পদ Ans Ⓓ

07. উদ্বৃত্তপত্র মিলে যায় কেন ? [BAR-19]
Ⓐ সকল লেনদেন হিসাবভুক্ত হওয়ার কারণে
Ⓑ রেওয়ামিলের যোগফল সমান হওয়ার কারণে
Ⓒ হিসাবচক্রের ধাপ অনুসরণ করার কারণে
Ⓓ দুতরফা দাখিলা পদ্ধতির কারণে Ans Ⓓ

08. সর্বজনস্বীকৃত হিসাব পদ্ধতি কোনটি? [JES-21]
Ⓐ একতরফা দাখিলা পদ্ধতি Ⓑ দু'তরফা দাখিলা পদ্ধতি
Ⓒ দ্বৈত হিসাব পদ্ধতি Ⓓ মিশ্র হিসাব পদ্ধতি Ans Ⓑ

09. অনাদায়ী শিক্ষানবিশ সেলামি কোন জাতীয় হিসাব? [DHA-17]
Ⓐ আয় Ⓑ দায় Ⓒ সম্পদ Ⓓ ব্যয় Ans Ⓒ

10. নিচের কোনটি ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে? [CHI-17]
Ⓐ সাধারণ সঞ্চিতি Ⓑ দেনাদার বাট্টা সঞ্চিতি
Ⓒ পাওনাদার বাট্টা সঞ্চিতি Ⓓ অনাদায়ী পাওনা সঞ্চিতি Ans Ⓒ

11. 'অগ্রিম বিমা' আধুনিক পদ্ধতিতে কোন শ্রেণির হিসাব? [DHA-16]
Ⓐ সম্পদ Ⓑ ব্যয় Ⓒ দায় Ⓓ মালিকানাস্বত্ব Ans Ⓐ

12. ডেবিট দ্বারা কোনটি বুঝায়? [COM-16]
Ⓐ সম্পত্তি ও দায় বৃদ্ধি Ⓑ সম্পত্তি ও দায় হ্রাস
Ⓒ সম্পদ বৃদ্ধি, দায় হ্রাস Ⓓ সম্পদ হ্রাস, দায় বৃদ্ধি Ans Ⓒ

13. ব্যক্তিবাচক হিসাবের ক্রেডিট ব্যালেন্স দ্বারা কী বুঝায়? [JES-16]
Ⓐ পাওনাদার Ⓑ উত্তোলন হিসাব Ⓒ দেনাদার হিসাব Ⓓ মুনাফা Ans Ⓐ

14. দুতরফা দাখিলা পদ্ধতি অনুযায়ী মোট ডেবিট টাকা- [SYL-16]
Ⓐ মোট আয়ের সমান হবে Ⓑ মোট ব্যয়ের সমান হবে
Ⓒ মোট ক্রেডিটের সমান হবে Ⓓ মোট সম্পদের সমান হবে Ans Ⓒ

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. দুতরফা দাখিলা বলতে বুঝায়:
Ⓐ সম্পত্তিবাচক এবং নামিক হিসাবসমূহ
Ⓑ দুটি জাবেদার ব্যবহার
Ⓒ দুটি জাবেদা এবং একটি খতিয়ানের ব্যবহার
Ⓓ প্রত্যেকটি লেনদেনকে দুটি পক্ষে লিপিবদ্ধকরণ Ans Ⓓ

02. নিম্নের কোনটির স্বাভাবিক জের ডেবিট নয়?
Ⓐ সম্পত্তি হিসাব Ⓑ উত্তোলন হিসাব
Ⓒ খরচ হিসাব Ⓓ মালিকের মূলধন হিসাব Ans Ⓓ

03. ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের স্বর্ণসূত্র কে আবিষ্কার করেন?
Ⓐ লুকা প্যাসিওলি Ⓑ উইলিয়াম পিকলস
Ⓒ নিউটন Ⓓ কাইসো Ans Ⓐ

04. একটি রাজস্ব হিসাব
Ⓐ ডেবিট দ্বারা বৃদ্ধি পায়
Ⓑ স্বাভাবিকভাবে ডেবিট জের প্রকাশ করে
Ⓒ ক্রেডিট দ্বারা বৃদ্ধি পায়
Ⓓ ক্রেডিট দ্বারা হ্রাস পায় Ans Ⓒ

05. আয়/রাজস্ব হিসাবে ক্রেডিট করলে:
Ⓐ অর্জিত আয় বৃদ্ধি নির্দেশ করে Ⓑ অর্জিত আয় হ্রাস নির্দেশ করে
Ⓒ ভুল নির্দেশ করে
Ⓓ অবশ্যই খরচ হিসাবে ডেবিট করে সমন্বয় করতে হবে Ans Ⓐ

06. যে-সব হিসাবের স্বাভাবিকভাবে ক্রেডিট জের হয়:
Ⓐ দায়, ব্যয় এবং আয়
Ⓑ মালিকের মূলধন, দায় এবং মালিকের উত্তোলন
Ⓒ সম্পত্তি, ব্যয় এবং মালিকের মূলধন
Ⓓ দায়, আয় এবং মালিকের মূলধন Ans Ⓓ

07. ডেবিট করার মাধ্যমে:
Ⓐ সম্পত্তি ও দায় বৃদ্ধি পায় Ⓑ সম্পত্তি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি পায়
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস পায় Ⓓ সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি পায় Ans Ⓒ

08. ক্রেডিট করার মাধ্যমে:
Ⓐ সম্পত্তি ও দায় বৃদ্ধি পায় Ⓑ দায় ও মালিকানা স্বত্ব হ্রাস পায়
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস পায় Ⓓ সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি পায় Ans Ⓓ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

Type 2 হিসাব চক্র (Accounting Cycle)


Step ① BASIC INFORMATION

হিসাব চক্র (Accounting Cycle) :

হিসাবকাল ধরণা অনুসারে প্রতিষ্ঠানের অনির্দিষ্ট জীবনকে কতগুলো সুনির্দিষ্ট হিসাবকালে বিভক্ত করে হিসাবনিকাশ করতে হয়। নির্দিষ্ট হিসাবকালে লেনদেন লিপিবদ্ধকরণ ও আ বিবরণী প্রস্তুতকরণের জন্য ব্যবহৃত কার্যপ্রণালীকে হিসাব চক্র বলে। হিসাব চক্রে ব্যবহৃত ধাপগুলো ক্রমানুসারে সম্পন্ন করা হয় এবং এসব ধাপ প্রতি হিসাবকালেই সম্পন্ন করা হ

হিসাব চক্রের ধাপসমূহ (Steps of Accounting Cycle) :

আধুনিক হিসাববিজ্ঞানে লেনদেন লিপিবদ্ধকরণ ও আর্থিক বিবরণী প্রস্তুতকরণের জন্য ব্যবহৃত কার্যপ্রণালীর প্রতিটি পর্যায়কে পৃথক পৃথক ধাপ হিসেবে গণ্য করা হয়। তাই আধু হিসাববিজ্ঞানে হিসাব চক্রের ধাপ তুলনামূলকভাবে বেশি। নিম্নে আধুনিক হিসাববিজ্ঞান অনুসারে হিসাব চক্রের আবশ্যিক ধাপসমূহ ছক আকারে উপস্থাপন করা হলো:



হিসাবচক্রের অন্তর্গত ১, ২ ও ৩নং ধাপগুলো দৈনন্দিন সম্পন্ন করা হয়। আর এই প্রথম তিনটি ধাপকে হিসাবরক্ষণ বলা হয়। ৪, ৫, ৬ ও ৭নং ধাপগুলো হিসাবকা ভিত্তিতে প্রতি মাসে, প্রতি তিন মাসে অথবা প্রতি বছরে সম্পন্ন করা হয়। আর ৮ ও ৯নং ধাপ সাধারণত শুধু বার্ষিক হিসাবকাল শেষে সম্পন্ন করা হয়। সম্পূর্ণ হি চক্রে তিন বার রেওয়ামিল প্রস্তুত করা হয়।

হিসাবচক্রের ঐচ্ছিক ধাপসমূহ :

হিসাব চক্রের অন্তর্গত ঐচ্ছিক ধাপ হলো দুইটি। যথা: ১. কার্যপত্র বা খসড়া বিবরণী (Worksheet) এবং ২. বিপরীত দাখিলা জাবেদাভুক্তকরণ ও স্থানান্তরক (Journalize and Post Reversing Entries)। এছাড়া সংশোধনী দাখিলা জাবেদাভুক্তকরণ ও স্থানান্তরকরণ (Journalize and Post Correcting Entrie হলো হিসাব চক্রের একটি পরিত্যাজ্য ধাপ (Avoidable step)।

সনাতন হিসাববিজ্ঞান অনুযায়ী হিসাবচক্রের ধাপসমূহ :

সনাতন হিসাববিজ্ঞান অনুসারে হিসাব চক্রের ধাপ হলো ৫টি। এগুলো হলো: ১. জাবেদা, ২. খতিয়ান, ৩. রেওয়ামিল, ৪. চূড়ান্ত হিসাব বা আর্থিক বিবরণী প্রস্তুতক এবং ৫. অনুপাত বিশ্লেষণ। এ ক্ষেত্রে রেওয়ামিল ঐচ্ছিক ধাপ হিসেবে বিবেচিত।

Step ② At a Glance : Most Important Information

- **হিসাব চক্র :** হিসাব চক্র বলতে হিসাব সংক্রান্ত কার্যাবলির ধারাবাহিক পরিক্রমণ বা ঘূর্ণায়মান অবস্থা বোঝায়।
- হিসাব চক্রের ধাপ নির্ণয়ে দুই ধরনের মতামত প্রচলিত আছে।
- (i) ব্রিটিশ পদ্ধতির মতামত অনুসারে হিসাব চক্রের ধাপ– **৫টি**।
- (ii) আমেরিকান পদ্ধতি বা মতামত অনুসারে হিসাব চক্রের ধাপ– **১০টি**।
- হিসাব চক্রের মাধ্যমে বিগত বছর ও চলতি বছরের হিসাবের ধারাবাহিকতা রক্ষা করা যায়।
- একটি হিসাবচক্রে রেওয়ামিল প্রস্তুত করা হয়– **৩ বার (৪, ৬ ও ৯ নং ধাপে)**।
- হিসাব চক্রের প্রথম ধাপ– **লেনদেন বিশ্লেষণ**।
- হিসাববিজ্ঞান প্রক্রিয়ার প্রথম ধাপ হলো– **লেনদেন চিহ্নিতকরণ**।
- আর্থিক বিবরণী তৈরি করা হয়– **অসমন্বিত রেওয়ামিল থেকে**।
- সংশোধনী দাখিলা হিসাব চক্রের একটি – **পরিত্যাজ্য ধাপ**।

CamScanner

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি হিসাব চক্রের একটি ধাপ নয়? [DU : 14-15; CU : 19-20]
Ⓐ নির্বাচন Ⓑ লিপিবদ্ধকরণ Ⓒ যাচাইকরণ
Ⓓ শ্রেণিকরণ Ⓔ পরিবেশন
Solve যাচাইকরণ হিসাব চক্রের কোনো ধাপ নয়। নির্বাচন, লিপিবদ্ধকরণ এবং শ্রেণিকরণ প্রতিটি হিসাবচক্রের আবশ্যিক পালনীয় ধাপ।

02. নিচের কোনটি হিসাব চক্রের ধাপ নয়? [DU : 08-09]
Ⓐ জাবেদাভুক্তকরণ Ⓑ খতিয়ানভুক্তকরণ Ⓒ রেওয়ামিল তৈরিকরণ
Ⓓ ভুলের তদন্তকরণ Ⓔ সমন্বয়করণ
Solve 'ভুলের তদন্তকরণ' হিসাব চক্রের কোনো ধাপ নয়। জাবেদাভুক্তকরণ, খতিয়ানভুক্তকরণ, রেওয়ামিল তৈরিকরণ এবং সমন্বয়করণ প্রতিটি হিসাবচক্রের আবশ্যিক পালনীয় ধাপ।

03. হিসাব চক্রের প্রথম ধাপ কোনটি? [DU : 05-06]
Ⓐ রেওয়ামিল Ⓑ জাবেদা Ⓒ খতিয়ান
Ⓓ উদ্বৃত্তপত্র Ⓔ নগদান বই
Solve সনাতন হিসাববিজ্ঞানের নিয়ম অনুযায়ী হিসাবচক্রের প্রথম ধাপ হলো জাবেদা।

04. কোনটি হিসাব চক্রের ধাপ নয়? [DU : 03-04]
Ⓐ জাবেদাভুক্তকরণ Ⓑ খতিয়ানভুক্তকরণ Ⓒ রেওয়ামিল প্রস্তুতকরণ
Ⓓ তথ্য প্রক্রিয়াকরণ Ⓔ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ
Solve 'তথ্য প্রক্রিয়াকরণ' হিসাব চক্রের কোনো ধাপ নয়। জাবেদাভুক্তকরণ, খতিয়ানভুক্তকরণ, রেওয়ামিল তৈরিকরণ এবং আর্থিক বিবরণী প্রস্তুতকরণ প্রতিটি হিসাবচক্রের আবশ্যিক পালনীয় ধাপ।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. হিসাবচক্রের প্রথম ধাপ কোনটি? [DU 7 College : 19-20]
Ⓐ জাবেদাভুক্তিকরণ Ⓑ রেওয়ামিল
Ⓒ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ Ⓓ লেনদেন চিহ্নিতকরণ
Solve হিসাবচক্রের প্রথম ধাপ লেনদেন চিহ্নিতকরণ এবং শেষ ধাপ সমাপনী পরবর্তী রেওয়ামিল প্রস্তুতকরণ।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি হিসাবচক্রের ধাপ নয়? [JU : 19-20]
Ⓐ নির্বাচন Ⓑ লিপিবদ্ধকরণ Ⓒ যাচাইকরণ Ⓓ পরিবেশন
Solve লেনদেন নির্বাচন, জাবেদায় লিপিবদ্ধকরণ এবং আর্থিক বিবরণীতে উক্ত তথ্য পরিবেশন হিসাবচক্রের ধাপ। কিন্তু যাচাইকরণ হিসাবচক্রের ধাপ নয়।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. কোনটি হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ? [RU : 19-20]
Ⓐ বিপরীত দাখিলা Ⓑ সমন্বিত রেওয়ামিল Ⓒ বিশেষ জাবেদা Ⓓ রেওয়ামিল
Solve বিপরীত দাখিলা, কার্যপত্র ইত্যাদি হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ।

02. হিসাব চক্রের ঐচ্ছিক ধাপ কয়টি? [RU : 08-09]
Ⓐ ৯টি Ⓑ ২টি Ⓒ ৩টি Ⓓ ৭টি **Ans Ⓑ**

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি হিসাব চক্রের ধাপ নয়? [CoU : 19-20]
Ⓐ জাবেদা Ⓑ আর্থিক বিবরণী Ⓒ নগদ প্রবাহ বিবরণী Ⓓ খতিয়ান
Solve জাবেদা, খতিয়ান, রেওয়ামিল, সমন্বয়করণ, কার্যপত্র, আর্থিক বিবরণী ও ইত্যাদি হিসাবচক্রের ধাপ। কিন্তু নগদ প্রবাহ বিবরণী হিসাব চক্রের কোনো ধাপ নয়।

02. নিচের কোনটি হিসাব চক্রের ধাপ নয়? [BRUR : 19-20]
Ⓐ নির্বাচন Ⓑ লিপিবদ্ধকরণ Ⓒ যাচাইকরণ Ⓓ শ্রেণিকরণ
Solve লেনদেন নির্বাচন/ চিহ্নিতকরণ, লিপিবদ্ধকরণ বা জাবেদাভুক্তকরণ এবং শ্রেণিকরণ বা খতিয়ানভুক্তকরণ ইত্যাদি হিসাবচক্রের ধাপ। অন্যদিকে যাচাইকরণ হিসাবচক্রের কোনো ধাপ নয়।

03. হিসাব চক্রের কোন ধাপের কাজ পরবর্তী হিসাবকালের প্রথম দিনে সম্পন্ন হয়? [JUST : 19-20]
Ⓐ সমাপনী দাখিলা Ⓑ সাধারণ দাখিলা Ⓒ বিপরীত দাখিলা Ⓓ সমন্বয় দাখিলা
Solve পূর্ববর্তী হিসাবকালের কতিপয় সমন্বয় জাবেদার জন্য পরবর্তী হিসাবকালের শুরুতে ঠিক বিপরীত যে জাবেদা দাখিলা দেওয়া হয় তাকে বিপরীত দাখিলা বলে। এটি একটি ঐচ্ছিক কাজ।

04. নিম্নের কোনটি হিসাবচক্রের ধাপ নয়? [BU : 15-16]
Ⓐ জাবেদাকরণ Ⓑ খতিয়ানভুক্তকরণ
Ⓒ রেওয়ামিলে সারসংক্ষেপকরণ Ⓓ ভুল সংশোধন
Solve ভুল সংশোধনকরণ হিসাব চক্রের ধাপ নয় (পরিত্যাজ্য ধাপ)। কারণ হিসাব চক্রের ধাপগুলো হলো : (১) লেনদেন শনাক্তকরণ, (২) লেনদেন বিশ্লেষণ, (৩) জাবেদাভুক্তকরণ, (৪) খতিয়ান স্থানান্তর, (৫) রেওয়ামিল প্রস্তুতকরণ, (৬) সমন্বয় দাখিলা, (৭) আর্থিক বিবরণী, (৮) সমাপনী দাখিলা এবং (৯) হিসাব পরবর্তী রেওয়ামিল।

05. কোনটি হিসাব চক্রের প্রথম ধাপ? [PUST : 15-16]
Ⓐ লেনদেনসমূহ জাবেদাভুক্তকরণ Ⓑ লেনদেনসমূহ বিশ্লেষণ
Ⓒ লেনদেনসমূহ স্থানান্তরকরণ Ⓓ আর্থিক
Solve সাধারণত কোনো লেনদেন পাওয়ার সাথে সাথে সর্বপ্রথম লেনদেন চিহ্নিত করে বিশ্লেষণ করা হয়। পরবর্তীতে লেনদেনগুলো জাবেদাভুক্ত করে খতিয়ানে স্থানান্তর করা হয়।

06. একাউন্টিং চক্র দ্বারা কী বোঝায়? [IU : 13-14]
Ⓐ হিসাব প্রক্রিয়ায় পুনরাবৃত্তি Ⓑ ব্যবসায় পুনরাবৃত্তি
Ⓒ জাবেদা পুনরাবৃত্তি Ⓓ খতিয়ানের পুনরাবৃত্তি
Solve একাউন্টিং চক্র বা হিসাব চক্র দ্বারা হিসাব প্রক্রিয়ার পুনরাবৃত্তিকে বোঝায়।

07. নিচের কোনটি হিসাবচক্রের আবশ্যক ধাপ নয়? [JnU : 12-13; RU : 09-10; CU : 13-14]
Ⓐ লেনদেন বিশ্লেষণ করা Ⓑ রেওয়ামিল তৈরি করা
Ⓒ জাবেদায় লিপিবদ্ধ Ⓓ খতিয়ানে স্থানান্তর করা **Ans Ⓑ**
Note : ব্রিটিশ পদ্ধতিতে রেওয়ামিল ঐচ্ছিক ধাপ। আধুনিক পদ্ধতিতে কার্যপত্র ও বিপরীত দাখিলা ঐচ্ছিক ধাপ।

08. নিচের কোনটি হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ? [HSTU : 11-12; IU : 13-14]
Ⓐ খতিয়ান Ⓑ অনুপাত বিশ্লেষণ Ⓒ আর্থিক বিবরণী Ⓓ কার্যপত্র তৈরি
Solve হিসাব চক্রের ঐচ্ছিক ধাপ দুটি। (১) কার্যপত্র ও (২) বিপরীত দাখিলা।

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. কোনটি হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ? [DIN-22]
Ⓐ বিপরীত দাখিলা Ⓑ সমন্বিত রেওয়ামিল
Ⓒ বিশেষ জাবেদা Ⓓ রেওয়ামিল **Ans Ⓐ**

02. হিসাবচক্রের প্রথম ধাপ কোনটি? [MYM-21]
Ⓐ খতিয়ানভুক্তকরণ Ⓑ সমন্বয় দাখিলা
Ⓒ লেনদেন শনাক্তকরণ Ⓓ জাবেদাভুক্তিকরণ **Ans Ⓒ**

03. হিসাববিজ্ঞান কাজের ধারাবাহিক আবর্তনকে কী বলা হয়? [RAJ-21]
Ⓐ হিসাবকাল Ⓑ হিসাব চক্র Ⓒ হিসাব সমীকরণ Ⓓ হিসাব প্রক্রিয়া **Ans Ⓑ**

04. হিসাবের প্রাথমিক বহি কোনটি? [DIN-21]
Ⓐ নগদান বহি Ⓑ দৈনিক খরচ বহি Ⓒ খতিয়ান বহি Ⓓ জাবেদা বহি **Ans Ⓓ**

05. হিসাবচক্রের সর্বশেষ ধাপ কোনটি? [CHI-19]
Ⓐ জাবেদা Ⓑ খতিয়ান Ⓒ রেওয়ামিল Ⓓ চূড়ান্ত হিসাব **Ans Ⓓ**

06. হিসাববিজ্ঞানের ধারাবাহিক কাজের প্রক্রিয়াকে কী বলা হয়? [SYL-17]
Ⓐ জাবেদা Ⓑ খতিয়ান Ⓒ রেওয়ামিল Ⓓ হিসাবচক্র **Ans Ⓓ**

07. কোনটিকে হিসাব চক্রের ঐচ্ছিক ধাপ বলা হয়?
Ⓐ রেওয়ামিল Ⓑ খতিয়ান Ⓒ কার্যপত্র Ⓓ জাবেদা **Ans Ⓒ**

CamScanner

Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোনটি হিসাব চক্রের প্রথম ধাপ?
Ⓐ লেনদেনসমূহ জাবেদাভুক্তকরণ Ⓑ লেনদেনসমূহ স্থানান্তরকরণ
Ⓒ রেওয়ামিল প্রস্তুতকরণ Ⓓ লেনদেনসমূহ বিশ্লেষণ Ans Ⓓ

02. নিম্নের কোনটি হিসাবচক্রের ঐচ্ছিক ধাপ?
Ⓐ সমন্বয় দাখিলা Ⓑ সমাপনী দাখিলা Ⓒ সংশোধনী দাখিলা Ⓓ বিপরীত দাখিলা Ans Ⓓ

03. হিসাবচক্রের আবশ্যিক পালনীয় ধাপ নয় কোনটি?
Ⓐ লেনদেনসমূহ জাবেদাভুক্তকরণ Ⓑ আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণ
Ⓒ অস্থায়ী হিসাবকে সমাপ্ত করা
Ⓓ সমন্বয় দাখিলার জের শূন্যকরণ Ans Ⓓ

04. একটি ব্যতীত নিম্নের সবগুলোই হিসাব চক্রের আবশ্যিক ধাপ:
Ⓐ সমন্বয় দাখিলা প্রস্তুত করা Ⓑ আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা
Ⓒ লেনদেন জাবেদাভুক্ত করা Ⓓ কার্যপত্র বিবরণী প্রস্তুত করা Ans Ⓓ

05. নিম্নের কোনটি সঠিক?
Ⓐ আধুনিক হিসাববিজ্ঞানে জাবেদা ব্যবহার করা হয় না
Ⓑ একটি হিসাব চক্রে তিন বার রেওয়ামিল প্রস্তুত করা হয়
Ⓒ হিসাবকালের শেষ দিনে বিপরীত দাখিলা দেওয়া হয়
Ⓓ কার্যপত্র হিসাব চক্রের আবশ্যিক পালনীয় পদক্ষেপ Ans Ⓑ

06. হিসাবচক্র সম্পর্কে ভুল বিবরণটি চিহ্নিত কর:
Ⓐ লেনদেনসমূহ জাবেদাভুক্তির পূর্বে স্থানান্তর করা হয়
Ⓑ জাবেদা দাখিলাসমূহ স্থানান্তরের পর রেওয়ামিল তৈরি করা হয়
Ⓒ লেনদেন জাবেদাভুক্তির পূর্বে উহার প্রভাব বিশ্লেষণ করা হয়
Ⓓ জাবেদা দাখিলাসমূহকে উপযুক্ত খতিয়ান হিসাবে স্থানান্তর করা হয় Ans Ⓐ

07. হিসাবচক্রে নিম্নলিখিত ধাপসমূহের সঠিক ক্রমধারা হবে:
Ⓐ অসমন্বিত রেওয়ামিল প্রস্তুতকরণ, জাবেদাভুক্তকরণ, খতিয়ানে স্থানান্তরকরণ, সমন্বয় দাখিলা লিপিবদ্ধ এবং স্থানান্তরকরণ
Ⓑ জাবেদাভুক্তকরণ, অসমন্বিত রেওয়ামিল প্রস্তুতকরণ, খতিয়ানে স্থানান্তরকরণ, সমন্বয় দাখিলা লিপিবদ্ধ এবং স্থানান্তরকরণ
Ⓒ জাবেদাভুক্তকরণ, খতিয়ানে স্থানান্তরকরণ, অসমন্বিত রেওয়ামিল প্রস্তুতকরণ, সমন্বয় দাখিলা লিপিবদ্ধ এবং স্থানান্তরকরণ
Ⓓ অসমন্বিত রেওয়ামিল প্রস্তুতকরণ, সমন্বয় দাখিলা লিপিবদ্ধ এবং স্থানান্তরকরণ, জাবেদাভুক্তকরণ, খতিয়ানে স্থানান্তরকরণ Ans Ⓒ

Type 3 জাবেদা (Journal)

Step 1 BASIC INFORMATION

জাবেদা (Journal) : কোনো ব্যবসায় প্রতিষ্ঠানে প্রতিদিন সংঘটিত লেনদেনসমূহ চিহ্নিত এবং ডেবিট ও ক্রেডিট বিশ্লেষণ করে তারিখের ক্রমানুসারে ব্যাখ্যা সহকারে সম পরিমাণ ডেবিট ও ক্রেডিট টাকা দ্বারা হিসাবনিকাশের যে প্রাথমিক বইতে লিপিবদ্ধ করা হয় তাকে জাবেদা বলে।

- জাবেদা হলো একটি হিসাবনিকাশ রেকর্ড, যাতে লেনদেনসমূহ প্রাথমিকভাবে সময়ানুক্রমিক বিন্যাসে লিপিবদ্ধ করা হয়।
- জাবেদা হলো লেনদেন লিপিবদ্ধকরণের প্রাথমিক বা মূল দাখিলা বই এবং লেনদেনের একটি সময়ানুক্রমিক বা কালীন রেকর্ড।
- জাবেদা এক স্থানে একটি লেনদেনের সম্পূর্ণ ফলাফল বা প্রভাবকে প্রকাশ করে। তবে এতে একাধিক ডেবিট বা ক্রেডিট হিসাব থাকতে পারে। যেহেতু, মোট ডেবিট এবং ক্রেডিট টাকার পরিমাণ সমান হয়, তাই জাবেদা প্রাথমিকভাবে যে কোনো লেনদেন শনাক্তকরণ ও লিপিবদ্ধকরণ করতে পারে।
- একটি পূর্ণাঙ্গ জাবেদা দাখিলায় অন্তর্ভুক্ত থাকে: ১. লেনদেন সংঘটনের তারিখ, ২. লেনদেনের সংক্ষিপ্ত বিবরণ বা ব্যাখ্যা, ৩. হিসাবের নাম ও টাকার পরিমাণ যা ডেবিট ও ক্রেডিট হিসেবে লিখতে হবে।

জাবেদা বইয়ের বিভিন্ন নাম :

১. মৌলিক দাখিলার বই বা মূল এন্ট্রির বই। ২. লেনদেনের সময়ানুক্রমিক রেকর্ড। ৩. দৈনন্দিন দাখিলার বই।
৪. প্রাথমিক দাখিলার বই। ৫. হিসাব প্রক্রিয়ার প্রাথমিক বই। ৬. সাহায্যকারী হিসাবের বই।
৭. সহকারী হিসাব/দাখিলার বই। ৮. ধারাবাহিক হিসাবের বই। ৯. আদি হিসাব বই।

জাবেদা দাখিলা (Journal Entry) :

লেনদেনকে প্রাথমিকভাবে জাবেদায় লিপিবদ্ধ করাকে লিখন বা দাখিলা (Entry) দেওয়া বলে। জাবেদা লিখন বা দাখিলাকে কাঠামোগতভাবে দুই ভাগে ভাগ করা যায়। যথা : ১. সরল দাখিলা এবং ২. মিশ্র দাখিলা

সরল দাখিলা (Simple Entry)	কোন একটি লেনদেনের জাবেদা দাখিলায় যদি শুধু দুইটি হিসাবখাত জড়িত থাকে, অর্থাৎ একটি ডেবিট হিসাব এবং একটি ক্রেডিট হিসাব থাকে, তবে তাকে সরল দাখিলা বলে। যেমন– নগদে পণ্য বিক্রয় ২,৭০,০০০ টাকা। জাবেদা দাখিলা হবে- নগদান হিসাব ডেবিট ২,৭০,০০০ টাকা ; বিক্রয় হিসাব ক্রেডিট ২,৭০,০০০ টাকা
মিশ্র দাখিলা (Compound Entry)	যে জাবেদা দাখিলায় দুইয়ের অধিক পক্ষ বা হিসাব খাত জড়িত থাকে তাকে মিশ্র দাখিলা বলে। যেমন- পণ্য বিক্রয় ১,০০,০০০ টাকা যার ৫০% নগদে, ২৫% বিলে ও ২৫% ধারে। জাবেদা দাখিলা হবে : নগদান হিসাব ডেবিট ৫০,০০০ টাকা প্রাপ্য বিল হিসাব ডেবিট ২৫,০০০ টাকা দেনাদার হিসাব ডেবিট ২৫,০০০ টাকা বিক্রয় হিসাব ক্রেডিট ১,০০,০০০ টাকা

জাবেদার শ্রেণিবিভাগ (Classification of Journal):

আধুনিক হিসাববিজ্ঞানে কেবল একটি জাবেদা বইয়ের মাধ্যমে সকল লেনদেনের প্রাথমিক লিপিবদ্ধকরণ সম্ভব নয়। তাই জাবেদার শ্রেণিবিভাগের প্রয়োজন হয়। আধুনিক হিসাববিজ্ঞানে জাবেদাকে প্রধানত দুই ভাগে ভাগ করা হয়। যথা:

১. বিশেষ জাবেদা ২. সাধারণ বা প্রকৃত জাবেদা

বিশেষ জাবেদা (Special Journal)	সমজাতীয় লেনদেনসমূহকে স্বতন্ত্রভাবে লিপিবদ্ধ করার জন্য যে জাবেদা ব্যবহার করা হয় তাকে বিশেষ জাবেদা বলে।
সাধারণ বা প্রকৃত জাবেদা (General Journal)	লেনদেনের যে সকল দাখিলাসমূহ কোনো বিশেষ জাবেদায় লিপিবদ্ধ হয় না, তাদেরকে যে জাবেদায় লিপিবদ্ধ করা হয় তাকে সাধারণ জবেদা বলে। সাধারণ জাবেদাকে প্রধান জাবেদা, প্রকৃত জাবেদা ইত্যাদি নামে অভিহিত করা হয়।

CamScanner

বিশেষ জাবেদার প্রকারভেদ :

ক্রয় জাবেদা (Purchase Journal) : ধারে পণ্য ক্রয় সংক্রান্ত লেনদেন যে জাবেদায় লিপিবদ্ধ করা হয় তাকে ক্রয় জাবেদা বলে। "নগদে পণ্য ক্রয়" ক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয় না, নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ হয়। "ধারে সম্পত্তি ক্রয়" ক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয় না, সাধারণ জাবেদায় লিপিবদ্ধ হয়।

বিক্রয় জাবেদা (Sales Journal) : ধারে পণ্য বিক্রয় সংক্রান্ত লেনদেন যে জাবেদায় লিপিবদ্ধ করা হয় তাকে বিক্রয় জাবেদা বলে। "নগদে পণ্য বিক্রয়" বিক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয় না, নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হয়। " ধারে সম্পত্তি বিক্রয়" বিক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয় না, সাধারণ জাবেদায় লিপিবদ্ধ হয়।

নগদ প্রাপ্তি জাবেদা (Cash Receipts Journal) : নগদে বিক্রয়সহ সকল প্রকার নগদ প্রাপ্তি সংক্রান্ত লেনদেন যে বিশেষ জাবেদায় লিপিবদ্ধ করা হয় তাকে নগদ প্রাপ্তি জাবেদা বলে।

নগদ প্রদান জাবেদা (Cash Payments Journal) : নগদে ক্রয়সহ সকল প্রকার নগদ প্রদান সংক্রান্ত লেনদেন যে বিশেষ জাবেদায় লিপিবদ্ধ করা হয় তাকে নগদ প্রদান জাবেদা বলে।

ক্রয় ফেরত জাবেদা (Purchase Return Journal) : ধারে ক্রীত পণ্য ফেরত দেওয়া হলে যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়, তাকে ক্রয় ফেরত বা বহিঃফেরত জাবেদা বলে।

বিক্রয় ফেরত জাবেদা (Sales Return Journal) : ধারে বিক্রিত পণ্য ফেরত আসলে যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়, তাকে বিক্রয় ফেরত বা আন্তঃফেরত জাবেদা বলে।

প্রাপ্য বিল জাবেদা (Bills Receivable Journal) : দেনাদার কর্তৃক স্বীকৃত প্রাপ্য বিলসমূহ যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়, তাকে প্রাপ্য বিল জাবেদা বলে। প্রাপ্য বিল প্রত্যাখ্যান সংক্রান্ত দাখিলা প্রাপ্য বিল জাবেদায় লিপিবদ্ধ হয় না, সাধারণ জাবেদায় লিপিবদ্ধ হয়।

প্রদেয় বিল জাবেদা (Bills Payable Journal): পাওনাদারের অনুকূলে স্বীকৃত প্রদেয় বিলসমূহ যে জাবেদায় লিপিবদ্ধ হয়, তাকে প্রদেয় বিল জাবেদা বলে। প্রদেয় বিল প্রত্যাখ্যান সংক্রান্ত লেনদেন প্রদেয় বিল জাবেদায় লিপিবদ্ধ হয় না, সাধারণ জাবেদায় লিপিবদ্ধ হয়।

একনজরে বিশেষ জাবেদাসমূহ :

ক্রমিক নং	জাবেদা বহির নাম	উৎস দলিল	যে সকল লেনদেন লিপিবদ্ধ হবে	জাবেদা	যে সকল লেনদেন লিপিবদ্ধ হয় না
১.	ক্রয় জাবেদা	চালান	শুধু ধারে পণ্য/মাল/ জিনিসপত্র ক্রয়	ক্রয় হিসাব ডেবিট পাওনাদার হিসাব ক্রেডিট	১. নগদে ক্রয় ২. ধারে সম্পত্তি ক্রয় ৩. ক্রয় সংক্রান্ত খরচ
২.	বিক্রয় জাবেদা	চালান	শুধু ধারে পণ্য/মাল/ জিনিসপত্র বিক্রয়	দেনাদার হিসাব ডেবিট বিক্রয় হিসাব ক্রেডিট	১. নগদে পণ্য বিক্রয় ২. ধারে সম্পত্তি বিক্রয় ৩. বিক্রয় সংক্রান্ত খরচ
৩.	ক্রয় ফেরত জাবেদা	ডেবিট নোট/দেনা চিঠি	সরবরাহকারীকে ধারে ক্রয় করা পণ্য ফেরত দিলে	পাওনাদার হিসাব ডেবিট ক্রয় ফেরত হিসাব ক্রেডিট	নগদে ক্রয় করা পণ্য ফেরত দিলে
৪.	বিক্রয় ফেরত জাবেদা	ক্রেডিট নোট/পাওনা চিঠি	গ্রাহকগণের নিকট হতে ধারে বিক্রীত পণ্য ফেরত আসলে	বিক্রয় ফেরত হিসাব ডেবিট দেনাদার হিসাব ক্রেডিট	নগদে বিক্রীত পণ্য ফেরত আসলে
৫.	নগদ প্রাপ্তি জাবেদা	ক্যাশমেমো ও ক্রেডিট ভাউচার	সকল প্রকার নগদ প্রাপ্তি সংক্রান্ত লেনদেন	নগদান হিসাব ডেবিট বিক্রয়/দেনাদার হিসাব ক্রেডিট	বকেয়া বা অনগদ লেনদেন
৬.	নগদ প্রদান জাবেদা	ক্যাশমেমো ও ডেবিট ভাউচার	সকল প্রকার নগদ প্রদান	পাওনাদার/ক্রয় খতিয়ানের জের/ প্রদেয় বিল হিসাব ইত্যাদি ডেবিট নগদান হিসাব ক্রেডিট	বকেয়া বা অনগদ লেনদেন
৭.	প্রাপ্য বিল জাবেদা		গ্রাহকের কাছ থেকে বিলে স্বীকৃতি পাওয়া গেলে	প্রাপ্য বিল হিসাব ডেবিট দেনাদার/বিক্রয় হিসাব ক্রেডিট	প্রাপ্য বিলের প্রত্যাখ্যান
৮.	প্রদেয় বিল জাবেদা		সরবরাহকারীর বিলে স্বীকৃতি দিলে	পাওনাদার/ক্রয় হিসাব ডেবিট প্রদেয় বিল হিসাব ক্রেডিট	প্রদেয় বিলের প্রত্যাখ্যান

Super Tips:

▪ কোনো প্রতিষ্ঠান যদি আলাদা করে ক্রয় ফেরত এবং বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত না করে, তাহলে ধারে ক্রয়কৃত পণ্য ফেরত এবং ধারে বিক্রিত পণ্য ফেরত সংক্রান্ত লেনদেনসমূহ সাধারণ বা প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করতে হয়।

সাধারণ/প্রকৃত জাবেদাসমূহ :

ক্রমিক নং	জাবেদা বহির নাম	বিস্তারিত
১.	প্রারম্ভিক দাখিলা	পূর্ববর্তী হিসাবকালের উদ্বৃত্তপত্রের উপাদানগুলি নিয়ে পরবর্তী বছরের শুরুতেই এ জাবেদা দেয়া হয়।
২.	সমাপনী দাখিলা	হিসাবকাল শেষে নামিক ও উত্তোলন হিসাবকে বন্ধ করার জন্য এ দাখিলা দেয়া হয়।
৩.	সমন্বয় দাখিলা	হিসাবকাল শেষে অগ্রিম ও বকেয়াসমূহ সংশ্লিষ্ট আয় ব্যয়ের সাথে সমন্বয়ের জন্য এ জাবেদা দেয়া হয়।
৪.	স্থানান্তর দাখিলা	একটি হিসাবের জের অন্য কোন হিসাবে স্থানান্তরের জন্য এ জাবেদা দেয়া হয়।
৫.	ভুল সংশোধনী দাখিলা	হিসাবের ভুলত্রুটিকে সংশোধনের জন্য এ জাবেদা দেয়া হয়।
৬.	বিপরীত দাখিলা	পূর্ববর্তী হিসাবকালের বকেয়া আয়-ব্যয়সমূহের সমন্বয় জাবেদা দাখিলার বিপরীত যে দাখিলা পরবর্তী বছরের শুরুতে দেয়া হয়।

প্রারম্ভিক জাবেদা দাখিলা (Opening Journal Entries) :

কোনো নির্দিষ্ট হিসাবকালে প্রতিষ্ঠানে যে সকল লেনদেন সংঘটিত হয়, সেগুলোকে হিসাবের খাতওয়ারী আলাদাভাবে বিশ্লেষণ করলে যে হিসাবগুলো পাওয়া যায় তা হলো : ১. সম্পত্তি, ২. দায়, ৩. মালিকানা স্বত্ব, ৪. আয় এবং ৫. ব্যয়। এই পাঁচটি হিসাবের মধ্যে দুটি হিসাবের অস্তিত্ব সংশ্লিষ্ট হিসাবকালে নিঃশেষ হয়ে যায়। আর সেগুলো হলো আয় এবং ব্যয়। অবশিষ্ট তিনটি হিসাব অর্থাৎ সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব হিসাবের উদ্বৃত্ত সংশ্লিষ্ট হিসাবকালে শেষ হবে না। কোনো একটি নির্দিষ্ট হিসাবকালের শেষ দিনে কারবারে যে সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্বের জের থাকবে সেগুলোকে পরবর্তী হিসাব বৎসরে স্থানান্তর করে হিসাব নিকাশ সংক্রান্ত কার্যক্রম শুরু করতে হয়। সুতরাং, **যে জাবেদা দাখিলার মাধ্যমে পূর্ববর্তী হিসাবকালের সম্পত্তি ও দায় হিসাবগুলোকে পরবর্তী হিসাবকালে স্থানান্তর করা হয় সে জাবেদাকে প্রারম্ভিক জাবেদা দাখিলা বলে।** প্রারম্ভিক জাবেদা দাখিলা প্রদান করা হয় চলমান প্রতিষ্ঠান ধারণা অনুযায়ী।

CamScanner

লেনদেনের উৎস সংক্রান্ত দলিলসমূহ (Source Document of Transaction):

চালান	▪ বিক্রেতা কর্তৃক ধারে বিক্রীত পণ্যের পরিমাণ, দর, মোট মূল্য ইত্যাদি উল্লেখ করে সংশ্লিষ্ট ক্রেতার নিকট যে দলিল পাঠানো হয় তাকে চালান বলে। ▪ ক্রেতা কর্তৃক গৃহীত চালানপত্রকে 'ক্রয় চালান' এবং বিক্রেতা কর্তৃক সংরক্ষিত চালানপত্রকে 'বিক্রয় চালান' বলা হয়। ▪ ক্রেতা ক্রয় চালান দেখে ক্রয় জাবেদা প্রস্তুত করে থাকে। ▪ বিক্রেতা বিক্রয় চালান দেখে বিক্রয় জাবেদা প্রস্তুত করে। ▪ চালান তিন কপি প্রস্তুত করা হয়। এক কপি ক্রেতাকে দেওয়া হয় এবং দুটি অনুলিপি বিক্রেতা সংরক্ষণ করে।
ক্যাশমেমো	▪ বিক্রেতা কর্তৃক নগদে বিক্রীত পণ্যের পরিমাণ, দর, মোট মূল্য ইত্যাদি উল্লেখ করে সংশ্লিষ্ট ক্রেতার নিকট যে দলিল প্রদান করা হয় বা পাঠানো হয়, তাকে ক্যাশ মেমো বলে। ▪ ক্যাশমেমো তিন কপি প্রস্তুত করা হয়। মূল কপি ক্রেতাকে দেওয়া হয় এবং কার্বন কপিসমূহ বিক্রেতার নিকট থাকে। ▪ বিক্রেতা ক্যাশমেমো দেখে নগদ প্রাপ্তি জাবেদায় এবং ক্রেতা ক্যাশমেমো দেখে নগদ প্রদান জাবেদায় লেনদেন লিপিবদ্ধ করে থাকে। ▪ ক্যাশমেমো ব্যবহারের প্রবাহ: নগদান বই- রেওয়ামিল- উদ্বৃত্তপত্র।
ভাউচার	▪ ক্রয়, বিক্রয়, খরচ ও আয় ইত্যাদি সকল প্রকার লেনদেন হিসাবের বইতে লিপিবদ্ধ করার জন্য লেনদেনের সমর্থনে সংরক্ষিত লিখিত দলিলকে ভাউচার বলে। ভাউচার দুই প্রকার। যথা: ডেবিট ভাউচার এবং ক্রেডিট ভাউচার। ▪ **ডেবিট ভাউচার :** নগদে পণ্য ক্রয়সহ বিভিন্ন ধরনের প্রদত্ত ব্যয়ের প্রমাণস্বরূপ যে ভাউচার সংরক্ষণ করা হয়, তাকে ডেবিট ভাউচার বলে। ▪ **ক্রেডিট ভাউচার :** নগদে পণ্য বিক্রয়সহ বিভিন্ন ধরনের প্রাপ্ত আয়ের প্রমাণস্বরূপ যে ভাউচার সংরক্ষণ করা হয়, তাকে ক্রেডিট ভাউচার বলে। ▪ ডেবিট ভাউচার এবং ক্রেডিট ভাউচার দেখে নগদান বই প্রস্তুত করা হয়।
ডেবিট নোট/ দেনা লিপি	▪ ধারে ক্রয়কৃত পণ্য ফেরত পাঠিয়ে বা কোনো প্রকার ভুল সংশোধন করার জন্য ক্রেতা বিক্রেতার হিসাবকে ডেবিট করে তা বিক্রেতাকে অবহিত করার জন্য যে নোট ইস্যু করে তাকে ডেবিট নোট বলে। ▪ ডেবিট নোটে পণ্যের পরিমাণ, দর, মূল্য, প্রযোজ্য কারবারি বাট্টা ইত্যাদি উল্লেখ করা হয়। ▪ ডেবিট নোট দেখে ক্রয় ফেরত (বহিঃফেরত) জাবেদা প্রস্তুত করা হয়। ডেবিট নোট ক্রেতা প্রস্তুত করে।
ক্রেডিট নোট/ পাওনা লিপি	▪ বিক্রেতার কাছে ধারে বিক্রীত পণ্য ফেরত আসলে বা কোনো প্রকার ভুল সংশোধন করার জন্য বিক্রেতা ক্রেতার হিসাবকে ক্রেডিট করে তা ক্রেতাকে অবহিত করার জন্য যে নোট ইস্যু করে, তাকে ক্রেডিট নোট বলে। ▪ ক্রেডিট নোটে পণ্যের পরিমাণ, দর, মূল্য, প্রযোজ্য ব্যবসায়িক বাট্টা ইত্যাদি উল্লেখ করা হয়। ▪ ক্রেডিট নোট দেখে বিক্রয়ফেরত (আন্তঃফেরত) জাবেদা প্রস্তুত করা হয়। ক্রেডিট নোট বিক্রেতা প্রস্তুত করে।

Step ② At a Glance : Most Important Information

- Journal বা জাবেদা শব্দটি ফরাসি Jour শব্দ হতে উদ্ভব হয়েছে। ফরাসি ভাষায় Jour অর্থ দিন বা দিবস। Journal এর বাংলা পরিভাষা হলো – **জাবেদা বা দৈনিক বই (Day Book)**
- দৈনন্দিন লেনদেনগুলো প্রতিদিন যে বইতে লেখা হয় তার নাম– **জাবেদা।**
- জাবেদা লেনদেনের– **কালক্রমিক রেকর্ড প্রকাশ করে।**
- জাবেদা হিসাববিজ্ঞান প্রক্রিয়ার– **২য় ধাপ**, হিসাবরক্ষণ প্রক্রিয়ার– **২য় ধাপ**, হিসাব চক্রের– **২য় ধাপ।**
- একটি পূর্ণাঙ্গ জাবেদা দাখিলায় অন্তর্ভুক্ত থাকে– ১. লেনদেন সংঘটনের তারিখ, ২. লেনদেনের সংক্ষিপ্ত বিবরণ ও ব্যাখ্যা, ৩. হিসাবের নাম ও টাকার পরিমাণ যা ডেবিট ক্রেডিট হিসাবে লিখতে হবে।
- হিসাব প্রক্রিয়ায় জাবেদা যে কাজটি করে– **লিপিবদ্ধকরণ।**
- ক্রয় হিসাব বা ক্রয় খতিয়ানে লিপিবদ্ধ করা হয়– নগদ ও বাকিতে ক্রয়। কিন্তু ক্রয় বই বা ক্রয় জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **শুধু বাকিতে ক্রয়।**
- ক্রয় বই, বিক্রয় বই, (বিশেষ জাবেদা) হতে সহকারী/বিশেষ খতিয়ানে স্থানান্তর করা হয়– **প্রতিদিনে।**
- ক্রয় বই, বিক্রয় বই (বিশেষ জাবেদা) হতে সাধারণ খতিয়ানে স্থানান্তর করা হয়– **প্রতি মাসে।**
- সমজাতীয় লেনদেনগুলোকে লিপিবদ্ধ/জাবেদাভুক্ত করা হয়– **বিশেষ জাবেদাসমূহে।**
- বিশেষ জাবেদায় যে সকল লেনদেন লিপিবদ্ধ করা হয় না, তা লিপিবদ্ধ করা হয়– **সাধারণ বা প্রকৃত জাবেদায়।**
- ডেবিট নোট বা দেনালিপি সাধারণত– **লাল কালিতে ছাপানো হয়ে থাকে।**
- ধারে পণ্য ক্রয় সংক্রান্ত লেনদেন যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **ক্রয় জাবেদা**
- ধারে পণ্য বিক্রয় সংক্রান্ত লেনদেন যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **বিক্রয় জাবেদায়**
- সকল প্রকার নগদ প্রাপ্তি ও প্রদান কোন জাবেদায় লেখা হয়– **নগদ প্রাপ্তি ও নগদ প্রদান জাবেদায়**
- প্রাপ্য বিল প্রত্যাখ্যান, প্রদেয় বিল প্রত্যাখ্যান সংক্রান্ত লেনদেন কোন জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **সাধারণ জাবেদায়**
- ধারে ক্রীত পণ্য ফেরত দেওয়া হলে যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **ক্রয় ফেরত বা বহিঃফেরত জাবেদা**
- ধারে বিক্রীত পণ্য ফেরত আসলে যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **বিক্রয় ফেরত বা আন্তঃফেরত জাবেদা**
- দেনাদার কর্তৃক স্বীকৃত প্রাপ্য বিলসমূহ যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **প্রাপ্য বিল জাবেদা**
- গ্রাহকের নিকট থেকে বিলের স্বীকৃতি পেলে কোন বইতে লেখা হয়– **প্রাপ্য বিল বই**
- পাওনাদার অনুকূলে স্বীকৃত প্রদেয় বিলসমূহ যে জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **প্রদেয় বিল জাবেদা**
- সমন্বয় দাখিলা, বিপরীত দাখিলা, ভুল সংশোধনী দাখিলা কোন জাবেদার অন্তর্ভুক্ত– **সাধারণ জাবেদা**
- ধারে সম্পত্তি ক্রয় কোন জাবেদায় লিপিবদ্ধ করা হয়– **সাধারণ জাবেদায়**
- প্রারম্ভিক জাবেদার উপাদানগুলো কি কি– **সম্পদ, দায়, মালিকানাস্বত্ব**

CamScanner

- প্রারম্ভিক জাবেদা দাখিলা হিসাববিজ্ঞানের কোন ধারণা অনুযায়ী প্রদান করা হয়- **চলমান প্রতিষ্ঠান ধারণা**
- সকল সম্পদ ডেবিট ও সকল দায় এবং মালিকানাস্বত্ব ক্রেডিট হলে জাবেদাটির ধরন কিরূপ হবে- **প্রারম্ভিক জাবেদা লিখন**
- বিক্রেতা কর্তৃক ধারে বিক্রীত পণ্যের পরিমাণ, দর, মোট মূল্য ইত্যাদি উল্লেখ করে সংশ্লিষ্ট ক্রেতার নিকট যে দাখিলা পাঠানো হয় তাকে কি বলে- **চালান**
- কোন দাখিলের উপর ভিত্তি করে ক্রয় জাবেদা প্রস্তুত করা হয়- **চালান**
- বিক্রেতা কর্তৃক নগদে বিক্রীত পণ্যের পরিমাণ, দর, মোট মূল্য ইত্যাদি উল্লেখ করে সংশ্লিষ্ট ক্রেতার নিকট যে দাখিলা পাঠানো হয় তাকে কি বলে- **ক্যাশ মেমো**
- কোন দলিলের উপর ভিত্তি করে বিক্রয় জাবেদা প্রস্তুত করা হয়- চালান
- কোন দাখিলের উপর ভিত্তি করে নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত করা হয়- **ক্যাশ মেমো**
- নগদে পণ্য ক্রয়সহ বিভিন্ন ধরনের প্রদত্ত ব্যয়ের প্রমাণস্বরূপ যে ভাউচার সংরক্ষণ করা হয়- **ডেবিট ভাউচার**
- নগদ প্রদান জাবেদা কোন দলিলের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়- **ক্যাশ মেমো**
- নগদে পণ্য বিক্রয়সহ বিভিন্ন ধরনের প্রাপ্ত আয়ের প্রমাণস্বরূপ যে ভাউচার সংরক্ষণ করা হয়- **ক্রেডিট ভাউচার**
- ক্রয় ফেরত জাবেদা কোন দলিলের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়- **ডেবিট নোট**
- বিক্রয় ফেরত জাবেদা কোন দলিলের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়- **ক্রেডিট নোট**
- ডেবিট নোট কে তৈরি করে- **ক্রেতা**
- ক্যাশ মেমো সাধারণত কয় কপি প্রস্তুত করা হয়- **৩ কপি**
- একজন যন্ত্রপাতি ব্যবসায়ী যন্ত্রপাতি ক্রয় করেছেন ৫০,০০০ টাকা। এর জাবেদা দাখিলা- ক্রয় হিসাব **ডেবিট ৫০,০০০ টাকা;** নগদান হিসাব **ক্রেডিট ৫০,০০০ টাকা**
- চালান দেখে কি প্রস্তুত করা হয়- চালান – **ক্রয় ও বিক্রয় জাবেদা**
- ক্যাশমেমো দেখে কি প্রস্তুত করা হয়- **ক্যাশমেমো - নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদা**
- ক্রেডিট ভাউচার কি কাজে ব্যবহার হয়- **আয়ের জন্য**

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. 'কমিশন অগ্রিম পাওয়া গেলে'- লেনদেনটির জাবেদা হবে : [DU : 18-19; DU 7 College:19-20]

Ⓐ প্রাপ্য কমিশন ডেবিট, কমিশন আয় ক্রেডিট
Ⓑ নগদান হিসাব ডেবিট, কমিশন আয় ক্রেডিট
Ⓒ নগদান হিসাব ডেবিট, অনুপার্জিত কমিশন আয় ক্রেডিট
Ⓓ নগদান হিসাব ডেবিট, প্রাপ্য কমিশন ক্রেডিট

Solve কমিশন অগ্রিম পাওয়া গেলে এর জাবেদা হবে নগদান হিসাব ডেবিট, অনুপার্জিত কমিশন আয় ক্রেডিট।

02. সকল সম্পদ ডেবিট ও সকল দায় এবং মালিকানাস্বত্ব ক্রেডিট হলে জাবেদাটির ধরন কীরূপ হবে? [DU : 12-13; RU : 13-14; BU : 12-13]

Ⓐ প্রারম্ভিক জাবেদা লিখন
Ⓑ সমাপনী জাবেদা লিখন
Ⓒ সমন্বয় জাবেদা লিখন
Ⓓ সংশোধনী জাবেদা লিখন
Ⓔ স্থানান্তর জাবেদা লিখন

Solve হিসাবকালের শুরুতে হিসাব তালিকা অনুসারে পূর্ববর্তী হিসাবকালের সম্পত্তি ও দায়ের উদ্বৃত্ত নিয়ে প্রারম্ভিক দাখিলা প্রদান করা হয়। এতে সকল প্রকার সম্পত্তিকে ডেবিট এবং সকল প্রকার দায় ও মূলধনকে ক্রেডিট করা হয়।

03. নিচের হিসাবসমূহ শুরু করার জন্য প্রারম্ভিক জাবেদার (opening entry) প্রয়োজন হয়- [DU : 11-12]

Ⓐ রাজস্ব, খরচ ও সম্পত্তি
Ⓑ সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব
Ⓒ সম্পত্তি, দায় ও মালিকের উত্তোলন
Ⓓ রাজস্ব, ব্যয় ও দায়
Ⓔ রাজস্ব, ব্যয় ও নিট সম্পত্তি

Solve নতুন কোনো হিসাবকালের শুরুতে হিসাব তালিকা অনুসারে পূর্ববর্তী হিসাবকালের সম্পত্তি ও দায়ের উদ্বৃত্ত নিয়ে প্রারম্ভিক দাখিলা দেওয়া হয়। এখানে, Option 'B' সম্পত্তি, দায় ও মালিকানাস্বত্ব যার জন্য প্রারম্ভিক দাখিলার প্রয়োজন।

04. 'কর্মচারীদের উৎসব বোনাস (Festival bonus) দেওয়া হলো'-এর জাবেদা হবে- [DU : 11-12]

Ⓐ বেতন ও ভাতা হি: ডেবিট, নগদান হি: ক্রেডিট
Ⓑ নগদান হি: ডেবিট, বেতন ও ভাতা হি: ক্রেডিট
Ⓒ উৎসব বোনাস হি: ডেবিট, বেতন হি: ক্রেডিট
Ⓓ বেতন হি: ডেবিট, উৎসব বোনাস হি: ক্রেডিট
Ⓔ উপরের কোনোটিই নয়

Solve এ লেনদেনের জন্য জাবেদা হবে বেতন-ভাতা হিসাব ডেবিট (ব্যয় বিধায়), নগদান হিসাব ক্রেডিট (নগদ টাকা হ্রাস পাওয়ায়)।

05. ব্যবসায়ের কাজের জন্য ব্যাংক থেকে টাকা তোলা হলো এর জাবেদা হবে [DU : 10-11]

Ⓐ ব্যাংক ডেবিট, নগদান ক্রেডিট
Ⓑ ব্যাংক ডেবিট, নগদান ডেবিট
Ⓒ নগদান ডেবিট, ব্যাংক ডেবিট
Ⓓ নগদান ডেবিট, ব্যাংক ক্রেডিট
Ⓔ ব্যাংক ক্রেডিট, নগদান ক্রেডিট

Solve ব্যবসায়ের কাজের জন্য ব্যাংক থেকে টাকা তোলা হলে, ব্যবসায়ে নগদ টাকা (সম্পত্তি) বৃদ্ধি পায় এবং ব্যাংক হতে টাকা চলে যাওয়ায় ব্যাংক নামক সম্পত্তি হ্রাস পায়। সুতরাং জাবেদা হবে নগদান হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট।

06. যদি বাকিতে বিক্রীত পণ্য ক্রেতার নিকট হতে ফেরত আসে, তবে সাধারণত যে বহিতে লিপিবদ্ধ করা হয় তা হলো- [DU : 10-11]

Ⓐ নগদ প্রদান জাবেদা
Ⓑ বিক্রয় জাবেদা
Ⓒ সাধারণ জাবেদা
Ⓓ নগদ প্রাপ্তি জাবেদা
Ⓔ ক্রয় জাবেদা

Solve বিক্রীত পণ্য ফেরত আসলে বিক্রয় ফেরত জাবেদায় লেখা হয়। যদি প্রতিষ্ঠান বিক্রয় ফেরত জাবেদা সংরক্ষণ না করে, তাহলে সাধারণ জাবেদায় লেখা হয়। যেহেতু Option-এ বিক্রয় ফেরত জাবেদা নাই তাই উত্তর সাধারণ জাবেদা হবে।

07. হাসানের নিকট থেকে ঋণ গ্রহণের জাবেদা হবে: [DU : 09-10]

Ⓐ হাসান ডেবিট, নগদ ক্রেডিট
Ⓑ নগদ ডেবিট, ঋণ ক্রেডিট
Ⓒ নগদ ডেবিট, প্রদেয়বিল ক্রেডিট
Ⓓ নগদ ডেবিট, হাসান ক্রেডিট
Ⓔ নগদ ক্রেডিট, হাসানের ঋণ ডেবিট

Solve কারও কাছ হতে ঋণ গ্রহণ করা হলে, নগদ টাকা নামক সম্পদ ও ঋণ নামক দায় বৃদ্ধি পায়। সুতরাং এর জাবেদা হবে, নগদান হিসাব ডেবিট, ঋণ হিসাব ক্রেডিট।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

19. একটি মেশিন স্থাপনের জন্য ৫,০০০ টাকা মজুরি খরচ হয়, যার জন্য ডেবিট করতে হবে- [DU : 97-98; IU : 05-06]

Ⓐ মজুরি হিসাব Ⓑ যন্ত্রপাতি হিসাব Ⓒ অবচয় হিসাব Ⓓ মেরামত হিসাব

Solve Ⓑ সম্পত্তিটি অর্জন করতে বা কার্যক্ষম করতে বা সম্পত্তিটি ক্রয় করে কার্যস্থলে আনা, বসানো প্রভৃতি কাজের মাধ্যমে ব্যবহার উপযোগী করতে যত ব্যয় হবে, ঠিক তত টাকা দ্বারা সম্পত্তি হিসাবটি ডেবিট করতে হবে। ফলে স্থাপন খরচের জন্য যন্ত্রপাতি হিসাব ডেবিট করতে হবে।

20. করিম একজন সরবরাহকারীর নিকট নষ্ট পণ্য ফেরত দেয় এবং ৯৫০ টাকা নগদ গ্রহণ করে। এই লেনদেন তার বইয়ে লিপিবদ্ধ করার জন্য জাবেদা লিখনটি হবে- [DU : 96-97]

Ⓐ ক্রয় হিসাব ডেবিট ৯৫০ টাকা, পাওনাদার হিসাব ক্রেডিট ৯৫০ টাকা

Ⓑ নগদান হিসাব ডেবিট ৯৫০ টাকা, ক্রয় ফেরত হিসাব ক্রেডিট ৯৫০ টাকা

Ⓒ নগদান হিসাব ডেবিট ৯৫০ টাকা, দেনাদার হিসাব ক্রেডিট ৯৫০ টাকা

Ⓓ দেনাদার হিসাব ডেবিট ৯৫০ টাকা, ক্রয়ফেরত হিসাব ক্রেডিট ৯৫০ টাকা

Solve Ⓑ লেনদেনটির ফলে করিমের সম্পদ (নগদ টাকা, যা নষ্ট পণ্য ফেরত দিয়ে গ্রহণ করেছে) বেড়েছে। ফলে নগদান হিসাব ডেবিট করতে হবে। আবার ক্রয়কৃত পণ্য ফেরত দেওয়ায় তার (ক্রয় বাবদ) ব্যয় হ্রাস পেয়েছে। ফলে ক্রয় ফেরত হিসাব ক্রেডিট হবে।

21. ১৯৯৫ সনে একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানে নিম্নলিখিত লেনদেনসমূহ সংঘটিত হয়, নগদ বিক্রয় ১০,০০,০০০ টাকা, বাকিতে বিক্রয় ২৪,০০,০০০ টাকা, দেনাদার হতে অর্থ প্রাপ্ত ৮,০০,০০০ টাকা, বিক্রয় অথবা ফেরত পদ্ধতিতে ক্রয়মূল্যের উপর ২০% ধরে ২,৪০,০০০ টাকার মালামাল প্রেরণ, ক্রেতাদের নিকট হতে প্রাপ্ত ফেরত ১,০০,০০০ টাকা। বিক্রয় বহিতে কত টাকা লিপিবদ্ধ করতে হবে? [DU : 95-96]

Ⓐ ৩৬,৪০,০০০ টাকা Ⓑ ৩৫,৪০,০০০ টাকা

Ⓒ ২৪,০০,০০০ টাকা Ⓓ ২৫,৪০,০০০ টাকা

Solve Ⓒ বিক্রয় বইতে লিপিবদ্ধ করা হয় শুধু বাকিতে/ধারে বিক্রয়। অর্থাৎ বিক্রয় বইতে শুধুমাত্র বাকিতে বিক্রয় ২৪,০০,০০০ টাকা লিপিবদ্ধ করতে হবে।

22. বিক্রয় বহিতে যা লিপিবদ্ধ করা হয় [DU : 94-95, 91-92; RU : 08-09]

Ⓐ সকল বিক্রয় Ⓑ নগদ বিক্রয়

Ⓒ বাকিতে বিক্রয় Ⓓ বাকিতে ক্রয় **Ans** Ⓒ

23. নগদে ২০,০০০ টাকার চেয়ার পুনঃবিক্রয়ের জন্য ক্রয় করা হলো। ইহা লিপিবদ্ধকরণের জন্য জাবেদা লিখন হবে- [DU : 94-95]

Ⓐ আসবাবপত্র হিসাব ডেবিট ২০,০০০ টাকা, বিবিধ দেনাদার হিসাব ক্রেডিট ২০,০০০

Ⓑ আসবাবপত্র হিসাব ডেবিট ২০,০০০ টাকা, নগদান হিসাব ক্রেডিট ২০,০০০

Ⓒ ক্রয় হিসাব ডেবিট ২০,০০০ টাকা, নগদান হিসাব ক্রেডিট ২০,০০০

Ⓓ কোনোটিই নয়

Solve Ⓒ পুনঃবিক্রয়ের জন্য কোন সম্পদ/সরঞ্জাম ক্রয় করা হলে তা পণ্য/মাল হিসেবে ধরা হয়। আর পণ্য ক্রয়কে ক্রয় (ব্যয়) হিসাবে ডেবিট করা হয়। এবং নগদ টাকা প্রদান করায়, নগদ টাকা নামক সম্পদ হ্রাস পায় ফলে নগদান হিসাব ক্রেডিট করতে হবে।

24. ক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য- একটি করে এন্ট্রির প্রয়োজন হয় [DU : 93-94]

Ⓐ সাধারণ জাবেদায় Ⓑ ক্রয় জাবেদায় Ⓒ দেয় হিসাব খতিয়ানে Ⓓ কোনোটিই নয়

Solve Ⓒ ধারে ক্রয়সংক্রান্ত এন্ট্রির জন্য ক্রয় জাবেদায় এন্ট্রি প্রদান করা হয়। ধারে ক্রয় এর সাথে সংশ্লিষ্ট পক্ষ দুটি হলো। (১) ক্রয় হিসাব ও (২) পাওনাদার/দেয় হিসাব। সুতরাং ক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য একটি করে এন্ট্রির প্রয়োজন হয় দেয় হিসাব খতিয়ানে।

25. যখন আমরা নিজ ব্যবহারের জন্য ব্যবসা হতে পণ্য গ্রহণ করি তখন আমাদের উচিত- [DU : 93-94]

Ⓐ উত্তোলন হিসাব ডেবিট; ক্রয় হিসাব ক্রেডিট করা

Ⓑ ক্রয় হিসাবে ডেবিট; উত্তোলন হিসাব ক্রেডিট করা

Ⓒ উত্তোলন হিসাব ডেবিট; মজুত হিসাব ক্রেডিট করা

Ⓓ বিক্রয় হিসাব ডেবিট; মজুত হিসাব ক্রেডিট করা

Solve Ⓐ মালিক ব্যবসা হতে পণ্য উত্তোলন করলে উত্তোলন হিসাব বৃদ্ধি পায় যা ব্যবসায়ের সম্পদের উপর মালিকের দাবিকে কমিয়ে দেয়, অর্থাৎ এটি একটি বিপরীত মালিকানা স্বত্ব হিসাব। ফলে উত্তোলন হিসাব ডেবিট করা হবে। আর পণ্য উত্তোলন করায় ব্যবসায়ের ক্রয় নামক ব্যয় হ্রাস পায়। আর ব্যয় হ্রাস পেলে ক্রেডিট করা হয়। ফলে ক্রয় হিসাব ক্রেডিট করতে হবে।

26. নিচের বিষয়গুলোর কোনটি সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করা উচিত? [DU : 93-94]

(১) নগদ ক্রয়ের জন্য পরিশোধ (২) আসবাবপত্র বাকিতে বিক্রয় (৩) বাকিতে পণ্য দ্রব্য বিক্রয় (৪) অতিরিক্ত যন্ত্রপাতি বাকিতে বিক্রয়

Ⓐ ১ এবং ৪ Ⓑ ২ এবং ৩ Ⓒ ৩ ও ৪ Ⓓ ২ এবং ৪

Solve Ⓓ সাধারণ জাবেদা বা প্রকৃত জাবেদায় যে সকল বিষয় অন্তর্ভুক্ত বা লিপিবদ্ধ করা হয় তা হলো- (১) বাকিতে সম্পত্তি ক্রয়, (২) বাকিতে অতিরিক্ত/ পুরাতন আসবাবপত্র/ সম্পত্তি বিক্রয় (৩) সমাপনী দাখিলা (৪) বিপরীত দাখিলা (৫) সমন্বয় দাখিলা (৬) শেয়ার ইস্যু সংক্রান্ত দাখিলা (৭) প্রারম্ভিক দাখিলা প্রভৃতি।

27. বিক্রয় জাবেদার যোগফল অন্তর্ভুক্ত হয়- [DU : 92-93]

Ⓐ সাধারণ খতিয়ানের বিক্রয় হিসাবের ক্রেডিট পার্শ্বে

Ⓑ বিক্রয় খতিয়ানের সাধারণ হিসাবের ক্রেডিট পার্শ্বে

Ⓒ সাধারণ খতিয়ানের বিক্রয় হিসাবের ডেবিট পার্শ্বে

Ⓓ দৈনিক বিক্রয় বহির ডেবিট দিকে **Ans** Ⓐ

28. ক্রয় বহিতে যা লিপিবদ্ধ করা হয় [DU : 92-93; JB 07-08; RU 08-09; PUST 13-14; DU: 19-20; PUST : 19-20]

Ⓐ সকল ক্রয় Ⓑ নগদ ক্রয় Ⓒ বাকিতে ক্রয় Ⓓ বাকিতে বিক্রয়

Solve Ⓒ বিশেষ জাবেদা বইয়ের ক্রয় বইতে সাধারণত ধারে বা বাকিতে পণ্য দ্রব্য বা মালামাল (যা বিক্রয়ের উদ্দেশ্যে, ব্যবহারের উদ্দেশ্যে নয়) ক্রয় লিপিবদ্ধ করা হয়।

29. উত্তোলনের উপর সুদ ২৫০ টাকার জন্য ডেবিট করতে হবে- [DU : 92-93]

Ⓐ উত্তোলন হিসাব Ⓑ নগদান হিসাব

Ⓒ অবচয় হিসাব Ⓓ বেতন হিসাব

Solve Ⓐ মালিক কর্তৃক নগদ উত্তোলনের উপর যে সুদ ধরা হয় (পণ্য উত্তোলনের উপর সাধারণত সুদ ধরা হয় না) তা নগদে আদায় করা হয় না। তাই এ সুদ উত্তোলন হিসাবে ডেবিট করে মালিকানাস্বত্ব বা মালিকের মূলধনকে হ্রাস করা হয়। ফলে উত্তোলনের উপর সুদ ২৫০ টাকার জন্য উত্তোলন হিসাব ডেবিট করা হবে এবং উত্তোলনের সুদ (আয়) হিসাব ক্রেডিট হবে।

30. ক্রয় জাবেদার যোগফল স্থানান্তরিত হয়- [DU : 92-93]

Ⓐ ক্রয় হিসাবের ক্রেডিট দিকে Ⓑ দৈনিক ক্রয় বহির ডেবিট দিকে

Ⓒ ক্রয় বহির ক্রেডিট দিকে Ⓓ ক্রয় হিসাবের ডেবিট দিকে **Ans** Ⓓ

31. একটি নির্দিষ্ট সময়কালে বিক্রয় লেনদেনগুলো ছিল নিম্নরূপ – [DU : 92-93]

(১) করিমের নিকট ধারে বিক্রয় ৫০,০০০ টাকা (২) কালামের নিকট নগদ বিক্রয় ৩৫,০০০ টাকা (৩) রোকনের নিকট বাকিতে বিক্রয় ২৫,০০০ টাকা (৪) করিম কর্তৃক বিক্রীত মাল ফেরত ৫,০০০ টাকা। বিক্রয় বহিতে মোট কত টাকা হবে?

Ⓐ ১,১০,০০০ টাকা Ⓑ ১,০৫,০০০ টাকা

Ⓒ ৭০,০০০ টাকা Ⓓ ৭৫,০০০ টাকা

Solve Ⓓ শুধু বাকিতে বিক্রয়সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করা হয় বিক্রয় বইতে। ফলে (১) করিমের নিকট ধারে বিক্রয় ৫০,০০০ টাকা এবং (৩) রোকনের নিকট বাকিতে বিক্রয় ২৫,০০০ টাকার লেনদেন দুটি বিক্রয় বইতে লিপিবদ্ধ করা হবে। অতএব বিক্রয় বইতে মোট (৫০,০০০ + ২৫,০০০) = ৭৫,০০০ টাকা লিপিবদ্ধ করতে হবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. ৬০,০০০ টাকা অগ্রিম ভাড়া পাওয়া গেল, জাবেদা হবে—। [DU 7 College : 20-21]

Ⓐ অগ্রিম ভাড়া ৬০,০০০ টাকা ডেবিট এবং নগদ ৬০,০০০ টাকা ক্রেডিট
Ⓑ নগদ ৬০,০০০ টাকা ডেবিট এবং ভাড়া আয় ৬০,০০০ টাকা ক্রেডিট
Ⓒ নগদ ৬০,০০০ টাকা ডেবিট এবং অনুপার্জিত ভাড়া আয় ৬০,০০০ টাকা ক্রেডিট
Ⓓ ভাড়া ব্যয় ৬০,০০০ টাকা ডেবিট এবং অগ্রিম ভাড়া ৬০,০০০ টাকা ক্রেডিট

Solve ৬০,০০০ টাকা অগ্রিম ভাড়া পাওয়া গেলে এতে একদিকে যেমন ব্যবসায়ে ৬০,০০০ টাকার নগদ সম্পত্তি বৃদ্ধি পাবে অন্যদিকে তেমনি ৬০,০০০ টাকা আয় না করেই অগ্রিম গ্রহণ করায় অগ্রিম প্রাপ্ত ভাড়া দ্বারা অনুপার্জিত আয় নামক দায় বৃদ্ধি পাবে। তাই জাবেদা হবে- নগদান হিসাব ডেবিট ৬০,০০০ এবং অনুপার্জিত ভাড়া আয় ক্রেডিট ৬০,০০০।

02. জনাব হাফিজ ৫০,০০০ টাকার পণ্য বিনামূল্যে বিতরণ করেন। লেনদেনটি লিপিবদ্ধকরণে– [DU 7 College : 19-20]

i. ক্রয় হিসাব ডেবিট
ii. ক্রয় হিসাব ক্রেডিট
iii. বিজ্ঞাপন হিসাব ডেবিট হবে

নিচের কোনটি সঠিক?

Ⓐ i Ⓑ ii Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii

Solve বিনামূল্যে পণ্য বিতরণ করলে জাবেদা হয় :
বিজ্ঞাপন হিসাব – ডেবিট
ক্রয় হিসাব – ক্রেডিট, সুতরাং সঠিক উত্তর (ii) ও (iii)

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. ধারে ক্রয়কৃত পণ্য ক্রেতা ফেরত পাঠালে বিক্রেতা সাধারণত যে বহিতে লিখবে- [RU-B : 21-22]

Ⓐ নগদ পরিশোধ জাবেদায় Ⓑ বিক্রয় জাবেদায়
Ⓒ সাধারণ জাবেদায় Ⓓ নগদ গ্রহণ জাবেদায়

Solve ধারে ক্রয়কৃত পণ্য ক্রেতা ফেরত পাঠালে বিক্রেতা সাধারণত বিক্রয় ফেরত বহিতে লিপিবদ্ধ করে। কিন্তু অপশনে বিক্রয় ফেরত বহিতে না থাকায় সাধারণ বা প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করতে হবে। কোন প্রতিষ্ঠান যদি আলাদা করে ক্রয় ফেরত ও বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত না করে তাহলে ধারে ক্রয় ফেরত ও ধারে বিক্রয় ফেরত সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

02. ধারে অফিস সরঞ্জামাদি ক্রয় করলে ক্রেডিট করতে হয়- [RU-B : 20-21]

Ⓐ অফিস সরঞ্জামাদি Ⓑ নগদ
Ⓒ প্রদেয় হিসাব Ⓓ সরঞ্জামাদির ব্যয়

Solve ধারে অফিস সরঞ্জামাদি ক্রয় করলে একদিকে যেমন ব্যবসায়ে অফিস সরঞ্জামাদি নামক স্থায়ী সম্পত্তি বৃদ্ধি পায়, অন্যদিকে তেমনি সরঞ্জাম সরবরাহকারী/প্রদেয় হিসাব নামক চলতি দায় বৃদ্ধি পায়। তাই জাবেদা হবে অফিস সরঞ্জাম হিসাব ডেবিট এবং সরঞ্জাম সরবরাহকারী/প্রদেয় হিসাব ক্রেডিট।

03. বিনামূল্যে পণ্য বিতরণ কোন হিসাবে লেখা হয়? [RU-B : 20-21]

Ⓐ প্রচার খরচ Ⓑ বিক্রয় Ⓒ বিক্রয় খরচ Ⓓ বিজ্ঞাপন

Solve বিনামূল্যে পণ্য বিতরণ বিজ্ঞাপন হিসাবে লেখা হয়। বিনামূল্যে পণ্য বিতরণের জাবেদা হবে- বিজ্ঞাপন হিসাব Dr. এবং ক্রয় হিসাব Cr.

04. মালিকের ব্যক্তিগত প্রয়োজনে আসবাবপত্র ক্রয় করা হয়। সঠিক জাবেদা হবে- [RU: 16-17 ; RU (18-19)]

Ⓐ আসবাবপত্র ডেবিট; নগদান ক্রেডিট Ⓑ ক্রয় ডেবিট; নগদান ক্রেডিট
Ⓒ উত্তোলন ডেবিট; আসবাবপত্র ক্রেডিট Ⓓ উত্তোলন ডেবিট; নগদান ক্রেডিট

Solve মালিকের ব্যক্তিগত প্রয়োজন ব্যবসায়ের টাকা নিয়ে আসবাবপত্র ক্রয় করায় সঠিক জাবেদা হবে-
উত্তোলন হি. ডেবিট; নগদান হি. ক্রেডিট

05. পণ্য ক্রয়-বিক্রয়ের প্রমাণ দলিল- [RU : 15-16]

Ⓐ ডেবিট ভাউচার Ⓑ ডেবিট নোট
Ⓒ চালান Ⓓ ক্যাশ মেমো

Solve পণ্য ক্রয় বা বিক্রয়ের সময় যাবতীয় তথ্য চালানে থাকে। চালান হচ্ছে ক্রয় – বিক্রয়ের প্রামাণ্য দলিল।

06. যে ধরনের লেনদেন বিক্রয় হিসাব-এ লিপিবদ্ধ হয়- [RU : 14-15]

Ⓐ নগদে ও ধারে বিক্রয় Ⓑ নগদে বিক্রয়
Ⓒ ধারে বিক্রয় Ⓓ সম্পত্তি নগদে বিক্রয়

Solve পণ্য বিক্রয় করলে (নগদ/ধার/বিলের মাধ্যমে) বিক্রয় -এ লেখা হয়।

07. 'হিসাব স্থানান্তর' লিপিবদ্ধ হয়- [RU : 14-15]

Ⓐ ক্রয় বহিতে Ⓑ প্রকৃত জাবেদায়
Ⓒ বিক্রয় বহিতে Ⓓ বিক্রয় ফেরত বহিতে

Solve 'হিসাব স্থানান্তর' সংক্রান্ত ঘটনা প্রকৃত জাবেদায় লেখা হয়।

08. বিক্রয় চালানে পণ্যের মূল্য ভুলবশত বেশি ধার্য করা হলে, যার দ্বারা সংশোধন করা হয়- [RU : 14-15]

Ⓐ ক্রেডিট ভাউচার Ⓑ ডেবিট ভাউচার
Ⓒ ডেবিট নোট Ⓓ ক্রেডিট নোট

Solve বিক্রয় চালানে পণ্যের মূল্য বেশি দেখানো হলে তা ক্রে নোটের মাধ্যমে সংশোধন করা হয়।

09. হিসাববিজ্ঞানে ক্রয় (Purchases) বলতে বুঝায়- [RU : 13-14]

Ⓐ দ্রব্যাদি ক্রয় Ⓑ বাকিতে আসবাবপত্র ক্রয়
Ⓒ পুনঃবিক্রয়ের জন্য মাল ক্রয় Ⓓ নগদে যন্ত্রপাতি ক্রয়

Solve হিসাববিজ্ঞানে ক্রয় বলতে পুনঃবিক্রয়ের উদ্দেশ্য পণ্য বা ক্রয়কে বোঝায়।

10. বিক্রয় ফেরত বই প্রস্তুত করতে কোনটি প্রয়োজন? [RU : 13-14; RSTU : 19-2

Ⓐ ডেবিট নোট Ⓑ ক্রয় ফেরত বই
Ⓒ ক্রেডিট নোট Ⓓ বিক্রয় ফেরত হিসাব

Solve ক্রেডিট নোটের সাহায্যে বিক্রয় ফেরত বই প্রস্তুত করা হয়।

11. 'বাকিতে কলকব্জা ক্রয়' এই লেনদেনটি লিপিবদ্ধ হবে- [RU : 13-14]

Ⓐ ক্রয় বহিতে Ⓑ ক্রয় হিসাব
Ⓒ প্রকৃত জাবেদায় Ⓓ কোনোটিই নয়

Solve ধারে বা বাকিতে যে কোনো সম্পত্তি ক্রয় প্রকৃত জাবেদ লিপিবদ্ধ করা হয়।

12. নির্দিষ্ট হিসাবকালের সঠিক আয়-ব্যয় নির্ণয়ের জন্য যে জাবেদা করা হয়- [RU: 12-1

Ⓐ সমন্বয় জাবেদা Ⓑ সাধারণ জাবেদা
Ⓒ সমাপনী জাবেদা Ⓓ প্রারম্ভিক জাবেদা

Solve নির্দিষ্ট হিসাবকালের সঠিক আয়-ব্যয় নির্ণয়ের জন্য সম জাবেদার প্রয়োজন হয়। নির্দিষ্ট হিসাবকালের আয় বা ব্যয় থেকে পূর্ববর্তী বা পরব হিসাবকালের আয়-ব্যয় সমন্বয় করে প্রকৃত আয়-ব্যয় নির্ণয় করা হয়ে থাকে।

13. জনাব রহিম ৫০,০০০ টাকা নগদ মূলধন নিয়ে ব্যবসা শুরু করলেন। হিসাব খাতগুলো: [RU : 09-10]

Ⓐ নগদ ও মূলধন হিসাব Ⓑ সম্পত্তি ও রহিম হিসাব
Ⓒ নগদ ও ব্যক্তিবাচক হিসাব Ⓓ নগদ ও রহিম হিসাব

Solve নগদ টাকা মূলধন নিয়ে ব্যবসা শুরু করা হলে হিসা খাতগুলো হয় নগদান হিসাব ও মূলধন হিসাব। কারণ নগদ টাকা বেড়ে যায়, সম্পত্তি বাচক হিসাব এবং মূলধন বৃদ্ধি পায়, যা মালিকানাস্বত্বের বৃদ্ধি ঘটায়।

14. ডেবিট নোট তৈরি করে: [RU : 09-10, IB 14-15]

Ⓐ ক্রেতা Ⓑ বিক্রেতা Ⓒ ঋণদাতা Ⓓ কোনোটিই নয়

Solve ধারে ক্রীত পণ্য কোনো কারণবশত ক্রেতা বিক্রেতার নিক ফেরত পাঠালে, উক্ত পণ্যের বিবরণ দিয়ে যে চিঠি বিক্রেতাকে প্রদান করে তার নাম ডেবিট নোট। সুতরাং ক্রেতা ডেবিট নোট তৈরি করে থাকে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

15. মি. শরিফের নিকট হতে পণ্য ক্রয় করে ৯৫,০০০ টাকার চেক প্রদান করা হলো। জাবেদা হবে- [RU : 08-09]
(A) ব্যাংক হিঃ ডেঃ ৯৫,০০০ ক্রয় হিঃ ৯৫,০০০
(B) ক্রয় হিঃ ডেঃ ৯৫,০০০ ব্যাংক হিঃ ৯৫,০০০
(C) ক্রয় হিঃ ডেঃ ৯৫,০০০ নগদান হিঃ ৯৫,০০০
(D) কোনোটিই নয়
Solve পণ্য ক্রয় করে চেক প্রদান করলে, ব্যাংক হতে টাকা হ্রাস পায়। ফলে ব্যাংক হিসাব ক্রেডিট করা হয়। অন্যদিকে পণ্য ক্রয় করা হলে ক্রয় নামক ব্যয় বৃদ্ধি পায়। ফলে ক্রয় হিসাব ডেবিট করা হয়।

16. ১,০০০ টাকা মূল্যের পণ্য বিনামূল্যে শরিদ্দারের মধ্যে বিতরণ করা হয়েছে। এখানে ডেবিট হবে- [RU : 08-09]
(A) উত্তোলন হিসাব (B) বিক্রয় হিসাব (C) বিজ্ঞাপন হিসাব (D) বাট্টা হিসাব
Solve বিনামূল্যে পণ্য বিতরণ করা হয় বিক্রয় বাড়ানোর জন্য বা ভোক্তাদের সাথে পণ্যের পরিচিতি বাড়ানোর জন্য। যা বিজ্ঞাপন হিসেবে ধরা হয়।

17. ধারে মাল বিক্রয় করার সময় বিক্রেতা মালের বিবরণ লিপিবদ্ধ করে কাগজখানি মালের সাথে ক্রেতার নিকট পাঠিয়ে দেয়। বিক্রেতার নিকট ইহা- [RU : 07-08]
(A) অঙ্ক চালান (B) বহিঃচালান (C) ভাউচার (D) ক্যাশ মেমো (Ans B)

18. 'বাকিতে ক্রয়' ক্রয় হিসাব বহিতে লেখা হয়নি অথচ সমাপনী মজুতের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। সমন্বয় জাবেদা কোনটি? [RU : 07-08]
(A) ক্রয়-বিক্রয় হিঃ ডেঃ ক্রয় হিঃ ক্রেঃ
(B) ক্রয় হিঃ ডেঃ পাওনাদার হিঃ ক্রেঃ
(C) সমাপনী মজুত হিঃ ডেঃ ক্রয়-বিক্রয় হিঃ ক্রেঃ
(D) ক্রয়-বিক্রয় হিঃ ডেঃ সমাপনী মজুত হিঃ ক্রেঃ
Solve বাকিতে ক্রয় হিসাব বহিতে লেখা না হলে সমন্বয় জাবেদা হবে, ক্রয় হিসাব ডেবিট ও পাওনাদার হিসাব ক্রেডিট হবে। এখানে সমাপনী মজুদ পণ্যের সাথে কোনো সমন্বয় হবে না।

19. পুরাতন আসবাবপত্র ২,০০০ টাকায় ধারে বিক্রয় করা হলো, যে বহিতে লিপিবদ্ধ করতে হবে- [RU : 07-08, CU : 12-13]
(A) বিক্রয় বহি (B) ক্রয় বহি (C) নগদান বহি (D) প্রকৃত জাবেদা
Solve পুরাতন আসবাবপত্র বিক্রয় সংক্রান্ত লেনদেন সবসময় প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

20. ক্রয় হিসাবে কোন ধরনের লেনদেন লিপিবদ্ধ হয়? [RU : 05-06]
(A) শুধু নগদে ক্রয় (B) শুধু বাকিতে ক্রয়
(C) নগদে ও বাকিতে ক্রয় (D) সব ধরনের লেনদেন
Solve ক্রয় বইতে কিংবা ক্রয় জাবেদায় শুধু বাকিতে ক্রয় লিপিবদ্ধ করা হয়। কিন্তু ক্রয় হিসাবে (খতিয়ানের হিসাব) নগদ ও বাকি সব ধরনের ক্রয় লিপিবদ্ধ করা হয়।

21. ম্যানেজার রবিনের মাসিক বেতন ১,২০০ টাকা জাবেদা হবে- [RU : 04-05]
(A) বেতন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
(B) বেতন খরচ হিসাব ডেবিট, বেতন প্রদেয় হিসাব ক্রেডিট
(C) A + B (D) কোনোটিই নয়
Solve বক্তব্যটি বা ঘটনাটি কোনো লেনদেন নয়। কারণ উক্ত ঘটনা দ্বারা প্রতিষ্ঠানের আর্থিক অবস্থার পরিবর্তন হয়নি। ঘটনাটি দ্বারা কারও বেতনের পরিমাণ বুঝিয়েছে মাত্র।

22. ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর করা হলে জাবেদা হবে- [RU : 04-05]
(A) ব্যাংক হিসাব ডেবিট টু নগদান হিসাব
(B) ব্যাংক হিসাব ডেবিট টু সুদ হিসাব
(C) সুদ হিসাব ডেবিট টু ব্যাংক হিসাব
(D) নগদান হিসাব ডেবিট টু ব্যাংক হিসাব
Solve ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর করা হলে এ সুদ কখনও নগদে পাওয়া যায় না। ব্যাংক আমাদের হিসাবে সুদ জমা করে আমাদের ব্যাংক হিসাবকে বাড়িয়ে দেয়। ব্যাংক হিসাব যেহেতু সম্পত্তি, তাই সম্পত্তি বাড়ায় ব্যাংক হিসাবকে ডেবিট করতে হবে। অপরদিকে, সুদ নামক আয়-সংঘটিত হওয়ায় আয় বেড়েছে। আয় বাড়লে আয় হিসাবকে ক্রেডিট করতে হয়।

23. দাউদ কর্তৃক প্রস্তুতকৃত বিনিময় বিলে ওমর স্বীকৃতি প্রদান করল। ওমরের বহিতে সঠিক জাবেদা লিখনটি হবে- [RU : 04-05]
(A) ওমর হিসাব ডেবিট টু প্রদেয় বিল হিসাব
(B) দাউদ হিসাব ডেবিট টু প্রাপ্যবিল হিসাব
(C) দাউদ হিসাব ডেবিট টু প্রদেয় বিল হিসাব
(D) ব্যাংক হিসাব ডেবিট টু প্রাপ্য বিল হিসাব
Solve ওমর কর্তৃক বিলে স্বীকৃতি দেওয়ায় ওমরের দায় (প্রদেয় বিল) বেড়ে যায়। কারণ মেয়াদপূর্তিতে বিলটি তাকে পরিশোধ করতে হবে। ফলে তাকে প্রদেয় বিল হিসাব ক্রেডিট করতে হবে। আর যার বরাবর বিলটি স্বীকৃতি প্রদান করে পাঠানো হয়, অর্থাৎ পাওনাদার (দাউদ) হিসাবকে ডেবিট করতে হবে।

24. ১০,০০০ টাকার একটি প্রাপ্য বিল ৯,৯০০ টাকায় বাট্টাকরণ করা হয়, সঠিক জাবেদা কোনটি? [RU : 04-05]
(A) বাট্টাকৃত বিল হিসাব ডেবিট টু নগদান হিসাব
(B) বিনিময় বিল হিসাব ডেবিট টু বাট্টাকৃত বিল হিসাব
(C) প্রাপ্ত বিল হিসাব ডেবিট টু বাট্টা হিসাব
(D) ব্যাংক হিসাব ডেবিট টু বাট্টা হিসাব
Solve বাট্টাকারী বা প্রাপক যে পরিমাণ কম টাকা পায় তা বাট্টা নামক ব্যয় হিসাবে ডেবিট করে এবং বাকি টাকা নগদান হিসাবে ডেবিট করে বাট্টাকৃত প্রাপ্য বিল হিসাবে ক্রেডিট করে। আর ব্যাংক উক্ত লেনদেনের জন্য বাট্টাকারী হিসাব ডেবিট করে এবং বাট্টা হিসাব ও নগদান হিসাব ক্রেডিট করে। এখানে সঠিক উত্তরটি নেই।

25. ১০,০০০ টাকা মেশিন সংস্থাপন বাবদ ব্যয় হলো। সঠিক জাবেদা লিখন কোনটি? [RU : 04-05]
(A) রক্ষণাবেক্ষণ খরচ হিসাব ডেবিট টু নগদান হিসাব
(B) অবচয় হিসাব ডেবিট টু নগদান হিসাব
(C) লাভ-ক্ষতি হিসাব ডেবিট টু মেশিন হিসাব ডেবিট
(D) মেশিন হিসাব ডেবিট টু নগদান হিসাব
Solve সম্পত্তিটি অর্জন করতে বা সম্পত্তিটি কার্যোপযোগী করতে বা সম্পত্তিটি ক্রয় হতে শুরু করে উৎপাদন উপযোগী করার জন্য বহন খরচ, শুল্ক, সংস্থাপনা ব্যয়, নতুন মেশিনের মেরামত ব্যয় মেশিন (সম্পদ) হিসাবেভুক্ত করতে হয়।

26. ব্যাংক কর্তৃক ১০০ টাকার ব্যাংক চার্জসহ ১,০০০ টাকার বিনিময় বিল আদায় হয়েছে। সঠিক জাবেদা লিখনটি হবে- [RU : 04-05]
(A) ব্যাংক হিসাব ডেঃ ১০০০/=
ব্যাংক চার্জ হিসাব ডে ঃ ১০০/=
ব্যাংক বিল আদায় হিসাব ক্রেঃ ১,১০০ /=
(B) ব্যাংক হিসাব ডেঃ ১,১০০/=
টু ব্যাংক চার্জ হিসাব ক্রেঃ ১০০/=
টু ব্যাংক বিল আদায় হিসাব ক্রেঃ ১,০০০/=
(C) ব্যাংক বিল আদায় হিসাব ডেঃ ১,১০০/=
টু ব্যাংক চার্জ হিসাব ক্রেঃ ১,০০০/=
(D) ব্যাংক বিল আদায় হিসাব ডেঃ ১,০০০/=
ব্যাংক হিসাব ক্রেঃ ১,১০০/=
ব্যাংক হিসাব ক্রেঃ ১০০/=
Solve ব্যাংক কোম্পানির বিল আদায় করলে ব্যাংক কোম্পানির হিসাবে টাকা জমা করে দেয়। ফলে ব্যাংক হিসাব বৃদ্ধি পায়। ব্যাংক বিল আদায় বাবদ চার্জ গ্রহণ করলে কোম্পানির ব্যয় বৃদ্ধি পায়, ফলে ব্যাংক চার্জ হিসাব ডেবিট করতে হয়। আর বিল আদায় করার জন্য ব্যাংক বিল আদায় হিসাব ক্রেডিট করতে হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

27. ৫,০০০ টাকার অগ্রিম মজুরি প্রদান সম্পদ হিসাবে লিপিবদ্ধ করলে জাবেদা লিখনটি হবে- [RU : 04-05]

Ⓐ মজুরি হিসাব ডে: ৫,০০০; টু নগদান হিসাব ৫,০০০
Ⓑ নগদান হিসাব ডে: ৫,০০০; টু অগ্রিম মজুরি হিসাব ৫,০০০
Ⓒ অগ্রিম মজুরি হিসাব ডে: ৫,০০০; টু নগদান হিসাব ৫,০০০
Ⓓ নগদান হিসাব ডে: ৫,০০০; টু মজুরি হিসাব ৫,০০০

Solve খরচ অগ্রিম প্রদান করায় 'অগ্রিম মজুরি' নামক সম্পদ বৃদ্ধি পায় তাই অগ্রিম মজুরি (সম্পদ) হিসাবকে ডেবিট করতে হয়। অপরপক্ষে 'নগদ' টাকা নামক সম্পদ হ্রাস পায় তাই নগদান হিসাব ক্রেডিট করতে হয়। সুতরাং জাবেদা দাখিলা অগ্রিম মজুরি হিসাব ডে: ৫,০০০; টু নগদান হিসাব ৫,০০০।

28. ১,০০০ টাকা অবচয় হিসাব লাভ ক্ষতি হিসাবে স্থানান্তরের জাবেদা লিখন কোনটি? [RU : 04-05]

Ⓐ অবচয় হিসাব ডেঃ টু সম্পত্তি হিসাব
Ⓑ লাভ-ক্ষতি হিসাব ডেঃ টু অবচয় হিসাব
Ⓒ অবচয় হিসাব ডেঃ টু লাভ-ক্ষতি হিসাব
Ⓓ কোনোটিই নয়

Solve অবচয় একটি ব্যয়, ব্যয়কে সাধারণত হিসাবকাল শেষে লাভ-ক্ষতি হিসাবে স্থানান্তর করে আয়-ব্যয় নির্ণয় করা হয়ে থাকে। আর এজন্য অবচয়কে লাভ-ক্ষতি হিসাবের ডেবিট পাশে হিসাবে দেখানো হয়ে থাকে। ব্যয়কে লাভ ক্ষতি হিসাবে স্থানান্তরের জাবেদা দাখিলায় লাভ-ক্ষতি হিসাবকে ডেবিট ও সংশ্লিষ্ট ব্যয়কে ক্রেডিট করতে হয়।

29. বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা। জাবেদা হবে- [RU : 04-05]

Ⓐ পণ্য বিতরণ হিসাব ডেঃ ৫,০০০ টু নগদান হিসাব ৫,০০০
Ⓑ পণ্য বিতরণ হিসাব ডেঃ ৫,০০০ টু ক্রয় হিসাব ৫,০০০
Ⓒ বিজ্ঞাপন হিসাব ডেঃ ৫,০০০ টু ক্রয় হিসাব ৫,০০০
Ⓓ ক্রয় হিসাব ডেঃ ৫,০০০ টু বিজ্ঞাপন হিসাব ৫,০০০

Solve সাধারণত বিজ্ঞাপনের উদ্দেশ্যে বিনামূল্যে পণ্য বিতরণ করা হলে 'বিজ্ঞাপন' নামক ব্যয় বৃদ্ধি পায় এবং 'ক্রয়' নামক ব্যয় হ্রাস পায়। ফলে প্রদত্ত দাখিলা বিজ্ঞাপন হিসাব ডেঃ ৫,০০০ টু ক্রয় হিসাব ৫,০০০।

30. ধারে লেনদেনে ক্রেতার নাম উল্লেখ না থাকলে কোন হিসাব ডেবিট করা হয়? [RU : 04-05]

Ⓐ বিক্রয় হিসাব Ⓑ বিক্রেতার হিসাব
Ⓒ পাওনাদার হিসাব Ⓓ দেনাদার হিসাব **Ans D**

31. বিক্রয় আয় ও বিক্রয় হিসাবের মধ্যে পার্থক্য কী? [RU : 04-05]

Ⓐ এদের মধ্যে কোনো পার্থক্য নাই Ⓑ প্রথমটি খতিয়ান পরেরটি জাবেদা
Ⓒ প্রথমটি জাবেদা ও পরেরটি খতিয়ান Ⓓ কোনোটিই নয় **Ans C**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. মালিক তার ব্যক্তিগত তহবিল থেকে ৫,০০,০০০/- টাকা খরচ করে ব্যক্তিগত ব্যবহারের জন্যে একটি মোটর গাড়ি ক্রয় করার জাবেদা হবে-[CU-C : 21-22]

Ⓐ মোটর গাড়ি হিসাব Dr, অতিরিক্ত মূলধন হিসাব Cr.
Ⓑ মোটর গাড়ি হিসাব Dr, নগদান হিসাব Cr.
Ⓒ মোটর গাড়ি হিসাব Dr, উত্তোলন হিসাব Cr.
Ⓓ উত্তোলন হিসাব Dr, নগদান হিসাব Cr.
Ⓔ ওপরের কোনোটিই নয়

Solve মালিক তার ব্যক্তিগত তহবিল থেকে ৫,০০,০০০ টাকা খরচ করে ব্যক্তিগত ব্যবহারের জন্যে একটি মোটর গাড়ি ক্রয় কোনো ব্যবসায়িক লেনদেন নয় এবং এর ফলে হিসাব সমীকরণে কোনো প্রভাব পরবে না। তাই ঘটনাটি জাবেদাভুক্ত হবে না।

02. যদি একজন ক্রেতা ধারে কেনা পণ্য ফেরত দেয়, বিক্রয়কারী প্রতিষ্ঠান সাধারণত সে বাবদে দাখিলা দেয় তা হলো- [CU-C : 21-22]

Ⓐ ক্যাশ মেমোর জাবেদা Ⓑ বিক্রয় জাবেদা Ⓒ সাধারণ জাবেদা
Ⓓ ব্যাংক রিসিট জার্নাল Ⓔ কোনোটিই নয়

Solve একজন ক্রেতা ধারে কেনা পণ্য ফেরত দিলে, বিক্রয়কারী প্রতিষ্ঠান বিক্রয় ফেরত জাবেদার লিপিবদ্ধ করে; কিন্তু কোন প্রতিষ্ঠান যদি প্রথমেই ক্রয় ফেরত এবং বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত না করে তাহলে ধারে ক্রয় ফেরত এবং পরে বিক্রয় ফেরত সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করা হয়।

03. নগদে বিক্রীত পণ্য ফেরত আসলে তার জন্য জাবেদা হবে- [CU : 19-20]

Ⓐ বিক্রয় ফেরত হিসাব ডেবিট; দেনাদার হিসাব ক্রেডিট
Ⓑ বিক্রয় ফেরত হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট
Ⓒ দেনাদার হিসাব ডেবিট; বিক্রয় ফেরত হিসাব ক্রেডিট
Ⓓ পাওনাদার হিসাব ডেবিট; বিক্রয় ফেরত হিসাব ক্রেডিট
Ⓔ দেনাদার হিসাব ডেবিট; পাওনাদার হিসাব ক্রেডিট

Solve নগদে বিক্রীত পণ্য ফেরত আসলে জাবেদা হবে:
বিক্রয় ফেরত হিসাব – ডেবিট
নগদান হিসাব – ক্রেডিট

04. বাকিতে বিক্রীত পণ্য ফেরত আসলে তার জন্য জাবেদা হবে? [CU : 19-20]

Ⓐ পণ্য ফেরত হিসাব ডেবিট; বিক্রয় হিসাব ক্রেডিট
Ⓑ বিক্রয় ফেরত হিসাব ডেবিট; দেনাদার হিসাব ক্রেডিট
Ⓒ দেনাদার হিসাব ডেবিট; বিক্রয় ফেরত হিসাব ক্রেডিট
Ⓓ দেনাদার হিসাব ডেবিট; বিক্রয় হিসাব ক্রেডিট
Ⓔ বিক্রয় হিসাব ডেবিট; দেনাদার হিসাব ক্রেডিট

Solve ধারে বিক্রীত পণ্য ফেরত আসলে জাবেদা হয়:
বিক্রয় ফেরত হিসাব – ডেবিট
দেনাদার হিসাব – ক্রেডিট

05. অগ্রিম ভাড়া পাওয়া গেলে জাবেদা হবে- [CU : 19-20]

Ⓐ ভাড়া হিসাব ডেবিট; অগ্রিম ভাড়া হিসাব ক্রেডিট
Ⓑ অগ্রিম ভাড়া হিসাব ডেবিট; ভাড়া হিসাব ক্রেডিট
Ⓒ নগদান হিসাব ডেবিট; ভাড়া হিসাব ক্রেডিট
Ⓓ ভাড়া হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট
Ⓔ নগদান হিসাব ডেবিট; অগ্রিম ভাড়া রাজস্ব হিসাব ক্রেডিট

Solve অগ্রিম ভাড়া পাওয়ার ফলে সম্পদ ও দায় বৃদ্ধি পায়। সুতরাং জাবেদা হবে:
নগদান হিসাব – ডেবিট
অগ্রিম প্রাপ্ত ভাড়া হিসাব – ক্রেডিট

06. হিসাবরক্ষক কর্তৃক ব্যাংক থেকে টাকা উত্তোলন করা হলে, জাবেদা হবে- [CU : 17-18; RSTU : 19-20]

Ⓐ উত্তোলন হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট
Ⓑ নগদান হিসাব ডেবিট; উত্তোলন হিসাব ক্রেডিট
Ⓒ উত্তোলন হিসাব ডেবিট; মূলধন হিসাব ক্রেডিট
Ⓓ নগদান হিসাব ডেবিট; ব্যাংক হিসাব ক্রেডিট
Ⓔ ব্যাংক হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট **Ans D**

07. একজন আসবাবপত্র ব্যবসায়ী নিজের অফিসের ব্যবহারের জন্য নগদে চেয়ার ও টেবিল ক্রয় করে। এর জন্য কোন দাখিলাটি সঠিক? [CU : 14-15]

Ⓐ ক্রয় হিসাব ডেবিট এবং নগদ হিসাব ক্রেডিট
Ⓑ ক্রয় হিসাব ডেবিট এবং পাওনাদার হিসাব ক্রেডিট
Ⓒ আসবাবপত্র হিসাব ডেবিট এবং পাওনাদার হিসাব ক্রেডিট
Ⓓ আসবাবপত্র হিসাব ডেবিট এবং নগদ হিসাব ক্রেডিট
Ⓔ কোনোটিই নয়

Solve আসবাবপত্র ব্যবসায়ী অফিসে ব্যবহারের জন্য চেয়ার টেবিল ক্রয় করলে তা সম্পত্তি ক্রয়ের অন্তর্গত হবে। এজন্য জাবেদা হবে আসবাবপত্র হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট।

08. নিচের কোন ঘটনাটি জাবেদায় লিপিবদ্ধ করা অনুচিত? [CU : 14-15]

Ⓐ বাকিতে মালামাল ক্রয় Ⓑ নগদে সেবা প্রদান
Ⓒ পুরোনো যন্ত্রপাতি বিক্রয় হতে লাভ Ⓓ বিজ্ঞাপন বাবত ব্যয়
Ⓔ চিফ ফাইন্যান্সিয়াল অফিসারের পদের জন্য দুজন প্রার্থীর সাক্ষাৎকার গ্রহণ

Solve এটি কোনো কারবারি লেনদেন নয়।

09. কোনটি জাবেদার কাজ নহে? [CU : 11-12]

Ⓐ জাবেদাভুক্ত করা Ⓑ ডেবিট ক্রেডিট নির্ণয় Ⓒ ব্যাখ্যা প্রদান
Ⓓ দেনা-পাওনা নির্ণয় Ⓔ তারিখ অনুযায়ী লেনদেনের তালিকা প্রদান করা

Solve দেনা ও পাওনা নির্ণয় করা জাবেদার কাজের মধ্যে পড়ে না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS

১৫. পণ্যের বিস্তারিত বিবরণ ও মূল্য উল্লেখ করে যে বিবরণী তৈরি করা হয় তাকে বলে- [JKKNIU : 18-19]

ⓐ ক্রয়মূল্য ছিটা ⓑ পণ্যের চালান ⓒ বিক্রয় হিসাব
ⓓ বিক্রয় ভাউচার ⓔ কোনোটিই নয়

Solve পণ্যের বিস্তারিত বিবরণ ও পণ্যের মূল্য উল্লেখ করে যে বিবরণী তৈরি করা হয় তার নাম চালান।

১১. 'ক' এর নিকট ধারে মাল বিক্রয় ৫,০০০ টাকা। লেনদেনটি লিপিবদ্ধ করার জন্য উপযুক্ত বই হবে- [JU : 17-18]

ⓐ রোকড় বই ⓑ ক্রয় বই
ⓒ বিক্রয় বই ⓓ প্রকৃত জাবেদা বই

Solve (A) রোকড় বইতে শুধু নগদ সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করা হয়। (B) ক্রয় বই ব্যবহার করা হয় শুধু ধারে ক্রয়ের তথ্য লিপিবদ্ধ করার জন্য। (C) বিক্রয় বইতে শুধু ধারে ক্রয়ের বিক্রয় লিপিবদ্ধ করা হয়। (D) প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করা হয় যে সকল লেনদেন বা বিষয় যা বিশেষ জাবেদায় লেখা হয় না।

GST তাহ/তাহভুক্ত বিশ্ববিদ্যালয়

৫১. হালনাগাদ লেনদেন পর্যালোচনার পর হিসাববিজ্ঞান পদ্ধতির কোন পদক্ষেপ গ্রহণ করা হয়? [GST : 22-23]

ⓐ আর্থিক বিবরণী প্রস্তুতকরণ ⓑ রেওয়ামিল প্রস্তুতকরণ
ⓒ লেনদেনসমূহ জাবেদাভুক্তিকরণ ⓓ খতিয়ানভুক্তিকরণ Ans C

৫২. ২১৯০০ টাকা অফিসের প্রধান' ডেবিট হবে কোন হিসাবে? [GST : 22-23]

ⓐ অফিসার ⓑ উত্তোলন ⓒ লাভ-ক্ষতি ⓓ মূলধন

Solve অফিসের প্রধান মালিকের ব্যক্তিগত খরচ বা উত্তোলন হিসাবে লাভক্ষয় করা হয়।

৫৩. বিক্রয়মূল্য পণ্য বিক্রয়ের জাবেদা কী? [GST-C : 21-22]

ⓐ ক্রয় হিসাব ডেবিট, বিক্রয়মূল্য হার হিসাব ক্রেডিট
ⓑ বিক্রয়মূল্য হার হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
ⓒ বিক্রয়মূল্য হার হিসাব ডেবিট, বিক্রয় হিসাব ক্রেডিট
ⓓ কোনটিই নয়

Solve বিক্রয়মূল্য পণ্য বিক্রয় করলে বিক্রয়মূল্য নামক হার বৃদ্ধি পায় অর্থাৎ মালিকানাস্বত্ব (OE) হ্রাস পায় এবং ক্রয় নামক হার হ্রাস পায় অর্থাৎ মালিকানাস্বত্ব (OE) বৃদ্ধি পায়। ফলে বিক্রয়মূল্য হার হিসাব ডেবিট; ক্রয় হিসাব ক্রেডিট।

৫৪. ডেবিট নোট ব্যবহৃত হয়- [GST-C : 20-21]

ⓐ ধারে ক্রয়কৃত পণ্য ফেরত পাঠানোর ক্ষেত্রে
ⓑ ধারে বিক্রয়কৃত পণ্য ফেরত আসার ক্ষেত্রে
ⓒ নগদে ক্রয়কৃত পণ্য ফেরত পাঠানোর ক্ষেত্রে
ⓓ নগদে বিক্রয়কৃত পণ্য ফেরত আসার ক্ষেত্রে

Solve ধারে ক্রয়কৃত পণ্য ফেরত প্রদানের জন্য ডেবিট নোট ব্যবহার করা হয়। এটি ক্রেতা তৈরি করে। ধারে বিক্রীত পণ্য ফেরত আসার জন্য ক্রেডিট নোট ব্যবহৃত হয়। এটি বিক্রেতা তৈরি করে।

৫৫. টিপ্পনি কোং-এর সাথে হিসাব নিষ্পত্তিতে নাসরিন কোং তিন মাস মেয়াদি ১,০০০ টাকার ১২% প্রতিশ্রুতি গ্রহণ করে। এই লেনদেনের জাবেদাভুক্তি হবে- [NSTU : 19-20]

ⓐ প্রাপ্য নোট ডেবিট ১,০৩০ টাকা এবং প্রাপ্য হিসাব ক্রেডিট ১,০৩০ টাকা
ⓑ প্রাপ্য নোট ডেবিট ১,০০০ টাকা এবং প্রাপ্য হিসাব ক্রেডিট ১,০০০ টাকা
ⓒ প্রাপ্য নোট ডেবিট ১,০০০ টাকা এবং বিক্রয় ক্রেডিট ১,০০০ টাকা
ⓓ প্রাপ্য নোট ডেবিট ১,০২০ টাকা এবং প্রাপ্য হিসাব ক্রেডিট ১,০২০ টাকা

Solve প্রথমে যখন টিপ্পনি কোং এর নিকট বিক্রয় করা হয় তখন ডেবিট নেওয়া হয়: প্রাপ্য হি ডেবিট, বিক্রয় হি- ক্রেডিট
দ্বিতীয়, পরবর্তীতে নোট গ্রহণ করা হলে জাবেদা হবে: প্রাপ্য নোট – ডেবিট ১,০০০, প্রাপ্য হি – ক্রেডিট ১,০০০

০৬. কোনটি ক্রয় জাবেদায় লিপিবদ্ধ হয়? [JKKNIU : 18-19]

ⓐ ধারে বিক্রয় ⓑ মূল্যাবিহীন বিক্রয় ⓒ নগদে ক্রয় ⓓ ধারে ক্রয়

Solve বিশেষ জাবেদায় লেনদেন লিপিবদ্ধকরণের ধরন উল্লেখ করা হলো।

জাবেদা বহির নাম	যে সকল লেনদেন লিপিবদ্ধ হবে	যে সকল লেনদেন লিপিবদ্ধ হয় না
ক্রয় জাবেদা	শুধু ধারে পণ্য ক্রয়	১. নগদে ক্রয় ২. ধারে সম্পত্তি ক্রয় ৩. ক্রয় সংক্রান্ত খরচ
বিক্রয় জাবেদা	শুধু ধারে পণ্য বিক্রয়	১. নগদে পণ্য বিক্রয় ২. ধারে সম্পত্তি বিক্রয় ৩. বিক্রয় সংক্রান্ত খরচ
নগদ প্রাপ্তি জাবেদা	সকল প্রকার নগদ প্রাপ্তি সংক্রান্ত লেনদেন	১. বাকেয়া বা অনগদ লেনদেন
নগদ প্রদান জাবেদা	সকল প্রকার নগদ প্রদান সংক্রান্ত লেনদেন	১. বাকেয়া বা অনগদ লেনদেন

০৭. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় কোন হিসাবের আওতায় আসবে? [CoU.C : 18-19]

ⓐ সম্পদ হিসাব ⓑ ব্যয় হিসাব ⓒ ব্যক্তিগত হিসাব ⓓ আয় হিসাব

Solve বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় করলে তা ব্যয় হিসাবের আওতায় আসবে। কারণ এখানে আসবাবপত্রকে পণ্য ক্রয় হিসাবে মূল্যায়ন করা হয়েছে।

০৮. সকল সম্পদ ডেবিট ও সকল দায় এবং মালিকানাস্বত্ব ক্রেডিট হলে জাবেদাটির ধরন কীরূপ হবে? [RSTU : 18-19; JnU : 16-17]

ⓐ প্রবর্তিত জাবেদা লিখন ⓑ সমাপনী জাবেদা লিখন
ⓒ সমন্বয়ী জাবেদা লিখন ⓓ সংশোধনী জাবেদা লিখন

Solve সকল সম্পদ ডেবিট ও সকল দায় এবং মালিকানা স্বত্ব ক্রেডিট হলে জাবেদাটি হবে প্রবর্তিত জাবেদা।

০৯. হালনের নিকট থেকে ঋণ গ্রহণের জাবেদা হবে- [RSTU : 18-19]

ⓐ হালন ডেবিট, নগদ ক্রেডিট ⓑ নগদ ডেবিট, ঋণ ক্রেডিট
ⓒ নগদ ডেবিট, হালন ক্রেডিট ⓓ হালনের ঋণ ডেবিট, নগদ ক্রেডিট

Solve ঋণ গ্রহণের ফলে নগদ সম্পদ আগমন ঘটে, তাকে নগদকে ডেবিট করতে হয়। আর দায় সৃষ্টি হওয়ায় ঋণ হিসাবকে ক্রেডিট করতে হয়।

১০. ক্রয় ফেরত সংক্রান্ত চিঠিকে বলে- [NSTU : 17-18]

ⓐ Debit note ⓑ Credit note
ⓒ Debit balance ⓓ Credit discount Ans B

১১. কোন প্রামাণ্য দলিলের উপর ভিত্তি করে ক্রয় জাবেদা ও বিক্রয় জাবেদা লেখা হয়? [JU : 15-16]

ⓐ চালানের ⓑ বিল ও ক্যাশ মেমোর
ⓒ নগদান বহির ⓓ ডেবিট নোটের

Solve চালান হচ্ছে ক্রয় ও বিক্রয়ের প্রামাণ্য দলিল। চালানের উপর ভিত্তি করে ক্রয় জাবেদা ও বিক্রয় জাবেদা লেখা হয়।

১২. ডেবিট নোটের সাহায্যে কী লেখা হয়? [JU : 15-16]

ⓐ ক্রয় বই ⓑ বিক্রয় বই
ⓒ ক্রয় ফেরত বই ⓓ বিক্রয় ফেরত বই Ans C

১৩. বিক্রয় জাবেদায় বিক্রয় শর্তের জন্য আলাদা ঘর থাকে না কেন? [CoU : 15-16]

ⓐ কোনো বিক্রয় শর্ত থাকে না ⓑ শর্ত গুরুত্বপূর্ণ নয়
ⓒ একই ধরনের বিক্রয় শর্ত থাকে ⓓ সব মালেই বিক্রয় শর্ত

Solve ধারে বিক্রয় করে, বিক্রয় জাবেদায় অন্তর্ভুক্ত করা হয়। বিক্রয়ের ক্ষেত্রে ক্রেতাকে কিছু শর্ত দেওয়া হয় যা ক্রেতার জন্য গুরুত্বপূর্ণ এবং ক্রেতা উক্ত শর্ত ক্রয় জাবেদায় লিপিবদ্ধ করে। বিক্রয় জাবেদায় এ শর্ত হেতু গুরুত্বপূর্ণ নয়।

১৪. অনগদ লেনদেনের জন্য ব্যবহৃত ভাউচার কোনটি? [BRUR : 15-16]

ⓐ চালান ⓑ ডেবিট নোট
ⓒ জার্নাল ভাউচার ⓓ ক্রেডিট নোট Ans C

১৫. মোট ধারে বিক্রয়ের পরিমাণ জানা যায় কোন বই হতে? [JKKNIU : 15-16]

ⓐ ক্রয় ⓑ বিক্রয় ⓒ নগদ ⓓ A + C

Solve ধারে পণ্য বিক্রয় করে বিক্রয় বইয়ে অন্তর্ভুক্ত করা হয়, সুতরাং মোট ধারে বিক্রয়ের পরিমাণ বিক্রয় বই হতে জানা যায়।

SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS • SUNNY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

16. দৈনিক ক্রয় বইয়ে কোন ধরনের লেনদেন লেখা হয়? [MBSTU : 15-16]
Ⓐ নগদে ক্রয় Ⓑ ক্রয় ও বিক্রয় ফেরত
Ⓒ ধারে ক্রয় Ⓓ সকল ধরনের ক্রয়
Solve দৈনিক ক্রয় বইতে শুধু ধারে ক্রয় সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করা হয়। **Ans (C)**

17. লেনদেন প্রাথমিকভাবে লেখা হয়- [MBSTU : 15-16]
Ⓐ চিঠিপত্রে Ⓑ জাবেদায় Ⓒ খতিয়ানে Ⓓ নগদান বইয়ে
Solve প্রতিটি লেনদেন প্রাথমিকভাবে জাবেদায় লিপিবদ্ধ করা হয়। জাবেদাকে প্রাথমিক দাখিলার বইও বলা হয়। **Ans (B)**

18. উত্তোলনের উপর সুদ ২৫০ টাকার জন্য ডেবিট করতে হবে- [PSTU : 15-16]
Ⓐ উত্তোলন হিসাব Ⓑ নগদান হিসাব Ⓒ বেতন হিসাব Ⓓ অবচয় হিসাব
Solve উত্তোলনের উপর সুদের জাবেদা দাখিলা হচ্ছে উত্তোলন হিসাব ডেবিট, উত্তোলনের সুদ হিসাব ক্রেডিট, সুতরাং উত্তর A। **Ans (A)**

19. ধারে ক্রীত পণ্য ফেরত দেওয়া হলে কোন ধরনের জাবেদায় লেখা যুক্তিযুক্ত? [JU : 14-15]
Ⓐ ক্রয় জাবেদা Ⓑ বিক্রয় জাবেদা
Ⓒ নগদ প্রাপ্তি জাবেদা Ⓓ ক্রয় ফেরত জাবেদা
Solve ধারে ক্রীত পণ্য ফেরত দেওয়া হলে ক্রয় ফেরত জাবেদায় লেখা হয়। **Ans (D)**

20. মেশিন মেরামত বাবদ মজুরি প্রদান করা হলো ৫,০০০ টাকা, এ জন্য ডেবিট হবে- [PSTU : 14-15]
Ⓐ মেরামত হি: Ⓑ অবচয় হি: Ⓒ যন্ত্রপাতি হি: Ⓓ মজুরি হি:
Solve মেশিন মেরামতের জন্য প্রদত্ত মজুরি মেরামত হিসাবে ডেবিট হবে। **Ans (A)**

21. প্রস্তাবিত নগদ লভ্যাংশ হিসাব সমীকরণের কোন দিক প্রভাবিত করে? [PSTU : 14-15]
Ⓐ ডান দিক Ⓑ বাম দিক Ⓒ উভয় দিক Ⓓ কোনো দিকই নয়
Solve প্রস্তাবিত নগদ লভ্যাংশের কারণে হিসাব সমীকরণের ডান দিক (দায় ও মালিকানাস্বত্ব) প্রভাবিত হবে। **Ans (A)**

22. অগ্রিম আয় গ্রহণ করা হলে– [PSTU : 14-15]
Ⓐ সম্পত্তি ও মালিকানাস্বত্ব বৃদ্ধি পায় Ⓑ মালিকানাস্বত্ব হ্রাস ও দায় বৃদ্ধি পায়
Ⓒ সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি পায় Ⓓ মালিকানাস্বত্ব ও দায় বৃদ্ধি পায়
Solve অগ্রিম আয় গ্রহণ করলে নগদ (সম্পদ) বৃদ্ধি পায় এবং অগ্রিম আয় (দায়) বৃদ্ধি পায়। **Ans (C)**

23. একটি বিক্রয় ফেরত ভুলক্রমে দৈনিক ক্রয় বহিতে লিপিবদ্ধ হয়েছে। সঠিক শুদ্ধিকরণ জাবেদা কোনটি? [BRUR : 13-14]
Ⓐ বিক্রয় ফেরত-ডেবিট ক্রয়-ক্রেডিট
Ⓑ ক্রয়-ডেবিট বিক্রয় ফেরত-ডেবিট
Ⓒ গরমিল হিসাব-ডেবিট বিক্রয় ফেরত-ক্রেডিট
Ⓓ ক্রয় হিসাব-ডেবিট গরমিল হিসাব-ক্রেডিট **Ans (A)**

24. যদি পণ্যদ্রব্য দাতব্য প্রতিষ্ঠানে প্রদান করা হয় তাহলে কোনটি ক্রেডিট করতে হবে? [HSTU : 13-14]
Ⓐ নগদান হিসাব Ⓑ দাতব্য প্রতিষ্ঠান হিসাব
Ⓒ ক্রয় হিসাব Ⓓ বিক্রয় হিসাব
Solve যদি পণ্যদ্রব্য প্রতিষ্ঠানে প্রদান করা হয় তবে ক্রয় হিসাব ক্রেডিট করা হয়। কারণ পণ্যদ্রব্য প্রদানের ফলে ক্রয়ের পরিমাণ হ্রাস পায়। **Ans (C)**

25. যে হিসাবের বইয়ে লেনদেনকে তারিখ অনুযায়ী ডেবিট ও ক্রেডিট বিশ্লেষণ করে লিপিবদ্ধ করা হয় তাকে কী বলে? [MBSTU : 13-14]
Ⓐ জাবেদা Ⓑ খতিয়ান Ⓒ রেওয়ামিল Ⓓ নগদান **Ans (A)**

26. ধারে অফিস সরঞ্জাম ক্রয় করা হলে ক্রেডিট হবে- [MBSTU : 13-14]
Ⓐ অফিস সরঞ্জাম হিসাব Ⓑ নগদান হিসাব
Ⓒ ব্যাংক হিসাব Ⓓ প্রদেয় হিসাব
Solve ধারে অফিস সরঞ্জাম ক্রয় করা হলে প্রদেয় হিসাবকে ক্রেডিট করা হয়। **Ans (D)**

27. জাবেদা দাখিলা স্থানান্তরিত করা উচিত- [PSTU : 13-14]
Ⓐ হিসাব নম্বর অনুসারে Ⓑ বর্ণের ক্রমিক অনুসারে
Ⓒ কালের ক্রমানুসারে Ⓓ টাকার পরিমাণ অনুসারে
Solve জাবেদা দাখিলা স্থানান্তরিত করা উচিত কালের বা তারিখের ক্রমানুসারে। **Ans (C)**

28. নগদে বিক্রীত পণ্য কোনো কারণে ক্রেতার নিকট হতে ফেরত আসলে উক্ত পণ্যের পূর্ণ বিবরণ দিয়ে বিক্রেতা যে চিঠি ক্রেতার নিকট পাঠায় তাকে কী বলে? [BSMRSTU : 13-14]
Ⓐ ডেবিট নোট Ⓑ ক্রেডিট নোট Ⓒ দেনা চিঠি Ⓓ কোনোটিই নয়
Solve বিক্রীত পণ্য কোনো কারণে বিক্রেতার নিকট ফেরত আসলে যে চিঠি ব্যবহার করা হয় তাকে ক্রেডিট নোট বলা হয়। **Ans (B)**

29. ৫,০০০ টাকায় স্ত্রীর গহনা বিক্রয়লব্ধ অর্থ হতে অফিসের জন্য একটি টাইপ রাইটার মেশিন ক্রয়ের জাবেদা হবে- [BSMRSTU : 13-14]
Ⓐ অফিস সরঞ্জাম ডেবিট ৫,০০০ টাকা, নগদ ক্রেডিট ৫,০০০ টাকা
Ⓑ অফিস সরঞ্জাম ডেবিট ৫,০০০ টাকা, মূলধন ক্রেডিট ৫,০০০ টাকা
Ⓒ মেশিন ডেবিট ৫,০০০ টাকা, মূলধন ক্রেডিট ৫,০০০ টাকা
Ⓓ মেশিন ডেবিট ৫,০০০ টাকা, নগদ ক্রেডিট ৫,০০০ টাকা
Solve ব্যক্তিগত অর্থ হতে ব্যবসায়ের জন্য কোনো সম্পত্তি ক্রয় করা হলে, জাবেদা হবে, সম্পত্তি হিসাব ডেবিট এবং মূলধন হিসাব ক্রেডিট। সুতরাং এখানে জাবেদা হবে, অফিস সরঞ্জাম ডেবিট ৫,০০০ টাকা; মূলধন হিসাব ক্রেডিট ৫,০০০ টাকা। **Ans (B)**

30. শ্রমিকরা দুর্ঘটনার জন্য ক্ষতিপূরণ দাবি করেছে কিন্তু কোনো অর্থ পরিশোধ করা হয়নি। এক্ষেত্রে জাবেদা কী হবে? [JnU : 12-13]
Ⓐ ক্ষতিপূরণ প্রদেয় ডে. শ্রমিকের দাবি ক্রে. Ⓑ শ্রমিকের দাবি ডে. নগদ ক্রে.
Ⓒ শ্রমিকের দাবি ডে. সম্ভাব্য দায় ক্রে. Ⓓ কোন জাবেদা নয়
Solve ঘটনাটির জন্য কোনো জাবেদা হবে না। কারণ শ্রমিকরা ক্ষতিপূরণ দাবি করেছে যা, কোম্পানি স্বীকার করেছে কিনা জানা যায় নি, যদি স্বীকার করতো তবে লেনদেন ও জাবেদা হতো। এখানে ঘটনাটি সম্ভাব্য দায় হিসাবে গণ্য হবে। **Ans (D)**

31. বিক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য একটি করে এন্ট্রির প্রয়োজন হয়- [CoU : 12-13]
Ⓐ ক্রয় খতিয়ানে Ⓑ প্রাপ্য খতিয়ানে
Ⓒ নামিক খতিয়ানে Ⓓ সবগুলো
Solve বিক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য একটি করে এন্ট্রির প্রয়োজন হয় প্রাপ্য হিসাবের খতিয়ানে। **Ans (B)**

32. রহমান ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করল। লেনদেনটির ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের ক্ষেত্রে কোনটি সঠিক? [CoU : 12-13]
Ⓐ নগদান হিসাব-ডেবিট To মূলধন হিসাব-ক্রেডিট
Ⓑ রহমান হিসাব-ডেবিট To মূলধন হিসাব-ক্রেডিট
Ⓒ মূলধন হিসাব-ডেবিট To নগদান হিসাব-ক্রেডিট
Ⓓ মূলধন হিসাব-ডেবিট To রহমান হিসাব-ক্রেডিট
Solve নগদ টাকা নিয়ে ব্যবসা শুরু করলে নগদান হিসাব ডেবিট ও মূলধন হিসাব ক্রেডিট হয়। **Ans (A)**

33. পণ্য বিক্রয়সহ অন্যান্য নগদ আয়ের জন্য যে প্রমাণপত্র ব্যবহৃত হয় তাকে বলা হয়? [CoU : 12-13]
Ⓐ ডেবিট ভাউচার Ⓑ জার্নাল ভাউচার Ⓒ ক্রেডিট ভাউচার Ⓓ ক্রেডিট নোট
Solve পণ্য বিক্রয়সহ অন্যান্য আয়ের জন্য ক্রেডিট ভাউচার ব্যবহার করা হয়। **Ans (C)**

34. 'দেনাদারের উপর নগদ বাট্টা প্রদান' এর জাবেদা এন্ট্রি হবে– [BRUR : 12-13]
Ⓐ প্রদত্ত বাট্টা হিসাব ডে: বিবিধ দেনাদার হিসাব ক্রে:
Ⓑ বিবিধ দেনাদার হিসাব ডে: প্রদত্ত বাট্টা হিসাব ক্রে:
Ⓒ নগদান হিসাব ডে: বিবিধ দেনাদার হিসাব ক্রে:
Ⓓ কোনোটিই নয়
Solve দেনাদারের উপর নগদ বাট্টা প্রদান অর্থাৎ, দেনাদার টাকা পরিশোধ কালে দেনাদারের নিকট থেকে কিছু টাকা কম গ্রহণ করা হয়েছে। সুতরাং জাবেদা হবে, প্রদত্ত বাট্টা (খরচ) হিসাব ডেবিট, দেনাদার হিসাব ক্রেডিট। **Ans (A)**

35. একজন ক্রেতা ধারে ক্রীত পণ্য ফেরত দিলে, বিক্রেতা জাবেদা দিবে কোথায়? [MBSTU : 12-13]
Ⓐ নগদ প্রাপ্তি জাবেদায় Ⓑ বিক্রয় জাবেদায়
Ⓒ নগদ প্রদান জাবেদায় Ⓓ সাধারণ জাবেদায়
Solve বিক্রীত পণ্য ফেরত পাওয়া গেলে বিক্রয় ফেরত জাবেদায় লেখা হয়। প্রতিষ্ঠান বিক্রয় ফেরত জাবেদা সংরক্ষণ না করলে সাধারণ জাবেদায় লেখা হয়। **Ans (D)**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

36. ৫০০ টাকা মূল্যের পণ্য খরিদ্দারের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হলো। এখানে ডেবিট হবে? [IU : 11-12]

Ⓐ উত্তোলন হিসাব Ⓑ বিক্রয় হিসাব
Ⓒ বিজ্ঞাপন হিসাব Ⓓ লাভ লোকসান হিসাব

Solve বিনামূল্যে পণ্য বিতরণ করা হলে তার জন্য বিজ্ঞাপন হিসাবকে ডেবিট করা হয়।

37. পণ্য ক্রয়সহ অন্যান্য নগদ খরচের জন্য যে প্রমাণপত্র ব্যবহৃত হয়, তাকে কী বলা হয়? [CoU : 11-12]

Ⓐ ডেবিট ভাউচার Ⓑ ক্রেডিট ভাউচার
Ⓒ জার্নাল ভাউচার Ⓓ ডেবিট নোট

Solve পণ্য ক্রয়সহ অন্যান্য নগদ খরচের জন্য ডেবিট ভাউচার ব্যবহার করা হয়।

38. মৌলিক দাখিলার বই কোনটি? [CoU : 11-12]

Ⓐ জাবেদা Ⓑ খতিয়ান Ⓒ চূড়ান্ত হিসাব Ⓓ সবগুলোই

Solve মৌলিক দাখিলার বই হলো জাবেদা বই।

39. ক্রয় বই ও ক্রয় হিসাবের মধ্যে পার্থক্য কী? [BRUR : 11-12]

Ⓐ প্রথমটি খতিয়ান, পরেরটি জাবেদা Ⓑ প্রথমটি জাবেদা, পরেরটি খতিয়ান
Ⓒ এদের মধ্যে কোনো পার্থক্য নেই Ⓓ কোনোটিই নয়

Solve ক্রয় বই হলো ক্রয় জাবেদা এবং ক্রয় হিসাব হলো খতিয়ান।

40. নিচের কোনটিকে বিক্রয় বলা ঠিক নয়? [SUST : 11-12]

Ⓐ অফিস সরঞ্জাম বিক্রয় Ⓑ পূর্বে ক্রয়ের অন্তর্ভুক্ত বিক্রীত দ্রব্য
Ⓒ নগদে বিক্রীত দ্রব্য Ⓓ ধারে বিক্রীত দ্রব্য
Ⓔ কোনোটিই নয়

Solve অফিস সরঞ্জাম বিক্রয় করা হলে নগদ বা ব্যাংক হিসাব বৃদ্ধি পায় এবং অফিস সরঞ্জাম হ্রাস পায়। এর জন্য জাবেদা এন্ট্রি হবে, নগদ/ব্যাংক হিসাব ডেবিট অফিস সরঞ্জাম হিসাব ক্রেডিট সুতরাং অফিস সরঞ্জাম বিক্রয়কে বিক্রয় বলা ঠিক নয়।

41. ক্রেডিট নোট ইস্যু করলে অন্তর্ভুক্ত হবে- [HSTU : 11-12]

Ⓐ বিক্রয় জাবেদায় Ⓑ আন্তঃফেরত জাবেদায়
Ⓒ বহিঃফেরত জাবেদায় Ⓓ বহিঃফেরত হিসাব

Solve ক্রেডিট নোটের সাহায্যে বিক্রয় ফেরত বা আন্তঃফেরত জাবেদা প্রস্তুত করা হয়।

42. মাহফুজ ১,০০,০০০ টাকার আসবাবপত্র বাকিতে ক্রয় করল। সংশ্লিষ্ট হিসাবদ্বয় হবে- [MBSTU : 11-12]

Ⓐ ক্রয় হিসাব ও দেনাদার হিসাব
Ⓑ আসবাবপত্র হিসাব ও দেনাদার হিসাব
Ⓒ আসবাবপত্র হিসাব ও পাওনাদার হিসাব
Ⓓ আসবাবপত্র হিসাব ও বিক্রেতা হিসাব

Solve আসবাবপত্র বাকিতে ক্রয় করলে সংশ্লিষ্ট হিসাবদ্বয় হবে, আসবাবপত্র (সম্পত্তি) হিসাব ও আসবাবপত্র সরবরাহকারী/বিক্রেতা হিসাব।

43. নিচের কোনটিকে 'Books of Original Entry' বলা হয়? [MBSTU : 11-12]

Ⓐ খতিয়ান Ⓑ জাবেদা Ⓒ নগদান বহি Ⓓ রেওয়ামিল

Solve Books of original entry বলা হয় জাবেদাকে। এছাড়াও জাবেদাকে লেনদেন সময়ানুক্রমিক রেকর্ড, দৈনন্দিন দাখিলার বই, প্রাথমিক দাখিলার বই, হিসাব প্রক্রিয়ার প্রাথমিক বই, সাহায্যকারী হিসাবের বই, হিসাব/দাখিলার বই, ধারাবাহিক হিসাবের বই, আদি হিসাব বই নামে অভিহিত করা হয়।

44. ইংরেজি Journal শব্দটি ফরাসি 'Jour' শব্দ হতে উদ্ভূত। Jour শব্দের অর্থ হচ্ছে- [UnU : 10-11]

Ⓐ অর্থ Ⓑ হিসাব Ⓒ দিন Ⓓ লেনদেন Ans (C)

45. ক্রয় জাবেদা হইতে সাধারণত কখন সাবসিডিয়ারি খতিয়ানে পোস্টিং দেওয়া হয়? [UnU : 10-11]

Ⓐ বাৎসরিক Ⓑ মাসিক Ⓒ সাপ্তাহিক Ⓓ দৈনিক

Solve ক্রয় জাবেদার প্রতিটি হিসাব সাবসিডিয়ারি খতিয়ানে পোস্টিং দিতে হয় এবং তা সাধারণত দৈনিক পোস্টিং দেওয়া হয়।

46. জাবেদা (Journal) ও খতিয়ান (Ledger)-এর মধ্যে পার্থক্য কী? [UnU : 10-11]

Ⓐ কোনো পার্থক্য নেই, দুটিই হিসাবের বই
Ⓑ জাবেদাতে লাভ আর খতিয়ানে লোকসান লেখা হয়
Ⓒ জাবেদাতে আয় আর খতিয়ানে ব্যয় লেখা হয়
Ⓓ জাবেদা হিসাবের প্রাথমিক বই, খতিয়ান হিসাবের পাকা ও স্থায়ী বই

Solve জাবেদা ও খতিয়ান উভয়ই হিসাবের বই। এদের মধ্যকার প্রধান পার্থক্য হলো জাবেদা হিসাবের প্রাথমিক বা সহকারী বই এবং খতিয়ান হিসাবের পাকা ও স্থায়ী বই।

47. মিঃ জাভেদ একজন আসবাবপত্রের ব্যবসায়ী। টপ ফার্নিসার্স থেকে আসবাবপত্র ধারে ক্রয় করিলেন, জাবেদা কী হবে? [UnU : 09-10]

Ⓐ আসবাবপত্র হিসাব ডে, নগদান হিসাব কে,
Ⓑ ক্রয় হিসাব ডে, পাওনাদার হিসাব কে,
Ⓒ ক্রয় হিসাব ডে, টপ ফার্নিসার্স হিসাব কে,
Ⓓ আসবাবপত্র হিসাব ডে, ফার্নিসার্স হিসাব কে,

Solve আসবাবপত্র ব্যবসায়ীর পণ্য হচ্ছে আসবাবপত্র। সুতরাং পণ্য ক্রয় করলে যে জাবেদা হয় এক্ষেত্রেও তাই করা হবে।

48. জাবেদায় কয়টি ঘর থাকে- [CoU : 08-09]

Ⓐ ৫টি Ⓑ ৪টি
Ⓒ ৭টি Ⓓ ৬টি

Solve জাবেদার ছকে ঘর থাকে ৫টি।

49. পাঁচ বছরের জন্য বাড়ি ভাড়া নগদে প্রদান করলে সে ক্ষেত্রে জাবেদা হবে- [UnU : 08-09]

Ⓐ বাড়ি ভাড়া ডেবিট, নগদান ক্রেডিট
Ⓑ অগ্রিম বাড়ি ভাড়া ডেবিট, নগদান ক্রেডিট
Ⓒ নগদান ডেবিট, বাড়ি ভাড়া ক্রেডিট
Ⓓ নগদান ডেবিট, অগ্রিম বাড়ি ভাড়া ক্রেডিট

Solve পাঁচ বছরের জন্য ভাড়া খরচ প্রদান করায় 'অগ্রিম ভাড়া' নামক সম্পদ বৃদ্ধি পায় এবং 'নগদ' টাকা নামক সম্পত্তি হ্রাস পায়। ফলে জাবেদা দাখিলা হবে, অগ্রিম বাড়ি ভাড়া ডেবিট, নগদান হিসাব ক্রেডিট।

50. নিচের কোন বিবরণীটি সঠিক- [IU : 05-06]

Ⓐ ক্রয় বইতে সব ধরনের ক্রয় লিপিবদ্ধ করা হয়
Ⓑ কারবারি বাট্টা নগদান বইতে লিপিবদ্ধ করা হয়
Ⓒ বিক্রয় বইতে শুধু ধারে বিক্রয় লিপিবদ্ধ করা হয়
Ⓓ আন্তঃফেরত বইয়ের যোগফল আন্তঃফেরত হিসাবে

Solve (A) বক্তব্যটি মিথ্যা কারণ ক্রয় বইতে শুধু ধারে ক্রয় লিপিবদ্ধ করা হয়। সব ধরনের ক্রয় (নগদে ক্রয়) লিপিবদ্ধ করা হয় না। (B) কারবারি বাট্টা নগদান বইতে লেখা হয় না, ইহা শুধু তালিকামূল্য হতে বাদ দিয়ে দেখানো হয়। (D) বক্তব্যটি কোনো অর্থবোধক বক্তব্য নয় ফলে এটিও মিথ্যা। (C) বিক্রয় বইতে শুধু ধারে বিক্রয় লিপিবদ্ধ করা হয়, বক্তব্যটি সম্পূর্ণ সত্য।

51. বিক্রয় বহিতে কোনটি লিপিবদ্ধ হয়-

Ⓐ সকল বিক্রয় Ⓑ নগদ বিক্রয়
Ⓒ বাকিতে বিক্রয় Ⓓ বাকিতে ক্রয়

Solve সকল প্রকার বাকিতে বিক্রয় যে বইতে লিপিবদ্ধ করা হয় তাকে বিক্রয় বহি বলে।

52. জাবেদা দাখিলা স্থানান্তর করা উচিত কী অনুযায়ী?

Ⓐ টাকার পরিমাণ Ⓑ হিসাব নম্বর
Ⓒ কালের ক্রমধারা Ⓓ বর্ণানুক্রমিক

Solve জাবেদা দাখিলা তারিখের ক্রমানুসারে/ কালের ক্রমধারা অনুযায়ী স্থানান্তর করা উচিত।

53. নির্দিষ্ট সময় শেষে ক্রয় ফেরত বহির যোগফল স্থানান্তরিত হয়-

Ⓐ ক্রয় ফেরত হিসাবের ক্রেডিট দিকে Ⓑ ক্রয় ফেরত হিসাবের ডেবিট দিকে
Ⓒ ক্রয় হিসাবের ক্রেডিট দিকে Ⓓ ক্রয় হিসাবের ডেবিট দিকে Ans (A)

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. মালিকের ব্যক্তিগত তহবিল হতে কারবারের কর্মচারীদের বেতন দেয়া হলো ১,০০০ টাকা। জাবেদা দাখিলা হবে কোনটি? [MYM-22]
Ⓐ বেতন হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
Ⓑ বেতন হিসাব ডেবিট, মূলধন হিসাব ক্রেডিট
Ⓒ বেতন হিসাব ডেবিট, উত্তোলন হিসাব ক্রেডিট
Ⓓ মূলধন হিসাব ডেবিট, বেতন হিসাব ক্রেডিট — Ans Ⓑ

02. অর্জিত কমিশন ৫,০০০ টাকা এখনো হিসাবভুক্ত হয়নি- এ লেনদেনটি লিপিবদ্ধকরণে ডেবিট হবে কোন হিসাব? [MYM-22]
Ⓐ প্রাপ্য কমিশন হিসাব Ⓑ কমিশন হিসাব
Ⓒ বকেয়া কমিশন হিসাব Ⓓ অনুপার্জিত কমিশন হিসাব — Ans Ⓐ

03. ডেবিট নোট কে তৈরি করে? [RAJ-22]
Ⓐ ক্রেতা Ⓑ বিক্রেতা Ⓒ ব্যাংক Ⓓ বিনিয়োগকারী — Ans Ⓐ

04. ক্রয় জাবেদায় কোন ধরনের লেনদেন লেখা হয়? [CHI-22]
Ⓐ সম্পদ ক্রয় Ⓑ চেকে ক্রয় Ⓒ নগদে ক্রয় Ⓓ ধারে ক্রয় — Ans Ⓓ

05. বাট্টা প্রাপ্তির সঠিক জাবেদা কোনটি? [DHA-21; RAJ-21]
Ⓐ বাট্টা হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট
Ⓑ বাট্টা হিসাব ডেবিট; প্রাপ্য হিসাব ক্রেডিট
Ⓒ নগদান হিসাব ডেবিট; প্রদেয় হিসাব ক্রেডিট
Ⓓ প্রদেয় হিসাব ডেবিট; বাট্টা হিসাব ক্রেডিট — Ans Ⓓ

06. জাবেদাকে কী বলা হয়? [DHA-21]
Ⓐ পাকা বই Ⓑ চূড়ান্ত বই Ⓒ প্রাথমিক বই Ⓓ প্রধান বই — Ans Ⓒ

07. জার (Jur) শব্দের অর্থ কী? [MYM-21]
Ⓐ দিবস Ⓑ তাক Ⓒ সংরক্ষণ Ⓓ পাত্র — Ans Ⓐ

08. বিক্রয় ফেরত সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করার জন্য নিচের কোনটি ব্যবহার করা হয়? [RAJ-21]
Ⓐ ডেবিট নোট Ⓑ ক্রেডিট নোট
Ⓒ ডেবিট ভাউচার Ⓓ ক্রেডিট ভাউচার — Ans Ⓑ

09. নগদ ক্রয় ৪,০০০ টাকা, ধারে ক্রয় ২০,০০০ টাকা, কারবারি বাট্টা ১০%, ক্রয় সংক্রান্ত প্যাকিং খরচ ৫০০ টাকা, বিমা খরচ ১,০০০ টাকা এবং পরিবহন খরচ ২০০ টাকা। ক্রয় বহিতে কত টাকা লিখতে হবে? [CHI-21]
Ⓐ ১৮,৭০০ টাকা Ⓑ ১৯,৭০০ টাকা
Ⓒ ২৩,৩০০ টাকা Ⓓ ২৩,৭০০ টাকা — Ans Ⓑ

10. হিসাবের প্রাথমিক বহি কোনটি? [DIN-21; COM-21]
Ⓐ নগদান বহি Ⓑ দৈনিক খরচ বহি
Ⓒ খতিয়ান বহি Ⓓ জাবেদা বহি — Ans Ⓓ

11. বিক্রয় ফেরতের জন্য কোন দলিল ব্যবহার করা হয়? [CHI-21]
Ⓐ চালান Ⓑ ক্যাশমেমো Ⓒ ডেবিট নোট Ⓓ ক্রেডিট নোট — Ans Ⓓ

12. বিক্রয়ের উদ্দেশ্যে যন্ত্রপাতি ক্রয় করা হলো, সঠিক জাবেদা দাখিলা কোনটি? [DHA-21]
Ⓐ ক্রয় হিসাব ডেবিট প্রদেয় হিসাব ক্রেডিট
Ⓑ যন্ত্রপাতি হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট
Ⓒ ক্রয় হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট
Ⓓ যন্ত্রপাতি হিসাব ডেবিট প্রদেয় হিসাব ক্রেডিট — Ans Ⓒ

13. নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ হয়- [MYM-21]
i. নগদে বিক্রয় ii. সুদ প্রাপ্তি iii. ঋণ গ্রহণ
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii — Ans Ⓓ

14. মালিক কর্তৃক বিক্রয় মূল্যে পণ্য উত্তোলন করলে কী জাবেদা হবে? [CHI-21]
Ⓐ উত্তোলন ডেবিট, ক্রয় ক্রেডিট Ⓑ উত্তোলন ডেবিট, নগদান ক্রেডিট
Ⓒ বিক্রয় ডেবিট, উত্তোলন ক্রেডিট Ⓓ উত্তোলন ডেবিট, বিক্রয় ক্রেডিট — Ans Ⓓ

15. জাবেদার অপরিহার্য বিষয় কী? [CHI-19]
Ⓐ ব্যাখ্যা Ⓑ শিরোনাম Ⓒ সমষ্টি নির্ণয় Ⓓ ক্রমিক নং — Ans Ⓑ

16. ডেবিট নোটের জন্য কোন বই প্রয়োজন ? [DIN-19]
Ⓐ ক্রয় ফেরত Ⓑ বিক্রয় ফেরত Ⓒ ক্রয় Ⓓ বিক্রয় — Ans Ⓐ

17. কোন দলিলের ওপর ভিত্তি করে বিক্রয় জাবেদা প্রস্তুত করা হয়? [DIN-19]
Ⓐ ক্রেডিট নোট Ⓑ ভাউচার
Ⓒ চালান Ⓓ ডেবিট নোট — Ans Ⓒ

18. নগদ ২৫,০০০ টাকা ও ৫,০০০ টাকা ব্যক্তিগত ঋণ নিয়ে ব্যবসায় শুরু করলে, মূলধন হিসাবে কত টাকা ক্রেডিট হবে ? [DIN-19]
Ⓐ ৩০,০০০ টাকা Ⓑ ২৫,০০০ টাকা
Ⓒ ২০,০০০ টাকা Ⓓ ৫,০০০ টাকা — Ans Ⓑ

19. নিচের কোন লেনদেনটি মালিকানাস্বত্ব বৃদ্ধি করে? [CHI-17]
Ⓐ বেতন প্রদান- ৫,০০০ টাকা Ⓑ আসবাবপত্রের অবচয়- ৪,০০০ টাকা
Ⓒ বিনিয়োগের সুদ- ২,০০০ টাকা Ⓓ ঋণের সুদ- ২,০০০ টাকা — Ans Ⓒ

20. বিক্রয় জাবেদায় কোন প্রমাণপত্র ব্যবহার করা হয়? [CHI-17]
Ⓐ ডেবিট নোট Ⓑ ক্রেডিট নোট
Ⓒ ডেবিট ভাউচার Ⓓ চালান — Ans Ⓓ

21. চালানে দেখানো হয় কোন বাট্টা? [COM-16 ; RAJ-17]
Ⓐ প্রাপ্ত বাট্টা Ⓑ প্রদত্ত বাট্টা
Ⓒ পরিমাণ বাট্টা Ⓓ কারবারি বাট্টা — Ans Ⓓ

22. চালান কে তৈরি করেন? [DHA-16]
Ⓐ ক্রেতা Ⓑ বিক্রেতা
Ⓒ মধ্যস্থতাকারী Ⓓ দেনাদার — Ans Ⓑ

23. কোন সম্পর্কটি সঠিক? [CHI-16]
Ⓐ ক্রয় বাট্টা ও প্রাপ্য হিসাব Ⓑ ক্রয় বাট্টা ও প্রদেয় হিসাব
Ⓒ বিক্রয় বাট্টা ও প্রদেয় হিসাব Ⓓ ক্রয় বাট্টা এবং বিক্রয় বাট্টা — Ans Ⓑ

24. পুরাতন আসবাবপত্র মেরামত বাবদ মজুরি প্রদান করা হলে কোন হিসাবটি ডেবিট হবে? [DIN-16]
Ⓐ মেরামত Ⓑ মজুরি Ⓒ আসবাবপত্র Ⓓ বিবিধ খরচ — Ans Ⓐ

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

I. প্রারম্ভিক মজুতের জাবেদা কী হবে?
Ⓐ সমন্বয় জাবেদা Ⓑ উল্টানো জাবেদা
Ⓒ প্রারম্ভিক জাবেদা Ⓓ সমাপনী জাবেদা — Ans Ⓒ

. জাবেদা দাখিলা প্রণয়ন করা হয় কখন?
Ⓐ লেনদেনের চুক্তি হওয়ার সাথে সাথে
Ⓑ পণ্য বা সেবা সরবরাহের ফরমায়েশ পাওয়ার সাথে সাথে
Ⓒ লেনদেনের সাপেক্ষে প্রমাণপত্র বা উৎস দলিল পাওয়ার সাথে সাথে
Ⓓ পণ্যদ্রব্য সরবরাহ দেওয়ার পর — Ans Ⓒ

খুচরা নগদান তহবিল হতে পরিশোধ, এর ফলে করতে হয়:
Ⓐ নগদান হিসেবে ক্রেডিট Ⓑ খুচরা নগদান হিসাবে ক্রেডিট
Ⓒ বিবিধ খরচ হিসাবে ডেবিট Ⓓ কোনো দাখিলা দিতে হয় না — Ans Ⓓ

04. নিচের কোনটি 'ক্রয়'-এর অর্থ বোঝাতে সর্বোত্তম ব্যাখ্যা?
Ⓐ ক্রয়কৃত দফাসমূহ Ⓑ ধারে ক্রয়কৃত পণ্য
Ⓒ পণ্যের জন্য পরিশোধ Ⓓ পূণঃ বিক্রয়ের জন্য ক্রয়কৃত পণ্য — Ans Ⓓ

05. নিচের কোনটিকে 'বিক্রয়' বলা সঠিক নয়?
Ⓐ অফিস সরঞ্জাম বিক্রয় Ⓑ ধারে বিক্রীত পণ্য
Ⓒ পূর্বে ক্রয়ের অন্তর্ভুক্ত বিক্রীত দফা Ⓓ নগদে পণ্য বিক্রয় — Ans Ⓐ

06. "৫/১৫, নিট/৪৫" এই শর্তে পণ্য ক্রয় করা হলে লেনদেনটি অন্তর্ভুক্ত হবে:
Ⓐ সাধারণ জাবেদায় Ⓑ বিক্রয় জাবেদায়
Ⓒ নগদ প্রদান জাবেদায় Ⓓ ক্রয় জাবেদায় — Ans Ⓓ

07. বিক্রয় জাবেদায় লিপিবদ্ধ করা হয়:
Ⓐ ধারে পণ্য বিক্রয় Ⓑ ধারে সম্পত্তি বিক্রয়
Ⓒ নগদে পণ্য বিক্রয় Ⓓ নগদে সম্পত্তি বিক্রয় — Ans Ⓐ

CamScanner

08. ক্রয় জাবেদায় লিপিবদ্ধ করা হয়:
Ⓐ ধারে পণ্য ক্রয় Ⓑ ধারে সম্পত্তি ক্রয়
Ⓒ ধারে পণ্য ও সম্পত্তি ক্রয় Ⓓ নগদে সম্পত্তি ক্রয় Ans Ⓐ

09. নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ করা হয়:
Ⓐ সকল প্রকার নগদ প্রাপ্তি Ⓑ নগদে সম্পত্তি ক্রয়
Ⓒ নগদে পণ্য ক্রয় Ⓓ সকল প্রকার নগদ প্রদান Ans Ⓐ

10. নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ করা হয়:
Ⓐ সকল প্রকার নগদ প্রাপ্তি Ⓑ নগদে পণ্য বিক্রয়
Ⓒ নগদে সম্পত্তি বিক্রয় Ⓓ সকল প্রকার নগদ প্রদান Ans Ⓓ

11. ধারে বিক্রীত পণ্য ফেরত আসলে কোন জাবেদায় দাখিলা প্রদান করতে হয়?
Ⓐ ক্রয় জাবেদায় Ⓑ বিক্রয় জাবেদায়
Ⓒ বিক্রয় ফেরত জাবেদায় অথবা সাধারণ জাবেদায়
Ⓓ নগদ প্রদান জাবেদায় Ans Ⓒ

12. বিক্রয় চালানসমূহ প্রথমে অন্তর্ভুক্ত হয়:
Ⓐ নগদান বইতে Ⓑ ক্রয় জাবেদায়
Ⓒ বিক্রয় হিসাবে Ⓓ বিক্রয় জাবেদায় Ans Ⓓ

13. ক্রয় জাবেদায় অন্তর্ভুক্ত হয়:
Ⓐ সরবরাহকারীকে পরিশোধ Ⓑ কারবারি বাট্টা
Ⓒ ক্রয় চালান Ⓓ প্রাপ্ত বাট্টা Ans Ⓒ

14. সাধারণ জাবেদা সম্পর্কে কোন বিবরণটি সঠিক নয়?
Ⓐ যে সকল লেনদেনসমূহ বিশেষ জাবেদায় লেখা যায় না, তা সাধারণ জাবেদায় অন্তর্ভুক্ত হয়
Ⓑ সাধারণ জাবেদা হতে লেনদেন অবশ্যই দুইবার পোস্টিং দিতে হবে
Ⓒ প্রাপ্য হিসাব পরিশোধ সম্পর্কে প্রাপ্য নোটের অনুমোদন লিপিবদ্ধের জন্য সাধারণ জাবেদা ব্যবহার করা হয়
Ⓓ সংশোধনী, সমন্বয় এবং সমাপনী দাখিলাসমূহ সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করা হয় Ans Ⓒ

15. যখন বিশেষ জাবেদা ব্যবহার করা হয়, তখন:
Ⓐ সকল ক্রয় সংক্রান্ত লেনদেন ক্রয় জাবেদায় লিপিবদ্ধ করা হয়
Ⓑ বিক্রয় বাবদ নগদ প্রাপ্তি ব্যতীত সকল নগদ প্রাপ্তি সংক্রান্ত লেনদেন নগদ প্রাপ্তি জাবেদায় লিপিবদ্ধ করা হয়
Ⓒ সকল প্রকার নগদ প্রদান সংক্রান্ত লেনদেন নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ করা হয়
Ⓓ সাধারণ জাবেদার কোনো প্রয়োজন নেই Ans Ⓒ

16. যদি একজন ক্রেতা ধারে ক্রয়কৃত পণ্য ফেরত পাঠায়, তাহলে তা লিপিবদ্ধ করার জন্য দাখিলা প্রদান করা হয়:
Ⓐ নগদ প্রদান জাবেদায় Ⓑ বিক্রয় জাবেদায়
Ⓒ সাধারণ জাবেদায় Ⓓ নগদ প্রাপ্তি জাবেদায় Ans Ⓒ

17. পণ্যদ্রব্য ব্যতীত ধারে সরঞ্জাম অথবা সম্ভার ক্রয় অথবা বাকিতে সম্পত্তি বিক্রয় সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করা হয়:
Ⓐ নগদ প্রদান জাবেদায় Ⓑ নগদ প্রাপ্তি জাবেদায়
Ⓒ সাধারণ জাবেদায় Ⓓ বিক্রয় জাবেদায় Ans Ⓒ

18. নিম্নের কোনটি নগদ প্রাপ্তি জাবেদার ক্রেডিট কলাম সমূহের অন্তর্ভুক্ত নয়?
Ⓐ অন্যান্য হিসাবসমূহ Ⓑ প্রাপ্য হিসাব
Ⓒ পাওনাদার Ⓓ বিক্রয় Ans Ⓒ

19. ধারে ক্রীত পণ্য ফেরত দিয়ে নগদ টাকা গ্রহণ করা হলে জাবেদা লিখন হবে:
Ⓐ নগদ ডেবিট, পাওনাদার ক্রেডিট Ⓑ পাওনাদার ডেবিট, ক্রয় ফেরত ক্রেডিট
Ⓒ পাওনাদার ডেবিট, নগদ ক্রেডিট
Ⓓ নগদ ডেবিট, ক্রয় ফেরত ক্রেডিট Ans Ⓓ

20. ধারে বিক্রীত পণ্য ফেরত গ্রহণ করে নগদ টাকা প্রদান করা হলে জাবেদা দাখিলা হবে:
Ⓐ বিক্রয় ফেরত ডেবিট, দেনাদার ক্রেডিট
Ⓑ বিক্রয় ফেরত ডেবিট, নগদ ক্রেডিট
Ⓒ দেনাদার ডেবিট, নগদ ক্রেডিট
Ⓓ নগদ ডেবিট, দেনাদার ক্রেডিট Ans Ⓑ

21. বেটা লিমিটেডের ২০২২ সালের জুলাই মাসের ক্রয় ও পাওনাদার সম্পর্কিত লেনদেনসমূহ নিম্নরূপ: নগদে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা; সজিবের নিকট হতে ধারে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা; রনির নিকট হতে ধারে পণ্য ক্রয় ৬০,০০০ টাকা; রনিকে নগদ পরিশোধ ২০,০০০ টাকা এবং সজিবের নিকট পণ্য ফেরত পাঠানো হলো ২৫,০০০ টাকা। উক্ত মাসে ক্রয় জাবেদায় কত টাকা লিপিবদ্ধ হবে?
Ⓐ ৮০,০০০ টাকা Ⓑ ১,০০,০০০ টাকা
Ⓒ ৭৫,০০০ টাকা Ⓓ ১,৫০,০০০ টাকা Ans Ⓑ

Type 4 খতিয়ান (Ledger)

Step 1 BASIC INFORMATION

খতিয়ান (Ledger): হিসাব-নিকাশের যে পাকা বইতে প্রতিষ্ঠানের যাবতীয় লেনদেনসমূহের বিভিন্ন প্রকার পক্ষসমূহকে পৃথক পৃথক শিরোনামে শ্রেণিবদ্ধভাবে সংক্ষিপ্তাকারে লিপিবদ্ধ করা হয় তাকে খতিয়ান বলে। প্রতিষ্ঠানের যাবতীয় লেনদেনের পক্ষসমূহকে শ্রেণিবিন্যাস করে সমজাতীয় এক একটি পক্ষকে খতিয়ানের এক একটি পৃষ্ঠায় নির্দিষ্ট শিরোনামের অধীনে সংক্ষিপ্তাকারে লিপিবদ্ধ করা হয়, তাকে বলা হয় "হিসাব"। অতএব, একটি প্রতিষ্ঠানের সকল হিসাবের সমষ্টিগত রূপকে খতিয়ান বলে। খতিয়ান এক স্থানে প্রতিটি হিসাবের উদ্বৃত্ত পরিবর্তন সংক্রান্ত সকল তথ্য সংরক্ষণ করে। কাঠামো অনুযায়ী খতিয়ানকে বিভিন্ন ভাগে ভাগ করা যায়। যথা : ১. বাধাই করা খতিয়ান (Bound Book Ledger) ২. আলগাপত্র বন্ধনী খতিয়ান (Looseleaf Binder Ledger) ৪. কার্ড ফাইল খতিয়ান (Card File Ledger) ইত্যাদি।

- জাবেদা বা প্রাথমিক বই হতে লেনদেনসমূহ পাকাপাকি বা স্থায়ীভাবে খতিয়ানে তোলা বা লিপিবদ্ধকরণের কাজকে খতিয়ানভুক্তিকরণ বলে।
- খতিয়ানের ছক ২ প্রকার। যথা : (i) T ছক (সনাতন পদ্ধতির ছক) (ii) আধুনিক পদ্ধতির ছক বা চলমান জের ছক বা আদর্শ ছক।


খতিয়ানের বিভাজন (Division of Ledger):
খতিয়ান বলতে সাধারণ খতিয়ানকে বুঝালেও বর্তমানকালে শ্রম বিভাগের সুবিধার্থে এবং সাধারণ খতিয়ানের আকার অতিরিক্ত বড় না করার স্বার্থে সহকারী খতিয়ান প্রস্তুত করা হয়। যাকে খতিয়ানের বিভাজন বলে।

সাধারণ খতিয়ান (General Ledger) :
যে খতিয়ানে সম্পত্তি, দায় এবং মালিকানা স্বত্ব সম্পর্কিত সকল হিসাব সংরক্ষণ করা হয় তাকে সাধারণ খতিয়ান বলে। সাধারণ খতিয়ানে প্রতিটি লেনদেনের প্রভাব লিপিবদ্ধ করা হয়। প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন প্রকার খতিয়ান থাকতে পারে, তবে প্রতিটি প্রতিষ্ঠানেই সাধারণ খতিয়ান সংরক্ষণ করা হয়। প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় সকল হিসাবসমূহ সাধারণ খতিয়ানে সংরক্ষিত থাকে।

সহকারী খতিয়ান (Subsidiary Ledger) :
সাধারণ খতিয়ানে সংক্ষিপ্তাকারে লিপিবদ্ধ একটি হিসাবের বিস্তারিত তথ্য জানার জন্য উক্ত হিসাবের সাথে সংশ্লিষ্ট প্রতিটি পক্ষের এক একটি স্বতন্ত্র হিসাব যে খতিয়ানে লিপিবদ্ধ করা হয়, তাকে সহকারী খতিয়ান বলে।
দুইটি প্রচলিত সহকারী খতিয়ান হলো : ১. প্রাপ্য হিসাব (দেনাদার) সহকারী খতিয়ান (Accounts Receivable/Customers' Subsidiary Ledger) এবং
২. প্রদেয় হিসাব (পাওনাদার) সহকারী খতিয়ান (Accounts Payable/Creditors' Subsidiary Ledger)।

CamScanner

প্রাপ্য হিসাব (দেনাদার) সহকারী খতিয়ানে ক্রেতাদের বা গ্রাহকদের অর্থাৎ দেনাদারের ব্যক্তিগত হিসাবসমূহ স্বতন্ত্রভাবে সংরক্ষণ করা হয় এবং প্রদেয় হিসাব (পাওনাদার) সহকারী খতিয়ানে সরবরাহকারীদের অর্থাৎ পাওনাদারদের ব্যক্তিগত হিসাবসমূহ স্বতন্ত্রভাবে সংরক্ষণ করা হয়। একটি সহকারী খতিয়ানে লিপিবদ্ধ বিস্তারিত তথ্য সাধারণ খতিয়ানের একটি হিসাবে সংক্ষিপ্তাকারে লিপিবদ্ধ করা হয়। যেমন : প্রাপ্য হিসাব (দেনাদার) সহকারী খতিয়ানে লিপিবদ্ধ বিস্তারিত তথ্য সাধারণ খতিয়ানের প্রাপ্য হিসাব (দেনাদার) নামক হিসাবে সংক্ষিপ্তাকারে লিপিবদ্ধ করা হয়। সাধারণ খতিয়ানের যে হিসাবটিতে সহকারী খতিয়ানে লিপিবদ্ধ বিস্তারিত তথ্য সংক্ষিপ্তাকারে লিপিবদ্ধ করা হয় তাকে নিয়ন্ত্রণ হিসাব (Control Account) বলে। হিসাবকালের শেষে সাধারণ খতিয়ানের প্রত্যেকটি নিয়ন্ত্রণ হিসাবের জের এবং এর সাথে সম্পর্কিত সহকারী খতিয়ানের স্বতন্ত্র হিসাবসমূহের জেরের সমষ্টির সমান হবে। সাধারণ খতিয়ানে হিসাব নম্বর থাকে, কিন্তু সহকারী খতিয়ানে হিসাব নম্বর থাকে না। সহকারী খতিয়ানে দেনাদার ও পাওনাদারদের স্বতন্ত্র হিসাবসমূহ সংরক্ষণ করা হয় এদের নামের বর্ণের ক্রমানুসারে (Alphabetically)।



যে সব হিসাবের মোট হিসাব এবং পৃথক পৃথক হিসাব সংরক্ষণ করতে হয়, সেইসব হিসাবের মোট হিসাব সাধারণ খতিয়ানে সংরক্ষণ করা হয়, যাকে নিয়ন্ত্রণ হিসাব বলে। যেমন দেনাদার হিসাব, পাওনাদার হিসাব ইত্যাদি। দেনাদার হিসাবকে বিক্রয় খতিয়ান নিয়ন্ত্রণ হিসাব এবং পাওনাদার হিসাবকে ক্রয় খতিয়ান নিয়ন্ত্রণ হিসাবও বলা হয়ে থাকে।
অন্যদিকে, মোট হিসাবের অধীনে পৃথক পৃথক বা স্বতন্ত্র হিসাবগুলোকে সহকারী খতিয়ানে সংরক্ষণ করা হয়, যাদেরকে নিয়ন্ত্রিত হিসাব বলে। যেমন: দেনাদার সাবিহা ট্রেডার্স হিসাব, দেনাদার গ্রামীণ ফোন লিঃ হিসাব, পাওনাদার উৎপল কেমিক্যাল হিসাব, পাওনাদার শুভ ব্রাদার্স হিসাব, পাওনাদার জয়কলি লিমিটেড ইত্যাদি। নিয়ন্ত্রিত হিসাবসমূহের জের রেওয়ামিলে প্রদর্শন করা হয় না এবং কোনো আর্থিক বিবরণীতে এগুলো প্রদর্শিত হয় না।

- দেনাদার সহকারী খতিয়ানে ক্রেতা বা গ্রাহক বা দেনাদারদের ব্যক্তিগত হিসাবসমূহ (Individual Accounts) স্বতন্ত্রভাবে সংরক্ষণ করা হয়।
- সাধারণ খতিয়ানের যে হিসাবটিতে সহকারী খতিয়ানে লিপিবদ্ধ বিস্তারিত তথ্য সংক্ষিপ্তাকারে লিপিবদ্ধ করা হয় তাকে নিয়ন্ত্রণ হিসাব (Control Account) বলে।
- হিসাবকালের শেষে সাধারণ খতিয়ানের প্রত্যেকটি নিয়ন্ত্রণ হিসাবের জের এবং এর সাথে সম্পর্কিত সহকারী খতিয়ানের স্বতন্ত্র হিসাবসমূহের জেরের সমষ্টি সমান হয়।

জাবেদা থেকে খতিয়ানে ছানান্তর :

- যে কোনো বিশেষ জাবেদার যে কোনো কলামের যোগফল **সাধারণ খতিয়ানে** ছানান্তর করা হয় **প্রতি মাসে**।
- যে কোনো বিশেষ জাবেদার প্রতিটি এন্ট্রি বা স্বতন্ত্র দফাকে **সহকারী খতিয়ানে** ছানান্তর করা হয় **দৈনন্দিন বা প্রতিদিন** এবং নগদ প্রাপ্তি ও প্রদান জাবেদা থেকে অন্যান্য কলামের স্বতন্ত্র দফাকে সাধারণ খতিয়ানে ছানান্তর করা হয় **দৈনন্দিন বা প্রতিদিন।**
- সাধারণ জাবেদা থেকে প্রতিটি এন্ট্রি সাধারণ খতিয়ানে ছানান্তর করা হয় **প্রতিদিন** এবং ব্যক্তিবাচক হিসাব জড়িত থাকলে সহকারী খতিয়ানেও ছানান্তর করা হয় **প্রতিদিন।**

বিশেষ জাবেদার যোগফল সাধারণ খতিয়ানে ছানান্তরকরণ :

দৈনন্দিন সংঘটিত বিশেষ ধরনের লেনদেনসমূহ বিশেষ জাবেদায় প্রতিদিন লিপিবদ্ধ করা হয়। তারপর বিশেষ জাবেদায় লিপিবদ্ধ প্রতিটি এন্ট্রি (দাখিলা) সংশ্লিষ্ট সহকারী খতিয়ানে প্রতিদিনই ছানান্তর করা হয়। তবে বিশেষ জাবেদাসমূহের মোট যোগফল সাধারণ খতিয়ানের সংশ্লিষ্ট হিসাবসমূহে ছানান্তর করা হয় হিসাবকাল শেষে (সাধারণত প্রতি মাসে)। হিসাবকাল শেষে বিশেষ জাবেদার যোগফল যেখানে ছানান্তরিত হয় তা নিম্নরূপ :

বিক্রয় জাবেদা	দেনাদার হিসাব ডেবিট পণ্য বিক্রয় হিসাব ক্রেডিট	সাধারণ খতিয়ানে বিক্রয় হিসাবের ক্রেডিট পাশে এবং দেনাদার হিসাবের ডেবিট পাশে।
নগদ প্রাপ্তি জাবেদা	নগদান হিসাব ডেবিট সংশ্লিষ্ট হিসাব ক্রেডিট	সাধারণ খতিয়ানে নগদান হিসাবের ডেবিট পাশে।
ক্রয় জাবেদা	পণ্য ক্রয় হিসাব ডেবিট পাওনাদার হিসাব ক্রেডিট	সাধারণ খতিয়ানে ক্রয় হিসাবের ডেবিট পাশে এবং পাওনাদার হিসাবের ক্রেডিট পাশে।
নগদ প্রদান জাবেদা	সংশ্লিষ্ট হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট	সাধারণ খতিয়ানে নগদান হিসাবের ক্রেডিট পাশে।
ক্রয় ফেরত জাবেদা	পাওনাদার হিসাব ডেবিট ক্রয় ফেরত হিসাব ক্রেডিট	সাধারণ খতিয়ানে ক্রয় ফেরত হিসাবের ক্রেডিট পাশে এবং পাওনাদার হিসাবের ডেবিট পাশে।
বিক্রয় ফেরত জাবেদা	বিক্রয় ফেরত হিসাব ডেবিট দেনাদার হিসাব ক্রেডিট	সাধারণ খতিয়ানে বিক্রয় ফেরত হিসাবের ডেবিট পাশে এবং দেনাদার হিসাবের ক্রেডিট পাশে।
প্রাপ্য বিল জাবেদা	প্রাপ্য বিল হিসাব ডেবিট দেনাদার হিসাব ক্রেডিট	সাধারণ খতিয়ানে প্রাপ্য বিল হিসাবের ডেবিট পাশে এবং দেনাদার হিসাবের ক্রেডিট পাশে।
প্রদেয় বিল জাবেদা	পাওনাদার হিসাব ডেবিট প্রদেয় বিল হিসাব ক্রেডিট	সাধারণ খতিয়ানে প্রদেয় বিল হিসাবের ক্রেডিট পাশে এবং পাওনাদার হিসাবের ডেবিট পাশে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Step ② At a Glance : Most Important Information

- হিসাবরক্ষণ পদ্ধতিতে হিসাবের প্রাথমিক বহির পরবর্তী স্তরই হচ্ছে– **হিসাবের পাকা বই "খতিয়ান".**
- ইংরেজি Ledge শব্দ হতে Ledger শব্দটির উৎপত্তি। Ledge শব্দের অর্থ শেল্‌ফ বা তাক, আর Ledger শব্দের অর্থ– **খতিয়ান।**
- হিসাবরক্ষণ প্রক্রিয়ায় খতিয়ানের কাজ মূলত– শ্রেণিবিন্যাসকরণ/স্থানান্তরকরণ।
- খতিয়ান হিসাব চক্রের– ৩য় ধাপ, হিসাববিজ্ঞান প্রক্রিয়ার– ২য় ধাপ, হিসাবরক্ষণ প্রক্রিয়ার– ৩য় ধাপ।
- ক্রয় বই, বিক্রয় বই, (বিশেষ জাবেদা) হতে সহকারী/ বিশেষ খতিয়ানে স্থানান্তর করা হয়– **প্রতিদিনে।**
- ক্রয় বই, বিক্রয় বই (বিশেষ জাবেদা) হতে সাধারণ খতিয়ানে স্থানান্তর করা হয়– **প্রতি মাসে।**
- খুচরা নগদান বইতে প্রতিষ্ঠানের যাবতীয় খুচরা খরচসমূহ পৃথকভাবে সংরক্ষণ করা হয়।
- খতিয়ান থেকে প্রতিটি হিসাব খাতের ফলাফল জানা যায়। অর্থাৎ খতিয়ানের মাধ্যমে খাতওয়ারি– **আয়-ব্যয় নির্ণয় করা যায়।**
- খতিয়ান হলো একটি ব্যবসায় প্রতিষ্ঠানের আর্থিক ফলাফলের– **দর্পণ বিশেষ।**
- চলমান জের ছক বা আদর্শ ছক এ তিনটি টাকার ঘর থাকায় একে– **তিন কলাম বিশিষ্ট ছক** (Three columns Accounts) বলা হয়।
- খতিয়ানের চলমান জের ছককে– **আদর্শ ছক বা Standard form বলা হয়।**
- প্রাথমিক বইয়ের জন্য অপেক্ষা না করে সরাসরিভাবে খতিয়ানে হিসাব লিখার যে পদ্ধতি অনুসরণ করা হয় তা হলো হিসাবরক্ষণের– **চিরকুট পদ্ধতি।**
- সরবরাহকারীদের বা পাওনাদারের ব্যক্তিগত হিসাবসমূহ পাওয়া যায়– **ক্রয় খতিয়ানে।**
- গ্রাহকগণ বা দেনাদারদের ব্যক্তিগত হিসাবসমূহ পাওয়া যায়– **বিক্রয় খতিয়ানে।**
- হিসাবকাল শেষে সাধারণ খতিয়ানের প্রত্যেকটি নিয়ন্ত্রণ হিসাবের জের এবং এর সাথে সম্পর্কিত সহকারী খতিয়ানের স্বতন্ত্র হিসাবসমূহের জেরের সমষ্টি সমান।
- জাবেদা ও খতিয়ান উভয়ই হিসাবের বই। তবে এদের মধ্যে প্রধান পার্থক্য হলো– **জাবেদা হিসাবের প্রাথমিক বা সহকারী বই এবং খতিয়ান হিসাবের পাকা বা স্থায়ী বই।**
- খতিয়ান হলো একটি– **প্রতিষ্ঠান কর্তৃক রক্ষিত সকল হিসাবের সংগ্রহ।**
- একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের সকল হিসাব সমূহ খতিয়ানে পাকাপাকি ভাবে সংরক্ষণ করা হয় বলে– **খতিয়ানকে সকল হিসাব বইয়ের রাজা বলা হয়।**
- খতিয়ান প্রধানত– ২ প্রকার। যথা: ১. সাধারণ খতিয়ান, ২. সহকারী খতিয়ান। সকল প্রতিষ্ঠানে সাধারণ খতিয়ান সংরক্ষণ করা বাধ্যতামূলক। খতিয়ান বলতে মূলত– **সাধারণ খতিয়ানকে বুঝায়।**
- শ্রম বিভাগের সুবিধার্থে সাধারণ খতিয়ানের পাশাপাশি সহকারী খতিয়ান প্রস্তুত করা হয়।
- সাধারণত নিয়ন্ত্রন হিসাবসমূহের জন্য সহকারী খতিয়ান প্রস্তুত করা হয়। যেমন: ১. দেনাদার খতিয়ান/প্রাপ্য হিসাবের খতিয়ান/বিক্রয় খতিয়ান, ২. পাওনাদার খতিয়ান/প্রদেয় হিসাবের খতিয়ান/ক্রয় খতিয়ান।
- সাধারণ খতিয়ানে **হিসাব নম্বর** থাকে কিন্তু সহকারী খতিয়ানে হিসাব নম্বর থাকে না।
- সহকারী খতিয়ানে দেনাদার ও পাওনাদারদের স্বতন্ত্র হিসাবসমূহ সংরক্ষণ করা হয়– তাদের নামের বর্ণের ক্রমানুসারে।
- ক্রয় জাবেদার যোগফল স্থানান্তরিত হবে– সাধারণ খতিয়ানে ক্রয় হিসাবের ডেবিট পার্শ্বে।
- বিক্রয় জাবেদার যোগফল স্থানান্তরিত হবে– সাধারণ খতিয়ানে বিক্রয় হিসাবের ক্রেডিট পার্শ্বে।
- আয়-ব্যয় ও লাভ ক্ষতি হিসাব পাওয়া যায়– নামিক খতিয়ানে।
- সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব এর হিসাব পাওয়া যায়– সাধারণ খতিয়ানে।
- ব্যক্তিক খতিয়ান হলো– দেনাদার খতিয়ান ও পাওনাদার খতিয়ান।
- খতিয়ানের মাধ্যমে কখনো জানা যায় না– ব্যবসায়ের লাভ-ক্ষতির অবস্থা।
- খতিয়ানের বৈশিষ্ট্য– পৃথক শিরোনাম, শ্রেণীবদ্ধকরণ, উদ্বৃত্তকরণ/জের নির্ণয়।
- খতিয়ানের সুবিধা– নির্দিষ্ট হিসাবের জের নির্ণয়, রেওয়ামিল প্রস্তুতকরণ, চূড়ান্ত হিসাব প্রস্তুতে সহায়তা করা ইত্যাদি।
- ক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য একটি করে এন্ট্রির প্রয়োজন হয়– পাওনাদার/প্রদেয়/দেয় হিসাব খতিয়ানে।
- বিক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য একটি করে এন্ট্রির প্রয়োজন হয়– দেনাদার/প্রাপ্য হিসাব খতিয়ানে।
- পাওনাদারবৃন্দের নামে পৃথক পৃথক হিসাব খোলা হলে তা পাওনাদার হিসাব এর সহকারী হিসাব আর পাওনাদার হিসাব হলো – নিয়ন্ত্রণ হিসাব।

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি হিসাব লিপিবদ্ধকরণের সঠিক ক্রম? [DU : 15-16]

Ⓐ স্থানান্তরকরণ, জাবেদাকরণ, বিশ্লেষণ

Ⓑ জাবেদাকরণ, বিশ্লেষণ, স্থানান্তরকরণ

Ⓒ বিশ্লেষণ, স্থানান্তরকরণ,জাবেদাকরণ

Ⓓ বিশ্লেষণ, জাবেদাকরণ, স্থানান্তরকরণ

Ⓔ জাবেদাকরণ, স্থানান্তরকরণ, বিশ্লেষণ

Solve (D) হিসাব সমীকরণের ক্রমটি হচ্ছে = বিশ্লেষণ, জাবেদা প্রস্তুতকরণ, খতিয়ান প্রস্তুতকরণ (স্থানান্তরকরণ), রেওয়ামিল প্রস্তুতকরণ, আর্থিক বিবরণী প্রস্তুতকরণ।

02. লিপিবদ্ধকরণের দৃষ্টিকোণ (recording point of view) হতে 'জাবেদা' 'খতিয়ান' -এর মধ্যে সম্পর্ক কী? [DU : 11-12]

Ⓐ একটি আর একটির সাথে সম্পর্কযুক্ত

Ⓑ একেবারেই সম্পর্কযুক্ত নয়

Ⓒ খতিয়ানে লিপিবদ্ধকরণের উৎস হলো জাবেদা

Ⓓ দুইটির প্রত্যেকটিই জের দেখায়

Ⓔ দুইটির প্রত্যেকটিই আর্থিক বিবরণী প্রস্তুতের উৎস

Solve (C) প্রতিষ্ঠানের সংঘটিত লেনদেনসমূহ প্রথমে জাবেদায় লিপিবদ্ধ করা হয় এবং তারপর জাবেদাভুক্ত লেনদেন খতিয়ান হিসাবসমূহে স্থানান্তর করতে হয়। তাই জাবেদা হলো খতিয়ানের উৎস দলিল। সুতরাং লিপিবদ্ধকরণের দৃষ্টিকোণ হতে খতিয়ানে লিপিবদ্ধকরণের উৎস হলো জাবেদা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

03. একটি খতিয়ান- [DU : 07-08]
Ⓐ কেবল সম্পত্তি ও দায় হিসাব ধারণ করে
Ⓑ অক্ষরের ক্রমানুযায়ী হিসাব দেখায়
Ⓒ একটি প্রাথমিক এন্ট্রির বই
Ⓓ প্রতিষ্ঠান কর্তৃক রক্ষিত সকল হিসাবের একটি সংগ্রহ
Ⓔ কেবল খরচ ও রাজস্বের হিসাব ধারণ করে
Solve খতিয়ান হল প্রতিষ্ঠান কর্তৃক রক্ষিত সকল হিসাবের একটি সংগ্রহশালা (সম্পত্তি, দায়, মালিকানা স্বত্ব, আয় ও ব্যয় হিসাব), সকল হিসাব বইয়ের রাজা, সকল লেনদেনসমূহের চূড়ান্ত গন্তব্যস্থল বা শেষ আশ্রয়স্থল।

04. গ্রাহকগণের ব্যক্তিগত হিসাবসমূহ পাওয়া যায়- [DU : 03-04]
Ⓐ নামিক খতিয়ানে Ⓑ ক্রয় খতিয়ানে Ⓒ বিক্রয় খতিয়ানে
Ⓓ নগদান বহিতে Ⓔ সাধারণ খতিয়ানে
Solve গ্রাহকগণের যাবতীয় ব্যক্তিগত হিসাবসমূহ সংরক্ষণ করা হয় প্রাপ্য হিসাবসমূহের সহকারী খতিয়ানে। যার আরেক নাম হলো : (C) বিক্রয় খতিয়ান।

05. সরবরাহকারীদের ব্যক্তিগত হিসাবসমূহ পাওয়া যায়- [DU : 02-03]
Ⓐ নামিক খতিয়ানে Ⓑ সাধারণ খতিয়ানে Ⓒ ক্রয় খতিয়ানে
Ⓓ বিক্রয় খতিয়ানে Ⓔ উপরের একটিও না
Solve সরবরাহকারী বা পাওনাদারদের ব্যক্তিগত হিসাবসমূহ স্বতন্ত্রভাবে সংরক্ষণ করা হয় প্রদেয় (পাওনাদার) হিসাবসমূহের সহকারী খতিয়ানে। যার আরেক নাম হলো - ক্রয় খতিয়ান।

06. ভাড়া ব্যয় হিসাবে ক্রেডিট জের থাকা মানে বোঝায়- [DU : 00-01]
Ⓐ ঐ তারিখে আমাদের ভাড়া বকেয়া আছে
Ⓑ ঐ তারিখে আমাদের ভাড়া আগাম দেওয়া আছে
Ⓒ আমরা অনেক বেশি ভাড়া দিয়েছি
Ⓓ আমরা ভাড়া বাবদ অল্প টাকাই দিয়েছি
Solve বকেয়া ভাড়া ব্যয় হিসাবের বিপরীত দাখিলা প্রদানের ফলে ভাড়া ব্যয় হিসাবে ক্রেডিট জের থাকা মানে বোঝায় যে ভাড়া ব্যয় বকেয়া ছিল পূর্ববর্তী হিসাবকালে।

07. সাধারণ খতিয়ান হিসাবরক্ষণ প্রক্রিয়ার কোন কাজটি করে? [DU : 95-96]
Ⓐ বিবরণ পেশাকরণ Ⓑ সংক্ষেপকরণ
Ⓒ শ্রেণিবিন্যাসকরণ Ⓓ সবকটি
Solve হিসাবরক্ষণ প্রক্রিয়ায় খতিয়ানের কাজ মূলত – শ্রেণিবিন্যাসকরণ/স্থানান্তরকরণ।

08. একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীসমূহে প্রাপ্ত সকল হিসাবসমূহ যে বইতে পাওয়া যায়, তা হলো? [DU : 95-96]
Ⓐ সাধারণ খতিয়ান Ⓑ সহকারী খতিয়ান
Ⓒ বিশেষ জাবেদা Ⓓ উল্লিখিত সকল বইতে
Solve একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের আর্থিক বিবরণীসমূহে প্রাপ্ত সকল হিসাবসমূহ যেমন: সম্পত্তি, দায় এবং মালিকানা স্বত্ব সম্পর্কিত সকল হিসাব সংরক্ষণ করা হয় সাধারণ খতিয়ানে। সাধারণ খতিয়ানে প্রতিটি লেনদেনের প্রভাব লিপিবদ্ধ করা হয়।

09. ক্রয় জাবেদায় প্রতিটি এন্ট্রির জন্য — একটি করে এন্ট্রির প্রয়োজন হয়। [DU : 93-94]
Ⓐ সাধারণ জাবেদায় Ⓑ ক্রয় হিসাবে
Ⓒ দেয় হিসাব খতিয়ানে Ⓓ কোনোটিই নয়
Solve ধারে ক্রয়সংক্রান্ত লেনদেনের জন্য ক্রয় জাবেদায় এন্ট্রি প্রদান করা হয়। ধারে ক্রয়ের ফলে ক্রয় হিসাব ডেবিট এবং প্রদেয় হিসাব বা পাওনাদার হিসাবকে (দেয় হিসাব) ক্রেডিট করা হয়। সুতরাং ক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য একটি করে এন্ট্রির প্রয়োজন হয় দেয় হিসাব খতিয়ানে।

10. বিক্রয় জাবেদার যোগফল স্থানান্তরিত হবে? [DU : 93-94, 92-93]
Ⓐ বিক্রয় খতিয়ানে সাধারণ হিসাবে ক্রেডিট অংশে
Ⓑ সাধারণ খতিয়ানে বিক্রয় হিসাবে ক্রেডিট অংশে
Ⓒ সাধারণ খতিয়ানে বিক্রয় হিসাবে ডেবিট অংশে
Ⓓ দৈনিক বিক্রয় বইয়ের ডেবিট অংশে
Solve বিক্রয় জাবেদা দ্বারা বিক্রয় হিসাব এবং প্রাপ্য বা দেনাদার হিসাব বৃদ্ধি পায়। তাই বিক্রয় জাবেদার যোগফল সাধারণ খতিয়ানে বিক্রয় হিসাবের ক্রেডিট পার্শ্বে দেখানো হবে।

11. খতিয়ান একটি- [DU : 93-94]
Ⓐ সহকারী হিসাব বহি Ⓑ সমস্ত হিসাবের রাজা
Ⓒ উদ্বৃত্তপত্র Ⓓ কোনোটিই প্রযোজ্য নয়
Solve একটি বাণিজ্যিক প্রতিষ্ঠানের সকল হিসাবসমূহ যথা সম্পদ, দায় ও মালিকানা স্বত্ব পাওয়া যায় সাধারণ খতিয়ানে হতে এবং খতিয়ানে সকল হিসাবসমূহ বা লেনদেনসমূহ পাকাপাকি ভাবে বা স্থায়ীভাবে সংরক্ষণ করা হয়। তাই খতিয়ানকে সমস্ত হিসাবের রাজা বলা হয়।

12. ক্রয় জাবেদার যোগফল স্থানান্তরিত করা হয়? [DU : 92-93]
Ⓐ ক্রয় হিসাবের ক্রেডিট দিকে Ⓑ দৈনিক ক্রয় বইয়ের ডেবিট দিকে
Ⓒ ক্রয় বইয়ের ক্রেডিট দিকে Ⓓ ক্রয় হিসাবের ডেবিট দিকে
Solve শুধু ধারে পণ্য ক্রয়সংক্রান্ত লেনদেন লিপিবদ্ধ করা হয় ক্রয় জাবেদায়। ধারে পণ্য ক্রয়ের দ্বারা ক্রয় হিসাব ও পাওনাদার বা প্রদেয় হিসাব বৃদ্ধি পায়। ক্রয় এক প্রকার ব্যয়, যার ফলে ক্রয় হিসাবকে ডেবিট করতে হয়। তাই ক্রয় বই বা ক্রয় জাবেদার যোগফল স্থানান্তর করা হয় ক্রয় হিসাব বা খতিয়ানের ডেবিট পাশে।

13. গ্রাহকদের নিকট থেকে স্বীকৃতি পেলে কোন বইতে লেখা হয় [DU : 99-00; CU : H-12]
Ⓐ ক্রয় ফেরত বহি Ⓑ বিক্রয় ফেরত বহি Ⓒ প্রদেয় বিল বই Ⓓ প্রাপ্য বিল
Solve গ্রাহকগণের নিকট হতে বিলে স্বীকৃতি পেলে লেখা হয় প্রাপ্য বিল বইতে।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. খতিয়ান কী? [HSC : 22-23]
Ⓐ কেবল সম্পত্তি ও দায় হিসাব ধারণ করে
Ⓑ প্রতিষ্ঠান কর্তৃক রক্ষিত সকল হিসাবের একটি সংগ্রহ
Ⓒ একটি প্রাথমিক এন্ট্রির বই
Ⓓ অক্ষরের ক্রমানুযায়ী হিসাব দেখায়
Ans

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. হিসাব প্রক্রিয়ায় খতিয়ান কোন কাজ করে? [RU : 09-10]
Ⓐ শ্রেণিবদ্ধকরণ Ⓑ লিপিবদ্ধকরণ Ⓒ A ও B উভয়ই Ⓓ কোনোটিই ন
Solve খতিয়ান হলো সকল হিসাব বইয়ের রাজা, হিসাবের ভান্ডার। এতে শুধু লেনদেনসমূহ শ্রেণিবিন্যাস করে নির্দিষ্ট শিরোনামের অধী লেখা হয়ে থাকে।

02. কোনটির জন্য কোনো খতিয়ান প্রস্তুত করা হয় না? [RU : 09-10]
Ⓐ কারবারি বাট্টা Ⓑ ক্রয় Ⓒ বিক্রয় Ⓓ নগদ বাট্টা
Solve প্রদত্ত Option গুলোর মধ্যে কারবারি বাট্টার জন্য কো খতিয়ান প্রস্তুত করতে হয় না। কারণ এটি কোনো হিসাবখাত নয়।

03. কোনটি ব্যক্তিক খতিয়ান? [RU : 08-09]
Ⓐ নগদান খতিয়ান Ⓑ সম্পত্তির খতিয়ান
Ⓒ মাল ক্রয় খতিয়ান Ⓓ পাওনাদার খতিয়ান
Solve প্রদত্ত বিকল্পগুলোর মধ্যে পাওনাদার খতিয়ান হচ্ছে ব্যক্তিক খতিয়ান

04. ধারে লেনদেনে ক্রেতার নাম উল্লেখ না থাকলে কোন হিসাব ডেবিট করা হয়? [RU : 04-
Ⓐ বিক্রয় হিসাব Ⓑ বিক্রেতার হিসাব
Ⓒ পাওনাদার হিসাব Ⓓ দেনাদার হিসাব
Ans

05. কোনটি খতিয়ানের বৈশিষ্ট্য? [RU : 04-05]
Ⓐ পৃথক শিরোনাম Ⓑ শ্রেণিবদ্ধকরণ Ⓒ উদ্বৃত্তকরণ Ⓓ সবগুলো Ans

06. প্রতিষ্ঠানের যাবতীয় হিসাব যে খতিয়ানে পাওয়া যায় তাকে বলে- [RU : 04-0
Ⓐ ব্যক্তিক খতিয়ান Ⓑ সাধারণ খতিয়ান
Ⓒ সহকারী খতিয়ান Ⓓ প্রাইভেট খতিয়ান
Solve যেসব খতিয়ানে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামের সাথে জড়ি বা সম্পর্কিত বিষয় লিপিবদ্ধ হয় না, কিন্তু যাবতীয় সম্পত্তি দায় ও মালিকানা সংক্রান্ত হিসাবগুলো লিপিবদ্ধ করা হয়, তাকে সাধারণ খতিয়ান বলা হয়।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি "শ্রেণিবিন্যাসকরণ" প্রক্রিয়ার অংশ? [CU : 14-15]
Ⓐ লেনদেন চিহ্নিতকরণ Ⓑ জাবেদা লিখন Ⓒ বিশ্লেষণ
Ⓓ খতিয়ানভুক্তকরণ Ⓔ রেওয়ামিল প্রস্তুতকরণ
Solve খতিয়ানভুক্তিকরণ, শ্রেণিবিন্যাসকরণ প্রক্রিয়ার একটি অংশ।

02. কোনটি খতিয়ানের সুবিধা নহে? [CU : 08-09]
Ⓐ ব্যবসায়ের লাভ-ক্ষতির অবস্থা জানা Ⓑ চূড়ান্ত হিসাব প্রণয়নে সহায়তা
Ⓒ লেনদেনের ফলাফল জানা Ⓓ মোট দেনাপাওনা জানা
Ⓔ রেওয়ামিল তৈরিতে সহায়তা করা
Solve খতিয়ানের মাধ্যমে কখনও ব্যবসায়ের লাভ-ক্ষতির অবস্থা জানা যায় না। সুতরাং এটি খতিয়ানের কোনো সুবিধা নয়।

GST ভুক্ত/ভুক্তভুক্ত বিশ্ববিদ্যালয়

01. কোনটি নিয়ন্ত্রণ হিসাব? [IU : 19-20]
Ⓐ দেনাদার Ⓑ মালিকের মূলধন Ⓒ বিনিয়োগ Ⓓ বিক্রয়
Solve দেনাদার ও পাওনাদারকে নিয়ন্ত্রণ হিসাব বা Control Account বলা হয়।

02. চলমান জের খতিয়ানে ছকের ঘর কয়টি? [JKKNIU : 18-19]
Ⓐ ৪ Ⓑ ৫ Ⓒ ৬ Ⓓ ৭
Solve

তারিখ	বিবরণ	জাবেদা পৃষ্ঠা	ডেবিট	ক্রেডিট	জের	
					ডেবিট	ক্রেডিট

03. হিসাবের কোন পদ্ধতি ডেবিট, ক্রেডিট, ব্যালেন্স এবং হেডিং দেখায়? [SUST : 18-19]
Ⓐ নগদান বহি Ⓑ T হিসাব Ⓒ জাবেদা
Ⓓ খতিয়ান হিসাব Ⓔ সাধারণ খতিয়ান
Solve T হিসাব পদ্ধতি ডেবিট, ক্রেডিট, ব্যালেন্স এবং হেডিং দেখায়।

04. সকল হিসাবের রাজা বলা বলা হয় কাকে? [JKKNIU : 15-16; MBSTU : 15-16]
Ⓐ খতিয়ান Ⓑ জাবেদা Ⓒ উপাত্ত Ⓓ বিক্রয়
Solve খতিয়ানকে সকল বইয়ের রাজা বলা হয়।

05. সাধারণত খতিয়ানের হিসাব নয়- [PUST : 15-16]
Ⓐ পাওনাদার হিসাব Ⓑ প্রাপ্য হিসাব
Ⓒ প্রদেয় হিসাব Ⓓ ক্রেতা-বিক্রেতার ব্যক্তিগত হিসাব
Solve সাধারণত প্রাপ্য হিসাব, পাওনাদার হিসাব, প্রদেয় হিসাব খতিয়ান হিসাবের অন্তর্ভুক্ত। কিন্তু ক্রেতা-বিক্রেতার ব্যক্তিগত হিসাব সাধারণত খতিয়ান হিসাবের অন্তর্ভুক্ত নয়।

06. নিচের কোনটি খতিয়ানের উদ্দেশ্য নয়- [BU : 14-15]
Ⓐ স্থায়ী হিসাব সংরক্ষণ Ⓑ শ্রেণিবিন্যাসকরণ
Ⓒ গাণিতিক শুদ্ধতা যাচাই Ⓓ উদ্বৃত্ত নির্ণয়
Solve গাণিতিক শুদ্ধতা যাচাই করা রেওয়ামিলের উদ্দেশ্য।

07. বিক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য একটি করে এন্ট্রির প্রয়োজন হয়- [CoU : 12-13]
Ⓐ ক্রয় খতিয়ানে Ⓑ প্রাপ্য খতিয়ানে
Ⓒ নামিক খতিয়ানে Ⓓ সবগুলো
Solve বিক্রয় জাবেদার প্রতিটি এন্ট্রির জন্য একটি করে এন্ট্রির প্রয়োজন হয় প্রাপ্য হিসাবের খতিয়ানে।

08. খতিয়ান হলো- [CoU : 11-12]
Ⓐ রেজিস্টার Ⓑ জাবেদা বহি Ⓒ হিসাবের বহি Ⓓ স্থিতি বহি
Solve খতিয়ান হলো সকল হিসাবের স্থায়ী হিসাব বই ও সকল লেনদেনের চূড়ান্ত গন্তব্য স্থল।

09. ক্রয় জাবেদা হইতে সাধারণত কখন সাবসিডিয়ারি খতিয়ানে পোস্টিং দেওয়া হয়? [JnU : 10-11]
Ⓐ বাৎসরিক Ⓑ মাসিক Ⓒ সাপ্তাহিক Ⓓ দৈনিক
Solve ক্রয় জাবেদার প্রতিটি হিসাব সাবসিডিয়ারি খতিয়ানে পোস্টিং দিতে হয় এবং তা সাধারণত দৈনিক পোস্টিং দেওয়া হয়।

10. খতিয়ান হিসাবচক্রের- [CoU : 08-09]
Ⓐ ৩য় ধাপ Ⓑ ১ম ধাপ Ⓒ ৪র্থ ধাপ Ⓓ ২য় ধাপ
Solve খতিয়ান হিসাব চক্রের ৩য় ধাপ।

11. নির্দিষ্ট সময় শেষে ক্রয় ফেরত বহির যোগফল স্থানান্তরিত হয়-
Ⓐ ক্রয় ফেরত হিসাবের ক্রেডিট দিকে Ⓑ ক্রয় ফেরত হিসাবের ডেবিট দিকে
Ⓒ ক্রয় হিসাবের ক্রেডিট দিকে Ⓓ ক্রয় হিসাবের ডেবিট দিকে **Ans Ⓐ**

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. হিসাবের স্থায়ী ধাপ কোনটি? [DHA-22]
Ⓐ জাবেদা Ⓑ সমীকরণ Ⓒ খতিয়ান Ⓓ রেওয়ামিল **Ans Ⓒ**

02. খতিয়ানে হিসাবচক্রের কোন কাজটি সম্পন্ন করা হয়? [MYM-21; CHI-21]
Ⓐ সংক্ষিপ্তকরণ Ⓑ শ্রেণিবিন্যাসকরণ Ⓒ চিহ্নিতকরণ Ⓓ লিপিবদ্ধকরণ **Ans Ⓑ**

03. কোন বইকে সকল বই এর রাজা বলা হয়? [COM-21]
Ⓐ জাবেদা Ⓑ খতিয়ান Ⓒ ক্রয় বই Ⓓ বিক্রয় বই **Ans Ⓑ**

04. সহকারী খতিয়ানের ডেবিট জের দ্বারা কী বুঝায়? [CHI-21]
Ⓐ দেনা Ⓑ পাওনা Ⓒ মূলধন Ⓓ উত্তোলন **Ans Ⓑ**

05. কোনটিকে লেনদেনের তথ্যভান্ডার বলা হয়? [SYL-21]
Ⓐ জাবেদা Ⓑ খতিয়ান Ⓒ রেওয়ামিল Ⓓ নগদান বই **Ans Ⓑ**

06. 'Ledger' শব্দটি কোন ভাষা হতে এসেছে? [JES-21]
Ⓐ ল্যাটিন ভাষা Ⓑ রোমান ভাষা Ⓒ ইংরেজি ভাষা Ⓓ জার্মান ভাষা **Ans Ⓒ**

07. বিক্রয় খতিয়ানের জেরকে কী হিসাব বলে? [BAR-21]
Ⓐ প্রদেয় হিসাব Ⓑ প্রাপ্য হিসাব
Ⓒ বিক্রয় হিসাব Ⓓ বিক্রয় ফেরত হিসাব **Ans Ⓑ**

08. কোনটি হিসাবের প্রধান বই ? [DHA-19]
Ⓐ জাবেদা Ⓑ খতিয়ান Ⓒ রেওয়ামিল Ⓓ নগদান বই **Ans Ⓑ**

09. সহকারী খতিয়ানের ক্রেডিট জের দ্বারা কী বুঝায়? [DHA-17]
Ⓐ দেনা Ⓑ পাওনা Ⓒ মূলধন Ⓓ ব্যয় **Ans Ⓐ**

10. যে বইতে সমজাতীয় লেনদেনসমূহ পৃথক শিরোনামে লিপিবদ্ধ করা হয় তাকে কী বলে? [SYL-16]
Ⓐ খতিয়ান Ⓑ জাবেদা Ⓒ রেওয়ামিল Ⓓ উদ্বৃত্তপত্র **Ans Ⓐ**

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'Organised Storage of Accounting Data' কাকে বলে?
Ⓐ রেওয়ামিলকে Ⓑ খতিয়ানকে Ⓒ জাবেদাকে Ⓓ নগদানকে **Ans Ⓑ**

02. Posting হিসাব চক্রের কোন ধাপ?
Ⓐ তৃতীয় Ⓑ প্রথম Ⓒ দ্বিতীয় Ⓓ চতুর্থ **Ans Ⓐ**

03. 'Folioing' শব্দটির অর্থ কী?
Ⓐ খতিয়ান পৃষ্ঠা লিখন Ⓑ জাবেদা পৃষ্ঠা লিখন Ⓒ পৃষ্ঠা নম্বর লিখন Ⓓ উপরের সবগুলো **Ans Ⓒ**

04. পূর্ববর্তী হিসাবকালের কত সময় পরে পরবর্তী হিসাবকাল শুরু হয়?
Ⓐ সাথে সাথে Ⓑ প্রথম রবিবার Ⓒ ১২ মাস পর Ⓓ এক তারিখে **Ans Ⓐ**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Type 5 নগদান বই (Cash Book)

Step 1 BASIC INFORMATION

নগদান বই (Cash Book)


নগদান বই (Cash Book) : যে বিশেষ জাবেদায় নগদ লেনদেনসমূহ তারিখের ক্রমানুযায়ী প্রাথমিকভাবে লিপিবদ্ধ করা হয় তাকে নগদান বই বলে। নগদ প্রাপ্তি ও প্রদানসমূহ প্রাথমিকভাবে নগদান বইতে লিপিবদ্ধ করা হলেও এই বিশেষ জাবেদাটির ছকে হিসাব ছকের ন্যায় ডেবিট ও ক্রেডিট দুটি পাশ থাকে এবং নির্দিষ্ট শেষে এর জের নির্ণয় করা হয়। ফলে এটি জাবেদা হলেও খতিয়ানের ন্যায় পাকাপাকিভাবে লেনদেনকে সংরক্ষণ করে। তাই নগদান বইকে জাবেদায়িত খতিয়ান (Journalised Ledger) বা "জাবেদা ও খতিয়ান উভয়ই" বলা হয়। এছাড়া নগদান বইকে জমা খরচের বইও বলা হয়।

- সাধারণত চার ধরনের নগদান বইয়ের ব্যবহার পরিলক্ষিত হয়। যথা: (১) একঘরা নগদান বই (২) দুইঘরা নগদান বই (৩) তিনঘরা নগদান বই এবং (৪) খুচরা নগদান বই
- সনাতন নিয়মে নগদান বই প্রস্তুত করা হয় কিন্তু আধুনিক পদ্ধতিতে 'নগদান বই' এর পরিবর্তে নগদ প্রাপ্তি জাবেদা ও নগদ প্রদান জাবেদা প্রস্তুত করা হয়।

নগদান বই ও নগদান হিসাবের মধ্যে পার্থক্য :

নগদান হিসাব শুধুই একটি খতিয়ান। যারা নগদান বই বা বিশেষ জাবেদা ব্যবহার করেন না, তারা নগদ লেনদেনগুলো প্রথমে ব্যাখ্যাসহ সাধারণ জাবেদায় লিপিবদ্ধ করে। পরে জাবেদা থেকে খতিয়ানের নগদান হিসাবটি প্রস্তুত করেন। পক্ষান্তরে, নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই। নগদান বইয়ের আওতা নগদান হিসাবের চেয়ে বড়। অর্থাৎ নগদান হিসাবের সব উদ্দেশ্য নগদান বই পূরণ করতে পারে, কিন্তু নগদান বইয়ের সব উদ্দেশ্য নগদান হিসাব পূরণ করতে পারে না।

নগদান বইয়ের প্রকারভেদ :



খুচরা নগদান বই (Petty Cash Book) :

ব্যবসায় প্রতিষ্ঠানে প্রতিদিনই খুব ছোট পরিমাণের বেশ কিছু নগদ প্রদান সংক্রান্ত লেনদেন সংঘটিত হয়, যেগুলো নগদান বইতে লিপিবদ্ধ করা হলে গুরুত্ব অনুসারে লেনদেন বাছাই করা কঠিন হয়ে পড়ে। তাই এসব ছোট পরিমাণের লেনদেন লিপিবদ্ধ করার জন্য খুচরা নগদান বই ব্যবহার করা হয়। খুচরা খরচ প্রদান এবং খুচরা নগদান বই সংরক্ষণের জন্য অন্য একজন ক্যাশিয়ারের উপর দায়িত্ব প্রদান করা হয়, যাকে খুচরা ক্যাশিয়ার বা ছোট ক্যাশিয়ার (Petty Cashier) বলা হয়।

খুচরা নগদান বই ৩ প্রকার। যথা- ক. সাধারণ খুচরা নগদান বই,
খ. বিশ্লেষণাত্মক খুচরা নগদান বই,
গ. অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই

খুচরা নগদান বইয়ের অগ্রদত্ত পদ্ধতি (Imprest System of Petty Cash Book) :

যে পদ্ধতিতে নির্দিষ্ট সময়ের শুরুতেই ঐ সময়ের খুচরা খরচের জন্য নির্দিষ্ট অঙ্কের অর্থ খুচরা ক্যাশিয়ারকে অগ্রিম দেওয়া হয় এবং নির্দিষ্ট সময় শেষে ব্যয়কৃত অর্থের হিসাব দাখিল করার পর প্রধান ক্যাশিয়ার ছোট ক্যাশিয়ারকে মোট ব্যয়ের সমপরিমাণ অর্থ প্রদান করে তাকে অগ্রদত্ত পদ্ধতি বলে। এই পদ্ধতিতে প্রতি হিসাবকালের খুচরা নগদের প্রারম্ভিক জের এবং সমাপনী জের অবশ্যই সমান হবে।

Step 2 At a Glance : Most Important Information

- সাধারণত নগদান বইয়ের জের/ব্যালেন্স টানা হয়- **দিনের শেষে।**
- নগদ পণ্য ক্রয় ও বিক্রয় লিপিবদ্ধের জন্য সবচেয়ে উপযুক্ত বই হচ্ছে- **নগদান বই।**
- প্রধান ক্যাশিয়ার অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা ক্যাশিয়ারকে সর্বপ্রথম যে পরিমাণ অর্থ প্রদান করে, তাকে বলে- **Float/Imprest.**
- নগদান বইয়ের নগদ কলাম- **সর্বদা ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে।**
- ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন- **কন্ট্রা এন্ট্রি নয়।**
- ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন- **কন্ট্রা এন্ট্রি।**
- বহুঘরা খুচরা নগদান বইতে- **খতিয়ান পৃষ্ঠা থাকে না।**
- ব্যাংক চার্জ নগদান বইয়ের- **ক্রেডিট দিকে ব্যাংকের ঘরে বসবে।**
- নগদান বইতে নগদ বাট্টা অন্তর্ভুক্ত হয়। কারবারি বাট্টা ও পরিমাণ বাট্টা অন্তর্ভুক্ত হয় না।
- একজনের চেক পেয়ে আরেকজনকে প্রদান করা হলে নগদান বইয়ের উভয় দিকে লিপিবদ্ধ করা হয় কিন্তু এটি কন্ট্রা নয়।
- আধুনিককালে সাধারণত খুচরা নগদান তহবিল পূরণ করা হয়- **চেকের মাধ্যমে।**
- খুচরা নগদ তহবিলে এক বছর চলার মত যথেষ্ট টাকা থাকতে হবে এমন কোনো কথা নেই।

CamScanner

- খুচরা নগদ তহবিল বৃদ্ধির জন্য ডেবিট করা হয়- **খুচরা নগদান হিসাবকে।**
- খুচরা নগদ তহবিল অগ্রপ্রদত্ত ভিত্তিতে ব্যবস্থাপনা করা হয়। অর্থাৎ প্রধান ক্যাশিয়ার পেটি ক্যাশিয়ারকে মাসের শুরুতেই অগ্রদত্ত ভিত্তিতে এ তহবিলের টাকা প্রদান করে। এ পদ্ধতিতে পেটি ক্যাশিয়ার একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ গ্রহণ করে যে কোন পরিমাণ নয়।
- নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই। ফলে নগদান বইকে- **জাবেদায়িত খতিয়ান বলা হয়।**
- নগদান বইতে কলাম থাকে- **একঘরা ১০ টি, দুইঘরা ১২ টি, তিনঘরা ১৪ টি,** খুচরা নগদান- **অনির্দিষ্ট।**
- নগদান বইকে জমা খরচের বই বা প্রাপ্তি - **প্রদান হিসাবও বলা হয়।**
- কোন খুচরা নগদানের প্রারম্ভিক ও সমাপনী জের সমান হয়- **অগ্রদত্ত খুচরা নগদান বই**

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. নিচের কোন উক্তিটি একটি খুচরা নগদান তহবিল সম্পর্কে সত্য নয় [DU : 98-99]
Ⓐ তহবিলটি অগ্রপ্রদত্ত ভিত্তিতে ব্যবস্থাপনা করা হয়।
Ⓑ তহবিলটি ছোট খাটো প্রদান যেমন- ডাক খরচ এবং খবরের কাগজের বিল ইত্যাদি প্রদানের জন্য ব্যবহৃত হয়।
Ⓒ তহবিলটিতে ১ বছর চলার মতো যথেষ্ট টাকা থাকতে হবে।
Ⓓ সবসময় চেকের মাধ্যমে তহবিল পূরণ করা হয়।
Solve খুচরা নগদান তহবিলে সাধারণত প্রতিষ্ঠানের প্রতি মাসের শেষে ব্যয়িত অর্থের সমপরিমাণ অর্থ থাকে।

02. অগ্রপ্রদত্ত খুচরা নগদান বহির ক্যাশিয়ারকে মাসের শেষে যে অর্থ দেওয়া হয় তা হলো- [DU : 95-96]
Ⓐ মাসের প্রথমে তাকে যা দেওয়া হয়েছিল
Ⓑ মাসের শেষে যা মোট ব্যয় হলো
Ⓒ যে অর্থ প্রধান ক্যাশিয়ার অনুমোদন করবে
Ⓓ কোনোটিই নয়
Solve মাসের শেষে যে অর্থ মোট ব্যয় হলো, সে পরিমাণ অর্থই প্রধান ক্যাশিয়ার প্রদান করে (পূর্ববর্তী মাসের অর্থের সমান ব্যালেন্স করানোর জন্য)।

03. একটি কোম্পানির নগদ ব্যালেন্স তাৎক্ষণিকভাবে বেড়ে যায় যখন- [DU : 94-95]
Ⓐ বাকিতে পণ্য বিক্রয় করে Ⓑ বকেয়া পাওনা আদায় করে
Ⓒ অফিসের আসবাবপত্র ক্রয় করে Ⓓ কোনোটিই নয়
Solve বকেয়া পাওনা টাকা নগদে আদায় করলে হাতে নগদ টাকার পরিমাণ বেড়ে যায়। ফলে নগদ ব্যালেন্স তাৎক্ষণিকভাবে বেড়ে যায়।

04. নগদ বিক্রয় লিপিবদ্ধ করার জন্য কোন জাবেদা সবচেয়ে উপযোগী, নির্দেশ কর- [DU : 94-95]
Ⓐ বিক্রয় জাবেদা Ⓑ নগদান বহি Ⓒ সাধারণ জাবেদা Ⓓ নগদ প্রদান বই
Solve নগদে বিক্রয়ের ফলে নগদ প্রাপ্তি ঘটে। নগদান বই এ ধরণের লেনদেন লিপিবদ্ধের জন্য সবচেয়ে উপযোগী।

05. নিচের কোন আইটেমটি সাধারণ খুচরা নগদান হতে পরিশোধ করা হয় না? [DU : 93-94]
Ⓐ ডাকমাশুল Ⓑ অফিস সরবরাহ
Ⓒ অফিস আসবাবপত্র সংযোজন Ⓓ ডাক বাক্সের ভাড়া
Solve (A) ডাকমাশুল, (B) অফিস সরবরাহ, (D) ডাক বাক্সের ভাড়া এ সকল ব্যয় হলো ছোট খাট ধরনের বা খুচরা ব্যয়। এদের জন্য খুচরা নগদান তহবিল ব্যবহার করা হয়। আর (C) অফিসের আসবাবপত্র সংযোজন হলো বড় ধরনের ব্যয় বা মূলধন জাতীয় ব্যয়। এ ধরনের ব্যয় নির্বাহ করার জন্য বড় অঙ্কের টাকার প্রয়োজন হয়। যা খুচরা নগদান তহবিল থেকে প্রদান সম্ভব নয়।

06. নগদান বইয়ের নগদ কলামে ক্রেডিট অংশে ২০০ টাকার জের থাকলে আমরা মনে করবো- [DU : 92-93; CU : 08-09]
Ⓐ আমরা যা পেয়েছি তার চাইতে ২০০ টাকা বেশি ব্যয় করেছি
Ⓑ আমাদের হাতে নগদ ২০০ টাকা রয়েছে
Ⓒ হিসাব রক্ষক ভুল করেছে Ⓓ কেহ নগদ ২০০ টাকা চুরি করেছে
Solve নগদান বই সব সময় ডেবিট জের প্রকাশ করে। কারণ নগদ টাকা/নগদান বই সম্পত্তিবাচক হিসাব। কখনও এটি শুদ্ধভাবে ক্রেডিট জের প্রকাশ করতে পারে না। যদি কখনও নগদান বই ক্রেডিট জের প্রকাশ করে, তবে বুঝতে হবে হিসাবরক্ষক কোথাও ভুল করেছেন।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. প্রাপ্ত চেক সেদিনই ব্যাংকে জমা না দিলে- [DU 7 College : 19-20]
Ⓐ নগদান হিসাব ক্রেডিট হবে Ⓑ ব্যাংক হিসাব ক্রেডিট হবে
Ⓒ নগদান হিসাব ডেবিট হবে Ⓓ ব্যাংক হিসাব ডেবিট হবে
Solve প্রাপ্ত চেক সেদিনই ব্যাংকে জমা না দিলে জাবেদা হবে নগদান হিসাব ডেবিট এবং দেনাদার হিসাব ক্রেডিট।

02. জনাব সুজনের অগ্রদত্ত অর্থের পরিমাণ ১,৫০০ টাকা। জানুয়ারি মাসের খুচরা খরচের পরিমাণ ১,২৫০ টাকা। ফেব্রুয়ারি মাসে পেটি ক্যাশিয়ার প্রধান ক্যাশিয়ারের নিকট হতে কত টাকা পাবেন? [DU 7 College : 19-20]
Ⓐ ২৫০ টাকা Ⓑ ১,২৫০ টাকা Ⓒ ১,৫০০ টাকা Ⓓ ২,৭৫০ টাকা
Solve অগ্রপ্রদত্ত পদ্ধতিতে মাসে যতটুক খরচ হয় সে পরিমাণ অর্থ প্রধান ক্যাশিয়ার পেটি ক্যাশিয়ারকে প্রদান করে। যেহেতু খরচ ১,২৫০ টাকা, তাই প্রধান ক্যাশিয়ার ১,২৫০ টাকা পাবে।

03. নগদান বহির ব্যাংক কলামের ক্রেডিট জের কী নির্দেশ করে?
Ⓐ মোট নগদ প্রাপ্তি Ⓑ হাতে নগদ তহবিল
Ⓒ ব্যাংকে জমার উদ্বৃত্ত Ⓓ ব্যাংকে জমাতিরিক্ত
Solve নগদান বহির ব্যাংক কলামের ক্রেডিট জের কলতে ব্যাংক জমাতিরিক্তকে বোঝায় এবং ব্যাংক কলামের ডেবিট জের কলতে ব্যাংক উদ্বৃত্তকে বোঝায়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি নগদান বইতে বিবেচিত হয় না? [JU : 18-19]
Ⓐ নগদ বাট্টা Ⓑ সম্পত্তির অবচয় Ⓒ অগ্রকর Ⓓ কোনোটিই নয়
Solve অবচয় একটি অনগদ ও অদৃশ্যমান লেনদেন। তাই অবচয় নগদান বইতে বিবেচিত হয় না।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. 'c/d'-এর পূর্ণরূপ কোনটি? [RU : 20-21]
Ⓐ Credit discount Ⓑ Credit down
Ⓒ Carried down Ⓓ Carried discount
Solve বি/ডি হলো Brought Down যা ওপর থেকে আনীত/ স্থানান্তরিত হয়েছে। সি/ ডি হলো Carried Down যা নিচে নীত/ স্থানান্তরিত হবে। বি/এফ হলো Brought Forward যা পেছন থেকে আনীত। সি/এফ হলো Carried Forward যা সম্মুখে নীত।

02. অগ্রদত্ত পদ্ধতিতে কাঙ্ক্ষিত খুচরা নগদান তহবিল ৳ ২০০০। নির্দিষ্ট সময়কালে ৳ ১৪৬০ খরচ হলো। প্রধান ক্যাশিয়ার খুচরা ক্যাশিয়ারকে সময়ান্তে প্রদান করবে-[RU : 12-13]
Ⓐ ৳ ১৪৬০ Ⓑ ৳ ২৫৪০ Ⓒ ৳ ২০০০ Ⓓ ৳ ৫৪০
Solve অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা খরচ নির্বাহের জন্য প্রধান ক্যাশিয়ার খুচরা ক্যাশিয়ারকে পূর্ববর্তী মাসের মোট খরচের পরিমাণ অর্থ প্রদান করে।

03. নগদান বই- [RU : 11-12]
Ⓐ সব অবস্থায় ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে Ⓑ সব অবস্থায় ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে
Ⓒ কারবারের আর্থিক অবস্থা প্রকাশ করে Ⓓ কোনোটিই নয়
Solve একঘরা নগদান বই, দুইঘরা ও তিনঘরা নগদান বইয়ের নগদ কলাম সব অবস্থায় ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করে। কারণ, নগদ প্রাপ্তির চেয়ে নগদ প্রদান কখনও বেশি হতে পারে না।

CamScanner

04. খুচরা নগদান তহবিল বৃদ্ধি করার জন্য কোন হিসাব ডেবিট করতে হবে? [KU: 09-10]
Ⓐ বিভিন্ন খুচরা খরচ হিসাব Ⓑ নগদান হিসাব
Ⓒ ব্যাংক হিসাব Ⓓ খুচরা নগদান হিসাব
Solve খুচরা নগদ তহবিল বৃদ্ধি করার জন্য খুচরা নগদান হিসাবে ডেবিট করতে হবে। কারণ, খুচরা নগদানকে প্রধান নগদানের ছোট আলাদা ও পরিষ্কার করে রাখা হয়। খুচরা নগদান তহবিল থেকে বাকীদের খুচরা খরচ মিটানো হয়।

05. যখন হাতে নগদ টাকা বাড়াতে জন্য দেওয়া হয় তখন নগদান বহিতে- [KU: 09-10]
Ⓐ ব্যাংক একাউন্টে ডেবিট। Ⓑ ব্যাংক একাউন্টে ক্রেডিট।
Ⓒ ব্যাংক একাউন্টে ডেবিট ও ব্যাংক একাউন্টে ক্রেডিট।
Ⓓ ব্যাংক একাউন্টে ডেবিট ও ব্যাংক একাউন্টে ক্রেডিট করতে হবে।
Solve ব্যাংক হতে নগদ টাকা হাতে জমা দিলে নগদ টাকা বৃদ্ধি পায় তাই ব্যাংক একাউন্টে ডেবিট করতে হয়। অন্যদিকে নগদ টাকা ব্যাংকে জমা দেওয়ায় ব্যাংক হিসাব মাধ্যমে নগদান বৃদ্ধি পায় তাই ব্যাংক একাউন্টে ক্রেডিট করতে হয়। এটি একটি লজিক।

06. পণ্য বিক্রয় করে চেক পাওয়া গেলে, এক্ষেত্রে ডেবিট করতে হবে- [KU: 04-05]
Ⓐ ব্যাংক হিসাব Ⓑ বিক্রয় হিসাব Ⓒ নগদান হিসাব Ⓓ বিবিধ হিসাব
Solve পণ্য বিক্রি বা অন্য কোনো কারণে চেক পাওয়া গেলে তেকটি হাতের ন্যায় বা নেওয়া পণ্য হেতেটিকে নগদ টাকার সমান = ধরে নিতে হয় বা নগদ টাকা হিসাবে গণ্য করা হয়।

07. মাসের শুরুতে খুচরা নগদ তহবিল ৫,০০০ টাকা, সারা মাসে খুচরা খরচের পরিমাণ ৪,৫০০ টাকা, আগামী পদ্ধতিতে মাসের শেষে খুচরা নগদের উদ্বৃত্ত হবে- [KU: 04-05]
Ⓐ ১,৫০০ টাকা Ⓑ ৩,৫০০ টাকা Ⓒ ৫,০০০ টাকা Ⓓ কোনোটিই নয়
Solve আগামী পদ্ধতিতে খুচরা নগদানের জন্য সারা মাসে যে পরিমাণ খরচ হয়, মাসের শেষ তারিখে সেই পরিমাণ নগদ অর্থ এনে মাসের শুরুতে টাকার পরিমাণে সমান করে ব্যালেন্স বা স্টেক রাখা হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. নিম্নলিখিত নগদান বহির কোনটি খাত হলো ক্রমানুসারে- [CU: 15-16]
Ⓐ ব্যাংক, নগদ, বাট্টা Ⓑ বাট্টা, ব্যাংক, নগদ Ⓒ বাট্টা, নগদ, ব্যাংক
Ⓓ নগদ, ব্যাংক, বাট্টা Ⓔ কোনোটিই নয় Ans Ⓒ

02. যখন উদ্বৃত্ত পরবর্তী পৃষ্ঠায় হস্তান্তরিত হয় তখন হবে- [CU: 09-10]
Ⓐ c/d Ⓑ c/o Ⓒ d/f
Ⓓ d/f Ⓔ b/d
Solve পরিহারের উদ্বৃত্ত যখন একই পরিহারের পরবর্তী পৃষ্ঠায় হস্তান্তরিত হয় তখন লেখা হয় C/O বা carried onward.

03. আগামী মিটারে প্রধান ক্যাশিয়ার ক্ষুদ্রিয় ক্যাশিয়ারকে যে টাকা প্রদান করে তাকে বলে- [CU: 09-10]
Ⓐ Advance paid amount Ⓑ Float Ⓒ Balancing amount
Ⓓ Cash Ⓔ Petty amount
Solve আগামী মিটারে প্রধান ক্যাশিয়ার ক্ষুদ্রিয় ক্যাশিয়ারকে যে টাকা প্রদান করে তাকে বলা হয় Float বা Imprest।

04. নগদান বইয়ের ব্যাংক কলাম (Bank Column) ডেবিট দ্বারা নির্দেশ করে- [CU: 03-04]
Ⓐ ব্যাংক হতে প্রাপ্ত টাকা
Ⓑ ব্যাংকের নিকট দেয় টাকা
Ⓒ হাতে থাকার টাকা
Ⓓ আগামীর বইয়ের শেষোক্ত আগামীর হিসাবে ডেবিট করা
Solve নগদান বইয়ের ব্যাংক কলামে ডেবিট দ্বারা ব্যাংক হতে প্রাপ্ত টাকা বুঝানো হয়েছে। কারণ ব্যাংকের আমানতের দেনা হয়েছে।

GST গাজী/গাজীতুক বিশ্ববিদ্যালয়

01. প্রত্যাহারের ক্ষেত্রের কারণে নিম্নের কোনটি বৃদ্ধি পাবে? [GAU: 19-20]
Ⓐ প্রদেয় হিসাব Ⓑ প্রাপ্য হিসাব Ⓒ নগদান Ⓓ ব্যাংক
Solve প্রত্যাহারের ক্ষেত্রের আবেদন হলো : প্রাপ্য হিসাব - ডেবিট
ব্যাংক হিসাব - ক্রেডিট
সুতরাং প্রাপ্য হিসাব বৃদ্ধি পাবে।

02. খুচরা নগদান তহবিল বৃদ্ধি করার জন্য কোন হিসাব ডেবিট করতে হয়? [GAU: 15-16]
Ⓐ বিভিন্ন খুচরা খরচ হিসাব Ⓑ নগদান হিসাব
Ⓒ ব্যাংক হিসাব Ⓓ খুচরা নগদান হিসাব
Solve খুচরা নগদ তহবিল বৃদ্ধি করার আবেদন হবে- খুচরা নগদ তহবিল- ডেবিট এবং নগদান বি -ক্রেডিট

03. নগদাটা ক্রেতে পণ্য বিক্রয় করা হলে কোন হিসাব ডেবিট করতে হবে? [KU: 19-20]
Ⓐ চেক হিসাব Ⓑ বিক্রয় হিসাব Ⓒ ব্যাংক হিসাব Ⓓ নগদান হিসাব
Solve নগদাটা চেকের মাধ্যমে পণ্য বিক্রয় করলে সেটা ব্যাংক হিসাবে ডেবিট করতে হবে। ব্যাংক চেকের মাধ্যমে বিক্রয় করলে সেটা নগদান হিসাবে ডেবিট করতে হয়।

04. বি/ডি কথাতে কী বোঝায়? [BU: 16-17]
Ⓐ উপর থেকে নিচে Ⓑ নিচের থেকে আনীত
Ⓒ উপর থেকে আনীত Ⓓ পেছন থেকে আনীত
Solve বি/ডি → Brought Down → উপর থেকে আনীত/ হস্তান্তরিত হয়েছে। সি/ডি → Carried Down → নিচে নীত/ হস্তান্তরিত হবে।

05. আদত পদ্ধতিতে খুচরা নগদান বইয়ের ব্যালেন্স থাকবে ২০০ টাকা। সারা মাস ধরে ১৪৬ টাকা খরচ করা হলে, মাসের শেষে ক্যাশিয়ারকে কত টাকা দিতে হবে? [CoU: 16-17]
Ⓐ ২০০ টাকা Ⓑ ১৪৬ টাকা Ⓒ ৫৪ টাকা Ⓓ ৩৪৬ টাকা
Solve আদত পদ্ধতি মাসের শুরুতে যে ব্যালেন্স থাকে মাসের শেষে তাই ব্যালেন্স হিসেবে রাখা হয়। সেক্ষেত্রে সারা মাসের খরচ মাস শেষে ক্যাশিয়ারকে দিয়ে একই সমান ব্যালেন্স করা হয়।

06. নগদান বই হলো- [JKKNIU-15-16]
Ⓐ জাবেদা Ⓑ রেওয়াজিল Ⓒ খতিয়ান Ⓓ A + C Ans

07. নগদান বই কোন উদ্বৃত্ত প্রকাশ করতে পারে না? [PUST: 13-14]
Ⓐ ডেবিট Ⓑ ক্রেডিট
Ⓒ ডেবিট ও ক্রেডিট Ⓓ কোনোটিই নয়
Solve নগদান বই এর নগদ কলাম কখনও ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করতে পারে না।

08. হিসাবের জের একই খতিয়ানের অন্যত্র নেওয়া হলে যে সংকেত ব্যবহার করা হয়- [PUST: 12-13]
Ⓐ b/f Ⓑ c/o Ⓒ b/d Ⓓ c/f
Solve হিসাবের জের একই খতিয়ানের অন্যত্র বা ভিন্ন খতিয়ানে নেওয়া হলে b/d ব্যবহার করা হয়।

09. কোনটি তিনঘরা নগদান বইতে অন্তর্ভুক্ত হয়? [BSMRSTU: 12-13]
Ⓐ নগদ বাট্টা Ⓑ বিক্রয় বাট্টা
Ⓒ প্রাপ্ত বাট্টা Ⓓ সবগুলোই
Solve নগদ বাট্টা (প্রাপ্ত বাট্টা ও প্রদত্ত বাট্টা) তিনঘরা নগদান বইতে অন্তর্ভুক্ত হয়।

10. তিনঘরা নগদান বইতে যে হিসাব অন্তর্ভুক্ত হয় না: [SUST: 11-12]
Ⓐ প্রাপ্তিক ব্যাংক জমার উদ্বৃত্ত Ⓑ নগদ বাট্টা Ⓒ ভাড়া হিসাব
Ⓓ পরিমাণ বাট্টা Ⓔ কর্তৃপক্ষের ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন
Solve এখানে পরিমাণ বাট্টা মানে সবগুলো তিনঘরা নগদান বইতে অন্তর্ভুক্ত করা হয়। এটি প্রকৃত পণ্যের পরিমাণ হতে বাদ দিয়ে দেখানো হয়। এটি কোনো নগদ লেনদেন নয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

11. কোনটি অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণের নিয়ম নয়? [SUST : 11-12]

Ⓐ নির্দিষ্ট সময়ের জন্য সম্ভাব্য ব্যয়ের পরিমাণ আগেই নির্ধারণ করা

Ⓑ প্রধান ক্যাশিয়ারের নিকট হতে জুনিয়ার ক্যাশিয়ার কর্তৃক যে কোনো পরিমাণ টাকা গ্রহণ

Ⓒ প্রধান ক্যাশিয়ার কর্তৃক টাকা প্রদানের পূর্বে খরচের ভাউচার পরীক্ষণ

Ⓓ প্রধান ক্যাশিয়ার কর্তৃক টাকা প্রদানের পূর্বে খরচের বিবরণী পরীক্ষণ

Ⓔ ব্যক্তি বা সম্পত্তি সম্পর্কীয় খরচ "খতিয়ানের হিসাব" নামে একটি পৃথক ঘরে লিপিবদ্ধকরণ

Solve অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই সংরক্ষণের সময় জুনিয়ার ক্যাশিয়ার প্রধান ক্যাশিয়ারের নিকট হতে মাসের প্রথমে খুচরা খরচ নির্বাহের জন্য একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ নিয়ে থাকে। এখানে 'B' নং Optionটি অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা বই সংরক্ষণের নিয়ম নয়।

12. তিনঘরা নগদান বইয়ে মোট কয়টি Column থাকে? [PUST : 11-12]

Ⓐ ১৪টি Ⓑ ১২টি Ⓒ ৮টি Ⓓ ৬টি

Solve তিনঘরা নগদান বইয়ে ঘর থাকে ১৪টি।

13. ব্যাংক হিসাবের ক্রেডিট জের প্রকাশ করে- [CoU : 08-09]

Ⓐ ব্যাংক জমাতিরিক্ত টাকা Ⓑ ব্যাংকে জমা টাকা

Ⓒ ব্যাংকের নিকট প্রাপ্য টাকা Ⓓ কোনোটিই নয়

Solve ব্যাংক হিসাবের ক্রেডিট জের দ্বারা বুঝায় ব্যাংক জমাতিরিক্ত টাকার পরিমাণ।

14. নিচের কোন দফাটি নগদান বই-এ লিখা হয় না? [JnU : 07-08]

Ⓐ নগদান বাট্টা Ⓑ ব্যবসায়িক বাট্টা Ⓒ নগদান প্রাপ্তি Ⓓ নগদান প্রদান **Ans Ⓑ**

15. কোন ধরনের নগদান বই সাধারণত ব্যবহার করা হয় না? [JnU : 06-07]

Ⓐ এক ঘরা Ⓑ দুই ঘরা Ⓒ তিন ঘরা Ⓓ চার ঘরা

Solve কোনো প্রতিষ্ঠানে সাধারণত চারঘরা নগদান বই নামে নগদান বই সংরক্ষণ করা হয় না বা ব্যবহার করা হয় না।

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. নগদান বইয়ে লেখা হয়- [DHA-22]

Ⓐ সকল নগদ প্রদান Ⓑ সকল নগদ প্রাপ্তি

Ⓒ নগদ বিক্রয় Ⓓ নগদ প্রাপ্তি ও প্রদান **Ans Ⓓ**

02. নিচের কোনটি কন্ট্রা এন্ট্রি? [MYM-21]

Ⓐ নিজ প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন Ⓑ নগদ টাকা ব্যাংকে জমা

Ⓒ দেনাদার কর্তৃক ব্যাংকে জমা

Ⓓ বিক্রীত পণ্যের চেক সরাসরি ব্যাংকে জমা **Ans Ⓑ**

03. কোন ধরনের নগদান বইতে নগদ বাট্টা লিপিবদ্ধ করা হয়? [COM-21]

Ⓐ একঘরা নগদান বইতে Ⓑ দু'ঘরা নগদান বইতে

Ⓒ বিশ্লেষণাত্মক খুচরা নগদান বইতে Ⓓ তিনঘরা নগদান বইতে **Ans Ⓓ**

04. ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করতে পারে না- [SYL-21]

Ⓐ একঘরা নগদান বই Ⓑ দু'ঘরা নগদান বই

Ⓒ তিনঘনা নগদান বই Ⓓ বহুঘরা নগদান বই **Ans Ⓐ**

05. হিসাবের মেয়াদান্তে হাতে নগদের সাথে নিচের কোন টাকার পরিমাণ যোগ করলে খুচরা নগদান বহিতে অগ্রদত্ত টাকার সমান হবে? [CHI-21]

Ⓐ প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত Ⓑ নগদ প্রাপ্তি

Ⓒ মোট খরচের পরিমাণ Ⓓ মোট প্রাপ্তি **Ans Ⓒ**

06. চেকের মাধ্যমে পরিশোধ করা হলে একঘরা নগদান বইয়ের কোন দিকে লেখা হয় ? [CHI-19]

Ⓐ ক্রেডিট দিকে Ⓑ ডেবিট দিকে

Ⓒ ডেবিট ও ক্রেডিট দিকে Ⓓ কোনো দিকে নয় **Ans Ⓒ**

07. অগ্রদত্ত খুচরা নগদান বহির ক্যাশিয়ারকে মাসের শেষে যে অর্থ দেয়া হয় তা হলো -[SYL-19]

Ⓐ মাসের প্রথমে তাকে যা দেওয়া হয়েছিল

Ⓑ মাসের শেষে যে পরিমাণ আয় হলো

Ⓒ যে অর্থ প্রধান ক্যাশিয়ার অনুমোদন করে

Ⓓ মাসের শেষে মোট যা ব্যয় হলো **Ans Ⓓ**

08. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে পরিশোধ করলে একঘরা নগদান বইতে তা কোন দিকে লিখতে হয়? [JES-17]

Ⓐ শুধু ডেবিট দিকে Ⓑ শুধু ক্রেডিট দিকে

Ⓒ ডেবিট ক্রেডিট উভয় দিকে Ⓓ ডেবিট অথবা ক্রেডিট দিকে **Ans Ⓐ**

09. চেক প্রস্তুতকারীকে বলা হয়- [RAJ-16]

Ⓐ প্রাপক Ⓑ স্বীকৃতিকারী Ⓒ আমানতকারী Ⓓ আদেষ্টা **Ans Ⓒ**

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. দাগকাটা চেকের মাধ্যমে ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করা হলে কোন হিসাব ডেবিট করতে হবে?

Ⓐ চেক হিসাব Ⓑ বিক্রয় হিসাব

Ⓒ ব্যাংক হিসাব Ⓓ নগদান হিসা **Ans Ⓒ**

02. নগদ লেনদেন তাৎক্ষণিকভাবে নগদান বইয়ে লিপিবদ্ধ করার কারণ কোনটি?

Ⓐ ভুলত্রুটি উদঘাটন Ⓑ তহবিল তছরূপ

Ⓒ শ্রম বৃদ্ধি Ⓓ সময় বৃদ্ধি **Ans Ⓐ**

03. জনাব সানি ব্যবসায়ের জন্য ৬০,০০০ টাকা দিয়ে একটা ব্যাংক হিসাব খোলেন। ব্যাংক হতে উত্তোলন করেন ৫,০০০ টাকা। চেকের মাধ্যমে মজুরি ও বেতন প্রদান করেন যথাক্রমে ১৫,০০০ টাকা ও ১০,০০০ টাকা। ব্যাংক হিসাবের জের কত হবে?

Ⓐ ২৫,০০০ টাকা Ⓑ ৩০,০০০ টাকা

Ⓒ ৬০,০০০ টাকা Ⓓ ৭০,০০০ টাকা **Ans Ⓑ**

04. সাধারণত নগদান বইয়ের জের/ব্যালেন্স নির্ণয় করা হয়ে থাকে-

Ⓐ দিনের শেষে Ⓑ বছরের শেষে Ⓒ একটি নির্দিষ্ট সময় পর

Ⓓ সপ্তাহের শেষে Ⓔ একটি সময়কাল শেষে **Ans Ⓐ**

05. চেক প্রাপ্তির পর সাথে সাথে ব্যাংকে জমা দেয়া হলো, তিনঘরা নগদান বহিতে:

Ⓐ ব্যাংক কলামকে ক্রেডিট করা হয় Ⓑ ক্যাশ কলামকে ডেবিট করা হয়

Ⓒ ব্যাংক কলামকে ডেবিট করা হয় Ⓓ ক্যাশ কলামকে ক্রেডিট করা হয়

Ⓔ ব্যাংক কলামকে ডেবিট করা হয় এবং ক্যাশ কলামকে ক্রেডিট করা হয় **Ans Ⓒ**

06. ব্যবসায় হতে নগদ টাকা ব্যাংকে জমা দেওয়া হলে দু-ঘরা নগদান বহিতে যে এন্ট্রি দিতে হয়:

Ⓐ ক্যাশ কলামকে ক্রেডিট

Ⓑ ক্যাশ কলামকে ডেবিট এবং ব্যাংক কলামকে ক্রেডিট

Ⓒ ব্যাংক কলামকে ডেবিট

Ⓓ ব্যাংক কলামকে ডেবিট এবং ক্যাশ কলামকে ক্রেডিট

Ⓔ কোনো এন্ট্রি দিতে হয় না **Ans Ⓓ**

07. ব্যাংক ওভারড্রাফটের সুদ তিনঘরা নগদান বহিতে লেখা হয়:

Ⓐ ব্যাংক কলামে ডেবিট

Ⓑ ব্যাংক কলামে ক্রেডিট

Ⓒ নগদ কলামে ডেবিট

Ⓓ নগদ কলামে ক্রেডিট

Ⓔ কোনোটিই নয় **Ans Ⓑ**

08. নগদ বাট্টার সর্বোত্তম ব্যাখ্যা হলো পরিশোধ্য পরিমাণ হতে বাদ:

Ⓐ যদি চেকে না হয়ে নগদে পরিশোধিত হয়

Ⓑ যদি চুক্তিবদ্ধ সময়কালের মধ্যে পরিশোধিত হয়


Ⓒ যদি নগদে অথবা চেকে পরিশোধিত হয়

Ⓓ যদি ধারে না করে নগদে ক্রয় করা হয়


Ⓔ কোনোটিই সঠিক নয় **Ans Ⓑ**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner



CamScanner



CamScanner

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. দেনাদার থেকে প্রাপ্তির সময় বিক্রেতা কর্তৃক কিছু টাকা ছাড় দিলে তাকে বলা হয়- [DU : 17-18]

Ⓐ ব্যাংক বাট্টা Ⓑ প্রদত্ত বাট্টা Ⓒ প্রাপ্ত বাট্টা Ⓓ কারবারি বাট্টা

Solve দেনা-পাওনার পূর্ণনিষ্পত্তিতে, বিক্রেতা কর্তৃক যে ছাড় দেওয়া হয় তাকে বলা হয়- প্রদত্ত বাট্টা। ক্রেতাকে যে নগদ টাকা ছাড় দেওয়া হয়, তা ক্রেতার নিকট- প্রাপ্ত বাট্টা। পণ্য ক্রয় - বিক্রয়ের সময় যে ছাড় দেওয়া হয় তাকে বলা হয়- কারবারি বাট্টা।

02. একটি ব্যবসায় প্রতিষ্ঠান ২/১০, n/৩০ শর্তে ৬,০০০ টাকার পণ্য ক্রয় করে। ১,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হয় এবং বাকি টাকা বাট্টাকালীন সময়ের মধ্যে পরিশোধ করা হয়, তাহলে বাট্টার পরিমাণ টাকায় কত? [DU : 12-13 JU : 13-14, BSMRSTU 14-15]

Ⓐ ১২০ Ⓑ ১০০ Ⓒ ৬০০
Ⓓ ৫০০ Ⓔ ১,৮০০

Solve ২/১০, n/৩০ অর্থ হলো যদি ১০ দিনের মধ্যে পাওনা পরিশোধ করা হয়, তবে প্রদেয় টাকার উপর ২% বাট্টা পাবে এবং ৩০ দিনের মধ্যে অবশ্যই পূর্ণ পাওনা পরিশোধ করতে হবে। এখানে, বাট্টাকালীন সময়ের মধ্যে পরিশোধ করায় বাট্টার পরিমাণ হবে = (৬,০০০ − ১,০০০) × ২% = ১০০ টাকা।

03. শরীফের নিকট প্রাপ্য হিসাবের ১০% বা ১,০০০ টাকা তাকে মওকুফ করা হল। এর হিসাব কোনটি? [DU : 11-12; BU : 11-12]

Ⓐ অনাদেয় দেনা Ⓑ কু-ঋণ Ⓒ নগদ বাট্টা
Ⓓ সন্দেহজনক ঋণ Ⓔ কারবারি বাট্টা

Solve দেনাদারদের (প্রাপ্য হিসাব) কাছ থেকে দ্রুত টাকা আদায়ের উদ্দেশ্যে তার নিকট প্রাপ্য হতে যে পরিমাণ অর্থ ছাড় দেয়া হয় তাকে নগদ বাট্টা বলে। আলোচ্য প্রশ্নে শরীফের নিকট প্রাপ্য হিসাবের ১০% বা ১,০০০ টাকা তাকে মওকুফ করা হল, এর জন্য প্রযোজ্য হিসাব হলো 'নগদ বাট্টা'।

04. ৭৫০ টাকার পণ্য ২/১০, n/৩০ শর্তে জুন মাসের ১৩ তারিখে বাকিতে বিক্রয় করা হয়েছে। জুনের ১৬ তারিখে ৫০ টাকার পণ্য ফেরত আসে। জুনের ২৩ তারিখে সম্পূর্ণ পাওনা প্রাপ্তি সাপেক্ষে কত টাকা প্রাপ্ত হয়েছিল? [DU : 11-12; MBSTU : 13-14]

Ⓐ ৭০০ টাকা Ⓑ ৬৮৫ টাকা Ⓒ ৬৮৬ টাকা
Ⓓ ৬৫০ টাকা Ⓔ ৭৩৫ টাকা

Solve ২/১০, n/৩০ অর্থ হলো বাকিতে বিক্রয় করার ১০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ২% বাট্টা পাওয়া যাবে, অন্যথায় ৩০ দিনের মধ্যে অবশ্যই টাকা পরিশোধ করতে হবে। নিট বিক্রয় = (বিক্রয় − ফেরত)
= (৭৫০ − ৫০) = ৭০০ টাকা।
জুন ১৩ তারিখে বিক্রি হলো এবং জুন ২৩ তারিখে প্রাপ্ত হলো। অর্থাৎ ১০ দিনের মধ্যে প্রাপ্ত হয়েছে।
∴ ৭০০ টাকা থেকে ২% বাট্টা বাদ দিয়ে অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে
= {৭০০ − (৭০০ × ২%)} = ৬৮৬ টাকা।

05. তোমাকে যদি একটি ক্রয় চালান দেওয়া হয় যাতে ৫টি পণ্য প্রতিটি ৪০০ টাকার অন্তর্ভুক্ত রয়েছে, যাতে বাদ দেওয়া হয় শতকরা ২৫ টাকা ভাগ হারে বাণিজ্যিক বাট্টা, শতকরা ৫ টাকা হারে নগদ বাট্টা। যদি উক্ত চালানের ধার সময়কালের মধ্যে পরিশোধিত হয়। তবে তোমার চেকটি কত টাকার হবে- [DU : 08-09]

Ⓐ ১,৫০০ টাকা Ⓑ ১,৪০০ টাকা Ⓒ ১,৪২৫ টাকা Ⓓ কোনোটিই নয়।

Solve ধারে ক্রয়ের সময়কালের মধ্যে ধার/দেনা পরিশোধ করলে শতকরা ২৫ টাকা হারে বাণিজ্যিক বাট্টা ছাড়াও অতিরিক্ত ৫ টাকা হারে নগদ বাট্টা পাওয়া যাবে। ফলে পরিশোধিত চেকটির মূল্য হবে-
প্রতিটি পণ্যের মূল্য = ৪০০ টাকা

∴ ৫টি পণ্যের মূল্য = (৪০০ × ৫) টাকা	=	২,০০০ টাকা
বাদ - কারবারি বাট্টা ২৫%	=	৫০০ টাকা
	=	১,৫০০ টাকা
বাদ- নগদ বাট্টা ৫%	=	৭৫ টাকা
	=	১,৪২৫ টাকা

06. একটি ক্রয় চালানে প্রতিটি ৮০০ টাকার ৫টি পণ্য অন্তর্ভুক্ত রয়েছে, যাতে শতকরা ২৫ টাকা হারে কারবারি বাট্টা ও শতকরা ৫ টাকা হারে নগদ বাট্টা রয়েছে। যদি ধারে ক্রয়ের সময়কালের মধ্যে পরিশোধিত হয়, তাহলে তোমার চেকটি কত টাকার হবে? [DU : 00-01, 93-94; IU : 15-16]

Ⓐ ২,৮৫০ টাকা Ⓑ ২,৮০০ টাকা Ⓒ ২,৬০০ টাকা Ⓓ কোনোটিই নয়

Solve ধারে ক্রয়ের সময়কালের মধ্যে দেনাটি পরিশোধ করলে ২৫ টাকা হারে কারবারি বাট্টা বাদেও অতিরিক্ত ৫ টাকা হারে নগদ বাট্টা পাওয়া যাবে। ফলে পরিশোধিত চেকটির মূল্য দাড়াবে-
প্রতিটি ৮০০ টাকা হলে,

৫টি পণ্যের দাম = (৮০০ × ৫) টাকা	=	৪,০০০ টাকা।
বাদ: কারবারি বাট্টা ২৫%, $\left(৪,০০০ \times \frac{২৫}{১০০}\right)$	=	১,০০০ টাকা।
	=	৩,০০০ টাকা।
বাদ: নগদ বাট্টা ৫% $\left(\frac{৩,০০০ \times ৫}{১০০}\right)$	=	১৫০ টাকা।
	=	২,৮৫০ টাকা।

07. নগদ বাট্টা- [DU : 99-00]

Ⓐ বিক্রয় বহিতে লিপিবদ্ধ হয় Ⓑ বিক্রয় বহিতে লিপিবদ্ধ হয় না
Ⓒ A ও B উভয়ই Ⓓ উপরের কোনোটিই নয়।

Solve দেনা-পাওনা নগদে আদান-প্রদান কালে নগদ বাট্টার উদ্ভব হয়। ফলে নগদ বাট্টা নগদান বহিতে লিপিবদ্ধ করা হয়ে থাকে। কিন্তু বিক্রয় বই, ক্রয় বই কোনো প্রকার বইতেই লিপিবদ্ধ করা হয় না।

08. নিম্নের কোন বাট্টা হিসাবে লিপিবদ্ধ করা হয়? [DU : 97-98]

Ⓐ পরিমাণ বাট্টা Ⓑ ব্যবসায়িক বাট্টা
Ⓒ নগদ বাট্টা Ⓓ উপরের সবগুলোই

Solve দেনা-পাওনা দ্রুত নিষ্পত্তির (গ্রহণ বা পরিশোধ) ফলে নগদ বাট্টার সৃষ্টি হয়। ফলে নগদ বাট্টা হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়ে থাকে। অপরপক্ষে ব্যবসায়িক বাট্টা, পরিমাণ বাট্টা সরাসরি মূল্য তালিকা থেকে বাদ দিয়ে দেখানো হয়। ফলে কারবারি বাট্টা হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় না।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. রাসেল কর্পোরেশনের জন্য বর্ধিত ক্রেডিট টার্ম 2/10 net 30 EOM এক্ষেত্রে ১০ দিনের মধ্যে পরিশোধ না করলে হারানো বার্ষিক শতকরা নগদ বাট্টার হার- [RU-B : 21-22]

Ⓐ ৩৬.৭৩ Ⓑ ৩৭.২৪ Ⓒ ২৪.৪৮ Ⓓ ২৪.৮২

Solve ১০ দিনের মধ্যে টাকা পরিশোধ না করলে ২% নগদ বাট্টা হারাতে হবে। প্রকৃতপক্ষে এক বছরে কত % নগদ বাট্টা হারাতে হচ্ছে, তা নির্ণয় করতে হবে। অর্থাৎ EIR (Effective Interest Rate) বা কার্যকরী সুদের হার বের করতে হবে **EOM = End of Month**।

কার্যকরী সুদের হার (Effective Interest Rate) = $\left(\frac{\text{বাট্টার হার}}{১ - \text{বাট্টার হার}}\right) \times \left(\frac{৩৬০}{\text{সম্পূর্ণ অনুমোদিত পরিশোধ সময়} - \text{বাট্টাকালীন সময়}}\right) \times ১০০$

$= \left(\frac{০.০২}{১ - ০.০২}\right) \times \left(\frac{৩৬০}{৩০ - ১০}\right) \times ১০০ = ৩৬.৭৩\%$।

02. দ্রুত দেনা পরিশোধের জন্য মঞ্জুরীকৃত বাট্টাকে বলা হয়- [RU : 19-20]

Ⓐ কারবারি বাট্টা Ⓑ দ্রুত প্রদান বাট্টা
Ⓒ নগদ বাট্টা Ⓓ পাইকারি/মোট বাট্টা

Solve দ্রুত দেনা পরিশোধের জন্য যে বাট্টা দেওয়া হয় তাকে নগদ বাট্টা বলে। এর ফলে আর্থিক অবস্থার পরিবর্তন হয়।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

03. ৬০০ টাকা দরে ৫০টি পণ্য ২০% কারবারি বাট্টায় ক্রয় করা হলো। নগদ বাট্টার পরিমাণ ৫%। নির্দিষ্ট মেয়াদের মধ্যে ধারে ক্রয়ের অর্থ পরিশোধ করলে, যে পরিমাণ টাকা প্রদান করতে হবে- [RU : 14-15]

Ⓐ ২৩,৯০০ Ⓑ ২৫,২০০ Ⓒ ২২,৮০০ Ⓓ ২৪,০০০

Solve ক্রয়মূল্য = (৬০০ × ৫০) = {৩০,০০০ − (৩০,০০০ × ২০%)} = ২৪,০০০ টাকা।

∴ নগদ পরিশোধ = ২৪,০০০ − (২৪,০০০ × ৫%) = ২২,৮০০ টাকা।

04. পাইকারি বিক্রেতা খুচরা বিক্রেতার নিকট হতে সাধারণত পণ্যের তালিকা মূল্য হতে কিছু পরিমাণ মূল্য কম নিয়ে থাকে। যে পরিমাণ মূল্য কম নেওয়া হয় তাকে বলে- [RU : 12-13]

Ⓐ নগদান বাট্টা Ⓑ কারবারি বাট্টা Ⓒ কমিশন Ⓓ কোনোটিই নয় Ans Ⓑ

05. কোনটির জন্য কোনোও খতিয়ান প্রস্তুত করা হয় না? [RU : 09-10]

Ⓐ কারবারি বাট্টা Ⓑ ক্রয় Ⓒ বিক্রয় Ⓓ নগদ বাট্টা

Solve প্রদত্ত Option গুলোর মধ্যে কারবারি বাট্টার জন্য কোনো খতিয়ান প্রস্তুত করতে হয় না। কারণ এটি কোনো হিসাবখাত নয়।

06. নিচের কোন সম্পর্কটি সঠিক? [RU : 09-10]

Ⓐ বাট্টা প্রদান ও পাওনাদার Ⓑ বাট্টা গ্রহণ ও দেনাদার

Ⓒ বাট্টা গ্রহণ ও পাওনাদার Ⓓ কোনোটিই নয়

Solve পাওনাদার মানে যে আমার কাছে টাকা পাবে। অর্থাৎ পাওনাদারকে টাকা প্রদানের সময় কখনও কখনও বাট্টা পাওয়া যায়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. একজন ব্যবসায়ী সাধারণত- [CU : 08-09]

Ⓐ কারবারি বাট্টা পেলে নগদ বাট্টা পায় না

Ⓑ যে কোনো একটি মাত্র বাট্টা গ্রহণ করতে পারে

Ⓒ কারবারি বাট্টা ও নগদ বাট্টা উভয়টি পেতে পারে

Ⓓ কারবারি বাট্টা পায়

Ⓔ নগদ বাট্টা পেতে হলে তাকে অবশ্যই কারবারি বাট্টা পরিত্যাগ করতে হবে

Solve একজন ব্যবসায়ী সাধারণত কারবারি বাট্টা ও নগদ বাট্টা উভয়ই গ্রহণ করতে পারে।

02. একটি দ্রব্যের তালিকা বিক্রয়মূল্য ২০,০০০ টাকা। বিক্রয়কালে কারবারি বাট্টা ১০% এবং নগদান বাট্টা ৫% অনুমোদন করা হলে বাট্টা লিখা হবে কত টাকা? [CU : 08-09; BRUR : 19-20]

Ⓐ ২০০০ Ⓑ ৩০০০ Ⓒ ৯৫০

Ⓓ ১০০০ Ⓔ ৯০০

Solve প্রশ্নটিতে বিক্রয়মূল্য ২০,০০০ টাকা এবং কারবারি বাট্টা ১০%।

অতএব, কারবারি বাট্টার পরিমাণ = (২০,০০০ × ১০%) = ২,০০০ টাকা।

অতএব, নগদ বাট্টার পরিমাণ = (২০,০০০ − ২,০০০) × ৫% = ৯০০ টাকা।

অর্থাৎ, ৯০০ টাকা বাট্টা লিখা হবে।

03. বিক্রয় বাট্টার ক্ষেত্রে সমাপনী জাবেদা হবে- [CU : 07-08]

Ⓐ বিক্রয় বাট্টা হিসাব ডেবিট, আয় বিবরণী ক্রেডিট

Ⓑ আয় বিবরণী ডেবিট, বিক্রয় বাট্টা হিসাব ক্রেডিট

Ⓒ বিক্রয় বাট্টা হিসাব ডেবিট, বিক্রয় হিসাব ক্রেডিট

Ⓓ বিক্রয় হিসাব ক্রেডিট, বিক্রয় বাট্টা হিসাব ডেবিট

Ⓔ কোনো সমাপনী জাবেদা হবে না

Solve বিক্রয় বাট্টা বা প্রদত্ত বাট্টা সাধারণত ডেবিট ব্যালেন্স প্রদর্শন করে। এই হিসাবকে বন্ধ করার জন্য সমাপনী জাবেদা হবে-

আয় বিবরণী হিসাব ডেবিট

বিক্রয় বাট্টা হিসাব ক্রেডিট

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. ২/১০, এন/৩০ শর্তে ক্রয় ১২,০০০ টাকা, ফেরত ২,০০০ টাকা এবং বাকী টাকা সাত দিন সময়ের পরিশোধ করলে বাট্টা কত টাকা? [GST-C : 21-22]

Ⓐ ১২০ Ⓑ ২০০ Ⓒ ২২০ Ⓓ ২৪০

Solve বাট্টাকালীন সময়ের মধ্যে অর্থ পরিশোধ করায় নগদ বাট্টা পাওয়া যাবে। ২/১০, এন/৩০ ক্রয় শর্তের অর্থ হচ্ছে, ১০ দিনের মধ্যে অর্থ পরিশোধ করলে ২% নগদ বাট্টা পাওয়া যাবে, কিন্তু ৩০ দিনের মধ্যে অবশ্যই সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে।

নগদ বাট্টার পরিমাণ = (ক্রয় - ক্রয় ফেরত) × নগদ বাট্টার হার

= (১২,০০০ − ২,০০০) × ২%

= ১০,০০০ × ২% = ২০০ টাকা।

02. ২৫% চালানে প্রেরিত ৬,০০০ টাকার খরচহীন পণ্যে কত টাকার সমাপনী মান আসবে? [JKKNIU : 19-20]

Ⓐ ৩,০০০ টাকা Ⓑ ৪,৫০০ টাকা Ⓒ ৬,০০০ টাকা Ⓓ ৫,০০০ টাকা

Solve সমাপনী মূল্য = চালান মূল্য − কারবারি বাট্টা

= ৬,০০০ − (৬,০০০ × ২৫%) = (৬,০০০ − ১,৫০০) = ৪,৫০০ টাকা।

03. জনাব সাহাফ ৮০,০০০ টাকার পণ্য ক্রয় করলেন। পণ্য পরিবহন খরচ ৫০০ টাকা, নগদ বাট্টা ৭০০ টাকা। ক্রয় হিসাবের জের কত? [HEC : 19-20]

i. ৮১,২০০ ii. ৮০,০০০ iii. ৭৯,৮০০

নিচের কোনটি সঠিক?

Ⓐ i Ⓑ ii Ⓒ iii Ⓓ i ও ii

Solve যেহেতু ক্রয় হিসাবের কথা হয়েছে তাই সকল ক্রয়সংক্রান্ত লেনদেন আসবে। সুতরাং জের হবে = (৮০,০০০ + ৫০০ − ৭০০)= ৭৯,৮০০ টাকা।

04. জনি ট্রেডার্স ৩/১৫, n/৪০ শর্তে ১০,০০০ টাকার পণ্য ক্রয় করে। যদি ২,০০০ টাকার পণ্য ফেরত দেওয়া হয় এবং বাকি টাকা বাট্টাকালীন সময়ের মধ্যে পরিশোধ করা হয়, তাহলে তাকে কত টাকা পরিশোধ করতে হবে? [JUST 19-20]

Ⓐ ৭,৭৫০ Ⓑ ৭,৭৬০ Ⓒ ৮,৫৬০ Ⓓ ৮,০০০

Solve নিট ক্রয় = ১০,০০০ − ২,০০০ = ৮,০০০ টাকা

∴ বাট্টার পরিমাণ = ৮,০০০ × ৩% = ২৪০ টাকা

∴ পরিশোধ করতে হবে = (৮,০০০ − ২৪০) = ৭,৭৬০ টাকা।

05. একটি ক্রয় চালানে মোট ৩,০০০ টাকা মূল্যের ৩টি পণ্য অন্তর্ভুক্ত আছে, যাতে ৩০% হারে কারবারি বাট্টা এবং ১৫% নগদ বাট্টা অন্তর্ভুক্ত। যদি ধার সময়কালের পরে পরিশোধিত হয় তবে কত টাকার চেক প্রদান করতে হবে? [BSMRSTU : 18-19]

Ⓐ ১,৭৮৫ Ⓑ ২,১০০ Ⓒ ৩,০০০ Ⓓ ২,২০০০

Solve কারবারি বাট্টা = (৩,০০০ × ৩০%) = ৯০০ টাকা।

চেক প্রদান করতে হবে = (৩,০০০ − ৯০০) = ২,১০০ টাকার। সুতরাং ধার সময়কালের পরে অর্থ পরিশোধ করায় নগদ বাট্টা পাবে না।

06. 2/10, N/30 কী নির্দেশ করে? [SUST : 18-19]

Ⓐ নগদ বাট্টা Ⓑ কারবারি বাট্টা Ⓒ পরিমাণ বাট্টা

Ⓓ সুদ হিসাবের নির্দেশক Ⓔ সুদ ও চক্রবৃদ্ধি সুদের অনুপাত

Solve ধারে ক্রয়-বিক্রয়ের শর্ত

শর্ত (Terms)	ব্যাখ্যা (Explanation)
2/10, N/30	১০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ২% নগদ বাট্টা পাওয়া যাবে। তবে সম্পূর্ণ টাকা অবশ্যই ৩০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে।
1/10 EOM	পরবর্তী মাসের প্রথম ১০ দিনের মধ্যে টাকা পরিশোধ করলে ১% নগদ বাট্টা প্রদান করা হবে।
n/10 EOM	সম্পূর্ণ টাকা পরবর্তী মাসের প্রথম ১০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

EOM = End of Month

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

07. ধারে বিক্রয়ের ১০ দিনের মধ্যে মূল্য পরিশোধ করলে ২% হারে বাট্টা দেওয়া হবে এবং ৩০ দিনের মধ্যে অবশ্যই সম্পূর্ণ অর্থ পরিশোধ করতে হবে। নগদ বাট্টার এরূপ শর্তকে কীভাবে লেখা হয়? [BRUR : 15-16]

Ⓐ ১০/২, তারিখ ৩০ Ⓑ ২/১০, দিন ৩০
Ⓒ ১০/২, সময় ৩০ দিন Ⓓ ২/১০, নিট ৩০ Ans Ⓓ

08. প্রদেয় হিসাবের প্রদেয় ও প্রদত্ত অংশের পার্থক্যকে কী বলে? [PUST : 15-16]

Ⓐ প্রদত্ত বাট্টা Ⓑ প্রাপ্ত বাট্টা
Ⓒ ক্রয় বাট্টা Ⓓ বিক্রয় বাট্টা

Ans Ⓑ Solve প্রদেয় হিসাবকে টাকা পরিশোধের সময় কিছু টাকা ছাড় পাওয়া যায়। এই ছাড় প্রাপ্ত টাকাকে প্রাপ্ত বাট্টা বলে। প্রদেয় হিসাব ও প্রদত্ত অংশের পার্থক্যই হলো প্রাপ্ত বাট্টা।

09. কোনটি নগদ টাকায় পাওয়া যায় না? [BRUR : 13-14]

Ⓐ প্রাপ্ত কমিশন Ⓑ প্রাপ্ত বাট্টা
Ⓒ প্রাপ্ত সুদ Ⓓ প্রাপ্ত ভাড়া

Ans Ⓑ Solve প্রাপ্ত বাট্টা নগদ টাকায় পাওয়া যায় না। কারণ, পাওনাদারকে পরিশোধের সময় যে অর্থ ছাড় পাওয়া যায় তাই প্রাপ্ত বাট্টা।

10. একজন কম্পিউটার ব্যবসায়ী নগদে বিক্রির সময় ৫% বাট্টা প্রদান করেন। ইহা কোন প্রকার বাট্টা? [PUST : 12-13]

Ⓐ কারবারি বাট্টা Ⓑ নগদ বাট্টা
Ⓒ ক্রয় বাট্টা Ⓓ বিক্রয় বাট্টা

Ans Ⓐ Solve পণ্য দ্রব্য ক্রয়-বিক্রয় কালে যে বাট্টা প্রদান করা হয় তাকে কারবারি বাট্টা বলে।

11. নিচের কোনটি টাকায় পরিশোধ করা হয় না? [BSMRSTU : 12-13]

Ⓐ প্রাপ্ত বাট্টা Ⓑ প্রাপ্ত কমিশন
Ⓒ প্রদত্ত বাট্টা Ⓓ প্রদত্ত কমিশন

Ans Ⓒ Solve প্রদত্ত বাট্টা কখনও নগদ টাকায় পরিশোধ করা হয় না।

12. কারবারি বাট্টা নগদান বই এর কোন দিকে বসে? [SUST : 09-10]

Ⓐ ডেবিট এর দিকে Ⓑ ক্রেডিট এর দিকে
Ⓒ ডেবিট ও ক্রেডিট উভয় দিকে Ⓓ কোনো দিকেই বসে না

Ans Ⓓ Solve নগদান বইতে শুধু নগদান লেনদেনসমূহ লেখা হয়। কারবারি বাট্টা আসলে কোনো লেনদেন নয়। পণ্যের ক্রয়মূল্য হতে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ ছাড় বা রিবেট দেওয়াকে কারবারি বাট্টা বলা হয়। সুতরাং ইহা নগদান বইতে লেখা হয় না।

13. নিচের কোন দফাটি নগদান বই-এ লিখা হয় না? [JnU : 07-08]

Ⓐ নগদান বাট্টা Ⓑ ব্যবসায়িক বাট্টা
Ⓒ নগদান প্রাপ্তি Ⓓ নগদান প্রদান Ans Ⓑ

14. একটি ক্রয় চালানে মোট ১,৫০০ টাকার দশটি পণ্য অন্তর্ভুক্ত রয়েছে, যাতে ৮% কারবারি বাট্টা এবং ২% নগদ বাট্টার উল্লেখ রয়েছে। যদি ধারে সময় কালের মধ্যে পরিশোধিত হয় তবে কত টাকা পরিশোধ করতে হবে?

Ⓐ ১,২০০ টাকা Ⓑ ১৩,৫২৪ টাকা
Ⓒ ১,৩৫২ টাকা Ⓓ ১,১৬৭ টাকা

Ans Ⓒ Solve ৮% কারবারি বাট্টা বাদে অবশিষ্ট থাকে,
$= \{১,৫০০ - (১,৫০০ \times ৮\%)\} = ১,৩৮০$ টাকা। [কারবারি বাট্টা আগে বাদ দিতে হয়]
∴ পরিশোধ করতে হবে $= \{১,৩৮০ - (১,৩৮০ \times ২\%)\} = ১,৩৫২$ টাকা

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. বাট্টা সাধারণত কত প্রকার হয়? [DHA-22]

Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৩ Ⓓ ৪ Ans Ⓑ

02. ১০% বাট্টায় রিয়াদের নিকট হতে পাওয়া গেল ৯,০০০ টাকা, বাট্টার পরিমাণ কত? [MYM-22]

Ⓐ ১,০০০ টাকা Ⓑ ৯৫০ টাকা
Ⓒ ৯০০ টাকা Ⓓ ৮১০ টাকা Ans Ⓐ

03. মাসের শুরুতে পেটি ক্যাশিয়ারের হাতে নগদ ছিল ২০০ টাকা। এ মাসে পেয়েছেন ৮০০ টাকা। তার অগ্রদত্ত টাকার পরিমাণ কত? [CHI-22]

Ⓐ ১,০০০ টাকা Ⓑ ৮০০ টাকা
Ⓒ ৬০০ টাকা Ⓓ ২০০ টাকা Ans Ⓐ

04. তালিকা মূল্যের উপর ক্রেতাকে যে ছাড় দেওয়া হয় তাকে কী বলে? [DHA-21]

Ⓐ কারবারি বাট্টা Ⓑ নগদ বাট্টা
Ⓒ মঞ্জুরিকৃত বাট্টা Ⓓ প্রদত্ত বাট্টা Ans Ⓐ

05. কোন ধরনের নগদান বইতে নগদ বাট্টা লিপিবদ্ধ করা হয়? [COM-21]

Ⓐ একঘরা নগদান বইতে Ⓑ দু'ঘরা নগদান বইতে
Ⓒ বিশ্লেষণাত্মক খুচরা নগদান বইতে Ⓓ তিনঘরা নগদান বইতে Ans Ⓓ

06. প্রদেয় হিসাবের নিকট থেকে ছাড় পেলে তাকে কী বলে ? [DIN-19]

Ⓐ প্রদত্ত বাট্টা Ⓑ প্রাপ্ত বাট্টা
Ⓒ কারবারি বাট্টা Ⓓ পরিমাণ বাট্টা Ans Ⓑ

07. কোনটি বাট্টা করা যায়? [JES-17]

Ⓐ চেক Ⓑ পে-অর্ডার
Ⓒ ডেবিট কার্ড Ⓓ প্রতিশ্রুতিপত্র Ans Ⓐ

08. $\frac{২}{১০}$, $\frac{\text{নিট}}{৩০}$ কোন ধরনের শর্ত? [JES-17]

Ⓐ নগদ বাট্টা Ⓑ কারবারি বাট্টা
Ⓒ প্রাপ্ত বাট্টা Ⓓ প্রদত্ত বাট্টা Ans Ⓑ

09. অশোক ট্রেডার্স ২০১৫ সালের ১ জানুয়ারি তারিখে ১,০০,০০০ টাকার পণ্য ১০% বাট্টা ক্রয় করে। এক সপ্তাহ পর উক্ত মালের মূল্যের অর্ধেক ১০% বাট্টায় পরিশোধ করা হয়। অশোক ট্রেডার্সের হিসাবভুক্ত বাট্টার পরিমাণ কত? [CHI-16]

Ⓐ ৪,৫০০ টাকা Ⓑ ৯,৫০০ টাকা
Ⓒ ১০,০০০ টাকা Ⓓ ২০,০০০ টাকা Ans Ⓐ

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. যার উপর বিক্রয় বাট্টা ধরা হয়:

Ⓐ চালান মূল্য যোগ আন্তঃপরিবহন Ⓑ চালান মূল্য বাদ বাট্টা
Ⓒ চালান মূল্য যোগ বহিঃপরিবহন Ⓓ চালান মূল্য বাদ ফেরত ও ছাড় Ans Ⓓ

02. প্রাপ্ত বাট্টা হলো:

Ⓐ আমরা ধার পরিশোধের সময় যা বাদ দেই
Ⓑ ধারে পণ্য বিক্রয়ের সময় আমরা যা প্রদান করি
Ⓒ আমরা নগদ গ্রহণের সময় যা বাদ দেই
Ⓓ আমরা নগদ প্রদানের সময় যা যোগ করি Ans Ⓐ

03. কোম্পানি 'এ' জুলাই ১ তারিখে ১,২০০ টাকার পণ্যদ্রব্য ২/১০, নিট/৩০ শর্তে কোম্পানি 'বি' হতে ক্রয় করে। জুলাই ৫ তারিখে কোম্পানি 'এ' ২০০ টাকার পণ্য ফেরত দিল। জুলাই ১১ তারিখে কোম্পানি 'বি' সম্পূর্ণ টাকা কোম্পানি 'এ' হতে গ্রহণ করে। জুলাই ১১ তারিখে প্রদত্ত টাকার পরিমাণ হলো:

Ⓐ ৯৮০ টাকা Ⓑ ২০ টাকা
Ⓒ ১,১৭৬ টাকা Ⓓ ১,০০০ টাকা Ans Ⓐ

CamScanner

Type 7 মূল্য সংযোজন কর (মূসক) [Value Added Tax (VAT)]

Step ① BASIC INFORMATION

মূল্য সংযোজন কর (মূসক/ভ্যাট) :

মূল্য সংযোজন কর হলো পরোক্ষ কর। যে ব্যক্তি বা প্রতিষ্ঠান (বিক্রেতা বা সেবাদানকারী) সরকারের কাছে মূল্য সংযোজন কর পৌঁছে দিতে দায়বদ্ধ হয়, সেই ব্যক্তি বা প্রতিষ্ঠানের জন্য উক্ত কর ব্যয়/খরচ নয়; কেননা, সে নিজের থেকে মূল্য সংযোজন কর প্রদান করে না, ক্রেতা বা ভোক্তার নিকট থেকে সংগ্রহ করে সরকারের কাছে পৌঁছে দেয়। তাই, বিক্রয়ের উপর আদায়কৃত মূল্য সংযোজন কর বিক্রেতার জন্য সরকারের নিকট দায় হিসেবে গণ্য হয়। সুতরাং, মূল্য সংযোজন কর বিক্রেতার নিকট দায় হিসাবে গণ্য হয় এবং ভোক্তার জন্য ব্যয়/খরচ।

ভ্যাট সংক্রান্ত জাবেদা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য :

ক্রমিক নং	বিবরণ		ডেবিট	ক্রেডিট
১.	**পণ্য ক্রয় ও উপকরণ ভ্যাট প্রদানের জন্য :**			
	ক্রয় হিসাব	ডেবিট	**	
	প্রদত্ত ভ্যাট হিসাব	ডেবিট	**	
	বিবিধ পাওনাদার হিসাব/নগদান হিসাব	ক্রেডিট		**
২.	**ভ্যাট বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা করার জন্য :**			
	ভ্যাট চলতি হিসাব	ডেবিট	**	
	নগদান হিসাব	ক্রেডিট		**
৩.	**পণ্য বিক্রয় ও আদায়কৃত ভ্যাটের জন্য :**			
	নগদান/বিবিধ দেনাদার হিসাব	ডেবিট	**	
	ভ্যাট চলতি হিসাব	ক্রেডিট		**
	বিক্রয় হিসাব	ক্রেডিট		**
৪.	**বিক্রীত পণ্যের উপর ভ্যাট 'ভ্যাট চলতি হিসাব' এ স্থানান্তরের জন্য :**			
	ভ্যাট চলতি হিসাব	ডেবিট	**	
	প্রদত্ত ভ্যাট হিসাব	ক্রেডিট		**
৫.	**ব্যবসায়িক প্রয়োজনে পণ্য ব্যবহৃত হলে :**			
	সম্পত্তি/মুনাফা জাতীয় ব্যয় হিসাব	ডেবিট	**	
	প্রদত্ত ভ্যাট হিসাব	ক্রেডিট		**
	ক্রয় হিসাব	ক্রেডিট		**

পূর্বোক্ত দাখিলা সম্পন্ন করার পর খতিয়ানে প্রদত্ত ভ্যাট হিসাব ও ভ্যাট চলতি হিসাব-এ দুটি হিসাবে উদ্বৃত্ত থাকতে পারে–

i. **প্রদত্ত ভ্যাট হিসাবের উদ্বৃত্ত–** সমাপনী মজুত পণ্যের আনুপাতিক উপকরণ ভ্যাট নির্দেশ করে।

ii. **ভ্যাট চলতি হিসাবের উদ্বৃত্ত–** সরকারি কোষাগারে জমাকৃত অর্থ যার বিপরীতে পণ্য সরবরাহ করা হয়নি ভ্যাট নির্দেশ করে।

উল্লেখ্য, এ পদ্ধতিতে ভ্যাট সংক্রান্ত কোনো হিসাবেরই ক্রেডিট উদ্বৃত্ত হবে না।

Step ② At a Glance : Most Important Information

- বাংলাদেশে সর্বপ্রথম ভ্যাট প্রচলিত হয়– **১৯৯১ সালে**।
- মূল্য সংযোজন কর (মূসক) বা VAT বিক্রেতার জন্য– **দায়**।
- বাংলাদেশে Standard VAT এর হার- **১৫%**।
- যদি বিক্রয় ভ্যাট বা প্রাপ্ত ভ্যাট বেশি হয় তবে 'ভ্যাট চলতি হিসাব' নামে উদ্বৃত্তপত্রের দায় পাশে দেখাতে হয়। আবার যদি ক্রয় ভ্যাট বা প্রদত্ত ভ্যাট প্রাপ্ত ভ্যাট হতে বড় হয় তবে "ভ্যাট চলতি হিসাব" নামে উদ্বৃত্তপত্রের সম্পত্তি পাশে দেখাতে হয়।
- ভ্যাট এর বিকল্প নাম– **মূসক, মূল্য সংযোজন কর, Value Added Tax (VAT).**

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. বিক্রয়ের উপর মূসক কোন ধরনের আইটেম? [DU : 11-12]

Ⓐ খরচ Ⓑ সম্পত্তি Ⓒ মূলধন
Ⓓ রাজস্ব Ⓔ দায়

Solve বিক্রয়ের উপর মূসক বা ভ্যাট হলো একটি পরোক্ষ কর। পণ্য বিক্রেতা বিক্রয়ের সময় ক্রেতার নিকট হতে পণ্যের বিক্রয়মূল্যের সাথে মূসকসহ অর্থ আদায় করে, যা বিক্রেতা "প্রদেয় বিক্রয় কর" হিসাবে লিপিবদ্ধ করে। তাই বিক্রয়কারীর কাছে মূসক হলো দায়। মূসক সরকারি কোষাগারে জমা দেওয়া না পর্যন্ত দায় হিসাবে দেখানো হয়।

02. বিক্রয়কারীর কাছে ভ্যাট হলো: [DU : 10-11; HEC : 22-23]

Ⓐ দায় Ⓑ আয় Ⓒ ব্যয়
Ⓓ সম্পদ Ⓔ মুনাফা

Solve বিক্রেতা পণ্য বিক্রয়ের সময় ক্রেতার নিকট থেকে মূসক (ভ্যাট) আদায় করে, যা পরবর্তীতে সরকারকে পরিশোধ করতে হয়। তাই বিক্রয়ের উপর মূসক দায় সৃষ্টি করে।

CamScanner

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. VAT কোন হিসাবে ডেবিট করতে হয়? [RU : 08-09]
Ⓐ ক্রয় বিক্রয় হিসাবে Ⓑ লাভ-লোকসান হিসাবে Ⓒ চলতি হিসাবে Ⓓ কোনোটিই নয়
Solve VAT কে ভ্যাট চলতি হিসাবে ডেবিট করতে হয়।

GST শুচ্ছ/শুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. কোনো প্রতিষ্ঠান পণ্য ক্রয় করে ১,০০০ টাকা ভ্যাট প্রদান করল এবং ঐ পণ্য বিক্রয় করে ১,৩০০ টাকা ভ্যাট আদায় করল। প্রতিষ্ঠানের প্রদেয় ভ্যাট কত? [IU : 15-16]
Ⓐ ১,০০০ টাকা Ⓑ ১,৩০০ টাকা Ⓒ ৩০০ টাকা Ⓓ ২,৩০০ টাকা
Solve প্রদেয় ভ্যাট = (প্রাপ্ত ভ্যাট − প্রদত্ত ভ্যাট)
= (১,৩০০ − ১,০০০) = ৩০০ টাকা।

02. কে নিজের জন্য ভ্যাট সংগ্রহ করে? [IU : 13-14]
Ⓐ ক্রেতা Ⓑ বিক্রেতা
Ⓒ উৎপাদনকারী Ⓓ মধ্যস্থতাকারী
Solve বিক্রেতা নিজের জন্য ভ্যাট সংগ্রহ করে।

03. বিক্রয় প্রতিনিধিকে কমিশন চার্জ করার পরবর্তী মুনাফার উপর ১০% হ কমিশন দিতে হয়। নিট মুনাফা ২০,০০০ টাকা হলে প্রদত্ত কমিশন কত?
Ⓐ ১,৭৯৮ টাকা Ⓑ ১,৮১৮ টাকা
Ⓒ ১,৯০০ টাকা Ⓓ ২,০০০ টাকা
Solve কমিশন চার্জ করার পর কমিশন = কমিশন পরবর্তী নিট ম
$\times \frac{\text{কমিশন হার}}{১০০} = ২০,০০০ \times \frac{১০}{১০০} = ২,০০০$ টাকা।

Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৬৯,০০০ টাকা হলে ভ্যাটের পরিমাণ কত? [RAJ-22]
Ⓐ ৬,৯০০ টাকা Ⓑ ৯,০০০ টাকা
Ⓒ ১০,৩৫০ টাকা Ⓓ ৬০,০০০ টাকা Ans B

02. বাংলাদেশে মূসক-এর প্রচলন হয় কোন তারিখে? [COM-22]
Ⓐ ১ জুলাই ১৯৯০ Ⓑ ১ জুলাই ১৯৯১
Ⓒ ১ জুলাই ১৯৯২ Ⓓ ১ জুলাই ১৯৯৩ Ans B

03. রেওয়ামিলে পণ্য ক্রয় ৫৬,১৫০ টাকা; ক্রয় ফেরত ১,৫০০ টাকা। ক্রীত পণ্যের মধ্যে ১৫% হারে ভ্যাট অন্তর্ভুক্ত আছে। নিট ক্রয়ের ওপর ভ্যাটের পরিমাণ কত? [DHA-21]
Ⓐ ৪,৩৫০ টাকা Ⓑ ৭,১২৮ টাকা
Ⓒ ৮,২৫০ টাকা Ⓓ ৯,০০০ টাকা Ans B

04. বিক্রয় ভ্যাট, ক্রয় ভ্যাট অপেক্ষা বেশি হলে তা কোম্পানির কী? [DHA-21]
Ⓐ দায় Ⓑ সম্পদ
Ⓒ আয় Ⓓ ব্যয় Ans A

05. একটি কোম্পানির ক্রয় (১৫% ভ্যাটসহ) ৩০,০০০ টাকা, ক্রয় ফেরত ৩, টাকা, ক্রয় বাট্টা ২,০০০ টাকা হলে ভ্যাটের পরিমাণ কত টাকা? [COM-21]
Ⓐ ৩,২৬১ টাকা Ⓑ ৩,৭৫১ টাকা Ⓒ ৪,০৫১ টাকা Ⓓ ৪,৫০১ টাকা Ans

06. ভ্যাট চলতি হিসাবের জের আর্থিক অবস্থার বিবরণীর কোন অংশে দেখাতে হবে? [BAR-
Ⓐ মালিকানা স্বত্ব অথবা বিনিয়োগ Ⓑ স্থায়ী সম্পদ অথবা দীর্ঘমেয়াদি
Ⓒ চলতি সম্পদ অথবা চলতি দায় Ⓓ সংরক্ষিত আয় অথবা অসমন্বিত

07. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৩৬,৫০০ টাকা এবং ক্রয় ফেরত ২,০০০ টাকা ক্রয় ভ্যাটের পরিমাণ কত টাকা? [JES-21]
Ⓐ ৪,৫০০ Ⓑ ৫,১৭৫ Ⓒ ৫,৪৭৫ Ⓓ ৫,৭৭৫ Ans

08. বাংলাদেশে ভ্যাট আইন চালু হয় কোন সালে? [MYM-21]
Ⓐ ১৯৩২ Ⓑ ১৯৮৪ Ⓒ ১৯৯১ Ⓓ ১৯৯৪ Ans

09. ধারে ক্রয় ২,০০,০০০ টাকা , কারবারি বাট্টা ১০% এবং ১৫% ভ্যাট । ভ্যাট কত হবে ? [COM-19]
Ⓐ ২৩,৪৭৮ টাকা Ⓑ ৬২,০৮৭ টাকা
Ⓒ ২৭,০০০ টাকা Ⓓ ৩৫,০০০ টাকা Ans

Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কত সালের কত তারিখে ভ্যাট বিল জাতীয় সংসদে উপস্থাপন করা হয়?
Ⓐ ১৯৯১ সালের ১ জুন Ⓑ ১৯৯১ সালের ১ জুলাই
Ⓒ ১৯৯১ সালের ১১ জুন Ⓓ ১৯৯১ সালের ৯ জুলাই Ans C

02. সরকারি কোষাগারে ভ্যাট জমা দেওয়া হলে এর জাবেদা কী?
Ⓐ ভ্যাট চলতি হিসাব ডেবিট টু নগদান হিসাব
Ⓑ নগদান হিসাব ডেবিট টু ভ্যাট চলতি হিসাব
Ⓒ ভ্যাট চলতি হিসাব ডেবিট টু প্রদত্ত ভ্যাট হিসাব
Ⓓ ভ্যাট চলতি হিসাব ডেবিট টু প্রাপ্ত ভ্যাট হিসাব Ans A

03. ১৫% ভ্যাটসহ মনিহারি ক্রয় ১০,০০০ টাকা এর জন্যে ডেবিট করতে হবে কোন
Ⓐ ক্রয় হিসাব Ⓑ মনিহারি খরচ হিসাব
Ⓒ নগদান হিসাব Ⓓ ভ্যাট চলতি হিসাব Ans

04. রেওয়ামিলে পণ্য ক্রয় ৫৬,১৫০ টাকা, ক্রয় ফেরত ১,৫০০ টাকা এবং সম অলিখিত ক্রয় উল্লেখ আছে ২,৮৫০ টাকা। ক্রীত পণ্যের মধ্যে ১৫% ভ্যাট উল্লেখ আছে। নিট ক্রয়ের উপর ভ্যাটের পরিমাণ কত?
Ⓐ ৪,৩৫০ টাকা Ⓑ ৭,৫০০ টাকা
Ⓒ ৮,২৫০ টাকা Ⓓ ৯,০০০ টাকা Ans

Type 8 লিখিত প্রশ্নোত্তর

Step 1 এক কথায় প্রশ্নোত্তর

- দুতরফা দাখিলা পদ্ধতি হচ্ছে একটি– **লিপিবদ্ধকরণ প্রক্রিয়া/হিসাবরক্ষণ প্রক্রিয়া।**
- হিসাব চক্রের যে ধাপগুলো হিসাবকাল অনুযায়ী সম্পন্ন করতে হয় সেগুলো হলো : **রেওয়ামিল প্রস্তুতকরণ, সমন্বয় দাখিলা জাবেদাভুক্তকরণ ও স্থানান্তর, সম রেওয়ামিল প্রস্তুতকরণ, আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকরণ।**
- সমাপনী দাখিলা ও সমাপন পরবর্তী রেওয়ামিল প্রস্তুত করা হয় হিসাবকালের– **শেষ দিন।**
- জাবেদাকে দৈনন্দিন আর্থিক ঘটনা প্রবাহের– **তথ্যকেন্দ্র বলা হয়।**
- জাবেদা বই হলো– **মৌলিক দাখিলার বই/লেনদেনের কালীন রেকর্ড/হিসাবের প্রাথমিক বই/দৈনন্দিন দাখিলার বই/প্রাথমিক দাখিলার বই/সহকারী দাখি বই/লেনদেনের ধারাবাহিক বই।**
- হিসাবরক্ষণ প্রক্রিয়ায় খতিয়ানের কাজ মূলত– **শ্রেণিবিন্যাসকরণ/স্থানান্তরকরণ।**
- সকল প্রকার সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্বের যাবতীয় হিসাবসমূহ রাখা হয়– **সাধারণ খতিয়ানে।**
- ক্রেতাগণের/গ্রাহকগণের/দেনাদারগণের ব্যক্তিগত হিসাব সমূহ পাওয়া যায়– **দেনাদার/ প্রাপ্য হিসাবের খতিয়ানের বা বিক্রয় খতিয়ানে।**
- বিক্রেতাগণ/সরবরাহকারীগণ/পাওনাদারগণের ব্যক্তিগত হিসাব সমূহ পাওয়া যায়– **পাওনাদার/ প্রদেয় হিসাব খতিয়ানে বা ক্রয় খতিয়ানে।**
- খতিয়ান হিসাবের উদ্বৃত্ত/জের দ্বারা রেওয়ামিল তৈরি করে হিসাবের– **গাণিতিক শুদ্ধতা যাচাই করা যায়।**
- অগ্রদত্ত খুচরা নগদান পদ্ধতিতে খুচরা ক্যাশিয়ারকে মাসের শেষে যে অর্থ দেওয়া হয়, তা হলো– **মাসের শেষে মোট যা ব্যয় হয়।**
- পণ্যের ক্রেতার কাছে ভ্যাট হলো– **সম্পত্তি।** এবং পণ্যের বিক্রেতার কাছে ভ্যাট হলো– **দায়।**

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Step ② গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

01. হিসাব চক্র বলতে কী বোঝায়?

উত্তর: প্রতিষ্ঠানের অনির্দিষ্ট জীবনকালকে কতগুলো সুনির্দিষ্ট সময়ে বিভক্ত করা হয়। যার প্রতিটি অংশকে হিসাবকাল বলে। আর প্রত্যেক হিসাবকালে হিসাব সংক্রান্ত কার্যাবলি ধারাবাহিকভাবে চক্রাকারে চলতে থাকে।

02. প্রকৃত জাবেদার অন্তর্ভুক্ত বিষয়সমূহ লিখ?

উত্তর:

i) প্রারম্ভিক দাখিলা ii) বাকিতে সম্পত্তি ক্রয় iii) সমাপনী দাখিলা iv) সম্পত্তি বিক্রয় v) সমন্বয় দাখিলা
vi) প্রাপ্যবিল প্রত্যাখ্যান vii) হস্তান্তর দাখিলা viii) প্রদেয় বিল প্রত্যাখ্যান ix) ভুল সংশোধনী দাখিলা
x) যৌথ মূলধনি কারবারের শেয়ার ইস্যু সংক্রান্ত এন্ট্রি/দাখিলা xi) বিপরীত দাখিলা xii) কু-ঋণ ও অনাদায়ী সংক্রান্ত এন্ট্রি

03. নগদান বইকে জাবেদা ও খতিয়ান উভয়ই বলা হয় কেন?

উত্তর: নগদান বই একটি পূর্ণাঙ্গ আলাদা হিসাবের বই। এটি নগদান হিসাবের বিকল্প হিসেবে ব্যবহার করা হয়। নগদান বইয়ের মাধ্যমে লেনদেনের প্রকৃতি জানা যায়। জাবেদার মতো এখানে পৃথক শিরোনাম ও ব্যাখ্যা দিতে হয়। জাবেদায় যেমন তারিখের ক্রমানুসারে লেখা হয়, তেমনি নগদান বইয়ে তারিখের ভিত্তিতে লেনদেন হিসাবভুক্ত হয়। তাছাড়াও এতে খতিয়ান পৃষ্ঠা লিখতে হয়। খতিয়ানের মতো হিসাবের ব্যালেন্স নির্ণয় করতে হয়। অর্থাৎ নগদান বইয়ে জাবেদা ও খতিয়ান উভয়ের বৈশিষ্ট্য বিদ্যমান। এজন্যই নগদান বই জাবেদা ও খতিয়ান উভয়ই।

04. নগদান বই ও নগদান হিসাবের মধ্যকার পার্থক্যসমূহ লিখ।

উত্তর: নগদান বই ও নগদান হিসাবের মধ্যকার পার্থক্যসমূহ নিম্নরূপ:

পার্থক্যের বিষয়	নগদান বই	নগদান হিসাব
সংজ্ঞা	নগদ লেনদেন হিসাব করার জন্য যে বিশেষ সহকারী বই ব্যবহার করা হয় তাকে নগদান বই বলে।	নগদান হিসাব এর জাবেদা গুলো যে খতিয়ানে স্থানান্তর করা হয় তাকে নগদান হিসাব বলে।
জাবেদা ও খতিয়ান	নগদান বইকে জাবেদা ও খতিয়ান উভয়ই বলা হয়।	নগদান হিসাবকে শুধুই খতিয়ান বলা হয়।
ব্যাখ্যা	নগদান বইতে লেনদেনের প্রকৃতি অনুসারে ব্যাখ্যা দেওয়া হয়।	খতিয়ানে সাধারণত ব্যাখ্যা থাকে না।

05. মূল্য সংযোজন কর (Value added Tax) বলতে কী বোঝায়?

উত্তর : ১৯৯১ সালের ১ জুলাই হতে বাংলাদেশে প্রথম ভ্যাট বা মূল্য সংযোজন কর (Value added Tax) প্রচলিত হয়। মূল্য সংযোজন = মোট উৎপাদন মূল্য (−) উপকরণ মূল্য। মূল্য সংযোজন কর হচ্ছে মোট উৎপাদিত পণ্য মূল্যের উপর নির্দিষ্ট হারে আরোপিত কর থেকে মোট উপকরণের মূল্যের উপর নির্দিষ্ট হারে আরোপিত করের বিয়োগ ফল।

Step ③ সকল বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের লিখিত প্রশ্নোত্তর

01. নগদান বই (Cash Book) ও নগদ প্রবাহ বিবরণী (Cash Flow Statement) এর পার্থক্য দেখাও। (জগন্নাথ বিশ্ববিদ্যালয় লিখিত ২০১৯-২০)

নমুনা উত্তর : নিম্নে ছক আকারে নগদান বই (Cash Book) ও নগদ প্রবাহ বিবরণী (Cash Flow) এর পার্থক্য দেখানো হলো:

পার্থক্যের বিষয়	নগদান বই	নগদ প্রবাহ বিবরণী
১. সংজ্ঞা	যে বিশেষ জাবেদায় নগদ লেনদেনসমূহ তারিখের ক্রমানুযায়ী প্রাথমিকভাবে লিপিবদ্ধ করা হয় তাকে নগদান বই বলে।	একটি নির্দিষ্ট হিসাবকালে পরিচালন, বিনিয়োগ ও অর্থায়ন কার্যক্রমের ফলে নগদ অর্থের নিট পরিবর্তন সংক্রান্ত তথ্য সংক্ষিপ্তাকারে যে বিবরণীতে লিপিবদ্ধ করা হয় তাকে নগদ প্রবাহ বিবরণী বলে।
২. উদ্দেশ্য	নগদ প্রাপ্তি ও প্রদানসমূহ প্রাথমিকভাবে নগদান বইতে লিপিবদ্ধ করা হলেও এ বিশেষ জাবেদাটির ছকে হিসাব ছকের ন্যায় ডেবিট ও ক্রেডিট দুটি পার্শ্ব থাকে এবং নির্দিষ্ট সময় শেষে নগদান বইয়ের জের নির্ণয় করা হয়।	নগদ প্রবাহ বিবরণী প্রতিষ্ঠানে নগদ অর্থের ভবিষ্যত প্রাপ্যতা, লভ্যাংশ প্রদান এবং দায় পরিশোধের ক্ষমতা সংক্রান্ত তথ্য ব্যবহারকারীদের নিকট প্রকাশ করে।
৩. প্রকারভেদ	নগদান বই ৪ ভাবে প্রস্তুত করা যায়। (ক) এক ঘরা, (খ) দুই ঘরা, (গ) তিন ঘরা এবং (ঘ) খুচরা নগদান বই	নগদ প্রবাহ বিবরণী দুইভাবে প্রস্তুত করা যায়। (ক) প্রত্যক্ষ পদ্ধতি এবং (খ) পরোক্ষ পদ্ধতি।
৪. লিপিবদ্ধ	নগদান বইতে নগদ, ব্যাংক, বাট্টা এবং খুচরা নগদের হিসাব লিপিবদ্ধ করা হয়।	নগদ প্রবাহ বিবরণীতে পরিচালন, বিনিয়োগ এবং অর্থায়ন কার্যক্রম হতে নগদ প্রবাহ দেখানো হয়।

02. কারবারি বাট্টা ও নগদ বাট্টার মধ্যে পার্থক্য দেখাও। [জবি : ১৯-২০]

উত্তর : কারবারি বাট্টা ও নগদ বাট্টার মধ্যে পার্থক্য :

কারবারি বাট্টা	নগদ বাট্টা
১. মূল্য তালিকা হতে পাইকারি বা খুচরা ব্যবসায়ী বা ভোক্তাকে যে পরিমাণ ছাড় দেওয়া হয় তাকে কারবারি বাট্টা বলে।	১. ধারে বিক্রীত পণ্যের মূল্য যথাসম্ভব শীঘ্র আদায় করার উদ্দেশ্যে বিক্রেতা–ক্রেতাকে যে পরিমাণে ছাড় দেয় তাকে নগদ বাট্টা বলে।
২. কারবারি বাট্টা হিসাবে লিপিবদ্ধ করা হয় না।	২. নগদ বাট্টা হিসাবে লিপিবদ্ধ করা হয়।
৩. কারবারি বাট্টা আর্থিক অবস্থার পরিবর্তন করে না।	৩. নগদ বাট্টা আর্থিক অবস্থার পরিবর্তন করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

Type 9 গাণিতিক সমস্যাবলি

Step ① প্রয়োজনীয় সূত্রাবলি

- মূল্য সংযোজন কর = (মোট উৎপাদিত মূল্য × করের হার) − (উপকরণ মূল্য × করের হার)
- ধারে ক্রয়-বিক্রয়ের শর্তে কার্যকরী সুদের হার (Effective Interest Rate) = $\left(\frac{\text{বাট্টার হার}}{১ - \text{বাট্টার হার}}\right) \times \left(\frac{৩৬০}{\text{সম্পূর্ণ অনুমোদিত পরিশোধ সময়} - \text{বাট্টাকালীন সময়}}\right) \times ১০০$

Step ② গাণিতিক সমস্যা ও সমাধান

01. ৫% ভ্যাটসহ নগদে বিক্রয় করা হলো ২১,০০০ টাকা। এজন্য বিক্রয় হিসাবকে কত টাকা ক্রেডিট করতে হবে?

সমাধান : ভ্যাটের পরিমাণ = $\frac{২১,০০০ \times ৫}{১০০ + ৫}$ টাকা = ১,০০০ টাকা।

সুতরাং বিক্রয় হিসাবে ক্রেডিট করতে হবে = (২১,০০০ − ১,০০০) টাকা = ২০,০০০ টাকা।

02. ১৫% ভ্যাটসহ পণ্যের ক্রয়মূল্য ২৩,০০০ টাকা হলে ক্রয় হিসাবে কত টাকা ডেবিট হবে?

ব্যাখ্যাসহ সমাধান: ভ্যাটসহ মূল্য থেকে ভ্যাট বিয়োগ করে ক্রয় হিসাবে ডেবিট করতে হবে।

এখানে, ভ্যাট = ভ্যাটসহ মূল্য × $\frac{\text{ভ্যাট হার}}{১০০ + \text{ভ্যাট হার}}$

= $(২৩,০০০ \times \frac{১৫}{১১৫})$ = ৩,০০০ টাকা।

∴ ক্রয় হিসাবে ডেবিট করতে হবে: ২৩,০০০ − ৩,০০০ = ২০,০০০ টাকা।

১৫% ভ্যাটসহ ৬৯,০০০ টাকা দিয়ে পণ্য ক্রয় করে উক্ত পণ্য ১৫% ভ্যাটসহ ৯২,০০০ টাকায় বিক্রয় করা হলে ভ্যাট চলতি হিসাবের জের কত হবে?

ব্যাখ্যাসহ সমাধান: এখানে, ক্রয় ভ্যাট = ভ্যাটসহ ক্রয়মূল্য × $\frac{\text{ভ্যাট হার}}{১০০ + \text{ভ্যাট হার}}$

= $(৬৯,০০০ \times \frac{১৫}{১১৫})$ = ৯,০০০ টাকা।

অন্যদিকে, বিক্রয় ভ্যাট = ভ্যাটসহ বিক্রয়মূল্য × $\frac{\text{ভ্যাট হার}}{১০০ + \text{ভ্যাট হার}}$ = ৯২,০০০ × $\frac{১৫}{১১৫}$ = ১২,০০০ টাকা।

ভ্যাট চলতি হিসাবে 'ক্রয় ভ্যাট' ডেবিট করা হয় এবং 'বিক্রয় ভ্যাট' ক্রেডিট করা হয়।

∴ ভ্যাট চলতি হিসাবের জের হবে: ১২,০০০ টাকা (ক্রেডিট) − ৯,০০০ টাকা (ডেবিট) = ৩,০০০ টাকা ক্রেডিট জের।

04. একটি বিক্রয় চালানে প্রতিটি ৮০০ টাকার ৫টি পণ্য অন্তর্ভুক্ত রয়েছে, যাতে শতকরা ২৫ টাকা হারে কারবারি বাট্টা ও শতকরা ৫ টাকা হারে নগদ বাট্টা রয়েছে। যদি ধারে বিক্রয়ের সময়কালের মধ্যে পাওয়া যায়, তাহলে দেনাদারের কাছ থেকে কত টাকা পাওয়া যাবে?

বিক্রয় (চালান মূল্য/তালিকা মূল্য)- (৮০০*৫)	৪,০০০
বাদ: কারবারি বাট্টা (৪০০০*২৫%)	১,০০০
বিক্রয় জাবেদার যোগফল	৩,০০০
বাদ: নগদ বাট্টা (৩০০০*৫%)	১৫০
দেনাদারের নিকট হতে প্রাপ্তির পরিমাণ	২,৮৫০

05. একটি বিক্রয় চালানে প্রতিটি ৮০০ টাকার ৫টি পণ্য অন্তর্ভুক্ত রয়েছে, যাতে শতকরা ২৫ টাকা হারে কারবারি বাট্টা ও শতকরা ৫ টাকা হারে নগদ বাট্টা রয়েছে। যদি ধারে বিক্রয়ের সময়কালের পরে পাওয়া যায়, তাহলে দেনাদারের কাছ থেকে কত টাকা পাওয়া যাবে?

বিক্রয় (চালান মূল্য/তালিকা মূল্য)- (৮০০*৫)	৪,০০০
বাদ: কারবারি বাট্টা (৪০০০*২৫%)	১,০০০
বিক্রয় জাবেদার যোগফল/দেনাদারের হতে প্রাপ্তির পরিমাণ	৩,০০০

*** নোট:** যদি ধারে বিক্রয় বা বাট্টা সময়কালের পরে টাকা পাওয়া যায়, তবে নগদ বাট্টা বাদ দেয়া যায় না।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

6. ১৩ জুন ২০১২ তারিখে ধারে পণ্য বিক্রয় ৩,০০০ টাকা। বিক্রয় শর্ত ২/১০, নিট ৩০। ১৬ জুন ২০১২ তারিখে বিক্রয়কৃত ২০০ টাকার পণ্য ফেরত আসে। জুন ২৩, ২০১২ তারিখে পূর্ণ পরিশোধিত হিসেবে নগদে গৃহীত হলে কত টাকা পাওয়া যাবে?

বিক্রয় (চালান মূল্য/তালিকা মূল্য)-	৩,০০০
বাদ: বিক্রয় ফেরত	২০০
বিক্রয় জাবেদার যোগফল	২,৮০০
বাদ: নগদ বাট্টা (২৮০০*২%)	৫৬
দেনাদারের নিকট হতে প্রাপ্তির পরিমাণ	২,৭৪৪

7. রহমান লিমিটেডের বিক্রয় জাবেদার যোগফল ২,৫৫,০০০ টাকা। কোম্পানির প্রতি একক বিক্রয়ের সাথে ৭.৫% ব্যবসায়িক বাট্টা এবং ৫% নগদ বাট্টা সংশ্লিষ্ট। সকল অর্থ বাট্টা মেয়াদের মধ্যে আদায় করা হলে মোট আদায়যোগ্য কত হবে?

বিক্রয় জাবেদার যোগফল	২,৫৫,০০০
বাদ: নগদ বাট্টা (২,৫৫,০০০*৫%)	১২,৭৫০
দেনাদারের নিকট হতে প্রাপ্তির পরিমাণ	২,৪২,২৫০

* নোট: কারবারি বা বাণিজ্যিক বাট্টা বাদ দিয়ে বিক্রয় জাবেদার যোগফল নির্ণয় করতে হয় সুতরাং এই ক্ষেত্রে কারবারি বাট্টা ৭.৫% বাদ দেয়ার প্রয়োজন নেই।

8. তোমাকে যদি একটি ক্রয় চালান দেওয়া হয়, যাতে পাঁচটি পণ্য প্রতিটি ৪০০ টাকার অন্তর্ভুক্ত রয়েছে এবং যাতে বাদ দেওয়া হয় শতকরা ২৫ টাকা হারে বাণিজ্যিক বাট্টা ও শতকরা ৫ টাকা হারে নগদ বাট্টা। যদি উক্ত চালানের মূল্য ধারে ক্রয়ের সময়কালের মধ্যে পরিশোধিত হয়, তবে তোমার চেকটি কত টাকার হবে?

ক্রয় (চালান মূল্য/তালিকা মূল্য) (৪০০*৫)	২,০০০
বাদ: কারবারি বাট্টা (২০০০*২৫%)	৫০০
ক্রয় জাবেদার যোগফল	১,৫০০
বাদ: নগদ বাট্টা (১,৫০০*৫%)	৭৫
পাওনাদারকে প্রদত্ত টাকার পরিমাণ	১,৪২৫

Step ③ সকল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত গাণিতিক প্রশ্নোত্তর

. হালিম কোম্পানি করিম কোম্পানির কাছে ধারে ২/১০, এন/৩০শর্তে ৩,০০০ টাকার পণ্য বিক্রয় করে। করিম কোম্পানি ৫০০ টাকার বিনষ্ট পণ্য ফেরত পাঠায় এবং হিসাবটি বাট্টার সময়ের মধ্যে পরিশোধ করার জন্য সাথে একটি চেক পাঠায়। চেকে টাকার পরিমাণ কত ছিল? [DU Written Part: 22-23]

উত্তর : ধারে বিক্রয় = ৩,০০০ টাকা
বাদ : বিক্রয় ফেরত = ৫০০ টাকা
নিট বিক্রয় = ২,৫০০ টাকা
বাদ : নগদ বাট্টা ২% = ৫০ টাকা
পরিশোধ চেকে টাকার পরিমাণ = ২,৪৫০ টাকা

নোট : হিসাবটি বাট্টাকালীন সময়ের মধ্যে পরিশোধ করায় নগদ বাট্টা পাওয়া যাবে।

. ডাক্তার সামিহার ব্যবসায়ে মে মাসে নিম্নলিখিত নগদ লেনদেনগুলো সংগঠিত হয় : [PUST : 19-20]

২০১৯	মে-১	ছোটো ক্যাশিয়ার প্রধান ক্যাশিয়ারের নিকট থেকে ১,০০০ টাকা গ্রহণ করেন
২০১৯	মে- ৫	খাম ও ডাকটিকিট ক্রয় ১০০ টাকা
২০১৯	মে- ১৫	স্টেশনারি ক্রয় ১৫০ টাকা
২০১৯	মে- ২৫	আপ্যায়ন খরচ ২০০ টাকা
২০১৯	মে- ৩০	যাতায়াত খরচ ১০০ টাকা

করণীয় : ক. মে ০১ তারিখের জাবেদা হিসাবভুক্ত কর। খ. অগ্রদত্ত পদ্ধতির খুচরা নগদান বই তৈরি কর।

সমাধান : ক. মে ০১ তারিখের জাবেদা :

তাং	বিবরণ	সূত্র	ডে:	ক্রে:
২০১৯ মে-১	খুচরা নগদান-Dr নগদান - Cr (ক্যাশিয়ার থেকে টাকা গ্রহণ)		১,০০০	১,০০০

সমাধান : খ.

অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদান বই:

প্রাপ্ত টাকা	তাং	বিবরণ	ভা: নং	মোট খরচ	খুচরা খরচ বিশ্লেষণ			
					মনিহারি	ডাকওতার	যাতায়াত	বিবিধ
১০০০	২০১৯ মে-১	উদ্বৃত্ত বি/ডি						
	" - ৫	ডাক টিকিট বিক্রয়		১০০		১০০		
	" - ১৫	স্টেশনারি ক্রয়		১৫০	১৫০			
	" - ২৫	আপ্যায়ন খরচ প্রদান		২০০				২০০
	" - ৩০	যাতায়াত খরচ প্রদান		১০০			১০০	
৫৫০	" - ৩১	নগদান হিসাব		৫৫০	১৫০	১০০	১০০	২০০
	" - ৩১	উদ্বৃত্ত সি/ডি		১০০০				
১৫৫০				১৫৫০				
১০০০	জুন-১	উদ্বৃত্ত বি/ডি						

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

03. মালিকের ব্যক্তিগত প্রয়োজনে ১০,০০০ টাকা ব্যাংক হতে উত্তোলন করা হয়। মাসুমকে নগদে ৪,৪০০ টাকা, চেক মারফত ৫,৬০০ টাকা প্রদান করা হয় ও পাওয়া গেল ২০০ টাকা। তিন ঘরা নগদান বহিতে লেনদেনটি লিপিবদ্ধ কর। [RU : 19-20]

সমাধান : Dr তিন ঘরা নগদান বহিতে Cr

তাং	বিবরণ	র: নং	খ: পৃ:	নগদ	ব্যাংক	বাট্টা	তাং	বিবরণ	ভা: নং	খ: পৃ:	নগদ	ব্যাংক	বাট্টা
								উত্তোলন হি:				১০,০০০	
	ব্যালেন্স সি/ডি			৪,৪০০	১৫,৬০০	–		মাসুম হি:			৪,৪০০	৫,৬০০	২০০
				৪,৪০০	১৫,৬০০	–					৪,৪০০	১৫,৬০০	২০০
								ব্যালেন্স বি/ডি			৪,৪০০	১৫,৬০০	–

04. একটি ব্যবসায় প্রতিষ্ঠান ২/১০, n/৩০ শর্তে ৬০,০০০ টাকা মূল্যের পণ্য ক্রয় করে। ১৫,০০০ টাকা মূল্যের পণ্য ফেরত দেওয়া হয় এবং অবশিষ্ট বকেয়া বাট্টাকালীন সময়ের মধ্যে পরিশোধ করা হয়। টাকার অঙ্কে বাট্টার পরিমাণ কত? [RU : 19-20]

সমাধান : নিট ক্রয় = (মোট ক্রয় – ফেরত) = (৬০,০০০ – ১৫,০০০) = ৪৫,০০০ টাকা।

∴ বাট্টার পরিমাণ হবে = (৪৫,০০০ × ২%) = ৯০০ টাকা।

05. ইন্টার স্পোর্টস কোম্পানির বিক্রয় বাবদ প্রাপ্তি ৪৮,৩০০ টাকা যার মধ্যে ১৫% মূল্য সংযোজন কর অন্তর্ভুক্ত রয়েছে। কোম্পানিটিকে বিক্রয়বাবদ কত ক্রেডিট দ হবে? [BU : 18-19]

সমাধান : ভ্যাটসহ বিক্রয় থাকলে ভ্যাট বাদ বিক্রয় বের করার সহজ সূত্রটি হলো- ভ্যাট বাদ বিক্রয় = ভ্যাট সহ বিক্রয় × $\frac{১৫}{১১৫}$ = ৪৮,৩০০ × $\frac{১৫}{১১৫}$ = ৪২,০০০ টাকা

06. একটি ক্রম চালানে প্রতিটি ৮০০ টাকার ৫টি পণ্য অন্তর্ভুক্ত হয়েছে যাতে শতকরা ২৫ টাকা হারে কারবারি বাট্টা এবং শতকরা ৫ টাকা হারে নগদ বাট্টা রয়েছে। ধারে ক্রয়ের সময়কালের মধ্যে পরিশোধিত হয়, তাহলে চেকটি কত টাকার হবে? [CoU : 16-17]

সমাধান : মোট ক্রয় = {(৮০০ × ৫) – (৮০০ × ৫ × ০.২৫)} = ৩০০০ টাকা।

বাট্টা প্রাপ্তি সহ পরিশোধিত চেক হবে = ৩,০০০ – (৩,০০০ × ০.০৫) = ২,৮৫০ টাকা।

07. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৩৬,৫০০ টাকা এবং ক্রয় ফেরৎ ২,০০০ টাকা। ভ্যাটের পরিমাণ কত? [IU : 15-16]

সমাধান : পণ্য ক্রয় = ৩৬,৫০০ টাকা

(–) ফেরত = ২,০০০ টাকা

= ৩৪,৫০০ টাকা

∴ ভ্যাট ১৫% = $\frac{৩৪,৫০০ \times ১৫}{১০০ + ১৫} = \frac{৩৪,৫০০ \times ১৫}{১১৫}$ = ৪,৫০০ টাকা।

08. ১ অক্টোবর ২০১৩ তারিখে মি. সুমন ১০% কারবারি বাট্টায় ৩/১০; n/২০ শর্তে কিছু পণ্য মি. সুজনের নিকট বিক্রয় করে। যদি ২৫ অক্টোবর ২০১৩ তারিখে সুজন উক্ত লেনদেন বাবদ ৯০,০০০ টাকা প্রদান করে তবে মি. সুমনের মোট বিক্রয়ের পরিমাণ কত টাকা ছিল? [BRUR : 13-14]

সমাধান : যেহেতু মি. সুজন নগদ বাট্টা সময়কালের (অক্টোবর ১০) মধ্যে পরিশোধ করে নাই, তাই সে নগদ বাট্টা পাবে না। শুধু কারবারি বাট্টা পাবে। এ

বিক্রয়ের পরিমাণ হবে = (৯০,০০০ × $\frac{১০০}{৯০}$) = ১,০০,০০০ টাকা।

09. কোম্পানির বিক্রয় হতে প্রাপ্তির পরিমাণ ৩৬,৮০০ টাকা। যদি প্রাপ্তির মধ্যে মূল্য সংযোজন করের পরিমাণ ১৫% হয়ে থাকে তবে বিক্রয় হিসাবে কত টাকা ক্রে করতে হবে? [SUST : 11-12]

সমাধান : বিক্রয়ের মধ্যে মূল্য সংযোজন কর অন্তর্ভুক্ত থাকায় মূল্য সংযোজন কর বাদে নিট বিক্রয়ের পরিমাণ = $\left\{৩৬,৮০০ - \left(৩৬৮০০ \times \frac{১৫}{১১৫}\right)\right\}$ = ৩২,০০০ টাকা।

10. পণ্য ক্রয় ৫০,০০০ টাকা, মুনাফাহীন বিক্রয় ১০০০ টাকা, ক্রয়ের উপর ভ্যাট ১% হলে প্রকৃত ক্রয়ের পরিমাণ কত? [BRUR : 11-12]

সমাধান : ক্রয়ের উপর ভ্যাট = ক্রয় × ভ্যাট হার = (৫০,০০০ × ১%) = ৫০০ টাকা।

এখানে, প্রকৃত ক্রয় = (ক্রয় – ভ্যাট – মুনাফাহীন বিক্রয়) = (৫০,০০০ – ৫০০ – ১,০০০) = ৪৮,৫০০ টাকা।

11. নগদ ক্রয় ৪০,০০০ টাকা; ধারে ক্রয় ১০,০০০ টাকা; কারবারি বাট্টা ১০%; প্যাকিং খরচ ৫০০ টাকা; বিমা খরচ ১,০০০ টাকা এবং পরিবহণ খরচ ২,০০০ টাকা। ক্র বহিতে কত টাকা লিখতে হবে? [JnU : 08-09]

সমাধান : ক্রয় বহিতে সাধারণত ধারে ক্রয়ের পরিমাণ লিপিবদ্ধ করা হয়। তবে এর হতে কারবারি বাট্টা বাদ, প্যাকিং খরচ ও পরিবহন খরচ ও বিমা খরচ যোগ করা হয়।

সুতরাং ১০,০০০ – (১০,০০০×১০%) + ৫০০ + ১০০০ + ২০০০ = ১২,৫০০ টাকা ক্রয় বহিতে লিপিবদ্ধ করতে হবে।

CamScanner

SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

Part-1 ▶ MCQ

01. ধারে পণ্য ক্রয়ের ফলে :
ⓐ পণ্য হাত ডেবিট এবং লগদ ক্রেডিট
ⓑ পণ্য হাত ডেবিট এবং পাওনাদার ক্রেডিট
ⓒ পণ্য ডেবিট এবং প্রদেয় হিসাব ক্রেডিট
ⓓ পণ্য ডেবিট এবং প্রাপ্য হিসাব ক্রেডিট

02. আমরা প্রতিটিকাবে প্রতিটি ১২ টাকা দরে ২৫টি আইটেম বিক্রয় করেছি, যার ওপরেই ছাড়া ৩৩.৩৩%। আমাদের গ্রাহকগণ ঐগুলো হতে চারটি আইটেম ফেরতের সিদ্ধান্ত দেবত দিল। ইস্যুযোগ্য ক্রেডিট নোটের পরিমাণ কত হবে?
ⓐ ৪৮ টাকা ⓑ ৩৬ টাকা ⓒ ৩০ টাকা ⓓ ৩১ টাকা

03. হিসাবশিক্ষানবিশের ছুটী বই কোনটি?
ⓐ লেনদেন ⓑ জাবেদা ⓒ খতিয়ান ⓓ অর্থিক বিবরণী

04. হিসাবের ক্রেডিট দিক দ্বারা বুঝায়-
ⓐ লেনদেন বিশ্লেষণকরণ ⓑ সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি
ⓒ আয় বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি ⓓ আয় ও দায় বৃদ্ধি

05. নিম্নের কোন বক্তব্যটি মিথ্যা?
ⓐ ইহা এক স্থানে একটি লেনদেনের সম্পূর্ণ ফলাফল প্রকাশ করে
ⓑ ইহা লেনদেনের সময়ানুক্রমিক রেকর্ড
ⓒ মোট ডেবিট এবং ক্রেডিট অর্থের পরিমাণ সহজেই তুলনা করা যায় তাই ইহা ভুল নির্ণয়ে সহায়তা করে
ⓓ একটি নির্দিষ্ট হিসাবের হ্রাস-বৃদ্ধি সংক্রান্ত সকল তথ্য একস্থানে প্রকাশ করে

06. লেনদেন শেষের হিসাবে নিম্নরূপে প্রকাশ করা হলে-
ⓐ শেয়ার হোল্ডারদের স্বত্ব বৃদ্ধি পাবে ⓑ শেয়ার হোল্ডারদের স্বত্ব হ্রাস পাবে
ⓒ মূলধন স্বত্ব ও লগদ বৃদ্ধি পাবে ⓓ শেয়ার হোল্ডারদের স্বত্ব পরিবর্তন হবে না

07. নিম্নে কোনগুলির মধ্যে কোনটি কোম্পানির শেয়ারহোল্ডারদের স্বত্ব কমিয়ে দেয়?
ⓐ পূর্ব অর্থবছর লগদ লভ্যাংশ প্রদান করলে
ⓑ ৫% লভ্যাংশ ঘোষণা, যা ঘোষণা শেয়ারের মাধ্যমে প্রদেয় হবে
ⓒ পণ্য ফেরত বিক্রি করা হবে না এরূপ ১,০০,০০০ টাকা ধরে রাখলে
ⓓ একটি অগ্রাধিকার শেয়ার ১ টাকা হিসাবে লগদ লভ্যাংশ ঘোষণা

08. বহিতে পণ্য ক্রয় করা হলে ক্রেতার হিসাব বহিতে সম্ভাব্য পরিবর্তন হবে:
ⓐ লগদ বৃদ্ধি এবং দায় বৃদ্ধি ⓑ দায় বৃদ্ধি এবং পরিশোধিত মূলধন বৃদ্ধি
ⓒ দায় বৃদ্ধি এবং লগদ হ্রাস ⓓ লগদ বৃদ্ধি এবং ব্যয় বৃদ্ধি

09. বহিতে সাময়িক ক্রয় লিপিবদ্ধ করা হবে :
ⓐ লগদ প্রাপ্তি জাবেদায় ⓑ ক্রয় জাবেদায়
ⓒ লগদ প্রদান জাবেদায় ⓓ সাধারণ জাবেদায়

10. ব্যবসায়ের কোনো দায় বাড়লে অবশ্যই-
ⓐ অন্য দায় বাড়বে; সম্পত্তি বাড়বে; মালিকানা স্বত্ব কমবে
ⓑ অন্য দায় কমবে; সম্পত্তি কমবে; মালিকানা স্বত্ব কমবে
ⓒ অন্য দায় কমবে; সম্পত্তি বাড়বে; মালিকানা স্বত্ব কমবে
ⓓ শুধু অন্য দায় কমবে এবং মালিকানা স্বত্ব কমবে

11. ৯০,০০০ টাকা পণ্য বিক্রয়ের উপর ১৫% হারে ভ্যাট আদায় করা হয়েছে। লগদ বহিতে কত টাকা লিপিবদ্ধ হবে?
ⓐ ৮,৫০০ টাকা ⓑ ৭,৫০০ টাকা ⓒ ২৩,০০০ টাকা ⓓ ১১,৫০০ টাকা

12. বিক্রেতাদের বা সরবরাহকারীদের বাজিপাত (স্বত্ব) হিসাবসমূহ পাওয়া যায়:
ⓐ সরবরাহ খতিয়ানে ⓑ প্রাপ্য হিসাব খতিয়ানে
ⓒ প্রদেয় হিসাব খতিয়ানে ⓓ A এবং C উভয়ই সঠিক

OMR

01. ⓐⓑⓒⓓ	02. ⓐⓑⓒⓓ	03. ⓐⓑⓒⓓ	04. ⓐⓑⓒⓓ
05. ⓐⓑⓒⓓ	06. ⓐⓑⓒⓓ	07. ⓐⓑⓒⓓ	08. ⓐⓑⓒⓓ
09. ⓐⓑⓒⓓ	10. ⓐⓑⓒⓓ	11. ⓐⓑⓒⓓ	12. ⓐⓑⓒⓓ

Answer

12.D	11.C	10.C	09.D	08.A	07.D
06.D	05.D	04.D	03.C	02.D	01.C

Part-2 ▶ Written

01. হিসাবচক্র বলতে কী বোঝ? হিসাবচক্রের ধাপ সমূহ সচিত্র উপস্থাপন কর।
02. সাধারণ জাবেদা ও বিশেষ জাবেদা বলতে কী বুঝ? সাধারণ জাবেদায় কোন কোন দাখিলা অন্তর্ভুক্ত হয়।
03. প্রারম্ভিক দাখিলা বলতে কী বোঝায়?
04. তোমাকে যদি একটি ক্রয় চালান দেওয়া হয়, যাতে পাঁচটি পণ্য প্রতিটি ৪০০ টাকার অন্তর্ভুক্ত রয়েছে এবং যাতে বাদ দেওয়া হয় শতকরা ১৫ টাকা হারে বাণিজ্যিক বাট্টা ও শতকরা ৫ টাকা হারে নগদ বাট্টা। যদি উক্ত চালানের ধার সময়কালের মধ্যে পরিশোধিত হয়, তবে তোমার চেকটি কত টাকার হবে?
05. ১৫% ভ্যাটসহ পণ্য ক্রয় ৩৬,৫০০ টাকা এবং ক্রয় ফেরত ২,০০০ টাকা। ভ্যাটের পরিমাণ কত?
06. একটি ক্রয় চালানে প্রতিটি ৮০০ টাকার ৫টি পণ্য অন্তর্ভুক্ত রয়েছে যাতে শতকরা ১৫ টাকা হারে কারবারি বাট্টা এবং শতকরা ৫ টাকা হারে নগদ বাট্টা রয়েছে। যদি ধারে ক্রয়ের সময়কালের মধ্যে পরিশোধিত হয়, তাহলে চেকটি কত টাকার হবে?
07. পণ্য ক্রয় ৫০,০০০ টাকা, মুনাফাহীন বিক্রয় ১,০০০ টাকা, ক্রয়ের উপর ভ্যাট ১% হলে প্রকৃত ক্রয়ের পরিমাণ কত?
08. জনাব 'X' ২০১৪ সালের ১লা জানুয়ারি তারিখে নগদ ৫০,০০০ টাকা, ৩০,০০০ টাকার আসবাবপত্র ও ২০,০০০ টাকা ঋণ নিয়ে কারবার শুরু করেন। উক্ত তারিখে জনাব 'X' এর মূলধনের পরিমাণ কত?

ANSWER

01. হিসাব চক্র বলতে হিসাব সংক্রান্ত কার্যাবলির ধারাবাহিক পরিক্রমণ বা ঘূর্ণায়মান অবস্থাকে বোঝায়।

02.

সাধারণ বা প্রকৃত জাবেদা	লেনদেনের যে সকল দাখিলাসমূহ কোনো বিশেষ জাবেদায় লিপিবদ্ধ হয় না তাদেরকে যে জাবেদায় লিপিবদ্ধ করা হয় তাকে সাধারণ জবেদা বলে। সাধারণ জাবেদাকে প্রধান জাবেদা, প্রকৃত জাবেদা ইত্যাদি নামে অভিহিত করা হয়।
বিশেষ জাবেদা	সমজাতীয় লেনদেনসমূহকে স্বতন্ত্রভাবে লিপিবদ্ধ করার জন্য যে জাবেদা ব্যবহার করা হয় তাকে বিশেষ জাবেদা বলে।
সাধারণ জাবেদায় যে সকল দাখিলা অন্তর্ভুক্ত হয়	প্রারম্ভিক দাখিলা, সমাপনী দাখিলা, সমন্বয় দাখিলা, স্থানান্তর দাখিলা, ভুল সংশোধনী দাখিলা, বিপরীত দাখিলা ইত্যাদি।

03. যে জাবেদা দাখিলার মাধ্যমে পূর্ববর্তী হিসাবকালের সম্পত্তি ও দায় হিসাব গুলোকে পরবর্তী হিসাবকালে স্থানান্তর করা হয় সে জাবেদাকে প্রারম্ভিক জাবেদা দাখিলা বলে।
04. ১,৪২৫ টাকা।
05. পণ্য ক্রয় = ৩৬,৫০০ টাকা
(−) ফেরত = ২,০০০ টাকা
= ৩৪,৫০০ টাকা

$\therefore$ ভ্যাট ১৫% $= \frac{৩৪,৫০০ \times ১৫}{১০০ + ১৫} = \frac{৩৪,৫০০ \times ১৫}{১১৫} = ৪,৫০০$ টাকা।

06. মোট ক্রয় = $\{(৮০০ \times ৫) - (৮০০ \times ৫ \times ০.২৫)\} = ৩০০০$ টাকা।
$\therefore$ বাট্টা প্রাপ্তি সহ পরিশোধিত চেক হবে = ৩,০০০ − (৩,০০০ × ০.০৫)
= ২,৮৫০ টাকা।

07. ক্রয়ের উপর ভ্যাট = ক্রয় × ভ্যাট হার = (৫০,০০০ × ১%) = ৫০০ টাকা।
এখানে, প্রকৃত ক্রয় = (ক্রয় − ভ্যাট − মুনাফাহীন বিক্রয়)
= (৫০,০০০ − ৫০০ − ১,০০০) = ৪৮,৫০০ টাকা।

08. ৬০,০০০ টাকা।

CamScanner

প্রথম পত্র

অধ্যায় ৩

ব্যাংক সমন্বয় বিবরণী
[Bank Reconciliation Statement]

Chapter Outlook Map

- Type-1 : ব্যাংক সমন্বয় বিবরণীর মৌলিক ধারণা
- Type-2 : ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের বিভিন্ন বিষয়সমূহ
- Type-3: বিবিধ প্রশ্নোত্তর
  - Step-1 : এক নজরে প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সাধিক প্রশ্নোত্তর
- Type-4: গাণিতিক সমস্যাবলি
  - Step-1 : প্রয়োজনীয় সমস্যাবলি
  - Step-2 : গাণিতিক সমস্যা ও সমাধান
  - Step-3 : সকল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত গাণিতিক প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে

Step-1 : Basic Information

Step-2 : At a Glance : Most Important Information

Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

JOYKOLY — অধ্যায়টির কোন টপিককে গুরুত্ব দিবে ???

	অতি গুরুত্বপূর্ণ (৯০% +)	গুরুত্বপূর্ণ (৮০% +)	কম গুরুত্বপূর্ণ (৬০% +)	আশা করি (৫০% +)
টপিকসমূহ	• ব্যাংক সমন্বয় বিবরণীর গাণিতিক সমস্যা • ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের বিভিন্ন বিষয়সমূহ	• ব্যাংক সমন্বয় বিবরণীর মৌলিক ধারণা	• ডেবিট মেমোরেন্ডাম • ক্রেডিট মেমোরেন্ডাম	• ব্যাংক সমন্বয় বিবরণীর সংক্রান্ত ভাবেদা সাথিলা

Type 1 — ব্যাংক সমন্বয় বিবরণীর মৌলিক ধারণা

Step 1 — BASIC INFORMATION

ব্যাংক সমন্বয় বিবরণী (Bank Reconciliation Statement) :

একটি নির্দিষ্ট তারিখে আমানতকারীর বা জমাদানকারীর বইয়ের (পাসবই বা ব্যাংকের বই (পাস বই) এর রক্ষিত হিসাবের মধ্যে গড়মিলকে মিলিয়ে দেখানোর জন্য আমানতকারী কর্তৃক যে বিবরণী প্রস্তুত করা হয় তাকে "ব্যাংক সমন্বয় বিবরণী বা ব্যাংক মিলকরণ বিবরণী" বলে।

আমানতকারী কর্তৃক জমাকৃত অথবা উত্তোলিত টাকার হিসাব ব্যাংক এবং জমাদানকারী উভয়ই আলাদা ভাবে সংরক্ষণ করে। ব্যাংক ব্যাহতেন (জমাদানকারী) হিসাব সংরক্ষণ করে ব্যাংকের হিসাব বইয়ে এবং আমানতকারী তার নিজস্ব হিসাব রাখে পাসবই বইয়ের ব্যাংক কলামে। সুতরাং পাস বই অনুযায়ী জমাদানকারীর ব্যাংক উদ্বৃত্ত (Balance Per Bank Statement) ও পাসবই বই অনুযায়ী জমাদানকারীর ব্যাংক উদ্বৃত্ত (Balance Per Books) অবশ্যই সমান হওয়া উচিত। কিন্তু, এই দুইটি উদ্বৃত্তে প্রায়ই গরমিল দেখা যায়। আমানতকারীর বইয়ের উদ্বৃত্ত এবং ব্যাংকের বইয়ের উদ্বৃত্তের গরমিলের কারণ হলো: (১) সময়ের বীথিমুক্তিতা (Time Lags) এবং (২) সংঘটিত ভুল (Errors)।

- ব্যাংক মিলকরণ বিবরণী হিসাবিবছরের **শুধু একটা নীতি** অনুযায়ী প্রস্তুত করা হয়।
- এটি প্রস্তুত করা হয় আমানতকারী কর্তৃক।
- এটি প্রস্তুতের মূল উদ্দেশ্য আমানতকারীর প্রকৃত ব্যাংক উদ্বৃত্ত (ডেবিট বা ক্রেডিট) নির্ণয় করা।
- ব্যাংক মিলকরণ বিবরণীতে উত্তোলিত উদ্বৃত্তকের উদ্বৃত্তগুলোর সম্পত্তি বা দায় পাশে তুলে ধরা হয়।

ব্যাংক বিবরণী (Bank Statement) :

সাধারণত প্রতি মাসে বা হিসাবকাল শেষে ব্যাংক আমানতকারীকে তার হিসাবে সংঘটিত লেনদেনসমূহের সংক্ষিপ্ত বিবরণ প্রদান করে, যাকে ব্যাংক বিবরণী বলা হয়। ব্যাংক বিবরণীর মাধ্যমে প্রকাশ করা হয় : (১) পাওনাদারের চেক এবং অন্যান্য ডেবিট দফাসমূহ যা আমানতকারীর হিসাবের উদ্বৃত্তকে হ্রাস করে (২) জমাকৃত টাকার পরিমাণ এবং অন্যান্য ক্রেডিট দফাসমূহ যা আমানতকারীর হিসাবের উদ্বৃত্তকে বৃদ্ধি করে এবং (৩) একটি নির্দিষ্ট দিনে জমাদানকারীর হিসাবের উদ্বৃত্ত।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

নগদান বই ও পাস বইয়ের জেরের গড়মিলের প্রধান কারণসমূহ :

আমানতকারীর অজান্তে ব্যাংক কর্তৃক সম্পাদিত লেনদেনসমূহ	ব্যাংকের অজান্তে আমনতকারী কর্তৃক সম্পাদিত লেনদেনসমূহ
১. ব্যাংক কর্তৃক আমানতকারীর পক্ষ হয়ে অর্থ আদায় বা পরিশোধ করলে।	১. চেক ইস্যু করা হয়েছে কিন্তু ব্যাংকে উপস্থাপিত হয়নি।
২. ব্যাংক কর্তৃক সুদ প্রদান বা সার্ভিস চার্জ কর্তন করলে।	২. চেক জমা দেয়া হয়েছে কিন্তু এখনো আদায় হয়নি।
৩. আদায়ের জন্য জমাকৃত চেক প্রত্যাখ্যাত হলে।	৩. দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমাদান।

Super Tips:
- ব্যাংকে নগদ টাকা ও চেক জমাদান করলে কিংবা কোন লেনদেন দ্বারা ব্যাংকের টাকা বৃদ্ধি পেলে ব্যাংক গ্রাহক বা আমানতকারীর হিসাব ক্রেডিট করে।
- ব্যাংক হতে নগদ টাকা ও চেক ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করলে কিংবা কোনো কারণে ব্যাংকের টাকা হ্রাস পেলে ব্যাংক গ্রাহক বা আমানতকারীর হিসাব ডেবিট করে।
- নগদান বইয়ের ব্যাংক কলামের ডেবিট উদ্বৃত্ত ও পাস বইয়ের ক্রেডিট উদ্বৃত্ত দ্বারা ব্যাংক জমা বুঝায়।
- নগদান বইয়ের ব্যাংক কলামের ক্রেডিট উদ্বৃত্ত ও পাস বইয়ের ডেবিট উদ্বৃত্ত দ্বারা ব্যাংক জমাতিরিক্ত বুঝায়।

ব্যাংক সমন্বয় বিবরণী (Bank Reconciliation Statement) সম্পর্কিত কতিপয় শব্দ :

ক্র.নং.	নাম	বিবরণ
১	ট্রানজিটে জমা/পরিবহনাধীন চেক/পথিমধ্যে চেক (Deposit in Transit)	আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক যা এখনও আদায় হয়নি।
২	বকেয়া চেক/অপরিশোধিত চেক/অনুপস্থাপিত চেক (Outstanding Cheque)	আমানতকারী কর্তৃক ইস্যুকৃত চেক, যা এখনও ব্যাংকে উপস্থাপন করা হয় নি।
৩	প্রত্যাখ্যাত চেক/অনাদায়ী চেক (Rejected Cheque)	আদায়ের জন্য জমাকৃত চেক যা প্রত্যাখ্যাত হয়েছে।
৪	NSF চেক/ অপর্যাপ্ত তহবিল চেক (Not Sufficient Fund)	পর্যাপ্ত টাকার অভাবে চেক প্রত্যাখ্যাত হওয়া।
৫	ক্রেডিট মেমোরেন্ডাম (Credit Memorandum)	আমানতকারীর হিসাবে ব্যাংক জমা বৃদ্ধি পেয়েছে, তাই ব্যাংকের বইতে আমানতকারীর নামে রক্ষিত হিসাবকে **ক্রেডিট/বৃদ্ধি করা হয়েছে**; কিন্তু একই তারিখে আমানতকারী জানতে পারে নি --- এমন ঘটনা আমানতকারীকে জানানোর জন্য ব্যাংক কর্তৃক যে মেমো (মেমোরেন্ডাম) ইস্যু করা হয় তাকে ক্রেডিট মেমোরেন্ডাম বলে।
৬	ডেবিট মেমোরেন্ডাম (Debit Memorandum)	আমানতকারীর হিসাবে ব্যাংক জমা হ্রাস পেয়েছে, তাই ব্যাংকের বইতে আমানতকারীর নামে রক্ষিত হিসাবকে **ডেবিট/** হ্রাস করা হয়েছে, কিন্তু একই তারিখে আমানতকারী জানতে পারে নি --- এমন ঘটনা আমানতকারীকে জানানোর জন্য ব্যাংক কর্তৃক যে মেমো (মেমোরেন্ডাম) ইস্যু করা হয় তাকে ডেবিট মেমোরেন্ডাম বলে।

Step ② At a Glance : Most Important Information

- আমানতকারীর বই (নগদান বই) ও ব্যাংকের বই (পাস বই) এর গরমিলের কারণে দুটি বই এর মধ্যে পার্থক্যের সৃষ্টি হয় যার কারণে আমানতকারী ব্যাংক হিসাবের সঠিক জের জানার জন্যে একটি নির্দিষ্ট তারিখে ব্যাংক সমন্বয় বিবরনী প্রস্তুত করে থাকেন।
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করার প্রধান উদ্দেশ্য হল– **নগদান বই ও পাশ বই এর মধ্যে ব্যালেন্স মিলকরণ (ব্যাংকের সঠিক জের জানার জন্য)।**
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করে– **আমানতকারী।**
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা বাধ্যতামূলক নয়; যখন নগদান বইয়ের ব্যাংক জের এবং ব্যাংক বিবরণী এর জেরের মধ্যে গরমিল দেখা যায় তখন আমানতকারী ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করে।
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়– **হিসাববিজ্ঞানের পূর্ণ প্রকাশ নীতি অনুযায়ী।**

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

ডেবিট মেমোরেন্ডাম কে ব্যবহার করে? [DU : 21-22]
Ⓐ দেনাদার Ⓑ কোম্পানি Ⓒ ব্যাংক Ⓓ পাওনাদার

Solve ব্যাংক কর্তৃক ডেবিটকৃত কিন্তু আমানতকারী এখনও জানেন না এমন বিষয়সমূহকে ডেবিট মেমোরেন্ডাম বলে। অর্থাৎ কোনো কারণে আমানতকারীর ব্যাংকে জমার পরিমাণ হ্রাস পেয়েছে, তাই ব্যাংকের বইয়ে আমানতকারীর নামে রক্ষিত হিসাবকে ডেবিট করা হয়েছে; কিন্তু এ বিষয়টি আমানতকারী জানে না। এমন বিষয় আমানতকারীকে জানানোর জন্য ব্যাংক কর্তৃক যে মেমো ইস্যু করা হয় তাকে ডেবিট মেমো বা ডেবিট মেমোরেন্ডাম বলে। সুতরাং, ডেবিট মেমোরেন্ডাম ইস্যু করে ব্যাংক।

NSF চেক দ্বারা বুঝায়- [DU : 19-20]
Ⓐ চেক সময়মতো উপস্থাপিত না হওয়া
Ⓑ চেকের টাকার পরিমাণে অঙ্ক ও কথায় গড়মিল
Ⓒ নির্দিষ্ট তারিখের পূর্বেই উপস্থাপিত চেক
Ⓓ হিসাবধারীর হিসাবে পর্যাপ্ত টাকা না থাকা

Solve NSF এর পূর্ণরূপ Not Sufficient Fund. হিসাবধারীর হিসাবে অপর্যাপ্ত টাকা থাকার ফলে চেক প্রত্যাখ্যাত হলে তাকে NSF চেক বলে।

03. ব্যাংক সমন্বয় বিবরণী একটি- [DU : 15-16]
Ⓐ হিসাব খাত Ⓑ খতিয়ান
Ⓒ বিবরণী Ⓓ কোনোটিই নয়

Solve ব্যাংক সমন্বয় বিবরণী কোনো হিসাব নয়। এটি একটি বিবরণী মাত্র।

04. ব্যাংক জমাকৃত অর্থের অতিরিক্ত উত্তোলনের যে সুযোগ প্রদান করে তা হলো– [DU : 11-12]
Ⓐ ক্যাশ ক্রেডিট Ⓑ কনজুমার ক্রেডিট
Ⓒ ওভারড্রাফট Ⓓ কোনোটিই নয়

Solve ব্যাংকে সাধারণত তিন ধরনের হিসাবে অর্থ জমা রাখা যায়। যেমন: স্থায়ী হিসাব, সঞ্চয়ী হিসাব এবং চলতি হিসাব। আর চলতি হিসাবে দিনে যতবার খুশি টাকা জমা দেওয়া এবং উত্তোলন করা যায়। অনেক সময় চলতি হিসাবে জমাকৃত অর্থের অতিরিক্ত অর্থ উত্তোলন করা যায়। যাকে বলা হয় ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন বা ওভারড্রাফট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

05. নগদান বই ও পাশ বই এর জের এর গরমিলের কারণ নয় কোনটি? [DU : 08-09; HSTU : 11-12]

Ⓐ ব্যাংক চার্জ নগদান বহিতে লেখা হয় নাই
Ⓑ ব্যাংক প্রাপ্যবিল আদায় করে
Ⓒ ব্যাংকে নগদ টাকা জমা দেওয়া হলো
Ⓓ চেক ইস্যু করা হলো কিন্তু ব্যাংকে উপস্থাপন করা হয়নি

Solve ব্যাংকে নগদ টাকা জমা দেওয়া হলে সরাসরি নগদ বই ও পাশ বই উভয়ই বইয়ে লেখা হয়। প্রদত্ত প্রশ্নে শুধু এ লেনদেনটির ফলে নগদান বই ও পাশ বইয়ের মধ্যে কোনো গরমিল দেখা যাবে না।

06. কোনটি নগদান বহি অনুযায়ী ব্যাংক জমা ও পাশবহি অনুযায়ী ব্যাংক জমার পার্থক্যের কারণ নয়? [DU : 07-08]

Ⓐ চেক অমর্যাদাকৃত হওয়ায় নগদান বহিতে লেখা হলে
Ⓑ পাওনাদারকে ইস্যুকৃত চেক ব্যাংকে নির্দিষ্ট হিসাবকালের পর উপস্থাপিত হলো
Ⓒ ব্যাংক চার্জ নগদান বহিতে লেখা হয় নাই
Ⓓ সবকটি

Solve নগদান বই অনুযায়ী ব্যাংক জমা ও পাশ বই অনুযায়ী ব্যাংক জমার গরমিলের কারণ হিসেবে প্রশ্নটিতে প্রদত্ত Option গুলোর 'A' বাদে সবগুলোকে দায়ী করা হয়। কারন চেক অমর্যাদাকৃত হওয়ায় নগদান বহিতে লেখা হলো মানে হচ্ছে অমানতকারীর বইতে সমন্বয় করা হয়েছে যার কারনে পার্থক্য হয়নি।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. কোনটি ব্যাংক সমন্বয় বিবরণীর বিষয় নয়? [HEC : 22-23]

Ⓐ একজন সরবরাহকারীকে ১০,০০০ টাকার চেক দেওয়া হয়েছে কিন্তু তা ব্যাংকে উপস্থাপন করা হয়নি
Ⓑ একজন ক্রেতার নিকট থেকে ১২,০০০ টাকার একটি চেক পাওয়া গেছে কিন্তু তা ব্যাংকে জমা দেওয়া হয়নি
Ⓒ ব্যাংক ১,৫০০ টাকা ব্যাংক চার্জের জন্য মক্কেলের হিসাব ডেবিট করেছে
Ⓓ ব্যাংক ২৫,০০০ টাকার স্থলে ৫২,০০০ টাকা ক্রেডিট করেছে

Solve ক্রেতার নিকট হতে প্রাপ্ত চেক ১২,০০০ টাকা ব্যাংকে আদায়ের জন্য জমা না দেওয়ার কারণে এটি ব্যাংক সমন্বয় বিবরণীর বিষয় বলে বিবেচিত হবে না।

02. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের প্রধান উদ্দেশ্য হলো– [DU 7 College : 19-20]

Ⓐ সঠিক প্রারম্ভিক জের নিরূপণ
Ⓑ অমিলের কারণ যাচাই
Ⓒ জাল-জুয়াচুরি রোধ
Ⓓ নির্ভুলতা যাচাই

Solve ব্যাংক সমন্বয় বিবরণীর মূল উদ্দেশ্য হলো ব্যাংক বিবরণী ও নগদান বই এর গরমিলের মিলকরণ করে অমিলের কারণ যাচাই করা।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. KYC এর অর্থ হলো- [CU-C : 20-21]

Ⓐ Know Your Client
Ⓑ Know Your Cash
Ⓒ Know Your Country
Ⓓ Know Your Customers
Ⓔ Know your Credit

Solve KYC হলো Know your Customers। ব্যাংক হিসাব খোলার সময় এটি পূরণ করতে হয়। এর উদ্দেশ্য হলো জালিয়াতি রোধ করা। KYC এর মাধ্যমে একজন ব্যাংকার তার গ্রাহক সম্পর্কে জানতে পারে।

02. ব্যাংক মিলকরণ বিবরণীর মূল উদ্দেশ্য হচ্ছে- [CU-C : 08-09, 07-08]

Ⓐ ব্যাংক ব্যালেন্স নির্ণয় করা
Ⓑ নগদান বই অনুযায়ী ব্যাংক ব্যালেন্স নির্ণয় করা
Ⓒ নগদান বই ও পাশ বই এর মধ্যে গড়মিলের কারণ নির্ণয় করা
Ⓓ নগদান বই ও পাশ বই এর মধ্যে ব্যাংক ব্যালেন্স মিলকরণ
Ⓔ কোনোটিই নয়

Ans Ⓓ

GST ভুক্ত/ভুক্তভুক্ত বিশ্ববিদ্যালয়

01. ব্যাংক কর্তৃক যে বিলে আমানতকারীর হিসাব থেকে বিভিন্ন কর্তনসমূহ করা হয় তাকে কী বলে? [JKKNIU : 19-20]

Ⓐ ক্রেডিট মেমোরেন্ডাম
Ⓑ ডেবিট মেমোরেন্ডাম
Ⓒ ডিপোজিট ইন ট্রানজিট
Ⓓ কোনোটিই নয়

Solve ডেবিট মেমোরেন্ডাম এর মাধ্যমে ব্যাংক আমানতকারী হিসাবের কর্তনগুলো ব্যাখ্যা করে।

02. ব্যাংক সমন্বয় বিবরণীতে নিচের কোনটি ক্রেডিট মেমোরেন্ডামের উদাহরণ? [PUST : 19-20]

Ⓐ বকেয়া চেকসমূহ
Ⓑ ট্রানজিটে জমাসমূহ
Ⓒ প্রাপ্য নোটের অর্থ আদায়
Ⓓ প্রদেয় নোট পরিশোধ

Solve ক্রেডিট মেমোরেন্ডামের মাধ্যমে গ্রাহকের আয়সমূহ লেখা হয় যেমন: প্রাপ্য নোটের অর্থ আদায়, সুদ প্রাপ্তি, অন্য যে কোন আয়।

03. নগদান বইয়ের ব্যাংক কলামে কোন জের হয়? [JKKNIU : 18-19]

Ⓐ ডেবিট জের
Ⓑ ক্রেডিট জের
Ⓒ ডেবিট বা ক্রেডিট জের
Ⓓ সবগুলোই

Solve নগদান বইয়ের ব্যাংক কলামে ডেবিট বা ক্রেডিট জের হতে পারে।

04. ব্যাংকে টাকা জমা দেওয়া হলে ব্যাংক বিবরণীতে ক্রেডিট দেখানো হয় কেন? [JKKNIU : 17-18]

Ⓐ ব্যাংক সম্পদ হ্রাস পায়
Ⓑ ব্যাংক দায় বৃদ্ধি পায়
Ⓒ ব্যাংকের আয় বৃদ্ধি পায়
Ⓓ ব্যাংকের ব্যয় হ্রাস পায়

Solve ব্যাংকে টাকা জমা দেওয়া হলে ব্যাংক বিবরণীতে ক্রেডিট দেখানো হয়, কারণ ব্যাংকের দায় বৃদ্ধি পায়।

05. ব্যাংক বিবরণী ও নগদান বহির মিলকরণের কাজটি করে থাকে- [PUST : 15-16]

Ⓐ ব্যাংকার
Ⓑ দেনাদার
Ⓒ পাওনাদার
Ⓓ আমানতকারী

Solve বিভিন্ন কারণে নগদান বইয়ের উদ্বৃত্তের সাথে ব্যাংক বিবরণী উদ্বৃত্তের মধ্যে অমিল দেখা দেয়। এই কারণগুলো চিহ্নিত করে উভয় জের মিল করার জন্য আমানতকারী ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করে।

06. কোনটি ডেবিট মেমোরেন্ডাম নয়? [PUST : 15-16]

Ⓐ ব্যাংক চার্জ
Ⓑ NSF চেক
Ⓒ মঞ্জুরিকৃত সুদ
Ⓓ চেকের ছাপা খরচ

Solve বিভিন্ন প্রকার চার্জ ও খরচসমূহকে ডেবিট মেমোরেন্ডাম হিসাবে লিপিবদ্ধ হয়। ব্যাংক চার্জ, NSF চেক, চেকের ছাপা খরচ এইগুলো ডেবিট মেমোরেন্ডাম। কিন্তু মঞ্জুরিকৃত সুদ একটি আয়। এটি ক্রেডিট মেমোরেন্ডাম। সুতরাং সঠিক উত্তর (C)।

07. নিচের কোনটি ডেবিট মেমোরেন্ডাম নয়? [IU : 15-16]

Ⓐ ব্যাংক কর্তৃক প্রদেয় বিল পরিশোধ
Ⓑ চেক প্রিন্টিং খরচ
Ⓒ NSF চেক
Ⓓ অর্জিত সুদ

Solve বিভিন্ন খরচকে ডেবিট মেমোরেন্ডাম এ অন্তর্ভুক্ত করা হয়। আর আয়গুলোকে ক্রেডিট মেমোরেন্ডাম। অর্জিত সুদ একটি আয়। সুতরাং অর্জিত সুদ ডেবিট মেমোর্যান্ডাম নয়।

08. ব্যাংক চলতি হিসাবের মালিকদের জমাকৃত অর্থের অতিরিক্ত উত্তোলনের সুযোগ প্রদান করে তা হলো- [PUST : 14-15]

Ⓐ ওভারড্রাফট
Ⓑ ক্যাশক্রেডিট
Ⓒ লোন
Ⓓ প্লেজ

Solve ব্যাংক চলতি হিসাবের মালিকের জমাকৃত অর্থের অতিরিক্ত উত্তোলনের যে সুযোগ দেয় তাকে ওভারড্রাফট বলে।

09. কোন লেনদেনটির জন্য ব্যাংক ডেবিট মেমো ইস্যু করে? [PUST : 14-15]

Ⓐ সুদ মঞ্জুর
Ⓑ চেক প্রিন্টিং খরচ
Ⓒ বিলের অর্থ আদায়
Ⓓ জমাকৃত চেক

Solve চেক প্রিন্টিং খরচ অন্তর্ভুক্ত করতে ব্যাংক ডেবিট মেমো ইস্যু করে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

10. ব্যাংক বিবরণীর ক্রেডিট উদ্বৃত্ত কী প্রকাশ করে? [IU : 13-14]
Ⓐ ব্যাংক জমাতিরিক্ত Ⓑ নগদ জমা
Ⓒ ব্যাংক জমার উদ্বৃত্ত Ⓓ মূলধন
Solve C ব্যাংক বিবরণীর ক্রেডিট উদ্বৃত্ত ব্যাংক জমার উদ্বৃত্ত নির্দেশ করে।

11. ব্যাংকে কোন হিসাবের ক্ষেত্রে সমন্বয়কারীর বিবরণীর প্রয়োজন নেই? [PUST : 13-14]
Ⓐ সঞ্চয়ী হিসাব Ⓑ স্থায়ী জমা হিসাব
Ⓒ চলতি হিসাব Ⓓ সবগুলোই
Solve B ব্যাংকের স্থায়ী জমা হিসাবের জন্য সমন্বয় বিবরণীর প্রয়োজন হয় না। স্থায়ী জমা নির্দিষ্ট মেয়াদের জন্য হয়ে থাকে।

12. ব্যাংক সমন্বয় বিবরণী কে তৈরি করে? [PUST : 13-14]
Ⓐ ব্যাংক Ⓑ আমানতকারী
Ⓒ ব্যাংক ও আমানতকারী Ⓓ দেনাদারগণ
Solve B ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করেন আমানতকারী নিজেই।

13. পাশ বইয়ের ডেবিট ব্যালেন্স নির্দেশ করে– [BSMRSTU : 12-13]
Ⓐ ব্যাংক জমাতিরিক্ত Ⓑ ব্যাংক জমার উদ্বৃত্ত
Ⓒ নগদান বইয়ের ডেবিট ব্যালেন্সে Ⓓ কোনোটিই নয়
Solve A পাশ বইয়ে ডেবিট ব্যালেন্স ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ নির্দেশ করে।

14. ব্যাংক মূলত নিম্নোক্ত তিন ধরনের হিসাব খোলার সুযোগ প্রদান করে: [SUST : 11-12]
Ⓐ চলতি হিসাব, ভবিষ্যৎ হিসাব ও স্থায়ী হিসাব
Ⓑ সঞ্চয়ী হিসাব, অস্থায়ী হিসাব ও চলতি হিসাব
Ⓒ চলতি হিসাব, সঞ্চয়ী হিসাব ও শেয়ার হিসাব
Ⓓ চলতি হিসাব, সঞ্চয়ী হিসাব ও স্থায়ী হিসাব
Ⓔ সঞ্চয়ী হিসাব, বিমা হিসাব ও চলতি হিসাব
Solve D ব্যাংক তার মক্কেলের নিকট হতে তিন প্রকারের হিসাবের মাধ্যমে অর্থ সংগ্রহ করে থাকে। অর্থাৎ ব্যাংক তার মক্কেলকে তিন ধরনের হিসাব খোলার সুযোগ প্রদান করে। যথা-
(১) চলতি হিসাব
(২) সঞ্চয়ী হিসাব ও
(৩) স্থায়ী হিসাব।

15. ব্যাংক কর্তৃক চেক প্রত্যাখ্যাত হওয়ার কারণ নয় কোনটি? [SUST : 10-11]
Ⓐ আদেষ্টার নমুনা স্বাক্ষরের সাথে বর্তমান স্বাক্ষরের মিল না হলে
Ⓑ উত্তোলনকারী অশিক্ষিত হলে
Ⓒ আদেষ্টার হিসাব নম্বরে বর্ণিত পরিমাণ অর্থ না থাকলে
Ⓓ চেক দাখিলের পূর্বেই আদেষ্টার মৃত্যু হলে
Solve B চেকে টাকা উত্তোলনের ক্ষেত্রে উত্তোলনকারী শিক্ষিত বা অশিক্ষিত তার কোনো সম্পর্ক নেই।

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

1. ব্যাংক সমন্বয় বিবরণীর উদ্দেশ্য কী? [DHA-22; RAJ-21; COM-21; CHI-21]
Ⓐ নগদ প্রাপ্তি জানা Ⓑ নগদ প্রদান জানা
Ⓒ ব্যাংক উদ্বৃত্ত জানা Ⓓ গরমিলের কারণ জানা **Ans D**

2. কোনটির জন্য ডেবিট মেমোরেন্ডাম ইস্যু করা হয়? [MYM-22]
Ⓐ ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ Ⓑ ব্যাংক কর্তৃক লভ্যাংশ আদায়
Ⓒ ব্যাংক কর্তৃক প্রাপ্য নোট আদায় Ⓓ ব্যাংক সার্ভিস চার্জ **Ans D**

3. আমানতকারীর ব্যাংক হিসাবের প্রতিচ্ছবি কোনটি? [MYM-22]
Ⓐ জমা রশিদ Ⓑ ব্যাংক বিবরণী
Ⓒ স্থায়ী আমানত Ⓓ চলতি আমানত **Ans B**

4. কোনটি ক্রেডিট মেমোরেন্ডাম? [DIN-22]
Ⓐ ব্যাংক সার্ভিস চার্জ Ⓑ অপর্যাপ্ত তহবিল চেক
Ⓒ চেক প্রিন্টিং খরচ Ⓓ ব্যাংক সুদ আয় **Ans D**

5. ব্যাংকে টাকা জমা দিলে ব্যাংক বিবরণীতে ক্রেডিট দেখানো হয় কেন? [DIN-22]
Ⓐ ব্যাংকের সম্পদ হ্রাস পায় Ⓑ ব্যাংকের দায় বৃদ্ধি পায়
Ⓒ ব্যাংকের ব্যয় বৃদ্ধি পায় Ⓓ ব্যাংকের আয় হ্রাস পায় **Ans B**

6. ব্যাংক সমন্বয় বিবরণী কে প্রস্তুত করেন? [DIN-22, 21]
Ⓐ ব্যাংক Ⓑ আমানতকারী
Ⓒ দেনাদার Ⓓ পাওনাদার **Ans B**

7. NSF চেক অর্থ কী? [DHA-21; RAJ-21; DIN-21]
Ⓐ জমাকৃত চেক প্রত্যাখ্যান Ⓑ জমাকৃত চেক আদায়
Ⓒ ইস্যুকৃত চেক উপস্থাপন হয়েছে Ⓓ ইস্যুকৃত চেক উপস্থাপন হয়নি **Ans A**

ব্যাংক বিবরণীতে লিপিবদ্ধ হয়েছে যা নগদান বহিতে ক্রেডিট করা হয়নি তাকে কী বলে? [DIN-21]
Ⓐ Debit Memorandum Ⓑ Credit Memorandum
Ⓒ Debit note Ⓓ Credit note **Ans A**

ব্যাংক বিবরণীর ক্রেডিট জের বলতে বোঝায়- [DIN-21; JU : 21]
Ⓐ ব্যাংক জমার উদ্বৃত্ত Ⓑ ব্যাংক জমাতিরিক্ত
Ⓒ হাতে নগদ Ⓓ নগদান বহির ক্রেডিট জের **Ans A**

10. নগদান বহি ও ব্যাংক বিবরণীর জেরের মধ্যে গরমিলের কারণ নয় কোনটি? [DIN-21]
Ⓐ ব্যাংকে নগদ টাকা জমা দেয়া হলো
Ⓑ ব্যাংক চার্জ নগদান বহিতে লেখা হয়নি
Ⓒ পরিবহণাধীন জমা
Ⓓ ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপন করা হয়নি **Ans A**

11. NSF চেক ব্যাংক সমন্বয় বিবরণীতে কী করতে হয়? [COM-21]
Ⓐ নগদান বই এর ব্যাংক উদ্বৃত্তের সাথে যোগ
Ⓑ নগদান বই এর ব্যাংক উদ্বৃত্ত হতে বিয়োগ
Ⓒ ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের সাথে যোগ
Ⓓ ব্যাংক বিবরণীর উদ্বৃত্ত হতে বিয়োগ **Ans B**

12. নিচের কোনটি ব্যাংক সমন্বয় বিবরণী সমন্বয় করে? [COM-21]
Ⓐ চলতি সম্পদ ও চলতি দায় এর উদ্বৃত্ত
Ⓑ নগদান বই ও পাশ বইয়ের ব্যাংক উদ্বৃত্ত
Ⓒ মোট সম্পদের উদ্বৃত্ত
Ⓓ প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাবের উদ্বৃত্ত **Ans B**

13. বকেয়া চেক বলতে কী বুঝায়? [CHI-21]
Ⓐ ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত না হওয়া
Ⓑ জমাকৃত চেক প্রত্যাখ্যান হওয়া
Ⓒ ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যান
Ⓓ জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় না হওয়া **Ans A**

14. ব্যাংক কখন ক্রেডিট মেমোরেন্ডাম ইস্যু করে? [CHI-21]
i. ব্যাংক কর্তৃক সরাসরি অর্থ আদায় ii. ব্যাংক কর্তৃক বিনিয়োগের সুদ আদায়
iii. ব্যাংক কর্তৃক প্রদেয় বিল পরিশোধ
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii
Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii **Ans A**

15. ব্যাংকের আয়ের প্রধান উৎস কী? [SYL-21]
Ⓐ আমানতের সুদ Ⓑ মূলধনের সুদ
Ⓒ প্রদত্ত ঋণের সুদ Ⓓ জমাতিরিক্তের সুদ **Ans C**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

16. আমানতকারীর ব্যাংকে জমা টাকার পরিমাণ হ্রাস করে- [SYL-21]
Ⓐ ডেবিট মেমোরেন্ডাম Ⓑ ক্রেডিট মেমোরেন্ডাম
Ⓒ এন এস এফ চেক Ⓓ পরিবহণাধীন চেক Ans Ⓐ

17. ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ- [JES-21]
i. নগদান বইতে ক্রেডিট করা হয় ii. ব্যাংক বিবরণীতে ডেবিট করা হয়
iii. ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii
Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii Ans Ⓐ

18. ডেবিট মেমোরেন্ডাম কে প্রস্তুত করেন? [JES-21; BAR-21]
Ⓐ আমানতকারী Ⓑ ব্যাংক
Ⓒ কর কর্তৃপক্ষ Ⓓ পাওনাদার Ans Ⓑ

19. নগদান বই ও ব্যাংক বিবরণীর ব্যালেন্সের গরমিলের কারণ- [MYM-21]
i. ইস্যুকৃত চেক উপস্থাপিত হয়নি
ii. জমাকৃত চেক আদায় হয়নি
iii. ব্যাংক কর্তৃক মজুরিকৃত সুদ
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ i ও iii
Ⓒ ii ও iii Ⓓ i, ii ও iii Ans Ⓓ

20. ব্যাংক সমন্বয় বিবরণী কখন তৈরি করা হয়? [DHA-21]
Ⓐ হিসাবকালের যে কোনো সময় Ⓑ হিসাবকালের নির্দিষ্ট তারিখে
Ⓒ হিসাবকালের প্রথম তারিখে Ⓓ হিসাবকালের শেষ তারিখে Ans Ⓑ

21. ব্যাংক বিবরণীতে Credit Memorandum কী ? [COM-19]
Ⓐ আয় বৃদ্ধি Ⓑ আয় হ্রাস
Ⓒ ব্যয় বৃদ্ধি Ⓓ ব্যয় হ্রাস Ans Ⓐ

22. ব্যাংক বিবরণীর ডেবিট উদ্বৃত্ত দ্বারা কী বোঝায় ? [RAJ-19, BAR19]
Ⓐ ব্যাংক জমা Ⓑ নগদ জমা
Ⓒ ব্যাংক জমাতিরিক্ত Ⓓ নগদ উদ্বৃত্ত

23. নগদান বই ও ব্যাংক বিবরণীর জেরের গরমিলের কারণ নয় কোনটি ? [DI
Ⓐ ইস্যুকৃত চেক উপস্থাপিত হয়নি
Ⓑ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর যা নগদান বইতে লেখা হয়নি
Ⓒ ব্যাংকে নগদ জমা দেওয়া হলো
Ⓓ ব্যাংকে প্রাপ্য বিল আদায় করেছে যা নগদান বইতে লেখা হয়নি

24. চেকে সাধারণত কয়টি পক্ষ থাকে? [JES-19]
Ⓐ ১ Ⓑ ৩
Ⓒ ৪ Ⓓ ৫

25. নিচের কোনটি নগদান বই ও ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মধ্যে পার্থক্য করবে? [COM-17]
Ⓐ ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ Ⓑ আমানতকারী কর্তৃক জমাদান
Ⓒ জমাকৃত চেক আদায় Ⓓ ইস্যুকৃত চেক পরিশোধ

26. দ্বৈত জের সংশোধন পদ্ধতিতে কোন জের নিয়ে ব্যাংক সমন্বয় বিবরণী করা হয়? [BAR-17]
Ⓐ ব্যাংক বিবরণীর জের
Ⓑ ব্যাংক বিবরণী অথবা নগদান বইয়ের যেকোনো একটির জের
Ⓒ ব্যাংক বিবরণী এবং নগদান বই উভয়ের জের
Ⓓ নগদান বইয়ের জের

27. নিম্নের কোন প্রকার চেকের টাকা সরাসরি ব্যাংক হতে উঠানো যায় না? [CHI-
Ⓐ হুকুম চেক Ⓑ বাহক চেক
Ⓒ ভ্রমণকারীর চেক Ⓓ দাগকাটা চেক

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. পাশ বই সাধারণত কোন ধরনের হয়?
Ⓐ আমানতকারী দ্বারা লিখিত হয় Ⓑ ব্যাংক কর্তৃক লিখিত
Ⓒ দেনাদার কর্তৃক লিখিত হয় Ⓓ পাওনাদার কর্তৃক লিখিত হয় Ans Ⓑ

02. আমানতকারী কর্তৃক তার ব্যাংকারের উপর নির্দিষ্ট পরিমাণ টাকা প্রদানের জন্য শর্তহীন আদেশপত্রকে কী বলে?
Ⓐ নগদান বই Ⓑ পাশ বই
Ⓒ জমা রশিদ Ⓓ চেক Ans Ⓓ

03. নগদান বই ও পাশ বইয়ের গরমিলের কারণ নয় কোনটি?
Ⓐ ইস্যুকৃত চেক উপস্থাপন না করা হলে
Ⓑ ব্যাংকে জমাকৃত চেক আদায় না হলে
Ⓒ ব্যাংক সুদ ও চার্জ হিসাব করলে
Ⓓ পাওনাদারকে প্রদত্ত চেক-ব্যাংক মর্যাদা করলে Ans Ⓓ

04. অনেক সময় মিলকরণ বিবরণীকে সহজতর করার জন্য নগদান বইয়ের ব্যাংক কলাম সংশোধন করা হয় একে কী বলে?
Ⓐ Pass Book Amendment Method
Ⓑ Cash Book Amendment Method
Ⓒ Reconsilation Ⓓ All the above Ans Ⓑ

05. নিচের কোনটি ডেবিট মেমো (মেমোরেন্ডাম) নয়?
Ⓐ ব্যাংক কর্তৃক প্রদেয় বিল পরিশোধ Ⓑ চেক প্রিন্টিং খরচ
Ⓒ অর্জিত সুদ Ⓓ অপর্যাপ্ত তহবিল (NSF) চেক Ans Ⓒ

06. নিচের কোনটি ব্যতীত সবগুলোর জন্যই আমানতকারী কর্তৃক দাখিলা দেওয়া আবশ্যক?
Ⓐ প্রাপ্য নোটের অর্থ আদায় Ⓑ ব্যাংকের ভুলসমূহ
Ⓒ অপর্যাপ্ত তহবিল (NSF) চেক Ⓓ প্রদেয় নোটের অর্থ পরিশোধ Ans Ⓑ

07. কোনটি নগদান বই এবং পাশ বইয়ের গরমিলের কারণ?
Ⓐ আদায়ের জন্যে ব্যাংকে প্রেরিত চেক আদায়
Ⓑ চেক ইস্যু করা হয়েছে এবং উপস্থাপিত হয়েছে
Ⓒ ব্যাংক চেক জমা দেওয়া হয়েছে কিন্তু সময়মত আদায় হয়নি
Ⓓ ব্যাংক কর্তৃক সুদ মঞ্জুর এবং নগদান লিপিবদ্ধ হয়েছে

08. ব্যাংক সমন্বয় বিবরণীর যে দফার জন্য আমানতকারীকে সমন্বয় দাখিলা দিতে হয়,
Ⓐ বকেয়া চেকসমূহ Ⓑ ট্রানজিটে জমাসমূহ
Ⓒ ব্যাংকের ভুলসমূহ Ⓓ ব্যাংক সার্ভিস চার্জ

09. DPS কী?
Ⓐ Debenture Permanent Source Ⓑ Deposit Pension Schem
Ⓒ Deposit Person Scheme Ⓓ কোনোটিই নয়

10. যদি নগদান বই বা ব্যাংক বিবরণীর যে কোনো একটি উদ্বৃত্ত নিয়ে তার অন্যান্য তথ্যসমূহ যোগ-বিয়োগ করে অন্য জেরটি নির্ণয় করা হয় তবে তাকে
Ⓐ একক জের সংশোধন পদ্ধতি Ⓑ উভয় জের সংশোধন পদ্ধতি
Ⓒ নগদ জের সংশোধন পদ্ধতি Ⓓ উপরের সবকটি

11. বাট্টাকৃত প্রাপ্য বিল প্রত্যাখ্যাত হলে আমানতকারী কোন দাখিলাটি প্রদান
Ⓐ আদিষ্ট হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট
Ⓑ ব্যাংক হিসাব ডেবিট, আদিষ্ট হিসাব ক্রেডিট
Ⓒ ব্যাংক হিসাব ডেবিট, আদেষ্টা হিসাব ক্রেডিট
Ⓓ আদেষ্টা হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট

12. সরাসরি ব্যাংক কর্তৃক আদায়ের ক্ষেত্রে কোন বইতে না লেখার কারণে গরমিল
Ⓐ ব্যাংক বই Ⓑ নগদান বই
Ⓒ চেক বই Ⓓ ব্যাংক বিবরণী

CamScanner

Type 2

ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের বিবেচ্য বিষয়সমূহ

Step 1

BASIC INFORMATION

ব্যাংক সমন্বয় বিবরণীতে বিবেচ্য বিষয়সমূহ :

১. **পরিবহনাধীন/ট্রান্সজিটে জমা (Deposits in Transit) :** আদায়ের জন্য চেক ব্যাংকে জমা দেওয়া হয়েছে, যা এখনও ব্যাংক কর্তৃক আদায় হয়নি। এ ধরনের চেককে আদায় বা অপেক্ষমাণ চেকও বলা হয়।

২. **অপরিশোধিত/বকেয়া চেক (Outstanding Check) :** চেক ইস্যু করা হয়েছে কিন্তু এখনও ব্যাংকে উপস্থাপন করা হয়নি অথবা ব্যাংক কর্তৃক ডেবিট করা হয়নি।

৩. **ক্রেডিট মেমো (Credit Memo) :** ব্যাংক কর্তৃক ক্রেডিটকৃত কিন্তু আমানতকারী এখনও জানেন না এমন বিষয়সমূহকে ক্রেডিট মেমো বলে। অর্থাৎ কোনো কারণে আমানতকারীর ব্যাংকে জমার পরিমাণ বৃদ্ধি পেয়েছে, তাই ব্যাংকের বইয়ে আমানতকারীর নামে রক্ষিত হিসাবকে ক্রেডিট করা হয়েছে; কিন্তু এ বিষয়টি আমানতকারী জানে না, এমন বিষয় আমানতকারীকে জানানোর জন্য ব্যাংক কর্তৃক যে মেমো ইস্যু করা হয় তাকে ক্রেডিট মেমো বা ক্রেডিট মেমোরেন্ডাম বলে। যেসব বিষয়ের জন্য ব্যাংক কর্তৃক ক্রেডিট মেমো ইস্যু করা হয়, সেগুলো হলো : ব্যাংক কর্তৃক প্রাপ্য বিলের/নোটের মূল্য আদায়, অর্জিত সুদ ইত্যাদি।

৪. **ডেবিট মেমো (Debit Memo) :** ব্যাংক কর্তৃক ডেবিটকৃত কিন্তু আমানতকারী এখনও জানেন না এমন বিষয়সমূহকে ডেবিট মেমো বলে। অর্থাৎ কোনো কারণে আমানতকারীর ব্যাংকে জমার পরিমাণ হ্রাস পেয়েছে, তাই ব্যাংকের বইয়ে আমানতকারীর নামে রক্ষিত হিসাবকে ডেবিট করা হয়েছে; কিন্তু এ বিষয়টি আমানতকারী জানে না, এমন বিষয় আমানতকারীকে জানানোর জন্য ব্যাংক কর্তৃক যে মেমো ইস্যু করা হয় তাকে ডেবিট মেমো বা ডেবিট মেমোরেন্ডাম বলে। যেসব বিষয়ের জন্য ব্যাংক কর্তৃক ডেবিট মেমো ইস্যু করা হয়, সেগুলো হলো : প্রত্যাখ্যাত চেক বা অপর্যাপ্ত তহবিল চেক (NSF Check), ব্যাংক সার্ভিস চার্জ, ব্যাংক কর্তৃক প্রদেয় বিল/নোট পরিশোধ ইত্যাদি।

৫. **প্রত্যাখ্যাত চেক (Bounced Check) অপর্যাপ্ত তহবিল চেক (Not Sufficient Fund [NSF] Check) :**
প্রত্যাখ্যাত বা অমর্যাদাকৃত চেক হলো আদায়ের জন্য ব্যাংকে জমাকৃত চেক, যা চেক প্রদানকারীর ব্যাংক তহবিল অপর্যাপ্ত থাকার কারণে প্রত্যাখ্যাত হয়েছে বা অন্য কোনো কারণে প্রত্যাখ্যাত হয়েছে।

ব্যাংক মিলকরণ বিবরণী প্রস্তুতের প্রক্রিয়া (Procedure to Prepare Bank Reconciliation Statement) :
ব্যাংক মিলকরণ বিবরণী আমানতকারী প্রতিষ্ঠান প্রস্তুত করে থাকে। ব্যাংক মিলকরণ বিবরণী হতে সর্বোচ্চ সুবিধা লাভের জন্য যে কর্মকর্তা নগদ তহবিল নির্ধারণে কোন প্রভাব ফেলতে পারে না, তার দ্বারা প্রস্তুত করানো উচিত। ব্যাংক মিলকরণ বিবরণী প্রস্তুতে নিম্নের ঘটনাসমূহ বিবেচনা করতে হয়।

(১) আদায়ের জন্য জমাকৃত চেক/পরিবহনাধীন চেক/ট্রান্সজিটে জমা/মধ্যবর্তী আমানত (Deposit in Transit) :
- ব্যাংক বিবরণী অনুযায়ী প্রাপ্ত জের বা ব্যাংকের পাস বইয়ের উদ্বৃত্তের সাথে যোগ করতে হয়।

(২) অপরিশোধিত/বকেয়া/ইস্যুকৃত চেক/ব্যাংকে উপস্থাপিত না হওয়া চেক (Outstanding Cheque) :
- ব্যাংক বিবরণী অনুযায়ী প্রাপ্ত জের বা ব্যাংকের পাস বইয়ের উদ্বৃত্ত হতে বাদ বা বিয়োগ করে দেখাতে হয়।

(৩) সংঘটিত ভুল (Errors Incurred) :
- আমানতকারীর বই (নগদান বই) অথবা ব্যাংকের বই (পাশ বই) যে বইতে ভুল সংঘটিত হবে, সেই বইতেই তা শুদ্ধ করতে হবে।

(৪) ব্যাংক মেমোরেন্ডাম (Bank Memorandum) :

(i) ডেবিট মেমোরেন্ডাম (Debit Memorandum) :
(১) ব্যাংক কর্তৃক ধার্যকৃত সার্ভিস চার্জ (Bank Service Charge)
(২) চেক প্রিন্টিং খরচ (Cost of Printing Cheques)
(৩) ট্রাভেলার্স চেক ইস্যুকরণ (Issuing Traveller's Cheque)
(৪) ব্যাংক তহবিলের হস্তান্তর (Transferring Funds to Other Locations)
(৫) ব্যাংক জমাতিরিক্তের সুদ ধার্য
(৬) ব্যাংক কর্তৃক সরাসরি কোন খরচ পরিশোধ (বিমা সেলামি, ঋণের সুদ প্রদান)
(৭) ব্যাংক কর্তৃক সরাসরি কোন দায় পরিশোধ (পাওনাদার বা প্রদেয় বিল পরিশোধ)
(৮) অপর্যাপ্ত তহবিল/প্রত্যাখ্যাত চেক/টাকা নাই বলে ফেরত চেক [NSF (Not Sufficient Fund) Cheque]
ব্যাংক কর্তৃক সরাসরি কোনো দায় পরিশোধ (পাওনাদার বা প্রদেয় বিল পরিশোধ)। উপর্যুক্ত সকল ঘটনাসমূহের মাধ্যমে আমানতকারীর হিসাব হ্রাস পায়। কিন্তু ব্যাংক কর্তৃক সরাসরি পরিশোধিত হয় বলে আমানতকারীর বইতে (নগদান বই) সাথে সাথে কোনো দাখিলা দেওয়া হয় না এবং গরমিলের সৃষ্টি হয়। সুতরাং, সকল ডেবিট মেমো সংক্রান্ত দফাসমূহ আমানতকারী বা জমাদানকারীর বই (নগদান বই) এর উদ্বৃত্ত হতে বিয়োগ বা বাদ দিয়ে দেখাতে হয়।
- সকল ডেবিট মেমো সংক্রান্ত দফাসমূহ আমানতকারীর বই **নগদান বই এর উদ্বৃত্ত হতে বিয়োগ বা বাদ** দিয়ে দেখাতে হয়।

(ii) ক্রেডিট মেমোরেন্ডাম (Credit Memorandum) :
(১) ব্যাংকে জমাকৃত টাকার উপর অর্জিত সুদ (Interest Earned)
(২) দেনাদার/গ্রাহক/ক্রেতা কর্তৃক সরাসরি ব্যাংকে টাকা জমাদান
(৩) ব্যাংক কর্তৃক সরাসরি কোনো অর্থ আদায় (প্রাপ্য বিল আদায়, বিনিয়োগের সুদ, শেয়ার লভ্যাংশ আদায়)।
ক্রেডিট মেমো এর মাধ্যমে আমানতকারীর হিসাব বৃদ্ধি পায়। যেহেতু সরাসরি ব্যাংক কর্তৃক আদায় হয় বলে আমানতকারীর বইতে (সময়ের দীর্ঘসূত্রিতার ফলে) দাখিলা দেওয়া হয় না, সেহেতু সকল ক্রেডিট মেমো সংক্রান্ত দফাসমূহ আমানতকারীর বইয়ের উদ্বৃত্তের সাথে যোগ করতে হবে।
- সকল ক্রেডিট মেমো সংক্রান্ত দফাসমূহ আমানতকারীর বই **নগদান বই এর উদ্বৃত্তের সাথে যোগ** দিয়ে দেখাতে হয়।

ব্যাংক মিলকরণ বিবরণীতে যে সকল দফাসমূহ জমাদানকারীর বইয়ের (নগদান বই) সাথে সমন্বয় (যোগ বা বিয়োগ) করতে হয়, শুধু সেই দফাসমূহের জন্যই জমাদানকারীর বইতে হিসাবকাল শেষে সমন্বয় দাখিলা প্রদান করতে হয়। সেই সকল দফাগুলো হলো: (১) ডেবিট মেমো (২) ক্রেডিট মেমো এবং (৩) নগদান বইতে সংঘটিত ভুল।

Super Tips:
ব্যাংক সমন্বয় বিবরণীর বিষয় নয় বা ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় যে সমস্ত বিষয় বিবেচনা করা হয় না :
- একজন ক্রেতার নিকট থেকে একটি চেক পাওয়া গেছে কিন্তু তা ব্যাংকে জমা দেওয়া হয়নি।
- দেনাদারের নিকট হতে নগদ বা চেক প্রাপ্তি।
- ব্যাংকে নগদ টাকা জমা দেয়া হলে।
- চেক অমর্যাদাকৃত হওয়ায় নগদান বইতে লেখা হলে।
- মর্যাদাকৃত চেকসমূহ ইত্যাদি।

CamScanner

নিম্নে ব্যাংক মিলকরণ বিবরণীর একটি নমুনা উপস্থাপন করা হলো:

Healthcare Pharmaceuticals Ltd.
ব্যাংক মিলকরণ বিবরণী
ডিসেম্বর ৩১, ২০২১

ব্যাংক বিবরণী বা পাস বই অনুযায়ী প্রাপ্ত জের		৮০,০০০
যোগ: পরিবহনাধীন/ট্রানজিটে জমাসমূহ	৬,০০০	
ব্যাংকের বইহে জের কম দেখানো হয়েছে এমন ধরণের ভুল	৪,০০০	১০,০০০
	২,৫০০	
বাদ: অপরিশোধিত/বকেয়া চেকসমূহ	১,৫০০	(৪,০০০)
ব্যাংকের বইতে জের বেশি দেখানো হয়েছে এমন ধরণের ভুল		৮৬,০০০
ব্যাংক বিবরণী অনুযায়ী সমন্বিত জের		
আমানতকারীর বই বা নগদান বই অনুযায়ী প্রাপ্ত জের		৭৮,০০০
যোগ: ক্রেডিট মেমোরেন্ডামসমূহ (যেমন: ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল/নোটের মূল্য আদায়, অর্জিত সুদ ইত্যাদি)	৮,০০০	
আমানতকারীর বইতে জের কম দেখানো হয়েছে এমন ধরণের ভুল	৩,০০০	১১,০০০
বাদ: ডেবিট মেমোরেন্ডামসমূহ (যেমন: প্রত্যাখ্যাত চেক/অপর্যাপ্ত তহবিল চেক/চেক, ব্যাংক সার্ভিস চার্জ, ব্যাংক কর্তৃক প্রদেয় বিল/নোট পরিশোধ ইত্যাদি)	২,০০০	
আমানতকারীর বইতে জের বেশি দেখানো হয়েছে এমন ধরণের ভুল	১,০০০	(৩,০০০)
আমানতকারীর বই অনুযায়ী সমন্বিত জের		৮৬,০০০

Step ② At a Glance : Most Important Information

- ব্যাংক সমন্বয় বিবরণীতে যে সকল আইটেম নগদ জেরের সাথে যোগ- বিয়োগ করা হয়- **আমানতকারী তার জন্য সমন্বয় দাখিলা প্রদান করে।**
- যে সকল আইটেম নগদান বইতে ডেবিট করা হয়েছে কিন্তু ব্যাংক বিবরণীতে দেখানো হয়নি তা ব্যাংক সমন্বয় বিবরণীতে- **ব্যাংক জেরের সাথে যোগ করতে হবে।**
- যে সকল আইটেম নগদান বইতে ক্রেডিট করা হয়েছে কিন্তু ব্যাংক বিবরণীতে দেখানো হয়নি তা ব্যাংক সমন্বয় বিবরণীতে- **ব্যাংক জের হতে বাদ দিতে হবে।**
- যে সকল আইটেম ব্যাংক বিবরণীতে ক্রেডিট করা হয়েছে কিন্তু নগদান বইতে দেখানো হয়নি তা ব্যাংক সমন্বয় বিবরণীতে- **নগদ জেরের সাথে যোগ করতে হবে।**
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় আমানতকারীর বইয়ের জের থেকে- **ব্যাংক চার্জ এবং NSF চেক/প্রত্যাখ্যাত চেকসমূহ বাদ দিতে হয়।**
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় বকেয়া চেকসমূহ/Outstanding check/ব্যাংক উপস্থাপিত না হওয়া চেক- **ব্যাংক বিবরণীতে ব্যাংকের জের থেকে বাদ দেয়া হয়।**
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় আমানতকারীর বইয়ের জেরের সাথে ব্যাংকের সুদ এবং ব্যাংক কর্তৃক আদায়কৃত অর্থ যা- **আমানতকারী হিসাবভুক্ত করে নাই তা যোগ করতে হয়।**
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় Deposit in Transit (ট্রানজিটে জমা)- **ব্যাংক বিবরণীতে ব্যাংকের জেরের সাথে যোগ করতে হয়।**
- ব্যাংক জমাকৃত অর্থের অতিরিক্ত উত্তোলনের যে সুযোগ প্রদান করে তাকে বলা হয়– **ব্যাংক ওভার ড্রাফট (চলতি দায়)।**
- **ব্যাংক সমন্বয় বিবরণী তৈরির সময় লক্ষণীয় বিষয়–**

i. নগদান বইয়ের ডেবিট উদ্বৃত্ত দ্বারা– **নগদান বইয়ের ব্যাংক জমার উদ্বৃত্তকে বুঝায়।** ii. নগদান বইয়ের ক্রেডিট উদ্বৃত্ত দ্বারা– **নগদান বইয়ের ব্যাংক জমাতিরিক্ত বুঝায়।**
iii. পাশ বইয়ের ডেবিট উদ্বৃত্ত দ্বারা– **পাশ বইয়ের জমাতিরিক্ত বুঝায়।** iv. পাশ বইয়ের ক্রেডিট উদ্বৃত্ত দ্বারা– **পাশ বইয়ের ব্যাংক জমার উদ্বৃত্ত বোঝায়।**
v. সমন্বয়ের বিষয় হচ্ছে ব্যাংক সংক্রান্ত লেনদেন। নগদ/বাকিতে লেনদেন আসবে না। vi. নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত দ্বারা– **পাশ বই মোতাবেক ব্যাংক জমাতিরিক্ত বুঝায়।**
vii. পাশ বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত দ্বারা– **নগদান বই মোতাবেক ব্যাংক জমাতিরিক্ত বোঝায়**
viii. খরচ করা হলে নগদান বইতে ক্রেডিট বা পাশ বইতে ডেবিট হয় এবং জমা করা হলে নগদান বইতে ডেবিট বা পাশ বইতে ক্রেডিট হয়।
ix. ব্যাংক সমন্বয় বিবরণী– **একটি নির্দিষ্ট তারিখ বা সময়বিন্দুর জন্য করা হয়।**

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. পদ্মা লিমিটেডের ব্যাংক বহিতে ব্যালেন্স ছিল ১,৭৯০ টাকা (ডেবিট)। ব্যাংক স্টেটমেন্টের সাথে তুলনা করে দেখা যায় যে, এখনো ১০৪০ টাকার একটি চেক ব্যাংকে উপস্থাপন করা হয়নি এবং ৮২০ টাকার আমানত ক্রেডিট করা হয়নি। এমতাবস্থায়, ব্যাংক স্টেটমেন্টের ব্যালেন্স কত হবে? [DU : 22-23]

Ⓐ ৭০ টাকা ডেবিট Ⓑ ১৫৭০ টাকা ক্রেডিট
Ⓒ ২০১০ টাকা ডেবিট Ⓓ ৩৬৫০ টাকা ক্রেডিট

Solve

বিবরণ	টাকা
ব্যাংক/পাশ বই অনুযায়ী ডেবিট জের (ব্যাংক জমাতিরিক্ত)	১৭৯০
যোগ : ইস্যুকৃত চেক যা ব্যাংকে অনুপস্থাপিত	১,০৪০
	২,৮৩০
বিয়োগ : আদায়ের জন্য জমাকৃত চেক আদায় হয়নি	৮২০
নগদান বই অনুযায়ী ক্রেডিট জের (ব্যাংক জমাতিরিক্ত)	২,০১০

02. প্রাপ্য হিসাব থেকে চেকে প্রাপ্তি ৩,২৫০ টাকা যা ভুলে নগদ বইতে ৩,৫২০ টাকা লেখা হয়েছে। এই ভুলটি ব্যাংক সমন্বয় বিবরণীতে কীভাবে দেখাতে হবে? [DU : 21-22]

Ⓐ নগদ বইয়ের সাথে যোগ হবে ২৭০ টাকা
Ⓑ ব্যাংক বিবরণী থেকে বিয়োগ হবে ২৭০ টাকা
Ⓒ ব্যাংক বিবরণীর সাথে যোগ হবে ২৭০ টাকা
Ⓓ নগদ বই থেকে বিয়োগ হবে ২৭০ টাকা

Solve ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের নিয়ম অনুযায়ী, হিসাবের যে বইতে ভুল হবে সে বইতে ঠিক করতে হয়। প্রাপ্য হিসাব থেকে চেকে প্রাপ্তি ৩,২৫০ টাকা ভুলে নগদান বইতে ৩,৫২০ টাকা লেখা হয়েছে। অর্থাৎ নগদান বইতে (৩,৫২০ − ৩,২৫০) = ২৭০ টাকা বেশি লেখা হয়েছে। তাই নগদান বই হতে ২৭০ টাকা বিয়োগ করতে হবে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০৫. পাওনাদারকে দেওয়া ৩,৫২০ টাকার চেক ভুলে নগদ বইতে ৩,২৫০ টাকা লেখা হয়েছে। এই ভুলটি ব্যাংক সমন্বয় বিবরণীতে কিভাবে দেখাতে হবে? [DU : 19-20]

Ⓐ নগদ বইয়ের সাথে যোগ হবে ২৭০ টাকা
Ⓑ ব্যাংক বিবরণীর সাথে যোগ হবে ২৭০ টাকা
Ⓒ নগদ বই থেকে বিয়োগ হবে ২৭০ টাকা
Ⓓ ব্যাংক বিবরণী থেকে বিয়োগ হবে ২৭০ টাকা

Solve পাওনাদারকে দেয়া ৩,৫২০ টাকার চেক ভুলে নগদ বইতে ৩,২৫০ টাকা লেখা হয়েছে। ফলে (৩,৫২০ − ৩,২৫০) = ২৭০ টাকা নগদান বইয়ে কম বিয়োগ করা হয়েছে। যেহেতু ব্যাংক সঠিকভাবে লিপিবদ্ধ করেছে, সেহেতু ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় নগদান বইয়ের জের হতে ২৭০ টাকা বিয়োগ করতে হবে।

০৪. যমুনা একাডেমিজের নিম্নের কোনটি ব্যাংক সমন্বয় বিবরণী তৈরিতে প্রভাব ফেলবে না? [DU : 17-18]

Ⓐ পরিবহনহীন জমা, ২০,০০০ টাকা
Ⓑ ব্যাংক কর্তৃক পরিশোধিত পাওনাদার বরাবর ইস্যুকৃত চেক ১০,০০০ টাকা
Ⓒ ব্যাংক সার্ভিস চার্জ ৫০০ টাকা Ⓓ আমানতকারীর ভুল ২,০০০ টাকা

Solve ব্যাংকের পাশ বই এবং জামানতকারীর নগদান বইয়ের পার্থক্য সংশোধন ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়। অপশন (Ⓑ) এর ব্যাংক কর্তৃক পরিশোধিত পাওনাদার বরাবর ইস্যুকৃত চেক ১০,০০০ টাকা কোনো পার্থক্য সৃষ্টি করে না, তাই এটি ব্যাংক সমন্বয় বিবরণীতে এটি প্রভাব ফেলবে না। উক্ত অপশন ব্যতীত বাকি সবগুলোই ব্যাংক সমন্বয় বিবরণী তৈরিতে প্রভাব ফেলবে।

০৫. একটি চেক যা সঠিকভাবে ব্যাংক কর্তৃক লিখিত ও পরিশোধিত হয়েছে ৪৪৮ টাকার কিন্তু ভুলবশত ব্যাংক চেকটি ৪৮৪ টাকায় লিপিবদ্ধ করে। ব্যাংক সমন্বয় বিবরণীর জন্য নিম্নের কোনটি সঠিক? [DU : 15-16]

Ⓐ ব্যাংক জের সাথে ৩৬ টাকা যোগ করা Ⓑ নগদান জেরের সাথে ৩৬ টাকা যোগ করা
Ⓒ ব্যাংক জের থেকে ৩৬ টাকা বিয়োগ করা Ⓓ নগদান জের থেকে ৪৪৮ টাকা বিয়োগ করা
Ⓔ নগদান জের থেকে ৮৪ টাকা বিয়োগ করা

Solve ব্যাংক চেকটি সঠিকভাবে লিপিবদ্ধ করেছে। কিন্তু নগদান বইতে (৪৮৪ − ৪৪৮) = ৩৬ টাকা অতিরিক্ত লিপিবদ্ধ করে ব্যাংক ব্যালেন্সকে হ্রাস করা হয়েছে। সুতরাং নগদান বইয়ের জেরের সাথে ৩৬ টাকা যোগ করতে হবে।

০৬. ব্যাংক মিলকরণ বিবরণীতে মধ্যপথে আমানত (deposit in transit)- [DU : 14-15]

Ⓐ হিসাবের উদ্বৃত্ত থেকে বাদ দেওয়া হয় Ⓑ হিসাবের উদ্বৃত্ত-এর সাথে যোগ করা হয়
Ⓒ ব্যাংক উদ্বৃত্ত-এর সাথে যোগ করা হয় Ⓓ ব্যাংক উদ্বৃত্ত থেকে বাদ দেওয়া হয়
Ⓔ কোনটিই নয়

Solve ব্যাংক মিলকরণ বিবরণী প্রস্তুতের সময় মাঝ পথে আমানত বা Deposit in Transit ব্যাংক উদ্বৃত্তের সাথে যোগ করা হয়। কারণ ব্যাংকে অর্থ জমা করা হয়েছে কিন্তু ব্যাংক আমাদের হিসাব ক্রেডিট করেনি এ রকম জমাকে মধ্যপথে আমানত বা Deposit in Transit বলা হয়।

০৭. ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক অমর্যাদা হলে ব্যাংক হিসাবের কী এন্ট্রি হবে? [DU : 12-13]

Ⓐ ব্যাংক হিসাব ডেবিট, পাওনাদার হিসাব ক্রেডিট
Ⓑ অডিট হিসাব ডেবিট, ব্যাংক হিসাব ক্রেডিট
Ⓒ ব্যাংক হিসাব ডেবিট, দেনাদার হিসাব ক্রেডিট
Ⓓ ব্যাংক হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
Ⓔ কোনো এন্ট্রি দেওয়ার প্রয়োজন নেই

Solve ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত বা অমর্যাদাকৃত হলে ব্যাংক হিসাবের কোনো এন্ট্রি দেওয়ার প্রয়োজন নেই।

০৮. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকালে 'ক্রেতা কর্তৃক ব্যাংক হিসাবে সরাসরি জমা'কে- [DU : 11-12]

Ⓐ নগদান বইতে ব্যাংকের জের হতে বাদ দিতে হবে
Ⓑ ব্যাংকের পাশবই অনুসারে ব্যাংকের জের হতে বাদ দিতে হবে
Ⓒ নগদান বইর ব্যাংকের জেরের সাথে যোগ করতে হবে
Ⓓ ব্যাংকের পাশবই অনুসারে ব্যাংকের জেরের সাথে যোগ করতে হবে
Ⓔ কোনো সমন্বয়ের দরকার নেই

Solve ক্রেতা কর্তৃক সরাসরি ব্যাংকে জমা দিলে ব্যাংক হিসাব বৃদ্ধি পায়। সে কারণে ব্যাংক সমন্বয় বিবরণীতে নগদান বইয়ের ব্যাংকের জেরের সাথে যোগ করতে হয়।

০৯. নিচের কোনটি ব্যাংক সমন্বয় বিবরণীর বিষয় নয়? [DU : 11-12]

Ⓐ একজন সরবরাহকারীকে ১০,০০০ টাকার চেক দেওয়া হয়েছে কিন্তু তা ব্যাংকে উপস্থাপন করা হয়নি
Ⓑ একজন ক্রেতার নিকট থেকে ১২,০০০ টাকার একটি চেক পাওয়া গেছে কিন্তু তা ব্যাংকে জমা দেওয়া হয়নি
Ⓒ ব্যাংক ১৫০০ টাকা ব্যাংক চার্জ এর জন্য মক্কেলের হিসাব ডেবিট করেছে
Ⓓ ব্যাংক ২৫,০০০ টাকার স্থলে ৫২,০০০ টাকা ক্রেডিট করেছে
Ⓔ পোস্ট ডেটের জন্য ব্যাংক ৫১,০০০ টাকার একটি চেক প্রত্যাখ্যান করেছে

Solve প্রদত্ত Option গুলোর মধ্যে 'B' এর ঘটনা নগদান বই এর ব্যাংক কলাম অথবা পাশ বই কোনোটাতেই এন্ট্রি করা হয় নেই। কারণ কারো কাছ থেকে চেক পেয়ে ব্যাংকে জমা দেওয়ার পূর্ব পর্যন্ত তা নগদ টাকা হিসেবে নগদান বইয়ের নগদ কলামে দেখানো হয়।

১০. ব্যাংক মিলকরণ বিবরণী প্রস্তুতির পূর্বে ক্যাশিয়ারের নগদান স্থিতি ছিল ৪,৮০০ টাকা। একজন দেনাদার ব্যবসা প্রতিষ্ঠানের ব্যাংকে সরাসরি জমা দিয়েছে ১,৪৮০ টাকা। ব্যবসা প্রতিষ্ঠান একটি ৬০০ টাকার চেক একজনকে দিয়েছে যা এখনও ব্যাংকে উপস্থাপন করা হয় নি। ব্যাংক তার সেবা প্রদান বাবদ ৩০০ টাকা দেখিয়েছে। ব্যাংক পাশ বইতে কত টাকা স্থিতি দেখানো হয়েছিল? - [DU : 09-10]

Ⓐ ৫,৩৮০ Ⓑ ৬,৫৮০ Ⓒ ৩,৬২০
Ⓓ ৩,০২০ Ⓔ ৭,১৮০

Solve ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় নগদান বইয়ের স্থিতি অনুসারে দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা, প্রদত্ত চেক উপস্থাপিত না হওয়া প্রভৃতি যোগ করা হয় এবং ব্যাংক কোন চার্জ গ্রহণ করলে তা বাদ দিয়ে দেখানো হয়। সুতরাং এখানে পাশ বইয়ের স্থিতি হবে-

নগদান বই অনুযায়ী ব্যাংকের জের	৪,৮০০
যোগ : দেনাদার কর্তৃক ব্যাংকে জমা	১,৪৮০
উপস্থাপিত না হওয়া চেক	৬০০
বাদ : ব্যাংক সার্ভিস চার্জ	(৩০০)
পাস বই অনুযায়ী ব্যাংকের জের	৬,৫৮০

১১. ব্যাংক তার গ্রাহককে সেবা প্রদানের জন্য ১০০ টাকা ধরেছে, যা গ্রাহক এখনও জানে না। ব্যাংক মিলকরণ বিবরণীতে এ সেবা সম্পর্কীয় হিসাব কীভাবে দেখাবে? - [DU : 07-08]

Ⓐ ব্যাংক ব্যালেন্সের সাথে ১০০ যোগ করা Ⓑ ব্যাংক ব্যালেন্স থেকে ১০০ বিয়োগ করা
Ⓒ ক্যাশ ব্যালেন্সের সাথে ১০০ যোগ করা Ⓓ ক্যাশ ব্যালেন্সের সাথে ২০০ যোগ করা
Ⓔ ক্যাশ ব্যালেন্স থেকে ১০০ বিয়োগ করা

Solve ব্যাংক তার গ্রাহককে সেবা প্রদানের জন্য ১০০ টাকা ধরেছে; অর্থাৎ ব্যাংক সার্ভিস চার্জ ধার্য করেছে। কিন্তু এ বিষয়টি গ্রাহক এখনও জানে না। তাই "সঠিক ব্যাংক জের নির্ণয়ের পদ্ধতি (দ্বৈত জের পদ্ধতি)" অনুসারে, ব্যাংক মিলকরণ বিবরণী প্রস্তুতের সময় এ বিষয়টি গ্রাহকের (আমানতকারীর) বইয়ের জের থেকে বা ক্যাশ ব্যালেন্স থেকে বিয়োগ করতে হয়।'

১২. 'ক' কোম্পানি কর্তৃক এর পাওনাদার রবিনকে একটি ৭৮৫ টাকার চেক প্রদান করা হলো। কিন্তু নগদান বইয়ে লিপিবদ্ধ করার সময় ভুলবশত ৬৫৮ টাকা লেখা হলো। ব্যাংক চেকটি সঠিকভাবে লিপিবদ্ধ করেছে। ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকালে উক্ত ভুলের জন্য কী করতে হবে? - [DU : 06-07]

Ⓐ নগদান বইয়ের জের-এর সাথে ৭৮৫ টাকা যোগ করতে হবে
Ⓑ নগদান বইয়ের জের হতে ৬৫৮ টাকা বিয়োগ করতে হবে
Ⓒ পাশ বইয়ের জের হতে ৭৮৫ টাকা বিয়োগ করতে হবে
Ⓓ নগদান বইয়ের জেরের সহিত ১২৭ টাকা যোগ করতে হবে
Ⓔ নগদান বইয়ের জের হতে ১২৭ টাকা বিয়োগ করতে হবে

Solve ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের নিয়ম অনুযায়ী, হিসাবের যে বইতে ভুল হবে, সে বইতে ঠিক করতে হয়। এখানে পাওনাদারকে পরিশোধিত চেক ব্যাংক সঠিকভাবে লিপিবদ্ধ করলেও নগদান বইতে ভুলবশত ১২৭ টাকা কম বিয়োগ করা হয়েছে, ফলে নগদান বইতে ১২৭ (৭৮৫−৬৫৮) টাকার জের বেশি দেখাবে। সুতরাং সঠিক করার জন্য নগদান বই হতে ১২৭ টাকা বিয়োগ করতে হবে। অতএব সঠিক উত্তর (E)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

13. ব্যাংক সমন্বয় বিবরণীতে ব্যাংকে উপস্থাপিত না হওয়া চেক- [DU : 03-04, CU : 11-12, JU : 19-20]

Ⓐ ব্যাংক জেরের সাথে যোগ দিতে হবে
Ⓑ ব্যাংক জের হতে বাদ দিতে হবে
Ⓒ নগদান হিসাবের জেরের সাথে যোগ দিতে হবে
Ⓓ ব্যাংকে জমা দিতে হবে

Solve জমাদানকারী কর্তৃক যে সকল চেকসমূহ পাওনাদারকে ইস্যু করা হয়েছিল কিন্তু তা সময় মতো ব্যাংকে উপস্থাপন করা হয়নি (পাওনাদার কর্তৃক), সে সকল চেককে ব্যাংক সমন্বয় বিবরণী তৈরি করার সময় ব্যাংক জের হতে বাদ দিতে হবে। কারণ, যখন জমাদানকারী কর্তৃক চেক ইস্যু করা হয়েছিল তখন সে উক্ত চেকের জন্য তার হিসাবের বইতে বাদ দিয়ে দেখিয়ে ছিল। আর ব্যাংকে উপস্থাপন না করার ফলে এখন পর্যন্ত তা পরিশোধিত হয়নি। সুতরাং ব্যাংকে রক্ষিত বইয়ের উক্ত চেকের জন্য টাকা বেশি দেখানো হয়েছে। ফলে এখন ব্যাংক জের হতে বাদ দিলে দুই বইয়ের জের সমান হবে।

14. ব্যাংক রিকনসিল বিবরণী প্রস্তুতের সময় বকেয়া চেকসমূহের অর্থ যা করা হয় তা হলো- [DU : 00-01]

Ⓐ ব্যাংক বিবরণীতে প্রদত্ত ব্যাংক জেরের সাথে যোগ দিয়ে দেখাতে হয়
Ⓑ ব্যাংক বিবরণীতে প্রদত্ত ব্যাংক জেরের থেকে বাদ দিতে হয়
Ⓒ জমাদানকারীর হিসাব অনুযায়ী প্রদত্ত ব্যাংক জেরের সাথে যোগ দেয়া হয়
Ⓓ জমাদানকারীর হিসাব অনুযায়ী প্রদত্ত ব্যাংক জেরের থেকে বাদ দেয়া হয়

Solve ব্যাংক রিকনসিল বিবরণী তৈরি করার সময় বকেয়া চেকসমূহ ব্যাংক বিবরণীতে প্রদত্ত ব্যাংক জের থেকে বাদ দিতে হয়। কারণ- বকেয়া চেক বলতে সেই সকল চেককে বুঝায় যা জমাদানকারী কর্তৃক ইস্যু করা হয়েছিল কিন্তু ব্যাংকে এখন পর্যন্ত উপস্থাপিত হয়নি।

15. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকরণের সময় ব্যাংকের বইয়ের জের হতে নিম্নের কোনটি বিয়োগ করতে হয়? [DU : 98-99, RU : 07-08]

Ⓐ ব্যাংকের সার্ভিস চার্জ
Ⓑ বকেয়া চেকসমূহ
Ⓒ টাকা নাই বলে ফেরত চেকসমূহ
Ⓓ ট্রানজিটে জমা

Solve বকেয়া চেকসমূহ ব্যাংকের বইয়ের জের হতে বাদ বা বিয়োগ করে দেখাতে হয়, কারণ- চেক প্রদানের সময় নগদান বইয়ে বাদ দিয়ে দেখানো হয়েছিল।

16. নিম্নের কোন ঘটনাটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতে বিবেচিত হয় না- [DU : 97-98]

Ⓐ ব্যাংক কর্তৃক চার্জকৃত অনাদায় খরচ
Ⓑ দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি
Ⓒ ব্যাংকে জমাকৃত কিন্তু প্রত্যাখ্যাত
Ⓓ ব্যাংকে দেনাদার কর্তৃক সরাসরি জমাকৃত অর্থ

Solve যে সকল কারণে উক্ত দুটি বইয়ের মধ্যে গরমিল তৈরি হয়, সে সকল বিষয়সমূহ শুধু ব্যাংক সমন্বয় বিবরণীতে আসবে। (B) বিষয়টি বিবেচিত হবে না কারণ- এটি বা এ বিষয়টি ব্যাংকের বইতে ব্যাংক হিসাবে বা পাশ বইয়ে কোনো প্রভাব পড়বে না। অর্থাৎ ব্যাংক আমানত হয়ে এ ধরনের হিসাব সংরক্ষণ করে না।

17. ব্যাংক সমন্বয় বিবরণী এমন একটি বিবরণী যাহা- [DU : 92-93]

Ⓐ যখন জমতিরিক্ত টাকা উত্তোলিত হয় তখন ব্যাংক কর্তৃক প্রেরিত
Ⓑ আমাদের নগদান বইতে প্রদর্শিত জেরের সহিত ব্যাংকের বিবরণীতে প্রদর্শিত জের যাচাই করণের জন্য আমরা প্রস্তুত করে থাকি
Ⓒ জমাদান বইর সাথে মিলিয়ে দেখার জন্য ব্যাংক কর্তৃক প্রস্তুতকৃত
Ⓓ যখন আমরা কোনো ভুল করে থাকি তখন ব্যাংক কর্তৃক প্রেরিত হয়।

Solve কোনো নির্দিষ্ট সময় শেষে জমাদানকারী বা আমানতকারী কর্তৃক সংরক্ষিত নগদান বইয়ের ব্যাংক জের ও পাশ বইয়ের বা ব্যাংক কর্তৃক রক্ষিত জমাদানকারীর হিসাবের জেরের মধ্যে যে গরমিল বা পার্থক্য সৃষ্টি হয় তা দূর করার লক্ষ্যে জমাদানকারী বা আমানতকারী কর্তৃক প্রস্তুতকৃত আলাদা কাগজের বিবরণী হলো ব্যাংক সমন্বয় বিবরণী।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. ক্যাশ বই অনুযায়ী ব্যালেন্স ২,৯০০ টাকা; ইস্যুকৃত কিন্তু অনুপস্থিত চেক ৮০০ টাকা; ব্যাংক কর্তৃক আদায়কৃত বিল ২,২০০ টাকা; জমাকৃত কিন্তু অসংশোধিত চেক ৩,০৯০ টাকা হলে পাশ বইয়ের ব্যালেন্স কত? [JU : 19-20]

Ⓐ ২,৯৯০ টাকা Ⓑ ৪,৮৫০ টাকা Ⓒ ৩,২৫০ টাকা Ⓓ ২,৮১০ টাকা

Solve

ক্যাশ বই অনুযায়ী ব্যালেন্স	২,৯০০
(+) ইস্যুকৃত কিন্তু অনুপস্থিত চেক	৮০০
(+) আদায়কৃত বিল	২,২০০
(-) জমাকৃত কিন্তু অসংশোধিত চেক	৩,০৯০
পাশ বই অনুযায়ী ক্রেডিট উদ্বৃত্ত =	২,৮১০

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. নগদান বহির ব্যাংক জেরের সঙ্গে পাশ বহির জের মিলানোর জন্য ব্যাংক রিকনসিল বিবরণী প্রস্তুত করার সময় Deposit in transit কে- [RU : 05-06]

Ⓐ নগদান বহির জের হতে বিয়োগ করতে হয়
Ⓑ নগদান বহির জের এর সাথে যোগ করতে হয়
Ⓒ পাশ বহির জের এর সহিত যোগ করতে হয়
Ⓓ পাশ বহির জের হতে বিয়োগ করতে হয়

Solve ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করার সময় Deposit in Transit বা ট্রানজিটে জমা ব্যাংক জের বা পাশ বইয়ের জেরের সাথে যোগ করে দিতে হয়।

02. ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হলে আমানতকারীর বইতে জানতে হবে- [RU : 04-05, BRUR : 13-14]

Ⓐ ব্যাংক হিসাব ডেবিট ও অদেয় হিসাব Ⓑ ব্যাংক হিসাব ডেবিট ও প্রাপ্তব্য হিসাব
Ⓒ অদেয় হিসাব ডেবিট ও ব্যাংক হিসাব Ⓓ কোনোটিই নয়

Solve আমানতকারী যখন চেক ইস্যু করে তখন তার বইতে এটি করে- পাওনাদার হিসাব ডেবিট এবং ব্যাংক হিসাব ক্রেডিট।
কারণ- তখন পাওনাদারকে চেক প্রদান করায় তা কমানো হয়েছিল এবং চেক প্রদান করার জন্য ব্যাংক হিসাব (সম্পত্তি) কমানো হয়েছিল। এখন চেকটি প্রত্যাখ্যাত হওয়ায় বা ব্যাংক টাকা পরিশোধে অস্বীকৃতি দেওয়ায় পুনরায় পাওনাদার হিসাব (দায়) বা প্রাপ্তব্যের হিসাবকে বাড়াতে হবে। ফলে প্রাপ্তব্য হিসাব/পাওনাদার ক্রেডিট করতে হবে, অন্যদিকে ব্যাংক (সম্পত্তি) টাকা বা কমায় তা বাড়াতে হবে, ফলে ব্যাংক হিসাব ডেবিট করতে হবে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. পাওনাদারকে ২,৩২০/- টাকার দেওয়া চেক ভুলে নগদ বইতে ২,২৩০/- টাকা লেখা হয়েছে। ভুলটি ব্যাংক সমন্বয় বিবরণীতে কীভাবে দেখাতে হবে [CU : 22-23]

Ⓐ ব্যাংক বিবরণীর সাথে ৯০/- টাকা যোগ হবে
Ⓑ ব্যাংক বিবরণী থেকে ৯০/- টাকা বিয়োগ হবে
Ⓒ নগদ বইয়ের সাথে ৯০/- টাকা যোগ হবে
Ⓓ নগদ বই থেকে ৯০/- টাকা বিয়োগ হবে
Ⓔ A ও D উভয়ই

Solve পাওনাদারকে ২,৩২০ টাকার চেক ভুলে নগদান বইয়ে ২,২৩০ টাকা লেখার ফলে নগদান বইতে ৯০ টাকা কম বিয়োগ করা হয়েছে। এখন ব্যাংক বইয়ের সাথে মিল বা সমন্বয় করার জন্য নগদান বইয়ের জেরের সাথে ৯০ টাকা বিয়োগ করতে হবে।

02. ব্যাংক সমন্বয় বিবরণীতে জমা যদি ট্রানজিট-এ থাকে তা-[CU-C : 21-22]

Ⓐ বুক ব্যালেন্স থেকে বাদ যায় Ⓑ বুক ব্যালেন্স-এর সাথে যোগ হয়
Ⓒ ব্যাংক ব্যালেন্স এর সাথে যোগ হয় Ⓓ ব্যাংক ব্যালেন্স থেকে বাদ যায়
Ⓔ কোনোটিই নয়

Solve ট্রানজিটে জমা/ পরিবহনাধীন চেক/পথিমধ্যে চেক (Deposit in Transit) অর্থ হচ্ছে আদায়ের জন্য চেক ব্যাংক জমা দেওয়া হয়েছে, যা এখনও ব্যাংক কর্তৃক আদায় হয়নি। এ ধরনের চেক ব্যাংক বিবরণী অনুযায়ী প্রাপ্ত জের বা ব্যাংক ব্যালেন্স এর সাথে যোগ হয়।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

03. ব্যাংক মিলকরণ বিবরণীতে অপরিশোধিত চেক (Cheque Outstanding)- [CU : 17-18]

Ⓐ ব্যাংক উদ্বৃত্ত থেকে বাদ দেওয়া হয় Ⓑ ব্যাংক উদ্বৃত্তের সাথে যোগ করা হয়
Ⓒ হিসাব উদ্বৃত্ত থেকে বাদ দেওয়া হয় Ⓓ হিসাব উদ্বৃত্তের সাথে যোগ করা হয়
Ⓔ উভয় উদ্বৃত্ত থেকে বাদ দেওয়া হয় Ans Ⓐ

04. ব্যাংক সমন্বয় বিবরণীতে ব্যাংক পার্শ্বে কোন দফাটি দেখানো হয়? [CU : 11-12]

Ⓐ বহির ভুল Ⓑ বকেয়া চেক Ⓒ ব্যাংক জেরের উপর প্রাপ্য সুদ
Ⓓ NSF চেক Ⓔ কোনোটিই নয়

Solve ব্যাংক সমন্বয় বিবরণীতে বকেয়া চেক/ইস্যুকৃত চেক/ব্যাংককে উপস্থাপিত না হওয়া চেক ব্যাংক জের হতে বাদ দিয়ে দেখাতে হয়।

05. আমানতকারীর বইতে নিচের কোন সমন্বয় আইটেমের জন্য জাবেদা লিখন প্রয়োজন? [CU : 10-11]

Ⓐ অকেয়া চেক Ⓑ ব্যাংকের ভুল Ⓒ ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার খরচ
Ⓓ ট্রান্সজিটে জমা Ⓔ কোনোটিই নয়

Solve ব্যাংক তার মক্কেলকে বা আমানতকারীকে সেবা প্রদানের জন্য কিছু টাকা চার্জ বা কেটে রাখে। আমানতকারীর বইয়ে ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার খরচ এর জন্য সমন্বয় সাধন করা হয়।

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. ৩০-০৪-২০২৩ তারিখে খান ব্রাদার্স কোম্পানির নগদান বইয়ে ডেবিট ব্যালেন্স হলো ১৫০০ টাকা। ১০০ টাকার চেক জমাকৃত কিন্তু নগদায়ন হয়নি এবং ১৫০ টাকার চেক ইস্যুকৃত তবে উপস্থাপিত হয়নি। পাস বইয়ে স্থিতির পরিমাণ কত টাকা? [GST : 22-23]

Ⓐ ১৭৫০ Ⓑ ১৫৫০ Ⓒ ১৬৫০ Ⓓ ১৬০০

Solve Ⓑ

নগদান বইয়ের ডেবিট ব্যালেন্স	১,৫০০ টাকা
যোগ : ইস্যুকৃত চেক যা ব্যাংকে উপস্থাপিত হয়নি	১৫০ টাকা
	১,৬৫০ টাকা
বাদ : আদায়ের জন্য আদায়কৃত চেক আদায় হয়নি	১০০ টাকা
পাস বই অনুযায়ী জের	১,৫৫০ টাকা

02. ব্যাংক সমন্বয় বিবরণীর ক্ষেত্রে ব্যাংকের স্থিতিতে কোনটি যোগ করা হয়? [GST : 22-23]

Ⓐ বকেয়া চেকসমূহ Ⓑ পরিসেবা চার্জ
Ⓒ প্রত্যাখ্যাত চেক Ⓓ ট্রান্সজিটে জমাকৃত চেকসমূহ

Solve Ⓓ আদায়ের জন্য জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় হয়নি এই রূপ চেককে ডিপোজিট ইন ট্রান্সজিট/ ট্রান্সজিটে জমা নামে অভিহিত করা হয়। যা ব্যাংক সমন্বয় বিবরণীতে ব্যাংকের স্থিতির সাথে যোগ করা হয়।

03. কোন লেনদেনটি ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কমিয়ে দেয়? [GST-C : 21-22, B : 16-17]

Ⓐ জমাকৃত চেক প্রত্যাখ্যান Ⓑ চেকের অর্থ আদায়
Ⓒ ব্যাংক চার্জ Ⓓ চেকের অর্থ পরিশোধ

Solve চেকের অর্থ আদায় হলে ব্যাংক গ্রাহকের হিসাব ক্রেডিট করে অর্থাৎ গ্রাহকের ব্যাংক ব্যালেন্স বৃদ্ধি পায়, যা ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কমিয়ে দেয়।

04. ২০১৮ সালের ৩০ জুন, তারিখে নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত ৪১,০০০ টাকা। ইস্যুকৃত ৯,০০০ টাকার একটি চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি। ব্যাংক জমা টাকার উপর ১,৫০০ টাকা সুদ মঞ্জুর করা হয়েছে এবং গ্রাহক সেবা বাবদ ব্যাংক ২৭৫ টাকা চার্জ ধার্য করেছে। ৩০ জুন তারিখে ব্যাংক জমার উদ্বৃত্ত কত ছিল? [CoU : 18-19]

Ⓐ ৫১,৭৭৫ টাকা Ⓑ ৫১,২২৫ টাকা Ⓒ ৪৮,৭৭৫ টাকা Ⓓ ৩৩,২২৫ টাকা

Solve Ⓒ ২০১৮ সালের ৩০ জুন

নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্ত	=	৪১,০০০ টাকা
(+) ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত হয়নি	=	৯,০০০ টাকা
(+) ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ	=	১,৫০০ টাকা
	=	৫১,৫০০ টাকা
(-) ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ	=	২৭৫ টাকা
৩০ জুন, তারিখে ব্যাংক জমার উদ্বৃত্ত	=	**৫১,২২৫ টাকা**

05. নিচের কোন লেনদেনটি ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কমিয়ে দেয়? [IU : 16-17]

Ⓐ জমাতিরিক্ত চেক প্রত্যাখ্যান Ⓑ চেকের অর্থ আদায়
Ⓒ চেকের অর্থ পরিশোধ Ⓓ ব্যাংক সুদ ধার্য

Solve Ⓑ চেকের অর্থ আদায় হলে ব্যাংক গ্রাহকের হিসাব ক্রেডিট করে অর্থাৎ গ্রাহকের ব্যাংক ব্যালেন্স বৃদ্ধি পায়, যা ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কমিয়ে দেয়।

06. ব্যাংক চার্জ ৫০০০ টাকা নগদান বইতে অন্তর্ভুক্ত করা হয়নি। নগদান বইয়ে সঠিক সমন্বয় কোনটি? [HSTU : 13-14]

Ⓐ নগদান বইয়ে ব্যাংক চার্জকে ডেবিট করতে হবে
Ⓑ নগদান বইয়ে সাথে ব্যাংক চার্জ যোগ করতে হবে
Ⓒ নগদান বইয়ে ব্যাংক চার্জকে ক্রেডিট করতে হবে
Ⓓ নগদান বইয়ে ব্যাংক চার্জ সমন্বয় করার প্রয়োজন নেই

Solve Ⓒ ব্যাংক চার্জ নগদানভুক্ত না হলে, তা সমন্বয়কালে নগদান বইয়ে বিয়োগ করতে হবে। অর্থাৎ নগদান বইয়ে ব্যাংক চার্জকে ক্রেডিট করতে হবে।

07. নিচের কোনটি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কালে নগদান বহি থেকে বাদ দেওয়া হয়? [CoU : 13-14]

Ⓐ বকেয়া চেকসমূহ Ⓑ ব্যাংক চার্জ
Ⓒ দেনাদার কর্তৃক ব্যাংক জমা Ⓓ কোনোটিই নয়

Solve Ⓑ ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকালে নগদান বই হতে ব্যাংক চার্জ বাদ দেওয়া হয়।

08. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের পর ব্যাংক সার্ভিস চার্জ নথিভুক্ত করা হলে নিচের কোন হিসাব ক্রেডিট হবে? [JnU : 12-13]

Ⓐ ব্যাংক সার্ভিস চার্জ হিসাব Ⓑ নগদান হিসাব
Ⓒ খুচরা খরচ হিসাব Ⓓ কোনোটিই নয়

Solve Ⓓ ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের উপর ব্যাংক সার্ভিস চার্জ নথিভুক্ত করা হলে ব্যাংক হিসাবকে ক্রেডিট করা হবে।

09. নগদান মিলকরণে নিচের কোন আইটেমের সমন্বয় লিপিবদ্ধ করার কোনো প্রয়োজন নেই? [BU : 12-13]

Ⓐ ব্যাংকের সেবা মূল্য Ⓑ অর্জিত সুদ
Ⓒ ব্যাংক কর্তৃক সংগৃহীত বিল Ⓓ পথিমধ্যের আমানত

Solve Ⓑ নগদান বই মিলকরণে অর্জিত সুদ সমন্বয় করার কোনো প্রয়োজন নাই। কারণ এটি ব্যাংকের সাথে সংশ্লিষ্ট নাও হতে পারে।

10. কোনটি বাদে নিচের সবগুলো হলো এমন বিষয় যা ব্যাংক জের ও পুস্তক জের-এর মধ্যে পার্থক্য ঘটায়– [BU : 11-12]

Ⓐ অমর্যাদাকৃত চেকসমূহ Ⓑ মধ্যবর্তী আমানতসমূহ
Ⓒ বকেয়া চেকসমূহ Ⓓ মর্যাদাকৃত চেকসমূহ

Solve Ⓓ এখানে প্রদত্ত Option গুলোর মধ্যে 'D' নং এর Option মর্যাদাকৃত চেকসমূহ- যা ব্যাংক বিবরণী ও নগদান বই এর মধ্যে কোনো গরমিলের সৃষ্টি করে না। বাকি সবগুলো ব্যাংক বিবরণী ও নগদান বইয়ের জেরের পার্থক্য ঘটায়।

11. 'ব্যাংক সমন্বয় বিবরণী' প্রস্তুতে 'জমাকৃত চেক যা ডিজঅনার হয়েছে' তা সমন্বয়ের জন্য– [JnU : 09-10]

Ⓐ নগদান বই অনুসারে নগদ জের হতে বাদ দিতে হবে
Ⓑ নগদান বই অনুসারে নগদ জেরের সাথে যোগ করতে হবে
Ⓒ পাশ বই অনুসারে ব্যাংকের জের হতে বাদ দিতে হবে
Ⓓ পাশ বই অনুসারে ব্যাংকের জেরের সাথে যোগ করতে হবে

Solve Ⓐ জমাকৃত চেক ডিজঅনার (প্রত্যাখ্যাত) হওয়ার ফলে, আমানতকারীর বই বা নগদান বইতে ব্যাংক জমার পরিমাণ বেশি দেখানো হয়েছে, তাই বিষয়টি ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় নগদান বই অনুসারে প্রাপ্ত জের হতে বাদ দিতে হবে।

12. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতে 'ব্যাংক চার্জ' অবশ্যই- [JnU : 08-09]

Ⓐ নগদান বহির জের হতে বাদ দেওয়া উচিত
Ⓑ নগদান বহির জেরের সাথে যোগ করা উচিত
Ⓒ ব্যাংকের বিবরণী অনুসারে জের হতে বাদ দেওয়া উচিত
Ⓓ ব্যাংকের বিবরণী অনুসারে জের এর সাথে যোগ করা উচিত

Solve Ⓐ ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় ব্যাংক চার্জ অবশ্যই নগদান বইয়ের জের হতে বাদ দিতে হবে। কারণ, ব্যাংক চার্জ করলে ব্যাংক তার বই হতে কমিয়ে রাখে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

13. অর্থ স্বল্পতার জন্য প্রত্যাখ্যাত চেকের হিসাব সমন্বয় কীভাবে হয়? [JnU : 08-09]

Ⓐ ব্যাংক জেরের সাথে যোগ করা হয় Ⓑ নগদান হিসাবের জেরের সাথে যোগ করা হয়
Ⓒ ব্যাংক জের থেকে বাদ দেওয়া হয় Ⓓ নগদান হিসাবের জের থেকে বাদ দেওয়া হয়

Solve অর্থ স্বল্পতার জন্য প্রত্যাখ্যাত চেক বা NSF চেক নগদান বই এর জের থেকে বাদ দেওয়া হয়।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. মুন কোম্পানি তার দেনাদার থেকে ৬৭৫ টাকার একটি চেক সংগ্রহ করে ব্যাংকে জমা দেয়। লেনদেনটি মুন কোম্পানি সঠিকভাবে লিপিবদ্ধ করলেও ব্যাংক ভুলবশত ৫৭৬ টাকা লিপিবদ্ধ করে। ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতকালে উক্ত ভুলের জন্য কী করতে হবে? [DU : 7 College : 22-23]

Ⓐ পাস বইয়ের জেরের সাথে ৯৯ টাকা যোগ করতে হবে
Ⓑ পাস বইয়ের জেরের থেকে ৯৯ টাকা কর্তন করতে হবে
Ⓒ নগদান বইয়ের জেরের থেকে ৯৯ টাকা কর্তন করতে হবে
Ⓓ পাস বইয়ের জেরের সাথে ১০৮ টাকা যোগ করতে হবে

Solve দেনাদারের নিকট হতে আদায়কৃত ৬৭৫ টাকার চেক আদায়ের জন্য ব্যাংকে জমাদান কিন্তু ভুলবশত ব্যাংক চেকটি ৫৭৬ টাকা লিপিবদ্ধ করে। ফলে ব্যাংকের পাস বইয়ের জেরের সাথে ৯৯ টাকা আরো যোগ করতে হবে।

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. ব্যাংক কর্তৃক ধার্যকৃত চার্জ ৫০০ টাকা ভুলে নগদান বহিতে দু'বার লেখার ফলে ব্যাংক সমন্বয় বিবরণীতে গরমিলের পরিমাণ কত হবে? [RAJ-21]
Ⓐ ১,০০০ টাকা Ⓑ ১,০০০ টাকা Ⓒ ৫০০ টাকা Ⓓ ২৫০ টাকা **Ans C**

02. জনাব সাহেদের ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে ব্যাংক জমার উদ্বৃত্ত ছিল ২৫,০০০ টাকা। ১০ জানুয়ারি তারিখে পণ্য বিক্রয় করে ১০,০০০ টাকার ১টি চেক পেয়ে ব্যাংকে জমা করেন। ২০ জানুয়ারি তারিখে চেকটি প্রত্যাখ্যাত হয়ে ফেরত আসলে কোনটি বৃদ্ধি পাবে? [RAJ-21]
i. নগদ টাকা ii. ব্যাংক জমা iii. প্রাপ্য হিসাব
নিচের কোনটি সঠিক?
Ⓐ i Ⓑ ii Ⓒ iii Ⓓ i, ii ও iii **Ans C**

03. ব্যাংক কর্তৃক আদায়কৃত লভ্যাংশ ৪,০০০ টাকার জন্য আমানতকারীর বহিতে নিচের কোন হিসাবটি ডেবিট হবে? [DIN-21]
Ⓐ নগদান হিসাব Ⓑ প্রাপ্য হিসাব Ⓒ ব্যাংক হিসাব Ⓓ লভ্যাংশ হিসাব **Ans C**

04. বকেয়া চেক বলতে কী বুঝায়? [CHI-21]
Ⓐ ইস্যুকৃত চেক ব্যাংকে উপস্থাপিত না হওয়া Ⓑ জমাকৃত চেক প্রত্যাখ্যান হওয়া
Ⓒ ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যান
Ⓓ জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় না হওয়া **Ans A**

05. ব্যাংক চার্জ ২৬০ টাকা নগদান বইতে ভুলক্রমে ৬২০ টাকা ডেবিট করা হয়েছে। এর ফলে নগদান বই এবং ব্যাংক বিবরণীর উদ্বৃত্তের মধ্যে গড়মিলের পরিমাণ কত হবে? [SYL-21; DHA-19]
Ⓐ ২৬০ টাকা Ⓑ ৩৬০ টাকা Ⓒ ৬২০ টাকা Ⓓ ৮৮০ টাকা **Ans D**

06. নগদান বইয়ের ব্যাংক কলামের ডেবিট পার্শ্বে লিপিবদ্ধ করা হয়- [JES-21]
i. ব্যাংকে চেক বা নগদ জমা করলে ii. দেনাদার কর্তৃক ব্যাংকে সরাসরি জমা দিলে
iii. ব্যাংক সুদ মঞ্জুর করলে
নিচের কোনটি সঠিক?
Ⓐ i ও ii Ⓑ ii ও iii Ⓒ i ও iii Ⓓ i, ii ও iii **Ans D**

07. নগদান বই মোতাবেক ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,৫০০ টাকা। আদায়ের জন্য জমাকৃত ১০,৫০০ টাকার একটি চেক প্রত্যাখ্যাত হয়েছে- যা হিসাবভুক্ত হয়নি। ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক ব্যালেন্স কত হবে? [JES-21]
Ⓐ ৩১,০০০ Ⓑ ২০,৫০০ Ⓒ ১০,৫০০ Ⓓ ১৬,০০০ **Ans B**

08. জনাব জব্বার এর নগদান বহি অনুযায়ী ব্যাংক ব্যালেন্স ৩৮,০০০ টাকা। গৃহনির্মাণ ঋণের কিস্তি বাবদ ব্যাংক সরাসরি ১৮,০০০ টাকা পরিশোধ করেছে। ব্যাংক বিবরণীর ব্যালেন্স কত হবে? [JES-19]
Ⓐ ১৮,০০০ Ⓑ ২০,০০০ Ⓒ ৩৮,০০০ Ⓓ ৫৬,০০০ **Ans B**

09. পাস বই অনুযায়ী ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ ২১,০০০ টাকা, পাওনাদারকে ইস্যুকৃত ৪,৫০০ টাকার একখানা চেক ব্যাংক কর্তৃক পরিশোধিত হয়নি। নগদান বই অনুযায়ী ব্যাংক জমাতিরিক্তের পরিমাণ কত ? [BAR-19]
Ⓐ ১৬,৫০০ Ⓑ ২১,০০০ Ⓒ ২৫,৫০০ Ⓓ ৩০,০০০ **Ans C**

10. ব্যাংক সমন্বয় বিবরণী তৈরিতে নিচের কোন বিষয় বিবেচনায় আনা হয়? [CHI-17]
Ⓐ দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি
Ⓑ জমাকৃত চেক ব্যাংক কর্তৃক আদায় হয়নি
Ⓒ সরবরাহকারীকে নগদ প্রদান
Ⓓ ব্যাংক চার্জ উভয় বইতে লিপিবদ্ধ হয়েছে **Ans B**

11. নগদান বই অনুযায়ী ব্যাংক জমার উদ্বৃত্তের সঙ্গে নিচের কোন দফাটি বিয়োগ হবে? [CHI-17]
Ⓐ ব্যাংক চার্জ Ⓑ ইস্যুকৃত চেক কিন্তু ব্যাংকে উপস্থাপন হয়নি
Ⓒ বিনিয়োগের সুদ Ⓓ দেনাদার কর্তৃক ব্যাংকে জমা **Ans A**

12. চেকের মাধ্যমে বেতন প্রদান ৫০০ টাকা ভুলক্রমে নগদান বইয়ের ডেবিট দিকে ৫০ টাকা লেখা হয়েছে। এর ফলে নগদান বইয়ের উদ্বৃত্ত এবং ব্যাংক বিবরণীর মধ্যে কত টাকা গরমিল হবে? [DHA-16]
Ⓐ ৫০ টাকা Ⓑ ৪৫০ টাকা Ⓒ ৫০০ টাকা Ⓓ ৫৫০ টাকা **Ans D**

13. ব্যাংক সমন্বয় তৈরিতে নিচের কোনটি বিবেচিত হয় না? [CHI-16]
Ⓐ ব্যাংক কর্তৃক চার্জকৃত আদায় খরচ
Ⓑ ব্যাংকে জমাকৃত চেক প্রত্যাখ্যান
Ⓒ দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি
Ⓓ দেনাদারের নিকট হতে ব্যাংক কর্তৃক সরাসরি আদায় **Ans C**

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. ব্যাংক সমন্বয় বিবরণীতে ট্রান্সজিট জমাসমূহ (Deposits in Transit) কী করতে হয়?
Ⓐ ব্যাংকের বইয়ের জের হতে বাদ
Ⓒ আমানতকারীর বইয়ের জেরের সাথে যোগ
Ⓒ আমানতকারীর বইয়ের জের হতে বাদ
Ⓓ ব্যাংকের বইয়ের জেরের সাথে যোগ **Ans D**

02. ব্যাংক মিলকরণ বিবরণীতে অপরিশোধিত চেকসমূহকে সাধারণত কী করা হয়?
Ⓐ আমানতকারীর বইয়ের জের থেকে বিয়োগ করা হয়
Ⓑ ব্যাংক জের থেকে বিয়োগ করা হয়
Ⓒ আমানতকারীর বইয়ের জেরের সাথে যোগ করা হয়
Ⓓ ব্যাংক জেরের সাথে যোগ করা হয় **Ans B**

03. জনাব তাওহীদ ২,০০০ টাকার চেক ইস্যু করেন কিন্তু এখনও ব্যাংকে উপস্থাপিত হয়নি। এছাড়া ব্যাংক সুদ মঞ্জুর করে ৫০০ টাকা কিন্তু নগদান বইয়ে হিসাবভুক্ত হয়নি। এক্ষেত্রে নগদান বই ও পাস বইয়ের গড়মিলের পরিমাণ কত?
Ⓐ ৫০০ টাকা Ⓑ ১,৫০০ টাকা Ⓒ ২,০০০ টাকা Ⓓ ২,৫০০ টাকা **Ans D**

04. মি. অজয় মিস রিয়াকে একটি চেক দেন। মিস রিয়া চেকটি মি. আকাশকে হস্তান্তর করলেন। চেকটিতে ওপরের বাম কোণায় লেখা ছিল 'গ্রাপকের হিসাব'। মি. আকাশ চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ব্যাংক চেকের অর্থ দিতে অস্বীকৃতি জানায়। ব্যাংকের অস্বীকৃতি জানানোর কারণ কী?
Ⓐ চেকটি সঠিকভাবে লেখা হয়নি তাই
Ⓑ চেকটি মি. হিউসল জমা দেননি তাই
Ⓒ চেকটি হস্তান্তর অযোগ্য বলে
Ⓓ মিস রিয়ার ব্যাংক হিসাবে পর্যাপ্ত টাকা ছিল না বলে **Ans C**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS

Type 3 লিখিত প্রশ্নোত্তর

Step ① এক কথায় প্রশ্নোত্তর

- ব্যাংক বিবরণী হচ্ছে মক্কেলের নামে সংরক্ষিত লেনদেনের নির্ভরযোগ্য হিসাব বিবরণী এবং ব্যাংক উত্তরের– **একটি প্রামাণ্য দলিল।**
- কোন নির্দিষ্ট সময়ে নগদান বইয়ের ব্যাংক কলামের জের এবং পাশ বইয়ের জেরের মধ্যে বিভিন্ন কারণে যে গরমিল দেখা দেয়, সে সব কারণগুলো নিয়ে উভয় বইয়ের জের দুটির মধ্যে সমন্বয় সাধনের জন্য আমানতকারী কর্তৃক যে বিবরণী প্রস্তুত করা হয়, তাকে– **ব্যাংক সমন্বয় বিবরণী বলা হয়।**
- ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের মূল উদ্দেশ্য হলো– **একটি নির্দিষ্ট তারিখে আমানতকারীর প্রকৃত ব্যাংক জমার উদ্বৃত্ত/জমাতিরিক্ত এর পরিমাণ নির্ণয় করা।**
- ব্যাংক হিসাব ও পাশ বইয়ের মধ্যে গরমিল থাকলে- **ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়।**
- **NSF চেক :** আদায়ের উদ্দেশ্যে ব্যাংক কে জমাকৃত চেক পর্যাপ্ত ফান্ডের অভাবে অমর্যাদাকৃত হলে তাকে NSF (Not Sufficient Fund) চেক বলা হয়। NSF চেক আমানতকারীর প্রাপ্য হিসাব (Accounts Receivable) বৃদ্ধি করে এবং ব্যাংকে জমা নগদের পরিমাণ কমিয়ে দেয়।
- ১৮৮১ সালের ভারতীয় হস্তান্তরযোগ্য ঋণ দলিল আইন অনুযায়ী চেক হচ্ছে "একজন ব্যক্তিকে অথবা নির্দিষ্ট কোনো ব্যক্তিকে অথবা তাঁর হুকুম মতে অন্য কোনো ব্যক্তিকে চাহিবামাত্র নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য কোনো ব্যাংকের প্রতি আমানতকারী কর্তৃক স্বাক্ষরিত– **শর্তহীন একটি লিখিত আদেশনামা।**'
- যিনি চেক ইস্যু করেন বা ব্যাংকের যে মক্কেল চেক ইস্যু করেন অথবা চেক তৈরি করে থাকেন উক্ত ব্যক্তিকে– **আদেষ্টা বলা হয়।**
- আদিষ্ট এমন একজন ব্যক্তি বা প্রতিষ্ঠান যাকে কোনো নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য– **লিখিত আদেশ প্রদান করা হয়।**
- চেক হস্তান্তরের জন্য চেকের পিছনে বা উল্টোদিকে কিছু লিখে বা না লিখে প্রাপক বা অধিকারী স্বাক্ষর করলে তাকে চেকের– **অনুমোদন বলে।**
- চেক ব্যাংকে উপস্থাপনের পর যদি কোনো কারণবশত ব্যাংক উক্ত চেকের টাকা প্রদান বা পরিশোধ করতে অস্বীকৃতি জানায় তবে তাকে চেকের– **অমর্যাদা বা অসম্মান বা প্রত্যাখ্যান (Dishonour) বলে।**

Step ② গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

01. ব্যাংক পাশ বই কাকে বলে?

উত্তর : ব্যাংক পাশ বই (Bank Pass Book) : কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যাংক হিসাব চালু করলে ব্যাংক উক্ত মক্কেলকে পাশ বই নামে একটি ছোট বই সরবরাহ করে থাকে। এই বইতে ব্যাংক মক্কেলের ব্যাংক সংক্রান্ত যাবতীয় লেনদেন লিপিবদ্ধ করে থাকে। অর্থাৎ এই বইয়ের মাধ্যমে একজন মক্কেল তার ব্যাংক সংক্রান্ত লেনদেন যা ব্যাংক সংরক্ষণ করছে সে সম্পর্কে অবগত হতে পারেন। পাশ বই সাধারণত আমানতকারী সংরক্ষণ করেন। কিন্তু উক্ত পাশ বই লেনদেন লিপিবদ্ধ করে ব্যাংক।

02. নগদান বই ও পাশ বইয়ের মধ্যে পার্থক্য দেখাও।

উত্তর : নগদান বই : আমানতকারী তার নগদ ও ব্যাংক সংক্রান্ত লেনদেন যে দৈনন্দিন হিসাবের বইতে লিপিবদ্ধ করেন তাকে নগদান বই বলে। নগদান বইতে নগদ ও ব্যাংক সংক্রান্ত লেনদেন থাকলেও এর পাশাপাশি বাট্টার কলাম থাকে।

পাশ বই : ব্যাংক তার আমানতকারীর ব্যাংক সংক্রান্ত লেনদেন যে বইতে লিপিবদ্ধ করে এবং সংরক্ষণের জন্য আমানতকারীর নিকট রাখেন, তাকে পাশ বই বলে।

03. ডেবিট মেমোরেন্ডাম ও ক্রেডিট মেমোরেন্ডাম কী?

উত্তর : ডেবিট মেমোরেন্ডাম (Debit Memorandum) : ডেবিট মেমোরেন্ডাম হচ্ছে ব্যাংক কর্তৃক একটি বিল যেটাতে আমানতকারীর হিসাব থেকে বিভিন্ন কর্তনগুলো ব্যাখ্যা করা হয়।

ক্রেডিট মেমোরেন্ডাম (Credit Memorandum) : ক্রেডিট মেমোরেন্ডাম আমানতকারীর হিসাবে টাকার পরিমাণ বৃদ্ধি ব্যাখ্যা করে।

04. NSF চেক কাকে বলে?

উত্তর : আদায়ের উদ্দেশ্যে ব্যাংকে জমাকৃত চেক পর্যাপ্ত ফান্ডের অভাবে অমর্যাদাকৃত হলে তাকে NSF (Not Sufficient Fund) চেক বলা হয়। NSF চেক আমানতকারীর প্রাপ্য হিসাব (Accounts Receivable) বৃদ্ধি করে এবং ব্যাংকে জমা নগদের পরিমাণ কমিয়ে দেয়।

05. ইস্যুকৃত চেক ব্যাংক কর্তৃক প্রত্যাখ্যাত হলে আমানতকারীর বইতে কোন জাবেদা হবে?

উত্তর : ইস্যুকৃত চেক প্রত্যাখ্যাত হলে আমানতকারীর বইতে জাবেদা হবে : ব্যাংক হিসাব ডেবিট এবং পাওনাদার হিসাব ক্রেডিট।

কারণ- তখন পাওনাদারকে চেক প্রদান করায় তা কমানো হয়েছিল এবং চেক প্রদান করার জন্য ব্যাংক হিসাব (সম্পত্তি) কমানো হয়েছিল। এখন চেকটি প্রত্যাখ্যাত হওয়ায় বা ব্যাংক টাকা পরিশোধে অস্বীকৃতি দেওয়ায় পুনরায় পাওনাদার হিসাব (দায়) বা প্রাপকের হিসাবকে বাড়াতে হবে। ফলে প্রাপকের হিসাব/পাওনাদার ক্রেডিট করতে হবে, অন্যদিকে (সম্পত্তি) ব্যাংকে টাকা না কমায় তা বাড়াতে হবে, ফলে ব্যাংক হিসাব ডেবিট করতে হবে।

06. ব্যাংক জমাকৃত অর্থের অতিরিক্ত উত্তোলনের যে সুযোগ প্রদান করে তাকে কী বলে?

উত্তর : ব্যাংকে সাধারণত তিন ধরনের হিসাবে অর্থ জমা রাখা যায়। যেমন : স্থায়ী হিসাব, সঞ্চয়ী হিসাব এবং চলতি হিসাব। আর চলতি হিসাবে দিনে যতবার খুশি টাকা জমা দেওয়া এবং উত্তোলন করা যায়। অনেক সময় চলতি হিসাবে জমাকৃত অর্থের অতিরিক্ত অর্থ উত্তোলন করা যায়। যাকে বলা হয় ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন বা ওভারড্রাফট।

07. বাট্টাকৃত প্রাপ্য বিলের প্রত্যাখ্যান হলে ব্যাংক সমন্বয় বিবরণীতে কী প্রভাব ফেলবে?

উত্তর : বাট্টাকৃত প্রাপ্য বিলের প্রত্যাখ্যান (Dishonour of Discounted Bills Receivable) : বাট্টাকৃত প্রাপ্য বিল যদি মেয়াদপূর্তিতে স্বীকৃতিকারী কর্তৃক প্রত্যাখ্যাত হয়, এক্ষেত্রে ব্যাংক পাস বইতে ডেবিট করে। এ তথ্য আমানতকারী না জানা পর্যন্ত নগদান বইতে ক্রেডিট করবে না, ফলে উভয় বইয়ের উদ্বৃত্তে গরমিল হবে।

JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS ● JOYKOLY PUBLICATIONS

CamScanner

Type 4 গাণিতিক সমস্যাবলি

Step ① প্রয়োজনীয় সূত্রাবলি

ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করার শর্টকাট টেকনিক/সূত্র :

▪ আদায়ের জন্য জমাকৃত চেক/পরিবহনাধীন চেক/ট্রানজিটে জমা/পথিমধ্যে জমা/বহন পথে জমা/Deposit in Transit	ব্যাংক বিবরণী অনুযায়ী প্রাপ্ত উদ্বৃত্তের সাথে যোগ করতে হয়।
▪ বকেয়া চেক/অপরিশোধিত চেক/ইস্যুকৃত চেক যা পরিশোধের জন্য ব্যাংকে উপস্থাপিত হয়নি/অনুপস্থাপিত চেক/ Outstanding Cheque	ব্যাংক বিবরণী অনুযায়ী প্রাপ্ত উদ্বৃত্ত হতে বিয়োগ করতে হয়।
▪ ডেবিট মেমোরেন্ডাম : (১) ব্যাংক কর্তৃক ধার্যকৃত সার্ভিস চার্জ/ব্যাংক কর্তৃক সেবা প্রদান খরচ (২) ব্যাংক জমাতিরিক্তের সুদ ধার্য/ব্যাংক ঋণের সুদ (৩) চেক প্রিন্টিং খরচ/চেকের ছাপানো খরচ (৪) ব্যাংক তহবিলের স্থানান্তর (৫) ট্রাভেলার্স (ভ্রমণকারীর) চেক ইস্যুকরণ (৬) ব্যাংক কর্তৃক সরাসরি কোনো দায় পরিশোধ (পাওনাদার বা প্রদেয় বিল পরিশোধ) (৭) ব্যাংক কর্তৃক সরাসরি কোনো খরচ পরিশোধ (বিমা সেলামি, ঋণের সুদ প্রদান) (৮) অপর্যাপ্ত তহবিল চেক বা প্রত্যাখ্যাত চেক/অমর্যাদাকৃত চেক/টাকা নেই বলে ফেরত চেক/NSF চেক	আমানতকারী বা জমাদানকারীর বই বা হিসাবের বই বা নগদান বই এর উদ্বৃত্ত হতে বিয়োগ বা বাদ দিয়ে দেখাতে হয়।
▪ ক্রেডিট মেমোরেন্ডাম : (১) ব্যাংকে জমাকৃত টাকার উপর অর্জিত সুদ/ব্যাংক জমার সুদ (২) দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমাদান (৩) ব্যাংক কর্তৃক সরাসরি কোনো অর্থ আদায় (প্রাপ্য বিল আদায়, বিনিয়োগের সুদ আদায় ইত্যাদি)	জমাদানকারীর বই বা হিসাবের বই বা নগদান বই এর উদ্বৃত্তের সাথে যোগ করতে হবে।
▪ সংঘটিত ভুল	যে বইতে ভুল হবে সেই বইতে যোগ বা বিয়োগ করতে হবে।

Step ② গাণিতিক সমস্যা ও সমাধান

01. ২০১৫ সালের ডিসেম্বর ৩১ তারিখে মোসান এন্ড কোং এর নগদান বই মোতাবেক ব্যাংক জমার পরিমাণ ৫০,৫০০ টাকা এবং পাস বই অনুযায়ী ব্যাংক জমার পরি ৬০,০০০ টাকা। উক্ত মাসে পাওনাদারকে ৫,৫০০ টাকার একটি চেক ইস্যু করা হয়েছে যা এখানো উপস্থাপন করা হয় নি। ব্যাংক কর্তৃক সার্ভিস চার্জ আদায় হয়ে ১,৫০০ টাকা। পথিমধ্যে জমা চেক বা আদায় অপেক্ষমান চেক রয়েছে ৭,০০০ টাকা, ব্যাংক কর্তৃক ১২,৫০০ টাকার প্রাপ্য বিল আদায়। ব্যাংক বা পাস বইয়ের সঠিক জের কত?

সমাধান :

পাস বই অনুযায়ী ব্যাংকের জের	৬০,০০০
যোগ : পথিমধ্যে জমা চেক	৭,০০০
বাদ : বকেয়া চেক	(৫,৫০০)
পাস বই অনুযায়ী ব্যাংকের সঠিক জের	৬১,৫০০

02. ১নং প্রশ্ন অনুযায়ী, নগদান বই অনুযায়ী ব্যাংকের সঠিক জের কত?

সমাধান :

নগদান বই অনুযায়ী ব্যাংকের জের	৫০,৫০০
যোগ : ব্যাংক কর্তৃক প্রাপ্য বিল আদায়	১২,৫০০
বাদ : ব্যাংক সার্ভিস চার্জ	(১,৫০০)
নগদান বই অনুযায়ী ব্যাংকের সঠিক জের	৬১,৫০০

[নোট : উপরের দুটি প্রশ্নই সংশোধিত জের পদ্ধতি অনুযায়ী ছিল। অর্থাৎ প্রশ্নে পাস বই ও নগদান বই উভয়ের জের দেয়া আছে। যে জের নির্ণয় করতে হবে শুধু সে জের নিয়ে কাজ করতে হবে। যেমন : পাস বই অনুযায়ী সঠিক জের নির্ণয় করতে বলা হলে কেবল পাস বই এর সাথে সমন্বয় করতে হয় এমন বিষয়সমূহই বিবে করতে হয়। ১ ও ২ নং প্রশ্ন এবং তার সমাধান দ্রষ্টব্য]

03. ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ ২৭,০০০ টাকা। সমন্বয়যোগ্য গরমিলের কারণগুলো হলো : ইস্যুকৃত ১৮,০০০ টাকার একটি চেক ব্যাংকে উপস্থা হয়নি, ব্যাংক সার্ভিস চার্জ ৬,০০০ টাকা; দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা ৯,০০০ টাকা এবং পথিমধ্যে জমা বা আদায় অপেক্ষমান চেক ১৫,০০০ টাকা। নগ বই বা আমানতকারী বই অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ কত?

সমাধান :

ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংকের জের	২৭,০০০
যোগ : পথিমধ্যে জমা চেক	১৫,০০০
ব্যাংক সার্ভিস চার্জ	৬,০০০
বাদ : বকেয়া চেক (ইস্যুকৃত চেক)	(১৮,০০০)
দেনাদর কর্তৃক সরাসরি জমা	(৯,০০০)
নগদান বই অনুযায়ী ব্যাংকের সঠিক জের	২১,০০০

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

আমানতকারী বই (নগদান বই) অনুযায়ী ব্যাংক জমার পরিমাণ ১৫,০০০ টাকা। সমন্বয়যোগ্য বিষয়গুলো হলো : পথিমধ্যে জমা চেক ৫,০০০ টাকা, ব্যাংক কর্তৃক প্রদেয় নোট পরিশোধ ৪,০০০ টাকা, অপরিশোধিত চেক ৩,০০০ টাকা এবং অর্জিত সুদ ১,০০০ টাকা। পাশ বই অনুযায়ী ব্যাংক জের কত?

সমাধান :

নগদান বই অনুযায়ী ব্যাংকের জের	১৫,০০০
যোগ : অপরিশোধিত চেক	৩,০০০
অর্জিত সুদ	১,০০০
বাদ : ব্যাংক কর্তৃক প্রদেয় নোট পরিশোধ	(৪,০০০)
পথিমধ্যে জমা চেক	(৫,০০০)
পাস বই অনুযায়ী ব্যাংকের জের	১০,০০০

[নোট : পাশ বই অনুযায়ী বা নগদান বই অনুযায়ী ব্যাংক জের এর মধ্যে যে কোনো একটি জের দেয়া থাকলে এবং অন্যটি অনুযায়ী ব্যাংক জের নির্ণয় করতে বলা হবে, প্রশ্নে যে জেরটি দেয়া থাকবে, উক্ত জেরের সাথে সংশ্লিষ্ট বিষয়সমূহ ঐ জেরের সাথেই সমন্বয় (যোগ বা বিয়োগ) করতে হবে এবং যে জেরটি নির্ণয় করতে হবে উক্ত জেরের সাথে সমন্বিত বিষয়সমূহ দেয়া থাকলে তার বিপরীত কাজটি করতে হবে। ৩ ও ৪ নং প্রশ্ন এবং তার সমাধান দ্রষ্টব্য]

Step ③ সকল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত গাণিতিক প্রশ্নোত্তর

ব্যাংক তার গ্রাহককে সেবা প্রদানের জন্য ১০০ টাকা ধরেছে যা গ্রাহক এখনও জানে না। ব্যাংক মিলকরণ বিবরণীতে এ সেবা সম্পর্কীয় হিসাব কিভাবে দেখাবে? [DU : 05-06]

সমাধান : ব্যাংক তার মক্কেলকে বা গ্রাহককে সেবা প্রদানের জন্য ১০০ টাকা ধরেছে বা চার্জ করেছে অর্থাৎ ব্যাংক তার হিসাব অনুযায়ী তার গ্রাহকের হিসাব হতে ১০০ টাকা কেটে নিয়েছে। যেহেতু ব্যাপারটা গ্রাহক এখনও জানে নাই, সেহেতু দুটি বইয়ের মধ্যে পরমিল দেখা দিবে। আর এ পরমিল সংশোধনের জন্য ব্যাংক মিলকরণ বিবরণীতে গ্রাহককে তার হিসাব হতে ১০০ টাকা কমিয়ে দিতে হবে।

একটি কোম্পানির ব্যাংক জমা ১,৯৫১.২০ টাকা, নগদান বহির জের ১,৮৬৯.৬০ টাকা, পরিবহনাধীন জমা ২৭১.২০ টাকা, বকেয়া চেক ৪৫১.৪০, NSF চেক ৬১.২০ টাকা, এবং সার্ভিস চার্জ ১৩.৮০ টাকা। সঠিক নগদান জের কত? [JnU : 10-11]

সমাধান : এখানে নগদান বহির সঠিক জের = (নগদান বহির জের − NSF চেক − সার্ভিস চার্জ) = (১,৮৬৯.৬০ − ৬১.২০ − ১৩.৮০) = ১,৭৯৪.৬০ টাকা।

প্রদত্ত তথ্য ব্যবহার করে ৩১ শে ডিসেম্বর ২০১৫ ব্যাংক মিলকরণ বিবরণীর সাহায্যে পাশ বই অনুসারে জের নির্দেশ করে। (i) নগদান বইয়ের জের ৫,৮০০ টাকা (ii) চেক ইস্যু করা হয়েছে কিন্তু উপস্থাপিত হয়নি ২,০০০ টাকা (iii) ৩১ শে ডিসেম্বর ১,৫০০ টাকার চেক আদায়ের জন্য পাঠানো হয়েছে কিন্তু আসার তারিখ (iv) ব্যাংক ভুলে ২০০ টাকা ডেবিট করেছিল কিন্তু ৩১ শে ডিসেম্বরের পরে সেটি শুদ্ধ করা হয়েছে। পাশ বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্ত কত? [CU : 16-17]

সমাধান :

নগদান বইয়ের জের	৫,৮০০ টাকা
(+) ইস্যুকৃত চেক উপস্থাপিত না হওয়া	২,০০০ টাকা
(−) জমাকৃত চেক আদায় না হওয়া	১,৫০০ টাকা
(−) ব্যাংক কর্তৃক ভুলে ডেবিটকৃত	২০০ টাকা (যেহেতু ৩১ ডিসেম্বরের পরে শুদ্ধ করা হয়েছে)

∴ পাশ বই অনুযায়ী ব্যাংক উদ্বৃত্ত = ৬,১০০ টাকা।

'কে' কোম্পানি কর্তৃক এর পাওনাদার রবিনকে একটি ৭৮৫ টাকার চেক প্রদান করা হলো। কিন্তু নগদান বহিতে লিপিবদ্ধ করার সময় ভুলবশত ৬৫৮ টাকা লিখা হলো। ব্যাংক চেকটি সঠিকভাবে লিপিবদ্ধ করেছে। ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কালে উক্ত ভুলের জন্য কী করতে হবে? [DU : 06-07]

সমাধান : লেনদেনটির ফলে, উক্ত 'কে' কোম্পানির নগদান বই হতে ৭৮৫ টাকা বিয়োগ করতে হবে। কিন্তু ভুল করে নগদান বইয়ে ৬৫৮ টাকা লিখা হয়েছে। সুতরাং, (৭৮৫ − ৬৫৮) = ১২৭ টাকা নগদান বইয়ে কম বিয়োগ করা হয়েছে। যেহেতু ব্যাংক সঠিকভাবে লেনদেনটি লিপিবদ্ধ করেছে, সেহেতু ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় নগদান বইয়ের জের হতে ১২৭ টাকা বিয়োগ করতে হবে।

ব্যাংক মিলকরণ বিবরণী প্রস্তুতির পূর্বে ক্যাশিয়ারের নগদান স্থিতি ছিল ৪,৮০০ টাকা। একজন দেনাদার ব্যবসা প্রতিষ্ঠানের ব্যাংকে সরাসরি জমা দিয়েছে ১,৪৮০ টাকা। ব্যবসা প্রতিষ্ঠান একটি ৬০০ টাকার চেক একজনকে দিয়েছে যা এখনও ব্যাংকে উপস্থাপন করা হয়নি। ব্যাংক তার সেবা প্রদান বাবদ ৩০০ টাকা কেটেছে। ব্যাংক পাশ বইতে কত টাকা স্থিতি দেখানো হয়েছিল? [DU : 09-10]

সমাধান : ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের সময় নগদান বইয়ের স্থিতি অনুসারে দেনাদার কর্তৃক সরাসরি ব্যাংকে জমা, প্রদত্ত চেক উপস্থাপিত না হওয়া প্রভৃতি যোগ করা হয় এবং ব্যাংক কোন চার্জ কর্তন করলে তা বাদ দিয়ে দেখানো হয়।

সুতরাং এখানে পাশ বইয়ের স্থিতি হবে = (৪,৮০০ + ১,৪৮০ + ৬০০ − ৩০০) = ৬,৫৮০ টাকা।

সুইথ কোম্পানি ৬২,৩০০ টাকার জেরসহ একটি ব্যাংক বিবরণী পেলো। সমন্বয় সংক্রান্ত আইটেমের মধ্যে বকেয়া চেক ১,৪৫০ টাকা এবং পথিমধ্যের আমানত ৮,৫০০ টাকা অন্তর্ভুক্ত ছিল। কোম্পানির সমন্বিত ব্যাংক জের কত? [JnU : 04-05]

সমাধান : ব্যাংক বিবরণীর জের অনুযায়ী পথিমধ্যে আমানত বা ডিপোজিট ইন ট্রানজিট চেকসমূহ উদ্বৃত্তের সাথে যোগ এবং বকেয়া চেকসমূহ বিয়োগ করতে হয়। সুতরাং, কোম্পানির সমন্বিত ব্যাংক জের হবে- (৬২,৩০০ + ৮,৫০০ − ১,৪৫০) = (৭০,৮০০ − ১,৪৫০) = ৬৯,৩৫০ টাকা।

আমানতকারী কর্তৃক ২,২০০ টাকার জন্য লিখিত একটি চেক হিসাববিজ্ঞান দপ্তরে ২,৪০০ টাকাতে লিপিবদ্ধ করা হলো। ঐ জের ব্যাংক সমন্বয় বিবরণীতে পার্থক্য কত? [BUET : 11-12]

সমাধান : ২,২০০ টাকার চেক ২,৪০০ টাকায় আমানতকারী কর্তৃক তার দপ্তরে লিপিবদ্ধ করায় হিসাববিজ্ঞান দপ্তরে (২,৪০০ − ২,২০০) = ২০০ টাকা কম দেখানো হবে, যার ফলে ব্যাংকের বইয়ের সাথে ২০০ টাকার পার্থক্য সৃষ্টি হবে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

Part-1 ▶ MCQ

01. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়?
Ⓐ আয়-ব্যয় সংযোগ নীতি Ⓑ সামঞ্জস্যতা নীতি
Ⓒ পূর্ণ প্রকাশ নীতি Ⓓ রক্ষণশীলতার নীতি

02. আফতাব কোম্পানি তার পাওনাদার রনিকে ৭৮৫ টাকার একটি চেক প্রদান করে সঠিকভাবে লিপিবদ্ধ করে। কিন্তু চেকটি পরিশোধ করে ব্যাংক ভুলবশত ৮৭৫ টাকা লিপিবদ্ধ করেছে। কোম্পানির ব্যাংক সমন্বয় বিবরণীতে উক্ত ভুলের জন্য কী করতে হবে?
Ⓐ আমানতকারীর বইয়ের জের হতে ৯০ টাকা বাদ
Ⓑ ব্যাংকের বইয়ের জের হতে ৯০ টাকা বাদ
Ⓒ আমানতকারীর বইয়ের জের হতে ৮৭৫ টাকা বাদ
Ⓓ ব্যাংকের বইয়ের জেরের সাথে ৯০ টাকা যোগ

03. ৩১ মে তারিখে ব্যাংক মিলকরণ বিবরণী প্রস্তুতের জন্য এ্যাপোলো ইস্পাত কোম্পানি নিম্নলিখিত তথ্যসমূহ সংগ্রহ করেছে : হিসাবের বই অনুযায়ী নগদ জের ৩১ মে ৩,৫০০ টাকা; পরিবহনাধীন জমা ১,১৫০ টাকা; ব্যাংক কর্তৃক নোট ও সুদ আদায় ৮৫০ টাকা; ব্যাংক সার্ভিস চার্জ ২০ টাকা; অপরিশোধিত চেকসমূহ ২,৫০০ টাকা; টাকা নাই বলে ফেরত চেক ১৭০ টাকা। মে ৩১ তারিখে হিসাবের বইতে নগদের সমন্বিত জের হবে :
Ⓐ ৪,১৬০ টাকা Ⓑ ৩,০১০ টাকা Ⓒ ৫,৫১০ টাকা Ⓓ ২,৪৬০ টাকা

04. ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতের মূল উদ্দেশ্য কী?
Ⓐ ব্যাংক বিবরণী অনুযায়ী ব্যাংক ব্যালেন্স নির্ণয় করা
Ⓑ নগদান বই অনুযায়ী ব্যাংক ব্যালেন্স নির্ণয়
Ⓒ নগদান বই ও ব্যাংক বিবরণীর গরমিলের কারণ নির্ণয় করা
Ⓓ নগদান বই ও ব্যাংক বিবরণীর ব্যাংক ব্যালেন্স মিল করা

05. বিডি.কম কোম্পানি কর্তৃক সংরক্ষিত বইতে ব্যাংক জমার পরিমাণ লেখা রয়েছে ৫০,০০০ টাকা। ঐ তারিখে কোম্পানি তার ব্যাংক হতে ৪৫,০০০ টাকার জেরসহ একটি বিবরণী পেল। কোম্পানির বইয়ের সাথে ব্যাংক বিবরণী তুলনা করে দেখা গেল যে, অপরিশোধিত চেকের পরিমাণ ৪,০০০ টাকা; ট্রানজিটে জমার পরিমাণ ৫,০০০ টাকা; অপর্যাপ্ত তহবিল চেক ৩,০০০ টাকা এবং ব্যাংক কর্তৃক ধার্যকৃত সার্ভিস চার্জ ১,০০০ টাকা। সমন্বিত ব্যাংক জেরের পরিমাণ কত?
Ⓐ ৪৭,০০০ টাকা Ⓑ ৪৭,৫০০ টাকা Ⓒ ৪৬,০০০ টাকা Ⓓ ৪৫,০০০ টাকা

06. নিম্নের কোনটি ক্রেডিট মেমো (মেমোরেন্ডাম)?
Ⓐ বকেয়া চেকসমূহ (Outstanding cheeks)
Ⓑ ট্রানজিটে জমাসমূহ (Deposits in transit)
Ⓒ প্রাপ্য নোটের/ বিলের অর্থ আদায়
Ⓓ এগুলো সবই ক্রেডিট মেমো (মেমোরেন্ডাম)

07. আমানতকারী কর্তৃক ব্যাংকে টাকা জমা দেওয়া, টাকা উত্তোলন প্রভৃতি হিসাবের একটি পূর্ণাঙ্গ চিত্র পাওয়া যায়-
Ⓐ ব্যাংক পাশ বইয়ে Ⓒ ব্যাংক সমন্বয় বিবরণীতে
Ⓒ জাবেদা বইয়ে ⒹA + B

08. আমানতকারীর বইয়ে নিম্নের কোন সমন্বয় আইটেমের জন্য জাবেদা লিখন প্রয়োজন?
Ⓐ বকেয়া চেক Ⓑ ব্যাংকের ভুল
Ⓒ ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার খরচ Ⓓ ট্রানজিটে জমা

09. নিচের কোন ঘটনা ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুতে বিবেচনা হয় না?
Ⓐ দেনাদারের নিকট হতে নগদ প্রাপ্তি
Ⓑ ব্যাংক কর্তৃক চার্জকৃত আদায় খরচ
Ⓒ ব্যাংকে জমাকৃত কিন্তু প্রত্যাখ্যাত চেক
Ⓓ ব্যাংকে দেনাদার কর্তৃক সরাসরি জমাকৃত অর্থ

10. ব্যাংক বিবরণীর ক্রেডিট পার্শ্বে লেখা হয় কোনটি?
Ⓐ ব্যাংক ঋণের সুদ Ⓑ ব্যাংক হতে উত্তোরন
Ⓒ ব্যাংকে জমা Ⓓ ব্যাংক চার্জ

11. ব্যাংক কর্তৃক ব্যবহৃত দলিল DM মানে কী?
Ⓐ Debit Memorandum Ⓑ Direct Material
Ⓒ District Manager Ⓓ Deirect Manager

12. ব্যাংক কর্তৃক মঞ্জুরিকৃত সুদ ৮৯০ টাকা নগদান বইতে দুবার ডেবিট করা হয়েছে। নগদান বইতে কত টাকা বেশি দেখানো হয়েছে?
Ⓐ ৪৪৫ টাকা Ⓑ ৭৯০ টাকা Ⓒ ৮৯০ টাকা Ⓓ ২,৩৯০ টাকা

OMR			
01. ⒶⒷⒸⒹ	02. ⒶⒷⒸⒹ	03. ⒶⒷⒸⒹ	04. ⒶⒷⒸⒹ
05. ⒶⒷⒸⒹ	06. ⒶⒷⒸⒹ	07. ⒶⒷⒸⒹ	08. ⒶⒷⒸⒹ
09. ⒶⒷⒸⒹ	10. ⒶⒷⒸⒹ	11. ⒶⒷⒸⒹ	12. ⒶⒷⒸⒹ

Answer					
12. C	11. A	10. C	09. A	08. C	07. A
06. C	05. C	04. C	03. A	02. D	01. C

Part-2 ▶ Written

01. হিসাববিজ্ঞানের কোন নীতি অনুযায়ী ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত করা হয়?
02. একটি নির্দিষ্ট দিনে নগদান বই ও পাশ বইয়ের গরমিলের কারণ লিখ?
03. ডেবিট মেমো (মেমোরেন্ডাম) কী?
04. ক্রেডিট মেমো (মেমোরেন্ডাম) কী?
05. সটুথ কোম্পানি ৬২,৩০০ টাকার জেরসহ একটি ব্যাংক বিবরণী পেলো। সমন্বয় সংক্রান্ত আইটেমের মধ্যে বকেয়া চেক ১,৪৫০ টাকা এবং পথিমধ্যের আমানত ৮,৫০০ টাকা অন্তর্ভুক্ত ছিল। কোম্পানির সমন্বিত ব্যাংক জের কত?
06. একটি চেক যা সঠিকভাবে ব্যাংক কর্তৃক লিখিত ও পরিশোধিত হয়েছে ৪৪৫ টাকায় কিন্তু ভুলবশত ব্যাংক চেকটি নগদান বইতে ৪৮৪ টাকায় লিপিবদ্ধ করে। ব্যাংক সমন্বয় বিবরণীতে প্রয়োজনীয় সমন্বয় কী হবে?
07. একটি কোম্পানির ব্যাংক জমা ১৯৫১.২০ টাকা, নগদান বহির জের ১৮৬৯.৬০ টাকা, পরিবহনাধীন জমা ২৭১.২০ টাকা, বকেয়া চেক ৪২৭.৮০, NSF চেক ৬১.২০ টাকা, এবং সার্ভিস চার্জ ১৩.৮০ টাকা। সঠিক নগদান জের কত?
08. সেবা প্রদান করে ১০০ টাকা নগদ গ্রহণ করে নগদান হিসাবকে ডেবিট করা হয়েছে ১০০ টাকা এবং প্রাপ্য হিসাবকে ক্রেডিট করা হয়েছে ১০০ টাকা। ভুল দাখিলাকে উল্টা না করে সংশোধনী দাখিলা হবে?

ANSWER

01. পূর্ণ প্রকাশ নীতি অনুযায়ী।
02. আমানতকারীর বইয়ের উদ্বৃত্ত এবং ব্যাংকের বইয়ের উদ্বৃত্তের গরমিলের কারণ হলো: (১) সময়ের দীর্ঘসূত্রিতা (Time Lags) এবং (২) সংঘটিত ভুল (Errors)।
03. ব্যাংক কর্তৃক ডেবিটকৃত কিন্তু আমানতকারী এখনও জানেন না এমন বিষয়সমূহকে ডেবিট মেমো বলে। অর্থাৎ কোনো কারণে আমনতকারীর ব্যাংকে জমার পরিমাণ হ্রাস পেয়েছে, তাই ব্যাংকের বইয়ে আমানতকারীর নামে রক্ষিত হিসাবকে ডেবিট করা হয়েছে; কিন্তু এ বিষয়টি আমানতকারী জানে না, এমন বিষয় আমানতকারীকে জানানোর জন্য ব্যাংক কর্তৃক যে মেমো ইস্যু করা হয় তাকে ডেবিট মেমো বা ডেবিট মেমোরেন্ডাম বলে।
04. ব্যাংক কর্তৃক ক্রেডিটকৃত কিন্তু আমানতকারী এখনও জানেন না এমন বিষয়সমূহকে ক্রেডিট মেমো বলে। অর্থাৎ কোনো কারণে আমানতকারীর ব্যাংকে জমার পরিমাণ বৃদ্ধি পেয়েছে, তাই ব্যাংকের বইয়ে আমানতকারীর নামে রক্ষিত হিসাবকে ক্রেডিট করা হয়েছে; কিন্তু এ বিষয়টি আমানতকারী জানে না, এমন বিষয় আমানতকারীকে জানানোর জন্য ব্যাংক কর্তৃক যে মেমো ইস্যু করা হয় তাকে ক্রেডিট মেমো বা ক্রেডিট মেমোরেন্ডাম বলে।
05. কোম্পানির সমন্বিত ব্যাংক জের হবে- (৬২,৩০০ + ৮,৫০০ − ১,৪৫০) = (৭০,৮০০ − ১,৪৫০) = ৬৯,৩৫০ টাকা।
06. নগদান জেরের সাথে ৩৬ টাকা যোগ করতে হবে।
07. এখানে নগদান বহির সঠিক জের = (নগদান বহির জের − NSF চেক − সার্ভিস চার্জ) = (১,৮৬৯.৬০ − ৬১.২০ − ১৩.৮০) = ১,৭৯৪.৬০ টাকা।
08. প্রাপ্য হিসাব ডেবিট ১০০; সেবা রাজস্ব ক্রেডিট ১০০।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

প্রথম পত্র

অধ্যায় 8

রেওয়ামিল
Trial Balance

Chapter Outlook Map

- Type-1 : রেওয়ামিল
- Type-2 : সংশোধনী দাখিলা
- Type-3: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Type-4: গাণিতিক সমস্যাবলি
  - Step-1 : প্রয়োজনীয় সূত্রাবলি
  - Step-2 : গাণিতিক সমস্যা ও সমাধান
  - Step-3 : সকল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত গাণিতিক প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে

- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

JOYKOLY অধ্যায়টির কোন টপিককে গুরুত্ব দিবো ???

টপিকসমূহ	অতি গুরুত্বপূর্ণ (৯০% +)	গুরুত্বপূর্ণ (৮০% +)	কম গুরুত্বপূর্ণ (৭০% +)	জানা জরুরি (৫০% +)
	■ রেওয়ামিলের সীমাবদ্ধতা ■ রেওয়ামিল সংক্রান্ত গাণিতিক সমস্যা	■ সংশোধনী দাখিলা ■ সংশোধনী দাখিলার গাণিতিক সমস্যা		

Type 1 রেওয়ামিল

Step 1 BASIC INFORMATION

রেওয়ামিল (Trial Balance) :

হিসাবকাল শেষে ডেবিট ও ক্রেডিট উদ্বৃত্তের গাণিতিক সমতা যাচাই এবং চূড়ান্ত হিসাব বা আর্থিক বিবরণী প্রস্তুতকরণকে সাহায্য করার উদ্দেশ্যে সাধারণ খতিয়ানে সংরক্ষিত হিসাবসমূহের শিরোনাম ও জের নিয়ে প্রস্তুতকৃত তালিকাকে রেওয়ামিল বলে। রেওয়ামিলের মাধ্যমে হিসাবসমূহের নির্দিষ্ট তারিখের সর্বশেষ ব্যালেন্স বা জের প্রদর্শন করা হয়। রেওয়ামিল প্রস্তুত করা হয় হিসাবকাল শেষে নির্দিষ্ট তারিখ বা নির্দিষ্ট সময় বিন্দুর জন্য।

একটি হিসাব চক্রে মোট তিন বার রেওয়ামিল প্রস্তুত করা হয়। যথা : ১. অসমন্বিত রেওয়ামিল ২. সমন্বিত রেওয়ামিল ও ৩. সমাপন পরবর্তী রেওয়ামিল।

রেওয়ামিলের উদ্দেশ্যসমূহ (Objectives of Trial Balance) :

- রেওয়ামিল প্রস্তুতের প্রধান বা মূল উদ্দেশ্য আর্থিক বিবরণী প্রস্তুতে সহয়তা করা।
- রেওয়ামিল প্রস্তুতের প্রাথমিক উদ্দেশ্য হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা।
- সম্পত্তি, দায়, মালিকানা স্বত্ব, আয় ও ব্যয় সংক্রান্ত সকল প্রকার হিসাব রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়।
- রেওয়ামিলের মাধ্যমে ডেবিট- ক্রেডিটের গাণিতিক সমতা প্রমাণ করা যায়।
- রেওয়ামিলের মাধ্যমে হিসাবনিকাশের কিছু কিছু ভুল-ত্রুটি উদঘাটন করা এবং ভুলত্রুটি উদঘাটনপূর্বক সংশোধনের ব্যবস্থা করা হয়।

রেওয়ামিলের বৈশিষ্ট্যসমূহ (Characteristics of Trial Balance) :

১. রেওয়ামিলে ডেবিট জের ও ক্রেডিট জের পৃথক কলামে বিন্যস্ত করে তৈরি করা হয়।

২. এখানে প্রতিটি হিসাবের সমাপ্তি জের (Closing Balance) দেখানো হয়।

৩. রেওয়ামিল কোনো একটি নির্দিষ্ট তারিখের জন্য প্রস্তুত করা হয়; কোনো সময়কালের জন্য নয়।

৪. রেওয়ামিল কোনো হিসাব নয়, এটি একটি বিবরণী মাত্র।

৫. রেওয়ামিল হলো সকল হিসাবের সংক্ষিপ্ত রূপ বা প্রকাশ।

৬. এটি দাখিলার গাণিতিক ভুল উদঘাটন বা প্রকাশ করে।

৭. এটি আর্থিক বিবরণী প্রস্তুতে সহায়তা করে।

৮. এটি হিসাব চক্রের বাধ্যতামূলক কাজ নয়।

[সনাতন পদ্ধতিতে বাধ্যতামূলক কাজ নয় কিন্তু আধুনিক পদ্ধতিতে বাধ্যতামূলক]

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner


রেওয়ামিলের সীমাবদ্ধতাসমূহ (Limitations of Trial Balance) :

রেওয়ামিল তৈরির উদ্দেশ্য হলো হিসাবরক্ষণের গাণিতিক সমতা পরীক্ষা করা। রেওয়ামিলের যোগফলের সমতা সর্বদা হিসাবনিকাশের গাণিতিক শুদ্ধতার একটা প্রমা নয়; কারণ হিসাবনিকাশে কিছু কিছু ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিলের ডেবিট ও ক্রেডিট উভয় পাশের যোগফল মিলে যায়। যেমন:

১. একটি লেনদেন যদি জাবেদাভুক্ত না করা হয়।
২. একটি সঠিক জাবেদা দাখিলা যদি পোস্টিং (খতিয়ান হিসাবে স্থানান্তর) না করা হয়।
৩. একটি জাবেদা দাখিলা যদি দুইবার পোস্টিং (স্থানান্তর) করা হয়।
৪. জাবেদাভুক্তকরণ অথবা পোস্টিং-এ ভুল হিসাব শিরোনাম ব্যবহার করা হয়।
৫. লেনদেনের টাকার পরিমাণ ডেবিট ও ক্রেডিট উভয় হিসাবে সমপরিমাণে কম বা বেশি লেখা হয়।

এছাড়াও ডেবিট-ক্রেডিট সমান রেখে যে কোনো ধরনের ভুলই করা হোক, রেওয়ামিল মিলে যাবে। হিসাবনিকাশে ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল মিলে যায় বলে ভু ভুলসমূহকে রেওয়ামিলের সীমাবদ্ধতা বলে। এক্ষেত্রে নীতিগত ভুল ব্যতীত অন্যান্য সকল ভুলকে "করণিক ভুল" নামে অভিহিত করা হয়। যে-সব ভুল রেওয়ামিলে ধ পড়ে না সেগুলো নিম্নে উপস্থাপন করা হলো:

রেওয়ামিলে যে সব ভুল ধরা পড়ে না সেগুলো প্রধানত ২ প্রকার।



১. নীতিগত ভুল (Errors of Principle) :

হিসাবরক্ষণের স্বীকৃত নীতিমালাকে পরিহার করে হিসাবরক্ষণ করা হলে, তাকে নীতিগত ভুল বলে। নীতিগত ভুল হচ্ছে মূলধনজাতীয় ব্যয়কে মুনাফাজাতীয় ব্য হিসেবে লিপিবদ্ধ করা এবং মুনাফাজাতীয় ব্যয়কে মূলধনজাতীয় ব্যয় হিসেবে লিপিবদ্ধ করা। যেমন: আসবাবপত্র ক্রয়কে ক্রয় হিসাবে লিপিবদ্ধ করা; যন্ত্রপাতির সংস্ব ব্যয়কে মজুরি হিসাবে লিপিবদ্ধ করা ইত্যাদি। এই ধরনের ভুল রেওয়ামিলে ধরা পড়ে না।

২. করণিক ভুল (Clarical Errors) :

i. বাদ পড়ার ভুল (Errors of Omission) :

যদি কোনো লেনদেন হিসাবনিকাশের বইসমূহে লিপিবদ্ধকরণ থেকে সম্পূর্ণরূপে বাদ পড়ে যায়, তবে তাকে বাদ পড়ার ভুল বলে। যেমন: পণ্য ক্রয় ১,০০০ টা হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় নি। এই ধরনের ভুলও রেওয়ামিলে ধরা পড়ে না অর্থাৎ এই ধরনের ভুল রেওয়ামিলের মাধ্যমে উদঘাটিত হয় না।

ii. বেদাখিলার ভুল বা খতিয়ানভুক্তির ভুল (Errors of Posting) :

একটি নির্দিষ্ট হিসাবে ডেবিট বা ক্রেডিট করার পরিবর্তে সমজাতীয় অপর একটি হিসাবকে ডেবিট বা ক্রেডিট করলে যে ভুল হয় তাকে বেদাখিলার ভুল বা খতিয়ানভু ভুল বলে। যেমন: রহিমের নিকট হতে ১,০০০ টাকা বকেয়া আদায় করে নগদান হিসাবে সঠিকভাবে ডেবিট করা হলো, কিন্তু উক্ত টাকা দিয়ে রহিম হিসাবে ক্রে করার পরিবর্তে করিম হিসাবে ক্রেডিট করা হলো। এই ধরণের ভুল রেওয়ামিলের মাধ্যমে উদঘাটিত হয় না।

iii. পরিপূরক ভুল (Compensating Errors) :

যখন লেনদেন লিপিবদ্ধকরণে একটি ভুলের দ্বারা আর একটি ভুলের পরিমাণ পূরণ হয়ে যায়, তখন তাকে পরিপূরক ভুল বলে। যেমন: ভাড়া খরচ হিসাবের ডেবিট দি ২,০০০ টাকা কম লেখা হয়েছে এবং বেতন ব্যয় হিসাবের ডেবিট দিকে ২,০০০ টাকা বেশি লেখা হয়েছে। এই ধরনের ভুলের ফলে রেওয়ামিলের দুই দিক মিলে যা

iv. প্রাথমিক লিখনের ভুল (Errors of Original Entry) :

কোনো লেনদেন প্রাথমিকভাবে লিপিবদ্ধ করার সময় ডেবিট ও ক্রেডিট উভয় পক্ষে টাকার পরিমাণ লিখতে ভুল হলে তাকে প্রাথমিক লিখনের ভুল বলে। যেমন: ৩,০ টাকা বেতন প্রদান করে জাবেদাভুক্তকরণের সময় উভয় পক্ষে (বেতন হিসাব এবং নগদান হিসাব) ৩০০ টাকা করে লিপিবদ্ধ করা হয়েছে। এই ধরনের ভুল র রেওয়ামিল মিলে যাবে, কিন্তু হিসাবে ভুল থেকে যাবে। প্রাথমিক লিখনের ভুলকে "লেখার ভুল (Errors of Entry)" নামেও অভিহিত করা যায়।

v. সম্পূর্ণ বিপরীত দাখিলা দেওয়ার ভুল (Errors of Complete Reversal of Entries) :

যখন কোনো লেনদেন লিপিবদ্ধ করার সময় যে হিসাব ডেবিট হবে তাকে ক্রেডিট করা হয় এবং যে হিসাব ক্রেডিট হবে তাকে ডেবিট করা হয়, তাকে সম্পূর্ণ বিপ দাখিলা দেওয়ার ভুল বলে। যেমন: নগদে সম্ভার ক্রয় – এই লেনদেনটি লিপিবদ্ধ করার ক্ষেত্রে নগদান হিসাবকে ডেবিট এবং সম্ভার হিসাবকে ক্রেডিট করা হলো। ধরণের ভুল রেওয়ামিলে ধরা পড়ে না।

Super Tips:

- আসবাবপত্র ক্রয়কে ক্রয় হিসাবে লিপিবদ্ধ করা নীতিগত ভুল কিন্তু আসবাবপত্র ক্রয়কে যন্ত্রপাতি হিসাবে লেখা বেদাখিলার ভুল।

যে সব ভুল রেওয়ামিলে ধরা পড়ে:

রেওয়ামিলে যে সমস্ত ভুল ধরা পড়ে	১. খতিয়ানে তোলার সময় বাদ পড়ার ভুল ২. খতিয়ান হিসাবের উদ্বৃত্ত নির্ণয়ে ভুল ৩. খতিয়ানে হিসাব পোস্টিং এর ভুল ৪. খতিয়ান উদ্বৃত্ত রেওয়ামিলে তুলবার ভুল ৫. খতিয়ানের লেখার সময় টাকার অঙ্কে ভুল/ গাণিতিক ভুল ৬. রেওয়ামিলের যোগফল নির্ণয়ে ভুল

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

অনিশ্চিত হিসাব (Suspense Account) :

অনিশ্চিত হিসাব হলো একটি সাময়িক হিসাব। রেওয়ামিলের দুই দিকের যোগফল সমান না হলে যে-দিকের যোগফল কম হয় পার্থক্যের পরিমাণ সেইদিকে বসিয়ে রেওয়ামিলের যোগফল মিলানের জন্য অনিশ্চিত হিসাব ব্যবহার করা হয়। সাধরণত রেওয়ামিলের এক পাশের ভুলের কারণে অনিশ্চিত হিসাব সৃষ্টি হয়। যে ভুলের কারণে রেওয়ামিলের দুই দিকের যোগফল অমিল হয়, সেই ভুলটি ধরা পড়ার সাথে সাথেই সংশোধনী দাখিলার মাধ্যমে অনিশ্চিত হিসাবকে বন্ধ করে দিতে হয়। অনিশ্চিত হিসাবকে বন্ধ করার জন্য আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করার আগেই ভুল খুঁজে বের করতে হয়।

ক. এটি সাময়িক হিসাব মাত্র।
খ. অনিশ্চিত হিসাব কোনো স্থায়ী হিসাব খাত নয়। ইহা অস্থায়ী হিসাব।
গ. অনিশ্চিত হিসাব সৃষ্টি হয় একদিকের ভুলের জন্য।
ঘ. অনিশ্চিত হিসাবের ভুল ধরা পড়লেই সংশোধনী দাখিলার দ্বারা এটি বন্ধ করতে হয়।
ঙ. আর্থিক বিবরণী প্রস্তুত করার পূর্বে অনিশ্চিত হিসাব বন্ধ করার জন্য ভুলগুলো খুঁজে বের করতে হয়।

রেওয়ামিলে হিসাবের জের ভুলভাবে বসানোর প্রভাব :

রেওয়ামিলে ভুলের ধরন	রেওয়ামিলের দুই পাশের পার্থক্যের পরিমাণ
ভুল পাশে, সঠিক পরিমাণ বসানো/ডেবিট করার পরিবর্তে ক্রেডিট করা/ক্রেডিট করার পরিবর্তে ডেবিট করা	সঠিক পরিমাণের ২ গুণ
ভুল পাশে, সঠিক পরিমাণ ২ বার বসানো/ডেবিট করার পরিবর্তে ২ বার ক্রেডিট করা/ক্রেডিট করার পরিবর্তে ২ বার ডেবিট করা	সঠিক পরিমাণের ৩ গুণ
ভুল পাশে, সঠিক পরিমাণ ৩ বার বসানো/ডেবিট করার পরিবর্তে ৩ বার ক্রেডিট করা/ক্রেডিট করার পরিবর্তে ৩বার ডেবিট করা	সঠিক পরিমাণের ৪ গুণ
ভুল পাশে, ভুল পরিমাণ বসানো	সঠিক পরিমাণ এবং ভুল পরিমাণের যোগফল
সঠিক পাশে, ভুল পরিমাণ বসানো	সঠিক পরিমাণ এবং ভুল পরিমাণের বিয়োগফল
সঠিক পাশে, সঠিক পরিমাণ ২ বার বসানো	সঠিক পরিমাণের ১ গুণ (সঠিক পরিমাণ যত ততই)

রেওয়ামিলে ডেবিট-ক্রেডিট নির্ণয় সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য :

১. **ডেবিট-ক্রেডিট নির্ণয়:** লক্ষণীয় (রেওয়ামিলে ডেবিট = খরচ + সম্পদ + উত্তালন, ক্রেডিট = আয় + দায়)।
২. **প্রারম্ভিক নগদ ও প্রারম্ভিক ব্যাংক জমার উদ্বৃত্ত :** প্রারম্ভিক নগদ ও প্রারম্ভিক ব্যাংক জমার উদ্বৃত্ত রেওয়ামিলে লিখা হয় না কারণ সমাপনী নগদ ও সমাপনী ব্যাংক জমার মধ্যে প্রারম্ভিক নগদ ও প্রারম্ভিক ব্যাংক জমা অন্তর্ভুক্ত থাকে।
৩. **প্রারম্ভিক মজুদ ও সমাপনী মজুদ সংক্রান্ত :** সমাপনী মজুদ পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না, কিন্তু প্রশ্নে সমন্বিত ক্রয় দেওয়া থাকলে সমাপনী মজুদ পণ্য অন্তর্ভুক্ত হয়, তখন প্রারম্ভিক মজুদ পণ্য এবং ক্রয় হিসাব রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না। সমন্বিত ক্রয় = প্রারম্ভিক মজুদ + ক্রয় – সমাপনি মজুদ
৪. **সকল সম্পত্তি ও খরচ :** যেহেতু সম্পত্তি ও ব্যয় বৃদ্ধি পেলে ডেবিট হয়, তাই এ সকল হিসাবের কোনো জের থাকলে তা অবশ্যই ডেবিট জের হবে। এজন্যই সকল সম্পত্তি ও ব্যয়গুলোর জের রেওয়ামিলের ডেবিট পাশে বসবে।
৫. **আয় ও দায় :** অন্যদিকে দায় ও আয় বৃদ্ধি পেলে ক্রেডিট হয়, তাই এসব হিসাবের জের থাকলে তা অবশ্যই ক্রেডিট জের হয়। আর এজন্যই দায় ও আয়ের জের ক্রেডিট দিকে বসে।
৬. **রেওয়ামিলের পার্থক্যকে মূলধন হিসাবে দেখানো :** যদি মূলধন দেওয়া না থাকে এবং রেওয়ামিলের ক্রেডিট দিকে পার্থক্য হয় তাহলে ঐ পার্থক্যকে মূলধন মনে করতে হবে।
৭. **পাওনাদার বাট্টা সঞ্চিতি :** পাওনাদারের উপর বাট্টা সঞ্চিতি সৃষ্টি করা হিসাববিজ্ঞানের রক্ষণশীলতা নীতির পরিপন্থি। তথাপি সৃষ্টি করা হলে উক্ত হিসাব অবশ্যই ডেবিট উদ্বৃত্ত প্রকাশ করবে এবং রেওয়ামিলের ডেবিট ঘরে অন্তর্ভুক্ত হবে এবং অন্য সকল সঞ্চিতি ক্রেডিট দিকে বসবে।
৮. **সম্ভাব্য দায় :** সম্ভাব্য দায় লেনদেন নয় বলে উহা হিসাব বহির্ভূত থাকে। ফলে উহা রেওয়ামিলেও অন্তর্ভুক্ত হবে না।

Step 2 At a Glance : Most Important Information

- রেওয়ামিল প্রস্তুতের প্রাথমিক উদ্দেশ্য– **খতিয়ানস্থ হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইকরণ।**
- রেওয়ামিল প্রস্তুতের প্রধান উদ্দেশ্য হলো– **আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতে সহায়তা করা।**
- রেওয়ামিল– **একটি নির্দিষ্ট হিসাবকাল শেষে একটি নির্দিষ্ট তারিখের নির্দিষ্ট সময় বিন্দুর জন্য প্রস্তুত করা হয়।**
- রেওয়ামিল হিসাব চক্রের আবশ্যিক ধাপ এবং রেওয়ামিল হিসাবরক্ষণ প্রক্রিয়ার কোন ধাপ নয়।
- রেওয়ামিলে মূলধন ও মুনাফা জাতীয় সকল প্রকার হিসাবের– **জের বা সমষ্টি অন্তর্ভুক্ত থাকে।**
- রেওয়ামিলে ভুল দুই ভাবে সংঘটিত হতে পারে– **১. নীতিগত ভুল ২. করণিক ভুল।**
- করণিক ভুলগুলো আবার কয়েক রকমের হতে পারে– **বাদ পড়ার ভুল, পরিপূরক ভুল, বেদাখিলার ভুল, প্রাথমিক লিখনের ভুল এবং সম্পূর্ণ বিপরীত দাখিলার ভুল।**
- যদি রেওয়ামিলের যোগফল না মিলে, তবে যোগফলের ব্যবধান অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে– **অনিশ্চিত হিসাবে।**
- অনিশ্চিত হিসাব খুলে ভুল সংশোধন করা হয়– **এক পক্ষের ভুল হলে।**
- অনিশ্চিত হিসাব একটি– **সম্পূর্ণ সাময়িক হিসাব এবং ইহার কোনো জেরকে আর্থিক বিবরণী অর্থাৎ চূড়ান্ত হিসাবে দেখানো যায় না।**
- সমন্বয় জাতীয় হিসাবসমূহ সমন্বয় করার পর প্রস্তুতকৃত রেওয়ামিলকে– **সমন্বিত রেওয়ামিল বলে।** সমন্বিত রেওয়ামিল হতে তৈরি করা যায় – **আর্থিক বিবরণী।**
- বাস্তব হিসাবসমূহ (সম্পত্তি, দায় ও মালিকানা স্বত্ব) নিয়ে– **সমাপন পরবর্তী রেওয়ামিল তৈরি করা হয়।**
- অনিশ্চিত হিসাব কখন বন্ধ করতে হয়– **আর্থিক বিবরণী ছাপানোর পূর্বে**
- আসবাবপত্র ক্রয়কে পণ্য ক্রয় লিখা হলে কি ভুল হবে– **নীতিগত ভুল**
- বেতন হিসাবকে ক্রয় হিসাবে ডেবিট করলে কি ভুল হবে– **বেদাখিলার ভুল**
- রেওয়ামিলে আসে না এমন ৪টি দফার নাম উল্লেখ করো– **১. প্রারম্ভিক হাতে নগদ ২. প্রারম্ভিক ব্যাংক জমা ৩. সমাপনী মজুদ পণ্য ৪. সম্ভাব্য সকল দফাসমূহ**
- পণ্য ক্রয় ২,০০০ টাকা হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়নি এটি কোন ধরনের ভুল– **বাদ পরার ভুল**
- যন্ত্রপাতির সংস্থাপন ব্যয়কে মজুরি হিসাবে লিপিবদ্ধ করা হলে কোন ভুল সংগঠিত হবে– **নীতিগত ভুল**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

- ৪০,০০০ টাকার ঘরে পণ্য ক্রয় জাবেদাভুক্তকরণের সময় উভয় পক্ষে ৪,০০০ টাকা করে লিপিবদ্ধ করা হয়েছে। এটি কোন ভুল– **লেখার ভুল**
- রহিমের নিকট হতে ৪,০০০ টাকা খকেয়া আদায় করে নগদান হিসাবে সঠিকভাবে ডেবিট করা হয়েছে কিন্তু উক্ত টাকা দিয়ে রহিমের হিসাবে ক্রেডিট করার পরি করিমের হিসাবে ক্রেডিট করা হয়েছে। এটি কোন ভুল– **বেদাখিলার ভুল**
- ক্রয় হিসাবে ডেবিট দিকে ১০০ টাকা কম লেখা হয়েছে এবং বিজ্ঞাপন হিসাবে ডেবিট দিকে ১০০ টাকা বেশি লেখা হয়েছে। এটি কোন ভুল– **পরিপূরক ভুল**
- হিসাবের প্রাথমিক বই থেকে খতিয়ানে স্থানান্তরের সময় যে ভুল সংঘটিত হয় তাকে কি ভুল বলে– **বেদাখিলার ভুল**
- রবিনের কাছ থেকে প্রাপ্ত টাকা পিটারের হিসাবে ক্রেডিট করা হলে, কী ধরনের ভুল হবে– **বেদাখিলার ভুল**
- বেতন হিসাবের জের ২১০ টাকা রেওয়ামিলের ক্রেডিট দিকে লেখা হলে পার্থক্য কত হবে– **৪২০ টাকা**
- বেতন প্রদান করে ৮০৮ টাকার পরিবর্তে ৮৮০ টাকা লেখা হলে কোন ধরনের ভুল হবে– **লিখার ভুল**
- কোনো নির্দিষ্ট হিসাবকে ডেবিট না করে সমজাতীয় আরেকটি হিসাবকে ডেবিট করা হলে সেটি কোন ধরনের ভুল– **বেদাখিলার ভুল**
- রেওয়ামিলের দু'দিক মিলবে না যদি– **বেতন প্রদান বেতন হিসাবে খতিয়ানভুক্ত করা না হয়; লেনদেনের ২টি পক্ষের যে কোন একটি পক্ষ বাদ পড়লে; খতিয়ানের উদ্বৃত্ত নির্ণয়ে ভুল করলে; সম্পর্কিত নয় এমন দুইটি হিসাবের একটি ডেবিট জের এবং অপরটির ক্রেডিট জের আদৌ তোলা না হলে।**
- রেওয়ামিল মিলে যাওয়া সত্ত্বেও যে সকল ভুল রেওয়ামিলে ধরা পড়ে না– **মূলধন জাতীয় আয়-ব্যয়কে মুনাফা জাতীয় আয়-ব্যয় অথবা মুনাফা জাতীয় আয়-ব্যয়কে মূলধন জাতীয় আয়-ব্যয় হিসাবে গণ্য করা হলে; প্রাথমিক ভাবে কোন লেনদেন জাবেদায় অন্তর্ভুক্ত করা না হলে; জাবেদা থেকে খতিয়ানে স্থানান্তকরণ বাদ পড়লে; একটি ভুল দ্বারা অপর একটি ভুল সংশোধন হলে; সমপরিমাণ টাকা উভয় পার্শ্বে ভুল ভাবে লেখা।**
- বিশেষ জাবেদা বই লিখনের সময় লেনদেনের সংশ্লিষ্ট হিসাব খাতের একটি পক্ষ প্রয়োজনীয় তথ্যের অভাবে পাওয়া না গেলে – **অনিশ্চিত হিসাব খোলা হয়।**
- রেওয়ামিল তৈরি করার পর যেসব ভুলের জন্য রেওয়ামিলের যোগফল অমিল হয়েছে তা সংশোধনের জন্য প্রকৃত জাবেদা বইয়ে– **অনিশ্চিত হিসাব খোলা হয়।**

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি করণিক ভুল নয়? [DU : 22-23]

Ⓐ নীতিগত ভুল Ⓑ পূরক ভুল
Ⓒ বাদ পড়ার ভুল Ⓓ লিখনের ভুল

Solve করণিক ভুল হচ্ছে : ১. বাদ পড়ার ভুল ২. লেখার ভুল (প্রাথমিক লিখনের ভুল) ৩. বেদাখিলার ভুল ৪. পরিপূরক ভুল ৫. বিপরীত দাখিলা দেওয়ার ভুল। সুতরাং, নীতিগত ভুল কোন প্রকার করণিক ভুল নয়।

02. নিচের কোনটি রেওয়ামিল মিলকরণে প্রভাব ফেলে? [DU-C : 18-19]

Ⓐ করিম এন্ড সন্স থেকে ক্রয়কৃত পণ্য ৪৪০ টাকার পরিবর্তে উভয় হিসাবে ৪০৪ টাকা লেখা হয়েছে।
Ⓑ পেট্রোল খরচ মোটর গাড়ি হিসাবে দেখানো হয়েছে।
Ⓒ তাহের এন্ড সন্স-এর কাছে ২৫০ টাকার পণ্য বিক্রয় সম্পূর্ণভাবে হিসাব থেকে বাদ পড়েছে।
Ⓓ বিদ্যুৎ খরচ ৫০০ টাকা শুধু নগদান বহিতে লেখা হয়েছে।

Solve বিদ্যুৎ খরচ ৫০০ টাকা শুধু নগদান বহিতে লেখা হয়েছে। এখানে বিদ্যুৎ খরচ দ্বারা ব্যয় বৃদ্ধি ও নগদান দ্বারা সম্পত্তি হ্রাস করা হয়েছে। কিন্তু শুধু নগদান বহিতে লেখা হলে রেওয়ামিল মিলকরণে ৫০০ টাকা বিদ্যুৎ খরচ পাশে দেখানো হয়নি, ফলে রেওয়ামিল মিলবে না।

03. পদ্মা সার্ভিসেস হিসাব লিপিবদ্ধকরণ প্রক্রিয়ায় নিম্নলিখিত ভুলগুলো করেছে। এসব ভুলের কোনটির জন্য রেওয়ামিল মিলবে না? [DU : 17-18]

Ⓐ কর্মচারীকে প্রদত্ত বেতন ১৫,০০০ টাকা বেতন হিসাবে ডেবিট করা হয়েছে ১০,০০০ টাকা
Ⓑ দেনাদারের কাছ থেকে প্রাপ্ত ১০,০০০ টাকা খতিয়ানভুক্ত হয়নি
Ⓒ মারুফকে প্রদত্ত ৫,০০০ টাকা মাসুদের হিসাবে লেখা হয়েছে
Ⓓ সেবা প্রদান ২০,০০০ টাকা জাবেদাভুক্ত হয়নি

Solve কর্মচারীদের বেতন প্রদানের সঠিক জাবেদা হবে বেতন হিসাব ডেবিট এবং নগদান হিসাব ক্রেডিট এবং উভয় পাশেই সমপরিমাণ টাকা অর্থাৎ ১৫,০০০ টাকা লিখতে হবে। এখানে ক্রেডিট পাশে নগদান হিসাবে ১৫,০০০ টাকাই লেখা হয়েছে কিন্তু ডেবিট পাশে লেখা হয়েছে ১০,০০০ টাকা। অর্থাৎ ডেবিট পাশে ৫,০০০ টাকা কম লেখা হয়েছে। কিন্তু রেওয়ামিলের মাধ্যমে ডেবিট-ক্রেডিট সমান করা হয়। এখানে শুধু ডেবিট পাশে গড়মিল হওয়ায় রেওয়ামিল মিলবে না।

04. রেওয়ামিলের উভয় দিক মিলবে যদি: [DU : 16-17]

Ⓐ প্রাপ্য বিল হিসাবে ক্রেডিট পোস্টিং ৫২৫ টাকা বাদ পড়ে
Ⓑ ভাড়া খরচ হিসাবের ডেবিট ৪৭৫ টাকার স্থলে ৪৫৭ টাকা পোস্টিং করা
Ⓒ সাপ্লাইজ একাউন্টের ডেবিট ৯,০০০ টাকা ইকুইপমেন্ট একাউন্টে টাকা ডেবিট করা হয়
Ⓓ ভাড়া হিসাবে একটি লেনদেন রেকর্ড করা না হয়
Ⓔ প্রদেয় হিসাবসমূহে ৪১৫ টাকার ক্রেডিট পোস্টিং দুইবার করা হয়

Solve একটি লেনদেন সম্পূর্ণভাবে বাদ পড়লে তার কোনো প্রভাব রেওয়ামিলে পড়ে না। তাই রেওয়ামিলের উভয় দিক মিলে যাবে।

05. নিম্নের কোন ভুলটি রেওয়ামিলের সাহায্যে ধরা পড়ে? [DU : 15-16; JU : 19-

Ⓐ যে লেনদেন জাবেদাভুক্ত করা হয়নি
Ⓑ একটি জাবেদা দাখিলা দুইবার খতিয়ানে পোস্টিং দেওয়া হয়েছে
Ⓒ লেনদেন লিপিবদ্ধকরণে পরিপূরক ভুল
Ⓓ লেনদেন স্থানান্তরের ভুল
Ⓔ লেখার ভুল

Solve (A) যে লেনদেন জাবেদাভুক্ত করা হয়নি তার ফলে হি সমীকরণে কোন প্রভাব পড়ে না। (B) একটি জাবেদা দুইবার খতি পোস্টিং দেওয়ার ফলে সমান হয়ে যায় ফলে এই ভুলও ধরা পড়ে না। লেনদেন লিপিবদ্ধকরণে পরিপূরক ভুলের ফলেও রেওয়ামিল মিলে যায়। লেখার ভুলের ফলেও রেওয়ামিল মিলে যায়। শুধুমাত্র লেনদেন স্থানান্তরের ভু কারণে রেওয়ামিল মিলে না।

06. হিসাবের প্রাথমিক বই থেকে খতিয়ানে স্থানান্তরের সময় যে ভুল সংঘটিত তাকে কী ভুল বলে? [DU : 14-15]

Ⓐ বাদ পড়া Ⓑ লেখার ভুল Ⓒ বেদাখিলা
Ⓓ পরিপূরক ভুল Ⓔ নীতিগত ভুল

Solve হিসাবের প্রাথমিক বই থেকে খতিয়ানে স্থানান্তরের সময় যে সংঘটিত হয় তাকে বেদাখিলার ভুল বলে।

07. এনাম এর কাছে প্রদেয় টাকা হারুন এর হিসাবে ডেবিট করা হলে, এটা ধরনের ভুল হবে? [DU : 13-14]

Ⓐ বাদ পড়ার ভুল Ⓑ খতিয়ানভুক্তির ভুল Ⓒ পরিপূরক ভুল
Ⓓ লেখার ভুল Ⓔ নীতির ভুল

Solve একটি নির্দিষ্ট হিসাব ডেবিট বা ক্রেডিট করার পরি সমজাতীয় অপর একটি হিসাবকে ডেবিট বা ক্রেডিট করা হলে, যে সংঘটিত হয় তা বেদাখিলার ভুল যাকে খতিয়ানভুক্তির ভুলও বলা যায়; কি খতিয়ানভুক্তির সময়ই সাধারণত বে-দাখিলা (ভুল হিসাবে দাখিলা) হয়ে থাকে

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

08. রবিনের কাছ থেকে প্রাপ্ত টাকা পিটারের হিসাবে ক্রেডিট করা হলে, কী ধরনের ভুল হবে? [DU : 12-13]

Ⓐ বাদ পড়ার ভুল Ⓑ খতিয়ানভুক্তির ভুল Ⓒ পরিপূরক ভুল
Ⓓ নীতির ভুল Ⓔ লেখার ভুল

Solve একটি নির্দিষ্ট হিসাব ডেবিট বা ক্রেডিট করার পরিবর্তে সমজাতীয় অপর একটি হিসাবকে ডেবিট বা ক্রেডিট করা হলে যে ভুল সংঘটিত হয় তা বেদাখিলার ভুল বা খতিয়ানভুক্তির ভুলের অন্তর্গত।

09. নিচের কোনটি সার-সংক্ষেপকরণ প্রক্রিয়ার অংশ? [DU : 12-13; JnU : 15-16]

Ⓐ চিহ্নিতকরণ Ⓑ বিশ্লেষণ Ⓒ জাবেদা লিখন
Ⓓ রেওয়ামিল প্রস্তুতকরণ Ⓔ খতিয়ানভুক্ত কারণ

Solve সংঘটিত লেনদেনসমূহ জাবেদার মাধ্যমে ডেবিট ও ক্রেডিট বিশ্লেষণ করার পর তা রেওয়ামিল প্রস্তুতকরণের মাধ্যমে সংক্ষেপকরণ করা হয়।

10. একজন আসবাবপত্র ব্যবসায়ী আসবাবপত্র ক্রয়, মাল ক্রয় হিসাবে ডেবিট করেছেন। এটা কোন ধরনের ভুল? [DU : 10-11]

Ⓐ লেখার ভুল Ⓑ নীতির ভুল Ⓒ পরিপূরক ভুল
Ⓓ বাদ পড়ার ভুল Ⓔ কোনো ভুল হয়নি

Solve আসবাবপত্র ব্যবসায়ীর নিকট আসবাবপত্র হলো তার ব্যবসায়ের প্রধান পণ্য। আর পণ্য ক্রয়কে মাল ক্রয় হিসেবে ডেবিট করলে এক্ষেত্রে কোনো ভুল হবে না।

11. রেওয়ামিলের দুদিক মিলবে না যদি- [DU : 09-10]

Ⓐ আসবাবপত্র ক্রয় পণ্য ক্রয় হিসাবে লিপিবদ্ধ হয়
Ⓑ বেতন প্রদান বেতন হিসাবে খতিয়ানভুক্ত করা না হয়
Ⓒ বাকিতে যন্ত্রপাতি ক্রয় ভুলে ক্রয় হিসাবে ডেবিট ও নগদান হিসাবে ক্রেডিট করা হয়
Ⓓ অগ্রিম বিমা ভুলে বিমা খরচে ডেবিট করা হয়
Ⓔ একজন খরিদ্দারের নিকট থেকে প্রাপ্ত টাকা অন্য একজন খরিদ্দারের হিসাবে ক্রেডিট করা হয়।

Solve বেতন হিসাবে টাকা না লিখলেও নগদান হিসেবে ঠিকই দেওয়া হয়েছে যার ফলে ডেবিট দিকে টাকা কম পড়বে। যার ফলে রেওয়ামিল মিলবে না।

12. টাইটান কোম্পানির সমাপনী মজুত পণ্য ৪,০০০ টাকা কম দেখানো হয়েছে। বর্তমান হিসাব বছরের বিক্রীত পণ্যের ব্যয় এবং নিট আয়ের উপর, এই ভুলের প্রভাব হবে যথাক্রমে- [DU : 09-10]

Ⓐ কম প্রদর্শিত, বেশি প্রদর্শিত Ⓑ কম প্রদর্শিত, কম প্রদর্শিত
Ⓒ বেশি প্রদর্শিত, কম প্রদর্শিত Ⓓ বেশি প্রদর্শিত, বেশি প্রদর্শিত
Ⓔ বেশি প্রদর্শিত, শূন্য

Solve বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় হতে সমাপনী মজুত পণ্যের মূল্য বাদ দিয়ে বিক্রীত পণ্যের ব্যয় বের করা হয়। সুতরাং সমাপনী মজুত পণ্যের মূল্য কম দেখালে, বিক্রীত পণ্যের ব্যয় বেশি দেখানো হবে, অন্যদিকে বিক্রিত পণ্যের ব্যয় বেশি দেখালে কারবারের নিট আয়ও কম দেখানো হবে।

13. একটি মুনাফা জাতীয় ব্যয় মূলধন জাতীয় ব্যয় হিসাবে দেখানো হয়েছে। এটি কী ধরনের ভুল? [DU : 07-08; RU : 18-19]

Ⓐ বাদ পড়ার ভুল Ⓑ লিখনের ভুল Ⓒ নীতির ভুল
Ⓓ পরিমাপের ভুল Ⓔ মূল্য নিরূপণের ভুল

Solve মুনাফা জাতীয় ব্যয় মূলধন জাতীয় ব্যয় হিসাবে এবং মূলধন জাতীয় ব্যয় মুনাফা জাতীয় ব্যয় হিসেবে দেখানো হলো নীতিগত ভুল।

14. নিচের কোনটি করণিক ভুল নয়? [DU : 07-08]

Ⓐ বাদ পড়ার ভুল Ⓑ নীতিগত ভুল Ⓒ পূরক ভুল
Ⓓ লিখনের ভুল Ⓔ পোস্টিং এর ভুল

Solve করণিক ভুলগুলো চার ধরনের (১) বিচ্যুতি বা বাদ পড়ার ভুল, (২) লেখার ভুল, (৩) বেদাখিলার ভুল এবং (৪) পরিপূরক ভুল। আর নীতিগত ভুল হলো মূলধন জাতীয় আয়-ব্যয়কে মুনাফা জাতীয় আয়-ব্যয় গণ্য করা।

15. একটি হিসাবের জের ৮০ টাকা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হয়েছে। অন্যান্য সবকিছু ঠিক থাকলে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য টাকায় হবে: [DU : 05-06, 01-02, 00-01; RU : 20-21; RSTU : 18-19]

Ⓐ ১৬০ Ⓑ ৮০ Ⓒ ৪০
Ⓓ ২৪০ Ⓔ ১২০

Solve রেওয়ামিলে অন্যান্য সবকিছু ঠিক থাকলে একটি হিসাবের জের ৮০ টাকা রেওয়ামিলে ভুল পার্শ্বে বসালে দুই পাশের যোগফলের পার্থক্যের পরিমাণ দ্বিগুণ হবে। অর্থাৎ (৮০ + ৮০) = ১৬০ টাকা হবে।

16. একটি রেওয়ামিল প্রস্তুত করার প্রাথমিক উদ্দেশ্য হচ্ছে- [DU : 04-05]

Ⓐ সব লেনদেন লিপিবদ্ধ করা হয়েছে, তা প্রমাণ করা
Ⓑ খতিয়ানে স্থানান্তরের পর ডেবিট এবং ক্রেডিট এর গাণিতিক শুদ্ধি প্রমাণ করা
Ⓒ জাবেদা ও খতিয়ানে কোনো প্রকার ভুল হয়ে থাকলে তা বের করা
Ⓓ বছরের নিট আয় বের করা
Ⓔ উপরের কোনোটিই নয়

Solve রেওয়ামিল প্রস্তুতের প্রাথমিক বা প্রধান উদ্দেশ্য হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা।

17. যদি কোনো রেওয়ামিলের যোগফল না মিলে তবে যোগফলের ব্যবধান অবশ্যই কোথায় অন্তর্ভুক্ত করতে হবে- [DU : 02-03; RU : 09-10]

Ⓐ লাভ-ক্ষতি হিসাবে Ⓑ অনির্দিষ্ট হিসাবে Ⓒ নামিক হিসাবে
Ⓓ মূলধন হিসাবে Ⓔ কোনোটিই নয়

Solve যদি ভুল উদঘাটন না করা যায় চূড়ান্ত হিসাব তৈরির আগ পর্যন্ত, তবে চূড়ান্ত হিসাব প্রস্তুত করার জন্য সাময়িকভাবে অনির্দিষ্ট হিসাবে রেওয়ামিলের দুই পাশের যোগফলের পার্থক্য অন্তর্ভুক্ত করতে হয়।

18. Medona Ltd. এর আদায়যোগ্য সেবা বা আয়ের ২০,০০০ টাকার সমন্বয় ভুলবশত হিসাবে বাদ পড়েছে। এই ভুলের কারণে [DU : 01-02]

Ⓐ ২০,০০০ টাকা অতিরিক্ত নিট আয় দেখানো হয়
Ⓑ ২০,০০০ টাকা অতিরিক্ত রাজস্ব দেখানো হয়
Ⓒ ২০,০০০ টাকার আয় ও সম্পদ কম দেখানো হয়েছে
Ⓓ ২০,০০০ টাকা ঐ দিনে অতিরিক্ত সম্পদ দেখানো হয়

Solve আদায়যোগ্য সেবা বলতে বোঝায় যে, সেবা অর্জিত হয়েছে কিন্তু নগদে তা আদায় করা হয়নি। এটি সমন্বয় করা হলে আয় (সেবা) বৃদ্ধি পায় এবং অনাদায়ী থাকায় সম্পত্তি বৃদ্ধি পায়। সুতরাং সেবা বা আয় ২০,০০০ টাকা সমন্বয় না করায় নিট আয় ২০,০০০ টাকা কম দেখানো হয়েছে এবং সম্পত্তি (প্রাপ্য আয়) বাবদ ২০,০০০ টাকা কম দেখানো হয়েছে।

19. একটি হিসাবের জের ১২০ টাকা, যা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হয়েছে। অন্যান্য সবকিছু সঠিক হলে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য হবে: [DU : 00-01]

Ⓐ ১২০ টাকা Ⓑ ৬০ টাকা
Ⓒ ২১০ টাকা Ⓓ ২৪০ টাকা

Solve রেওয়ামিলের ভুল পাশে, সঠিক পরিমাণ বসানো হলে দুই পাশের পার্থক্য = সঠিক পরিমাণের ২ গুণ = ১২০ × ২ = ২৪০ টাকা।

20. একটি হিসাবের জের ৪২ টাকা, যা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হয়েছে। অন্য সবকিছু যদি সঠিক হয়, রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য কত হবে? [DU : 99-00]

Ⓐ ৪২ টাকা Ⓑ ২১ টাকা
Ⓒ ৮৪ টাকা Ⓓ ২৪ টাকা

Solve রেওয়ামিলের ভুল পাশে, সঠিক পরিমাণ বসানো হলে দুই পাশের পার্থক্য = সঠিক পরিমাণের ২ গুণ = ৪২ × ২ = ৮৪ টাকা।

21. কোনটি নীতিগত ভুল? [DU : 99-00; IU : 05-06; RU : 18-19]

Ⓐ একটি লেনদেন একেবারেই হিসাবে আনা হয়নি
Ⓑ একটি লেনদেন ২,১৭৫ টাকার স্থলে ২,১৫৭ টাকা লেখা হয়েছে
Ⓒ মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় ধরা
Ⓓ উপরের সবগুলোই
Ⓔ উপরের কোনোটিই নয়

Ans Ⓒ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

22. নিচের কোন ভুলটি হলে রেওয়ামিল না মেলার সম্ভাবনা থাকে– [DU : 97-98]

Ⓐ যন্ত্রপাতির জন্য কৃত ব্যয়, আসবাবপত্র হিসাবে দেখানো হয়েছে।
Ⓑ দেনাদার হিসাবের নামের ওলট, পালট হয়েছে।
Ⓒ সম্পর্কিত নয় এমন দুইটি হিসাবের একটি ডেবিট জের এবং অপরটি ক্রেডিট জের আদৌ তোলা হয়নি।
Ⓓ একটি লেনদেন সম্পূর্ণই হিসাবের বাইরে রয়েছে।

Solve (C) (C) এর ভুলটির কারণে রেওয়ামিল মিলবে না। কারণ সম্পর্কিত নয় এমন দুইটি হিসাবের ডেবিট ও ক্রেডিট জের না তোলার ফলে ডেবিট ও ক্রেডিট দিকে পার্থক্যের সৃষ্টি হবে। যা রেওয়ামিল মিলতে ব্যাঘাত ঘটাবে।

23. অনিশ্চিত হিসাবে একটি বড় ধরনের জের থাকলে কী করা হবে? [DU : 96-97]

Ⓐ উদ্বৃত্তপত্রে কর্তন করতে হবে
Ⓑ আগামী সময়কালের জন্য জের টেনে নিয়ে যেতে হবে
Ⓒ চূড়ান্ত হিসাব ছাপানোর আগে ভুল খুঁজে বের করতে হবে
Ⓓ লাভ-ক্ষতি হিসাবে কর্তন করতে হবে

Solve (C) রেওয়ামিলে ভুল হলে সাময়িকভাবে অনিশ্চিত হিসাবে লেখা হয়। আর এ হিসাবে বড় ধরনের জের থাকলে সঠিক আর্থিক ফলাফল নিরূপণে ব্যাঘাত ঘটায়। ফলে চূড়ান্ত হিসাব ছাপানোর আগে এ ভুল খুঁজে বের করতে হয়।

24. নিম্নলিখিত কোন ভুলটি রেওয়ামিলের মাধ্যমে উদ্‌ঘাটিত হবে [DU : 95-96; RU : 07-08; BRUR : 15-16]

Ⓐ করিমের নিকট প্রাপ্ত ৫৭৪ টাকার চেক করিমের হিসাবে ৪৭৫ টাকায় লিখিত হয়
Ⓑ বিক্রয় সংক্রান্ত খরচ বিক্রয় হিসাবে লিপিবদ্ধ করা হয়
Ⓒ ৩০০ টাকার ধারে বিক্রীত পণ্য দুতরফা হিসাবে ৩০ টাকায় লিখিত হয়
Ⓓ ২৫০ টাকার ক্রয় সম্পূর্ণভাবে হিসাবে লেখা বাদ পড়ে

Solve (A) Option (A)-তে উল্লিখিত লেনদেনটির সঠিক জাবেদা হবে নগদান হিসাব ডেবিট ৫৭৪ টাকা এবং করিমের হিসাব ক্রেডিট ৫৭৪ টাকা। এখানে শুধু করিমের হিসাবে প্রাপ্ত ৫৭৪ টাকার পরিবর্তে ৪৭৫ টাকা লেখা হয়েছে। অর্থাৎ করিম হিসাবকে (৫৭৪ – ৪৭৫) = ৯৯ টাকা কম লেখা হয়েছে। করিমের হিসাবে ৯৯ টাকা কম লেখার কারণে রেওয়ামিলের ক্রেডিট পার্শ্বে ৯৯ টাকা কম দেখানো হবে। কিন্তু রেওয়ামিলের ডেবিট দিকে নগদান হিসাব ৫৭৪ টাকা লেখায় রেওয়ামিলের ডেবিট ও ক্রেডিট দিকের যোগফল মিলবে না অর্থাৎ এ ভুলটি রেওয়ামিলের মাধ্যমে উদঘাটিত হবে।

25. একটি ভুল সংশোধন করার সময় কখন একটি অনিশ্চিত হিসাব ডেবিট বা ক্রেডিট করা হয়? [DU : 93-94]

Ⓐ এক দিকের ভুল
Ⓑ দুই দিকের ভুল
Ⓒ সকল ধরনের ভুল
Ⓓ সম্পূরক ভুল

Solve (A) সাময়িকভাবে ভুল সংশোধনের জন্য অনিশ্চিত হিসাব ডেবিট বা ক্রেডিট করতে হয়। হিসাবের বইতে ভুল দাখিলার দ্বারা যদি রেওয়ামিলের ডেবিট বা ক্রেডিট যে কোনো পাশের যোগফল বেশি হলে তা এক দিকের ভুল হবে।

26. যে সকল ভুল রেওয়ামিলে ব্যাঘাত ঘটায় না? [DU : 93-94; CU : 12-13; PUST : 12-13; MBSTU : 13-14]

Ⓐ যোগের ভুল
Ⓑ নীতির ও করণিক ভুল
Ⓒ স্থানান্তরের ভুল
Ⓓ এর কোনোটিই নয়

Solve (B) নীতির ভুল দ্বারা মুনাফা জাতীয় ব্যয় কে মূলধন জাতীয় আর মূলধন জাতীয় ব্যয় কে মুনাফা জাতীয় ব্যয় ধরা হয়। করণিক ভুল দ্বারা ৫,০০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা দ্বারা হিসাবভুক্ত বা বাদ পড়ার ভুল ইত্যাদি ভুল সংঘটিত হয়, যা রেওয়ামিল মিলতে ব্যাঘাত ঘটায় না।

27. নিচের বিষয়গুলোর মধ্যে কোনটি উদ্বৃত্তপত্র ও রেওয়ামিলের মধ্যে পার্থক্য নির্দেশ করে- [DU : 92-93]

Ⓐ রেওয়ামিলে নামিক হিসাব দেখানো হয়, উদ্বৃত্তপত্রে নামিক হিসাব দেখানো হয় না
Ⓑ হিসাবকাল শেষে লাভ-ক্ষতি হিসাবের জের উদ্বৃত্তপত্রে দেখানো হয়, রেওয়ামিলে দেখানো হয় না
Ⓒ অর্জিত আয় ও অপরিশোধিত ব্যয় উদ্বৃত্তপত্রে দেখানো হয়, রেওয়ামিলে দেখানো হয় না
Ⓓ সবগুলো

Solve (A) আয়-ব্যয়সমূহ অর্থাৎ নামিক হিসাবসমূহ রেওয়ামিলে দেখানো হয় কিন্তু নামিক হিসাবসমূহ উদ্বৃত্তপত্রে দেখানো হয় না। (B) যেহেতু আর্থিক বিবরণী প্রস্তুতের পূর্বেই রেওয়ামিল প্রস্তুত করা হয় সেহেতু হিসাবকাল শেষে লাভ-ক্ষতি হিসাবের জের রেওয়ামিলে দেখানো হয় না কিন্তু উদ্বৃত্তপত্রে দেখানো হয়। (C) হিসাবকাল শেষে অর্জিত আয় এবং অপরিশোধিত ব্যয়ের পরিমাণ সমন্বয় দাখিলা প্রস্তুতের মাধ্যমে নির্ণয় করা হয়। তাই অর্জিত আয় এবং অপরিশোধিত ব্যয় রেওয়ামিলে দেখানো হয় না কিন্তু উদ্বৃত্তপত্রে দেখানো হয়। অর্থাৎ প্রশ্নে উল্লিখিত সবগুলো অপশনই (D) উদ্বৃত্তপত্র ও রেওয়ামিলের মধ্যে পার্থক্য নির্দেশ করে।

28. আসবাবপত্র ক্রয় যদি মাল ক্রয় হিসাবে ডেবিট করা হয়। এটা কোন ধরনের ভুল? [DU : 91-92, 08-09; RU : 20-21; BSMRSTU : 18-19]

Ⓐ লেখার ভুল
Ⓑ নীতিগত
Ⓒ পরিপূরক ভুল
Ⓓ বাদ পড়ার ভুল

Solve (B) মূলধনজাতীয় ব্যয়কে মুনাফাজাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা এবং মুনাফাজাতীয় ব্যয়কে মূলধনজাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা নীতিগত ভুল। এক্ষেত্রে আসবাবপত্র ক্রয়কে (মূলধনজাতীয় ব্যয়) ক্রয় হিসাব (মুনাফাজাতীয় ব্যয়) লিপিবদ্ধ করায় নীতিগত ভুল হয়েছে।

29. রেওয়ামিল প্রস্তুত করা হয়– [DU : 91-92; CU : 02-03, CoU : 08-09]

Ⓐ কারবারের লাভ-লোকসান নির্ণয়ের জন্য
Ⓑ হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের জন্য
Ⓒ কারবারের আর্থিক অবস্থা নিরূপণের জন্য
Ⓓ উপরোক্ত কোনোটিই নয়

Solve (B) (A) কারবারের লাভ/লোকসান জানার জন্য প্রস্তুত করা হয় বিশদ আয় বিবরণী হিসাব। (C) কারবারে আর্থিক অবস্থা নিরূপণের জন্য তৈরি করা হয় আর্থিক অবস্থার বিবরণী বা উদ্বৃত্তপত্র। এবং সঠিকভাবে আর্থিক অবস্থা জানতে হলে যাবতীয় হিসাব হতে হবে শুদ্ধ বা নির্ভুল। আর হিসাব বইয়ের গাণিতিক শুদ্ধতা যাচাই করার জন্য তৈরি করা হয় রেওয়ামিল।

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. একটি মুনাফা জাতীয় ব্যয় মূলধন জাতীয় ব্যয় হিসাবে দেখানো হয়েছে। এটি কী ধরনের ভুল? [HEC : 22-23]

Ⓐ বাদ পড়ার ভুল
Ⓑ লিখনের ভুল
Ⓒ নীতির ভুল
Ⓓ পরিমাপের ভুল

Ans (C)

02. একটি হিসাবের জের ৮০ টাকা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হয়েছে। অন্য সবকিছু ঠিক থাকলে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য কত হবে? [DU 7 College : 21-22]

Ⓐ ১৬০ টাকা
Ⓑ ৮০ টাকা
Ⓒ ৪০ টাকা
Ⓓ ২৪০ টাকা

Solve (A) রেওয়ামিলে ভুল পার্শ্বে সঠিক পরিমাণ টাকা একবার লেখা হয়নি দ্বিগুণ টাকার ভুল হবে। অন্যান্য সব কিছু সঠিক বসিয়ে হিসাবের জের রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হলে,
রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য হবে = (সঠিক পার্শ্বে যত বসানো প্রয়োজ ছিল + ভুল পার্শ্বে যত বসানো হয়েছে) = (৮০ + ৮০) টাকা = ১৬০ টাকা।

03. নিচের কোন এন্ট্রির জন্য রেওয়ামিল অমিল হবে? [DU 7 College : 20-21]

Ⓐ একটি সঠিক জার্নাল এন্ট্রি দুবার রেকর্ড করলে
Ⓑ ধারে সাপ্লাইজ ক্রয় করে সাপ্লাইজকে ডেবিট এবং নগদকে ক্রেডিট করলে
Ⓒ মালিক কর্তৃক ১০০ টাকা উত্তোলন করে উত্তোলনকে ১,০০০ টাকা ডেবিট এবং নগদকে ১০০ টাকা ক্রেডিট করলে
Ⓓ একটি ৪৫০ টাকার প্রদেয় হিসাব পরিশোধ করে প্রদেয় হিসাবকে ৪৫ টাকা ডেবিট এবং নগদকে ৪৫ টাকা দিয়ে ক্রেডিট করলে।

Solve (C) Option গুলোর মধ্যে Option- C তে মালিক কর্তৃক ১০০ টাকা উত্তোলন করে, উত্তোলনকে ১,০০০ টাকা দ্বারা ডেবিট করলে এবং নগদকে ১০০ টাকা দ্বারা ক্রেডিট করলে ডেবিট পাশে (১,০০০ – ১০০) ৯০০ টাকা বেশি লেখা হয়েছে। তাই রেওয়ামিল অমিল হবে।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

04. একটি রেওয়ামিল মিলবে না যদি– [DU 7 Colleges : 19-20; DU : 11-12; CoU : 13-14; JU : 11-12]

Ⓐ একটি সঠিক জাবেদা লিখন দুবার খতিয়ানভুক্ত হয়

Ⓑ ধারে ক্রয় সাপ্লাই ক্রয় যন্ত্রপাতি হিসাবে ডেবিট ও নগদান হিসাবে ক্রেডিট করা হয়

Ⓒ নগদ উত্তোলন ১০০ টাকা উত্তোলন হিসাবে ১,০০০ টাকা ডেবিট ও নগদান হিসাবে ১০০ টাকা ক্রেডিট করা হয়

Ⓓ ৭৫০০ টাকা অগ্রিম বিমা ভুলে বিমা খরচে ডেবিট করা হলে

Solve কোনো লেনদেনের দুটি হিসাব খাতকে অসমপরিমাণ টাকা দ্বারা ডেবিট ও ক্রেডিট করা হলে রেওয়ামিল মিলবে না। এখানে, ১০০ টাকা নগদ উত্তোলন লেনদেনের জন্য উত্তোলন হিসাব ১,০০০ টাকা ডেবিট ও নগদান হিসাবে ১০০ টাকা ক্রেডিট করায় রেওয়ামিল মিলবে না।

05. কোন দফাটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয়? [IIBC : 19-20]

Ⓐ প্রারম্ভিক নগদ তহবিল Ⓑ সমাপনী নগদ তহবিল

Ⓒ সমাপনী মজুত পণ্য Ⓓ প্রারম্ভিক ব্যাংকে জমা

Solve প্রারম্ভিক নগদ, প্রারম্ভিক ব্যাংক জমা ও সমাপনী মজুত রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না। তবে রেওয়ামিলে সমন্বিত ক্রয় থাকলে সমাপনী মজুদ অন্তর্ভুক্ত হবে।

06. কোনটি রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে? [IIBC : 19-20]

Ⓐ মজুরি Ⓑ কর্মচারীর বেতন Ⓒ আসবাবপত্র Ⓓ সাধারণ সঞ্চিতি

Solve সাধারণ সঞ্চিতি হলো অভ্যন্তরীণ স্থায়ী দায়। তাই এটি ক্রেডিট দিকে বসবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. যন্ত্রপাতি সংস্থাপন মজুরি যন্ত্রপাতি হিসাবে ডেবিট না করে সাধারণ মজুরি হিসাবে ডেবিট করা হলে যে ভুলটি হয়– [JU : 19-20; JU : 05-06]

Ⓐ লিখার ভুল Ⓑ পরিপূরক ভুল Ⓒ নীতিগত ভুল Ⓓ বাদ পড়া ভুল

Solve মূলধনজাতীয় আয়-ব্যয় কে মুনাফা জাতীয় আয়-ব্যয় এবং মুনাফাজাতীয় আয়-ব্যয়কে মূলধনজাতীয় আয়-ব্যয় গণ্য করে হিসাবভুক্ত করলে যে ভুল সংঘটিত হয় তা 'C' নীতিগত ভুল। যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় মূলধন জাতীয় ব্যয়। এজন্য যন্ত্রপাতি হিসাবকে ডেবিট করতে হবে। তা না হলে নীতিগত ভুল হবে।

02. কম্পিউটার ক্রয়, পণ্য ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে। এটা কোন ধরনের ভুল? [JU-E: 18-19]

Ⓐ নীতিগত ভুল Ⓑ পরিপূরক ভুল Ⓒ লেখার ভুল Ⓓ বাদ পড়ার ভুল

Solve মূলধনজাতীয় ব্যয়কে মুনাফাজাতীয় ব্যয় হিসেবে লিপিবদ্ধ করা এবং মুনাফাজাতীয় ব্যয়কে মূলধনজাতীয় ব্যয় হিসেবে লিপিবদ্ধ করা হলে তাকে নীতিগত ভুল বলে। যেমন: আসবাবপত্র ক্রয়কে, ক্রয় হিসাবে লিপিবদ্ধ করা।

03. একটি কম্পিউটার ক্রয়-বিক্রয়কারী প্রতিষ্ঠান কম্পিউটার ক্রয়কে পণ্য ক্রয় হিসাবে ডেবিট করেছে। এটা কোন ধরনের ভুল? [JU-E: 18-19]

Ⓐ লেখার ভুল Ⓑ পরিপূরক ভুল Ⓒ নীতিগত ভুল Ⓓ কোনোটিই নয়

Solve যেহেতু এটি কম্পিউটার ক্রয় বিক্রয়কারী প্রতিষ্ঠান তাই কম্পিউটার এখানে পণ্য। তাই এখানে ক্রয় হিসাব ব্যবহার করায় কোনো ভুল হয়নি।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. রেওয়ামিল কোন ধরনের হিসাব? [RU-B : 20-21]

Ⓐ ব্যক্তিবাচক Ⓑ সম্পত্তিবাচক Ⓒ নামিক Ⓓ কোনোটিই নয়

Solve রেওয়ামিল কোনো হিসাবের অংশ নয়। এটি হিসাব কার্যের একটি ধাপ বা তালিকামাত্র। রেওয়ামিল দ্বারা হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয়।

02. রেওয়ামিল মিলকরণের ক্ষেত্রে যে ভুলগুলো প্রভাবিত করে তা হলো– [RU-B : 20-21]

Ⓐ বাদ পড়া ভুল Ⓑ যোগ বিয়োগের ভুল Ⓒ নীতিগত ভুল Ⓓ পরিপূরক

Solve রেওয়ামিল মিলকরণে যে ভুলগুলো প্রভাবিত করে তাহলো যোগ-বিয়োগের ভুল, গাণিতিক ভুল, টাকার অঙ্কের ভুল, উদ্বৃত্ত নির্ণয়ে ভুল, ইত্যাদি। অন্যদিকে যে সকল ভুল রেওয়ামিলে ধরা পড়ে না তা হলো নীতিগত ভুল, করণিক ভুল, লেখার ভুল, বেদাখিলার ভুল, পরিপূরক ভুল।

03. কোন কার্যটিকে হিসাবের সংজ্ঞা হিসেবে বলা হয় [illegible]

Ⓐ রেওয়ামিল প্রস্তুতকরণ Ⓑ [illegible]

Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve [illegible]

04. মেশিন সংস্থাপন ব্যয় ৯৫০০ টাকা মজুরি ধরে ৯,৫০০ টাকা, মজুরি হিসাবে ডেবিট করা হলে এটি হবে [RU : 19-20]

Ⓐ দার্শনিক ভুল Ⓑ নীতিগত ভুল Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve [illegible]

05. কোনটি নীতিগত ভুল? [RU : [illegible]]

Ⓐ একটি লেনদেন একবারই হয়ে থাকে

Ⓑ একটি লেনদেন ৫০০ টাকার পরিবর্তে ৫০০০ টাকা ধরা হয়েছে

Ⓒ মূলধন জাতীয় ব্যয়কে মুনাফাজাতীয় ব্যয় করা হয়েছে

Ⓓ সবগুলো

Solve মুনাফা জাতীয় ব্যয়কে মূলধন জাতীয় ব্যয় করে মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় করা হলে তাকে নীতিগত ভুল বলে।

06. মুনাফাজাতীয় ব্যয় মূলধনজাতীয় ব্যয় হিসাবে ধরলে কী ধরনের ভুল? [RU : [illegible]]

Ⓐ নীতিগত Ⓑ পরিমাণের Ⓒ [illegible] Ⓓ [illegible]

Solve মুনাফাজাতীয় ব্যয়কে মূলধনজাতীয় ব্যয় হিসাবে ধরলে তাকে নীতিগত ভুল বলে।

07. সমাপনী মজুত পণ্য রেওয়ামিলে না দেখানোর কারণ– [RU : [illegible]]

Ⓐ প্রারম্ভিক মজুত রেওয়ামিলে থাকে Ⓑ [illegible]

Ⓒ বিক্রীত পণ্যের ব্যয় রেওয়ামিলে থাকে Ⓓ [illegible]

Solve সমাপনী মজুত পণ্য রেওয়ামিলে দেখানো হয় না কারণ এটি অন্য একটি হিসাবের মধ্যে অন্তর্ভুক্ত থাকে।

08. চলতি বছরের বকেয়া আয় রেওয়ামিলের [RU : [illegible]]

Ⓐ ডেবিট দিকে বসে Ⓑ [illegible]

Ⓒ দুই দিকে বসে Ⓓ [illegible]

Solve বকেয়া আয় সমন্বয় করার জন্য হয় তাই এটি রেওয়ামিলের ডেবিট দিকে বসে।

09. কোনটি রেওয়ামিলে প্রেরিত করা হয় না [RU : [illegible]]

Ⓐ সঞ্চিতি তহবিল Ⓑ ব্যাংক ওভারড্রাফট Ⓒ অনুমোদন Ⓓ [illegible]

Solve আনুমোদন বা বিক্রয় হতে হতে রেওয়ামিলে প্রেরিত দিক দেখানো হয়।

10. ব্যাংক ব্যালেন্স প্রেরিত হয় রেওয়ামিলে কোথায় হয় [RU : [illegible]]

Ⓐ ডেবিট পার্শ্বে Ⓑ রেওয়ামিলের নিচে Ⓒ প্রেরিত পার্শ্বে Ⓓ কোথাও না

Solve ব্যাংক ব্যালেন্স প্রেরিত হয় তবে ব্যাংক ওভারড্রাফট রেওয়ামিলের প্রেরিত দিকে হয়। আর ব্যাংক ওভারড্রাফট রেওয়ামিলের প্রেরিত পার্শ্বে দেখানো হয় তবে প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স (ডেবিট) তবে প্রেরিত; রেওয়ামিলে দেখানো হয় না।

11. মেশিন সংস্থাপন খরচ ৫,০০০ টাকা মজুরি হিসাবে ৫,০০০ টাকা ডেবিট করা হয়েছে। এটি : [RU : [illegible]]

Ⓐ নীতিগত ভুল Ⓑ নীতিগত ও দৈবাৎ ভুল Ⓒ দৈবাৎ ভুল Ⓓ [illegible]

Solve মেশিন সংস্থাপন খরচ মূলধন জাতীয় ব্যয়, তাকে মজুরি হিসাবে দেখায় নীতিগত ভুল এবং ৫,০০০ টাকাকে ৫০০০ টাকা দ্বারা দৈবাৎ ভুল হয়েছে।

12. একটি হিসাবের ভুল অন্য একটি হিসাবের ভুল দ্বারা সংশোধিত হয়ে গেলে তাকে বলে: [RU : [illegible]]

Ⓐ নীতিগত ভুল Ⓑ দৈবাৎ ভুল Ⓒ পরিপূরক ভুল Ⓓ [illegible]

Solve যদি কোনো একটি হিসাবের ভুল অন্য আরেকটি হিসাবের দ্বারা সংশোধিত হয়, তার নাম পরিপূরক ভুল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

09. নিচের কোন ভুলটি রেওয়ামিলে ধরা পড়ে না- [CU : 08-09; BSMRSTU : 13-14]

Ⓐ গণনার ভুল Ⓑ পরিপূরক ভুল Ⓒ ভুল পক্ষে লিখার ভুল Ⓓ কোনোটিই নয়

Solve একটি ভুলের দ্বারা আরেকটি ভুল সংশোধিত হলে তা রেওয়ামিলে ধরা পড়ে না। এ ধরনের ভুলকে বলা হয় পরিপূরক ভুল।

10. নিচের কোন ভুলে নিট আয় অপরিবর্তিত থাকে? [CU : 09-10]

Ⓐ মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় দেখানো হলে
Ⓑ মুনাফা জাতীয় ব্যয়কে মূলধন জাতীয় ব্যয় দেখানো হলে
Ⓒ প্রত্যক্ষ ব্যয়কে পরোক্ষ ব্যয় দেখানো হলে
Ⓓ প্রত্যক্ষ ব্যয়কে মূলধন জাতীয় ব্যয় দেখানো হলে
Ⓔ পরোক্ষ ব্যয়কে মূলধন জাতীয় ব্যয় দেখানো হলে

Solve সাধারণত প্রত্যক্ষ ব্যয়কে পরোক্ষ ব্যয় হিসেবে দেখালে নিট আয় অপরিবর্তিত থাকে। কারণ আয় হতে ব্যয় বাদ দিয়ে নিট আয় বের করা হয়ে থাকে।

11. যন্ত্রপাতির বার্ষিক মেরামত ব্যয় ৫,০০০ টাকা, যন্ত্রপাতি হিসাবে ডেবিট করা হলো। এটি কোন ধরনের ভুল? [CU : 03-04]

Ⓐ লিখার ভুল Ⓑ করণিক ভুল Ⓒ পরিপূরক ভুল Ⓓ নীতিগত ভুল

Solve যন্ত্রপাতির বার্ষিক মেরামত ব্যয় একটি মুনাফাজাতীয় ব্যয়। মুনাফাজাতীয় ব্যয় (মেরামত ব্যয়) কে মূলধনজাতীয় (যন্ত্রপাতি ব্যয়) ব্যয় বলে গণ্য হওয়ায় তা নীতিগত ভুল।

12. নিচের কোন লেনদেনটির হিসাব রেওয়ামিলে দেখানো হয় না? [CU : 03-04]

Ⓐ নগদ বাট্টা Ⓑ কারবারি বাট্টা
Ⓒ সমাপ্তি মজুত পণ্য Ⓓ অনার্জিত আয়

Solve পণ্য দ্রব্য ক্রয়-বিক্রয় কালে বিক্রেতা ক্রেতাকে পণ্য মূল্য তালিকা হতে নির্দিষ্ট হারে যে ছাড় দেয় তাকে কারবারি বাট্টা বলে। কারবারি বাট্টা কোনো প্রকার হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয় না। ফলে এটি রেওয়ামিলে দেখানো হয় না।

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. ..... হচ্ছে পরিপূরক ভুলের প্রকৃতি। [GST : 22-23]

Ⓐ নিরপেক্ষীকরণ Ⓑ ধারাবাহিকতা Ⓒ গোপনীয়তা Ⓓ উপযোগীকরণ

Solve রেওয়ামিলে একটি ভুল দ্বারা অন্য একটি ভুলের পরিমাণ পূরণ হয়ে গেলে তাকে পরিপূরক ভুল বলে। যা নিরপেক্ষীকরণ নামে অভিহিত করা হয়।

02. X এর নিকট থেকে ২,০০০ টাকা প্রাপ্তির স্থলে ২০০ টাকা এবং Y এর নিকট থেকে ২০০ টাকা প্রাপ্তির স্থলে ২,০০০ টাকা লেখা হলে, এটি কোন ধরনের ভুল? [GST-C : 20-21]

Ⓐ নীতিগত ভুল Ⓑ পরিপূরক ভুল
Ⓒ বেদাখিলার ভুল Ⓓ লেখার ভুল

Solve একটি ভুল দ্বারা অন্য একটি ভুলের পরিমাণ সমান হয়ে গেলে তাকে পরিপূরক ভুল বলে। এখানে একজনের প্রাপ্ত অর্থ ১৮০০ টাকা কম লেখা হয়েছে এবং অন্য জনের প্রাপ্ত অর্থ ১৮০০ টাকা বেশি লেখা হয়েছে। তাই এটি পরিপূরক ভুল।

03. কর্মচারী প্রশিক্ষণ ব্যয় বিজ্ঞাপন ব্যয় হিসেবে ভুলভাবে লিপিবদ্ধ হয়। এটি কী ধরনের ভুল? [SUST : 19-20]

Ⓐ বাদপড়ার Ⓑ করণিক Ⓒ লেখার
Ⓓ নীতিগত Ⓔ বেদাখিলার

Solve কোনো হিসাব ডেবিট বা ক্রেডিট করার পরিবর্তে সমজাতীয় অন্য কোনো হিসাব ডেবিট বা ক্রেডিট করলে তাকে বেদাখিলার ভুল বলে। এখানে একটি ব্যয় হিসাবের পরিবর্তে অন্য একটি ব্যয় হিসাব ডেবিট করা হয়েছে।

04. একটি হিসাবের জের ২৯ টাকা যা রেওয়ামিলের ভুল পার্শ্বে ৯২ টাকা বসানো হয়েছে। অন্যান্য সবকিছু সঠিক থাকলে রেওয়ামিলের পার্থক্য হবে- [BRUR : 19-20, 12-13; CoU : 12-13]

Ⓐ ৬৩ টাকা Ⓑ ১২১ টাকা
Ⓒ ২৯ টাকা Ⓓ ৯২ টাকা

Solve ২৯ টাকা হিসাবের জের রেওয়ামিলের ভুল পাশে ৯২ টাকা বসালে পার্থক্য হবে এদের যোগফল। অর্থাৎ (২৯ + ৯২) = ১২১ টাকা।

05. রেওয়ামিলে সমন্বিত ক্রয় থাকলে নিচের কোনটি রেওয়ামিলে দেখাতে হবে? [CoU : 19-20]

Ⓐ প্রারম্ভিক মজুত Ⓑ সমাপনী মজুত পন্য
Ⓒ প্রারম্ভিক নগদ Ⓓ প্রারম্ভিক ব্যাংক জের

Solve সমন্বিত ক্রয়ে সমাপনী মজুত বাদ দিয়ে দেখানো হয় তাই রেওয়ামিলে সমন্বিত ক্রয় থাকলে সমাপনী মজুত রেওয়ামিলে দেখাতে হবে।

06. জনাব শাহীন একজন আসবাবপত্র ব্যবসায়ী। তিনি ৫,০০,০০০ টাকার আসবাবপত্র ক্রয় করে ভুলবশত আসবাবপত্র হিসাব ডেবিট করেন। জনাব শাহীনের ভুলটি কোন প্রকৃতির? [CoU : 18-19]

Ⓐ করণিক ভুল Ⓑ বাদ পড়ার ভুল
Ⓒ পরিপূরক ভুল Ⓓ নীতিগত ভুল

Solve মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা এবং মুনাফা জাতীয় ব্যয়কে মূলধনজাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা নীতিগত ভুল। জনাব শাহীন যেহেতু একজন আসবাবপত্র ব্যবসায়ী তাই এক্ষেত্রে আসবাবপত্র সাধারণ পণ্য (মুনাফা জাতীয় হিসাব) হিসেবে গণ্য হবে। কিন্তু সাধারণ পণ্যকে স্থায়ী সম্পত্তি হিসাবে লিপিবদ্ধ করায় এখানে নীতিগত ভুল হয়েছে।

07. বকেয়া আয় রেওয়ামিলের কোন দিকে বসে? [JKKNIU : 18-19]

Ⓐ ডেবিট Ⓑ ক্রেডিট
Ⓒ ডেবিট ও ক্রেডিট Ⓓ কোনোটিই নয়

Solve একটি প্রতিষ্ঠান যখন বাকিতে সেবা প্রদান করে তখন বকেয়া আয়ের সৃষ্টি হয় এবং এটি একটি প্রতিষ্ঠানের জন্য সম্পত্তি। বকেয়া আয় রেওয়ামিলের ডেবিট দিকে বসানো হয়। পক্ষান্তরে অগ্রিম আয় একটি ব্যবসায় প্রতিষ্ঠানের জন্য দায় এবং অগ্রিম আয় রেওয়ামিলের ক্রেডিট দিকে বসানো হয়।

08. কোন হিসাবের স্বাভাবিক জের ক্রেডিট হতে পারে না? [JKKNIU : 18-19]

Ⓐ অগ্রিম খরচ Ⓑ রাজস্ব হিসাব Ⓒ দায় হিসাব Ⓓ মালিকানাস্বত্ব হিসাব

Solve সম্পত্তি, ব্যয় ও লভ্যাংশ হিসাবের স্বাভাবিক জের হলো ডেবিট এবং আয়, দায় ও মালিকানাস্বত্ব হিসাবের স্বাভাবিক জের হলো ক্রেডিট। অগ্রিম খরচ একটি সম্পত্তি হিসাব এর স্বাভাবিক জের হবে ডেবিট।

09. নিচের কোনটি রেকর্ডিং প্রক্রিয়ার অংশ নয়? [JKKNIU : 18-19]

Ⓐ লেনদেন বিশ্লেষণ Ⓑ লেনদেন জাবেদাভুক্তকরণ
Ⓒ খতিয়ানভুক্তকরণ Ⓓ রেওয়ামিল প্রস্তুতকরণ

Solve আর্থিক ঘটনা বা লেনদেনসমূহ হিসাবনিকাশের বইসমূহে লিপিবদ্ধ করার প্রক্রিয়া বা কার্যাবলিকে হিসাবরক্ষণ/ রেকর্ডিং বলে। রেকর্ডিং প্রক্রিয়ার অংশ ৩টি। যথা: লেনদেনসমূহ বিশ্লেষণ, লেনদেনসমূহ জাবেদাভুক্তকরণ এবং লেনদেনসমূহ খতিয়ানে স্থানান্তরকরণ। রেওয়ামিল প্রস্তুতকরণ হিসাবচক্র প্রক্রিয়ার চতুর্থ ধাপ, রেকর্ডিং প্রক্রিয়ার অংশ নয়।

10. ৫০০ টাকার একটি লেনদেন লিপিবদ্ধ করার সময় ৫০ টাকা লেখা হলে তা কোন ধরনের ভুল? [JKKNIU : 18-19]

Ⓐ পরিপূরক Ⓑ নীতিগত Ⓒ বাদ পড়ার Ⓓ লেখার

Solve কোনো লেনদেন প্রাথমিকভাবে লিপিবদ্ধ করার সময় টাকার পরিমাণে ভুল হলে তাকে পরিমাণ লেখার ভুল বলে। যেমন- ৫০০ টাকার পণ্য ধারে ক্রয় করে জাবেদাভুক্তকরণের সময় উভয় পক্ষে ৫০ টাকা করে লিপিবদ্ধ করা হয়েছে।

11. যদি মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা হয় তবে কোনটি নির্ণয় ভুল হবে। [IU : 18-19]

Ⓐ ব্যাংক উদ্বৃত্ত Ⓑ দেনাদার Ⓒ পাওনাদার Ⓓ নিট মুনাফা

Solve মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা হলে নিট মুনাফা নির্ণয়ে ভুল হবে। কারণ মুনাফা জাতীয় ব্যয় বৃদ্ধির ফলে নিট মুনাফার পরিমাণ হ্রাস পাবে।

12. নিচের কোন হিসাবটি কখনও সমন্বয় দাখিলা পরবর্তী রেওয়ামিলে প্রদর্শিত হবে না? [JnU : 16-17]

Ⓐ প্রদেয় লভ্যাংশ Ⓑ পুঞ্জীভূত অবচয় Ⓒ আয়কর খরচ Ⓓ অনার্জিত আয়

Solve আয়কর খরচকে কখনো সমন্বয় দাখিলা পরবর্তী রেওয়ামিলে দেখানো হয় না।

CamScanner

13. রেওয়ামিলের মাধ্যমে কোন ভুল ধরা পড়ে? [RU : 18-19]

Ⓐ লিখার ভুল Ⓑ নীতিগত ভুল Ⓒ গাণিতিক ভুল Ⓓ হাল পড়ার ভুল

Solve

রেওয়ামিলে যে সমস্ত ভুল ধরা পড়ে	১. খতিয়ানে তোলার সময় হাল পড়ার ভুল ২. খতিয়ান হিসাবের উদ্বৃত্ত নির্ণয়ে ভুল ৩. খতিয়ানে হিসাব পোস্টিং এর ভুল ৪. খতিয়ান উদ্বৃত্ত রেওয়ামিলে তুলনার ভুল ৫. খতিয়ানের লেখার সময় টাকার অঙ্কে ভুল ৬. রেওয়ামিলের যোগফল নির্ণয়ে ভুল
যেসব ভুল রেওয়ামিলে ধরা পড়ে না	১. নীতিগত ভুল ২. করণিক ভুল (হাল পড়ার ভুল, লেখার ভুল, বোঝাপিলার ভুল, পরিপূরক ভুল)

14. কোনটি রেওয়ামিলের ক্রেডিট দিকে হবে? [RU : 16-17]

Ⓐ অজ্ঞাপরিবহন Ⓑ বহিঃপরিবহন
Ⓒ বহিঃক্রয়কর Ⓓ অজ্ঞাক্রয়কর

Solve রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে বহিঃক্রয়কর (ক্রয়করের), বিনিয়োগের সুদ, ব্যাংক জমার সুদ, প্রাপ্ত বাট্টা ইত্যাদি।

15. পরিপূরক ভুল কী হয়? [RU : 16-17]

Ⓐ ধরা পড়ে Ⓑ ধরা পড়ে না Ⓒ কোনোটিই নয় Ⓓ A+B উভয়ই

Solve পরিপূরক ভুল ধরা পড়ে না। কারণ, হিসাব রক্ষকের অজ্ঞাতসারে একটি ভুল অন্য একটি ভুল দক্ষিণার উভয় দিকে সমান হলে তাকে পরিপূরক ভুল বলে। যেমন : মনিকের হিসাবে ৫,০০০ ডেবিট হওয়ার কথা ছিল ভুলে ৫০০ লিখা হয়েছে। অবার তমালের হিসাবে ৫,০০০ টাকা ক্রেডিট হবার কথা ছিল ভুলে ৫০০ টাকা লিখা হয়েছে। ফলে উভয় দিকেই ৪,৫০০ কম হয়েছে। এটি পরিপূরক ভুল এর ফলে রেওয়ামিল মিলে যায় এবং ধরা পড়ে না।

16. কোনটি আর্থিক বিবরণী নয়? [CoU : 16-17]

Ⓐ নগদ প্রবাহ বিবরণী Ⓑ আয় বিবরণী
Ⓒ উদ্বৃত্তপত্র Ⓓ রেওয়ামিল

Solve রেওয়ামিল কোনো আর্থিক বিবরণী নয়। এটি একটি হিসাবের তালিকা মাত্র।

17. যে সকল ভুল রেওয়ামিলকরণকে ব্যাঘাত ঘটায় না তাকে কী নামে অভিহিত করা হয়? [RU : 15-16]

Ⓐ নীতির ভুল ও করণিক ভুল Ⓑ হিসাবের ভুল ও করণিক ভুল
Ⓒ নীতির আংশিক ভুল ও করণিক ভুল Ⓓ কোনোটিই নয় Ans (A)

18. রেওয়ামিল হিসাবের- [PUST : 15-16]

Ⓐ একটি অপরিহার্য অংশ Ⓑ অপরিহার্য অংশ নয়
Ⓒ সম্পূরক ও অপরিহার্য Ⓓ কোনোটিই নয়

Solve কোনো প্রতিষ্ঠান রেওয়ামিল প্রস্তুত না করেও খতিয়ান উদ্বৃত্ত নিয়ে সরাসরি আর্থিক বিবরণী প্রস্তুত করতে পারে। সুতরাং রেওয়ামিল প্রস্তুত করা অপরিহার্য অংশ নয়।

19. একটি মেশিন স্থাপনের জন্য ৫০০০ টাকা মজুরি ব্যয় হলো। এজন্য কোন হিসাবকে ডেবিট করতে হবে? [BRUR : 15-16]

Ⓐ মজুরি Ⓑ যন্ত্রপাতি Ⓒ অবচয় Ⓓ মেরামত

Solve মেশিন স্থাপনের জন্য যে মজুরি প্রদান করা হয়েছে তা মূলধন জাতীয় ব্যয়। এই ব্যয়কে যন্ত্রপাতি হিসাবে ডেবিট করতে হবে।

20. অনিশ্চিত হিসাব রেওয়ামিলে কী নির্দেশ করে? [MBSTU : 15-16]

Ⓐ ডেবিট উদ্বৃত্ত Ⓑ ক্রেডিট উদ্বৃত্ত
Ⓒ ডেবিট ও ক্রেডিট কলামের পার্থক্য Ⓓ কারবারের লাভ লোকসান

Solve কোনো কারণে রেওয়ামিল না মিললে অনিশ্চিত হিসাবের মাধ্যমে মিলান হয়। ডেবিট বা ক্রেডিট যে পাশের টাকার পরিমাণ কম হয় সেই পাশে অনিশ্চিত হিসাব ব্যবহার করা হয়। অনিশ্চিত হিসাব ডেবিট ও ক্রেডিট কলামের পার্থক্য নির্দেশ করে।

21. রেওয়ামিলের উভয় পার্শ্ব সাধারণত [MBSTU : 15-16]

Ⓐ সমান হয় Ⓑ মিলে না
Ⓒ ডেবিট জের দেখায় Ⓓ ক্রেডিট জের দেখায়

Solve দুতরফা দাখিলা পদ্ধতি অনুসরণ করার জন্য রেওয়ামিলের উভয় পার্শ্বে সমান হয়।

22. যদি মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা হয় তাহলে ফলাফল কী হবে? [JaU : 13-14]

Ⓐ চলতি বছরের খরচ বেশি করে প্রদর্শিত হবে
Ⓑ চলতি বছরে মুনাফা কম করে প্রদর্শিত হবে
Ⓒ হিসাববিজ্ঞানের নীতিগত ভুল হবে
Ⓓ সবগুলো

Solve যদি মূলধন জাতীয় ব্যয়কে মুনাফাজাতীয় ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা হয় তবে, তা প্রথমত বিশদ আয় বিবরণীতে খরচ হিসেবে প্রদর্শিত হবে, ফলে খরচ বেশি দেখাবে ও মুনাফা কম দেখাবে। অন্যদিকে এটি একটি নীতিগত ভুলও বটে।

23. খতিয়ান হিসাব খাতসমূহের উদ্বৃত্ত দ্বারা কী তৈরি করা হয়? [RU : 13-14]

Ⓐ আয়-ব্যয় হিসাব Ⓑ আয় বিবরণী Ⓒ রেওয়ামিল Ⓓ চূড়ান্ত হিসাব

Solve খতিয়ান উদ্বৃত্তসমূহের দ্বারা রেওয়ামিল প্রস্তুত করে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করা হয়।

24. রেওয়ামিলে প্রধানত কত প্রকার ভুল হতে পারে যা ধরা পড়ে না? [RU : 13-14]

Ⓐ ৪ Ⓑ ৫ Ⓒ ৬ Ⓓ ৭

Solve রেওয়ামিলে প্রধানত পাঁচ প্রকারের ভুল ধরা পড়ে না। যেমন- ১) বাদ পড়ার ভুল ২) লেখার ভুল ৩) বোঝাপিলার ভুল ৪) পরিপূরক ভুল ও ৫) নীতিগত ভুল

25. Otobi Furniture কর্তৃক আসবাবপত্রের স্থানান্তর বাবদ প্রদত্ত ৪,০০০ টাকা পরিবহন খরচ হিসাবে প্রদর্শিত হয়েছে। এটি একটি- [HSTU : 13-14]

Ⓐ করণিক ভুল Ⓑ বে-দাখিলার ভুল Ⓒ নীতিগত ভুল Ⓓ কোনো ভুল না

Solve এটি কোনো ভুল নয়। কারণ Otobi Furniture একটি আসবাবপত্রের ব্যবসায়ী। এদের পণ্যই হলো আসবাবপত্র। তাই এর বহন ও পরিবহন ব্যয় হিসেবে হিসাবভুক্ত হবে।

26. উত্তোলন রেওয়ামিলের কোন দিকে থাকে এবং কেন? [PUST : 12-13]

Ⓐ ডেবিট দিকে, মূলধনের হ্রাস বলে Ⓑ ক্রেডিট দিকে, আয় বলে
Ⓒ ক্রেডিট দিকে, দায় বলে Ⓓ ডেবিট দিকে, সম্পদের বৃদ্ধি বলে

Solve উত্তোলন রেওয়ামিলের ডেবিট দিকে থাকে কারণ এটি মূলধনের হ্রাস দেখায়।

27. অনিশ্চিত হিসাব- [CoU : 12-13]

Ⓐ সাময়িক হিসাব মাত্র Ⓑ কাল্পনিক হিসাব Ⓒ নামিক হিসাব Ⓓ কোনোটিই না

Solve অনিশ্চিত হিসাব একটি সাময়িক হিসাব।

28. হিসাবের গাণিতিক বিশুদ্ধতা যাচাইয়ের জন্য কোনটি করা হয়? [CoU : 12-13]

Ⓐ জার্নাল Ⓑ লেজার Ⓒ রেওয়ামিল Ⓓ চূড়ান্ত হিসাব

Solve হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের জন্য রেওয়ামিল তৈরি করা হয়।

29. ৫,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় হিসাবরক্ষক ক্রয় হিসাবে গণ্য করে হিসাবভুক্ত করেছেন। এটা কোন ধরনের ভুল? [JKKNIU : 12-13]

Ⓐ লেখার ভুল Ⓑ নীতিগত ভুল Ⓒ দাখিলার ভুল Ⓓ কোনোটিই না

Solve সম্পত্তি ক্রয় বা বিক্রয়কে আয়-ব্যয় হিসাবে লিপিবদ্ধ করা হলে তাকে নীতিগত ভুল বলে।

30. খতিয়ানে একটি হিসাবের জের ১,২৫০ টাকা দুবার লিপিবদ্ধ করা হয়েছে। অন্যান্য সব ঠিক থাকলে ডেবিট ও ক্রেডিট জেরের পার্থক্য- [MBSTU : 12-13]

Ⓐ ১,২৫০ টাকা Ⓑ ২,৫০০ টাকা Ⓒ ৩,৭৫০ টাকা Ⓓ ২,৫৫০ টাকা

Solve কোনো হিসাবের জের দুবার লেখা হলে পার্থক্য হবে পরিমাণ টাকা, অর্থাৎ এখানে ১,২৫০ টাকা দুবার লেখার ফলে পার্থক্য হবে ১,২৫০ টাকা তবে ভুল পাশে বসালে পার্থক্য দ্বিগুণ হবে।

CamScanner

31. নিম্নের কোন ভুলটি রেওয়ামিল ধরা পড়ে? [CoU : 12-13; JnU : 07-08; RU : 08-09]
Ⓐ নীতিগত ভুল Ⓑ পরিপূরক ভুল
Ⓒ বাদ পড়ার ভুল Ⓓ যোগ-বিয়োগের ভুল
Solve Ⓓ সাধারণত কার্যিক ভুল ও নীতিগত ভুলগুলো রেওয়ামিল ধরতে পারে না। অর্থ কার্যিক ভুলগুলো হলো (১) পরিপূরক ভুল (২) বাদ পড়ার ভুল (৩) যোগবিয়োগ ভুল (৪) হিসাব লেখার ভুল।

32. ব্যাংক নিকট হতে ৫,০০০ টাকা প্রাপ্তি মিজানের হিসাবে ক্রেডিট করা হয়েছে। এটি কোন জাতীয় ভুল? [MBSTU : 11-12]
Ⓐ বাদ পড়ার ভুল Ⓑ পরিপূরক ভুল
Ⓒ নীতিগত ভুল Ⓓ লেখার ভুল
Solve Ⓓ একজনের নিকট থেকে টাকা পেয়ে অন্যজনের নামে লেখা হলে বা টাকার পরিমাণ কম বা বেশি লেখা হলে তাকে লেখার ভুল বলা হয়।

33. কোন ভুল রেওয়ামিল মিলকরণে ব্যাঘাত ঘটায়, সেটা কোন ধরনের ভুল? [CoU : 11-12]
Ⓐ বাদ পড়ার ভুল Ⓑ যোগ বিয়োগ ভুল
Ⓒ লেখার ভুল Ⓓ নীতিগত ভুল
Solve Ⓑ এখানে, যোগ বিয়োগ ভুল রেওয়ামিল মিলকরণে ব্যাঘাত ঘটায়।

34. কোন একটি হিসাবে ২,০০০ টাকার পরিবর্তে ২০০ টাকা লেখা কোন ধরনের ভুল? [BRUR : 11-12]
Ⓐ নীতিগত ভুল Ⓑ বাদ পড়ার ভুল
Ⓒ পরিপূরক ভুল Ⓓ লেখার ভুল
Solve Ⓓ ২,০০০ টাকার পরিবর্তে ২০০ টাকা লেখা হলো লিখনের বা লেখার ভুল।

35. অনিশ্চিত হিসাব কোন ধরনের হিসাব? [IU : 11-12]
Ⓐ অস্থায়ী Ⓑ স্থায়ী Ⓒ চলতি Ⓓ দীর্ঘমেয়াদি
Solve Ⓐ যখন রেওয়ামিল মিল না তখন রেওয়ামিলের দুই পাশের পার্থক্যকে সাময়িকভাবে দূর করে রেওয়ামিল মিলানোর জন্য অনিশ্চিত হিসাব খোলা হয়। সুতরাং অনিশ্চিত হিসাব একটি অস্থায়ী বা সাময়িক হিসাব।

36. সমন্বিত রেওয়ামিল হতে অতি সহজে কী তৈরি করা যায়? [IU : 11-12]
Ⓐ আর্থিক বিবরণী Ⓑ হিসাব বিবরণী
Ⓒ আয়-ব্যয় বিবরণী Ⓓ আয় বিবরণী
Solve Ⓐ সমন্বিত রেওয়ামিল হলো সমন্বয় জাতীয় হিসাবসমূহ সমন্বয় করার পর প্রস্তুতকৃত রেওয়ামিল। এটির মাধ্যমে অতি সহজে আয় ব্যয় বিবরণী ও উদ্বৃত্তপত্র প্রস্তুত করা সম্ভব।

37. নিম্নে কোনটি "পরিপূরক ভুল" এর উদাহরণ? [JnU : 09-10]
Ⓐ ৫,০০০ টাকার একটি মেরামত খরচ "যন্ত্রপাতি হিসাবে" ডেবিট করা হয়েছে
Ⓑ অফিস প্রদত্ত বেতন, বেতন হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে
Ⓒ ১৫,০০০ টাকার আসবাবপত্র ভুলবশত "আসবাবপত্র হিসাব"-কে ডেবিট করা হয়েছে এবং সমপরিমাণ টাকায় ভুলবশত ঋণ হিসাবকে ক্রেডিট করা হয়েছে
Ⓓ ৫০০ টাকার পরিবর্তে ভুলে ৫,০০০ টাকায় একটি হিসাবকে ডেবিট করা হয়েছে
Solve Ⓒ যদি একটি হিসাবের ভুলের দ্বারা আরেকটি হিসাবের সমপরিমাণ ভুলের সমন্বয় ঘটে তবে তা পরিপূরক ভুল।

38. একটি প্রতিষ্ঠান সাধারণত হিসাবকাল শেষে রেওয়ামিল প্রস্তুত করে- [SUST : 09-10]
Ⓐ লেনদেনের জের দ্বারা Ⓑ হিসাবের জের দ্বারা
Ⓒ জাবেদার জের দ্বারা Ⓓ খতিয়ান হিসাবের জের দ্বারা
Solve Ⓓ কোনো প্রতিষ্ঠানের হিসাবকাল শেষে উক্ত প্রতিষ্ঠানের খতিয়ান হিসাবসমূহের উদ্বৃত্ত বা জেরসমূহ নিয়ে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করার জন্য যে বিবরণী বা তালিকা তৈরি করা হয়, তার নাম রেওয়ামিল।

39. রেওয়ামিল একটি- [CoU : 08-09]
Ⓐ গাণিতিক শুদ্ধতা যাচাই বিবরণী Ⓑ হিসাব
Ⓒ চূড়ান্ত হিসাবের অংশ Ⓓ কোনোটিই নয়
Solve Ⓐ রেওয়ামিল হলো হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের জন্য প্রস্তুতকৃত তালিকা।

40. একটি হিসাবের জের ৯০ টাকা যা রেওয়ামিলের ভুল পার্শ্বে দুইবার লেখা হয়েছে। অন্যান্য সবকিছু ঠিক থাকলে দুই পার্শ্বের পার্থক্য হবে- [JnU : 07-08]
Ⓐ ৯০ টাকা Ⓑ ১৮০ টাকা
Ⓒ ২৭০ টাকা Ⓓ ৩৬০ টাকা
Solve Ⓒ কোনো হিসাবের জের অন্যান্য সবকিছু ঠিক রেখে ভুল পাশে বসালে রেওয়ামিলের যোগফলের পার্থক্য হয় দ্বিগুণ বা ডাবল। আর ভুল পাশে দুইবার বসালে পার্থক্য হবে তিনগুণ।
৯০ টাকা ভুল করে ভুল পাশে দুইবার বসানোর ফলে পার্থক্য হবে (৯০ + ৯০ + ৯০) = ২৭০ টাকা।

41. ভাড়া খরচের জন্য প্রদত্ত ৭৫ টাকা বেতন খরচে ডেবিট এবং নগদান-এ ক্রেডিট পোস্টিং দেওয়া হয়েছে। এ ভুলের ফলে যা হবে: [JnU : 07-08]
Ⓐ রেওয়ামিলের ক্রেডিটসমূহের সমষ্টি ডেবিটসমূহের সমষ্টি থেকে বেশি হবে
Ⓑ রেওয়ামিল মিলে যাবে
Ⓒ ডেবিটসমূহের সমষ্টি ক্রেডিটসমূহের সমষ্টি থেকে ৭৫ টাকা বেশি
Ⓓ ডেবিটসমূহের সমষ্টি ক্রেডিটসমূহের সমষ্টি থেকে ১৫০ টাকা বেশি
Solve Ⓑ ভাড়া খরচের জন্য প্রদত্ত ৭৫ টাকা, এর জন্য জাবেদা হয়, ভাড়া হিসাব ডেবিট ৭৫ টাকা টু নগদান হিসাব ক্রেডিট ৭৫ টাকা। কিন্তু ভুলে বেতন খরচে ডেবিট ৭৫ টাকা ও নগদান হিসাবে ক্রেডিট ৭৫ টাকা পোস্টিং দেওয়া হয়েছে। এ ধরনের ভুলকে বলা হয় বেদাখিলার ভুল বা করণিক ভুল। যার জন্য রেওয়ামিল মিলকরণে কোনো ব্যাঘাত ঘটে না।

42. কখন অনিশ্চিত হিসাব খুলে ভুল সংশোধন করা হয়- [JnU : 07-08]
Ⓐ এক পক্ষের ভুল হলে Ⓑ দুই পক্ষের ভুল হলে
Ⓒ এক পক্ষ ও উভয়পক্ষের ভুল হলে Ⓓ সকল ভুলের ক্ষেত্রে
Solve Ⓐ যখন একটি লেনদেনের একটি পক্ষের হিসাবে বা একদিকের হিসাবে একতরফা ভুলের সৃষ্টি হয়, তখন অনিশ্চিত হিসাব খুলে ভুলের সংশোধন করা হয়।

43. কোন ধরনের ভুল রেওয়ামিলের উভয় দিকের সমতাকে বাধাগ্রস্ত করতে পারে? [JnU : 06-07]
Ⓐ বাদ পড়ার ভুল Ⓑ পরিপূরক ভুল Ⓒ কার্যের ভুল Ⓓ নীতিগত ভুল
Solve Ⓒ কার্যের ভুল হলো এক হিসাব বই থেকে অন্য হিসাব বইতে তুলবার সময় ৫০০ টাকার পরিবর্তে এক পক্ষকে ৫,০০০ টাকায় লিখা। এ ধরনের ভুল রেওয়ামিলের উভয় পক্ষ/দিকের সমতাকে বাধাগ্রস্ত করে।

Step ④ সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. রেওয়ামিলের ডেবিট পাশে দেখানো হয়- [DHA-22]
Ⓐ সকল সম্পদ ও আয় Ⓑ সকল সম্পদ ও ব্যয়
Ⓒ সকল ব্যয় ও আয় Ⓓ সকল সম্পদ ও দায় **Ans** Ⓑ

02. যন্ত্রপাতি মেরামত ১০,০০০ টাকা যন্ত্রপাতি হিসাবে দেখানো হলো- এটি কোন ধরনের ভুল? [MYM-22]
Ⓐ লেখার ভুল Ⓑ নীতিগত ভুল
Ⓒ বাদ পড়ার ভুল Ⓓ পরিপূরক ভুল **Ans** Ⓑ

03. রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় কোনটি? [MYM-22]
Ⓐ প্রারম্ভিক নগদ তহবিল Ⓑ প্রারম্ভিক ব্যাংক জমা
Ⓒ সমাপনী নগদ তহবিল Ⓓ সমাপনী মজুদ পণ্য **Ans** Ⓒ

04. কোন ভুল অনিশ্চিত হিসাবকে প্রভাবিত করে? [MYM-22]
Ⓐ হিসাবের উদ্বৃত্ত নির্ণয়ে ভুল Ⓑ নীতিগত ভুল
Ⓒ পরিপূরক ভুল Ⓓ বাদ পড়ার ভুল **Ans** Ⓐ

05. অনিশ্চিত হিসাব কোন ধরনের হিসাব? [RAJ-22; BAR-21]
Ⓐ স্থায়ী Ⓑ সাময়িক
Ⓒ মূলধন Ⓓ মুনাফা **Ans** Ⓑ

06. রেওয়ামিল কী? [DHA-21]
Ⓐ খতিয়ান উদ্বৃত্তসমূহের তালিকা Ⓑ একটি হিসাবখাত
Ⓒ একটি পরিপূর্ণ হিসাব Ⓓ একটি আংশিক হিসাব **Ans** Ⓐ

CamScanner

01. কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না? [RAJ-21]
(A) প্রারম্ভিক মজুত ও সমাপনী মজুত (B) সমাপনী মজুত ও ক্রয়
(C) সমাপনী মজুত ও বিক্রয় (D) প্রারম্ভিক মজুত (Ans-A)

02. কোন ধরনের ভুল আংশিক রেওয়ামিল মিলে যায়? [CTG-21]
(A) ক্রমাধিক ভুল (B) নীতিগত ভুল (C) মোকাম ভুল (D) উভয় বিপরীতমুখী ভুল (Ans-B)

03. রেওয়ামিলের ডেবিট কলামের সমষ্টি- [DIN-21]
(A) সংখ্যা ক্রয় ও সংখ্যা মজুত সমান (B) অফিস খরচ ও অফিস আয় সমান
(C) ক্রয় খরচ ও অফিস আয় সমান (D) অফিস খরচ ও সংখ্যা মজুত সমান (Ans-C)

04. রেওয়ামিলে যেসব ভুল ধরা পড়ে- [DIN-21]
i. হস্তান্তরের ভুল ii. পরিমাণের ভুল iii. নীতিগত ভুল
নিম্নের কোনটি সঠিক?
(A) i ও ii (B) i ও iii (C) ii ও iii (D) i, ii ও iii (Ans-D)

05. একটি হিসাবের খোলা ৪,০০০ টাকা, যা রেওয়ামিলে সঠিক কলামে ২০০ টাকার লিখা হয়েছে। রেওয়ামিলে কত টাকার পার্থক্য হবে? [CUM-21]
(A) ৪,২০০ টাকা (B) ৪,৪০০ টাকা
(C) ৩,৮০০ টাকা (D) ৩,৬০০ টাকা (Ans-A)

06. অসতর্কতা বশতঃ কয়া সম্পর্কে হিসাব খোলা কোন জাতীয় ভুল? [CUM-21]
(A) হস্তান্তর ভুল (B) সাদৃশ্য ভুল
(C) নীতিগত ভুল (D) পরিপূরক ভুল (Ans-C)

07. আলোকসজ্জা বিক্রেতাকে ডেবিট করায় পরিমাণে যদি ভুলবশতঃ ডেবিট করা হয় আলোকসজ্জা আলোকসজ্জা হিসাবকে কী করতে হবে? [CTG-21]
(A) হিসাব টাকায় ক্রেডিট করতে হবে
(B) হিসাব টাকায় ডেবিট করতে হবে
(C) সমন্বিতে টাকায় ডেবিট করতে হবে
(D) সমন্বিতে টাকায় ক্রেডিট করতে হবে (Ans-A)

08. আসল সরঞ্জাম ক্রয় বাবদ পণ্য ক্রয় হিসাবে ডেবিট করা হয় তবে ইহা কোন ধরনের ভুল? [CTG-21]
(A) নীতিগত ভুল (B) পরিপূরক ভুল (C) নীতিগত ভুল (D) বাদ পড়ার ভুল (Ans-C)

09. হিসাবরক্ষকের অসতর্কতায় রেওয়ামিলে পাওনা হিসাব ৩০,০০০ টাকার পরিবর্তে ৩০,০০০ টাকা ডেবিট করা হয়, অন্যদিকে ক্রয় হিসাব ৫৩,০০০ টাকার পরিবর্তে ৫৩,০০০ টাকা ডেবিট করা হয়, রেওয়ামিলে কোন ধরনের ভুল হয়েছে? [MYM-21]
(A) বাদ পড়ার ভুল (B) পরিপূরক ভুল (C) লেখার ভুল (D) নীতিগত ভুল (Ans-B)

10. সমাপনী মজুত পণ্য কখন রেওয়ামিলে অন্তর্ভুক্ত করতে হয়? [MYM-21]
(A) বছরে বিক্রয় থাকলে (B) বছরে ক্রয় থাকলে
(C) প্রারম্ভিক মজুত না থাকলে (D) সমাপনী ক্রয় থাকলে (Ans-B)

11. কয়েকটি ভুল পরস্পর সমান মাত্রায় একটি পক্ষ দিয়ালের করা হলে তাকে কী বলে?
(A) লেখার ভুল (B) বাদ পড়ার ভুল (C) ক্রমাধিকের ভুল (D) ভেদের ভুল (Ans-D)

12. নিম্নের কোন সম্পত্তিটি রেওয়ামিলের ডেবিট পাশে বসবে?
(A) সাধারণ সম্পত্তি (B) অবসায়ীর পাওনা সম্পত্তি
(C) পাওনাদারের দাবি সম্পত্তি (D) হিসাবরক্ষকের দাবি সম্পত্তি (Ans-A)

13. অফিসের সব রেওয়ামিলের কোন ঘরে লেখা হয়?
(A) ডেবিট (B) ক্রেডিট (C) উভয় (D) বসবে না (Ans-B)

14. রেওয়ামিলের মিলন কোনো পক্ষ না থাকার অন্যতম কারণ কী?
(A) রেওয়ামিল হিসাব প্রারম্ভিক ভোলো ভুল থাকে
(B) যদি একটি হিসাব ভাউচারের মাধ্যমে করা হয়
(C) একটি হিসাবের লেনদেন দুটি ঘরে ডেবিট হয়
(D) এক টাকার ভোলো হিসাব ডেবি করা ভাউচার ভোল করা হয় (Ans-A)

15. বিক্রয় হিসাবের জের ২,৭৫,০০০ টাকা, এখানকার পণ্য হয়েছে ৫ বছর হিসাব রেওয়ামিলে উপর ১৫,০০০ টাকা অবলোপি পাওনা ও ৫% সংরক্ষিত হয়েছে হয়। রেওয়ামিলে বিক্রয় হিসাবের কত টাকা থাকবে?
(A) ২,৭৫,০০০ টাকা ক্রেডিট (B) ২,৫৫,০০০ টাকা ক্রেডিট
(C) ২,৩০,০০০ টাকা ক্রেডিট (D) ২,৫৪,৩৫০ টাকা ক্রেডিট (Ans-C)

16. একটি নালি ১০০ টাকা রেওয়ামিলের ডেবিট পাশে বসানো হয়েছে। ফলে রেওয়ামিলের ডেবিট পাশের সমষ্টি অপেক্ষা ক্রেডিট পাশের সমষ্টির কোন দিকের কোনটি বেশি হবে? [DHA-19]
(A) ডেবিট দিকে ২০০ টাকা বেশি হবে
(B) ডেবিট দিকে ২০০ টাকা কম হবে
(C) ক্রেডিট দিকে ১০০ টাকা বেশি হবে
(D) ক্রেডিট দিকে ১০০ টাকা কম হবে (Ans-)

18. কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না? [RAJ-19]
(A) অফিসের সাপ্লাইজ (B) বকেয়া বেতন
(C) প্রারম্ভিক মজুত পণ্য (D) অনুপার্জিত আয় (Ans-)

19. কোনটি রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে? [BES-19]
(A) মজুরি (B) কর্মচারীর বেতন
(C) অগ্রদানকর (D) সাধারণ সঞ্চিতি (Ans-)

20. মিরাজ এন্ড সন্সের হিসাবরক্ষক দ্বারা তৈরিকৃত রেওয়ামিলে পণ্য ক্রয় ৯০,০০০ টাকার স্থলে ৫৫,০০০ টাকা এবং পণ্য বিক্রয় ৪৫,০০০ টাকার স্থলে ৪০,০০০ টাকা লিপিবদ্ধ করার ভুল থাকা সত্ত্বেও রেওয়ামিল মিলে গেল। মিরাজ এন্ড সন্সের ভুলের পরিমাণ কত? [BAR-19]
(A) ৫,০০০ টাকা (B) ১০,০০০ টাকা
(C) ১৫,০০০ টাকা (D) ২০,০০০ টাকা (Ans-)

21. রেওয়ামিলের ডেবিট দিকে দেখানো হয়- [BAR-19]
(A) সম্পদ, খরচ, অগ্রিম আয় ও অগ্রিম খরচ
(B) সম্পদ, খরচ, বকেয়া আয় ও অগ্রিম খরচ
(C) সম্পদ, খরচ, বকেয়া খরচ ও অগ্রিম আয়
(D) দায়, আয়, বকেয়া খরচ ও অগ্রিম আয় (Ans-)

22. ৩২৫ টাকার জায়গায় ৩৫২ টাকা লেখাকে কী ধরনের ভুল বলে? [DIN-19]
(A) পরিপূরক (B) নীতিগত
(C) বাদ পড়ার (D) লেখার ভুল (Ans-)

23. সমন্বিত ক্রয় হচ্ছে- [CHI-17, CHI-16]
(A) প্রারম্ভিক মজুত + সমাপনী মজুত - ক্রয়
(B) প্রারম্ভিক মজুত + নিট ক্রয় - সমাপনী মজুত
(C) বিক্রয় + সমাপনী মজুত - ক্রয়
(D) সমাপনী মজুত + ক্রয় - প্রারম্ভিক মজুত (Ans-)

24. ৫,০০০ টাকার পণ্য ক্রয়কে হিসাবের বহিতে ভুলবশত ৫০০ টাকা লেখা হয়েছে- ইহা কোন ধরনের ভুল? [BAR-16]
(A) বাদ পড়ার ভুল (B) নীতিগত ভুল
(C) পরিপূরক ভুল (D) লেখাজনিত ভুল (Ans-)

Step ⑤ NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. লেনদেনের দুটি পক্ষের মধ্যে যদি একটি পক্ষ লিপিবদ্ধ করা হলে তাকে কী বলে?
(A) লেখার ভুল (B) বাদ পড়ার ভুল (C) ক্রমাধিকের ভুল (D) ভেদের ভুল (Ans-)

02. নিম্নের কোন সম্পত্তিটি রেওয়ামিলের ডেবিট পাশে বসবে?
(A) সাধারণ সম্পত্তি (B) অবসায়ীর পাওনা সম্পত্তি
(C) পাওনাদারের দাবি সম্পত্তি (D) হিসাবরক্ষকের দাবি সম্পত্তি (Ans-)

03. অফিসের সব রেওয়ামিলের কোন ঘরে লেখা হয়?
(A) ডেবিট (B) ক্রেডিট (C) উভয় (D) বসবে না (Ans-)

04. রেওয়ামিলের মিলন কোনো পক্ষ না থাকার অন্যতম কারণ কী?
(A) রেওয়ামিল হিসাব প্রারম্ভিক ভোলো ভুল থাকে
(B) যদি একটি হিসাব ভাউচারের মাধ্যমে করা হয়
(C) একটি হিসাবের লেনদেন দুটি ঘরে ডেবিট হয়
(D) এক টাকার ভোলো হিসাব ডেবি করা ভাউচার ভোল করা হয় (Ans-)

05. বিক্রয় হিসাবের জের ২,৭৫,০০০ টাকা, এখানকার পণ্য হয়েছে ৫ বছর হিসাব রেওয়ামিলের উপর ১৫,০০০ টাকা অবলোপি পাওনা ও ৫% সংরক্ষিত হয়েছে হয়। রেওয়ামিলে বিক্রয় হিসাবের কত টাকা থাকবে?
(A) ২,৭৫,০০০ টাকা ক্রেডিট (B) ২,৫৫,০০০ টাকা ক্রেডিট
(C) ২,৩০,০০০ টাকা ক্রেডিট (D) ২,৫৪,৩৫০ টাকা ক্রেডিট (Ans-)

06. বিনিয়োগের আবশ্যক তহবিল রেওয়ামিলের কোন ঘরে বসবে?
(A) ডেবিট (B) ক্রেডিট (C) উভয় (D) বসবে না (Ans-)

07. উপজাতীয়র নিকট থেকে আদায় ৬,০০০ টাকা যার মধ্যে ৪,০০০ টাকা পাওনা ছিল এবং ২,০০০ টাকা বকেয়া আছে। এক্ষেত্রে ২,০০০ টাকা রেওয়ামিলে কোথায় বসবে?
(A) ডেবিট (B) ক্রেডিট (C) উভয় (D) বসবে না (Ans-)

08. ভুলবশত জাতীয় হিসাবকে দুনাতা জাতীয় হিসাবে লেখার ফলে কী হয়?
(A) রেওয়ামিল মিলে যায় কিন্তু ভুল ধরা পড়ে না
(B) রেওয়ামিল মিলে যায় এবং ভুলও ধরা পড়ে
(C) রেওয়ামিল অমিল হয় এবং ভুলও ধরা পড়ে
(D) রেওয়ামিল মেলে না এবং ভুল ধরা পড়ে না (Ans-)

09. নিম্নের কোন ভুলটি হলে রেওয়ামিল না মেলার সম্ভাবনা রয়েছে?
(A) সম্পদকে যদি এমন দুইটি হিসাবের একটি ডেবিট ঘরে এবং অপরটি ক্রেডিট ঘরে পাওনা ভোলা হয়।
(B) রেওয়ামিলের হিসাবে সবগুলো ভুলই পাওয়া যাবে
(C) ভুলগুলোর মধ্যে কত যায়, আদায়পত্র হিসাবে দেখানো হয়েছে
(D) একটি লেনদেন সম্পূর্ণই হিসাবের বাইরে রয়েছে (Ans-)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Type 2

সংশোধনী দাখিলা

Step 1

BASIC INFORMATION

সংশোধনী দাখিলা (Correction Entry) : হিসাববিজ্ঞানের রক্ষণশীলতার সীমাবদ্ধতা অনুযায়ী হিসাবে কোন প্রকার কাটা-ছেঁড়া বা ঘষা-মাঝা করা যায় না। তাই হিসাবনিকাশে কোনো প্রকার ভুল ধরা পড়লে তা সংশোধন করার জন্য হিসাববিজ্ঞানের পূর্ণপ্রকাশ নীতি অনুযায়ী যে জাবেদা দাখিলা দেওয়া হয় তাকে সংশোধনী দাখিলা বলে। হিসাবকালের যে কোনো সময় ভুল খুঁজে পাওয়ার সাথে সাথে সংশোধনী দাখিলা দিতে হয়। এটি হিসাবনিকাশের আবশ্যিক কিংবা ঐচ্ছিক কাজ নয়। এটি হিসাব চক্রের পরিত্যাজ্য ধাপ কারণ একজন হিসাবরক্ষককে অবশ্যই সতর্ক থাকতে হবে যেন হিসাবে কোন প্রকার ভুল না হয়। ভুল সংশোধনী জাবেদার প্রধান বিবেচ্য বিষয় হচ্ছে দুটি। যথা : ১. ভুলের ধরণ ও ২. ভুলের সময়।

ভুলের ধরণ : লেনদেন লিপিবদ্ধের সময় দুই ধরনের ভুল হতে পারে।

(ক) একপক্ষের ভুল : লেনদেনের যেকোনো একটি পক্ষ হিসাবভুক্ত করতে ভুল হলে তাকে এক পক্ষের ভুল বা একতরফা ভুল বলে। যেমন : নগদে আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা। আসবাবপত্র হিসাবে ২,০০০ টাকা লেখা হয়েছে।

ভুল দাখিলা	সংশোধনী দাখিলা
আসবাবপত্র ডেবিট ২,০০০ নগদান ক্রেডিট ২০,০০০	আসবাবপত্র ডেবিট ১৮,০০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ১৮,০০০


একদিকের ভুলের জন্য রেওয়ামিলের যোগফল মিলবে না। অর্থাৎ অনিশ্চিত হিসাব সৃষ্টি হয়।

(খ) দুই পক্ষের ভুল : লেনদেনের দুটি পক্ষ একই সাথে ভুল হলে তাকে দুপক্ষের ভুল বলে। যেমন: আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।

ভুল দাখিলা	সংশোধনী দাখিলা
ক্রয় হিসাব ডেবিট ১৫,০০০ নগদান হিসাব ক্রেডিট ১৫,০০০	আসবাবপত্র ডেবিট ১৫,০০০ ক্রয় ক্রেডিট ১৫,০০০

দুই পক্ষের ভুলের জন্য রেওয়ামিল সাধারণত মিলে যায়।

ভুল সংশোধনী দাখিলা (Rectification Entry) :



ভুল সংশোধন পদ্ধতির পর্যায়সমূহ :

(i) প্রথম পর্যায়ে (সঠিক জাবেদা) ভুল না হলে শুদ্ধ বা সঠিক জাবেদা দাখিলা বা লিখনটি কী রূপে হওয়া উচিত ছিল? অর্থাৎ কোন হিসাবকে ডেবিট এবং কোন হিসাবকে ক্রেডিট করা উচিত ছিল সেটি দেখতে হবে।

(ii) দ্বিতীয় পর্যায়ে (ভুল জাবেদা) দেখতে হবে, ভুল করার ফলে কী লিখা হয়েছে? অর্থাৎ কোনটি ডেবিট এবং কোনটি ক্রেডিট করা হয়েছে তা দেখতে হবে।

(iii) তৃতীয় পর্যায়ে (সংশোধিত জাবেদা) দেখতে হবে যে, কী লিখলে পূর্বের ভুলটি সংশোধন হয় এবং সঠিক দাখিলাটি পাওয়া যায়? অর্থাৎ যে হিসাবটি ভুল লেখা হয়েছে তাকে বিপরীত দিকে লিখে কেটে দিতে হবে এবং তার পরিবর্তে যে হিসাবটি হওয়া উচিত তাকে লিখতে হবে।

উদাহরণ : ৫,০০০ টাকার যন্ত্রপাতি ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।

সঠিক দাখিলা:

(i) প্রথম পর্যায়- যন্ত্রপাতি হিসাব ডেবিট ৫,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ৫,০০০ টাকা

ভুল দাখিলা:

(ii) ২য় পর্যায়- ক্রয় হিসাব ডেঃ ৫,০০০ টাকা
নগদান হিসাব ক্রেঃ ৫,০০০ টাকা

সংশোধনী দাখিলা:

(iii) ৩য় পর্যায় - যন্ত্রপাতি হিসাব ডেঃ ৫,০০০ টাকা
ক্রয় হিসাব ক্রেঃ ৫,০০০ টাকা

রেওয়ামিলের মাধ্যমে হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাই করার পরও কিছু ভুল থেকে যায়। ভুলসমূহ সাধারণত তিনটি পর্যায়ে ধরা পড়ে। যথা:

(ক) রেওয়ামিল তৈরি করার পূর্বে : রেওয়ামিল প্রস্তুত করার পূর্বে ভুল ধরা পড়লে একপক্ষের ভুল সংশোধনের জন্য সংশ্লিষ্ট হিসাবটি ডেবিট/ক্রেডিট হবে এবং অপরপক্ষে কোনো সংশোধনী দাখিলার প্রয়োজন নেই কারণ একতরফা ভুলের ক্ষেত্রে শুধু সংশ্লিষ্ট হিসাবটি ঠিক করতে হবে অর্থাৎ ডেবিট বা ক্রেডিট করতে হবে। এরূপ ক্ষেত্রে খতিয়ান হিসাবকে সরাসরি ডেবিট বা ক্রেডিট করে ভুল সংশোধন করতে হয়। এ পর্যায়ে ভুল ধরা পড়লে কোন অনিশ্চিত হিসাব হবে না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

(খ) রেওয়ামিল তৈরি করার পর কিন্তু চূড়ান্ত হিসাব প্রস্তুত করার পূর্বে : রেওয়ামিল প্রস্তুত করার পরে কিন্তু চূড়ান্ত হিসাব প্রস্তুত করার পূর্বে ভুল ধরা পড়লে একপক্ষের ভুল সংশোধনের জন্য সংশ্লিষ্ট হিসাবটি ডেবিট/ক্রেডিট হবে এবং অপর পক্ষের নাম হবে: 'অনিশ্চিত হিসাব'। সাধারণত এ ধরণের ভুলের জন্য অনিশ্চিত হিসাব খুলে ভুল সংশোধন করা হয়।

(গ) চূড়ান্ত হিসাব প্রস্তুতের পর : চূড়ান্ত হিসাব প্রস্তুত করার পরে ভুল ধরা পড়লে একপক্ষের ভুল সংশোধনের জন্য সংশ্লিষ্ট হিসাবটি যদি সম্পত্তি বা দায় হিসাব হয় তাহলে সংশ্লিষ্ট হিসাবটিই ডেবিট/ক্রেডিট হবে এবং অপর পক্ষের নাম হবে: 'অনিশ্চিত হিসাব'। অন্যদিকে, সংশ্লিষ্ট হিসাবটি যদি আয়-ব্যয় হিসাব হয় তাহলে সংশ্লিষ্ট হিসাবের পরিবর্তে মূলধন হিসাব ডেবিট/ক্রেডিট হবে এবং অপর পক্ষের নাম হবে: 'অনিশ্চিত হিসাব'।

ভুলের ধরণ	রেওয়ামিল তৈরির পূর্বে ভুল ধরা পড়লে	রেওয়ামিল তৈরির পরে কিন্তু চূড়ান্ত হিসাবের আগে ভুল ধরা পড়লে	চূড়ান্ত হিসাব তৈরির পরে ভুল ধরা পড়লে
১. ৫০০ টাকার যন্ত্রপাতি ক্রয় ভুলক্রমে যন্ত্রপাতি হিসাবে ৫,০০০ টাকা লেখা হয়েছে।	১. দাখিলার প্রয়োজন নেই, শুধু যন্ত্রপাতি হিসাব ৪,৫০০ ক্রেডিট হবে	অনিশ্চিত হিসাব ৪,৫০০ ডেবিট যন্ত্রপাতি হিসাব ৪,৫০০ ক্রেডিট	অনিশ্চিত হিসাব ৪,৫০০ ডেবিট যন্ত্রপাতি হিসাব ৪,৫০০ ক্রেডিট
২. বিক্রয় হিসাবের যোগফল ভুলে ৯,০০০ টাকা বেশি লেখা হয়েছে।	২. দাখিলার প্রয়োজন নেই, শুধু বিক্রয় হিসাব ৯,০০০ ডেবিট হবে	বিক্রয় হিসাব ৯,০০০ ডেবিট অনিশ্চিত হিসাব ৯,০০০ ক্রেডিট	মূলধন হিসাব ৯,০০০ ডেবিট অনিশ্চিত হিসাব ৯,০০০ ক্রেডিট
৩. যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ৫০০ টাকা ভুলে মজুরি হিসাবে ডেবিট করা হয়েছে।	৩. যন্ত্রপতি হিসাব ৫০০ ডেবিট মজুরি হিসাব ৫০০ ক্রেডিট	যন্ত্রপাতি হিসাব ৫০০ ডেবিট মজুরি হিসাব ৫০০ ক্রেডিট	যন্ত্রপাতি হিসাব ৫০০ ডেবিট মূলধন হিসাব ৫০০ ক্রেডিট
৪. ২০০ টাকার মনিহারি ক্রয় ভুলে বেতন হিসাবে ডেবিট করা হয়েছে।	৪. মনিহারি হিসাব ২০০ ডেবিট বেতন হিসাব ২০০ ক্রেডিট	মনিহারি হিসাব ২০০ ডেবিট বেতন হিসাব ২০০ ক্রেডিট	সংশোধনী দাখিলার প্রয়োজন নেই
৫. মালিক কর্তৃক উত্তোলিত ৫০০ টাকা ভুলে অফিস খরচ হিসাবে লেখা হয়েছে।	৫. উত্তোলন হিসাব ৫০০ ডেবিট অফিস খরচ হিসাব ৫০০ ক্রেডিট	উত্তোলন হিসাব ৫০০ ডেবিট অফিস খরচ হিসাব ৫০০ ক্রেডিট	সংশোধনী দাখিলার প্রয়োজন নেই
৬. কামালের নিকট হতে প্রাপ্ত ৫,০০০ টাকা ভুলে জামালের হিসাবে ক্রেডিট করা হয়েছে।	৬. জামাল হিসাব ৩,০০০ ডেবিট কামাল হিসাব ৩,০০০ ক্রেডিট	জামাল হিসাব ৩,০০০ ডেবিট কামাল হিসাব ৩,০০০ ক্রেডিট	জামাল হিসাব ৩,০০০ ডেবিট কামাল হিসাব ৩,০০০ ক্রেডিট

বহুল পরিলক্ষিত কিছু ভুল এবং তার সংশোধনী দাখিলা নিম্নে দেয়া হলো :

ভুলসমূহ	সংশোধনী দাখিলা
(১) পণ্য ক্রয় করা হলো ২০,০০০ টাকা যা ভুলে ক্রয় বইতে লেখা হয়নি।	ক্রয় হিসাব ডেবিট ২০,০০০ বিবিধ পাওনাদার ক্রেডিট ২০,০০০
(২) ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ভুলক্রমে বিক্রয় বইতে ১,০০০ টাকা লেখা হয়েছে।	দেনাদার হিসাব ডেবিট ৯,০০০ বিক্রয় হিসাব ক্রেডিট ৯,০০০
(৩) ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ভুলক্রমে বিক্রয় হিসাবে ১,০০০ টাকা লেখা হয়েছে।	অনিশ্চিত হিসাব ডেবিট ৯,০০০ বিক্রয় হিসাব ক্রেডিট ৯,০০০
(৪) ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ভুলক্রমে বিক্রয় বইতে ১,০০,০০০ টাকা লেখা হয়েছে।	বিক্রয় হিসাব ডেবিট ৯০,০০০ দেনাদার হিসাব ক্রেডিট ৯০,০০০
(৫) ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করে ভুলক্রমে বিক্রয় হিসাবে ১,০০,০০০ টাকা লেখা হয়েছে।	বিক্রয় হিসাব ডেবিট ৯০,০০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ৯০,০০০
(৬) নগদে আসবাবপত্র ক্রয় করে ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে ১০,০০০ টাকা।	আসবাবপত্র হিসাব ডেবিট ১০,০০০ ক্রয় হিসাব ক্রেডিট ১০,০০০
(৭) একজন আসবাবপত্র ব্যবসায়ী আসবাবপত্র ক্রয় করে ক্রয় হিসাবে ডেবিট করেছে ২০,০০০ টাকা।	কোন প্রকার ভুল হয়নি।
(৮) যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ১২,০০০ টাকা যা মজুরি হিসাবে ডেবিট করা হয়েছে।	যন্ত্রপাতি হিসাব ডেবিট ১২,০০০ মজুরি হিসাব ক্রেডিট ১২,০০০
(৯) আসাদকে ২,০০,০০০ টাকা প্রদান করে ভুলবশত আহাদের হিসাবকে ডেবিট করা হয়েছে ২,০০,০০০ টাকা।	আসাদ হিসাব ডেবিট ২,০০,০০০ আহাদ হিসাব ক্রেডিট ২,০০,০০০
(১০) কর্মচারীকে বেতন প্রদান করা হয়েছে ১,০০০ টাকা, যা বেতন হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে ১০,০০০ টাকা।	অনিশ্চিত হিসাব ডেবিট ৯,০০০ বেতন হিসাব ক্রেডিট ৯,০০০
(১১) নগদে পণ্য বিক্রয় ৪,৫০০ টাকা, কিন্তু বিক্রয় হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে ৫,৪০০ টাকা।	বিক্রয় হিসাব ডেবিট ৯০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ৯০০
(১২) বিক্রয় জাবেদায় ৮,০০০ টাকা লেখার স্থলে ৮০,০০০ টাকা লেখা হয়েছে।	বিক্রয় হিসাব ডেবিট ৭২,০০০ দেনাদার হিসাব ক্রেডিট ৭২,০০০
(১৩) আব্দুল্লাহকে প্রদান করা হয়েছে ৪,০০০ টাকা, কিন্তু আব্দুল্লাহর হিসাবে ক্রেডিট করা হয়েছে ৪,০০০ টাকা।	আব্দুল্লাহ হিসাব ডেবিট ৮,০০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ৮,০০০
(১৪) রাসেলকে প্রদান করা হয়েছে ৫,০০০ টাকা, কিন্তু তার হিসাবে ডেবিট করা হয়েছে ৫০,০০০ টাকা।	অনিশ্চিত হিসাব ডেবিট ৪৫,০০০ রাসেল হিসাব ক্রেডিট ৪৫,০০০

CamScanner

(১৫) মাসুদের নিকট থেকে প্রাপ্ত ২,০০০ টাকা তার হিসাবে ক্রেডিট করা হয়েছে ১০,০০০ টাকা।	মাসুদ হিসাব ডেবিট ১৮,০০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ১৮,০০০
(১৬) ধারে ৫,০০০ টাকার সরঞ্জাম বিক্রয় করে বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে।	বিক্রয় হিসাব ডেবিট ৫,০০০ সরঞ্জাম হিসাব ক্রেডিট ৫,০০০
(১৭) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি।	উত্তোলন হিসাব ডেবিট ৩,০০০ ক্রয় হিসাব ক্রেডিট ৩,০০০
(১৮) গ্রাহকের নিকট ধারে পণ্য বিক্রয় করা হয়েছে ৩,০০০ টাকা, কিন্তু উক্ত লেনদেনটি জাবেদাভুক্ত করা হয় নি।	বিশ্বস্ত দেনাদার হিসাব ডেবিট ৩,০০০ বিক্রয় হিসাব ক্রেডিট ৩,০০০
(১৯) বেতন প্রদান করা হয়েছে ২৫,০০০ টাকা যার জন্য ভুলে ভাড়া হিসাবে ডেবিট করা হয়েছে।	বেতন হিসাব ডেবিট ২৫,০০০ ভাড়া হিসাব ক্রেডিট ২৫,০০০
(২০) করিম এর নিকট থেকে ১৫০ টাকার পণ্য ফেরত, ভুলক্রমে দৈনিক বিক্রয় বহিতে লেখা হয়েছে।	বিক্রয় ফেরত ডেবিট ১৫০ বিক্রয় হিসাব ডেবিট ১৫০ করিম হিসাব ক্রেডিট ৩০০
(২১) হাবিব এন্ড কোং এর নিকট হতে ধারে পণ্য ক্রয় ৭,৫০০ টাকা কিন্তু ক্রয় জাবেদায় ৭৫০ টাকা লেখা হয়েছে।	ক্রয় হিসাব ডেবিট (৭,৫০০ – ৭৫০) ৬,৭৫০ প্রদেয় হিসাব - হাবিব এন্ড কোং ক্রেডিট ৬,৭৫০
(২২) দাউদ এন্ড কোং-এর নিকট হতে পণ্য ক্রয় ৪,৫০০ টাকা ক্রয় জাবেদায় ৫,৪০০ টাকা লেখা হয়েছে।	প্রদেয় হিসাব-দাউদ এন্ড কোং হিসাব ডেবিট ৯০০ ক্রয় হিসাব ক্রেডিট (৫,৪০০ – ৪,৫০০) ৯০০
(২৩) আসিফের নিকট বিক্রয় ৫,০০০ টাকা কিন্তু বিক্রয় জাবেদায় ৫০০ টাকা লেখা হয়।	প্রাপ্য হিসাব-আসিফ হিসাব ডেবিট ৪,৫০০ বিক্রয় হিসাব ক্রেডিট (৫,০০০ – ৫০০) ৪,৫০০
(২৪) আলম এন্ড সন্স-এর নিকট ধারে মাল বিক্রয় ২,৪০০ টাকা কিন্তু ভুলবশত ক্রয় জাবেদায় লেখা হয়েছে।	ক) প্রদেয় হিসাব - আলম এন্ড সন্স ডেবিট ২,৪০০ ক্রয় হিসাব ক্রেডিট ২,৪০০ খ) প্রাপ্য হিসাব - আলম এন্ড সন্স ডেবিট ২,৪০০ বিক্রয় হিসাব ক্রেডিট ২,৪০০
(২৫) রতন ট্রেডার্স-এর নিকট হতে ধারে মাল ক্রয় ১২,০০০ টাকা কিন্তু ভুলক্রমে বিক্রয় জাবেদায় লেখা হয়েছে।	ক) বিক্রয় হিসাব ডেবিট ১২,০০০ প্রাপ্য হিসাব - রতন ট্রেডার্স ক্রেডিট ১২,০০০ খ) ক্রয় হিসাব ডেবিট ১২,০০০ প্রদেয় হিসাব - রতন ট্রেডার্স ক্রেডিট ১২,০০০
(২৬) ক্রয় জাবেদার যোগফল ৫০০ টাকা কম দেখানো হয়েছে।	ক্রয় হিসাব ডেবিট ৫০০ প্রদেয় হিসাব ক্রেডিট ৫০০
(২৭) ক্রয় জাবেদার যোগফল ৬০০ টাকা বেশি দেখান হয়েছে।	প্রদেয় হিসাব ডেবিট ৬০০ ক্রয় হিসাব ক্রেডিট ৬০০
(২৮) বিক্রয় জাবেদার যোগফল ৩০০ টাকা বেশি লেখা হয়েছে।	বিক্রয় হিসাব ডেবিট ৩০০ প্রাপ্য হিসাব ক্রেডিট ৩০০
(২৯) আলমের নিকট হতে নগদ প্রাপ্তি ৭৫০ টাকা কিন্তু তার হিসাবে ৫৭০ টাকা লেখা হয়েছে।	অনিশ্চিত হিসাব ডেবিট (৭৫০ – ৫৭০) ১৮০ প্রাপ্য হিসাব-আলম হিসাব ক্রেডিট ১৮০
(৩০) আবিদ এন্ড কোং-এর নিকট থেকে পণ্য ক্রয় ৪,৭৫০ টাকা কিন্তু তাদের হিসাবে ৭,৪৫০ টাকা ভুলবশত লেখা হয়েছে।	প্রদেয় হিসাব - আবিদ এন্ড কোং ডেবিট ২,৭০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট (৭,৪৫০ – ৪,৭৫০) ২,৭০০
(৩১) অপুকে নগদ প্রদান ১,২৫০ টাকা কিন্তু তাঁর হিসাবে ক্রেডিট করা হয়েছে।	প্রদেয় হিসাব -অপু ডেবিট ২,৫০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ২,৫০০
(৩২) হাসানের নিকট থেকে নগদ প্রাপ্তি ৮০০ টাকা কিন্তু ভুলক্রমে তাঁর হিসাবে ডেবিট করা হয়েছে।	অনিশ্চিত হিসাব ডেবিট ১,৬০০ প্রাপ্য হিসাব ক্রেডিট ১,৬০০
(৩৩) প্রদত্ত মজুরি ১,২০০ টাকা মজুরি হিসাবে দুবার দেখানো হয়েছে।	অনিশ্চিত হিসাব ডেবিট ১,২০০ মজুরি খরচ হিসাব ক্রেডিট ১,২০০
(৩৪) নগদ বিক্রয় ৮০০ টাকা বিক্রয় হিসাবে দুবার পোস্টিং দেওয়া হয়েছে।	বিক্রয় হিসাব ডেবিট ৮০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ৮০০
(৩৫) বিজ্ঞাপন বাবদ ৩,০০০ টাকার চেক প্রদান কিন্তু বিজ্ঞাপন হিসাবখাতে এখনও দেখানো হয়নি।	বিজ্ঞাপন হিসাব ডেবিট ৩,০০০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ৩,০০০
(৩৬) কলকব্জা সংস্থাপনের মজুরি ৪,৫০০ টাকা মজুরি হিসাবে ৫,৪০০ টাকা অন্তর্ভুক্ত করা হয়েছে।	কলকব্জা হিসাব ডেবিট ৪,৫০০ অনিশ্চিত হিসাব ডেবিট ৯০০ মজুরি খরচ হিসাব ক্রেডিট ৫,৪০০
(৩৭) একজন পাওনাদারকে ৪৭৫ টাকা প্রদান করে পাওনাদারের হিসাবখাতে ৭৪৫ টাকা দ্বারা ক্রেডিট হয়েছে।	প্রদেয় হিসাব ডেবিট (৪৭৫ + ৭৪৫) ১,২২০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ১,২২০

CamScanner

গুরুত্বপূর্ণ ভুল সংশোধনী দাখিলা:

ভুল	প্রভাব	ভুল সংশোধনী
১. নগদে যন্ত্রপাতি ক্রয় করে ক্রয় হিসাবে লেখা হয়েছে ২,০০০ টাকা।	যন্ত্রপাতি কম ডেবিট করা হয়েছে ২,০০০ টাকা এবং ক্রয় বেশি ডেবিট করা হয়েছে ২,০০০ টাকা।	যন্ত্রপাতি ডেবিট ২,০০০ ক্রয় ক্রেডিট ২,০০০
২. ১,০০০ টাকা মজুরি প্রদান করে মজুরি হিসাবে লেখা হয়েছে ১০০ টাকা।	এটি একপক্ষের ভুল। অর্থাৎ শুধু মজুরি ব্যয় হিসাবে কম ডেবিট করা হয়েছে ৯০০ টাকা।	মজুরি ডেবিট ৯০০ অনিশ্চিত ক্রেডিট ৯০০
৩. ১,০০০ টাকা মজুরি প্রদান করে মজুরি হিসাবে লেখা হয়েছে ১০,০০০ টাকা।	এটিও এক পক্ষের ভুল। অর্থাৎ নগদান হিসাব সঠিকভাবে ১,০০০ টাকা দ্বারা ক্রেডিট করলে মজুরি হিসাবকে ১০,০০০ টাকা দ্বারা ডেবিট করা হয়েছে।	অনিশ্চিত ক্রেডিট ৯,০০০ মজুরি ক্রেডিট ৯,০০০
৪. ধারে সেবা প্রদান ৬০০ টাকা যা সেবা আয় হিসাবে ৯০০ টাকা লেখা হয়েছে।	শুধু সেবা আয় হিসাবে বেশি ক্রেডিট করা হয়েছে ৩০০ টাকা; ফলে অনিশ্চিত হিসাব ক্রেডিট করা হয়েছে ৩০০ টাকা।	সেবা আয় ডেবিট ৩০০ অনিশ্চিত ক্রেডিট ৩০০
৫. নগদে ২,৫০০ টাকার পণ্য বিক্রয় করে বিক্রয় হিসাবে ৫,২০০ টাকা লেখা হয়েছে।	শুধু বিক্রয় হিসাব বেশি ক্রেডিট করা হয়েছে ২,৭০০ টাকা। সুতরাং বিক্রয়কে ২,৭০০ টাকা দ্বারা কমাতে হবে।	বিক্রয় ডেবিট ২,৭০০ অনিশ্চিত ক্রেডিট ২,৭০০
৬. বিক্রয় বইতে ১০০ টাকার স্থলে ১,০০০ টাকা লেখা হয়েছে।	বিক্রয় হিসাবে ক্রেডিট বেশি করা হয়েছে ৯০০ টাকা এবং দেনাদার হিসাবে বেশি ডেবিট করা হয়েছে ৯০০ টাকা।	বিক্রয় ডেবিট ৯০০ দেনাদার ক্রেডিট ৯০০
৭. ক্রয় বইতে ৫,০০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা লেখা হয়েছে।	ক্রয় হিসাবে কম ডেবিট হয়েছে ৪,৫০০ টাকা এবং পাওনাদার হিসাব কম ক্রেডিট হয়েছে ৪,৫০০ টাকা।	ক্রয় ডেবিট ৪,৫০০ পাওনাদার ক্রেডিট ৪,৫০০
৮. মুক্তাকে ৩,০০০ টাকা প্রদান করে তার হিসাবে ক্রেডিট করা হয়েছে।	মুক্তা হিসাবে কম ডেবিট করা হয়েছে ৩,০০০ টাকা এবং বেশি ক্রেডিট করা হয়েছে ৩,০০০ টাকা; ফলে অনিশ্চিত হিসাব ডেবিট হয়েছে ৬,০০০ টাকা।	মুক্তা ডেবিট ৬,০০০ অনিশ্চিত ক্রেডিট ৬,০০০
৯. ফিরোজ ১,০০০ টাকা প্রদান করে তার হিসাবে ডেবিট করা হয়েছে ১০,০০০ টাকা।	শুধু ফিরোজের হিসাবকে বেশি ডেবিট করা হয়েছে ৯০০০ টাকা। অর্থাৎ এটি একপক্ষের ভুল। যার ফলে অনিশ্চিত হিসাবের সৃষ্টি হয়।	অনিশ্চিত ডেবিট ৯,০০০ ফিরোজ ক্রেডিট ৯,০০০
১০. রাব্বিকে ৬,০০০ টাকা প্রদান করে তার হিসাবে ডেবিট করা হয়েছে ৬০০ টাকা।	শুধু রাব্বির হিসাবে কম ডেবিট করা হয়েছে ৫,৪০০ টাকা।	রাব্বি ডেবিট ৫,৪০০ অনিশ্চিত ক্রেডিট ৫,৪০০
১১.ইমন এর নিকট থেকে প্রাপ্ত ২০০ টাকা তার হিসাবে ডেবিট করা হয়েছে।	শুধু ইমনের হিসাবে ২০০ টাকা কম ক্রেডিট এবং ২০০ টাকা বেশি ডেবিট করা হয়েছে। অর্থাৎ অনিশ্চিত হিসাব ক্রেডিট ৪০০ টাকা	অনিশ্চিত হিসাব ডেবিট ৪০০ ইমন ক্রেডিট ৪০০
১২. রবিনের নিকট থেকে প্রাপ্ত ৩০ টাকা তার হিসাবে ক্রেডিট হয়েছে ৩০০ টাকা।	শুধু রবিনের হিসাবে ২৭০ টাকা বেশি ক্রেডিট করা হয়েছে।	রবিন ডেবিট ২৭০ অনিশ্চিত হিসাব ক্রেডিট ২৭০
১৩. রাজার নিকট থেকে প্রাপ্ত ২০০ টাকা তার হিসাবে ক্রেডিট হয়েছে ২০ টাকা।	শুধু রাজার হিসাবে ১৮০ টাকা কম ক্রেডিট করা হয়েছে।	অনিশ্চিত হিসাব ডেবিট ১৮০ রাজা ক্রেডিট ১৮০
১৪. ধারে ৫০০ টাকার যন্ত্রপাতি ক্রয় করে ক্রয় হিসাবে ডেবিট করা হয়েছে।	যন্ত্রপাতি হিসাব ৫০০ টাকা কম ডেবিট করা হয়েছে এবং ক্রয় হিসাবে ৫০০ টাকা বেশি ডেবিট করা হয়েছে।	যন্ত্রপাতি ডেবিট ৫০০ ক্রয় ক্রেডিট ৫০০
১৫. ৪০০ টাকার সরঞ্জাম বিক্রয় করে বিক্রয় হিসাবে ক্রেডিট করা হয়েছে।	বিক্রয় হিসাবে ৪০০ টাকা বেশি ক্রেডিট করা হয়েছে এবং সরঞ্জাম হিসাবে ৪০০ টাকা কম ক্রেডিট করা হয়েছে।	বিক্রয় ডেবিট ৪০০ সরঞ্জাম ক্রেডিট ৪০০
১৬. ৪,৫০০ টাকার পণ্য ক্রয় করে ক্রয় হিসাবে ৫,৪০০ টাকা লেখা হয়েছে।	শুধু ক্রয় হিসাবে ৯০০ টাকা বেশি ডেবিট করা হয়েছে।	অনিশ্চিত হিসাব ডেবিট ৯০০ ক্রয় ক্রেডিট ৯০০
১৭. সাকিবকে ৬০০ টাকা প্রদান করে রিয়াদের হিসাবে ডেবিট করা হয়েছে।	সাকিবের হিসাবে ৬০০ টাকা কম ডেবিট করা হয়েছে এবং রিয়াদের হিসাবে ৬০০ টাকা বেশি ডেবিট করা হয়েছে।	সাকিব ডেবিট ৬০০ রিয়াদ ক্রেডিট ৬০০
১৮. মালিক কর্তৃক ২৫০ টাকার পণ্য উত্তোলন লিপিবদ্ধ হয়নি।	উত্তোলন হিসাবে ২৫০ টাকা কম ডেবিট করা হয়েছে এবং ক্রয় হিসাবে ২৫০ টাকা কম ক্রেডিট করা হয়েছে।	উত্তোলন ডেবিট ২৫০ ক্রয় ক্রেডিট ২৫০
১৯. ২০০ টাকার পণ্য ধারে ক্রয় করা হয়েছে কিন্তু লিপিবদ্ধ হয়নি।	ক্রয় হিসাবে ২০০ টাকা কম ডেবিট করা হয়েছে এবং পাওনাদার হিসাবে ২০০ টাকা কম ক্রেডিট করা হয়েছে।	ক্রয় ডেবিট ২০০ পাওনাদার ক্রেডিট ২০০
২০. ধারে পণ্য বিক্রয় করা হয়েছে ১০০ টাকা যা লিপিবদ্ধকরণ থেকে বাদ পড়েছে।	দেনাদার হিসাবে ১০০ টাকা কম ডেবিট করা হয়েছে এবং বিক্রয় হিসাবে ১০০ টাকা কম ক্রেডিট করা হয়েছে।	দেনাদার ডেবিট ১০০ বিক্রয় ক্রেডিট ১০০

CamScanner

Step ② At a Glance : Most Important Information

- সংশোধনী দাখিলা করার সময়ের ব্যবধান অথবা সময়ের ভিত্তিতে- **অস্থায়ী বা ভুল হলে।**
- সংশোধনী দাখিলা করা হয়- **ভুল চিহ্নিত হওয়ার সাথে সাথে**
- ভুল সংশোধনী দাখিলা হিসাব চক্রের একটি- **পরিত্যাক্ত ধাপ।**
- ভুল সংশোধনী দাখিলা প্রদান করা হয়- **পূর্ণ প্রকাশ নীতি অনুযায়ী।**
- ভুল সংশোধনী দাখিলা লিপিবদ্ধ করা হয়- **সাধারণ জাবেদায়।**
- লেনদেনের যে সংশোধনের দৃষ্টিকোণ হতে ভুলের প্রকারভেদ- **i. একদিকের ভুল (One-sided Errors) ii. দুই দিকের ভুল (Two sided Errors)**
- একদিকের ভুল হলে- **অনিশ্চিত হিসাবকে ব্যবহার করতে হবে।**
- এক পক্ষের ভুলের কারণে- **অনিশ্চিত হিসাবের সৃষ্টি হয়।**
- দুই পক্ষের ভুল হলে- **অনিশ্চিত হিসাব লেখা যায় না।**
- ভুল সংশোধনী দাখিলার মাধ্যমে বিলুপ্তি ঘটতে পারে- **রেওয়ামিলের অনিশ্চিত হিসাবের।**
- যে ভুল একাধিক হিসাবকে একসাথে প্রভাবিত করে, তাকে দুই দিকের ভুল বা দু তরফা ভুল বলা হয়। এ জাতীয় ভুল সংশোধনে অনিশ্চিত হিসাব খোলা হয় না।
- **দুতরফা দাখিলা পদ্ধতির ধাপ অনুসারে নিম্নের স্তরে হিসাব লিখনে ভুল হতে পারে-**

i. প্রথমিক বই বা বিশেষ জাবেদা বই লিখনে ii. খতিয়ানভুক্তকরণে iii. রেওয়ামিল প্রস্তুতকরণে iv. চূড়ান্ত হিসাব প্রস্তুতকরণে

Step ③ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

ঢাকা বিশ্ববিদ্যালয়

01. একটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান যন্ত্রপাতি ক্রয়-কে ক্রয় হিসাবে দেখিয়েছে। এই ভুল সংশোধনের জন্য কী জাবেদা হবে? [DU : 13-14]

ⓐ ক্রয় হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট
ⓑ ক্রয় হিসাব ডেবিট, পাওনাদার ক্রেডিট
ⓒ যন্ত্রপাতি হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
ⓓ ক্রয় হিসাব ডেবিট, যন্ত্রপাতি হিসাব ক্রেডিট
ⓔ যন্ত্রপাতি হিসাব ডেবিট, সমপরিমাণ হিসাব ক্রেডিট

Solve এটি একটি নীতিগত ভুল। যন্ত্রপাতি ক্রয়ের সঠিক জাবেদা হলো-যন্ত্রপাতি হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট। কিন্তু ভুল করে জাবেদা প্রদান করা হয়েছে-ক্রয় হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট। অর্থাৎ নগদান হিসাবকে ঠিকই লেখা হয়েছে কিন্তু যন্ত্রপাতির পরিবর্তে ক্রয়কে ডেবিট করা হয়েছে। সুতরাং সংশোধনীতে যন্ত্রপাতি হিসাব ডেবিট করতে হবে।

02. ধারে বিক্রয় ৮০০ টাকা বিক্রয় হিসাব ও দেনাদার হিসাবে ক্রেডিট করা হয়েছে। এর প্রভাব কী? [DU : 11-12]

ⓐ দেনাদার হিসাবের জের ১,২০০ টাকা কম হয়েছে
ⓑ দেনাদার হিসাবের জের ৮০০ টাকা কম হয়েছে
ⓒ বিক্রয় ১,২০০ টাকা বেশি ধরা হয়েছে
ⓓ বিক্রয় ৮০০ টাকা বেশি ধরা হয়েছে
ⓔ বিক্রয় হিসাব ও দেনাদার হিসাব উভয়ই ঠিক আছে

Solve ধারে বিক্রয় ৮০০ টাকা এর সঠিক জাবেদা হলো: দেনাদার হিসাব ডেবিট ৮০০ টাকা; বিক্রয় হিসাব ক্রেডিট ৮০০ টাকা। আলোচ্য প্রশ্নে ধারে বিক্রয় ৮০০ টাকা, বিক্রয় হিসাবে ক্রেডিট ও দেনাদার হিসাবে ক্রেডিট করা হয়েছে। এর ফলে বিক্রয় হিসাবের সঠিক জের প্রদর্শিত হবে। কিন্তু দেনাদার হিসাবের ডেবিট পাশে ৮০০ টাকা সঠিকভাবে লিপিবদ্ধ না করা এবং দেনাদার হিসাবের ক্রেডিট ৮০০ টাকা ভুলক্রমে লিপিবদ্ধ করার ফলে দেনাদার হিসাবের জের ১,২০০ টাকা কম দেখানো হবে।

03. ১২,৮০০ টাকার বেতন হিসাবের বইতে লেখা হয়েছে ১৮,২০০ টাকা। সংশোধনী এন্ট্রি টাকায় হবে? [DU : 07-08]

ⓐ বেতন Dr. ১৮,২০০ ক্যাশ Cr. ১৮,২০০
ⓑ ক্যাশ Dr. ১২,৮০০ বেতন Cr. ১২,৮০০
ⓒ বেতন Dr. ৫,৪০০ ক্যাশ Cr. ৫,৪০০
ⓓ ক্যাশ Dr. ৫,৪০০ বেতন Cr. ৫,৪০০
ⓔ ক্যাশ Dr. ৫,৪০০ বেতন Cr. ৫,৪০০

Solve বেতন প্রদান করা হয়েছে ১২,৮০০ টাকা কিন্তু হিসাবের বইতে লিপিবদ্ধ করা হয়েছে ১৮,২০০ টাকা। অর্থাৎ হিসাবের বইতে বেশি লেখা হয়েছে (১৮,২০০ − ১২,৮০০) = ৫,৪০০ টাকা। সুতরাং, সংশোধনী দাখিলা হবে: ক্যাশ (নগদান) হিসাব Dr. ৫,৪০০ টাকা; বেতন হিসাব Cr. ৫,৪০০ টাকা।

04. একটি বিক্রয় ফেরত ভুলক্রমে ক্রয় বহিতে লিপিবদ্ধ হয়েছে। সঠিক/শুদ্ধকরণ জাবেদা কোনটি? [DU : 06-07]

ⓐ বিক্রয় ফেরত-ডেবিট; ক্রয়-ক্রেডিট।
ⓑ ক্রয় ডেবিট; বিক্রয় ফেরত ক্রেডিট।
ⓒ গরমিল হিসাব-ডেবিট; বিক্রয় ফেরত ক্রেডিট।
ⓓ গরমিল হিসাব-ডেবিট; ক্রয় ক্রেডিট।
ⓔ ক্রয় হিসাব ডেবিট; গরমিল হিসাব-ক্রেডিট।

Solve প্রকৃতপক্ষে হওয়ার কথা ছিল- বিক্রয় ফেরত ডেবিট, নগদান ক্রেডিট ভুলের ফলে হয়েছে, ক্রয় হিসাব ডেবিট, নগদান ক্রেডিট।
সুতরাং, ভুলের ফলে নগদানকে ঠিকই ক্রেডিট লিখা হয়েছে। শুধু বিক্রয় ফেরতের পরিবর্তে ক্রয় হিসাবকে ডেবিট করা হয়েছে।
সুতরাং এখন বিক্রয় ফেরত হিসাবকে ডেবিট ও ক্রয় হিসাবকে ক্রেডিট করলেই ভুলটি বিলুপ্ত হয়, এবং প্রকৃত ঘটনাটি ফুটে ওঠে। সুতরাং সংশোধনী দখিলা হবে- বিক্রয় ফেরত হিসাব ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট।

05. নিম্নলিখিত ভুল সংশোধনের জন্য জাবেদা লিখনটি হলো: করিমের কাছ থেকে প্রাপ্ত ১০০ টাকা করিমের হিসাবে ডেবিট করা হয়েছে- [DU : 96-97; IU : 18-19]

ⓐ অনিশ্চিত হিসাব ডেবিট ২০০ টাকা
করিম হিসাব ক্রেডিট ২০০ টাকা
ⓑ করিম হিসাব ডেবিট ১০০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ১০০ টাকা
ⓒ অনিশ্চিত হিসাব ডেবিট ১০০ টাকা
করিম হিসাব ক্রেডিট ১০০ টাকা
ⓓ করিম হিসাব ডেবিট ২০০ টাকা
অনিশ্চিত হিসাব ক্রেডিট ২০০ টাকা

Solve করিমের কাছ থেকে ১০০ টাকা প্রাপ্ত লেনদেনটির জাবেদা হওয়ার কথা ছিল নগদান হিসাব ডেবিট ১০০ টাকা এবং করিম হিসাব ক্রেডিট ১০০ টাকা কিন্তু নগদান হিসাবকে ঠিক রেখে করিমের হিসাবকে ডেবিট করা হয়েছে ১০০ টাকা দ্বারা। করিমের হিসাবকে ক্রেডিট করা হলে করিমের হিসাব থেকে ১০০ টাকা কমে যেত। কিন্তু করিমের হিসাব ডেবিট করায় করিমের হিসাবে ১০০ টাকা বেড়ে যায়। ফলে করিমের হিসাবের পার্থক্য সৃষ্টি হবে (১০০ + ১০০) = ২০০ টাকা। ভুলটি সংশোধনে সঠিক জাবেদা লিখনটি হবে অনিশ্চিত হিসাব ডেবিট ২০০ টাকা; করিম হিসাব ক্রেডিট ২০০ টাকা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. ক্রয় বইয়ের যোগফল ৫০০ টাকা বেশি দেওয়া হলে জাবেদা কোনটি? [HEC : 22-23]

Ⓐ অনিশ্চিত হিসাব ডে ৫০০ টাকা, ক্রয় হিসাব ক্রে ৫০০ টাকা
Ⓑ ক্রয় হিসাব ডে ৫০০ টাকা, অনিশ্চিত হিসাব ক্রে ৫০০ টাকা
Ⓒ ক্রয় হিসাব ডে ৫০০ টাকা, নগদান হিসাব ক্রে ৫০০ টাকা
Ⓓ পাওনাদার হিসাব ডে ৫০০ টাকা, ক্রয় হিসাব ক্রে ৫০০ টাকা Ans Ⓓ

02. সেবা দেওয়ার আগে প্রাপ্ত নগদ ১০০ টাকা জাবেদা বইতে নগদান হিসাব ১০০ টাকা ডেবিট এবং দেনাদার হিসাব ১০০ টাকা ক্রেডিট হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে। এর সংশোধনী এন্ট্রি কী হবে? [DU 7 College : 21-22]

Ⓐ ডেবিট দেনাদার হিসাব ১০০ টাকা এবং ক্রেডিট সেবা আয় হিসাব ১০০ টাকা
Ⓑ ডেবিট নগদান হিসাব ১০০ টাকা এবং ক্রেডিট সেবা আয় হিসাব ১০০ টাকা
Ⓒ ডেবিট দেনাদার হিসাব ১০০ টাকা এবং ক্রেডিট অনুপার্জিত সেবা আয় হিসাব ১০০ টাকা
Ⓓ ডেবিট নগদান হিসাব ১০০ টাকা এবং ক্রেডিট অনুপার্জিত সেবা আয় হিসাব

Solve Ⓒ

ভুল দাখিলা	সঠিক দাখিলা	সংশোধনী দাখিলা
নগদান হিসাব	নগদান হিসাব	দেনাদার হিসাব
দেনাদার হিসাব	অনুপার্জিত সেবা আয় হিসাব	অনুপার্জিত সেবা আয় হিসাব

∴ সংশোধনী দাখিলা :
দেনাদার হিসাব ডেবিট Dr - ১০০
অনুপার্জিত সেবা আয় হিসাব Cr - ১০০

03. যন্ত্রপাতির মেরামত ব্যয় মেশিনারি হিসাবে ডেবিট করা হয়েছে। ভুল সংশোধনের জন্য জাবেদা হবে —। [DU 7 College : 20-21]

Ⓐ মেশিনারি ডেবিট, মেরামত ক্রেডিট Ⓑ মেরামত ডেবিট, মেশিনারি ক্রেডিট
Ⓒ মেরামত ডেবিট, নগদ ক্রেডিট Ⓓ মেশিনারি ডেবিট, নগদ ক্রেডিট

Solve Ⓑ যন্ত্রপাতির মেরামত ব্যয় মেশিনারি হিসাবে ডেবিট করা হলে এখানে নীতিগত ভুল হয়েছে। কারণ মুনাফাজাতীয় ব্যয়কে মূলধনজাতীয় ব্যয়ে লেখা হয়েছে। তাই সঠিক জাবেদা হবে-
মেরামত হিসাব- ডেবিট
এবং মেশিনারি হিসাব - ক্রেডিট

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. ২০১৭ আর্থিক বছর শেষে প্রারম্ভিক মজুত পণ্য ভুলবশত বেশি দেখানো হয়েছে। এই ভুলের কারণে- [JU-E: 18-19]

Ⓐ বিক্রীত পণ্যের ব্যয় বেশি দেখানো হয়েছে
Ⓑ নিট লাভ কম দেখানো হয়েছে
Ⓒ বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় বেশি দেখানো হয়েছে
Ⓓ উপরের সবগুলো

Solve Ⓓ বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় = প্রারম্ভিক মজুত + ক্রীত পণ্যের ব্যয়। যার ফলে প্রারম্ভিক মজুত বেশি দেখানো হলে বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় বেশি দেখানো হবে। বিক্রয়যোগ্য পণ্যের ব্যয় বেশি দেখালে বিক্রিত পণ্যের ব্যয় বেশি ও মোট মুনাফা (পরিশেষে নিট মুনাফা) কম দেখানো হবে।

02. নগদে অফিস সরঞ্জাম ক্রয় ১,৮০০ টাকা ভুলবশত মনিহারি হিসাব ডেবিট করা হয়েছে ১৮০ টাকা এবং নগদান হিসাব ক্রেডিট করা হয়েছে ১৮০ টাকা। ভুল সংশোধনী জাবেদা কী হবে? [JU-E: 18-19]

Ⓐ অফিস সরঞ্জাম হিসাব ডেবিট ১,৮০০ টাকা নগদান হিসাব ক্রেডিট ১,৮০০ টাকা।
Ⓑ অফিস সরঞ্জাম হিসাব ডেবিট ১,৮০০ টাকা মনিহারি হিসাব ক্রেডিট ১,৬২০ টাকা পাওনাদার হিসাব ক্রেডিট ১৮০ টাকা
Ⓒ অফিস সরঞ্জাম হিসাব ডেবিট ১,৮০০ টাকা মনিহারি হিসাব ক্রেডিট ১,৮০০ টাকা
Ⓓ অফিস সরঞ্জাম হিসাব ডেবিট ১,৮০০ টাকা মনিহারি হিসাব ক্রেডিট ১৮০ টাকা নগদান হিসাব ক্রেডিট ১,৬২০ টাকা

Solve Ⓓ অফিস সরঞ্জাম ক্রয় করা হয়েছে কিন্তু হিসাবভুক্ত না হওয়ায় অফিস সরঞ্জাম হিসাবকে ডেবিট করতে হবে ১,৮০০ টাকা দ্বারা, ভুলক্রমে মনিহারি হিসাবকে ডেবিট করায় তাকে আবার মনিহারি হিসাব দ্বারা ক্রেডিট করতে হবে ১৮০ টাকা দ্বারা এবং হিসাব সমীকরণের টাকার পরিমাণ ঠিক রাখার জন্য নগদ হিসাবকে ক্রেডিট করতে হবে ১,৬২০ টাকা দ্বারা।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. বিক্রয়ের জন্য নগদে মেশিন ক্রয় করে ক্রয় হিসাব ডেবিট করা হয়েছে। এটি [RU : 22-23; RU : 12-13]

Ⓐ লিখনের ভুল Ⓑ পরিপূরক ভুল Ⓒ নীতিগত ভুল Ⓓ কোনো ভুল না

Solve Ⓓ বিক্রয়ের জন্য নগদে মেশিন ক্রয় করা হলে এটি ব্যবসায়ে পণ্যদ্রব্য হিসাবে বিবেচিত হবে। তাই এখানে মেশিন ক্রয়কে ক্রয় (ব্যয় হিসাবে লিপিবদ্ধ করতে হবে। সুতরাং এখানে কোন ভুল হয়নি।

02. ধারে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা; কিন্তু ক্রয় বহিতে লিখা হয়েছে ১০,০০০ টাকা এর কী প্রভাব হবে? [RU : 22-23]

Ⓐ দায় বৃদ্ধি পাবে Ⓑ সম্পদ বৃদ্ধি পাবে
Ⓒ দায় ও আয় বৃদ্ধি পাবে Ⓓ দায় ও খরচ কম হবে

Solve Ⓓ বাকিতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা, ক্রয় বহিতে ১০,০০০ টাকা লেখার ফলে ৫,০০০ টাকার ব্যয় এবং দায় কম দেখানো হবে।

03. যন্ত্রপাতি ক্রয় ভুল করে ক্রয় হিসাবে লেখা হয়েছে। সঠিক সংশোধনী জাবেদা হবে- [RU : 17-18; CU : 05-06]

Ⓐ ক্রয় হিসাব ডে: নগদান হিসাব ক্রে:
Ⓑ যন্ত্রপাতি হিসাব ডে: ক্রয় হিসাব ক্রে:
Ⓒ যন্ত্রপাতি হিসাব ডে: নগদান হিসাব ক্রে:
Ⓓ ক্রয় হিসাব ডে: যন্ত্রপাতি হিসাব ক্রে: Ans Ⓑ

04. রাজস্ব খরচকে ভুলক্রমে মূলধনি খরচ হিসাবে হিসাবভুক্ত করা হয়েছে। ভুল সংশোধনের পর হিসাবের ক্ষেত্রে উহার প্রভাব কী হবে? [RU : 11-12]

Ⓐ নিট মুনাফা কমবে,নিট সম্পদ কমবে Ⓑ নিট মুনাফা কমবে, নিট সম্পদ বাড়বে
Ⓒ নিট মুনাফা বাড়বে, নিট সম্পদ কমবে Ⓓ নিট মুনাফা বাড়বে, নিট সম্পদ বাড়বে

Solve Ⓐ রাজস্ব খরচ এর দ্বারা মুনাফার পরিমাণ কমে যায়। সুতরাং রাজস্ব খরচকে মূলধনি খরচ হিসেবে দেখানো হলে মুনাফা বেশি দেখানো হবে। অন্যদিকে উক্ত খরচের বিপরীতে সম্পত্তিও বেশি দেখানো হবে। তবে ভুল সংশোধন করা হলে নিট মুনাফা কম হবে এবং সম্পদের পরিমাণ কমে যাবে।

05. একটি ভুল সংশোধন করার সময় কখন অনিশ্চিত হিসাব ডেবিট বা ক্রেডিট করা হয়? যখন ভুলটি- [RU : 08-09]

Ⓐ একদিকে হয় Ⓑ দুদিকে হয় Ⓒ সকল ধরনের ভুল Ⓓ সম্পূরক ভুল

Solve Ⓐ একটি ভুল সংশোধনের সময় যখন দেখা যায় যে ভুল একদিকের বা একতরফা ভুল, ঠিক তখন অনিশ্চিত হিসাব খোলা হয়।

06. কবীরের নিকট থেকে ১,০০০ টাকার পণ্য ফেরত ভুলক্রমে বিক্রয় বহিতে লেখা হয়েছে। সংশোধনী জাবেদা হবে- [RU : 08-09]

Ⓐ আন্তফেরত হি: ডে: ১,০০০; কবীর হি: ক্রে: ১,০০০
Ⓑ বিক্রয় হি: ডে: ১,০০০; কবীর হি: ক্রে: ১,০০০
Ⓒ আন্তফেরত হি: ডে: ১,০০০; বিক্রয় হি: ক্রে: ১,০০০
Ⓓ আন্তফেরত হি: ডে: ১,০০০; বিক্রয় হি: ডে: ১,০০০; কবীর হি: ক্রে: ২০০০

Solve Ⓓ প্রদত্ত লেনদেনটিতে পণ্য ফেরত আসায়, (i) হওয়ার কথা ছিল আন্তঃফেরত হিসাব টু কবীর হিসাব, (ii) যা হয়েছে কবীর হিঃ ডেঃ টু বিক্রয় হিসাব।

সুতরাং (iii) আন্তঃফেরত হিসাব ডেবিট ও বিক্রয় হিসাব ডেবিট ও কবীর হিসাবকে ডবল টাকা দ্বারা ক্রেডিট করলে পূর্বের ভুল সংশোধিত হয় এবং সঠিক জাবেদাটি লেখা হয়।
সুতরাং প্রদত্ত লেনদেনটির জন্য সংশোধনী জাবেদা হবে–
আন্তঃফেরত ডেবিট ১,০০০
বিক্রয় হিসাব ডেবিট ১,০০০
কবীর হিসাব ক্রেডিট ২,০০০

CamScanner

07. ক এর নিকট থেকে ১৫০ টাকার ফুটবল পেশক বিক্রয় বাবদে লেখা হয়েছে। ভুল সংশোধনী দাখিলা হবে- [RU : 07-08]

Ⓐ আন্তঃ ফেরত হিঃ ডেঃ ১৫০ ক হিসাব ক্রেঃ ১৫০

Ⓑ বিক্রয় হিসাব ডেঃ ১৫০ ক হিসাব ক্রেঃ ১৫০

Ⓒ আন্তঃ ফেরত হিঃ ডেঃ ১৫০ বিক্রয় হিঃ ডেঃ ১৫০ অনিষ্পত্তি হিঃ ক্রেঃ ৩০০

Ⓓ আন্তঃ ফেরত হিঃ ডেঃ ১৫০ বিক্রয় হিঃ ডেঃ ১৫০ ক হিঃ ক্রেঃ ৩০০

Solve এখানে, সঠিক জাবেদাটি হতো, আন্তঃফেরত হিসাব ডেবিট ১৫০ টু ক এর হিসাব ক্রেডিট ১৫০ ভুল করে, করা হয়েছে, ক-এর হিসাব ডেবিট ১৫০ টু বিক্রয় হিসাব ক্রেডিট ১৫০

অতএব, সংশোধিত জাবেদা হবে, আন্তঃফেরত হিসাব ডেবিট ১৫০ বিক্রয় হিসাব ডেবিট ১৫০ ক-এর হিসাব ক্রেডিট ৩০০

08. যন্ত্রপাতি মেরামত ব্যয় ৪০০ টাকা যন্ত্রপাতি হিসাবে ডেবিট করা হয়েছে। সংশোধনী জাবেদা লিখন দেখাও যদি ভুলটি চূড়ান্ত হিসাব তৈরির পূর্বে আবিষ্কৃত হয়। [RU : 02-03]

Ⓐ মেরামত হিসাব ডেঃ ৪০০/= যন্ত্রপাতি হিসাব ক্রেঃ ৪০০/=

Ⓑ যন্ত্রপাতি হিসাব ডেঃ ৪০০/= মেরামত হিসাব ক্রেঃ ৪০০/=

Ⓒ মেরামত হিসাব ডেঃ ৪০০/= অনিষ্পত্তি হিসাব ক্রেঃ ৪০০/=

Ⓓ অনিষ্পত্তি হিসাব ক্রেঃ ৪০০/= মেরামত হিসাব ডেঃ ৪০০/=

Solve যন্ত্রপাতির মেরামত ব্যয় হলো মুনাফা জাতীয় ব্যয়। এ ধরনের ব্যয়ের জন্য যন্ত্রপাতি হিসাব ডেবিট করতে হবে না। মেরামত হিসাবকে ডেবিট করতে হবে। অর্থাৎ সঠিক জাবেদা হওয়ার কথা ছিল- মেরামত হিসাব ডেবিট নগদান হিসাব ক্রেডিট। কিন্তু ভুল করে- যন্ত্রপাতি হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট করা হয়েছে। অর্থাৎ মেরামত হিসাবের পরিবর্তে যন্ত্রপাতি হিসাবে লেখার ভুল হয়েছে। এখন সংশোধনীতে মেরামত হিসাবকে ডেবিট ও যন্ত্রপাতি হিসাবকে ক্রেডিট করলেই হয়।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. একটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান ইকুইপমেন্ট ক্রয়কে ক্রয় হিসাবে লেখিয়েছে। এই ভুল সংশোধনের জন্য কি জাবেদা হবে? [CU : 22-23]

Ⓐ Cash Account Dr; Purchase Account Cr.

Ⓑ Equipment Account Dr; Suspense Account Cr.

Ⓒ Purchase Account Dr; Equipment Account Cr.

Ⓓ Equipment Account Dr; Purchase Account Cr.

Ⓔ কোনটিই নয়

Solve

ভুল দাখিলা	সংশোধনি দাখিলা
Purchase Account Dr.	Equipment Account Dr.
Accounts Payable Account cr.	Purchase Account cr.

02. বেতন হিসাবে প্রদত্ত টাকা ভুলক্রমে মজুরি হিসাবে লিপিবদ্ধ হয়েছে। এটি সংশোধনের জন্য জাবেদা হবে- [CU : 19-20; CoU : I: 12-13]

Ⓐ বেতন হিসাব Dr. নগদান হিসাব Cr.

Ⓑ মজুরি হিসাব Dr. বেতন হিসাব Cr.

Ⓒ বেতন হিসাব Dr. মজুরি হিসাব Cr.

Ⓓ মজুরি হিসাব Dr. নগদান হিসাব Cr.

Solve এখানে সংশোধনী জাবেদা হবে বেতন হিসাব ডেবিট, মজুরি হিসাব ক্রেডিট।

03. একজন ব্যবসায়ী তার ব্যক্তিগত কম্পিউটারটি ব্যবসায়ের ব্যবহারের জন্য নিয়ে আসেন। এর জন্য কোন দাখিলাটি সঠিক? [CU : 15-16]

Ⓐ কোনো দাখিলা প্রয়োজন নাই

Ⓑ অফিস সরঞ্জাম হিসাব ডেবিট, নগদান হিসাব ক্রেডিট

Ⓒ অফিস সরঞ্জাম হিসাব ডেবিট, প্রাপ্য হিসাব ক্রেডিট

Ⓓ অফিস সরঞ্জাম হিসাব ডেবিট, মূলধন হিসাব ক্রেডিট

Ⓔ অফিস সরঞ্জাম হিসাব ডেবিট, প্রদেয় হিসাব ক্রেডিট

Solve যখন কম্পিউটার ব্যবসায়ে নিয়ে আসা হয় তখন অফিস সরঞ্জাম বৃদ্ধি পায় ফলে অফিস সরঞ্জাম হিসাব ডেবিট। অন্যদিকে মালিক যেহেতু কম্পিউটারটি নিয়ে আসে সেহেতু মালিকের মূলধন বৃদ্ধি পায়। অতএব মূলধন হিসাব ক্রেডিট।

04. একটি প্রতিষ্ঠানের পুরানো আসবাবপত্র বিক্রয় করে প্রাপ্ত ৪,৫০০ টাকা বিক্রয় হিসাবে ক্রেডিট করা হলো। এর জন্য কী সংশোধনী জাবেদা প্রয়োজন? [CU : 15-16]

Ⓐ কোনো জাবেদার প্রয়োজন নাই

Ⓑ নগদান হিসাব ডেবিট; আসবাবপত্র হিসাব ক্রেডিট

Ⓒ বিক্রয় হিসাব ডেবিট; আসবাবপত্র হিসাব ক্রেডিট

Ⓓ বিক্রয় হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট

Ⓔ নগদান হিসাব ডেবিট; প্রদেয় হিসাব ক্রেডিট

Solve পুরোনো আসবাবপত্র বিক্রয় করে আসবাবপত্র হিসাবকে ক্রেডিট না করে বিক্রয় হিসাবকে ক্রেডিট করা হয়েছে। এখন সংশোধনী জাবেদায় বিক্রয় হিসাবকে ডেবিট করতে হবে এবং আসবাবপত্র হিসাবকে ক্রেডিট করতে হবে।

GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. করিমের নিকট থেকে প্রাপ্ত ১০০ টাকা করিমের হিসাবে ক্রেডিট করা হয়েছে। ভুল সংশোধনী জাবেদা কি হবে। [CoU : 18-19; JU : 18-19]

Ⓐ অনিষ্পত্তি হিসাব ডেঃ ১০০ টাকা করিম হিসাব ক্রেঃ ১০০ টাকা

Ⓑ অনিষ্পত্তি হিঃ ডেঃ ২০০ টাকা করিম হিঃ ক্রেঃ ২০০ টাকা

Ⓒ করিম হিসাব ডেঃ ২০০ টাকা নগদান হিসাব ক্রেঃ ২০০ টাকা

Ⓓ করিম হিসাব ডেঃ ১০০ টাকা অনিষ্পত্তি হিসাব ক্রেঃ ১০০ টাকা

Solve

সঠিক জাবেদা	ভুল জাবেদা	সংশোধনী জাবেদা
নগদান - Dr ১০০	করিম - Dr ১০০	অনিষ্পত্তি - Dr ২০০
করিম - Cr ১০০	নগদান - Dr ১০০	করিম - Cr ২০০

02. একটি বিক্রয় ফেরত ভুলক্রমে দৈনিক ক্রয় বহিতে লিপিবদ্ধ হয়েছে। সঠিক শুদ্ধিকরণ জাবেদা কোনটি? [PUST : 17-18]

Ⓐ বিক্রয় ফেরত-ডেবিট; ক্রয়-ক্রেডিট

Ⓑ ক্রয়-ডেবিট; বিক্রয় ফেরত-ক্রেডিট

Ⓒ পরিমল হিসাব-ডেবিট; ক্রয়-ক্রেডিট

Ⓓ পরিমল হিসাব-ডেবিট; বিক্রয় ফেরত-ক্রেডিট

Ans Ⓐ

03. ধারে ক্রয় ৫,০০০ টাকা ভুলবশত ক্রয় ফেরত বহির মাধ্যমে লেখা হয়েছে। এ ভুল সংশোধনে পাওনাদার হিসাবে নিচের কোনটি হবে? [SUST : 16-17]

Ⓐ ৫,০০০ টাকা ডেঃ Ⓑ ৫,০০০ ক্রেঃ Ⓒ ১০,০০০ ক্রেঃ

Ⓓ ১০,০০০ ডেঃ Ⓔ ২,৫০০ ক্রেঃ

Solve

সঠিক জাবেদা	ভুল জাবেদা	সংশোধনী জাবেদা
ক্রয় হি. ডেঃ ৫,০০০	পাওনাদার হি. ডেঃ ৫,০০০	ক্রয় হি. ডেঃ ৫,০০০
পাওনাদার হি. ক্রেঃ ৫,০০০	ক্রয় ফেরত হি. ক্রেঃ ৫,০০০	ক্রয় ফেরত হি. ক্রেঃ ৫,০০০
		পাওনাদার হি. ক্রেঃ ১০,০০০

CamScanner

SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS

১৫. প্রদত্ত প্রশ্ন [illegible] টাকা ক্রমপুঞ্জিত মাসিক বিবরণী লিপিবদ্ধ করা হয়েছে। যদি ভুলটি ক্রয়ের হিসাব তৈরির পরে ধরা পড়ে তবে সংশোধনের জন্য নিম্নের কোন জার্নালটি গঠিত হবে? [BAU. '15-16]

ⓐ প্রদত্ত হিসাব – ক্রেডিট, মাসিক হিসাব – ডেবিট
ⓑ মাসিক হিসাব – ডেবিট, প্রদত্ত হিসাব – ডেবিট
ⓒ প্রদত্ত হিসাব – ডেবিট, অতিরিক্ত হিসাব – ডেবিট
ⓓ কোনো জার্নাল প্রয়োজন হবে না

Solve মাসিক বিবরণী প্রস্তুতের পর ভুল চিহ্নায়িত হল, যেটি দুই পক্ষে ভুল থাকে এবং তাদের একটি যদি আয়-ব্যয় হিসাব হয়, তবে সংশোধনী লিখতে হয়। যেহেতু মাসিক বিবরণী প্রস্তুতের পর সকল আয়-ব্যয় হিসাব বন্ধ হয়ে যায় সেহেতু সংশ্লিষ্ট আয়-ব্যয় হিসাবের পরিবর্তে লাভ-লোকসান সমন্বয় হিসাব/আয় সমন্বয় হিসাব/মূলধন হিসাব ব্যবহার হবে। এবং যদি দুই পক্ষের দুটি হিসাবই আয়-ব্যয়সংক্রান্ত হিসাব হয়, তবে কোনো সংশোধনী লিখতে হয় না। তাদের এই প্রকার ভুলের ক্ষেত্রে ভুল লাভ বা লোকসানের ক্ষেত্রে পরিবর্তন হয় না।

১৬. একটি ভুল সংশোধনী জার্নাল লেখার সময়- [BU. '15-16]

ⓐ ভুল টাকার পরিমাণ লেখা যাবে ⓑ ভুল টাকার পরিমাণ লেখা যাবে না
ⓒ হিসাব ব্যবহার করতে ⓓ হিসাব ব্যবহার করবে

Solve জার্নাল লিখনে ভুল হলে তা ভুল টাকার দ্বারা লাল কালি দ্বারা লিখতে হয় যা লিখে দ্রুত বুঝা যায় ভুল সংশোধনী জার্নাল হবে।

১৭. ই. রহিমের নিকট হতে ১,০০০ টাকার মাল ক্রয় করা হয়েছে। কিন্তু ইহা ক্রয় হিসাবে পরিবর্তে আসবাবপত্র হিসাবে ডেবিট করা হয়েছে। এই ভুল সংশোধন করতে হবেঃ [DU. '13-14]

ⓐ ক্রয় হিসাব ডে., আসবাবপত্র হিসাব ক্রে.
ⓑ অতিরিক্ত হিসাব ডে., আসবাবপত্র হিসাব ক্রে.
ⓒ আসবাবপত্র হিসাব ডে., ক্রয় হিসাব ক্রে.
ⓓ ক্রয় হিসাব ডে., অতিরিক্ত হিসাব ক্রে.

Solve ক্রয় হিসাবের পরিবর্তে আসবাবপত্র ডেবিট করা হয়েছে। সুতরাং ক্রয় হিসাব ডেবিট এবং আসবাবপত্র হিসাব ক্রেডিট করেই ভুলটি সংশোধিত হবে।

১৮. ভুল হিসাব তৈরির পর দেখা গেল ক্রয়াদি খেয়াদে ব্যয় ৫০০ টাকা কম ধরা হিসাব একটি ভুল হয়েছে। এক্ষেত্রে সংশোধনী জার্নাল কী হবে? [BAU. '13-14]

ⓐ খেয়াদের হিসাব ডে. ৫০০ টাকা এবং ক্রয়াদি হিসাব ক্রে. ৫০০ টাকা
ⓑ লাভ-লোকসান সমন্বয় হিসাব ডে. ৫০০ টাকা এবং খেয়াদের হিসাব ক্রে. ৫০০ টাকা
ⓒ লাভ-লোকসান সমন্বয় হিসাব ডে. ৫০০ টাকা এবং ক্রয়াদি হিসাব ক্রে. ৫০০ টাকা
ⓓ ক্রয়াদি হিসাব ডে. ৫০০ টাকা এবং লাভ-লোকসান হিসাব ক্রে. ৫০০ টাকা

Solve মাসিক বিবরণী প্রস্তুতের পর ভুল চিহ্নায়িত হল, যেটি দুই পক্ষে ভুল থাকে এবং তাদের একটি যদি আয়-ব্যয় হিসাব হয়, তবে সংশোধনী লিখতে হয়। যেহেতু মাসিক বিবরণী প্রস্তুতের পর সকল আয়-ব্যয় হিসাব বন্ধ হয়ে যায় সেহেতু সংশ্লিষ্ট আয়-ব্যয় হিসাবের পরিবর্তে লাভ-লোকসান সমন্বয় হিসাব/আয় সমন্বয় হিসাব/মূলধন হিসাব ব্যবহার হবে। এবং যদি দুই পক্ষের দুটি হিসাবই আয়-ব্যয়সংক্রান্ত হিসাব হয়, তবে কোনো সংশোধনী লিখতে হয় না। তাদের এই প্রকার ভুলের ক্ষেত্রে ভুল লাভ বা লোকসানের ক্ষেত্রে পরিবর্তন হয় না।

১৯. হিসাবের ভুলত্রুটি সংশোধন করা হয় কোন জার্নালের মাধ্যমে? [DU. '11-12]

ⓐ পাঠক্রম জার্নাল ⓑ ভুল সংশোধন জার্নাল
ⓒ প্রথম জার্নাল ⓓ ভুল জার্নাল

Solve হিসাবের বইয়ে কোনো ভুল ত্রুটি হলে এবং তা যদি পড়ার পর তাৎক্ষণিকভাবে না করে ভুল সংশোধন জার্নালের মাধ্যমে সংশোধন করা হয়।

২০. ভুল সংশোধনে কখন অতিরিক্ত হিসাবকে ডেবিট বা ক্রেডিট করা হয়? [DU. '15-16]

ⓐ লিখনের ভুল ⓑ এককীভুক্ত ভুল ⓒ দুই দিকের ভুল
ⓓ সম্পূরক ভুল ⓔ পরিপূরক

Solve এক দিকের ভুল হল ৮,০০০ টাকার পণ্য ক্রয় করে ক্রয় হিসাবে ৫০০ টাকা লিখে অন্য সবকিছু ঠিক করে লিখা। ফলে এ ধরনের ভুল সংশোধনের জন্য অতিরিক্ত হিসাব প্রয়োজন হয়।

Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

১১. ক্রয়ের পণ্য সরবরাহ হিসাবে ডেবিট করা হয় সমন্বয় জার্নাল কী হবে? [DIN.'22]

ⓐ ক্রয় হিসাব ডেবিট সরবরাহ হিসাব ক্রেডিট
ⓑ সরবরাহ হিসাব ডেবিট ক্রয় হিসাব ক্রেডিট
ⓒ নগদ হিসাব ডেবিট ক্রয় হিসাব ক্রেডিট
ⓓ ক্রয় হিসাব ডেবিট নগদ হিসাব ক্রেডিট

Ans A

১২. কি কারণে মূল্য ১,০০০ টাকা ডেবিট করা হয়, তাহলে এটি কোন ধরনের ভুল? [JnU.'22]

ⓐ বাদ পড়ার ভুল ⓑ লেখার ভুল
ⓒ নীতিগত ভুল ⓓ নীতিভঙ্গ ভুল

Ans B

১৩. ক্রয়াদি ক্রয় হিসাবে জমা হয়েছে- সঠিক সংশোধনী জার্নাল হবে- [DIN.'22]

ⓐ ক্রয় হিসাব- ডেবিট নগদ হিসাব-ক্রেডিট
ⓑ ক্রয়াদি হিসাব- ডেবিট ক্রয় হিসাব-ক্রেডিট
ⓒ ক্রয়াদি হিসাব- ডেবিট নগদ হিসাব-ক্রেডিট
ⓓ ক্রয় হিসাব- ডেবিট ক্রয়াদি হিসাব-ক্রেডিট

Ans B

১৪. আসবাবপত্র হিসাবকে ডেবিট করার পরিবর্তে ভুল ক্রমপুঞ্জিত ক্রেডিট করা হয় সংশোধনী জার্নালের আসবাবপত্র হিসাবকে কী করতে হবে? [DIN.'21]

ⓐ ক্রয় হিসাব ডেবিট করতে হবে
ⓑ ক্রয় হিসাব ক্রেডিট করতে হবে
ⓒ সরবরাহ হিসাব ডেবিট করতে হবে
ⓓ সরবরাহ হিসাব ক্রেডিট করতে হবে

Ans B

১৫. ব্যাংক বিক্রয়ের সংশোধনী জার্নাল কী হবে? [BAU.'21]

ⓐ প্রাপ্য হিসাব ক্রেডিট ও বিক্রয় হিসাব ক্রেডিট
ⓑ প্রাপ্য হিসাব ডেবিট ও অতিরিক্ত হিসাব ক্রেডিট
ⓒ অতিরিক্ত হিসাব ডেবিট ও বিক্রয় হিসাব ক্রেডিট
ⓓ বিক্রয় হিসাব ডেবিট ও অতিরিক্ত হিসাব ক্রেডিট

Ans A

১৬. আন্তঃব্যবহার চূড়ান্তকরণ ক্রয় হিসাবে লেখা হলে সংশোধনী জার্নাল হবে- [CUS.'21]

ⓐ আন্তঃব্যবহার ডেবিট, প্রাপ্য হিসাব ক্রেডিট
ⓑ ক্রয় হিসাব ডেবিট, আন্তঃব্যবহার ক্রেডিট
ⓒ আন্তঃব্যবহার ডেবিট, ক্রয় হিসাব ক্রেডিট
ⓓ ক্রয় হিসাব ডেবিট, নগদান ক্রেডিট

Ans C

১৭. বিক্রয়ের উদ্দেশ্যে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা ভুলে আসবাবপত্র হিসাবে লিপিবদ্ধ করা হয়েছে। এর সংশোধনী জার্নাল কোনটি? [RAJ.'21]

ⓐ বিক্রয় হিসাব ডেবিট ১০,০০০ আসবাবপত্র হিসাব ক্রেডিট ১০,০০০
ⓑ আসবাবপত্র হিসাব ডেবিট ১০,০০০ বিক্রয় হিসাব ক্রেডিট ১০,০০০
ⓒ ক্রয় হিসাব ডেবিট ১০,০০০ আসবাবপত্র হিসাব ক্রেডিট ১০,০০০
ⓓ ক্রয় হিসাব ডেবিট ১০,০০০ বিক্রয় হিসাব ক্রেডিট ১০,০০০

Ans C

১৮. বিপরীত আয় বিবরণী সমন্বয় হিসাবের মাধ্যমে কোন পর্যায়ের ভুল সংশোধন করা হয়? [RAJ.'19]

ⓐ ট্রায়াঙ্গিক তৈরির পূর্বের চিহ্নায়িত ভুল
ⓑ ট্রায়াঙ্গিক তৈরির পরের চিহ্নায়িত ভুল
ⓒ আর্থিক বিবরণী তৈরির পূর্বের চিহ্নায়িত ভুল
ⓓ আর্থিক বিবরণী তৈরির পরের চিহ্নায়িত ভুল

Ans D

SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS • SWEET PUBLICATIONS

Type 3

লিখিত প্রশ্নোত্তর

Step ① এক কথায় প্রশ্নোত্তর

- মূলধন জাতীয় আয়-ব্যয়কে মুনাফা জাতীয় আয়-ব্যয় অথবা মুনাফা জাতীয় আয়-ব্যয়কে মূলধন জাতীয় আয়-ব্যয় হিসাবে গণ্য করা হলে- নীতিগত ভুলের সৃষ্টি হয়।
- অনিশ্চিত হিসাবের একটি বড় ধরণের জের থাকলে- চূড়ান্ত হিসাব ছাপানোর আগে ভুল খুঁজে বের করতে হবে।
- রেওয়ামিলকে বলা হয়- **List of Accounts** তবে রেওয়ামিল কোন হিসাব নয় বা হিসাবের কোন বই হিসেবে গণ্য করা হয় না।
- হিসাবরক্ষণের ভুল সংশোধনের জন্য প্রকৃত জাবেদা বা সাধারণ জাবেদা বইয়ে যে দাখিলা প্রদান করা হয় তাকে- সংশোধনী দাখিলা বলে।
- মূলত রেওয়ামিল তৈরি করার পর ভুল সংশোধনী দাখিলাকে- আধুনিক কালে সমন্বয় দাখিলা বলে বিবেচনা করা হয়।
- অশুদ্ধি বা ভুল সংশোধনী দাখিলা প্রদানের সময় খেয়াল রাখতে হবে যে ভুলটি দুপক্ষের ভুল নাকি এক পক্ষের ভুল। এক পক্ষের ভুল হলে- অনিশ্চিত হিসাব খুলতে হয়। আর দুপক্ষের ভুল হলে অনিশ্চিত হিসাব খোলার প্রয়োজন হয় না।
- ভুল সংশোধনীর ক্ষেত্রে ভুলটি কখন সংশোধন করতে হবে (রেওয়ামিল তৈরি করার পূর্বে, না রেওয়ামিল তৈরির পরে, নাকি চূড়ান্ত হিসাব তৈরির পরে) উল্লেখ না থাকলে সাধারণত রেওয়ামিল তৈরি করার পর- সংশোধনী দাখিলা দেওয়াই উত্তম।
- রেওয়ামিল তৈরির পূর্বে সংশোধনী দিতে হলে এক পক্ষের ভুলের জন্য- 'ভুল হিসাব' লিখতে হয়। অনিশ্চিত হিসাব লিখতে হয় না।
- চূড়ান্ত হিসাব তৈরি করার পর অশুদ্ধি সংশোধনী দাখিলা দিতে হলে- মুনাফা জাতীয় খরচ/আয় হিসাবের স্থলে সমন্বিত লাভ-লোকসান হিসাব লিখতে হবে। অন্যদিকে অনিশ্চিত হিসাব থাকলে তা বহাল থাকবে। অপরদিকে নামিক হিসাব ছাড়া অন্যান্য হিসাব যেমন দায় বা সম্পত্তিবাচক হিসাব থাকলে উক্ত দায় বা সম্পত্তি ডেবিট/ক্রেডিট করতে হবে।
- দুই দিকের ভুলের জন্য চূড়ান্ত হিসাব তৈরির পর সংশোধনী দাখিলা দিতে হয়- ভুল সম্পর্কিত হিসাব দুটি নামিক হলে এবং টাকার পরিমাণ সমান হলে কোন সংশোধনী দাখিলা প্রয়োজন নেই। তবে একটি নামিক ও অন্যটি অন্যকোনো হিসাব হলে তার জন্য সংশোধনী দাখিলা দিতে হবে।

Step ② গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

সমাপনী মজুত পণ্য রেওয়ামিলে আসে না কেন?

উত্তর : সমাপনী মজুত পণ্য : সমাপনী মজুত পণ্য সাধারণত রেওয়ামিলে অন্তর্ভুক্ত হয় না। কারণ, সমাপনী মজুত পণ্য প্রারম্ভিক মজুত পণ্য ও ক্রয়ের একটি অংশ। যেহেতু প্রারম্ভিক মজুত পণ্য এবং ক্রয় রেওয়ামিলের ডেবিট দিকে দেখানো হয় সেহেতু সমাপনী মজুত পণ্য রেওয়ামিলে দেখানোর দরকার নেই।

সমন্বিত ক্রয় কী?

উত্তর : সমন্বিত ক্রয় = (প্রারম্ভিক মজুত পণ্য + ক্রয় – সমাপনী মজুত পণ্য) যদি সমন্বিত ক্রয়/বিক্রিত পণ্যের ব্যয় দেওয়া থাকে, তাহলে সমাপনী মজুত পণ্যকে রেওয়ামিলের ডেবিট দিকে দেখাতে হবে। তখন প্রারম্ভিক মজুত এবং ক্রয় পণ্য রেওয়ামিলে আসবে না।

একটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান যন্ত্রপাতি ক্রয়-কে ক্রয় হিসাবে দেখিয়েছে। এই ভুল সংশোধনের জন্য কি জাবেদা হবে?

উত্তর : এটি একটি নীতিগত ভুল। যন্ত্রপাতি ক্রয়ের সঠিক জাবেদা হলো-যন্ত্রপাতি হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট। কিন্তু ভুল করে জাবেদা প্রদান করা হয়েছে-ক্রয় হিসাব ডেবিট; নগদান হিসাব ক্রেডিট। অর্থাৎ নগদান হিসাবকে ঠিকই লেখা হয়েছে কিন্তু যন্ত্রপাতির পরিবর্তে ক্রয়কে ডেবিট করা হয়েছে। সুতরাং সংশোধনীতে যন্ত্রপাতি হিসাব ডেবিট করতে হবে। যন্ত্রপাতি হিসাব ডেবিট এবং ক্রয় হিসাব ক্রেডিট।

অনিশ্চিত হিসাব খোলার উদ্দেশ্য কী?

উত্তর : ক. যদি রেওয়ামিল না মেলে এবং তৎক্ষণাৎ এর কারণ উদ্‌ঘাটন না করা যায়, তবে অনিশ্চিত হিসাব খোলা হয় রেওয়ামিল মিলানের জন্য।
খ. অনিশ্চিত হিসাব খোলার আরও একটি উদ্দেশ্য হলো– যখন কোনো লেনদেন লিপিবদ্ধ করার সময় সঠিক হিসাব শিরোনাম খুঁজে পাওয়া না যায়।

ভুল বা অশুদ্ধি সংশোধনের উদ্দেশ্য?

উত্তর : i. সঠিক হিসাবপত্র প্রস্তুত করা
ii. অর্থ বছরের প্রকৃত বা সঠিক লাভ-ক্ষতি নির্ণয় করা
iii. প্রকৃত উপাত্ত বা তথ্য দ্বারা প্রস্তুতকৃত উদ্বৃত্তপত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের সঠিক আর্থিক অবস্থা প্রদর্শন করা

Step ③ সকল বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের লিখিত প্রশ্নোত্তর

২৩শে সেপ্টেম্বর তারিখে সিগমা কোম্পানি ভবিষ্যতে সেবা প্রদানের জন্য জনাব মারুফের নিকট থেকে ৩৫০ টাকার একটি চেক গ্রহণ করেছিল। সিগমা কোম্পানির হিসাবরক্ষক ভুলবশত ৩৫০ টাকা নগদে ডেবিট এবং ৩৫০ টাকা প্রাপ্য হিসাবে ক্রেডিট করেছিল। সে অনুযায়ী লেনদেনটি খতিয়ানে লিপিবদ্ধ করা হয়েছিল। হিসাবরক্ষককে কী সংশোধনী এন্ট্রি হিসাব বহিত লিপিবদ্ধ করতে হবে? [DU লিখিত : 21-22]

উত্তর :

ভুল দাখিলা	সঠিক দাখিলা	সংশোধনী দাখিলা	
নগদান হিসাব	নগদান হিসাব	প্রাপ্য হিসাব	Dr – ৩৫০
প্রাপ্য হিসাব	অনুপার্জিত আয় হিসাব	অনুপার্জিত আয় হিসাব	Cr – ৩৫০

∴ সংশোধনী দাখিলা :
প্রাপ্য হিসাব Dr – ৩৫০, অনুপার্জিত আয় হিসাব Cr – ৩৫০

ভুল সংশোধনের জন্য কোন কোন পরিস্থিতিতে অনিশ্চিত হিসাব ব্যবহার করতে হয়? [রাবি : ১৯-২০]

উত্তর : যদি একপক্ষের ভুল হয় তাহলে ভুল সংশোধনের জন্য অনিশ্চিত হিসাব ব্যবহার করতে হয়।
যেমন : ১,০০০ টাকা মজুরি প্রদান করে মজুরি হিসাবে লেখা হয়েছে ১০০ টাকা। এখানে শুধু মজুরি হিসাবে ৯০০ টাকা কম লেখা হয়েছে কিন্তু নগদান হিসাবে সঠিক পরিমাণ লেখা হয়েছে। তাই এটি একপক্ষের ভুল।
∴ সংশোধনী জাবেদা হবে : মজুরি হিসাব Dr – ৯০০ টাকা এবং অনিশ্চিত হিসাব Cr – ৯০০ টাকা।

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Type 4 গাণিতিক সমস্যাবলি

Step ① প্রয়োজনীয় সূত্রাবলি

- প্রারম্ভিক নগদ ও প্রারম্ভিক ব্যাংক জমার উল্লেখ বা জের দেওয়া থাকলে রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না।
- সাধারণত সমাপনী মজুত পণ্য রেওয়ামিল অন্তর্ভুক্ত হয় না। তবে সমন্বিত ক্রয় রেওয়ামিলে উপস্থিত থাকলে সমাপনী মজুত পণ্য রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে। কারণ, সমন্বিত ক্রয় বলতে (প্রারম্ভিক মজুত + ক্রয় – সমাপনী মজুত) বুঝায়। তখন সমাপনী মজুত হিসাব আর বিবরণীতে না দেখিয়ে সরাসরি উদ্বৃত্তপত্রে সম্পত্তির দিকে দেখাতে হয়।
- রেওয়ামিলের ডেবিট জের ক্রেডিট জেরের চেয়ে বেশি হলে এবং ক্রেডিট দিকে মূলধন আইটেম না থাকলে পার্থক্যকে– মূলধন জের ধরতে হয় বা ধরেই রেওয়ামিলে মিলাতে হয়।
- ভাড়া, সুদ, বাট্টা, কমিশন প্রভৃতি দফার ক্ষেত্রে প্রাপ্ত বা প্রদত্ত বলা না থাকলে, এ দফাগুলোকে– খরচ বলে গণ্য করতে হবে।
- সমাপ্যপত্র ক্রয়, সরকারি সিকিউরিটিজ ক্রয়, বিক্রয় স্থায়িত্বানের জের, প্রদত্ত ঋণ, খুচরা যন্ত্রাংশ, প্রাক্তন উন্নয়ন, ভূমি উন্নয়ন, নিজস্ব সম্পত্তি, জীবনবিমা প্রিমিয়াম, কম্পিউটার, গ্রন্থাগার, প্যাটেন্টস্বত্ব, প্রাথমিক খরচাবলি, প্রভৃতি রেওয়ামিলের ডেবিট দিকে বসাতে হয়।

Step ② গাণিতিক সমস্যা ও সমাধান

01. একটি হিসাবের জের ৫০ টাকা যা রেওয়ামিলে বসানো হয়নি, রেওয়ামিলের দুই পাশের পার্থক্য কত হবে?
সমাধান : রেওয়ামিলের দুই পাশের পার্থক্য হবে: ৫০ টাকা।

02. একটি হিসাবের জের ৫০ টাকা যা রেওয়ামিলে ভুল পাশে বসানো হয়েছে, রেওয়ামিলের পার্থক্য হবে?
সমাধান: রেওয়ামিলের দুই পাশের পার্থক্য হবে: (৫০ + ৫০) = ১০০ টাকা।

03. একটি হিসাবের জের ২৫ টাকা যা রেওয়ামিল ভুল পাশে ৫২ টাকা লেখা হয়েছে। রেওয়ামিলের পার্থক্য হবে?
সমাধান : রেওয়ামিলের দুই পাশের পার্থক্য হবে: (২৫ + ৫২) = ৭৭ টাকা।

04. একটি হিসাবের জের ২৫ টাকা যা রেওয়ামিলে ৫২ টাকা লেখা হয়েছে। পার্থক্য কত হবে?
সমাধান : রেওয়ামিলের দুই পাশের পার্থক্য হবে: (৫২ - ২৫) = ২৭ টাকা।

05. একটি হিসাবের জের ২৫ টাকা যা রেওয়ামিলের ভুল পাশে ২ বার লেখা হয়েছে। পার্থক্য কত হবে?
সমাধান : রেওয়ামিলের দুই পাশের পার্থক্য হবে: (২৫ + ২৫ + ২৫) = ৭৫ টাকা।

06. একটি হিসাবের জের ২৫ টাকা যা রেওয়ামিলে ২ বার লেখা হয়েছে। পার্থক্য কত হবে?
সমাধান : রেওয়ামিলের দুই পাশের পার্থক্য হবে: ২৫ টাকা।

07. একটি হিসাবের জের ২৭ টাকা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো হয়েছে।
সমাধান : রেওয়ামিলের দুই পাশের পার্থক্য হবে: (২৭ + ২৭) = ৫৪ টাকা।

Step ③ সকল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত গাণিতিক প্রশ্নোত্তর

01. রব এন্ড কোং এর নিকট থেকে ৫০০ টাকার মাল বিক্রয়কে ভুলবশত ক্রয় বইতে লিপিবদ্ধ করা হয়েছে। উক্ত দাখিলাটি সঠিকভাবে লিপিবদ্ধ কর, যেখানে ভুল হয়েছে উল্লেখিত হয়েছিল : i. রেওয়ামিলের পূর্বে ii. রেওয়ামিলের পরবর্তীতে এবং iii. চূড়ান্ত হিসাবের পরবর্তীতে। [JnU : 18-19]
সমাধান : একপক্ষের ভুলের ক্ষেত্রে রেওয়ামিলের পূর্বে এবং পরে ধরা ভুলের সংশোধনী দাখিলার পার্থক্য থাকে। এখানে যেহেতু উভয়পক্ষে সমপরিমাণ ভুল রয়েছে, সেহেতু (i) এবং (ii) এর মধ্যে পার্থক্য হবে না।

(i) এবং (ii) এর ক্ষেত্রে সংশোধনী দাখিলা হবে :

প্রাপ্য হিসাব (রব এন্ড কোং)	ডেবিট	১,০০০
ক্রয় হিসাব	ক্রেডিট	৫০০
বিক্রয় হিসাব	ক্রেডিট	৫০০

(iii) এর ক্ষেত্রে সংশোধনী দাখিলা হবে :

প্রাপ্য হিসাব (রব এন্ড কোং)	ডেবিট	১,০০০
লাভ -ক্ষতি সমন্বয় হিসাব	ক্রেডিট	১,০০০

02. ৫৯০ টাকার একটি প্রদেয় বিলের জন্য আদেষ্টার হিসাবকে ৯৫০ টাকা দ্বারা ক্রেডিট করা হলে রেওয়ামিলে অনিশ্চিত হিসাবের পরিমাণ কত হবে? [IU : 16-17]
সমাধান : যখন প্রদেয় বিল স্বীকৃতি দেওয়া হয়, পাওনাদার (আদেষ্টা) হিসাব ডেবিট এবং প্রদেয় বিল হিসাব ক্রেডিট হয়। এখানে আদেষ্টার হিসাবকে ডেবিট না করে ক্রেডিট করা হয়েছে, তাই অনিশ্চিত হিসাবের পরিমাণ হবে (৯৫০ + ৯৫০) = ১,৫৪০ টাকা।

03. আসবাবপত্র পরিবহন খরচ ২০০ টাকা, ভুলে পরিবহন খরচ হিসাবে ২০ টাকা লিখা হয়েছে। এতে রেওয়ামিলের দুই পার্শ্বের পার্থক্য কত হবে? [PUST : 14-15]
সমাধান : আসবাবপত্র পরিবহন খরচ ডেবিট দিকে বসে এবং পরিবহন খরচ ও ডেবিট দিকে বসে। নগদ বাবদ ২০০ টাকা ক্রেডিট করা হলেও, পরিবহন খরচে ডেবিট হয়েছে ২০ টাকা। সুতরাং এখানে রেওয়ামিলের দুই দিকের পার্থক্য হবে (২০০ – ২০) = ১৮০ টাকা।

04. একটি হিসাবের জের ১০৮ টাকা রেওয়ামিলের ভুল পার্শ্বে বসানো আছে অন্যসব ঠিক থাকলে যোগফলের পার্থক্য কত হবে? [CoU : 14-15]
সমাধান : একটি হিসাবের জের অন্যান্য সব কিছু ঠিক রেখে ভুল পাশে বসালে দুই পাশের যোগফলের পার্থক্য ভুলকৃত অঙ্কের দ্বিগুণ বা দ্বিগুণ হবে। এখানে দুই পাশের যোগফলের পার্থক্য হবে (১০৮ + ১০৮) = ২১৬ টাকা।

05. জলিলের কাছ হতে প্রাপ্ত ৩৫০ টাকা ভুলক্রমে তার হিসাবে ৫৩০ টাকা লেখা হলে সংশোধনী দাখিলা কী হবে? [PUST : 11-12]
সমাধান : ৩৫০ টাকার পরিবর্তে ৫৩০ টাকা লেখা হয়েছে। টাকার পরিমাণ বেশি লেখা আছে, (৫৩০ – ৩৫০) = ১৮০ টাকা।
সুতরাং সংশোধনী দাখিলা হবে, জলিল হিসাব ডেবিট ১৮০ টাকা এবং অনিশ্চিত হিসাব ক্রেডিট ১৮০ টাকা।

06. রহিমকে ৩০০ টাকা প্রদান করে তার হিসাবে ৩০ টাকা লেখা হয়েছে। কোন হিসাবে ২৭০ টাকা ক্রেডিট হবে? [RU : 08-09]
সমাধান :

সঠিক দাখিলা		ভুল দাখিলা		সংশোধনী দাখিলা	
প্রদেয় হিসাব-রহিম	৩০০	প্রদেয় হিসাব-রহিম	৩০	প্রদেয় হিসাব-রহিম	২৭০
নগদান হিসাব	৩০০	নগদান হিসাব	৩০০	অনিশ্চিত হিসাব	২৭০

এখন তার হিসাবে আরও (৩০০ – ৩০) = ২৭০ টাকা লিখতে হবে। সুতরাং অনিশ্চিত হিসাবে ২৭০ টাকা ক্রেডিট হবে।

07. ভাড়া প্রদান হিসাবের জের ৫৭ টাকা ভুলক্রমে রেওয়ামিলের ক্রেডিট দিকে ৭৫ টাকা লেখা হয়েছে। অন্যান্য হিসাব ঠিক ভাবে লেখা হলে রেওয়ামিলের পার্থক্য কত হবে? [RU : 08-09]
সমাধান : ভুলটির ফলে রেওয়ামিলের পার্থক্যের পরিমাণ হবে, যে পরিমাণ টাকার জের ছিল ও ভুলে ভুল পার্শ্বে যে পরিমাণ টাকা লেখা হয়েছে তার সমষ্টি। অর্থাৎ (৫৭ + ৭৫) = ১৩২ টাকা।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

Part-1 ▶ MCQ

01. হিসাবের গাণিতিক শুদ্ধতা যাচাইয়ের প্রয়োজন হয় চূড়ান্ত হিসাব প্রস্তুতের-
Ⓐ পূর্বে Ⓑ পরে
Ⓒ সাথে সাথে Ⓓ একমাস পরে

02. যদি ৯৪ টাকার ক্রয় ফেরত ভুলবশত বিক্রয় ফেরত হিসাবে ডেবিট করা হয় কিন্তু সরবরাহকারীর হিসাবে শুদ্ধভাবে লিখলে, রেওয়ামিলের মোট জের প্রদর্শিত হবে-
Ⓐ ডেবিট দিক থেকে ক্রেডিট দিকে ৯৪ টাকা বেশি হবে
Ⓑ ক্রেডিট দিক থেকে ডেবিট দিকে ৯৪ টাকা বেশি হবে
Ⓒ কোনো ভিন্নতা হবে না
Ⓓ ক্রেডিট দিক থেকে ডেবিট দিকে ১৮৮ টাকা বেশি

03. হিসাবচক্রে রেওয়ামিল কত বার প্রস্তুত করা হয়?
Ⓐ ৩ বার Ⓑ ৪ বার
Ⓒ ৫ বার Ⓓ ৬ বার

04. কোনটি নীতিগত ভুল?
Ⓐ ক্রীত মেশিনের পরিবহন, পরিবহন ব্যয় হিসাবে ডেবিট করা
Ⓑ যন্ত্রপাতির সংস্থাপন ব্যয়, মজুরি হিসাবে ডেবিট করা
Ⓒ ভূমির উন্নয়ন খরচ, ভূমি রক্ষণাবেক্ষণ খরচ হিসাবে ডেবিট করা
Ⓓ প্রদত্ত বহুনৈর্বাচনিক দফাসমূহের সবগুলোই সঠিক

05. রেওয়ামিল সম্পর্কে নিম্নের কোনটি সত্য নয়?
Ⓐ ইহা স্থানান্তরকণের পর ডেবিট এবং ক্রেডিটের সমতা প্রমাণ করে
Ⓑ ইহা প্রমাণ করে যে, সকল লেনদেন লিপিবদ্ধ করা হয়েছে
Ⓒ জাবেদাভুক্তি ও স্থানান্তরের ভুল রেওয়ামিলের মাধ্যমে প্রকাশ করা হয়
Ⓓ আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতে রেওয়ামিল সহায়তা প্রদান করে

06. মাল ক্রয় ৫০,০০০ টাকা। কিন্তু ক্রয় হিসাবে ২,০০০ টাকা কম দেখানো হয়েছে। এটি কোন ধরনের ভুল–
Ⓐ দুই দিকের ভুল, Ⓑ নীতি গত ভুল
Ⓒ এক দিকের ভুল Ⓓ A + B

07. অনিশ্চিত হিসাব, খোলা হয় কেবল–
Ⓐ দুই দিকের ভুলের জন্য Ⓑ এক দিকের ভুলের জন্য
Ⓒ নীতিগত ভুলের জন্য Ⓓ পরিপূরক ভুলের জন্য

08. অবিরত মজুত পদ্ধতিতে একটি ক্রয়-বিক্রয় প্রতিষ্ঠানের রেওয়ামিলে নিম্নের কোন হিসাবের জের থাকবে না?
Ⓐ প্রারম্ভিক মজুত Ⓑ বিক্রয় ফেরত
Ⓒ বিক্রয় রেয়াত Ⓓ বিক্রীত পণ্যের ব্যয়

09. একটি হিসাবের জের ২৯ টাকা যা রেওয়ামিলের ভুল পার্শ্বে ৯২ টাকা বসানো হয়েছে। অন্যান্য সবকিছু সঠিক থাকলে রেওয়ামিলের পার্থক্য হবে-
Ⓐ ৬৩ টাকা Ⓑ ১২১ টাকা
Ⓒ ২৯ টাকা Ⓓ ৯২ টাকা

10. ভাড়া খরচের জন্য প্রদত্ত ৭৫ টাকা বেতন খরচে ডেবিট এবং নগদান-এ ক্রেডিট পোস্টিং দেওয়া হয়েছে। ভুলের ফলে যা হবে :
Ⓐ রেওয়ামিলের ক্রেডিটসমূহের সমষ্টি ডেবিটসমূহের সমষ্টি থেকে বেশি হবে
Ⓑ রেওয়ামিল মিলে যাবে
Ⓒ ডেবিটসমূহের সমষ্টি ক্রেডিটসমূহের সমষ্টি থেকে ৭৫ টাকা বেশি হবে
Ⓓ ডেবিটসমূহের সমষ্টি ক্রেডিটসমূহের সমষ্টি থেকে ১৫০ টাকা বেশি হবে

11. যন্ত্রপাতি ক্রয় ৫,৫০,০০০ টাকা ভুলবশত যন্ত্রপাতি হিসাবে ৫৫,০০০ টাকা ডেবিট করা হয়েছে। অন্য সব কিছু ঠিক থাকলে যোগফলের পার্থক্য হবে–
Ⓐ ৫,৫০,০০০ টাকা Ⓑ ৫৫,০০০ টাকা
Ⓒ ১,১০,০০০ টাকা Ⓓ ৪,৯৫,০০০

12. নিচের কোন এন্ট্রির জন্য রেওয়ামিল অমিল হবে?
Ⓐ একটি সঠিক জার্নাল এন্ট্রি দুবার রেকর্ড করলে
Ⓑ ধারে সাপ্লাইজ ক্রয় করে সাপ্লাইজকে ডেবিট এবং নগদকে ক্রেডিট করলে
Ⓒ মালিক কর্তৃক ১০০ টাকা উত্তোলন করে উত্তোলনকে ১,০০০ টাকা ডেবিট এবং নগদকে ১০০ টাকা ক্রেডিট করলে
Ⓓ একটি ৪৫০ টাকার প্রদেয় হিসাব পরিশোধ করে প্রদেয় হিসাবকে ৪৫ টাকা ডেবিট এবং নগদকে ৪৫ টাকা দিয়ে ক্রেডিট করলে।

OMR			
01. ⒶⒷⒸⒹ	02. ⒶⒷⒸⒹ	03. ⒶⒷⒸⒹ	04. ⒶⒷⒸⒹ
05. ⒶⒷⒸⒹ	06. ⒶⒷⒸⒹ	07. ⒶⒷⒸⒹ	08. ⒶⒷⒸⒹ
09. ⒶⒷⒸⒹ	10. ⒶⒷⒸⒹ	11. ⒶⒷⒸⒹ	12. ⒶⒷⒸⒹ

Answer					
12.C	11.D	10.B	09.B	08.A	07.B
06.C	05.C	04.D	03.A	02.D	01.A

Part-2 ▶ Written

01. নীতিগত ভুল কাকে বলে?
02. বেদাখিলার ভুল কাকে বলে?
03. বাদ পড়ার ভুল কাকে বলে?
04. Tesla কোম্পানির রেওয়ামিলে হিসাবসমূহের স্বাভাবিক জের হলো: নগদ ৫,০০০ টাকা, আয় ৮৫,০০০ টাকা, প্রদেয় বেতন ৪,০০০ টাকা, বেতন খরচ ৪০,০০০ টাকা, ভাড়া খরচ ১০,০০০ টাকা, মূলধন ৪২,০০০ টাকা, উত্তোলন ১৫,০০০ টাকা, সরঞ্জাম ৬১,০০০ টাকা। রেওয়ামিল তৈরিতে, ডেবিট কলামের যোগফল হবে:
05. একটি কোম্পানির রেওয়ামিলে হিসাবসমূহের স্বাভাবিক জের হলো: নগদ ৮,০০০ টাকা; প্রাপ্য হিসাব ৬,০০০ টাকা; সরঞ্জাম ১০,০০০ টাকা; প্রদেয় হিসাব ৯,০০০ টাকা; মূলধন ১৫,০০০ টাকা; উত্তোলন ৫০০ টাকা; সেবা রাজস্ব ৭,০০০ টাকা; ভাড়া খরচ ১,০০০ টাকা; বেতন খরচ ৩,০০০ টাকা; ও বিজ্ঞাপন খরচ ২,৫০০ টাকা। রেওয়ামিলের ডেবিট কলামের যোগফল হবে:
06 একটি বিপরীত সম্পত্তি হিসাবের জের ১,৫০০ টাকা যা রেওয়ামিলে ৫০০ টাকায় অন্তর্ভুক্ত হয়েছে। রেওয়ামিলটিতে আর কোনো ভুল না থাকলে রেওয়ামিলের যোগফলের ক্ষেত্রে পরিলক্ষিত হবে?
07. IBM কোম্পানি একজন সরবরাহকারীকে ৬৩০ টাকা নগদ প্রদান করেছে। এই লেনদেনটি ভুলক্রমে ডেবিট নগদ ৩৬০ টাকা এবং ক্রেডিট প্রাপ্য হিসাব ৩৬০ টাকায় লিপিবদ্ধ হয়েছে। সংশোধনী দাখিলা হবে?
08. আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা যা ভুলবশত যন্ত্রপাতি হিসাবে লেখা হয়েছে। এটি কোন ধরনের ভুল?

ANSWER

01. মূলধনজাতীয় আয়-ব্যয়কে মুনাফাজাতীয় আয়-ব্যয় রূপে হিসাবভুক্ত করা হলে এবং মুনাফাজাতীয় আয়-ব্যয়কে মূলধনজাতীয় আয়-ব্যয় হিসাবভুক্ত করা হলে তাকে নীতিগত ভুল বলে।
02. একটি হিসাবের পরিবর্তে অন্য একটি হিসাবের একই দিকে টাকার অঙ্ক লেখা হলে এধরনের ভুলকে বেদাখিলার ভুল বলে।
03. হিসাবের প্রাথমিক বই জাবেদায় লেখা হয় না অথবা জাবেদায় লেখা হলেও খতিয়ানে স্থানান্তর করা হয় না এরূপ ভুলকে বাদ পড়ার ভুল বলে।
04. ১,৩১,০০০ টাকা।
05. ৩১,০০০ টাকা।
06 ক্রেডিট পাশে ১,০০০ টাকা কম।
07. প্রদেয় হিসাব ডেবিট ৬৩০ টাকা, প্রাপ্য হিসাব ডেবিট ৩৬০ টাকা এবং নগদান হিসাব ক্রেডিট ৯৯০ টাকা।
08. বেদাখিলার ভুল।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

→ সাধারণত প্রশাসন/উচ্চ পর্যায়ের ব্যবস্থাপকগণের (Administration level) এ ধরনের দক্ষতা বেশি ব্যবহার করতে হয়।

→ এ ধরনের দক্ষতা প্রতিষ্ঠানের নীতি নির্ধারণ, উদ্দেশ্য নির্দিষ্টকরণ ও পরিকল্পনা প্রণয়নে ব্যবহার করা হয়।

- IBA: Institute of Business Administration.
- BPATC: Bangladesh Public Administration and Training Centre.
- IPM: Institute of personnel management.
- BIBM: Bangladesh Institute of Bank Management.
- BIM: Bangladesh Institute of Management.
- NIPA: National Institute of Public Administration.

Part 3 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ (MCQ) প্রশ্নোত্তর

01. হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার প্রথম মূলনীতি কোনটি?
Ⓐ কার্য বিভাজনের নীতি
Ⓑ আদেশের ঐক্য নীতি
Ⓒ নির্দেশনার ঐক্য নীতি
Ⓓ কর্তৃত্ব ও দায়িত্বে সমতার নীতি
Ans Ⓐ

02. হেনরি ফেয়ল প্রদত্ত ব্যবস্থাপনার শেষ নীতি কোনটি?
Ⓐ পারিশ্রমিকের নীতি Ⓑ সাম্যের নীতি Ⓒ একতাই বল নীতি Ⓓ উদ্যোগ নীতি
Ans Ⓒ

03. হেনরি ফেয়ল কোথায় জন্মগ্রহণ করেন?
Ⓐ মার্কিন যুক্তরাষ্ট্রে Ⓑ ফ্রান্সে Ⓒ ব্রিটেনে Ⓓ জার্মানিতে
Ans Ⓑ

04. হেনরি ফেয়ল পেশাগত জীবনে কী ছিলেন?
Ⓐ টেক্সটাইল ইঞ্জিনিয়ার
Ⓑ সিভিল ইঞ্জিনিয়ার
Ⓒ মাইন ইঞ্জিনিয়ার
Ⓓ ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার
Ans Ⓒ

05. ব্যবস্থাপনাকে জ্ঞানের পৃথক শাখা হিসেবে কে তুলে ধরেছেন?
Ⓐ হেনরি ফেয়ল Ⓑ হেনরি মিনজবার্গ Ⓒ রবার্ট ওয়েন Ⓓ আরনেস্ট ডেল
Ans Ⓐ

06. এফ. ডব্লিউ টেইলর কোন দেশের অধিবাসী ছিলেন?
Ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র Ⓑ ফ্রান্স Ⓒ ব্রিটেন Ⓓ জার্মানি
Ans Ⓐ

07. এফ. ডব্লিউ টেইলর পেশাগত জীবনে কী ছিলেন?
Ⓐ টেক্সটাইল ইঞ্জিনিয়ার
Ⓑ সিভিল ইঞ্জিনিয়ার
Ⓒ মাইন ইঞ্জিনিয়ার
Ⓓ মোকানিক্যাল ইঞ্জিনিয়ার
Ans Ⓓ

08. ব্যবস্থাপনাকে একটা পাঠযোগ্য শাস্ত্র হিসেবে কে প্রতিষ্ঠা করেন?
Ⓐ এফ. ডব্লিউ টেইলর
Ⓑ হেনরি ফেয়ল
Ⓒ অলিভার শেলডন
Ⓓ চেস্টার আই. বার্নার্ড
Ans Ⓑ

09. নিম্নের কোনটি হেনরি ফেয়ল প্রদত্ত মূলনীতির বাইরে কী?
Ⓐ কার্য বিভাজনের নীতি Ⓑ আদেশের ঐক্য নীতি Ⓒ প্রয়োগ নীতি Ⓓ শৃঙ্খলার নীতি
Ans Ⓒ

10. আদেশের ঐক্য বলতে নিচের কোনটি বুঝায়?
Ⓐ বিভিন্ন উর্ধ্বতনের আদেশ পালন
Ⓑ একক উর্ধ্বতনের আদেশ প্রাপ্তি
Ⓒ দ্বৈত আদেশ গ্রহণ
Ⓓ সবার দ্বারা আদেশ পালন
Ans Ⓑ

11. একজন কর্মীর আদেশদাতা হবেন একজন মাত্র ব্যক্তি - এটা হেনরি ফেয়লের প্রদত্ত কোন মূলনীতি?
Ⓐ কেন্দ্রীকরণ ও বিকেন্দ্রীকরণ
Ⓑ আদেশের ঐক্য
Ⓒ নির্দেশনার ঐক্য
Ⓓ জোড়া-মই-শিকল
Ans Ⓑ

12. নীতি বলতে নিচের কোনটি বুঝায়?
Ⓐ চিন্তার সাধারণ পথনির্দেশনা
Ⓑ কাজের সাধারণ পথনির্দেশনা
Ⓒ পরিকল্পনার সাধারণ পথনির্দেশনা
Ⓓ নিয়ন্ত্রণের সাধারণ পথনির্দেশনা
Ans Ⓑ

13. 'জোড়া-মই-শিকল' নীতি নিম্নোক্ত কোন বিষয়ের সাথে সম্পৃক্ত?
Ⓐ নিয়মানুবর্তিতা Ⓑ কর্তৃত্ব প্রবাহ Ⓒ ভারসাম্য রক্ষা Ⓓ কর্তৃত্ব অর্পণ
Ans Ⓑ

CamScanner

14. দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে ব্যবস্থাপকের কোন দক্ষতা গুরুত্বপূর্ণ?
Ⓐ কারিগরি দক্ষতা
Ⓑ আন্তঃব্যক্তিক দক্ষতা
Ⓒ কল্পনা সংক্রান্ত দক্ষতা
Ⓓ সমস্যা অনুধাবনের দক্ষতা
Ans Ⓒ

15. জনশক্তিকে উৎসাহিত করে কাজ আদায়ের ক্ষেত্রে ব্যবস্থাপকের কোন দক্ষতা অধিক গুরুত্বপূর্ণ?
Ⓐ কারিগরি দক্ষতা
Ⓑ আন্তঃব্যক্তিক দক্ষতা
Ⓒ কল্পনা সংক্রান্ত দক্ষতা
Ⓓ সমস্যা অনুধাবনের দক্ষতা
Ans Ⓑ

16. কম্পিউটার গ্রাফিক্সের কাজ রতন ভালো জানে। তার এরূপ দক্ষতা কোন ধরনের?
Ⓐ কারিগরি দক্ষতা
Ⓑ আন্তঃব্যক্তিক দক্ষতা
Ⓒ কল্পনা সংক্রান্ত দক্ষতা
Ⓓ সমস্যা অনুধাবনের দক্ষতা
Ans Ⓐ

17. আন্তঃব্যক্তিক ভূমিকা যথাযথভাবে পালনে একজন ব্যবস্থাপকের কোন ধরনের দক্ষতা থাকতে হয়?
Ⓐ কারিগরি দক্ষতা
Ⓑ মানবীয় দক্ষতা
Ⓒ কল্পনা সংক্রান্ত দক্ষতা
Ⓓ সমস্যা অনুধাবনের দক্ষতা
Ans Ⓑ

18. কোনো সংগঠনে প্রশাসন একটা দেহের কোন অঙ্গের সাথে তুলনীয়?
Ⓐ চোখ
Ⓑ মস্তিষ্ক
Ⓒ বাহু
Ⓓ বক্ষ
Ans Ⓑ

19. ব্যবস্থাপনাকে একটা দেহের কোন অঙ্গের সাথে তুলনা করা যায়?
Ⓐ চোখ
Ⓑ মস্তিষ্ক
Ⓒ বাহু
Ⓓ বক্ষ
Ans Ⓐ

20. একজনমাত্র আদেশ দ্বারা কোন নীতির ক্ষেত্রে প্রযোজ্য?
Ⓐ আদেশের ঐক্য
Ⓑ নির্দেশনার ঐক্য
Ⓒ কেন্দ্রীকরণ
Ⓓ শৃঙ্খলা
Ans Ⓐ

21. জোড়া-মই-শিকল নীতি নিম্নের কোনটি নির্দেশ করে?
Ⓐ একক আদেশ
Ⓑ একক নির্দেশ
Ⓒ শৃঙ্খলা
Ⓓ কর্তৃত্ব প্রবাহ
Ans Ⓓ

22. মি. সমীর তার প্রতিষ্ঠানের বিক্রয় এবং বিজ্ঞাপন বিষয়ক সিদ্ধান্ত গ্রহণের কিছু ক্ষমতা সংশ্লিষ্ট বিভাগের উপর ছেড়ে দিয়েছেন। এক্ষেত্রে ব্যবস্থাপনার কোন নীতিটি পালিত হয়েছে?
Ⓐ কেন্দ্রীকরণ
Ⓑ বিকেন্দ্রীকরণ
Ⓒ কর্তৃত্ব
Ⓓ নিয়মানুবর্তিতা
Ans Ⓑ

23. যুক্তরাষ্ট্রে সাধারণত চাকরিতে স্বল্প সময়ের জন্য চুক্তিভিত্তিক নিয়োগদান পদ্ধতি বিদ্যমান। এটি ব্যবস্থাপনার কোন নীতির বিপরীত?
Ⓐ নিয়মানুবর্তিতা
Ⓑ শৃঙ্খলা
Ⓒ চাকরির স্থায়িত্ব
Ⓓ কেন্দ্রীকরণ
Ans Ⓒ

24. ফ্যাশন হাউজ লিঃ এর ব্যবস্থাপক ওমর গুল কর্মীদের সবাইকে নিয়ে পরিকল্পনা বাস্তবায়ন করেন, এক্ষেত্রে ব্যবস্থাপনার কোন নীতিটি পালিত হয়েছে?
Ⓐ কর্তৃত্ব
Ⓑ শৃঙ্খলা
Ⓒ বিকেন্দ্রীকরণ
Ⓓ একতাই বল
Ans Ⓓ

25. আবদুল আউয়াল নতুন নতুন শিল্প প্রতিষ্ঠার মাধ্যমে সফলতা লাভ করেছেন। এখানে ব্যবস্থাপনার কোন নীতিটি পালিত হয়েছে?
Ⓐ শ্রম বিভাজন
Ⓑ কর্তৃত্ব
Ⓒ উদ্যোগ গ্রহণ
Ⓓ স্থায়িত্ব
Ans Ⓒ

26. সাকিব আল হাসান একটি গার্মেন্টস ইন্ডাস্ট্রির ব্যবস্থাপনা পরিচালক। তিনি কর্মীদের সবাইকেই সমভাবে মূল্যায়ন করেন, এখানে ব্যবস্থাপনার কোন নীতি পালিত হয়েছে?
Ⓐ শৃঙ্খলা
Ⓑ একতা
Ⓒ সাম্যতা
Ⓓ নিয়মানুবর্তিতা
Ans Ⓒ

CamScanner